৪৪তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষায়
প্রফেসর'স প্রকাশনের সাফল্য

দুই মলাটের মধ্যেই আপনার সফলতার গল্প।

আমাদের প্রকাশিত Professor's BCS MCQ Review সিরিজ, প্রফেসর'স বিসিএস প্রিলিমিনারি ডাইজেস্ট, কারেন্ট অ্যাফেয়ার্স BCS বিশেষ সংখ্যাসহ অন্যান্য বই থেকে ৪৪তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষায় সর্বোচ্চ সংখ্যক প্রশ্ন কমন পড়ল।

সৃজনশীল, তথ্যসমৃদ্ধ, অভিজ্ঞ এবং নিবেদিত গবেষক ও মেধাবী সম্পাদনা পরিষদের নিরলস প্রচেষ্টায় ২৭ বছরের ধারাবাহিকতায় প্রতিবারের মতো এবারও আমরাই সাফল্যের শীর্ষে।



এবারের সাফল্যসূচক

বিষয়	মোট প্রশ্ন	MCQ Review থেকে কমন	প্রিলি. ডাইজেস্ট থেকে কমন	কারেন্ট অ্যাফেয়ার্স BCS বিশেষ সংখ্যা
১. বাংলা ভাষা ও সাহিত্য	৩৫	২৪	২২	১১
২. English Language & Literature	৩৫	২৪	২৩	৭
৩. বাংলাদেশ বিষয়াবলি	৩০	২৮	২২	১৯
৪. আন্তর্জাতিক বিষয়াবলি	২০	১৮	১০	৮
৫. গাণিতিক যুক্তি	১৫	১২	১১	১০
৬. মানসিক দক্ষতা	১৫	১২	১৩	১১
৭. সাধারণ বিজ্ঞান	১৫	১০	৯	৪
৮. কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি	১৫	১১	৯	৫
৯. ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা	১০	৮	৭	৭
১০. নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন	১০	৬	৬	৪
মোট	২০০	১৫৩	১৩২	৮৬

চাকরি প্রার্থীদের জন্য নিবেদিত প্রতিষ্ঠান– প্রফেসর'স প্রকাশন।

গীতাঞ্জলি কপি সেন্টর
05 FEB 2023
মিরপুর-১০, ঢাকা
01742144830/01930657484

CamScanner

BCS, Non-Cadre, প্রাথমিক শিক্ষক এবং বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা কর্তৃক গৃহীত
MCQ নিয়োগ পরীক্ষার প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান



MCQ Exam

Professor's Recent JOB SOLUTION

সম্পাদনায়
প্রফেসর'স সম্পাদনা পরিষদ



Professor's Prokashon
Email : pp@professorsbd.com ● web : www.professorsbd.com
/professorsprokashonbd, Phone : 57 16 51 29, 01324 25 46 18



CamScanner

MCQ Exam
Professor's
Recent
JOB SOLUTION

প্রকাশক : জসিম উদ্দিন
প্রফেসর'স প্রকাশন

বিক্রয় কেন্দ্র : ৩৭/১ দ্বিতীয় তলা, বাংলাবাজার, ঢাকা-১১০০
ফোন : ৫৭ ১৬ ৫১ ২৯, ০১৩২৪ ২৫ ৪৬ ১৮

অফিস : নাভানা এফএইচ সোলারিস, লেভেল-৯।
৬৫ বিজয়নগর, শহিদ সৈয়দ নজরুল ইসলাম সরণি
ঢাকা-১০০০
ফোন : ০১৩২৪ ২৫ ৪৬ ০৫, ০১৩২৪ ২৫ ৪৬ ০৬

পরিবেশক : বর্ণালী বইঘর, ৫৩ নীলক্ষেত, ঢাকা-১২০৫
ফোন : ০১৭১২ ২২ ৩৮ ৮৩

মূল্য : ৫০০ টাকা

Professor's Recent Job Solution

Published by Jashim Uddin
Professor's Prokashon

Sales : 37/1 (1st Floor), Banglabazar, Dhaka-1100
Phone : 57 16 51 29, 01324 25 46 18

Office :Navana FH Solaris, Level-9.
65 Bijoynagar, Shahid Syed Nazrul Islam Sarani
Dhaka-1000
Phone : 01324 25 46 05, 01324 25 46 06
Email : pp@professorsbd.com

Distributor : Barnali Boighar
53 Nilkhet, Dhaka-1205
Phone : 01712 22 38 83

Price : 500 Taka

BEST SELLER

প্রকাশকাল

প্রথম প্রকাশ : আগস্ট ২০১৭
দ্বিতীয় সংস্করণ : জানুয়ারি ২০১৮
তৃতীয় সংস্করণ : আগস্ট ২০১৮
চতুর্থ সংস্করণ : জানুয়ারি ২০১৯
পঞ্চম সংস্করণ : আগস্ট ২০১৯
ষষ্ঠ সংস্করণ : জানুয়ারি ২০২০
সপ্তম সংস্করণ : জানুয়ারি ২০২১
অষ্টম সংস্করণ : এপ্রিল ২০২১
নবম সংস্করণ : নভেম্বর ২০২১
দশম সংস্করণ : জানুয়ারি ২০২২
একাদশ সংস্করণ : জুন ২০২২

সংস্করণ
জানুয়ারি ২০২৩


BCS, Non-Cadre, প্রাথমিক শিক্ষক এবং বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা কর্তৃক গৃহীত
MCQ নিয়োগ পরীক্ষার প্রশ্নের ব্যাখ্যা ও সমাধান

i.	১৭তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ পর্যায়) (৩১.১২.২০২২)	1/3
ii.	১৭তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) (৩০.১২.২০২২)	1/13
iii.	১৭তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২) (৩০.১২.২০২২)	1/21
iv.	যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (৩০.১২.২০২২)	1/29
০১.	৪৪তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট (২৭.০৫.২০২২)	03
০২.	৪৩তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট (২৯.১০.২০২১)	25
০৩.	পরিবার পরিকল্পনা অধিদপ্তর-এর সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা (২৬.১১.২০২২)	49
০৪.	স্থানীয় সরকার বিভাগের জনস্বাস্থ্য প্রকৌশলের প্রশিক্ষণ কর্মকর্তা (০৯.০৬.২০২২)	57
০৫.	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইন্সট্রাক্টর (৩১.১০.২০২২)	65
০৬.	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন তথ্য অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার (১০ম গ্রেড) (০১.১১.২০২২)	73
০৭.	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার (৩১.০৮.২০২২)	83
০৮.	পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার কর্মকর্তা (১৮.০৫.২০২২)	91
০৯.	বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা (২২.০৩.২০২২)	99
১০.	বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (২৮.০২.২০২২)	109
১১.	শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার (০৩.০২.২০২২)	119
১২.	দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক (২৮.০২.২০২০)	123
১৩.	দুর্নীতি দমন কমিশনের কোর্ট পরিদর্শক (২৬.১১.২০২২)	131
১৪.	দুর্নীতি দমন কমিশনের কনস্টেবল (২৩.০৯.২০২২)	139
১৫.	জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)-এর সহকারী পরিচালক, রিসার্চ অফিসার ও সহকারী প্রোগ্রামার (০৮.১০.২০২১)	143
১৬.	জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)-এর ফিল্ড অফিসার (০৮.১০.২০২১)	151

CamScanner


সূচিপত্র

১৭. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)- এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (১৪.১০.২০২২)	161
১৮. বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (সহকারী পরিচালক) (২০.০৫.২০২২)	169
১৯. পল্লী উন্নয়ন একাডেমী (RDA)-এর সহকারী পরিচালক (০৫.১১.২০২১)	177
২০. রক্তচক ইমরত পরিদর্শক (২১.৫.২০২২)	187
২১. বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি.-এর ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্ট (২৬.০৮.২০২২)	195
২২. বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-এর প্রডিউস সার্ভিস অ্যাসিস্ট্যান্ট (২৩.০৪.২০২২)	203
২৩. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB)-এর সিনিয়র অফিসার (২২.১০.২০২১)	211
২৪. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB)-এর প্রকিউরমেন্ট অফিসার/ইন্সপেক্টর (অপস) (১০.০৯.২০২১)	219
২৫. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA)-এর সহকারী ব্যবস্থাপক (০২.০৪.২০২১)	225
২৬. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর সহকারী ব্যবস্থাপক (২৫.০৯.২০২০)	234
২৭. বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (BCIC)-এর অ্যাসিসটেন্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (১০.০৯.২০২১)	243
২৮. বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (BSCIC)-এর প্রমোশন অফিসার/এক্সটেনশন অফিসার/অন্যান্য পদ (১৮.০৬.২০২১)	251
২৯. বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB) এর সহকারী জেনারেল ম্যানেজার (২৫.০৩.২০২২)	257
৩০. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক (০৯.১০.২০২০)	261
৩১. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)- এর কার্যালয়ের অডিটর (২১.০১.২০২২)	271
৩২. কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস (সিজিএ) অডিটর (০৭.০১.২০২২)	281
৩৩. অফিস অব দ্যা কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস (OCGA) জুনিয়র অডিটর (০১.০৪.২০২২)	287
৩৪. প্রাথমিক সহকারী শিক্ষক (৩য় পর্যায়) (০৩.০৬.২০২২)	295
৩৫. প্রাথমিক সহকারী শিক্ষক (২য় পর্যায়) (২০.০৫.২০২২)	303
৩৬. প্রাথমিক সহকারী শিক্ষক (১ম পর্যায়) (২২.০৪.২০২২)	311
৩৭. বাংলাদেশ রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার (০৬.০৮.২০২২)	317
৩৮. বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমোটিভ মাস্টার (১৭.০৬.২০২২)	325
৩৯. খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক (১৯.১১.২০২১)	331
৪০. খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক (০৩.১২.২০২১)	341
৪১. ১৫তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা (৩০.০৭.২০২২)	350
৪২. ১৪তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা (২৫.০৯.২০২১)	357
৪৩. বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়্যারহাউজ/ইয়ার্ড সুপারিনটেনডেন্ট/ক্যাশিয়ার (০৩.১২.২০২২)	365
৪৪. সমাজসেবা অধিদপ্তর (DSS)-এর ইউনিয়ন সমাজকর্মী (২১.১০.২০২২)	373
৪৫. ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (DESCO)-এর সাবস্টেশন এটেন্ডেন্ট (১৭.০৯.২০২২)	379
৪৬. অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)-এর কম্পাউন্ডার (১৯.০৮.২০২২)	385



CamScanner

Notes



Recent JOB

MCQ

১৭তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ পর্যায়) ২০২২

পরীক্ষার তারিখ : ৩১.১২.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ১০০; সেট : মেঘনা; সেট কোড : ২

[প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

০১. বাংলা ভাষার মূল উৎস কী?
ক হিন্দি ভাষা খ বৈদিক ভাষা
গ উড়িয়া ঘ অনার্য ভাষা
ব্যাখ্যা *প্রাচীন ভারতের আর্যভাষাকে বলা হতো বৈদিক ভাষা। হিন্দুধর্মের পবিত্র গ্রন্থ বেদের ভাষা হলো বৈদিক ভাষা। এ ভাষার প্রধান ধারা তিনটি যথা : প্রাচীন ভারতীয় আর্য, মধ্য ভারতীয় আর্য এবং নব্য ভারতীয় আর্য ভাষা। বৈদিক থেকে বাংলা ভাষায় বিবর্তনের প্রধান তিন ধারাই এগুলো। বাংলা ভাষার মূল উৎস তাই বৈদিক।*

০২. বাংলা ভাষা ও সাহিত্যের মধ্যযুগের প্রথম নিদর্শন কোনটি?
ক মধুমালতী খ সিকান্দারনামা
গ শ্রীকৃষ্ণকীর্তন ঘ বৈষ্ণব পদাবলি
ব্যাখ্যা *বাংলা ভাষা ও সাহিত্যের মধ্যযুগের প্রধান নিদর্শন শ্রীকৃষ্ণকীর্তন। এটি বড়ু চন্ডীদাস রচিত মধ্যযুগের বাংলা কাব্য। প্রাক-চৈতন্য যুগে এটি আখ্যানকাব্য হিসেবে রচিত হয়। ১৯০৯ সালে বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ বাঁকুড়া জেলার কাঁকিল্যা গ্রামের এক গৃহস্থের গোয়ালঘর থেকে পুথিটি উদ্ধার করেন। ১৯১৫ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে গ্রন্থাকারে প্রকাশিত হয়।*

০৩. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়—
ক অব্যয় খ সম্বোধন পদ
গ সর্বনাম ঘ ক্রিয়া
ব্যাখ্যা *অব্যয় পদের কোনো পরিবর্তন হয় না। বাক্যের মধ্যে এটি সাধু ও চলিত যে-কোনো রীতিতেই অভিন্নরূপে ব্যবহৃত হয়। যেমন– বেলাল এবং জামাল অদ্য ভ্রমণে গিয়াছে। এই সাধুরীতির চলিতেও 'এবং' অব্যয়ের কোনো পরিবর্তন হবে না। তাই এটি অভিন্ন রূপে ব্যবহৃত হয়।*

০৪. ভাষার কোন রীতি তৎসম শব্দবহুল?
ক সাধুরীতি খ চলিতরীতি
গ কথ্যরীতি ঘ লেখ্যরীতি
ব্যাখ্যা *সাধুরীতির ভাষায় তৎসম শব্দের ব্যবহার বেশি হয়। যেসব শব্দ সরাসরি সংস্কৃত থেকে বাংলাভাষায় এসেছে সেগুলোই তৎসম শব্দ। সাধুরীতিতে ব্যবহৃত তৎসম শব্দগুলোই চলিতে সংক্ষিপ্ত রূপ লাভ করে।*

০৫. প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকার নাম—
ক তত্ত্ববোধিনী খ সবুজপত্র
গ কল্লোল ঘ ধূমকেতু
ব্যাখ্যা *প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকা 'সবুজপত্র'। বাংলা চলিত রীতির প্রবর্তক প্রমথ চৌধুরী এ পত্রিকার মাধ্যমেই চলিত রীতিকে প্রতিষ্ঠিত করেন। ১৯১৪ সালে পত্রিকাটি প্রকাশিত হয়।*

০৬. 'কলম' শব্দটি কোন ভাষা থেকে গৃহীত?
ক সংস্কৃত খ আরবি
গ ফারসি ঘ তুর্কি
ব্যাখ্যা *'কলম' আরবি ভাষার শব্দ। এরূপ আরও কতিপয় আরবি শব্দ– জান্নাত, জাহান্নাম, হারাম, হালাল, ইসলাম, যাকাত।*

০৭. পাউরুটি কোন ভাষার শব্দ?
ক পাঞ্জাবি খ ফরাসি
গ গুজরাটি ঘ পর্তুগিজ
ব্যাখ্যা *'পাউরুটি' পর্তুগিজ ভাষার শব্দ। এরূপ আরও কতিপয় পর্তুগিজ শব্দ– আনারস, আলপিন, আলকাতরা, পেয়ারা, জানালা, পেঁপে।*

০৮. 'আবির্ভাব'-এর বিপরীত শব্দ কোনটি?
ক অভাব খ স্বভাব
গ অনুভাব ঘ তিরোভাব

উত্তর	
০১	খ
০২	গ
০৩	ক
০৪	ক
০৫	খ
০৬	খ
০৭	ঘ
০৮	ঘ

CamScanner

ব্যাখ্যা 'আবির্ভাব'-এর বিপরীত শব্দ 'তিরোভাব'। আরও কতিপয় বিপরীত শব্দ : আকুঞ্চন – প্রসারণ, আবশ্যিক – ঐচ্ছিক, আরোহণ – অবরোহণ।

০৯. 'জায়া' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক অর্ধাঙ্গিনী খ কন্যা
গ নন্দিনী ঘ ভাগনী

ব্যাখ্যা 'জায়া' শব্দের সমার্থক শব্দ অর্ধাঙ্গিনী। 'জায়া' শব্দের আরও কয়েকটি সমার্থক শব্দ– পত্নী, স্ত্রী, ভার্যা।

১০. 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ কী?
ক অপদার্থ খ মূর্খ
গ নিরেট বোকা ঘ নিষ্ক্রিয় দর্শক

ব্যাখ্যা 'সাক্ষী গোপাল' বাগধারার অর্থ 'নিষ্ক্রিয় দর্শক'। অন্যদিকে, 'অপদার্থ' অর্থে বাগধারা 'আমড়া কাঠের ঢেঁকি', 'মূর্খ' অর্থে বাগধারা 'ক-অক্ষর গোমাংস' এবং 'নিরেট বোকা' অর্থে বাগধারা 'গোবর গণেশ'।

১১. সম্বোধন পদে কোন যতিচিহ্ন বসে?
ক কমা খ ড্যাস
গ সেমিকোলন ঘ হাইফেন

ব্যাখ্যা সম্বোধন পদে কমা বসে। যেমন– সুজন, তুমি পরে দেখা কর। অন্যদিকে, যৌগিক ও মিশ্র বাক্যে দুই বা ততোধিক পৃথক বাক্যের সমন্বয় বোঝাতে ড্যাস চিহ্ন বসে। যেমন– তোমরা দরিদ্রের উপকার কর– এতে তোমাদের সম্মান বাড়বে। কমার চেয়ে বেশি বিরতি দিতে সেমিকোলন বসে। যেমন– আমরা সবাই সমতায় বিশ্বাস করি, সত্যিই কি বিশ্বাস করি! সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য হাইফেন ব্যবহৃত হয়। যেমন– মা-বাবা জীবনের শ্রেষ্ঠ সম্পদ।

১২. কোন বানানটি শুদ্ধ?
ক স্বায়ত্ব খ স্বায়াত্ব
গ স্বায়ত্ত ঘ স্বায়ত্ত্ব

ব্যাখ্যা আরো কতিপয় শুদ্ধ বানান– বিভীষিকা, ভৌগোলিক, দারিদ্র্য, মুমূর্ষু, দ্বন্দ্ব।

১৩. 'চতুষ্পদ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক চতুর + পদ খ চতুষ + পদ
গ চতু + পদ ঘ চতুঃ + পদ

ব্যাখ্যা আরও কতিপয় বিসর্গ সন্ধি– ততঃ + অধিক = ততোধিক, দুঃ + অবস্থা = দুরবস্থা, শিরঃ + ধার্য = শিরোধার্য।

১৪. 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক মুন + ষ্ণ খ মনু + অব
গ মনু + ষ্ণ ঘ মা + নব

ব্যাখ্যা 'ষ্ণ' হলো সংস্কৃত তদ্ধিত প্রত্যয়। অপত্য, পুত্র বা উপাসক বোঝাতে 'ষ্ণ' প্রত্যয় যুক্ত হয়। যেমন– শিব + ষ্ণ = শৈব, বিষ্ণু + ষ্ণ = বৈষ্ণব।

১৫. নিচের কোনটি প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ?
ক বাদী খ সভানেত্রী
গ জেলেনী ঘ পেত্নী

ব্যাখ্যা কর্তৃকারকের একবচনে 'ইন' প্রত্যয় 'ঈ' রূপে গ্রহণ করে সে সূত্রে 'জেলেনী' শব্দে প্রযুক্ত হয়েছে।

১৬. 'পাপে বিরত থাকো'—কোন কারকে কোন বিভক্তি?
ক অপাদানে ৭মী খ করণ কারকে ৭মী
গ অধিকরণে ৭মী ঘ কর্মকারকে ৭মী

ব্যাখ্যা যা থেকে কোনোকিছু গৃহীত, বিচ্যুত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত, ভীত হওয়া ইত্যাদি বোঝায় তাকে অপাদান কারক বলে। 'পাপে' সে অর্থে অপাদান কারক এবং এ বিভক্তিতে ৭মী হয়েছে।

১৭. বিভক্তিহীন নামপদকে কী বলে?
ক বিশেষ্য খ সমাস
গ অব্যয় ঘ প্রাতিপদিক

ব্যাখ্যা বিভক্তিহীন নামশব্দকে প্রাতিপদিক বলে। নামশব্দের যে অংশকে আর ভাঙা বা বিশ্লেষণ করা যায় না তাকে প্রাতিপদিক বলে। যেমন– হাত, গোলাপ। এ শব্দগুলোর সাথে বিভক্তি বসেনি তাই এগুলো প্রাতিপদিক।

১৮. কোনটি 'উপপদ তৎপুরুষের' উদাহরণ?
ক ছেলেধরা খ প্রতিবাদ
গ বিলাতফেরত ঘ উপগ্রহ

ব্যাখ্যা কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তাকে উপপদ তৎপুরুষ সমাস বলে।

১৯. সমাসবদ্ধ পদ কোনটি?
ক আকাশ খ ছাড়পত্র
গ মৃত্তিকা ঘ সাগর

ব্যাখ্যা 'ছাড়পত্র' সমাসবদ্ধ পদ যার ব্যাসবাক্য 'ছাড় দেয়ার জন্য যে পত্র'। এটি কর্মধারয় সমাস।

২০. কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাস এর উদাহরণ?
ক চিরসুখী খ দশানন
গ গায়েহলুদ ঘ কানাকানি

ব্যাখ্যা ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি হয়ে থাকে। যেমন– কানে কানে যে কথা = কানাকানি, লাঠিতে লাঠিতে যে লড়াই = লাঠালাঠি।

২১. 'পোস্টাল কোড' কী নির্দেশ করে?
ক প্রাপকের এলাকা খ ডাকবিভাগের নাম
গ পোস্ট অফিসের নাম ঘ প্রেরকের এলাকা

ব্যাখ্যা চিঠি প্রেরণের ক্ষেত্রে পোস্টাল কোড বা পোস্ট কোড গুরুত্বপূর্ণ একটি বিষয়। পোস্টাল কোড ছাড়া চিঠি প্রাপকের ঠিকানায় সঠিকভাবে পৌছানো সম্ভব না।

২২. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক রূপতত্ত্বে খ বাক্যতত্ত্বে
গ অর্থতত্ত্বে ঘ ধ্বনিতত্ত্বে

ব্যাখ্যা পাশাপাশি দুই ধ্বনির মিলনে সন্ধি হয়। সন্ধি বিশ্লেষিত হয় ধ্বনির মাধ্যমেই। তাই সন্ধি 'ধ্বনিতত্ত্বে'-র আলোচিত বিষয়।

উত্তর

০৯	ক
১০	ঘ
১১	ক
১২	গ
১৩	ঘ
১৪	গ
১৫	গ
১৬	ক
১৭	ঘ
১৮	ক
১৯	খ
২০	ঘ
২১	ক
২২	ঘ

২৩. Edition শব্দের অর্থ—
ক সংস্করণ খ সম্পাদক
গ সম্পাদকীয় ঘ অনুসন্ধান

ব্যাখ্যা ইংরেজি 'edition' শব্দের পারিভাষিক অর্থ 'সংস্করণ'। আরও কিছু পারিভাষিক শব্দ– copyright-গ্রন্থস্বত্ব, manuscript-পাণ্ডুলিপি এবং file-নথি।

২৪. ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী—নিচের কোন নিয়মে হয়েছে?
ক আ + ঈ = এ খ অ + ঈ = এ
গ আ + ই = এ ঘ অ + ই = এ

ব্যাখ্যা অ-কার কিংবা আ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে 'এ-কার' হয়। এ-কার পূর্বের ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। এ নিয়মে 'আ + ঈ = এ' অর্থাৎ ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী হয়েছে।

২৫. বন্ধনী চিহ্ন সাহিত্যে কী অর্থে ব্যবহৃত হয়?
ক ধাতু বোঝাতে খ অর্থমূলক
গ ব্যাখ্যামূলক ঘ উৎপন্ন বোঝাতে

ব্যাখ্যা প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বন্ধনী তিনটিই গণিতশাস্ত্রে ব্যবহৃত হয়। তবে বিশেষ কোনো ব্যাখ্যামূলক অর্থে সাহিত্যে প্রথম বন্ধনী ব্যবহৃত হয়। যেমন– ত্রিপুরায় (বর্তমানে কুমিল্লা) তিনি জন্মগ্রহণ করেন।

২৬. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান কোনটি?
ক ২৪°৩০′ থেকে ২৮°৩৪′ দক্ষিণ অক্ষাংশ
খ ৮০°৩৪′ থেকে ৪০°৯০′ পশ্চিম দ্রাঘিমাংশ
গ ৩৪°২৫′ থেকে ২৮°৩৮′ উত্তর অক্ষাংশ
ঘ ৮৮°০১′ থেকে ৯২°৪১′ পূর্ব দ্রাঘিমাংশ

ব্যাখ্যা বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি দেশ। ভৌগোলিকভাবে বাংলাদেশ ২০°৩৪′ থেকে ২৬°৩৮′ উত্তর অক্ষরেখা এবং ৮৮°০১′ থেকে ৯২°৪১′ পূর্ব দ্রাঘিমারেখার মধ্যবর্তী স্থানে অবস্থিত। বাংলাদেশের মাঝামাঝি স্থান দিয়ে কর্কটক্রান্তি রেখা অতিক্রম করেছে।

২৭. বাংলার সর্বপ্রাচীন জনপদ কোনটি?
ক পুণ্ড্র খ সমতট
গ রাঢ় ঘ হরিকেল

ব্যাখ্যা বাংলার সর্বপ্রাচীন জনপদ 'পুণ্ড্র'। এ জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর বা পুণ্ড্রবর্ধন (বর্তমান নাম মহাস্থানগড়)। ১৮৭৯ সালে প্রত্নতত্ত্ববিদ স্যার আলেকজান্ডার কানিংহাম এ নগর সভ্যতার ধ্বংসাবশেষ শনাক্ত করেন। এটি বর্তমানে বগুড়া জেলায় অবস্থিত।

২৮. বাংলাদেশে ব-দ্বীপ মহাপরিকল্পনা–২১০০ কোন দেশের পরিকল্পনাকে অনুসরণ করে করা হয়েছে?
ক সুইজারল্যান্ড খ নেদারল্যান্ডস
গ আয়ারল্যান্ড ঘ ফিনল্যান্ড

ব্যাখ্যা ডেল্টা প্ল্যান বা 'ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' হলো ২০১৮ সালে বাংলাদেশ সরকারের নেয়া একটি উন্নয়ন মহাপরিকল্পনা। নেদারল্যান্ডসের সহায়তায় ও তাদের অনুকরণে শতবর্ষী ব-দ্বীপ পরিকল্পনা-২১০০ প্রণয়ন করা হয়েছে।

২৯. বিলোনিয়া সীমান্ত কোন জেলার অন্তর্গত?
ক ফেনী খ নীলফামারী
গ পঞ্চগড় ঘ জয়পুরহাট

ব্যাখ্যা ফেনী জেলার সীমান্তবর্তী স্থান বিলোনিয়া ও মুহুরীগঞ্জ। পঞ্চগড় জেলার সীমান্তবর্তী স্থান বেরুবাড়ী, তেঁতুলিয়া ও বাংলাবান্ধা। জয়পুরহাটের সীমান্তবর্তী স্থান পাঁচবিবি। নীলফামারী জেলার সীমান্তবর্তী স্থান চিলাহাটি।

৩০. বাংলাদেশে বর্তমানে মোট কতটি শিক্ষাবোর্ড রয়েছে?
ক ৮টি খ ৯টি
গ ১০টি ঘ ১১টি

ব্যাখ্যা বর্তমানে বাংলাদেশে মোট ১১টি শিক্ষাবোর্ড রয়েছে। এর মধ্যে ৯টি সাধারণ, ১টি মাদ্রাসা এবং ১টি কারিগরি শিক্ষাবোর্ড। ১৯২১ সালের ৭ মে দেশের প্রথম শিক্ষাবোর্ড হিসেবে ঢাকা শিক্ষাবোর্ড প্রতিষ্ঠিত হয়।

৩১. ১৯৭১ সালের ৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রদত্ত ভাষণটি ইউনেস্কো কোন তারিখে 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' হিসেবে ঘোষণা করে?
ক ৩০শে অক্টোবর, ২০১৭ সাল
খ ৩০শে নভেম্বর, ২০১৭ সাল
গ ৩০শে সেপ্টেম্বর, ২০১৮ সাল
ঘ ৩০শে অক্টোবর, ২০১৮ সাল

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ মার্চ ঐতিহাসিক ভাষণ প্রদান করেন। জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা (ইউনেস্কো) ৩০ অক্টোবর ২০১৭ উক্ত ভাষণকে 'ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ' (বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য) হিসেবে স্বীকৃতি দেয়।

৩২. 'বর্ধমান হাউজ' কোথায় অবস্থিত?
ক ঢাকা খ কলকাতা
গ পশ্চিমবঙ্গ ঘ কুষ্টিয়া

ব্যাখ্যা বর্ধমান হাউস বাংলাদেশের রাজধানী ঢাকার বাংলা একাডেমিতে অবস্থিত একটি ভবন। অবিভক্ত বাংলার বর্ধমানের মহারাজা ১৯১৯ থেকে ১৯২৪ পর্যন্ত এই বাড়িতে থাকতেন বলে এর নাম বর্ধমান হাউস।

৩৩. দেশের প্রস্তাবিত গভীর সমুদ্রবন্দর কোথায় হওয়ার কথা?
ক সন্দ্বীপ খ হাতিয়া
গ মনপুরা ঘ সোনাদিয়া
[Note : কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার মাতারবাড়ীতে বাংলাদেশের প্রথম গভীর সমুদ্রবন্দর নির্মিত হচ্ছে। উল্লেখ্য, দেশের প্রথম গভীর সমুদ্রবন্দর নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছিল সোনাদিয়ায়, যা পরবর্তীতে বাতিল করা হয়।]

৩৪. বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট কোনটি?
ক ASEAN খ SAFTA
গ EU ঘ WTO

উত্তর

২৩	ক
২৪	ক
২৫	গ
২৬	ঘ
২৭	ক
২৮	খ
২৯	ক
৩০	ঘ
৩১	ক
৩২	ক
৩৩	Note
৩৪	গ

CamScanner

ব্যাখ্যা বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট ইউরোপীয় ইউনিয়ন (EU)। ১৯৯২ সালের ম্যাসট্রিট্ট চুক্তির মাধ্যমে ইউরোপীয় ইউনিয়নের নামকরণ করা হয়। সংস্থাটির বর্তমান সদস্য দেশ ২৭টি। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত।

৩৫. প্রোগ্রাম থেকে কপি করা ডেটা কোথায় সংরক্ষিত থাকে?
ক হার্ডডিস্ক খ RAM
গ ক্লিপবোর্ড ঘ ROM

ব্যাখ্যা কোনো ফাইলের কোনো অংশ cut বা copy করলে তা clipboard-এ অস্থায়ীভাবে সংরক্ষিত হয় যা যেকোনো স্থানে paste করা যায়। পরবর্তীতে নতুন কোনো অংশ কপি বা কাট করার পূর্ব পর্যন্ত যতবার খুশি পেস্ট করা যায়। তবে ক্লিপবোর্ডের ঐ অংশের ডাটা জমা হয় RAM-এ।

৩৬. 'আলোর কণা' তত্ত্বের প্রবক্তা কে?
ক আইজ্যাক নিউটন খ অ্যালো হ্যাজেন
গ গ্যালিলিও ঘ রামফোর্ড

ব্যাখ্যা স্যার আইজ্যাক নিউটন আলোর কণা তত্ত্ব প্রদান করেন। এ তত্ত্ব অনুসারে কোনো উজ্জ্বল বস্তু থেকে অনবরত ঝাঁকে ঝাঁকে ক্ষুদ্র কণা নির্গত হয়, যা আমাদের চোখে আঘাত করলে ঐ বস্তু দৃশ্যমান হয়।

৩৭. কোন শহরটি 'বিগ অ্যাপেল' নামে পরিচিত?
ক লন্ডন খ প্যারিস
গ সিঙ্গাপুর ঘ নিউইয়র্ক

ব্যাখ্যা যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহর বিগ অ্যাপেল এবং জাঁকজমকের নগরী নামে খ্যাত। এছাড়া সিঙ্গাপুর প্রাচ্যের মুক্তা এবং প্যারিস ফ্রান্স আলোর শহর নামে খ্যাত।

৩৮. আকাশের উজ্জ্বলতম নক্ষত্র কোনটি?
ক লুব্ধক খ সূর্য
গ প্রক্সিমা সেন্টরাই ঘ ধ্রুবতারা

ব্যাখ্যা আকাশের উজ্জ্বলতম নক্ষত্র লুব্ধক। সূর্যের নিকটতম নক্ষত্র প্রক্সিমা সেন্টরাই আর পৃথিবীর নিকটতম নক্ষত্র সূর্য দিক নির্ণয়ে ব্যবহৃত হয় ধ্রুবতারা।

৩৯. আসাদগেট নামের পটভূমির সাথে জড়িত কোন সন?
ক ১৯৪৭ সন খ ১৯৫২ সন
গ ১৯৬৯ সন ঘ ১৯৭১ সন

ব্যাখ্যা উনসত্তরের গণঅভ্যুত্থান চলাকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র আসাদ শহীদ হন ২০ জানুয়ারি ১৯৬৯। তার আত্মত্যাগের স্মৃতিরক্ষার্থে আইয়ুবগেটের নাম পরিবর্তন করে আসাদগেট রাখা হয়।

৪০. ঢাকার ধোলাইখাল কে খনন করেন?
ক ইসলাম খান খ সরফরাজ খান
গ মুর্শিদ কুলি খান ঘ ঈশা খান

ব্যাখ্যা ১৬০৮-১৬১০ খ্রিষ্টাব্দে বাংলার প্রথম মুঘল সুবাদার ইসলাম খান 'ধোলাই খাল' খনন করেন। এ খালটি বালু নদীকে বুড়িগঙ্গা নদীর সাথে যুক্ত করেছিল। খালটি পার হওয়ার জন্য ফরাশগঞ্জ ও গেন্ডারিয়া বরাবর লোহারপুল নামে একটি ঝুলন্ত সেতু ছিল।

৪১. ইউনেস্কো কবে সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষণা করে?
ক ১৯৯৬ সাল খ ১৯৯৭ সাল
গ ১৯৯৮ সাল ঘ ১৯৯৯ সাল

ব্যাখ্যা সুন্দরবন বাংলাদেশের খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলা জুড়ে বিস্তৃত। বাংলাদেশ অংশে এর আয়তন ৬,০১৭ বর্গ কিমি (৬০%-এর কিছু বেশি)। ১৯৯৭ সালের ৬ ডিসেম্বর ইউনেস্কো সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষণা করে।

৪২. 'ভেটো' কথাটি কোন শব্দ থেকে আগত?
ক ল্যাটিন খ গ্রিক
গ ফ্রেঞ্চ ঘ ইংরেজি

ব্যাখ্যা 'ভেটো' ল্যাটিন শব্দ। এর অর্থ 'আমি এটা মানি না'। বিশ্বের ৫টি দেশ; যথা– যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, চীন, রাশিয়া ও ফ্রান্স ভেটো প্রদান করতে পারে। জাতিসংঘের কোনো বিলে এই ৫ দেশের যে-কোনো একটি দেশ ভেটো দিলে সে বিল বাতিল বলে গণ্য হয়।

৪৩. ভূ-মধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের মধ্যে কোন প্রণালির অবস্থান?
ক হরমুজ খ বসফরাস
গ পক ঘ জিব্রাল্টার

ব্যাখ্যা ভূ-মধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের মধ্যে সংযোগ স্থাপনকারী এবং আফ্রিকা ও ইউরোপকে পৃথককারী প্রণালি হলো জিব্রাল্টার প্রণালি। অন্যদিকে, হরমুজ প্রণালি পারস্য উপসাগর এবং ওমান উপসাগরকে, পক প্রণালি বঙ্গোপসাগর ও মান্নার উপসাগর এবং বসফরাস প্রণালি মর্মর সাগর ও কৃষ্ণ সাগরকে সংযুক্ত করেছে।

৪৪. 'War and Peace' উপন্যাসের রচয়িতা কে?
ক কার্ল মার্কস খ জেন অস্টিন
গ মন্টেস্কু ঘ লিও টলস্টয়

ব্যাখ্যা লিও টলস্টয় (১৮২৮-১৯১০) একজন বিখ্যাত রুশ ঔপন্যাসিক, নাট্যকার ও রাজনৈতিক চিন্তাবিদ। তার উল্লেখযোগ্য সাহিত্যকর্ম হচ্ছে– War and Peace, Anna Karenina, A Confession, Resurrection ইত্যাদি।

৪৫. কোনটিতে রোবটের ব্যবহার করা হয়?
ক জটিল সার্জারি চিকিৎসায়
খ ব্যক্তির স্বাক্ষর শনাক্তকরণে
গ নতুন জাতের বীজ উৎপাদনে
ঘ টেনিস বলের আকৃতি তৈরিতে

উত্তর
৩৫ গ
৩৬ ক
৩৭ ঘ
৩৮ ক
৩৯ গ
৪০ ক
৪১ খ
৪২ ক
৪৩ ঘ
৪৪ ঘ
৪৫ ক

ব্যাখ্যা রোবট শিল্পক্ষেত্রে, জটিল অপারেশনে, বীজ বপন, বোমা চিহ্নিতকরণ ইত্যাদি কাজে ব্যবহৃত হচ্ছে। উল্লেখ্য, আয়ারল্যান্ডের একদল ডাক্তার মস্তিষ্কের অস্ত্রোপচারে রোবটের সফল প্রয়োগ ঘটান।

৪৬. 'আল আকসা' মসজিদ কোথায় অবস্থিত?
ক ফিলিস্তিন খ ইসরাইল
গ আলজেরিয়া ঘ সৌদি আরব

ব্যাখ্যা আল আকসা মসজিদ বা বাইতুল মুকাদ্দাস মুসলিম জাতির প্রথম কিবলা এবং তৃতীয় পবিত্রতম মসজিদ। এর অবস্থান ফিলিস্তিনের জেরুজালেমের পুরনো শহরে। মসজিদের এই স্থানটিকে ইহুদি ও খ্রিষ্টান সম্প্রদায়ও তাদের পবিত্র ভূমি হিসেবে দাবি করে আসছে।

৪৭. পৃথিবীতে সবচেয়ে মূল্যবান ধাতু কোনটি?
ক স্বর্ণ খ হীরা
গ সিলভার ঘ প্লাটিনাম

ব্যাখ্যা পৃথিবীর সবচেয়ে মূল্যবান ধাতু প্লাটিনাম (Pt)। মূলত সোনার চেয়ে দামি এই অবস্থান্তর মৌল পৃথিবীতে অনেক দুষ্প্রাপ্য ধাতু।

৪৮. দেহ বৃদ্ধিকারক হরমোন কোনটি?
ক থাইরক্সিন খ প্রেল্যাকটিন
গ এড্রিনালিন ঘ সোমাটোট্রফিক

ব্যাখ্যা থাইরয়েড গ্রন্থি থেকে নিঃসৃত থাইরক্সিন হরমোন প্রোটিন সংশ্লেষের হার বাড়িয়ে দেহের বৃদ্ধি ঘটায় এবং পিটুইটারি গ্রন্থিকে গ্রোথ হরমোন ক্ষরণে উদ্দীপ্ত করে।

৪৯. উচ্চ ফলনশীল শস্য উৎপাদনে কোন প্রযুক্তি ব্যবহৃত হয়?
ক বায়োমেট্রিক্স খ ভার্চুয়াল রিয়ালিটি
গ ন্যানোটেকনোলজি ঘ জেনেটিক ইঞ্জিনিয়ারিং

ব্যাখ্যা জেনেটিক ইঞ্জিনিয়ারিং হচ্ছে আধুনিক পদ্ধতি যার মাধ্যমে উদ্ভিদের একটি উন্নত গুণ বা বৈশিষ্ট্য (জিন) অন্য উদ্ভিদে প্রবেশের মাধ্যমে কাঙ্ক্ষিত প্রজাতির জাত (উন্নত) পাওয়া যায়।

৫০. বাংলাদেশের উষ্ণতম স্থান কোনটি?
ক লালাখাল খ লালপুর
গ রাজশাহী ঘ বগুড়া

ব্যাখ্যা বাংলাদেশের উষ্ণতম স্থান নাটোরের লালপুর। এই স্থানেই দেশের সর্বনিম্ন বৃষ্টিপাত হয়ে থাকে। অন্যদিকে, বাংলাদেশের শীতলতম স্থান হলো সিলেটের লালাখাল।

৫১. 'I know you.' Choose the complex form—
ক I know what you are.
খ I know who you are.
গ I know what are you.
ঘ I know who are you.

ব্যাখ্যা বাক্যটিতে ব্যক্তিবাচক object 'you' থাকায় এটি complex করতে relative pronoun হিসেবে who বসবে। অপশন (ঘ)-তে who থাকলেও বাক্যটি question form-এ রয়েছে, তাই এটি সঠিক নয়।

৫২. —course of time, he became a famous writer.
ক In খ Of
গ For ঘ By

ব্যাখ্যা 'In course of time' বলতে বোঝায় 'সময়ের সাথে সাথে' বা 'কালক্রমে'। 'কালক্রমে সে একজন বিখ্যাত লেখক হয়েছিলেন' অর্থে শূন্যস্থানে In বসবে।

৫৩. —ink in my pen is red.
ক A খ The
গ An ঘ No article

ব্যাখ্যা নির্দিষ্টতা বোঝাতে প্রদত্ত শূন্যস্থানে 'the' বসবে।

৫৪. Complete the sentence with appropriate word : Poly ran fast lest she—miss the class.
ক could খ would
গ can ঘ should

ব্যাখ্যা Lest যুক্ত conjunction-এর পরবর্তী clause-এর structure : subject + should/might + ext. । Lest যুক্ত sentence-এ no/not ব্যবহৃত হয় না।

৫৫. Which one is correct?
ক There is no place for doubt in it.
খ There is no space for doubt in it.
গ There is no room for doubt in it.
ঘ There is no area to doubt in it.

ব্যাখ্যা Room for doubt একটি idiom, যার অর্থ 'সন্দেহের অবকাশ থাকা'।

৫৬. Which one is the correct English translation of 'অসারের তর্জন গর্জন সার'?
ক Ignorance is vociferous.
খ An idle man speaks much.
গ A barking dog seldom bites.
ঘ An empty vessel sound much.
[Note : 'অসারের তর্জন গর্জন সার' একটি প্রবাদ (proverb); যার সঠিক translation – A barking dog seldom bites/An empty vessel sounds much। অর্থাৎ (গ) ও (ঘ) দুইটি অপশনই সঠিক।]

৫৭. The doctor will come back to the ward in no time. The underlined phrase means—
ক instantly খ hardly
গ always ঘ never

ব্যাখ্যা 'In no time' phrase-এর অর্থ শীঘ্রই বা অবিলম্বে। সুতরাং সঠিক উত্তর হবে instantly।

৫৮. The memoranda—not important.
ক is খ has গ have ঘ are

ব্যাখ্যা 'Memoranda' শব্দটি plural। তাই এর পরবর্তী verb-টি pluml হবে।

উত্তর
৪৬ ক
৪৭ ঘ
৪৮ ক
৪৯ ঘ
৫০ খ
৫১ খ
৫২ ক
৫৩ খ
৫৪ ঘ
৫৫ গ
৫৬ Note
৫৭ ক
৫৮ ঘ

CamScanner

৫৯. The word 'decade' refers to—
ⓚ thirty years ⓛ fifty years
ⓜ ten years ⓝ twenty five years
ব্যাখ্যা *Decade শব্দটির অর্থ a period of ten years বা এক দশক।*

৬০. No spelling mistake occurs in—
ⓚ extravagant ⓛ pronounciation
ⓜ spureous ⓝ temporery
ব্যাখ্যা *অপশনগুলোর মধ্যে শুদ্ধ বানানযুক্ত word- extravagant (অমিতব্যয়ী)। অন্যদিকে, pronounciation, spureous এবং temporery শব্দের সঠিক বানান যথাক্রমে- pronunciation, spurious এবং temporary।*

৬১. None but—brave deserve—fair.
ⓚ a, an ⓛ the, the
ⓜ the, no article ⓝ no article, the
ব্যাখ্যা *শূন্যস্থানদ্বয়ে the বসবে। বাক্যটি একটি প্রবাদ বাক্য, যার অর্থ 'বীরভোগ্যা বসুন্ধরা'।*

৬২. If you help me, I—grateful.
ⓚ will be remain
ⓛ should remain
ⓜ will remain
ⓝ would remain
ব্যাখ্যা *1st conditional-এর structure অনুযায়ী if-যুক্ত clause-টি present indefinite tense হওয়ায়, অপর clause-টি হবে future indefinite tense-এ।*

৬৩. Which is the correct form of Assertive of 'Who does not like a rose?'
ⓚ All of us likes a rose.
ⓛ Nobody likes a rose.
ⓜ Everyone dislikes a rose.
ⓝ Everyone likes a rose.
ব্যাখ্যা *'Who'-যুক্ত interrogative sentence-কে assertive করার সময় subject হিসেবে everyone/ everybody ইত্যাদি ব্যবহার করতে হয়। বাক্যটি negative-এ থাকায় assertive করার সময় সেটিকে positive করতে হবে।*

৬৪. Had you walked fast, you — the train. The correct form of verb will be—
ⓚ will not miss
ⓛ will not have missed
ⓜ would not have missed
ⓝ would not miss
ব্যাখ্যা *3rd conditional-এর rules অনুযায়ী বাক্যটির পরবর্তী clause-এর structure হবে- subject + would/could/might + have + vpp।*

৬৫. 'গাছে এখনো ফল ধরে নাই'— The best translation is—
ⓚ The tree can not bear fruit.
ⓛ The tree has not given fruit yet.
ⓜ The tree has not caught any fruit.
ⓝ The tree has not yet borne fruit.
ব্যাখ্যা *কোনো কিছু থেকে উৎপন্ন হওয়া অর্থে borne ব্যবহৃত হয়। সুতরাং সঠিক translation হবে 'The tree has not yet borne fruit'।*

৬৬. The word 'heritage' refers to—
ⓚ heir ⓛ tradition
ⓜ legitimacy ⓝ intrigue
ব্যাখ্যা *Heritage অর্থ ঐতিহ্য। সুতরাং সঠিক উত্তর হবে tradition। অন্যান্য অপশনগুলোর মধ্যে heir – উত্তরাধিকারী, legitimacy – বৈধতা এবং intrigue – চক্রান্ত।*

৬৭. The price of mango is high in our country. —, we turn this land into a mango orchard?
ⓚ As if ⓛ Would rather
ⓜ What's it like ⓝ What if
ব্যাখ্যা *বাক্যের অর্থসঙ্গতি রক্ষার্থে শূন্যস্থানে what if বসবে। What if সাধারণত 'কী হবে যদি' অর্থ প্রকাশ করে।*

৬৮. Ignorance is obstacle—progress.
ⓚ to ⓛ for ⓜ with ⓝ from
ব্যাখ্যা *Obstacle-এর পর appropriate preposition হিসেবে to বসবে।*

৬৯. Very few insects are as busy as a bee. The correct comparative form of the sentence is—
ⓚ A bee is busier than very few insects.
ⓛ A bee is busier than few insects.
ⓜ A bee is busier than most other insects.
ⓝ A bee is more busy than other insects.
ব্যাখ্যা *Very few যুক্ত positive sentence-কে comparative করার structure : subject 1 + verb + comparative + than most other + subject 2 (in plural)।*

৭০. Fifty miles—not a long distance.
ⓚ are ⓛ is
ⓜ have been ⓝ were
ব্যাখ্যা *দূরত্ব বোঝাতে একেকের সমষ্টি একটি unit হিসেবে ধরা হয় এবং সেটি singular verb গ্রহণ করে।*

৭১. He came home yesterday. Choose the correct interrogative form of the sentence—
ⓚ Did he come home yesterday?
ⓛ Did he not came home yesterday?
ⓜ When did he come home?
ⓝ When does he come home?

উত্তর

৫৯	গ
৬০	ক
৬১	খ
৬২	গ
৬৩	ঘ
৬৪	গ
৬৫	ঘ
৬৬	ঘ
৬৭	ঘ
৬৮	ক
৬৯	গ
৭০	খ
৭১	ক

ব্যাখ্যা *বাক্যটিতে auxiliary verb না থাকায় tense অনুযায়ী subject-এর পূর্বে did হবে এবং এর পরে verb-এর base form হবে। তাই সঠিক interrogative form – Did he come home yesterday?*

৭২. The verb form of 'danger' is—
ⓚ dangered ⓛ endangered
ⓜ indanger ⓝ endanger
ব্যাখ্যা *'Danger' শব্দটির verb form হবে endanger (en- prefix যোগে) যার অর্থ– বিপদ্ন/বিপদাপন্ন করা।*

৭৩. 'যেমন কর্ম তেমন ফল'— The translation is—
ⓚ All that glitters is not gold.
ⓛ As you sow, so you reap.
ⓜ A stitch in time, saves nine.
ⓝ The more you work, the more you get.
ব্যাখ্যা *'যেমন কর্ম তেমন ফল' একটি proverb যার সঠিক translation – As you sow, so you reap।*

৭৪. Choose the correct answer—
ⓚ I will avail myself of the opportunity.
ⓛ I shall avail of the opportunity.
ⓜ I will avail myself with the opportunity.
ⓝ I shall avail myself the opportunity.
ব্যাখ্যা *Avail (oneself)-এর পরে appropriate preposition হিসেবে of বসে।*

৭৫. The antonym of 'vice' is—
ⓚ honesty ⓛ values
ⓜ virtue ⓝ truthful
ব্যাখ্যা *Vice শব্দের অর্থ পাপ, দোষ, কলঙ্ক। এর antonym হবে virtue – পুণ্য, গুণ।*

৭৬. ২১৯৫২ সংখ্যাটিকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ সংখ্যা হবে?
ⓚ ২ ⓛ ৪
ⓜ ৭ ⓝ ৮

ব্যাখ্যা
2 | 21952
2 | 10976
2 | 5488
2 | 2744
2 | 1372
2 | 686
7 | 343
7 | 49
7

∴ ২১৯৫২ = (২ × ২) × (২ × ২) × (২ × ২) × (৭ × ৭) × ৭
অর্থাৎ, ৭ দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ হবে।

৭৭. ৯১, ১০১, ১১৭ এবং ১২৩ এর মধ্যে মৌলিক সংখ্যা কোনটি?
ⓚ ৯৭ ⓛ ১০১
ⓜ ১১৭ ⓝ ১২৩
ব্যাখ্যা *এখানে, ৯১ = ৭ × ১৩*
১১৭ = ৩ × ৩ × ১৩
১২৩ = ৩ × ৪১
অর্থাৎ, ৯১, ১১৭, ও ১২৩ মৌলিক সংখ্যা নয়। সুতরাং সঠিক উত্তর অপশন (খ)।

৭৮. x − y = 2 এবং xy = 24 হলে x + y এর মান–
ⓚ ±4 ⓛ ±5
ⓜ ±7 ⓝ ±10
ব্যাখ্যা *দেওয়া আছে, x − y = 2 এবং xy = 24*
অর্থাৎ, $(x+y)^2 = (x-y)^2 + 4xy$
$\Rightarrow (x+y)^2 = (2)^2 + 4 \times 24$
$\Rightarrow (x+y)^2 = 4 + 96$
$\Rightarrow (x+y)^2 = 100$
$\therefore x + y = \pm 10$

৭৯. $\sqrt[3]{a} = \sqrt{5}$ হলে a-এর মান কত?
ⓚ $3\sqrt{5}$ ⓛ $5\sqrt{5}$
ⓜ 5 ⓝ $\sqrt[3]{5}$
ব্যাখ্যা $\sqrt[3]{a} = \sqrt{5}$
$\Rightarrow a = \left(\sqrt{5}\right)^3$
$\therefore a = 5\sqrt{5}$

৮০. $\log_{2\sqrt{5}} 400$ এর মান কত?
ⓚ 1 ⓛ 2
ⓜ $2\sqrt{5}$ ⓝ 4
ব্যাখ্যা $\log_{2\sqrt{5}} 400$
$= \log_{2\sqrt{5}} \left(2\sqrt{5}\right)^4$
$= 4 \log_{2\sqrt{5}} 2\sqrt{5}$
$= 4 \times 1$
$= 4$

৮১. m এর মান কত হলে $x^2 + x - m$ একটি পূর্ণবর্গ রাশি হবে?
ⓚ $\frac{1}{2}$ ⓛ $\frac{1}{4}$
ⓜ $-\frac{1}{2}$ ⓝ $-\frac{1}{4}$

উত্তর

৭২	ঘ
৭৩	খ
৭৪	ক
৭৫	গ
৭৬	গ
৭৭	খ
৭৮	ঘ
৭৯	খ
৮০	ঘ
৮১	ঘ

CamScanner

ব্যাখ্যা x^2+x-m

$=x^2+2.x.\frac{1}{2}+\left(\frac{1}{2}\right)^2-\left(\frac{1}{2}\right)^2-m$

$=\left(x+\frac{1}{2}\right)^2-\frac{1}{4}-m$

রাশিটি পূর্ণবর্গ হবে যদি $\left(-m-\frac{1}{4}\right)=0$ হয়

অর্থাৎ $m=-\frac{1}{4}$

৮২. দুইটি সংখ্যার অনুপাত ৩ : ২ এবং এদের গ.সা.গু. ৪ হলে সংখ্যা দুইটির ল.সা.গু. কত?

ⓚ 8 ⓛ ৮
ⓜ ১৬ ⓝ ২৪

ব্যাখ্যা গ.সা.গু. ৪ হলে সংখ্যাদ্বয় $৩\times৪=১২$ এবং $২\times৪=৮$

আমরা জানি, ল.সা.গু. $=\frac{\text{সংখ্যাদ্বয়ের গুণফল}}{\text{গ.সা.গু.}}$

$=\frac{১২\times৮}{৪}$

$=২৪$

৮৩. a, b, c ক্রমিক সমানুপাতিক হলে নিচের কোনটি সঠিক?

ⓚ $ab=bc$ ⓛ $a^2=bc$
ⓜ $b^2=ca$ ⓝ $c^2=ab$

ব্যাখ্যা a, b, c ক্রমিক সমানুপাতিক হলে $b^2=ac$ হবে।

৮৪. একটি খুঁটির দৈর্ঘ্য 20 মিটার। এর ছায়ার দৈর্ঘ্য কত মিটার হলে উন্নতি কোণ 45° হবে?

ⓚ 20 মি. ⓛ 25 মি.
ⓜ 30 মি. ⓝ 40 মি.


ব্যাখ্যা চিত্র অনুযায়ী,

$\tan 45°=\frac{AB}{BC}$

$\Rightarrow 1=\frac{20}{BC}$

$\therefore BC=20$ মি.

অর্থাৎ ছায়ার দৈর্ঘ্য 20 মিটার।



৮৫. একজন মাঝি দাঁড় বেয়ে 15 কি.মি. যেতে এবং সেখান থেকে ফিরে আসতে 4 ঘণ্টা সময় লাগে। সে স্রোতের অনুকূলে যতক্ষণে 5 কি.মি. যায়, স্রোতের প্রতিকূলে ততক্ষণে 3 কি.মি. যায়। স্রোতের বেগ কত?

ⓚ 8 ⓛ 4 ⓜ 2 ⓝ $\frac{1}{2}$

ব্যাখ্যা মনে করি, নৌকার বেগ = x কিমি/ঘণ্টা
এবং স্রোতের বেগ = y "

প্রশ্নমতে,

$\frac{5}{x+y}=\frac{3}{x-y}$.....(i)

এবং $\frac{15}{x+y}+\frac{15}{x-y}=4$.....(ii)

(i) নং হতে পাই, $\frac{5}{x+y}=\frac{3}{x-y}$

$\Rightarrow 5x-5y=3x+3y$

$\Rightarrow 2x=8y$

$\therefore x=4y$ ..... (iii)

(ii) নং হতে পাই, $\frac{15}{4y+y}+\frac{15}{4y-y}=4$

$\Rightarrow \frac{15}{5y}+\frac{15}{3y}=4$

$\Rightarrow \frac{3}{y}+\frac{5}{y}=4$

$\Rightarrow \frac{8}{y}=4$

$\therefore y=2$

৮৬. একটি দ্রব্য x% ক্ষতিতে বিক্রয় করলে যে মূল্য পাওয়া যায় 3x% লাভে বিক্রয় করলে তার চেয়ে 18x টাকা বেশি পাওয়া যায়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ⓚ 400 টাকা ⓛ 500 টাকা
ⓜ 450 টাকা ⓝ 540 টাকা

ব্যাখ্যা মনে করি, ক্রয়মূল্য 100 টাকা।

$\therefore$ বিক্রয়মূল্যের পার্থক্য $(3x+x)=4x$ টাকা

বিক্রয়ের পার্থক্য $4x$ হলে ক্রয়মূল্য = 100 টাকা

$\therefore$ " " 1 " " $=\frac{100}{4x}$ "

$\therefore$ " " $18x$ " " $=\frac{100\times18x}{4x}$ "

$=450$ টাকা

৮৭. 4% হার মুনাফায় কোনো টাকার 2 বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য 1 টাকা হলে আসল কত?

ⓚ 625 টাকা ⓛ 650 টাকা
ⓜ 600 টাকা ⓝ 725 টাকা

ব্যাখ্যা মনে করি, আসল P টাকা

4% হার মুনাফায় 2 বছরের

সরল মুনাফা $=P\times2\times\frac{4}{100}=\frac{2P}{25}$

চক্রবৃদ্ধি মুনাফা $=P\left(1+\frac{4}{100}\right)^2-P$

$=P\left(\frac{26}{25}\right)^2-P$

$=\frac{51P}{625}$

প্রশ্নমতে, $\frac{51P}{625}-\frac{2P}{25}=1$

$\Rightarrow \frac{51P-50P}{625}=1$

$\therefore P=625$

৮৮. একটি আয়তাকার ঘরের মেঝের ক্ষেত্রফল 192 বর্গমিটার। মেঝের দৈর্ঘ্য 4 মিটার কমালে ও প্রস্থ 4 মিটার বাড়ালে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। মেঝের দৈর্ঘ্য কত?

ⓚ 16 মিটার ⓛ 12 মিটার
ⓜ 8 মিটার ⓝ 6 মিটার

ব্যাখ্যা মনে করি, মেঝের দৈর্ঘ্য x এবং প্রস্থ y মিটার

মেঝের ক্ষেত্রফল, $xy=192$ ..... (i)

এবং প্রশ্নমতে, $(x-4)(y+4)=192$ ..... (ii)

(i) $\Rightarrow y=\frac{192}{x}$

(ii) নং এ y-এর মান বসিয়ে পাই,

$(x-4)\left(\frac{192}{x}+4\right)=192$

$\Rightarrow (x-4)\left(\frac{192+4x}{x}\right)=192$

$\Rightarrow (192+4x)(x-4)=192x$

$\Rightarrow 192x-768+4x^2-16x=192x$

$\Rightarrow 4x^2-16x-768=0$

$\Rightarrow x^2-4x-192=0$

$\Rightarrow x^2-16x+12x-192=0$

$\Rightarrow (x-16)(x+12)=0$

$\therefore x=16$ যেহেতু $x\neq-12$

$\therefore$ মেঝের দৈর্ঘ্য = 16 মিটার

৮৯. একটি ত্রিভুজের ভূমি তার উচ্চতার দ্বিগুণ অপেক্ষা 6 cm বেশি। ত্রিভুজটির ক্ষেত্রফল 810 বর্গ cm হলে, এর উচ্চতা কত?

ⓚ 30 cm ⓛ 27 cm
ⓜ 33 cm ⓝ 36 cm

ব্যাখ্যা মনে করি, ত্রিভুজের উচ্চতা = x সেমি

$\therefore$ " ভূমি $=2x+6$ "

প্রশ্নমতে, $\frac{1}{2}\times x\times(2x+6)=810$

$\Rightarrow 2x^2+6x=1620$

$\Rightarrow x^2+3x-810=0$

$\Rightarrow x^2+30x-27x-810=0$

$\Rightarrow (x+30)(x-27)=0$

$\therefore$ ত্রিভুজের উচ্চতা 27 সেমি

৯০. একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহু দুইটির প্রত্যেকটি 5 একক এবং ভূমি 6 একক হলে, ক্ষেত্রফল কত?

ⓚ 6 ⓛ 8
ⓜ 10 ⓝ 12

ব্যাখ্যা ক্ষেত্রফল $=\frac{b}{4}\sqrt{4a^2-b^2}$ বর্গ একক

$=\frac{6}{4}\sqrt{4\times5^2-6^2}$ "

$=\frac{6}{4}\sqrt{100-36}$ "

$=\frac{6}{4}\sqrt{64}$ "

$=\frac{6}{4}\times8$ "

$=12$ বর্গ একক

৯১. r ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কোনো চাপ কেন্দ্রে x° কোণ উৎপন্ন করলে, চাপের দৈর্ঘ্য কত?

ⓚ $\frac{\pi rx}{180°}$ একক ⓛ $\frac{rx}{180°}$ একক
ⓜ rx একক ⓝ $\frac{x}{180°}$ একক

ব্যাখ্যা r ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কোনো চাপ কেন্দ্রে x° কোণ উৎপন্ন করলে চাপের দৈর্ঘ্য = rx একক বা $\frac{\pi rx}{180°}$

রেডিয়ান অর্থাৎ সঠিক উত্তর অপশন (গ)।

৯২. $2\sin^2\theta+3\cos\theta-3=0$ হলে, θ এর মান কত? যেখানে θ সূক্ষ্মকোণ।

ⓚ 60° ⓛ 0°
ⓜ 30° ⓝ 45°

ব্যাখ্যা $2\sin^2\theta+3\cos\theta-3=0$

$\Rightarrow 2(1-\cos^2\theta)+3\cos\theta-3=0$

$\Rightarrow 2-2\cos^2\theta+3\cos\theta-3=0$

$\Rightarrow -2\cos^2\theta+3\cos\theta-1=0$

$\Rightarrow 2\cos^2\theta-3\cos\theta+1=0$

$\Rightarrow 2\cos^2\theta-2\cos\theta-\cos\theta+1=0$

$\Rightarrow 2\cos\theta(\cos\theta-1)-1(\cos\theta-1)=0$

$\Rightarrow (2\cos\theta-1)(\cos\theta-1)=0$

$\therefore$ হয় $2\cos\theta-1=0$ অথবা, $\cos\theta=1$

$\Rightarrow \cos\theta=\frac{1}{2}$ $\therefore \theta=90°$ [গ্রহণযোগ্য নয়]

$\therefore \theta=60°$ [কেননা θ সূক্ষ্মকোণ]

উত্তর

৮২	ঘ
৮৩	গ
৮৪	ক
৮৫	গ
৮৬	গ
৮৭	ক
৮৮	ক
৮৯	খ
৯০	ঘ
৯১	গ
৯২	ক

CamScanner

৯৩. একটি বৃত্তের ক্ষেত্রফল একটি বর্গের ক্ষেত্রফলের সমান হলে তাদের পরিসীমার অনুপাত কত হবে?

ক $\pi:2$ খ $2:\pi$

গ $\pi:2\sqrt{\pi}$ ঘ $2\sqrt{\pi}:\pi$

ব্যাখ্যা বৃত্তের ক্ষেত্রফল $=\pi r^2$ এবং বর্গের ক্ষেত্রফল $=a^2$

শর্তমতে, $\pi r^2=a^2$

$\Rightarrow a=\sqrt{\pi}r$

$\therefore$ পরিসীমার অনুপাত $=2\pi r:4a$

$=2\pi r:4\sqrt{\pi}r$

$=\pi:2\sqrt{\pi}$

৯৪. 1 ঘন সে.মি. কাঠের ওজন 7 ডেসিগ্রাম। কাঠের ওজন সমআয়তন পানির ওজনের শতকরা কতভাগ?

ক 100 ভাগ খ 70 ভাগ

গ 10 ভাগ ঘ 7 ভাগ

ব্যাখ্যা 1 ঘন সেমি পানির ওজন 10 গ্রাম।

$\therefore$ কাঠের ওজন সমআয়তন পানির শতকরা $=\frac{100\times7}{10}$

$=70$ ভাগ।

৯৫. একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 26 মিটার, 28 মিটার এবং ক্ষেত্রফল 182 বর্গমিটার হলে, বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ নির্ণয় করুন।

ক $60°$ খ $30°$

গ $45°$ ঘ $90°$

ব্যাখ্যা ত্রিভুজের ক্ষেত্রফল $=\frac{1}{2}\times26\times28\times\sin\theta$

$\Rightarrow 182=\frac{1}{2}\times26\times28\times\sin\theta$

$\Rightarrow \sin\theta=\frac{1}{2}$

$\therefore \theta=30°$

৯৬. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 1 : 1 : 2 হলে ত্রিভুজটি কোন ধরনের ত্রিভুজ?

ক সমবাহু ত্রিভুজ

খ সমদ্বিবাহু ত্রিভুজ

গ সমকোণী ত্রিভুজ

ঘ বিষমবাহু ত্রিভুজ

ব্যাখ্যা ধরি, কোণত্রয় x, x ও $2x$

প্রশ্নমতে, $x+x+2x=180°$

$\Rightarrow 4x=180°$

$\therefore x=45°$

$\therefore$ কোণগুলো হচ্ছে $45°$, $45°$, ও $90°$।

অর্থাৎ ত্রিভুজটি সমকোণী।

৯৭. $a^{-n}=\frac{1}{a^n}$ কোন শর্তে সত্য?

ক $a=0$ খ $a\neq0$

গ $a>0$ ঘ $a<0$

ব্যাখ্যা ঋণাত্মক পূর্ণ সাংখ্যিক সূচকের সূত্রানুযায়ী

$a^{-n}=\frac{1}{a^n}$ যখন $a\in R, a\neq0$ এবং $n\in N$।

৯৮. $\frac{32}{(64)^x}=8$ হলে x এর মান কত?

ক $\frac{1}{3}$ খ 3

গ 4 ঘ 8.

ব্যাখ্যা $\frac{32}{(64)^x}=8$

$\Rightarrow 4=(64)^x$

$\Rightarrow 4=(4^3)^x$

$\Rightarrow 4^{3x}=4$

$\Rightarrow 3x=1$

$\therefore 3x=1$

$\therefore x=\frac{1}{3}$

৯৯. একটি সমবৃত্তভূমিক বেলনের ভূমির ব্যাসার্ধ r এবং উচ্চতা h হলে উহার আয়তন—

ক πr^2 খ $2\pi rh$

গ $2\pi r(r+h)$ ঘ πr^2h

[Note : সমবৃত্তভূমিক বেলনের ভূমির ব্যাসার্ধ r এবং উচ্চতা h হলে আয়তন $=\pi r^2h$ ঘন একক।]

১০০. $x-\frac{1}{x}=\frac{3}{2}$ হলে, $x^3-\frac{1}{x^3}$ এর মান কত?

ক 36 খ 63

গ $\frac{36}{8}$ ঘ $\frac{63}{8}$

ব্যাখ্যা দেওয়া আছে, $x-\frac{1}{x}=\frac{3}{2}$

এখন, $x^3-\frac{1}{x^3}=\left(x-\frac{1}{x}\right)^3+3\times\frac{1}{x}\left(x-\frac{1}{x}\right)$

$=\left(\frac{3}{2}\right)^3+3\times\frac{3}{2}$

$=\frac{27}{8}+\frac{9}{2}$

$=\frac{27+36}{8}$

$=\frac{63}{8}$

উত্তর	
৯৩	গ
৯৪	খ
৯৫	ব
৯৬	গ
৯৭	ব
৯৮	ক
৯৯	Note
১০০	ঘ

১৭তম শিক্ষক নিবন্ধন প্রাথমিক পরীক্ষা (ক্লে/সাধারণ) ২০২২

পরীক্ষার তারিখ : ৩০.১২.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ১০০; বিষয় কোড : ৩০০; সেট : মধুমতী; সেট কোড : ২

[প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

০১. If I had tried again—

ক I could solve the problem.

খ I could have solved the problem.

গ I could solved the problem.

ঘ I could have solve the problem.

ব্যাখ্যা If-যুক্ত clause-টি past perfect tense-এ থাকায় 3rd conditional-এর শর্ত অনুসারে অপর clause-টি হবে subject + could have + vpp।

০২. আজকাল নারীরা জীবনের সর্বক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

ক Women are playing important role in all spheres of life.

খ Nowadays women are playing important role everywhere.

গ Women are playing most important roles in all sphere of life.

ঘ Nowadays women are playing important role in all spheres of life.

ব্যাখ্যা সর্বক্ষেত্রে বোঝাতে in all spheres of life ব্যবহৃত হয়।

০৩. I fancy I (turn) a trifle pale.

ক turned খ turns

গ am turning ঘ had turned

ব্যাখ্যা I fancy, I wish ইত্যাদি থাকলে পরবর্তী verb হয় past tense-এ।

০৪. He fell—a trap.

ক of খ off গ into ঘ out

ব্যাখ্যা Fell into অর্থ কোনো অবস্থায় পতিত হওয়া। বাক্যটি অর্থপূর্ণ করতে fell-এর সাথে into বসবে।

০৫. I would rather die—

ক then beg খ than beg

গ but I would not beg ঘ to beg

ব্যাখ্যা বরং অর্থে would rather ব্যবহৃত হয়। Would rather-এর পর than + verb-এর base form বসে।

০৬. The prince has no ambition—the throne.

ক to খ with গ of ঘ for

ব্যাখ্যা 'Ambition'-এর পর appropriate preposition হয় for।

০৭. Which is the noun of the word 'wise'?

ক Wise খ Wisdom গ Wisely ঘ Wish

ব্যাখ্যা Wise শব্দটির noun হচ্ছে wisdom, যার অর্থ বিজ্ঞতা, জ্ঞান।

০৮. 'Ups and downs' means—

ক thoroughly

খ move upward and downward

গ here and there ঘ rise and fall

ব্যাখ্যা 'Ups and downs' idiom-টির অর্থ উত্থান-পতন। অন্যদিকে, Rise and fall-ও একই অর্থ প্রদান করে।

০৯. The verb form of 'strong' is—

ক strength খ strong

গ strengthen ঘ stronger

ব্যাখ্যা Strong-এর verb হচ্ছে strengthen, যার অর্থ শক্তিশালী করা বা জোর দেওয়া।

১০. —best companions in life.

ক Books are men's খ Books are mens

গ Book is mans ঘ A book is a man's

ব্যাখ্যা সঠিক বাক্যটি হবে— Books are men's best companions in life।

১১. তিনি সৎ লোক ছিলেন, তাই না?

ক He was truthful, was he?

খ He was an honest man, did not he?

গ He was really an honest man?

ঘ He was an honest man, wasn't he?

ব্যাখ্যা Tag question-এর নিয়মানুসারে বাক্যটি positive হওয়ায় tag question negative হবে। Be verb 'was' থাকায় সেটিই tag question-এ ব্যবহৃত হবে। অন্য অপশনগুলো grammatically incorrect।

১২. The synonym of 'incredible' is—

ক unbelievable খ unthinkable

গ unlikely ঘ un-thinking

ব্যাখ্যা Incredible (adj)-এর অর্থ অবিশ্বাস্য, আশ্চর্যজনক। Unbelievable অর্থও অবিশ্বাস্য। সুতরাং incredible-এর synonym হবে unbelievable।

১৩. The antonym of 'Honorary' is—

ক official খ honorable গ salaried ঘ literary

ব্যাখ্যা Honorary অর্থ বৈতনিক। Honory-এর antonym হচ্ছে salaried (বৈতনিক)।

১৪. 'To end in smoke' means—

ক to create fire খ to go through suffering

গ to come to nothing ঘ to see fire

ব্যাখ্যা To end in smoke অর্থ ব্যর্থ হওয়া বা অকেজো হয়ে পড়া। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (গ)।

১৫. Kalam is as strong as Salam. (Comparative)

ক Salam is not stronger than Kalam.

খ Salam is stronger than Kalam.

গ Kalam is not stronger than Salam.

ঘ Kalam is stronger than Salam.

ব্যাখ্যা As.....as যুক্ত বাক্যকে comparative করতে than ব্যবহৃত হয়। অপশন (ক) ছাড়া বাকিগুলো অর্থগতভাবে ভুল।

উত্তর	
০১	খ
০২	ঘ
০৩	ক
০৪	গ
০৫	খ
০৬	ঘ
০৭	খ
০৮	ঘ
০৯	গ
১০	ক
১১	ঘ
১২	ক
১৩	গ
১৪	গ
১৫	ক

CamScanner

১৬. The synonym of 'Prudent' is—
ⓚ unwise ⓛ insightful
ⓜ injudicious ⓝ impolite
ব্যাখ্যা *Prudent শব্দের অর্থ বিচক্ষণ, দূরদর্শী। Insightful অর্থ সূক্ষ্মদৃষ্টি সম্পন্ন। অন্যান্য অপশনগুলোর মধ্যে unwise – নির্বোধ, injudicious – অবিচক্ষণ এবং impolite – অভদ্র।*

১৭. Without working hard, you can not succeed. (Compound)
ⓚ Work hard and you can not succeed.
ⓛ Work hard or you can not succeed.
ⓜ Work hard and you can succeed.
ⓝ You work hard and you can succeed.
ব্যাখ্যা *দুটি বিপরীতার্থক বাক্য compound করার ক্ষেত্রে conjunction 'or' (অথবা) ব্যবহৃত হয়। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (খ)।*

১৮. Over-flooding is one of the worst problems in our country (Positive)
ⓚ Over-flooding is worse than any other problem.
ⓛ No other problem in our country is as bad as over-flooding.
ⓜ Very few problems in our country are as bad as over-flooding.
ⓝ Over-flooding is a very worse problem in our country.
ব্যাখ্যা *One of the-যুক্ত superlative sentence-কে positive sentence-এ রূপান্তরিত করতে very few ব্যবহার করতে হয়। Very few-এর পরবর্তী subject ও verb উভয়ই plural হয়।*

১৯. What can not be cured must be endured. (Active)
ⓚ Must be endure we cure.
ⓛ We can not cure what we must endure.
ⓜ We must endure what we can not cure.
ⓝ We must be endured what we can not cure.
ব্যাখ্যা *Passive voice-এ সুবিধাজনক কর্তা না থাকায় we-কে subject হিসেবে ব্যবহার করতে হবে।*

২০. Let us love our country. (Simple)
ⓚ We should not hate our country.
ⓛ We should love our country.
ⓜ We may not hate our country.
ⓝ Should love our country.
ব্যাখ্যা *প্রদত্ত বাক্যের structure হবে subject + should + main verb + object।*

২১. Noun form of the word 'comfortable' is—
ⓚ comfortably ⓛ comfort
ⓜ comfortable ⓝ none
ব্যাখ্যা *Comfortable-এর noun form হচ্ছে comfort, যার অর্থ স্বস্তি।*

২২. I look forward to (receive) a letter from you.
ⓚ receiving ⓛ receive ⓜ received ⓝ receives
ব্যাখ্যা *With a view to, look forward to ইত্যাদি থাকলে পরবর্তী verb-এর সাথে ing যুক্ত হয়। সুতরাং সঠিক উত্তর অপশন (ক) receiving।*

২৩. He is so dull that—
ⓚ He can understand anything.
ⓛ He could understand anything.
ⓜ He can not understand anything.
ⓝ He could not understand anything.
ব্যাখ্যা *That-যুক্ত clause-এর পূর্বে অংশ present tense এ থাকার কারণে পরবর্তী অংশও present tense এ হবে এবং so dull থাকায় পরবর্তী অংশ negative হবে।*

২৪. I have left the room but he (enter) the room.
ⓚ enters ⓛ entered
ⓜ has entered ⓝ is entering
ব্যাখ্যা *প্রথম অংশ present perfect tense-এ থাকায় পরবর্তী অংশও হবে present perfect tense।*

২৫. The man is—his son's fault.
ⓚ blind to ⓛ blind of ⓜ blind in ⓝ blind at
ব্যাখ্যা *Blind to অর্থ দেখেও না দেখা। বাক্যের অর্থসঙ্গতি রক্ষার্থে প্রদত্ত শূন্যস্থানে blind to বসবে।*

২৬. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি?
ⓚ কুতুবদিয়া ⓛ ভোলা ⓜ মহেশখালী ⓝ সেন্টমার্টিন
ব্যাখ্যা *কক্সবাজার জেলার অন্তর্গত বাঁশখালী নদীর তীরে অবস্থিত বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ মহেশখালী। দ্বীপটির প্রধান আকর্ষণ শুঁটকি মাছ ও মিঠা পানি। এ দ্বীপের পাহাড়ের ওপর অবস্থিত আদিনাথ মন্দিরকে ঘিরে গড়ে ওঠছে পর্যটনকেন্দ্র।*

২৭. বাংলাদেশের যে জেলায় সবচেয়ে বেশি চা বাগান রয়েছে-
ⓚ হবিগঞ্জ ⓛ মৌলভীবাজার ⓜ সিলেট ⓝ কুড়িগ্রাম
ব্যাখ্যা *বাংলাদেশের মৌলভীবাজার জেলায় সর্বাধিক চা বাগান রয়েছে। বাংলাদেশ চা বোর্ডের তথ্যানুসারে, মৌলভীবাজারে ৯১টি চা বাগান রয়েছে। দ্বিতীয় সর্বাধিক চা বাগান রয়েছে হবিগঞ্জে ২৫টি। উল্লেখ্য, দেশে বর্তমানে মোট চা বাগান রয়েছে ১৬৭টি।*

২৮. ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন-
ⓚ আব্দুস সালাম ⓛ রফিক উদ্দিন
ⓜ আবুল বরকত ⓝ সকলেই
ব্যাখ্যা *ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন আবুল বরকত। তার ডাক নাম ছিল আবাই। ১৯৫২ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের এম এ ক্লাসের ছাত্র ছিলেন।*

২৯. বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলা কোনটি?
ⓚ ঢাকা ⓛ গাজীপুর ⓜ যশোর ⓝ সিলেট
ব্যাখ্যা *২০১২ সালে বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলা হিসেবে যশোরের নাম ঘোষণা করা হয়। আর বাংলাদেশের প্রথম ডিজিটাল সিটি হচ্ছে সিলেট।*

৩০. 'স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ' পুরস্কার ২০২০ লাভ করেন-
ⓚ আজিজুর রহমান ⓛ ফেরদৌসী মজুমদার
ⓜ কালীপদ দাস ⓝ জাফর ওয়াজেদ

উত্তর
১৬ খ
১৭ খ
১৮ গ
১৯ গ
২০ খ
২১ খ
২২ ক
২৩ গ
২৪ গ
২৫ ক
২৬ গ
২৭ খ
২৮ গ
২৯ গ
৩০ ক

ব্যাখ্যা *স্বাধীনতা পুরস্কার ২০২০-এ স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের জন্য পুরস্কার লাভ করেন চারজন। তারা হলেন- আজিজুর রহমান, গোলাম দস্তগীর গাজী, আবদুর রউফ (মরণোত্তর) ও মুহাম্মদ আনোয়ার পাশা (মরণোত্তর)। উল্লেখ্য, স্বাধীনতা পুরস্কার ২০২২ লাভ করেন ৯ জন বিশিষ্ট ব্যক্তি ও ২টি প্রতিষ্ঠান। ২০২২ সালে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের ক্ষেত্রে স্বাধীনতা পদক পেয়েছেন- ইলিয়াস আহমেদ চৌধুরী, নাজমুল হুদা বীরবিক্রম (মরণোত্তর), আবদুল জলিল, সিরাজ উদ্দীন আহমেদ, মোহাম্মদ ছহিউদ্দিন বিশ্বাস (মরণোত্তর) ও সিরাজুল হক (মরণোত্তর)।*

৩১. জাতির জনক শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয়—
ⓚ ২৩ মার্চ ১৯৭১ ⓛ ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯
ⓜ ২৩ ফেব্রুয়ারি ১৯৬৭ ⓝ ২৩ ফেব্রুয়ারি ১৯৬৬
ব্যাখ্যা *২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ শেখ মুজিবুর রহমানকে সোহরাওয়ার্দী উদ্যানের (তৎকালীন রেসকোর্স ময়দান) বিশাল জনসভায় তৎকালীন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ 'বঙ্গবন্ধু' উপাধি প্রদান করেন। উল্লেখ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির জনক ঘোষণা করা হয় ৩ মার্চ ১৯৭১।*

৩২. 'সবার জন্য শিক্ষা' স্লোগানটি বাংলাদেশে প্রচলিত কোন মুদ্রা বহন করে?
ⓚ ১ টাকা ⓛ ২ টাকা ⓜ ৫ টাকা ⓝ ১০ টাকা
ব্যাখ্যা *'সবার জন্য শিক্ষা' স্লোগানটি বাংলাদেশের দুই টাকার ধাতব মুদ্রায় লেখা আছে।*

৩৩. চাকমা জনগোষ্ঠীর লোকসংখ্যা সর্বাধিক কোথায়?
ⓚ রাঙামাটি জেলায় ⓛ খাগড়াছড়ি জেলায়
ⓜ বান্দরবান জেলায় ⓝ সিলেট জেলায়
ব্যাখ্যা *চাকমা বাংলাদেশের বৃহত্তম ক্ষুদ্র নৃগোষ্ঠী বা উপজাতি। রাঙামাটি জেলায় চাকমা জনগোষ্ঠীর লোক সর্বাধিক বসবাস করে। উল্লেখ্য, চাকমাদের প্রধান বর্ষবরণ উৎসব বিজু।*

৩৪. মিয়ানমারের বিরুদ্ধে রোহিঙ্গাদের ওপর গণহত্যা চালানোর অভিযোগে আইসিজেতে মামলা দায়ের করে—
ⓚ গাম্বিয়া ⓛ সেনেগাল
ⓜ সৌদি আরব ⓝ কুয়েত
ব্যাখ্যা *আফ্রিকার দেশ গাম্বিয়া আন্তর্জাতিক ন্যায়বিচার আদালতে (ICJ) মিয়ানমারের বিরুদ্ধে রোহিঙ্গা গণহত্যার মামলা করে ১১ নভেম্বর ২০১৯। আর ২০২০ সালে এ মামলায় মিয়ানমারের প্রতি অবশ্য পালনীয় ৪টি অন্তবর্তী নির্দেশ দেয় 'আইসিজে'।*

৩৫. রাশিয়া ইউক্রেনে-সামরিক অভিযান শুরু করে—
ⓚ ২৪ ফেব্রুয়ারি ২০২২ ⓛ ২৪ মার্চ ২০২২
ⓜ ২৪ জানুয়ারি ২০২২ ⓝ ২৪ এপ্রিল ২০২২
ব্যাখ্যা *২৪ ফেব্রুয়ারি ২০২২ রাশিয়া ইউক্রেনে 'Special Military Operation' নামে সামরিক অভিযান শুরু করে। আর ৩০ সেপ্টেম্বর ২০২২ ইউক্রেনের ৪টি অঞ্চলকে (খেরসন, জাপোরিঝিয়া, লুহানস্ক ও দোনেৎস্ক) রাশিয়ার সাথে একীভূত করণের চুক্তি স্বাক্ষরিত হয়।*

৩৬. বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)-এর সদস্য সংখ্যা—
ⓚ ১৫৪টি ⓛ ১৭৪টি ⓜ ১৬৪টি ⓝ ১৮৪টি
ব্যাখ্যা *বর্তমানে WTO-এর সদস্য সংখ্যা ১৬৪টি। সর্বশেষ সদস্য আফগানিস্তান (সদস্যপদ লাভ ২৯ জুলাই ২০১৬)। উল্লেখ্য, ১ জানুয়ারি ১৯৯৫ World Trade Organization (WTO) প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।*

৩৭. 'কিয়েভ' কোন দেশের রাজধানী?
ⓚ রুমানিয়া ⓛ পোল্যান্ড ⓜ ইউক্রেন ⓝ স্পেন
ব্যাখ্যা *ইউরোপের রুটির ঝুড়ি খ্যাত দেশ ইউক্রেনের রাজধানী কিয়েভ। আর রোমানিয়া, পোল্যান্ড ও স্পেনের রাজধানী যথাক্রমে বুখারেস্ট, ওয়ারশ ও মাদ্রিদ।*

৩৮. অ্যান্তনিও গুতেরেস জাতিসংঘের কততম মহাসচিব?
ⓚ অষ্টম ⓛ নবম ⓜ দশম ⓝ একাদশ
ব্যাখ্যা *জাতিসংঘের বর্তমান নবম মহাসচিব পর্তুগালের নাগরিক অ্যান্তনিও গুতেরেস (১ জানুয়ারি ২০১৭ – বর্তমান)। উল্লেখ্য, জাতিসংঘের প্রথম মহাসচিব ছিলেন ট্রিগভেলাই।*

৩৯. ইংল্যান্ডের বর্তমান প্রধানমন্ত্রী–
ⓚ বরিস জনসন ⓛ লিজ স্ট্রাস
ⓜ ঋষি সুনাক ⓝ টনি ব্লেয়ার
ব্যাখ্যা *২৫ অক্টোবর ২০২২ তারিখে ব্রিটেনের ঋষি সুনাক কনজারভেটিভ পার্টি হতে যুক্তরাজ্যের ৫৭তম প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।*

৪০. গোবি মরুভূমি কোন মহাদেশে অবস্থিত?
ⓚ আফ্রিকা ⓛ দক্ষিণ আমেরিকা
ⓜ এশিয়া ⓝ ইউরোপ
ব্যাখ্যা *গোবি মরুভূমি এশিয়া মহাদেশের বৃহত্তম মরুভূমি, যা চীন ও মঙ্গোলিয়ার মাঝে অবস্থিত। উল্লেখ্য, পৃথিবীর বৃহত্তম 'সাহারা মরুভূমি' আফ্রিকা মহাদেশে অবস্থিত। এই মরুভূমিকে আফ্রিকার দুঃখ বলা হয়।*

৪১. বাংলাদেশে সর্বপ্রথম ইন্টারনেট সিস্টেম চালু হয় কোন সালে?
ⓚ ১৯৫৫ সালে ⓛ ১৯৯৬ সালে
ⓜ ১৯৯৭ সালে ⓝ ১৯৯৮ সালে
ব্যাখ্যা *৪ জুন ১৯৯৬ বাংলাদেশে সর্বপ্রথম ইন্টারনেট ব্যবস্থা চালু হয়। আর ২১ জুলাই ২০০৯ বাংলাদেশে উচ্চক্ষমতার ইন্টারনেট ব্রডব্যান্ড সেবা (WIMAX) প্রযুক্তি চালু হয়।*

৪২. কচুশাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য তা হলো–
ⓚ লৌহ ⓛ ভিটামিন-সি
ⓜ ক্যালসিয়াম ⓝ ভিটামিন-এ
ব্যাখ্যা *কচুশাকে মূলত লৌহ বা আয়রন বেশি পরিমাণে থাকে, যা শরীরের হিমোগ্লোবিন উৎপাদনে প্রধান ভূমিকা পালন করে।*

৪৩. ক্যান্সার সংক্রান্ত বিদ্যাকে বলে—
ⓚ টিউমারোলজি ⓛ একোলজি
ⓜ অনকোলজি ⓝ সাইটোলজি
ব্যাখ্যা *ক্যান্সারসংক্রান্ত বিদ্যাকে অনকোলজি (Oncology) বলে, যা ক্যান্সার প্রতিরোধ, নির্ণয় এবং চিকিৎসায় প্রয়োগ করা হয়।*

৪৪. জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (UNEP)-এর সদর দপ্তর অবস্থিত—
ⓚ স্টকহোম ⓛ নাইরোবি ⓜ হেগ ⓝ বৈরুত

উত্তর
৩১ খ
৩২ খ
৩৩ ক
৩৪ ক
৩৫ ক
৩৬ গ
৩৭ গ
৩৮ খ
৩৯ গ
৪০ গ
৪১ খ
৪২ ক
৪৩ গ
৪৪ খ

CamScanner

ব্যাখ্যা ১৯৭২ সালে প্রতিষ্ঠিত United Nations Environment Programme (UNEP)-এর সদর দপ্তর কেনিয়ার রাজধানী নাইরোবিতে অবস্থিত। সংস্থাটি জাতিসংঘের পরিবেশবিষয়ক সংস্থা।

৪৫. শর্করা জাতীয় খাদ্য যে কাজে ব্যয় হয়—
ক দেহের বৃদ্ধির জন্য খ ক্ষয়রোধের জন্য
গ পুষ্টির অভাব পূরণে ঘ হাড় গঠনে

ব্যাখ্যা দেহের বৃদ্ধির জন্য শর্করা বা শ্বেতসার জাতীয় খাদ্য প্রয়োজন। শর্করা জাতীয় খাদ্য দেহে কাজ করার শক্তি জোগায়।

৪৬. দৃষ্টিহীনদের জন্য আবিষ্কৃত বাংলায় প্রথম সফ্‌টওয়্যার-এর নাম কী?
ক আইলিপ খ আইসাইট গ আইডট ঘ আইলাইট

ব্যাখ্যা দৃষ্টিহীনদের পড়া বুঝতে বাংলায় প্রথম সফ্‌টওয়্যার 'আইসাইট'।

৪৭. বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেলে কোন মেমোরি থেকে তথ্য চলে যায়?
ক ROM খ Secondary storage
গ RAM ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা RAM (Random Access Memory) হলো Volatile (অস্থায়ী) মেমোরি, যা বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন হলে তথ্য মুছে যায়।

৪৮. বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) করোনা ভাইরাসের দাপ্তরিক নাম দিয়েছে–
ক করোনা-১ খ কোভিড-১৯
গ করোনা ভাইরাস ঘ SARS-COV-1

[Note : ১১ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) করোনাভাইরাস থেকে সৃষ্ট রোগের COVID-19 নামকরণ করে। মার্স-করোনাভাইরাস গোত্রের সদস্য প্রজাতির অনুষঙ্গিদ নাম Severe Acute Respiratory Syndrome Coronavirus 2 (SARS-COV-2) (COVID-19 এক ধরনের RNA ভাইরাস জাতীয় সংক্রমক ব্যাধি)]

৪৯. কোন হরমোনের অভাবে গলগণ্ড রোগের সৃষ্টি হয়?
ক থাইরক্সিন খ ইনসুলিন গ গ্লুকাগন ঘ করটিসোল

ব্যাখ্যা থাইরয়েড গ্রন্থি থেকে উৎপন্ন থাইরক্সিন হরমোন-এর অভাবে গলগণ্ড রোগ হয়।

৫০. GIS-এর পূর্ণরূপ কোনটি?
ক Geographic Information System
খ Geological Information System
গ Geographic Integrated System
ঘ Geological Integrated System

২৯. The expression 'take into account' means—
ⓚ Count numbers ⓛ Consider
ⓜ Think seriously ⓝ Assess
ব্যাখ্যা Take into account phrase-টির অর্থ আমলে নেওয়া বা বিবেচনা করা। সে অর্থে consider-ই সঠিক উত্তর।

৩০. You are — Maradona, I see. The appropriate article will be used in the blank is—
ⓚ an ⓛ the
ⓜ a ⓝ none of the above
ব্যাখ্যা কাউকে কোনো ব্যক্তির নামে সম্বোধন করলে ঐ নামের পূর্বে হয়।

৩১. If I had a pen, I (write) a letter. Here the right form of verb is—
ⓚ writing ⓛ would write ⓜ will write ⓝ had written
ব্যাখ্যা If-যুক্ত clause-টি past indefinite tense হলে পরের clause-টি past modal (would + v_1) হয়।

৩২. What is the full name of great American short story writer O' Henry?
ⓚ Alexander Pope ⓛ William Sydney Porter
ⓜ Mark Twain ⓝ William Blake
ব্যাখ্যা বিখ্যাত আমেরিকান short story writer William Sydney Porter-এর pen name হলো- O'Henry।

৩৩. Which on of the following is correct?
ⓚ 'Ode to Autumn' is an essay by John Keats.
ⓛ 'Waste Land' is a poem by T. S. Eliot.
ⓜ 'Of Reading' is a drama by Bertrand Russell.
ⓝ 'Animal Farm' is an epic by George Orwell.
ব্যাখ্যা The 'Waste Land কবিতার লেখক T.S. Eliot. এই কবিতার জন্য তিনি ১৯৪৮ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

উত্তর
১৭ খ
১৮ ঘ
১৯ খ
২০ ঘ
২১ ক
২২ ঘ
২৩ ক
২৪ ক
২৫ ক
২৬ খ
২৭ খ
২৮ খ
২৯ খ
৩০ গ
৩১ খ
৩২ খ
৩৩ খ

৩৪. Synonym of the word 'Consolidate' is—
ⓚ contrive ⓛ conspire
ⓜ strengthen ⓝ think of
ব্যাখ্যা Consolidate অর্থ দৃঢ় করা। এটির synonym হিসেবে strengthen (শক্তিশালী করা) বসতে পারে।

৩৫. Who is a Victorian Poet?
ⓚ W. B. Yeats ⓛ P. B. Shelley
ⓜ T. S. Eliot ⓝ Alfred Tennyson
ব্যাখ্যা Alfred Tennyson একজন Victorian poet। এ যুগের আরও দু'জন বিখ্যাত সাহিত্যিক হলেন Robert Browning, Charles Dickens। Victorian period-এর সময়কাল ১৮৩২ – ১৯০১।

৩৬. Which two cities are dealt in 'A Tale of Two Cities'?
ⓚ London and New York ⓛ Paris and Birmingham
ⓜ London and Paris ⓝ Moscow and Lisbon
ব্যাখ্যা Charles Dickens কর্তৃক রচিত উপন্যাস 'A Tale of Two Cities'-এ লন্ডন ও প্যারিস নামক দুটি শহরের উল্লেখ রয়েছে।

৩৭. We made them go there. বাক্যটির সঠিক বঙ্গানুবাদ কোনটি?
ⓚ আমরা তাদেরকে যেতে বাধ্য করলাম
ⓛ আমরা তাদেরকে যেতে প্রস্তুত করলাম
ⓜ আমরা তাদেরকে যেতে বললাম
ⓝ উপরের কোনোটিই নয়
ব্যাখ্যা কাউকে কোনো কিছু করতে বাধ্য করা বোঝাতে make somebody do something বসে। তাই সঠিক উত্তর (ক)।

৩৮. I know their residence. (Make it complex)
ⓚ I know where they reside.
ⓛ I know where did they reside.
ⓜ I know where are they residing.
ⓝ None of the above.
ব্যাখ্যা স্থান বোঝাতে Relative pronoun হিসেবে where বসে। Relative pronoun-এর পরে subject + verb + extension বসে।

৩৯. It is a email address. In this sentence 'email' is—
ⓚ Adjective ⓛ Adverb
ⓜ Verb ⓝ none of the above
ব্যাখ্যা Noun-এর পূর্বে বসে email শব্দটি adjective-এ পরিণত হয়েছে।

৪০. The man addicted to—
ⓚ smoking ⓛ smoke
ⓜ smoked ⓝ none of the above
ব্যাখ্যা Addicted to-এর পরে noun বসবে। অপশনগুলোর মধ্যে smoking (verb + ing) noun।

৪১. দুই অংকবিশিষ্ট একটি সংখ্যার অংকদ্বয়ের সমষ্টি ১২। অংকদ্বয় স্থান পরিবর্তন করলে সংখ্যাটির মান ৫৪ বৃদ্ধি পায়। সংখ্যাটি কত?
ⓚ ৩৯ ⓛ ৪৮ ⓜ ৫৭ ⓝ ৭৫
ব্যাখ্যা ধরি, একক স্থানীয় অংক x
দশক " " y
$\therefore$ সংখ্যাটি $= 10y + x$
এবং $x + y = 12$
$\therefore y = 12 - x$
প্রশ্নমতে,
$10x + y - 10y - x = 54$
$\Rightarrow 9x - 9y = 54$
$\Rightarrow x - y = \frac{54}{9}$
$\Rightarrow x - y = 6$
$\Rightarrow x = y + 6$
$\Rightarrow x = 12 - x + 6$ এবং
$\Rightarrow 2x = 18$ $y = 12 - x$
$\therefore x = 9$ $\Rightarrow y = 12 - 9$
$\therefore y = 3$
$\therefore$ সংখ্যাটি $= 10 \times 3 + 9 = 39$

৪২. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ২৭ হলে সংখ্যা দুটি কত?
ⓚ ১১ ও ১২ ⓛ ১২ ও ১৩ ⓜ ১৩ ও ১৪ ⓝ ১৪ ও ১৫
ব্যাখ্যা ধরি, ছোট সংখ্যাটি x
প্রশ্নমতে,
$(x+1)^2 - x^2 = 27$
$\Rightarrow x^2 + 2x + 1 - x^2 = 27$
$\Rightarrow 2x = 27 - 1$
$\Rightarrow x = \frac{26}{2} = 13$
$\therefore$ অপর সংখ্যাটি $= x + 1$
$= 13 + 1 = 14$

৪৩. $\frac{1}{6!} + \frac{1}{7!} = \frac{x}{8!}$ হলে, x-এর মান কত?
ⓚ 64 ⓛ 56 ⓜ 48 ⓝ 42
ব্যাখ্যা $\frac{1}{6!} + \frac{1}{7!} = \frac{x}{8!}$
$\Rightarrow \frac{1}{6!} + \frac{1}{7 \times 6!} = \frac{x}{8 \times 7 \times 6!}$
$\Rightarrow 1 + \frac{1}{7} = \frac{x}{56}$
$\Rightarrow x = 56 \times \left(\frac{8}{7}\right)$
$\therefore x = 64$

৪৪. P এর মান কত হলে $64 + 4x^2 - px$ একটি পূর্ণবর্গ হবে?
ⓚ 36 ⓛ 40 ⓜ 24 ⓝ 32
ব্যাখ্যা পূর্ণবর্গ হবে যদি $b^2 - 4ac = 0$ হয়
$\therefore (-p)^2 - 4 \times 4 \times 64 = 0$
$\Rightarrow p^2 = 4 \times 4 \times 8 \times 8$
$\Rightarrow p = 4 \times 8$
$\therefore p = 32$

৪৫. $\frac{3}{5}, \frac{5}{7}, \frac{8}{7}$ ও $\frac{1}{8}$-এর ল.সা.গু. কত?
ⓚ $\frac{3}{7}$ ⓛ ৬০ ⓜ $\frac{60}{7}$ ⓝ $\frac{6}{7}$

উত্তর
৩৪ গ
৩৫ ঘ
৩৬ গ
৩৭ ক
৩৮ ক
৩৯ ক
৪০ ক
৪১ ক
৪২ গ
৪৩ ক
৪৪ ঘ
৪৫ খ

CamScanner

ব্যাখ্যা লবগুলোর (৩, ৫, ৪, ১) গ.সা.গু. = ৬০
হরগুলোর গ.সা.গু. = ১
∴ ভগ্নাংশগুলোর ল.সা.গু. = $\frac{৬০}{১}$ = ৬০

৪৬. কোন সংখ্যার ৩৭% হতে ৩৭ বিয়োগ করলে বিয়োগফল ৩৭ হবে?
ক ৩৭ খ ৩৭০ গ ১০০ ঘ ২০০


ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, x এর ৩৭% − ৩৭ = ৩৭
$\Rightarrow \frac{৩৭x}{১০০} = ৩৭ + ৩৭$
$\Rightarrow x = \frac{৭৪ \times ১০০}{৩৭} = ২০০$

৪৭. ভাজক ভাগফলের ১০ গুণ, ভাজক ০.৫ হলে, ভাজ্য কত?
ক ২.৫ খ ০.২৫ গ ০.০২৫ ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা ধরি, ভাগফল = x
ভাজক = ১০x
∴ ১০x = ০.৫
$\Rightarrow x = \frac{০.৫}{১০}$
∴ x = ০.০৫
∴ ভাজ্য = ০.০৫ × ০.৫
= ০.০২৫

৪৮. ১৬ সে.মি. ব্যাসবিশিষ্ট বৃত্তের অন্তর্লিখিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত?
ক ৯৬ ব. সে.মি. খ ১২৮ ব. সে.মি.
গ ১৪৪ ব. সে.মি. ঘ ১৯৬ ব. সে.মি.

ব্যাখ্যা বর্গের কর্ণ = বৃত্তের ব্যাস
$\Rightarrow \sqrt{২}a = ১৬$
$\Rightarrow a = \frac{১৬}{\sqrt{২}}$
$\Rightarrow a^২ = ১২৮$ [বর্গ করে]



৪৯. একটি সুষম পেন্টাগনের অন্তঃস্থ কোণগুলোর সমষ্টি কত?
ক ৫৪০ খ ৪৫০ গ ৭২০ ঘ ৬৪০

ব্যাখ্যা অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টি (২n − ৪) × ৯০°
∴ পেন্টাগন বা পঞ্চভুজের অন্তঃস্থ কোণের সমষ্টি
= (২ × ৫ − ৪) × ৯০°
= ৬ × ৯০° = ৫৪০°

৫০. কোন দেশের স্থূল জন্মহার ২৫ এবং স্থূল মৃত্যুহার ১০ হলে, জনসংখ্যা বৃদ্ধির শতকরা হার কত?
ক ১.৫% খ ০.১৫% গ ০.৭৫% ঘ ৭.৫%

ব্যাখ্যা জনসংখ্যা বৃদ্ধি = (২৫ − ১০) জন = ১৫ জন।
∴ ১০০০ জনে বৃদ্ধি পায় ১৫ জন
∴ ১ " " " $\frac{১৫}{১০০০}$ "
∴ ১০০ " " " $\frac{১৫ \times ১০০}{১০০০}$ "
= ১.৫ জন বা ১.৫%

৫১. a, b, c, d ক্রমিক পূর্ণসংখ্যা হলে নিচের কোনটি পূর্ণবর্গ সংখ্যা?
ক abcd খ abcd + 1 গ abcd − 1 ঘ none

ব্যাখ্যা a = 1
b = 2
c = 3
d = 4
∴ abcd + 1
= 24 + 1
= 25, যা একটি পূর্ণবর্গ সংখ্যা

তাহলে,
abcd = 1 × 2 × 3 × 4
= 24

৫২. $(\sqrt{২})^৪ \times (\sqrt[৩]{২})^৯$ = কত?
ক 34 খ 128 গ 156 ঘ 256

ব্যাখ্যা $(\sqrt{২})^৪ \times (\sqrt[৩]{২})^৯$
$\Rightarrow \{(\sqrt{২})^২\}^৪ \times (২^{\frac{১}{৩}})^৯$
$\Rightarrow ২^৪ \times ২^৩$
$\Rightarrow ১৬ \times ৮$
$\Rightarrow ১২৮$

৫৩. 90° − X° কোণের সম্পূরক কোণের মান কত?
ক X° খ 90° + X° গ X° − 90° ঘ 90° − X°

ব্যাখ্যা সম্পূরক কোণ = 180° − (90° − X)
= 180° − 90° + X°
= 90° + X°

৫৪. ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত হলে লাভের পরিমাণ ২০% হবে?
ক ৫ : ৬ খ ৪ : ৫ গ ৫ : ৭ ঘ ৩ : ৪


ব্যাখ্যা লাভ ২০% হলে, ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য (১০০ + ২০) টাকা বা ১২০ টাকা।
∴ ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = ১০০ : ১২০ = ৫ : ৬

৫৫. 3A = 2B; 3B = 5C এবং 4C = 5D হলে, A : B : C : D = কত?
ক 50 : 75 : 36 : 45 খ 36 : 75 : 50 : 40
গ 50 : 75 : 45 : 36 ঘ 18 : 12 : 20 : 25

ব্যাখ্যা দেওয়া আছে, 4C = 5D
$\therefore C = \frac{5}{4}D$
$3B = 5C \therefore B = \frac{5}{3}C = \frac{5}{3} \times \frac{5}{4}D = \frac{25}{12}D$
$3A = 2B \therefore A = \frac{2}{3}B = \frac{2}{3} \times \frac{25}{12}D = \frac{50}{36}D$
$\therefore A : B : C : D = \frac{50}{36}D : \frac{25}{12}D : \frac{5}{4}D : D$
= 50 : 75 : 45 : 36

৫৬. একটি সমবাহু ত্রিভুজের প্রতি বাহু ১২ সে.মি. হলে তার তিনটি কৌণিক বিন্দু দিয়ে অঙ্কিত বৃত্তের অর্ধবৃত্তস্থ কোণের মান কত?
ক ৩০° খ ৬০°
গ ৯০° ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা অর্ধবৃত্তস্থ কোণ ৯০°।



৫৭. একটি বৃত্তের পরিধি ১৫৪ সে. মি. হলে, এর বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য কত?
ক ৪২ সে. মি. খ ৪৯ সে. মি.
গ ৫৬. সে. মি. ঘ ৬৩ সে. মি.

ব্যাখ্যা পরিধি 2πr = ১৫৪
$2r = \frac{১৫৪}{\pi} = ৪৯.০১ = ৪৯$

৫৮. একটি ঘনকের এক বাহুর দৈর্ঘ্য ৪ মিটার হলে ঘনকটির সমগ্রতলের ক্ষেত্রফল কত?
ক ৭২ ব.মি. খ ৯৬ ব.মি. গ ১২৮ ব.মি. ঘ ১৪৪ ব.মি.

ব্যাখ্যা ঘনকের এক বাহু a হলে,
সমগ্রতলের ক্ষেত্রফল = $৬a^২$
∴ ঘনকটির সমগ্রতলের ক্ষেত্রফল = ৬ × $(৪)^২$ ব.মি.
= ৯৬ "

৫৯. ৯টি সংখ্যার যোগফল ৫৩০। প্রথম ৫টির গড় ৫৬ এবং শেষের ৫টির গড় ৬২ হলে, পঞ্চম সংখ্যাটি কত?
ক ৫০ খ ৫৫ গ ৬০ ঘ ৬৫

ব্যাখ্যা প্রথম ৫টি সংখ্যার সমষ্টি = ৫ × ৫৬ = ২৮০
∴ শেষ ৫টি " " = ৫ × ৬২ = ৩১০
∴ পঞ্চম সংখ্যাটি = (২৮০ + ৩১০) − ৫৩০
= ৫৯০ − ৫৩০ = ৬০

৬০. $৪^{x-২} = 512$ হলে, x এর মান কত?
ক 6 খ 5 গ 7 ঘ 8

ব্যাখ্যা $৪^{x-২} = 512$
$\Rightarrow ৪^{x-২} = ৪^৩$
$\Rightarrow x - ২ = ৩$
$\therefore x = ৫$

৬১. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?
ক ৬ কিমি খ ৬.১৫ কিমি গ ৭.১৫ কিমি ঘ ৮.১৫ কিমি

ব্যাখ্যা মুন্সিগঞ্জের মাওয়া ও শরীয়তপুরের জাজিরার মধ্যে সংযোগ স্থাপনকারী পদ্মা সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কিমি এবং প্রস্থ ১৮.১০ মিটার। পদ্মা সেতু উদ্বোধন করা হয় ২৫ জুন ২০২২ এবং যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয় ২৬ জুন ২০২২।

৬২. বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনার সময়সীমা কত?
ক ২০২১-২০৩০ খ ২০২৪-২০৩২
গ ২০২২-২০৫০ ঘ ২০২১-২০৪১

ব্যাখ্যা রূপকল্প ২০৪১ বাংলাদেশ সরকারের নেওয়া দেশের আর্থ-সামাজিক অবস্থানকে আরও দৃঢ় করে গড়ে তোলার একটি প্রেক্ষিত পরিকল্পনা। এর সময়কাল ২০২১ থেকে ২০৪১ সাল পর্যন্ত। এ পরিকল্পনা অনুযায়ী ২০৪১ সালে বাংলাদেশ একটি উন্নত দেশে পরিণত হবে।

৬৩. মুজিববর্ষের সময়কাল কত?
ক ১৭ মার্চ, ২০২০-২৬ মার্চ, ২০২১
খ ১৭ মার্চ, ২০২০-১৬ ডিসেম্বর, ২০২১
গ ১৭ মার্চ, ২০২০-২৬ মার্চ, ২০২২
ঘ ১৭ মার্চ, ২০২০-৩১ মার্চ, ২০২২

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ঘোষিত মুজিববর্ষের সময়কাল ১৭ মার্চ ২০২০-৩১ মার্চ ২০২২। মুজিববর্ষ পালনের জন্য ক্ষণগণনা শুরু হয় ১০ জানুয়ারি ২০২০।

৬৪. সাধারণ করমুক্ত আয়সীমা কত?
ক ২ লাখ ৫০ হাজার খ ৩ লাখ
গ ৩.৫০ লাখ ঘ ৪ লাখ

ব্যাখ্যা বাংলাদেশে সাধারণ করমুক্ত আয়সীমা ৩ লক্ষ টাকা। নারী ও ৬৫ বছর বা তদূর্ধ্ব ব্যক্তির করমুক্ত আয়সীমা ৩.৫০ লক্ষ টাকা এবং তৃতীয় লিঙ্গের প্রতিবন্ধী ব্যক্তির করমুক্ত আয়সীমা ৪.৫০ লক্ষ টাকা; গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধার করমুক্ত আয়সীমা ৪.৭৫ লক্ষ টাকা।

৬৫. বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের নাম কী?
ক চিরঞ্জীব মুজিব খ জাগ্রত মুজিব
গ মুজিব আমার পিতা ঘ টুঙ্গিপাড়ার খোকা

ব্যাখ্যা বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' নিয়ে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র 'চিরঞ্জীব মুজিব'; ছবিটির পরিচালক নজরুল ইসলাম। এতে বঙ্গবন্ধুর চরিত্রে অভিনয় করেছেন আহমেদ রুবেল।

৬৬. পোশাক রপ্তানিতে শীর্ষ দেশ কোনটি?
ক চীন খ বাংলাদেশ গ ভিয়েতনাম ঘ শ্রীলংকা

ব্যাখ্যা বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) প্রকাশিত বিশ্ব বাণিজ্য পরিসংখ্যান পর্যালোচনা ২০২২ অনুযায়ী তৈরি পোশাক রপ্তানিতে শীর্ষ দেশ চীন। এক্ষেত্রে বাংলাদেশের অবস্থান ২য় এবং ভিয়েতনামের অবস্থান ৩য়।

৬৭. অষ্টম টি-২০ বিশ্বকাপ ২০২২-এ চ্যাম্পিয়ন কোন দেশ?
ক নিউজিল্যান্ড খ ইংল্যান্ড
গ ওয়েস্ট ইন্ডিজ ঘ ভারত

ব্যাখ্যা ২০২২ সালে অষ্টম T-20 বিশ্বকাপ ক্রিকেট অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত হয়। এ আসরের ফাইনালে ইংল্যান্ড পাকিস্তানকে হারিয়ে ২য় বারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। প্রতিযোগিতায় সেরা খেলোয়াড় নির্বাচিত হন স্যাম কারন (ইংল্যান্ড)।

৬৮. দেশের প্রথম মেট্রোরেল উদ্বোধন করা হয় কবে?
ক ২৬ ডিসেম্বর, ২০২২ খ ২৫ ডিসেম্বর, ২০২২
গ ২৮ ডিসেম্বর, ২০২২ ঘ ২৯ ডিসেম্বর, ২০২২

ব্যাখ্যা বাংলাদেশের প্রথম মেট্রোরেল MRT line-6 এর দৈর্ঘ্য ২১.২৬ কিমি। এর নির্মাণ কাজ শুরু করা হয় ২৬ জুন ২০১৬ এবং উদ্বোধন করা হয় ২৮ ডিসেম্বর ২০২২। সাধারণ যাত্রীদের জন্য এটি উন্মুক্ত করা হয় ২৯ ডিসেম্বর ২০২২।

উত্তর

৪৬	ঘ
৪৭	গ
৪৮	খ
৪৯	ক
৫০	ক
৫১	খ
৫২	খ
৫৩	খ
৫৪	ক
৫৫	গ
৫৬	গ
৫৭	খ
৫৮	খ
৫৯	গ
৬০	খ
৬১	খ
৬২	ঘ
৬৩	ঘ
৬৪	খ
৬৫	ক
৬৬	ক
৬৭	খ
৬৮	গ

CamScanner

৬৯. কত সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা হবে?
ⓚ ২০৩০ ⓛ ২০৪১ ⓜ ২০২৫ ⓝ ২০৫০

ব্যাখ্যা উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বর্তমান সরকার কাজ শুরু করেছে। এ লক্ষ্যে ৪টি স্তম্ভের (স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট সোসাইটি এবং স্মার্ট গভর্নমেন্ট) আলোকে রোড ম্যাপ তৈরি করা হয়েছে।

৭০. ২১ ডিসেম্বর, ২০২২ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের কতটি সড়ক উদ্বোধন করেন?
ⓚ ৫০টি ⓛ ২৫টি ⓜ ১০০টি ⓝ ১০টি

ব্যাখ্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২১ ডিসেম্বর ২০২২ দেশের ১০০টি সড়ক-মহাসড়ক উদ্বোধন করেন। ৫০টি জেলায় অবস্থিত এসব সড়কের দৈর্ঘ্য ২০২১ কিমি।

৭১. সাভার, ঢাকায় অবস্থিত যুবকেন্দ্রের নাম কী?
ⓚ শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ⓛ যুবকেন্দ্র
ⓜ জাতীয় যুবকেন্দ্র ⓝ NIIT

ব্যাখ্যা শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন কেন্দ্র ১৯৯৮ সালে প্রতিষ্ঠিত হয়। এর অবস্থান সাভারের আশুলিয়ায়। ২০১৮ সালে এটির নাম পরিবর্তন করে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট করা হয়।

৭২. কাতার বিশ্বকাপ-২০২২ এ সেরা উদীয়মান খেলোয়াড় কে?
ⓚ কানাডিঙ্গা ⓛ অ্যান্টনি
ⓜ এনজো ফার্নান্দেজ ⓝ ফোডেন

ব্যাখ্যা ২২তম ফিফা বিশ্বকাপ ফুটবল কাতারে অনুষ্ঠিত হয়। এ বিশ্বকাপে সেরা খেলোয়াড় নির্বাচিত হন আর্জেন্টিনার লিওনেল মেসি (গোল্ডেন বল), সর্বোচ্চ গোলদাতা ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পে (গোল্ডেন বুট)। এছাড়া সেরা গোলরক্ষকের পুরস্কার (গোল্ডেন গ্লাভস) লাভ করেন আর্জেন্টিনার এমিলিয়ানো মার্টিনেজ এবং সেরা উদীয়মান খেলোয়াড় নির্বাচিত হন আর্জেন্টিনার এনজো ফার্নান্দেজ।

৭৩. বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কোন মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট?
ⓚ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ⓛ জনপ্রশাসন মন্ত্রণালয়
ⓜ সংস্কৃতি মন্ত্রণালয় ⓝ ধর্ম মন্ত্রণালয়

ব্যাখ্যা বাংলাদেশ সরকারি কর্ম কমিশন একটি সাংবিধানিক সংস্থা। বাংলাদেশ সংবিধানের ১৩৭নং অনুচ্ছেদের আলোকে এই কমিশন গঠিত হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট এ কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের রাষ্ট্রপতি নিয়োগ প্রদান করেন।

৭৪. বাঙালির মুক্তির সনদ 'ছয় দফা' কোন তারিখে আনুষ্ঠানিকভাবে ঘোষিত হয়?
ⓚ ২৩ ফেব্রুয়ারি ১৯৬৬ ⓛ ২৩ জুন ১৯৬৬
ⓜ ২৩ মার্চ ১৯৬৬ ⓝ ২৩ জানুয়ারি ১৯৬৬

ব্যাখ্যা অর্থনৈতিক বৈষম্য থেকে মুক্তির জন্য বঙ্গবন্ধু ১৯৬৬ সালে ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে ঐতিহাসিক ৬ দফা কর্মসূচি উত্থাপন করেন। এ সনদ আনুষ্ঠানিকভাবে ঘোষিত হয় ২৩ মার্চ ১৯৬৬। এ কর্মসূচিকে বাংলার জনগণ ম্যাগনাকার্টা হিসেবে গ্রহণ করে।

৭৫. সোমপুর মহাবিহার কোন জেলায় অবস্থিত?
ⓚ বগুড়া ⓛ নওগাঁ ⓜ জয়পুরহাট ⓝ কুমিল্লা

ব্যাখ্যা নওগাঁ জেলায় অবস্থিত সোমপুর বিহার বা পাহাড়পুর বৌদ্ধবিহার নির্মিত হয় অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকে। এটির নির্মাতা হলেন পাল বংশের শ্রেষ্ঠ রাজা ধর্মপাল। ১৯৮৫ সালে ইউনেস্কো এই বিহারটিকে বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষণা করে।

৭৬. বাংলাদেশের সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি কয়টি?
ⓚ ৪টি ⓛ ২টি ⓜ ৫টি ⓝ ১টি

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৮নং অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্র পরিচালনার মূলনীতি ৪টি। যথা : ক. জাতীয়তাবাদ, খ. সমাজতন্ত্র এবং শোষণমুক্তি, গ. গণতন্ত্র ও মানবাধিকার এবং ঘ. ধর্মনিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা।

৭৭. মুজিবনগর সরকার কত তারিখে শপথ গ্রহণ করে?
ⓚ ১০ এপ্রিল ১৯৭১ ⓛ ১৭ এপ্রিল ১৯৭১
ⓜ ২৭ মার্চ ১৯৭১ ⓝ ১ ডিসেম্বর ১৯৭১

ব্যাখ্যা ১৯৭১ সালের ১০ এপ্রিল সর্বসম্মতিক্রমে বাংলাদেশের অস্থায়ী সরকার বা প্রথম সরকার বা মুজিবনগর সরকার গঠিত হয়। ১৭ এপ্রিল ১৯৭১ এ সরকার কুষ্টিয়ার মেহেরপুরের বৈদ্যনাথতলার আমবাগানে আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করে। এ সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং প্রধানমন্ত্রী ছিলেন তাজউদ্দীন আহমদ।

৭৮. বাংলাদেশের জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের সংখ্যা কত?
ⓚ ৩০ ⓛ ৪৫ ⓜ ১০০ ⓝ ৫০

ব্যাখ্যা বাংলাদেশ জাতীয় সংসদের আসন মোট ৩৫০টি। এর মধ্যে জনগণের সরাসরি ভোটে নির্বাচিত আসন ৩০০টি এবং নারীদের জন্য সংরক্ষিত ৫০টি আসন।

৭৯. কোনটি পারমাণবিক অস্ত্রধারী দেশ নয়?
ⓚ যুক্তরাষ্ট্র ⓛ চীন ⓜ রাশিয়া ⓝ জার্মানি


ব্যাখ্যা বিশ্বে স্বীকৃত পারমাণবিক বোমার অধিকারী দেশ ৮টি। যথা : যুক্তরাষ্ট্র, রাশিয়া, যুক্তরাজ্য, ফ্রান্স, চীন, ভারত, পাকিস্তান ও উত্তর কোরিয়া।

৮০. কাতার বিশ্বকাপ-২০২২ ফাইনালে লিওনেল মেসিকে কী পরিয়ে দেওয়া হয়?
ⓚ স্যুট ⓛ পাঞ্জাবি ⓜ নিশত ⓝ বিশত

ব্যাখ্যা 'বিশ্ত' আরব অঞ্চলে মর্যাদার প্রতীক হিসেবে বিবেচিত। এর অর্থ অভিজাত বা মর্যাদা। সমাজের উচ্চ মর্যাদাবান ব্যক্তিরা ছাড়াও ঈদ, বিয়ে, ধর্মীয় অনুষ্ঠানসহ যে-কোনো বিশেষ উপলক্ষ্যে আরব অঞ্চলের পুরুষরা এ পোশাকটি পরে থাকেন। ২০২২ এর বিশ্বকাপ ফুটবল জয়ের পর কাতারের আমির লিওনেল মেসিকে একটি বিশ্ত পরিয়ে দিয়েছিলেন।

উত্তর

৬৯	খ
৭০	গ
৭১	ক
৭২	গ
৭৩	খ
৭৪	গ
৭৫	খ
৭৬	ক
৭৭	খ
৭৮	ঘ
৭৯	ঘ
৮০	ঘ



Notes

Recent JOB

MCQ

৪৪তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২২

পরীক্ষার তারিখ : ২৭.০৫.২০২২; সময় : ২ ঘণ্টা; পূর্ণমান : ২০০; সেট নম্বর : ০১; কোড : হেমন্ত

[মোট প্রশ্ন ২০০ (দুইশত)টি। প্রতিটি প্রশ্নের ৪(চার)টি উত্তরের মধ্যে ১ (এক)টি সঠিক উত্তর রয়েছে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য প্রার্থী ১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।]

উত্তরপত্রের প্রথম অংশে রেজিস্ট্রেশন নম্বর যথাযথভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত ভরাটে না করলে অথবা বৃত্ত ভরাটের ক্ষেত্রে কাটাকাটি করলে উত্তরপত্র বাতিল হবে।

০১. শুদ্ধ বানান কোনটি?

ক মুমূর্ষু খ মুমূর্ষু
গ মুমূর্ষু ঘ মুমূর্ষু

ব্যাখ্যা সংস্কৃত শব্দ 'মুমূর্ষু' অর্থ – মৃত্যুকাল আসন্ন এমন, মরণাপন্ন, মৃতপ্রায়। এরূপ আরও কয়েকটি শুদ্ধ বানান মাতৃষ্বসা, কনীনিকা, তিতিক্ষা, দধীচি, ভাগীরথী, সমীচীন, নিমীলিত, কিরীট প্রভৃতি।

০২. 'ইতরবিশেষ' বলতে বোঝায়—

ক দুর্বৃত্ত খ চালাকি গ পার্থক্য ঘ অপদার্থ

ব্যাখ্যা 'ইতরবিশেষ' বাগধারার অর্থ পার্থক্য বা ভিন্নতা। অন্যদিকে 'গভীর জলের মাছ' চালাকি অর্থে; 'অকাল কুষ্মাণ্ড', 'আমড়া কাঠের ঢেঁকি'/'ঘটিরাম' বাগধারার অর্থ অপদার্থ।

০৩. নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির দৃষ্টান্ত কোনটি?

ক গো + অক্ষ = গবাক্ষ খ পৌ + অক = পাবক
গ বি + অঙ্গ = বঙ্গ ঘ যতি + ইন্দ্র = যতীন্দ্র

ব্যাখ্যা ব্যাকরণের সাধারণ বা বিশেষ কোনো নিয়মানুসারে যখন কোনো সন্ধি ব্যাখ্যা করা যায় না, অথচ তা সংঘটিত হয়, তখন সেই ব্যতিক্রমকে বৈধতা দেওয়ার নাম হলো নিপাতনে সিদ্ধ সন্ধি। যেমন– অন্য + অন্য = অন্যান্য, কুল + অটা = কুলটা, আ + চর্য = আশ্চর্য, প্র + উঢ় = প্রৌঢ়।

০৪. নিচের কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?

ক আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই।
খ আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
গ তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।
ঘ সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম

ব্যাখ্যা 'তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল' বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ। অন্যদিকে আপনি স্বপরিবারে আমন্ত্রিত, আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই এবং সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম বাক্য তিনটির শুদ্ধ রূপ যথাক্রমে আপনি সপরিবারে আমন্ত্রিত, আমি কারও সাতেও নেই, পাঁচেও নেই এবং সারা জীবন ভূতের বেগার খেটে মরলাম।

০৫. নিচের কোনটি যৌগিক বাক্য?

ক দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না।
খ তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন।
গ মহৎ মানুষ বলে সবাই তাঁকে সম্মান করেন।
ঘ ছেলেটি চঞ্চল তবে মেধাবী।

ব্যাখ্যা দুই বা ততোধিক বাক্য যখন ও, এবং, আর, কিন্তু, তবে, তথাপি ইত্যাদি অব্যয়ের সাহায্যে যুক্ত থাকে, তখন তাকে যৌগিক বাক্য বলে। উল্লেখ্য, যৌগিক বাক্যে দুটি স্বাধীন বাক্য থাকে। সুতরাং 'ছেলেটি চঞ্চল তবে মেধাবী' বাক্যটি একটি যৌগিক বাক্য।

০৬. ধ্বনি-পরিবর্তনের নিয়মে কোনটি বর্ণ-বিপর্যয়-এর দৃষ্টান্ত?

ক রতন খ কবাট
গ পিচাশ ঘ মুলুক

ব্যাখ্যা শব্দের মধ্যবর্তী দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে বর্ণ বা ধ্বনি বিপর্যয় বলে। যেমন – পিশাচ > পিচাশ, লাফ > ফাল, রিক্সা > রিসকা। অন্যদিকে রত্ন > রতন এবং মুলক্ > মুলুক মধ্য স্বরাগম বা স্বরভক্তি বা বিপ্রকর্ষ এবং কবাট > কপাট ব্যঞ্জনবিকৃতির উদাহরণ।

উত্তর

০১	গ
০২	গ
০৩	ক
০৪	গ
০৫	ঘ
০৬	গ

CamScanner

০৭. নিচের কোনটি 'অগ্নি'র সমার্থক শব্দ নয়?
ক বহ্নি খ আবীর গ বায়ুসখা ঘ বৈশ্বানর

ব্যাখ্যা 'অগ্নি' শব্দের সমার্থক শব্দ– বহ্নি, বায়ুসখা, বৈশ্বানর, পাবক, অনল, সর্বশুচি, হুতাশন, সর্বভুক ইত্যাদি। অন্যদিকে 'আবীর' শব্দের অর্থ সুগন্ধি, রঞ্জক দ্রব্য, অভ্রের গুঁড়ো মেশানো রং।

০৮. 'দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা।'— এই উক্তিটি নিচের কোন পারিভাষিক অলঙ্কার দ্বারা শোভিত?
ক অপহ্নুতি খ যমক
গ অর্থোন্নতি ঘ অভিযোজন

ব্যাখ্যা যদি উপমেয়কে অস্বীকার করে উপমানকে প্রতিষ্ঠিত করা হয় তবে তাকে অপহ্নুতি অলঙ্কার বলে। সুতরাং ব্যক্যটি অপহ্নুতি। অন্যদিকে একই শব্দ একই স্বরধ্বনিতে একই ক্রমানুসারে ভিন্ন অর্থে একাধিক বার ব্যবহৃত হলে তাকে যমক অলঙ্কার বলে। যেমন– 'ভারত ভারত খ্যাত আপনার গুণে'।

০৯. 'যথারীতি' কোন সমাসের দৃষ্টান্ত?
ক অব্যয়ীভাব খ দ্বিগু গ বহুব্রীহি ঘ দ্বন্দ্ব

ব্যাখ্যা পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন– রীতিকে অতিক্রম না করে = যথারীতি, বেলাকে অতিক্রান্ত = উদ্বেল, জীবন পর্যন্ত = আজীবন।

১০. 'মৃত্তিকা দিয়ে তৈরি'– কথাটি সংকোচন করলে হবে—
ক তন্ময় খ মন্ময় গ মৃন্ময় ঘ চিন্ময়

ব্যাখ্যা মৃত্তিকা দিয়ে তৈরি – মৃন্ময়। 'চিন্ময়' শব্দে-র অর্থ চৈতন্যময়, জ্ঞানময়। 'মন্ময়' শব্দের অর্থ আত্মবাদী, আত্মপ্রকাশক।

১১. 'অর্ধচন্দ্র' কথাটির অর্থ—
ক অমাবস্যা খ গলাধাক্কা দেওয়া
গ কাছে টানা ঘ কাস্তে

ব্যাখ্যা 'অর্ধচন্দ্র' কথাটির অর্থ গলাধাক্কা দেওয়া। অন্যদিকে অমাবস্যার চাঁদ – দুর্লভ বস্তু।

১২. 'হরতাল' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক পর্তুগিজ খ হিন্দি গ গুজরাটি ঘ ফরাসি

ব্যাখ্যা কতিপয় গুজরাটি শব্দ হরতাল, খদ্দর, জয়ন্তি, গরবা ইত্যাদি।

১৩. কোনটি 'জিগীষা'র সম্প্রসারিত প্রকাশ?
ক জানিবার ইচ্ছা খ জয় করিবার ইচ্ছা
গ হনন করিবার ইচ্ছা ঘ যুদ্ধ করিবার ইচ্ছা

ব্যাখ্যা জানিবার ইচ্ছা– জিজ্ঞাসা, হনন করিবার ইচ্ছা– জিঘাংসা, যুদ্ধ করিবার ইচ্ছা– যুযুৎসা।

১৪. নিচের কোনটি তৎসম শব্দ?
ক পছন্দ খ হিসাব গ ধূলি ঘ সৌখিন

ব্যাখ্যা কয়েকটি তৎসম বা সংস্কৃত শব্দ– ধূলি, চন্দ্র, সূর্য, ভুবন, ধর্ম, পত্র। অন্যদিকে পছন্দ ফারসি শব্দ। হিসাব ও সৌখিন– আরবি শব্দ।

১৫. নিচের কোনটি বাংলা 'ধাতু'র দৃষ্টান্ত?
ক কহ্ খ কথ্ গ বুধ্ ঘ গঠ্

ব্যাখ্যা কতিপয় বাংলা ধাতু কহ্, কাঁদ্, কাট্, জান্, নাচ্,,মর্, গড়্, খা, যা ইত্যাদি। অন্যদিকে বুধ্, কথ্ ও গঠ্ – সংস্কৃত ধাতু।

১৬. ইসলাম ও সুফিমতের প্রভাবে ভারতবর্ষে ঘটেছিল—
ক বর্ণবাদের পুনরুত্থান খ রাষ্ট্রবিপ্লব
গ চিন্তাবিপ্লব ঘ অভিবাসন বিপ্লব

ব্যাখ্যা 'সুফিবাদ' একটি আধ্যাত্মিক দর্শন। আত্মা সম্পর্কিত আলোচনা-এর মুখ্য বিষয়। আনুমানিক একাদশ শতাব্দীর মধ্য ভাগ থেকে সপ্তদশ শতাব্দী পর্যন্ত এদেশে ইসলাম ও সুফিবাদের সর্বাধিক প্রচার ও প্রসার হয়েছে বলে জানা যায়। সুফি সাধকদের অসাধারণ জ্ঞান, বাগ্মিতা ও মানবপ্রেমের জন্য ভারতবর্ষে চিন্তার জগতে বৈপ্লবিক পরিবর্তন আসে।

১৭. 'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাস্য 'চণ্ডী' কার স্ত্রী?
ক জগন্নাথ খ বিষ্ণু গ প্রজাপতি ঘ শিব

ব্যাখ্যা 'চণ্ডীমঙ্গল' কাব্যের আদি কবি – মানিক দত্ত। চণ্ডীমঙ্গলের দুটি উপাখ্যান আছে। প্রধান চরিত্রগুলো কালকেতু, ফুল্লরা, ধনপতি, ভাড়ুদত্ত, মুরারি শীল। 'চণ্ডীমঙ্গল' চণ্ডী নামক লৌকিক-পৌরাণিক দেবীর পূজা প্রচারের কাহিনী। এ কাহিনীতে চণ্ডী শিবের স্ত্রী।

১৮. 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য' কোথা থেকে উদ্ধার করা হয়েছিল?
ক নেপালের রাজদরবার থেকে খ গোয়ালঘর থেকে
গ পাঠশালা থেকে ঘ কান্তজীর মন্দির থেকে

ব্যাখ্যা ১৯০৯ সালে অধ্যক্ষ বসন্তরঞ্জন রায় পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার কাকিল্যা গ্রামের দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় নামক এক ব্রাহ্মণের গোয়াল ঘর থেকে 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য' আবিষ্কার করেন। ১৯১৬ সালে 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে এটি প্রথম প্রকাশিত হয়। অন্যদিকে ড. হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজদরবার থেকে 'চর্যাপদ' আবিষ্কার করেন।

১৯. বিদ্যাপতি মূলত কোন ভাষার কবি ছিলেন?
ক মারাঠি খ হিন্দি গ মৈথিলি ঘ গুজরাটি

ব্যাখ্যা বৈষ্ণব কবি বিদ্যাপতি মিথিলার সীতাকুমারী মহকুমার বিসফি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি মৈথিলি, অবহট্‌ঠ ও সংস্কৃত ভাষায় পদ রচনা করেন।

২০. 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে।'– এই মনোবাঞ্ছাটি কার?
ক ভবানন্দের খ ভাঁড়ুদত্তের
গ ঈশ্বরী পাটুনীর ঘ ফুল্লরার

ব্যাখ্যা 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে'– এটি মধ্যযুগের কবি ভারতচন্দ্র রায়গুণাকরের 'অন্নদামঙ্গল' কাব্যের একটি উক্তি। তিনি ঈশ্বরী পাটনী চরিত্রের মুখ দিয়ে এ কথা বলিয়েছেন। অন্যদিকে ফুল্লরা, ভাড়ুদত্ত 'চণ্ডীমঙ্গল' কাব্যের চরিত্র। ভবানন্দ 'অন্নদামঙ্গল' কাব্যের চরিত্র।

২১. নিচের কোন ব্যক্তি 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন না?
ক কাজী আবদুল ওদুদ খ এস ওয়াজেদ আলি
গ আবুল ফজল ঘ আবদুল কাদির

উত্তর
০৭ খ
০৮ ক
০৯ ক
১০ গ
১১ খ
১২ গ
১৩ খ
১৪ গ
১৫ ক
১৬ গ
১৭ ঘ
১৮ খ
১৯ গ
২০ গ
২১ খ

ব্যাখ্যা ড. মুহম্মদ শহীদুল্লাহ'র সভাপতিত্বে ১৯২৬ সালে ১৯ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'মুসলিম সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয়। এ সংগঠনের মূলমন্ত্র ছিল 'বুদ্ধির মুক্তি' আন্দোলন। এ আন্দোলনে জড়িত অন্যতম ব্যক্তিরা হলেন কাজী আবদুল ওদুদ, আবুল ফজল, আবদুল কাদির। এস ওয়াজেদ আলী ছিলেন প্রমথ চৌধুরী সম্পাদিত 'সবুজপত্র' পত্রিকার অন্যতম এবং বঙ্গীয় মুসলিম সাহিত্য সমিতির সভাপতি।

২২. 'মনোরমা' বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের চরিত্র?
ক কৃষ্ণকান্তের উইল খ দুর্গেশনন্দিনী
গ মৃণালিনী ঘ বিষবৃক্ষ

ব্যাখ্যা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'মৃণালিনী' (১৮৬৯) ত্রয়োদশ শতাব্দীর বাংলাদেশ ও তুর্কি আক্রমণের ঐতিহাসিক পটভূমিতে রচিত। ঐতিহাসিক ঘটনার অন্তরালে হেমচন্দ্র-মৃণালিনী এবং পশুপতি-মনোরমার প্রেমকাহিনী এই উপন্যাসের প্রধান চরিত্র। অন্যদিকে রোহিনী, গোবিন্দলাল, হরলাল, ভ্রমর– কৃষ্ণকান্তের উইল; আয়েশা, তিলোত্তমা, ওসমান, বিমলা– দুর্গেশনন্দিনী; কুন্দনন্দিনী, নগেন্দ্রনাথ, সূর্যমুখী, হীরা– বিষবৃক্ষ এবং হেমচন্দ্র, মৃণালিনী, মনোরমা, পশুপতি মৃণালিনীর অন্যতম চরিত্র।

২৩. 'ব্যক্ত প্রেম' ও 'গুপ্ত প্রেম' কবিতা দুটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
ক খেয়া খ মানসী গ কল্পনা ঘ সোনার তরী

ব্যাখ্যা 'মানসী' (১৮৯০) রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যকলার প্রতিষ্ঠামূলক কাব্যগ্রন্থ। এ কাব্যে বিভিন্ন ছন্দে নানা খেয়াল দিতে আরম্ভ করেন। কবির সাথে যেন একজন শিল্পী এসে যোগ দেয়। বুদ্ধদেব বসু 'মানসী' কাব্যকে রবীন্দ্র-কাব্যের অনুবিশ্ব বলেছেন। এ কাব্যগ্রন্থের উল্লেখযোগ্য কবিতা ব্যক্ত প্রেম, গুপ্ত প্রেম, নারীর উক্তি, পুরুষের উক্তি, দুরন্ত আশা, সুরদাসের প্রার্থনা, মেঘদূত ইত্যাদি।

২৪. 'অভীক' রবীন্দ্রনাথের কোন গল্পের নায়ক?
ক নষ্টনীড় খ নামঞ্জুর গল্প গ রবিবার ঘ ল্যাবরেটরি

ব্যাখ্যা 'অভীক' রবীন্দ্রনাথের 'রবিবার' গল্পের নায়ক। অন্যদিকে চারুলতা, অমল-নষ্টনীড়, গিরিবালা, শ্রীমিয়া– নামঞ্জুর গল্প এবং মোহিনী, নন্দ কিশোর– ল্যাবরেটরি গল্পের চরিত্র।

২৫. 'সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে।'– কার রচিত পঙ্‌ক্তি?
ক রজনীকান্ত সেন খ ইসমাইল হোসেন সিরাজী
গ কামিনী রায় ঘ দ্বিজেন্দ্রলাল রায়

ব্যাখ্যা কামিনী রায় রচিত 'পরার্থে' কবিতার বিখ্যাত চরণদ্বয়– 'সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে'। তার আরও কয়েকটি বিখ্যাত পঙ্‌ক্তি– 'পরের কারণে স্বার্থ দিয়া বলি/এ জীবন মন সকলি দাও/ তার মত সুখ কোথাও কি আছে/ আপনার কথা ভুলিয়া যাও'।

২৬. 'খোকা' ও 'রঙ্গু' মাহমুদুল হক-এর কোন উপন্যাসের চরিত্র?
ক কালো বরফ খ খেলাঘর
গ অনুর পাঠশালা ঘ জীবন আমার বোন

ব্যাখ্যা মাহমুদুল হকের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'জীবন আমার বোন' (১৯৭৬)-এর চরিত্র খোকা ও রঙ্গু। খোকা চরিত্রটির পুরো নাম হলো জাহিদুল কবির খোকা। এছাড়া এ উপন্যাসের আরো কতিপয় চরিত্র হলো মুরাদ, রহমান, ইয়াছিন ও নীলা ভাবি। 'কালো বরফ', 'খেলাঘর' এবং 'অনুর পাঠশালা' উপন্যাসগুলোর রচয়িতাও মাহমুদুল হক।

২৭. সৈয়দ ওয়ালীউল্লাহর লেখা নাটক কোনটি?
ক কবর খ বহিপীর
গ পায়ের আওয়াজ পাওয়া যায় ঘ ওরা কদম আলী

ব্যাখ্যা সৈয়দ ওয়ালীউল্লাহর লেখা নাটক 'বহিপীর'। তাহেরা নাম্নী এক অসহায় তরুণী ও এক সাধুজাদী ভণ্ড পীরের বিয়ে ও বিয়ে পরবর্তী ঘটনাকে কেন্দ্র করে 'বহিপীর' নাটকটি রচিত হয়েছে। অন্যদিকে 'কবর', 'পায়ের আওয়াজ পাওয়া যায়' এবং 'ওরা কদম আলী' নাটকের রচয়িতা যথাক্রমে মুনীর চৌধুরী, সৈয়দ শামসুল হক এবং মামুনুর রশীদ।

২৮. মীর মশাররফ হোসেনের 'বিষাদসিন্ধু' একটি—
ক মহাকাব্য খ ইতিহাসগ্রন্থ
গ উপন্যাস ঘ ইতিহাস-আশ্রিত জীবনীগ্রন্থ

ব্যাখ্যা মীর মশাররফ হোসেনের বিখ্যাত উপন্যাস 'বিষাদসিন্ধু'। তার রচিত এ উপন্যাসটি বাংলা সাহিত্যের একমাত্র কাব্যধর্মী উপন্যাস। ইতিহাসআশ্রিত উপন্যাসটিতে মাবিয়ার পুত্র দামেস্ক অধিপতি এজিদ নবীর দৌহিত্র ইমাম হাসানকে কৌশলে বিষ প্রয়োগে হত্যা এবং ইমান হোসেনকে কারবালার প্রান্তরে যুদ্ধে পরাজিত করে হত্যা করে, যার করুণ কাহিনী এ উপন্যাসে বর্ণিত হয়েছে। তার আরও কিছু উপন্যাস 'রত্নবতী' 'উদাসীন পথিকের মনের কথা', 'নিয়তি কি অবনতি' এবং 'গাজী মিয়ার বস্তানী'।

২৯. 'চাঁদের অমাবস্যা' উপন্যাসের যুবক-শিক্ষকের নাম—
ক আবদুল কাদের খ খতিব মিয়া
গ আক্কাস আলী ঘ আরেফ আলী

ব্যাখ্যা সৈয়দ ওয়ালীউল্লাহর 'চাঁদের অমাবস্যা' উপন্যাসের যুবক শিক্ষকের নাম আরেফ আলী। এটি একটি মনস্তাত্ত্বিক উপন্যাস। এ উপন্যাসের আরও একটি চরিত্র হলো কাদের। ওয়ালীউল্লাহর অন্যান্য উপন্যাসসমূহ হলো 'লালসালু', 'কাঁদো নদী কাঁদো'।

৩০. 'মরণ রে তুঁহু মম শ্যাম সমান।'– পঙ্‌ক্তিটির রচয়িতা—
ক বিদ্যাপতি খ গোবিন্দদাস
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ কৃষ্ণদাস কবিরাজ

ব্যাখ্যা পঙ্‌ক্তিটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর। এই চরণটি তার 'সংশয়িতা' কাব্যগ্রন্থের প্রথম কবিতা 'মরণ' এর অন্তর্ভুক্ত। 'সংশয়িতা' কাব্য সংকলনের আরো কয়েকটি কবিতা হলো– সোনার তরী, দুই বিঘা জমি, শাজাহান। তার আরও কতিপয় বিখ্যাত কাব্যগ্রন্থ 'সোনার তরী', 'বলাকা', 'চিত্রা', 'মানসী'।

উত্তর
২২ গ
২৩ খ
২৪ গ
২৫ গ
২৬ ঘ
২৭ খ
২৮ গ
২৯ ঘ
৩০ গ

CamScanner

৩১. 'আনোয়ারা' উপন্যাসের রচয়িতার নাম—
ⓚ সৈয়দ মুজতবা আলী ⓛ কাজী আবদুল ওদুদ
ⓜ নজিবর রহমান ⓝ রোকেয়া সাখাওয়াৎ হোসেন

ব্যাখ্যা 'আনোয়ারা' উপন্যাসের রচয়িতার নাম নজিবর রহমান। এ উপন্যাসের সপ্তদশ শতাব্দীর গ্রামীণ বাঙালি মুসলিম মধ্যবিত্ত সমাজের সামাজিক ও পারিবারিক জীবনের চিত্র ফুটে উঠেছে। তার অন্যান্য উপন্যাস; প্রেমের সমাধি, পরিণাম, দুনিয়া আর চাই না।

৩২. নিচের কোন কাব্য কাজী নজরুল ইসলামের উদারনৈতিক ঐতিহ্যভাবনার ধারক?
ⓚ বিষের বাঁশী ⓛ অগ্নিবীণা
ⓜ সিন্ধু-হিন্দোল ⓝ চক্রবাক

ব্যাখ্যা কাজী নজরুল ইসলামের উদারনৈতিক ঐতিহ্যভাবনার ধারক 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থ। এই কাব্যের 'বিদ্রোহী' কবিতাটিতে কবি পুঁজিবাদী রাষ্ট্র ও ধর্মীয় কুসংস্কারের বিরুদ্ধে আওয়াজ তুলেছেন। অন্যদিকে 'বিষের বাঁশী' বিদ্রোহীপ্রধান এবং 'সিন্ধু হিন্দোল' ও 'চক্রবাক' প্রেমপ্রধান কাব্যগ্রন্থ।

৩৩. নিচের কোনটি বিশ শতকের পত্রিকা?
ⓚ শনিবারের চিঠি ⓛ বঙ্গদর্শন
ⓜ তত্ত্ববোধিনী ⓝ সংবাদ প্রভাকর

ব্যাখ্যা বিশ শতকের ত্রিশ ও চল্লিশ দশকের অন্যতম স্যাটায়ারধর্মী সাহিত্য পত্রিকা 'শনিবারের চিঠি'। এ পত্রিকার প্রাণপুরুষ ছিলেন কবি ও সাহিত্যিক সজনীকান্ত দাস। প্রথমে সাপ্তাহিক ও পরে মাসিক হিসেবে প্রকাশিত হয়। অন্যদিকে 'বঙ্গদর্শন' ১৮৭২ সালে, 'তত্ত্ববোধিনী' ১৮৪৩ সালে এবং 'সংবাদ প্রভাকর' পত্রিকা ১৮৩১ সালে প্রকাশিত হয়।

৩৪. নিচের কোনটি উপন্যাস নয়?
ⓚ দিবারাত্রির কাব্য ⓛ শেষের কবিতা
ⓜ পল্লী-সমাজ ⓝ কবিতার কথা

ব্যাখ্যা 'কবিতার কথা' (১৯৫৫) কবি জীবনানন্দ দাশের প্রথম প্রবন্ধগ্রন্থ। অন্যদিকে 'দিবারাত্রির কাব্য', 'শেষের কবিতা' এবং 'পল্লীসমাজ' উপন্যাসসমূহের রচয়িতা যথাক্রমে মানিক বন্দ্যোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর এবং শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

৩৫. 'বাঙালী ও বাঙলা সাহিত্য' গ্রন্থ কে রচনা করেছেন?
ⓚ দীনেশচন্দ্র সেন ⓛ গোপাল হালদার
ⓜ আহমদ শরীফ ⓝ সুকুমার সেন

ব্যাখ্যা 'বাঙালী ও বাঙলা সাহিত্য' গ্রন্থটির রচয়িতা আহমদ শরীফ। তার আরও কিছু প্রবন্ধগ্রন্থ 'বিচিত্র চিন্তা', 'সাহিত্য ও সংস্কৃতি', 'স্বদেশ অন্বেষা', 'বিশ শতকের বাঙালী'।

৩৬. 'He prayeth best, who loveth best.'— Who said it?
ⓚ John Milton ⓛ John Donne
ⓜ Lord Byron ⓝ S.T. Coleridge

ব্যাখ্যা 1798 সালে প্রকাশিত 'Lyrical Ballads'-এর অন্যতম প্রধান কবিতা 'The Rime of the Ancient Mariner'। 1797-98 সালের দিকে Samuel Taylor Coleridge (S.T. Coleridge) এ বিখ্যাত কবিতাটি রচনা করেছেন। কবিতাটির ৭টি অংশের শেষ অংশে 'He prayeth best, who loveth best; All things both great and small' উক্তিটি রয়েছে। এ দুটো লাইনে কবিতাটির মূলভাব 'জীবে দয়া করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর' বিষয়টি ফুটিয়ে তোলা হয়েছে।

৩৭. The controlling sentence of a paragraph is known as—.
ⓚ content modulator ⓛ terminator
ⓜ thesis statement ⓝ topic sentence

ব্যাখ্যা একটি paragraph-এ topic sentence হলো এমন একটি sentence যেটি paragraph-এর main point প্রকাশ করে ও paragraph-টির বাকি sentence-সমূহ topic sentence-এর সাথে সম্পর্কিত থাকে। কাজেই, topic sentence হলো একটি paragraph-এর controlling sentence।

৩৮. Choose the correct comparative form of the sentence: 'Very few boys are as industrious as Zaman.'
ⓚ Zaman is one of the most industrious boys.
ⓛ Zaman is more industrious than most other boys.
ⓜ Zaman is really industrious like other boys.
ⓝ Zaman is as industrious as other boys.

ব্যাখ্যা Very few-যুক্ত positive degree-কে comparative degree-তে রূপান্তরিত করতে হলে subject ও verb-এর পরে adjective-এর comparative form বসানোর পরে than most other ও very few-এর পরের noun-টি বসাতে হয়।

৩৯. Identify the appropriate preposition : Your opinion is identical — mine.
ⓚ for ⓛ in ⓜ with ⓝ by

ব্যাখ্যা এক রকম বা কাছাকাছি বুঝাতে identical-এর পরে to/with বসে।

৪০. 'Paradise Lost' attempted to —
ⓚ justify the ways of man to God.
ⓛ show that Satan and God have equal power.
ⓜ justify the ways of God to man.
ⓝ explain why both good and evil are necessary.

ব্যাখ্যা 'Paradise Lost' 1667 সালে প্রকাশিত John Milton (1608-1674)-এর একটি বিখ্যাত epic poem। এ মহাকাব্যের মূল বিষয় হলো Justify the ways of God to man। Blank verse-এ লেখা মহাকাব্যটিতে Adam ও Eve-এর স্বর্গ থেকে বিতাড়নের কাহিনী বর্ণিত হয়েছে, যেখানে Satan (শয়তান)-কে hero হিসেবে দেখানো হয়েছে।

৪১. The synonym for 'panoramic' is —
ⓚ scenic ⓛ narrow
ⓜ limited ⓝ restricted

উত্তর	
৩১	গ
৩২	খ
৩৩	ক
৩৪	ঘ
৩৫	গ
৩৬	ঘ
৩৭	ঘ
৩৮	খ
৩৯	গ
৪০	গ
৪১	ক

ব্যাখ্যা Panoramic অর্থ দৃশ্য বা চিত্রসংক্রান্ত, বিশদ, দৃষ্টিনন্দন ইত্যাদি। Panoramic-এর synonym হলো picturesque (চিত্রোপম), scenic (নৈসর্গিক শোভামণ্ডিত) ইত্যাদি। অন্যদিকে, narrow (সংকীর্ণ/সংকুচিত), limited (সীমিত), restricted (সীমাবদ্ধ) শব্দগুলো panoramic-এর antonym।

৪২. The antonym for 'slothful' is —
ⓚ playful ⓛ sluggish
ⓜ energetic ⓝ quarrelsome

ব্যাখ্যা Slothful অর্থ অলস, নিষ্ক্রিয়। প্রদত্ত অপশনসমূহের মধ্য থেকে এর antonym হলো energetic, যার অর্থ কর্মচঞ্চল, প্রবলভাবে সক্রিয়। অন্যদিকে, playful অর্থ হাসি-ঠাট্টাপূর্ণ। sluggish অর্থ অলস, নিষ্ক্রিয়। quarrelsome অর্থ ঝগড়াটে।

৪৩. Alexander Pope's 'Essay on Man' is a —
ⓚ novel ⓛ treatise
ⓜ short story ⓝ poem

ব্যাখ্যা Alexander Pope (1688-1744), the Augustan period-এর বিখ্যাত কবি। 'An Essay on Man' তার সুপরিচিত একটি কবিতা। তার অন্যান্য জনপ্রিয় কবিতাগুলোর মধ্যে রয়েছে The Dunciad, An Essay on Criticism, The Temple of Fame ইত্যাদি। উল্লেখ্য, তিনি mock heroic poet হিসেবে বিশেষভাবে পরিচিত। তার বিখ্যাত mock heroic poem হলো– 'The Rape of the Lock'। তিনি Homer-এর The Iliad and Odyssey অনুবাদ করেন।

৪৪. 'By and large' means —
ⓚ everywhere ⓛ very large
ⓜ mostly ⓝ far away

ব্যাখ্যা By and large অর্থ সাধারণত, মোটের ওপর, অধিকাংশ ক্ষেত্রে। সুতরাং by and large-এর অর্থ mostly (অধিকাংশ ক্ষেত্রে/প্রায়শ)।

৪৫. Francis Bacon is an illustrious —
ⓚ essayist ⓛ dramatist
ⓜ novelist ⓝ journalist

ব্যাখ্যা ইংরেজি সাহিত্যে Francis Bacon বিখ্যাত প্রবন্ধকার হিসেবে পরিচিত। তিনি 1561 সালে লন্ডনের York house-এ জন্মগ্রহণ করেন। তিনি England-এর Attorney General ও Lord Chancellor ছিলেন এবং knight উপাধিতে ভূষিত হন। তাকে Father of Essay, Father of Modern Prose ও Father of Empiricism বলা হয়। তার বিখ্যাত essay গুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো– Of Marriage and Single Life, Of Truth, Of Friendship, Of Love, Of Revenge, Of Studies ইত্যাদি।

৪৬. 'He could not win but learnt a lot.' Which part of speech is the word 'but'?
ⓚ an adverb ⓛ a verb
ⓜ an adjective ⓝ a conjunction

ব্যাখ্যা 'He could not win but learnt a lot' sentence-টি 'He could not win' ও '(he) learnt a lot' coordinate clause দুটো 'but' দ্বারা যুক্ত হওয়ায় বাক্যটিতে 'but' conjunction হিসেবে ব্যবহৃত হয়েছে।

৪৭. Select the appropriate preposition : 'Are you doing' anything special — the weekend?'
ⓚ at ⓛ with ⓜ on ⓝ for

ব্যাখ্যা The weekend-এর পূর্বে at- এর ব্যবহারই বহুল প্রচলিত। American English-এ on-এর ব্যবহার পাওয়া গেলেও সংখ্যায় তা নগণ্য। তাছাড়া British English অনুসরণ করার কারণে at-ই অগ্রাধিকার পাবে।

৪৮. What is the plural form of 'sheep'?
ⓚ sheeps ⓛ sheep
ⓜ sheepes ⓝ sheepses

ব্যাখ্যা Sheep অর্থ ভেড়া। Sheep-এর singular ও plural form একই।

৪৯. 'Sweet are the uses of adversity' is quoted from Shakespeare's —
ⓚ Julius Caesar ⓛ Macbeth
ⓜ Comedy of Errors ⓝ As You Like It

ব্যাখ্যা As You Like It ইংরেজি সাহিত্যের সম্রাট William Shakespeare (1564-1616)-এর প্রখ্যাত নাটক। নাটকটির ২য় Act-এ Duke Senior 'Sweet are the uses of Adversity' (দুঃখের প্রয়োজনীয়তাও মধুর) উক্তিটি করেন। নাটকটির উল্লেখযোগ্য চরিত্র হলো– Rosalind, Orlando, Jaques, Celia, Duke Senior প্রমুখ।

৫০. What is the verb form of the word 'ability'?
ⓚ capable ⓛ inability
ⓜ enable ⓝ unable

ব্যাখ্যা Ability অর্থ সক্ষমতা। এটি noun। Ability-এর adjective 'able' ও verb 'enable'।

৫১. The word 'equivocation' refers to —
ⓚ starting like an author
ⓛ two contradictory things in the same statement
ⓜ free expression of opinions
ⓝ a true statement

ব্যাখ্যা Equivocation অর্থ আসলে বা কথার অস্পষ্টতা যার মাধ্যমে সত্য এড়াতে বা লুকাতে চেষ্টা করা হয়, দ্ব্যর্থবোধকতা। অপশনগুলোর মধ্য হতে (খ) two contradictory things in the same statement-ই অর্থগতভাবে equivocation-এর কাছাকাছি।

উত্তর	
৪২	গ
৪৩	ঘ
৪৪	গ
৪৫	ক
৪৬	ঘ
৪৭	ক
৪৮	খ
৪৯	ঘ
৫০	গ
৫১	খ

CamScanner

৫২. 'Life's but a walking shadow, a poor player,
That struts and frets his hour upon the stage,
And then is heard no more;'
These memorable lines in Shakespearean tragedy are spoken by —
ক Lady Macbeth খ Banquo
গ Duncan ঘ Macbeth

ব্যাখ্যা "Life's but a walking shadow, ... then is heard no more" উক্তিটি Macbeth নাটকের কেন্দ্রীয় চরিত্র, Macbeth-এর soliloquy। নাটকের শেষ দিকে যখন Lady Macbeth আত্মহত্যা করে, তখন জীবনের প্রতি আগ্রহ হারিয়ে নায়ক Macbeth উক্তিটি করে। এ বিখ্যাত ট্র্যাজিক নাটকটি ইঙ্গিত দেয় যে, জীবন আসলে কিছুই না, শুধু কিছুদিন অভিনয় করে যাওয়া ছাড়া।

৫৩. Which of the following words is spelt correctly?
ক authoratative খ autheritative
গ authoritative ঘ authoratative

ব্যাখ্যা অপশন (গ)-তে রয়েছে সঠিক বানান authoritative, যার অর্থ কর্তৃত্বপরায়ণ।

৫৪. Find out the active form of the sentence : 'By whom can our country be saved?'
ক Who can save our country?
খ Our country has been saved by who?
গ Who save our country?
ঘ Who will save our country?

ব্যাখ্যা Passive -এ By whom থাকায় active-এর subject হিসেবে who বসবে। Who-এর পরে (Auxiliary verb অপরিবর্তিত থাকে) can + (main verb) save বসবে। এরপরে (object) our country ও সবশেষে '?' জিজ্ঞাসাবোধক চিহ্ন বসবে।

৫৫. 'All changed, changed utterly :
A terrible beauty is born.'
This extract is taken from W.B. Yeats' poem titled—
ক No Second Troy
খ Easter 1916
গ The Second Coming
ঘ The Wild Swans at Coole

ব্যাখ্যা উক্তিটি W.B. Yeats-এর আয়ারল্যান্ডের স্বাধীনতা আন্দোলন নিয়ে লেখা কবিতা 'Eastern 1916' থেকে নেওয়া হয়েছে। 1916 সালে যখন আয়ারল্যান্ড ব্রিটিশ উপনিবেশবাদের বিরুদ্ধে বিদ্রোহ করে তখন bloodshed, violence, death-এর আশঙ্কায় ভীত হয়ে তিনি কবিতায় উল্লেখ করেন "A terrible beauty is born"।

৫৬. Identify the correct passive form : 'Do not close the door.'
ক Let not the door close. খ Let not the door be closed.
গ Let not the door close. ঘ Let not door closed.

ব্যাখ্যা Imperative sentence-কে passive করতে let দিয়ে শুরু করতে হয় ও বাক্যটি negative হওয়ায় let-এর পরে not বসে। এর পরে object 'the door' বসবে + be + verb-এর past participle form 'closed' বসবে।

৫৭. The poetic drama 'Murder in the Cathedral' was written by —
ক Harold Pinter খ G.B. Shaw
গ T. S. Eliot ঘ Samuel Beckett

ব্যাখ্যা Thomas Stearns Eliot সংক্ষেপে T.S. Eliot (1888-1965) modern কবিদের মধ্যে অন্যতম প্রভাবশালী কবি। তিনি USA-এ জন্মগ্রহণ করেন কিন্তু England-এ স্থায়ী হন। 'Murder in the Cathedral' তার শ্রেষ্ঠ কাব্যনাট্য। তিনি ১৯৪৮ সালে 'The Waste Land' কবিতার জন্য নোবেল পুরস্কার লাভ করেন। তার উল্লেখযোগ্য সাহিত্যকর্ম হলো– The Cocktail Party, The Hollow Men, The Family Reunion, Four Quartets ইত্যাদি।

৫৮. 'All for Love' is a drama written by —
ক John Dryden খ William Congreve
গ John Bunyan ঘ Francis Bacon

ব্যাখ্যা 'All for Love' John Dryden-এর heroic drama। মিসরীয় রাণী Cleopatra এবং Antony-এর প্রেম কাহিনী নিয়ে তিনি এ বিখ্যাত tragedy-টি রচনা করেন। John Dryden হলেন First Poet Laureate of England। তার উল্লেখযোগ্য সাহিত্যকর্ম হলো– Absalom and Achitophel, The Indian Emperor, Mac Flecknoe ইত্যাদি। 'Jealousy is the proof of love' তার বিখ্যাত উক্তি।

৫৯. Sitting happily, the chicken laid eggs.
The underlined part is a/an —
ক noun clause খ subordinate clause
গ independent clause ঘ coordinate clause

ব্যাখ্যা Subordinate clause হলো এমন clause যেটি নিজে নিজে স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে পারে না। এমনকি যদিও subordinate clause-এ subject ও verb থাকে। Subordinate clause main clause সম্বন্ধে অতিরিক্ত তথ্য/ধারণা প্রদান করে। এটি বাক্যের শুরুতে/মাঝে/শেষে বসতে পারে। প্রদত্ত বাক্যটিতে sitting happily-এর পূর্বে subject উহ্য রয়েছে। এই clause-টির subject ও পরের main clause-এর subject একই। অন্যদিকে, noun clause হলো এমন clause যে clause একটি sentence-এ noun-এর মতো কাজ করে। যেমন : 'That he is honest' is known to all; এখানে underlined অংশটি noun clause। Independent clause হলো এমন clause যে clause কোনো বাক্যে স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে পারে। প্রদত্ত বাক্যটিতে 'the chicken laid eggs' হলো

উত্তর

৫২	ঘ
৫৩	গ
৫৪	ক
৫৫	খ
৫৬	খ
৫৭	গ
৫৮	ক
৫৯	খ

independent clause। আর and, but, or দ্বারা যুক্ত clause-সমূহই coordinate clause, যারা আলাদাভাবে পূর্ণাঙ্গ অর্থ প্রকাশ করতে পারে। যেমন : 'I was sick and I could not attend the meeting'; এখানে underlined clause দুটো coordinate clause.

৬০. 'Caliban' is an important character from Shakespeare's —
ক The Tempest খ Hamlet
গ Macbeth ঘ Othello

ব্যাখ্যা William Shakespeare এর যে কয়েকটি প্রখ্যাত comedy রয়েছে তার মধ্যে The Tempest অন্যতম। নাটকের বিখ্যাত চরিত্রগুলো হলো– Caliban, Prospero, Ariel, Miranda, Ferdinand, Alonso প্রমুখ। Shakespeare-এর উল্লেখযোগ্য comedy গুলো হলো– As You like It, Comedy of Errors, Twelfth Night, The Taming of the Shrew, A Midsummer Night's Dream, Much Ado About Nothing ইত্যাদি।

৬১. What kind of noun is 'river'?
ক Material খ Collective
গ Proper ঘ Common

ব্যাখ্যা যে noun দ্বারা কোনো বিশেষ ব্যক্তি, বস্তু বা স্থানকে না বুঝিয়ে এগুলোর সাধারণ নাম বোঝায়, তখন সেই noun-টিই common noun। যেমন : city, village, school, college, river, sen, hill etc.

৬২. 'Oh, lift me as a wave, a leaf, a cloud!
I fall upon the thorns of life! I bleed!'
The extract is taken from P.B. Shelley's poem—
ক The Cloud খ To a Skylark
গ Ode to the West Wind ঘ Adonais

ব্যাখ্যা Percey Bysshe Shelley (1792-1822) সংক্ষেপে P. B. Shelley রোমান্টিক যুগের (1798-1832) বিখ্যাত কবি। তার উল্লেখযোগ্য কবিতাগুলোর মধ্যে 'Ode to the West Wind' সবচেয়ে বিখ্যাত। এ কবিতায় কবি পশ্চিমা বায়ুকে (The West Wind)-কে উদ্দেশ্য করে প্রাত্যহিক জীবনের দুঃখগুলো বর্ণনা করেছেন। এজন্য তিনি The West Wind-কে বলেছেন 'Lift me as a wave, a leaf, a clould! I fall upon the thorns of life! I bleed!.'

৬৩. Who wrote the short story 'The Ant and the Grasshopper'?
ক Guy de Maupassant খ W.Somerset Maugham
গ J. K..Rawlings ঘ O'Henry

ব্যাখ্যা William Somerset Maugham (1874-1965) আধুনিক যুগের প্রথিতযশা ঔপন্যাসিক ও ছোট গল্পকার। The Ant and the Grasshopper (fable), The Luncheon তার দুটো সুপরিচিত ছোটগল্প।

৬৪. The word 'vital' is a/an —
ক noun খ adverb
গ adjective ঘ verb

ব্যাখ্যা Vital অর্থ অপরিহার্য, অত্যাবশ্যক। এটি একটি adjective। vital-এর noun হলো vitality।

৬৫. 'To get along with' means —
ক to adjust খ to interest
গ to accompany ঘ to walk

ব্যাখ্যা 'To get along with' phrasal verb-টির অর্থ মানিয়ে নেওয়া, সামলে ওঠা। সুতরাং, to get along with অর্থ to adjust (মানিয়ে নেওয়া)-এর অর্থের অনুরূপ।

৬৬. 'Caesar and Cleopatra' is —
ক a tragedy by William Shakespeare
খ a poem by Lord Byron
গ a play by Bernard Shaw
ঘ a novel by S.T. Coleridge

ব্যাখ্যা Father of modern English literature or Drama খ্যাত George Bernard Shaw-এর বিখ্যাত play 'Caesar and Cleopatra'। এ Irish Dramatist 1925 সালে নোবেল পুরস্কার লাভ করেন। তার অন্যান্য উল্লেখযোগ্য নাটক হলো– Man and Superman, Arms and the Man, Pygmalion, You Never Can Tell, Saint Joan, Candida, Mrs. Warren's Profession ইত্যাদি।

৬৭. Indentify the right tense : 'My father— before I came'.
ক would be leaving খ had been leaving
গ had left ঘ will leave

ব্যাখ্যা Before Conjunction হিসেবে বসলে before-এর পূর্বে past perfect tense হয়। সুতরাং অপশন (গ) had left সঠিক উত্তর।

৬৮. Which of the following words is spelt incorrectly?
ক reminescence খ glycerin
গ idiosyncrasy ঘ lexicography

ব্যাখ্যা অপশন (ক) reminescence-ই সঠিক উত্তর। কারণ প্রশ্নে ভুল বানান চাওয়া হয়েছে। এর সঠিক বানান হলো– reminiscence, যার অর্থ স্মৃতিচারণ।

৬৯. Who wrote the picaresque novel titled 'Tom Jones'?
ক Samuel Richardson খ Horace Walpole
গ Henry Fielding ঘ Laurence Sterne

ব্যাখ্যা Picaresque novel-হলো এমন এক ধরনের নোবেল যেখানে কেন্দ্রীয় চরিত্রে একজন নিম্ন শ্রেণীর হঠকারী নায়ক থাকে যে নিজের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য এক জায়গা থেকে অন্য জায়গায় অভিযান চালায়। Henry Fielding-এর 'Tom Jones' এমন এক ধরনের নোবেল।

উত্তর

৬০	ক
৬১	ঘ
৬২	গ
৬৩	খ
৬৪	গ
৬৫	ক
৬৬	গ
৬৭	গ
৬৮	ক
৬৯	গ

CamScanner

উপন্যাসের নায়ক Tom Jones একজন foundling child- যে তার সুন্দরী প্রতিবেশী Sophia Western-এর সাথে সম্পর্কে জড়ায়। পরিশেষে অনেক চড়াই-উৎরাই পার হয়ে সে তাকে পায়। উল্লেখ্য, Henry Fielding-কে Father of English Novel-বলা হয়।

৭০. The story of 'Moby Dick' centres on —

ⓚ a mermaid ⓛ a whale
ⓜ a crocodile ⓝ a shark

ব্যাখ্যা American novelist Herman Melville (1819-1891)-এর বিখ্যাত উপন্যাস Moby Dick। 1851 সালে 'The Whale' নামে প্রথমে উপন্যাসটি প্রকাশিত হয়। পরবর্তীতে নিউইয়র্ক থেকে Moby Dick; or, The Whale নামে প্রকাশিত হয়। উপন্যাসটির নাবিক Ishmael-এর দ্বারা বর্ণিত সমুদ্রে Moby Dick অথবা the greatest Whale নামক দৈত্যের উপর প্রতিশোধ নেওয়ার কাহিনী। Herman Melvile এর আরো কয়েকটি উল্লেখযোগ্য উপন্যাস হলো– Omoo (1847), Mardi (1849), Redburn (1849), White-Jacket (1850) ইত্যাদি।

৭১. বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী?

ⓚ পুণ্ড্র ⓛ তাম্রলিপ্ত
ⓜ গৌড় ⓝ হরিকেল

ব্যাখ্যা বাংলার সর্বপ্রাচীন জনপদ 'পুণ্ড্র'। এ জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর বা পুণ্ড্রবর্ধন (বর্তমান মহাস্থানগড়)। এ জনপদ গড়ে ওঠেছিল বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর জেলাকে কেন্দ্র করে। প্রায় আড়াই হাজার বছর পূর্বে এখানে সভ্য জনপদ গড়ে ওঠেছিল। প্রাচীরবেষ্টিত এ নগরীর ভেতর রয়েছে বিভিন্ন আমলের প্রত্নতাত্ত্বিক নিদর্শন। উল্লেখ্য, মহাস্থানগড় বগুড়া জেলার করতোয়া নদীর তীরে অবস্থিত, যেখানে খোদার পাথর, ভিটা, বৈরাগীর ভিটা এবং পরশুরামের প্রাসাদ রয়েছে।

৭২. বাংলাদেশের বৃহত্তর ঢাকা জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?

ⓚ সমতট ⓛ পুণ্ড্র
ⓜ বঙ্গ ⓝ হরিকেল

ব্যাখ্যা বাংলাদেশের বৃহত্তর ঢাকা জেলা প্রাচীনকালে বঙ্গ জনপদের অন্তর্ভুক্ত ছিল। উল্লেখ্য, সমতট জনপদের অন্তর্ভুক্ত ছিল কুমিল্লা ও নোয়াখালী। বাংলার সর্বপ্রাচীন জনপদ হলো পুণ্ড্র। পুণ্ড্র জনপদের অন্তর্ভুক্ত ছিল বৃহত্তর বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর জেলার অংশ বিশেষ। সিলেট(শ্রীহট্ট) ও চট্টগ্রামের অংশ বিশেষ ছিল হরিকেল জনপদের অন্তর্ভুক্ত।

৭৩. কোন শাসকদের আমলে বাংলোভাষী অঞ্চল 'বাঙ্গালা' নামে পরিচিত হয়ে ওঠে?

ⓚ মৌর্য ⓛ গুপ্ত
ⓜ পাল ⓝ মুসলিম

ব্যাখ্যা মধ্যযুগীয় মুসলিম শাসনামলে বাংলার সুলতানদের মধ্যে এক বিশিষ্ট স্থানের অধিকারী ইলিয়াস শাহী বংশের প্রতিষ্ঠাতা শামসুদ্দীন ইলিয়াস শাহ বাংলার স্বাধীন সালাতানাতকে সুদৃঢ় করেন। জাতি গঠনকারী হিসেবে ইলিয়াস শাহ-ই প্রথম যিনি সাতগাঁও, লখনৌতি ও সোনারগাঁ অঞ্চল একত্রিত করে স্বাধীন সালতানাত প্রতিষ্ঠা করেন। তিনি এ সম্মিলিত রাজ্যের নামকরণ করেন বাঙ্গালাহ্। তখন থেকেই বাংলাভাষী অঞ্চল এ নামে পরিচিত হয়ে ওঠে।

৭৪. বাংলার প্রথম স্বাধীন নবাব কে ছিলেন?

ⓚ শশাঙ্ক ⓛ মুর্শিদ কুলি খান
ⓜ সিরাজউদ্দৌলা ⓝ আব্বাস আলী মীর্জা

ব্যাখ্যা বাংলার প্রথম স্বাধীন নবাব মুর্শিদকুলি খান। ১৭১৭ সালে তিনি বাংলার নবাব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন এবং বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন। তাঁর রাজস্ব ব্যবস্থা 'মাল জমিনী' নামে পরিচিত। অন্যদিকে, শশাঙ্ক ছিলেন প্রথম বাঙালি সম্রাট ও প্রথম স্বাধীন বাঙালি নৃপতি। আর সিরাজউদ্দৌলা ছিলেন বাংলা-বিহার-উড়িষ্যার শেষ স্বাধীন নবাব।

৭৫. চীনদেশের কোন ভ্রমণকারী গুপ্তযুগে বাংলাদেশে আগমন করেন?

ⓚ হিউয়েন সাং ⓛ ফা হিয়েন
ⓜ আই সিং ⓝ এঁদের সকলেই

ব্যাখ্যা ফা-হিয়েন ছিলেন বিখ্যাত চৈনিক পরিব্রাজক। বৌদ্ধ তীর্থস্থান পরিভ্রমণ, সংস্কৃত ও বৌদ্ধ ধর্মশাস্ত্র অধ্যয়ন এবং বৌদ্ধ ধর্মগ্রন্থ সংগ্রহের উদ্দেশ্য নিয়ে খ্রিষ্টীয় পঞ্চম শতকে তিনি গুপ্ত সম্রাট দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে বাংলায় আগমন করেন। আর সপ্তম শতকে সম্রাট হর্ষবর্ধন-এর রাজত্বকালে বাংলায় আসেন চৈনিক পরিব্রাজক হিউয়েন সাং। একই সময়ে ভারতীয় উপমহাদেশে আগমন করেন আরেক চৈনিক পরিব্রাজক আই সিং।

৭৬. বঙ্গভঙ্গের কারণে কোন নতুন প্রদেশ সৃষ্টি হয়েছিল?

ⓚ পূর্ববঙ্গ ও বিহার ⓛ পূর্ববঙ্গ ও আসাম
ⓜ পূর্ববঙ্গ ও উড়িষ্যা ⓝ পূর্ববঙ্গ ও পশ্চিমবঙ্গ

ব্যাখ্যা ভারতের বড়লাট লর্ড কার্জনের এক ঘোষণার মাধ্যমে ১৯০৫ সালের ১৬ অক্টোবর বঙ্গভঙ্গ হয়। এর ফলে নতুন প্রদেশ 'পূর্ববঙ্গ ও আসাম' গঠিত হয়। নবগঠিত এই প্রদেশের রাজধানী ও আইনসভা ছিল ঢাকায়। পরবর্তীতে হিন্দু জাতীয়তাবাদীদের তীব্র বিরোধিতায় ১২ ডিসেম্বর ১৯১১ রাজা পঞ্চম জর্জ দিল্লি দরবারে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন।

৭৭. 'তমদ্দুন মজলিশ' কে প্রতিষ্ঠা করেন?

ⓚ হাজী শরিয়তউল্লাহ
ⓛ শেরে বাংলা এ কে ফজলুল হক
ⓜ আবুল কাশেম
ⓝ মওলানা আবদুল হামিদ খান ভাসানী

ব্যাখ্যা রাষ্ট্রভাষা আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী সংগঠন 'তমদ্দুন মজলিশ' ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞানের অধ্যাপক আবুল কাসেমের নেতৃত্বে ১৯৪৭ সালের ২ সেপ্টেম্বর গঠিত হয় [সূত্র: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র: প্রথম খণ্ড, পৃষ্ঠা ৪৯]। এ সংগঠনের ভাষা আন্দোলনবিষয়ক পুস্তিকা হলো 'পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা- না উর্দু'।

৭৮. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি'— গানটি কে রচনা করেন?

ⓚ মুনীর চৌধুরী ⓛ জহির রায়হান
ⓜ আবদুল গাফ্ফার চৌধুরী ⓝ কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি' গানটির রচয়িতা বা গীতিকার আব্দুল গাফ্ফার চৌধুরী। উল্লেখ্য, গানটির প্রথম সুরকার ছিলেন আব্দুল লতিফ এবং বর্তমান সুরকার হলেন আলতাফ মাহমুদ। প্রথম পর্যায়ে গানটির শিল্পী ছিলেন আব্দুল লতিফ। বর্তমানে গানটি সমবেত কণ্ঠে গাওয়া হয়।

৭৯. কোন দেশ বাংলা ভাষাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে?

ⓚ লাইবেরিয়া ⓛ নামিবিয়া
ⓜ হাইতি ⓝ সিয়েরা লিওন

ব্যাখ্যা পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরা লিওনে গৃহযুদ্ধ বন্ধে ১৯৯৯ সালে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী প্রেরণ করে। এতে প্রায় ৫৩০০ জন সেনা অংশগ্রহণ করে। বাংলাদেশি সেনাদের অক্লান্ত পরিশ্রমে দেশটিতে গৃহযুদ্ধ বন্ধ হয়। ফলে তৎকালীন প্রেসিডেন্ট আহমেদ তেজান কাব্বা বাঙালি সেনাদের অবদানের স্বীকৃতিস্বরূপ ২০০২ সালের ১২ ডিসেম্বর বাংলাকে সিয়েরা লিওনের অন্যতম সরকারি ভাষা হিসেবে ঘোষণা দেন।

৮০. বাঙালির মুক্তির সনদ 'ছয় দফা' কোন তারিখে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়েছিল?

ⓚ ২১ ফেব্রুয়ারি ১৯৫৪ ⓛ ২২ মার্চ ১৯৫৮
ⓜ ২০ এপ্রিল ১৯৬২ ⓝ ২৩ মার্চ ১৯৬৬

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে 'ছয় দফা' ঘোষণা করেন ২৩ মার্চ ১৯৬৬। উল্লেখ্য, বঙ্গবন্ধু অর্থনৈতিক বৈষম্য থেকে মুক্তির জন্য ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে ঐতিহাসিক 'ছয় দফা' কর্মসূচি উত্থাপন করেন। এ কর্মসূচিকে বাংলার জনগণ ম্যাগনাকার্টা হিসেবে গ্রহণ করে। বঙ্গবন্ধু স্বয়ং এ ছয় দফাকে পূর্ব পাকিস্তানের 'বাঁচার দাবি' বলে আখ্যায়িত করেন।

৮১. 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'— জাতির পিতা কবে এই ঘোষণা দেন?

ⓚ ২৬ মার্চ ১৯৭১ ⓛ ৭ মার্চ ১৯৭১
ⓜ ৩ মার্চ ১৯৭১ ⓝ ১৬ ডিসেম্বর ১৯৭১

ব্যাখ্যা 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) এই ঘোষণা দেন ৭ মার্চ ১৯৭১। এ ভাষণে বঙ্গবন্ধু ৪ দফা দাবি পেশ করেন। উল্লেখ্য, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ সংবিধানের পঞ্চম তফসিলে অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা UNESCO বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে 'ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ' (বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য) হিসেবে স্বীকৃতি দেয় ৩০ অক্টোবর ২০১৭।

৮২. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কতজন মুক্তিযোদ্ধাকে 'বীর বিক্রম' খেতাবে ভূষিত করা হয়?

ⓚ ৭ জন ⓛ ৬৮ জন
ⓜ ১৭৫ জন ⓝ ৪২৬ জন

ব্যাখ্যা ১৫ ডিসেম্বর ১৯৭৩ সরকারি গেজেট নোটিফিকেশনের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযোদ্ধাদের খেতাব প্রদান করেন। বাংলাদেশে মোট রাষ্ট্রীয় খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার সংখ্যা ৬৭৬ জন। মুক্তিযোদ্ধাদের খেতাব ৪ পর্বে বিভক্ত। মুক্তিযুদ্ধে সর্বোচ্চ ত্যাগের জন্য ৭ জনকে বীরশ্রেষ্ঠ খেতাব দেওয়া হয়। বীরউত্তম খেতাব দেওয়া হয় ৬৮ জনকে। বীরবিক্রম খেতাব দেওয়া হয় ১৭৫ জনকে এবং ৪২৬ জনকে বীরপ্রতীক খেতাব দেওয়া হয়। উল্লেখ্য, ২০২১ সালের ৬ জুন ১ জন বীরউত্তম, ১ জন বীরবিক্রম ও ২ জন বীরপ্রতীক'র খেতাব বাতিল করে প্রজ্ঞাপন জারি করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

৮৩. মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী কে ছিলেন?

ⓚ তাজউদ্দিন আহমেদ ⓛ এ এইচ এম কামারুজ্জামান
ⓜ সৈয়দ নজরুল ইসলাম ⓝ এম মনসুর আলী

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে রাষ্ট্রপতি করে মুজিবনগর সরকার বা বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১। অস্থায়ী রাষ্ট্রপতি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম (উপ-রাষ্ট্রপতি)। এ সরকারের প্রধানমন্ত্রী ছিলেন তাজউদ্দীন আহমদ। আর সরকারের স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী ছিলেন এ.এইচ.এম.কামারুজ্জামান এবং ক্যাপ্টেন এম মনসুর আলী অর্থ, শিল্প ও বাণিজ্য মন্ত্রী ছিলেন। এ সরকার কুষ্টিয়ার মেহেরপুরের বৈদ্যনাথতলার ভবেরপাড়া গ্রামের আমবাগানে শপথ গ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১।

৮৪. কোনটি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ নয়?

ⓚ ব্যথার দান ⓛ দোলনচাঁপা
ⓜ শিউলি মালা ⓝ সোনার তরী

ব্যাখ্যা জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত তিনটি গল্পগ্রন্থ হলো— 'ব্যথার দান', 'শিউলিমালা' ও 'রিক্তের বেদন'। 'দোলনচাঁপা' তার রচিত একটি কাব্যগ্রন্থ। অন্যদিকে 'সোনার তরী' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি কাব্যগ্রন্থ।

উত্তর

৭০	খ
৭১	ক
৭২	গ
৭৩	ঘ
৭৪	খ
৭৫	খ
৭৬	খ
৭৭	গ

উত্তর

৭৮	গ
৭৯	ঘ
৮০	ঘ
৮১	খ
৮২	গ
৮৩	খ
৮৪	ঘ

CamScanner

৮৫. UNESCO কত তারিখে ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি দেয়?
ক ১৮ নভেম্বর ১৯৯৯ খ ১৭ নভেম্বর ১৯৯৯
গ ১৯ নভেম্বর ২০০১ ঘ ২০ নভেম্বর ২০০১

ব্যাখ্যা ১৭ নভেম্বর ১৯৯৯ ফ্রান্সের রাজধানী প্যারিসে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা ইউনেস্কোর ৩০তম অধিবেশনে এবং নির্বাহী পরিষদের ১৫৭তম অধিবেশনে এ স্বীকৃতি দেওয়া হয়। উল্লেখ্য, ২০০০ সাল থেকে দিনটি বিশ্বব্যাপী 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে পালিত হচ্ছে।

৮৬. বাংলাদেশের সংবিধানের রক্ষক কে?
ক জাতীয় সংসদ খ শাসন বিভাগ
গ সুপ্রিম কোর্ট ঘ আইন মন্ত্রণালয়

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭ ও ২৬নং অনুচ্ছেদ অনুসারে দেশের সর্বোচ্চ আদালত সংবিধান ও মৌলিক অধিকার পরিপন্থী সরকারের সকল আইনকে অবৈধ ঘোষণা করতে পারে। এছাড়া সংবিধানের ১০৬ এবং অনুচ্ছেদে বলা হয়েছে আইনের প্রশ্নে কোনো ব্যাখ্যার দরকার হলে রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের শরণাপন্ন হবেন।

৮৭. বাংলাদেশে জুম চাষ কোথায় হয়?
ক বান্দরবান খ ময়মনসিংহ
গ রাজশাহী ঘ দিনাজপুর

ব্যাখ্যা 'জুম চাষ' এক ধরনের কৃষিপদ্ধতি। এটি মূলত জঙ্গল কেটে, পুড়িয়ে জমি তৈরি করে চাষ করা হয়। পাহাড়ের গায়ে ঢালু এলাকায় এই চাষ করা হয়। এই পদ্ধতির চাষে বছরের বিভিন্ন সময় ফসল উৎপাদন করা সম্ভব হয়। জুম চাষ বাংলাদেশের পার্বত্য অঞ্চলের (রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা) ক্ষুদ্র-নৃগোষ্ঠীদের জীবন জীবিকার প্রধান অবলম্বন।

৮৮. বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি চা বাগান রয়েছে?
ক চট্টগ্রাম খ সিলেট
গ পঞ্চগড় ঘ মৌলভীবাজার

ব্যাখ্যা বাংলাদেশের মৌলভীবাজার জেলায় সর্বাধিক চা বাগান রয়েছে। বাংলাদেশ চা বোর্ডের তথ্যানুসারে মৌলভীবাজারে ৯১টি চা বাগান রয়েছে। দ্বিতীয় সর্বাধিক চা বাগান রয়েছে হবিগঞ্জে, ২৫টি। চট্টগ্রামে রয়েছে ২১টি আর সিলেটে রয়েছে ১৯টি। উল্লেখ্য, দেশে বর্তমানে মোট চা বাগান রয়েছে ১৬৭টি।

৮৯. 'ধর্মীয় স্বাধীনতা' বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে অন্তর্ভুক্ত?
ক অনুচ্ছেদ ৩৮ খ অনুচ্ছেদ ৫০
গ অনুচ্ছেদ ৪১ ঘ অনুচ্ছেদ ১০০

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের তৃতীয় ভাগে (২৬-৪৭ নং অনুচ্ছেদ) মৌলিক অধিকারের কথা বলা হয়েছে। এ ভাগের ৪১নং অনুচ্ছেদে ধর্মীয় স্বাধীনতা এবং ৩৮ নং অনুচ্ছেদে সংগঠনের স্বাধীনতা সম্পর্কে আলোকপাত করা হয়েছে। অন্যদিকে সংবিধানের ৫০ নং অনুচ্ছেদে রাষ্ট্রপতির মেয়াদ এবং ১০০ নং অনুচ্ছেদে সুপ্রিম কোর্টের আসন সম্পর্কে বলা হয়েছে।

৯০. বাংলাদেশে প্রথম আদমশুমারি (জনগণনা) কবে অনুষ্ঠিত হয়?
ক ১৯৭২ সালে খ ১৯৭৩ সালে
গ ১৯৭৪ সালে ঘ ১৯৭৫ সালে

ব্যাখ্যা কোনো দেশের জনসংখ্যার আনুষ্ঠানিক গণনাই আদমশুমারি।বাংলাদেশের মোট জনসংখ্যা নির্ধারণে স্বাধীনতার পর প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে। এ পর্যন্ত দেশে পাঁচটি আদমশুমারি অনুষ্ঠিত হয়েছে। ২০১১ সালে পঞ্চম আদমশুমারি অনুষ্ঠিত হয়। আদমশুমারির বর্তমান নাম 'জনশুমারি ও গৃহগণনা'। ষষ্ঠ জনশুমারি অনুষ্ঠিত হওয়ার সময়কাল ১৫-২১ জুন ২০২২।

৯১. বাংলাদেশের জিডিপি (GDP)-তে কোন খাতের অবদান সবচেয়ে বেশি?
ক কৃষি খ শিল্প
গ বাণিজ্য ঘ সেবা

ব্যাখ্যা বাংলাদেশের অর্থনীতিতে জিডিপির ৩টি বৃহৎ খাতের মধ্যে সবচেয়ে বেশি অবদান সেবা খাতের। অর্থনৈতিক সমীক্ষা ২০২২ এবং বিবিএস-এর তথ্যানুযায়ী ২০২০-২১ অর্থবছরে জিডিপিতে সেবা খাতের অবদান ৫১.৯২%। আর এক্ষেত্রে শিল্প ও কৃষি খাতের অবদান যথাক্রমে ৩৬.০১% ও ১২.০৭%।

৯২. ২০২০-২০২১ অর্থবছরে জিডিপি (GDP) প্রবৃদ্ধির হার কত?
ক ৫.৬৮% খ ৯.৯৪%
গ ৭.৬৬% ঘ ৬.৯৪%

ব্যাখ্যা বিবিএস-এর তথ্যানুযায়ী ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধির হার ৬.৯৪%। অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার ৭.২৫%। ২০১৯-২০ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার ছিল ৩.৭৬%। উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরের জাতীয় বাজেটে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৭.৫০%।

৯৩. বিশ্বব্যাংক কবে বাংলাদেশকে নিম্ন-মধ্যম আয়ের দেশ হিসেবে তালিকাভুক্ত করে?
ক ১ জুন ২০১৪ খ ১ জুন ২০১৫
গ ১ জুলাই ২০১৫ ঘ ১ জুলাই ২০১৬

ব্যাখ্যা বিশ্বব্যাংক বাংলাদেশকে নিম্ন মধ্যম আয়ের দেশের তালিকায় অন্তর্ভুক্ত করে ১ জুলাই ২০১৫। উল্লেখ্য, স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের ব্যাপারে সুপারিশ প্রদানকারী প্রতিষ্ঠান হলো জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (CDP)। ২২-২৬ ফেব্রুয়ারি ২০২১ CDP-এর ত্রি-বার্ষিক পর্যালোচনায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের চূড়ান্ত সুপারিশ লাভ করে।

উত্তর

৮৫	খ
৮৬	গ
৮৭	ক
৮৮	ঘ
৮৯	গ
৯০	গ
৯১	ঘ
৯২	ঘ
৯৩	গ

৯৪. বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ কী ধরনের স্যাটেলাইট হবে?
ক কমিউনিকেশন স্যাটেলাইট খ ওয়েদার স্যাটেলাইট
গ আর্থ অবজারভেশন স্যাটেলাইট ঘ ন্যাভিগেশন স্যাটেলাইট

ব্যাখ্যা 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' আর্থ অবজারভেশন ক্যাটাগরির স্যাটেলাইট হবে। সাধারণত আবহাওয়া পর্যবেক্ষণ করতে এ ধরনের স্যাটেলাইট ব্যবহার করা হয়। এতে থাকবে অপটিক্যাল ভিএইচআর-সার (Synthetic Aperture Radar-SAR), যার মূল কাজ বিশ্বের বিভিন্ন অঞ্চলের ভূমি ও সমুদ্র এলাকার ছবি তোলা। উল্লেখ্য বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণের জন্য রাশিয়ার রাষ্ট্রীয় মহাকাশ সংস্থা 'রসকসমস' (Roscosmos)- এর অঙ্গ প্রতিষ্ঠান 'গ্লাভকসমস' (Glavkosmos)-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় ২ ফেব্রুয়ারি ২০২২। 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২'-এর ধরন নির্ধারণের জন্য পরামর্শক প্রতিষ্ঠান ফ্রান্সের প্রাইসওয়াটারহাউস কুপার্স (PWC)।

৯৫. কোনো নাগরিকের মৌলিক অধিকার লঙ্ঘিত হলে সংবিধানের কোন অনুচ্ছেদের বিধান অনুযায়ী তিনি মামলা করতে পারেন?
ক ৪৪ খ ৪৭
গ ১০২ ঘ ১০৩

ব্যাখ্যা নাগরিকের মৌলিক অধিকার লঙ্ঘিত হলে এর প্রতিকার সম্পর্কে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের তৃতীয় ভাগের ৪৪(১) অনুচ্ছেদে বলা হয়েছে, মৌলিক অধিকারসমূহ বলবৎ করার জন্য এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের ১ দফা অনুযায়ী হাইকোর্ট বিভাগের নিকট মামলা রুজু করার অধিকারের নিশ্চয়তা দেওয়া হয়েছে।

৯৬. বাংলাদেশের সরকার পদ্ধতি—
ক এককেন্দ্রিক খ যুক্তরাষ্ট্রীয়
গ রাজতন্ত্র ঘ রাষ্ট্রপতিশাসিত

ব্যাখ্যা এককেন্দ্রিক সরকার এক ধরনের একক, অখণ্ড ও সুসংবদ্ধ সরকার ব্যবস্থা যেখানে রাষ্ট্রের সকল ক্ষমতা সাংবিধানিকভাবে কেন্দ্রীয় সরকারের হাতে ন্যস্ত থাকে। এ ধরনের শাসন ব্যবস্থায় কেন্দ্র-ই থাকে সকল ক্ষমতার উৎস হিসেবে। এককেন্দ্রিক শাসন ব্যবস্থায় স্থানীয় বা আঞ্চলিক সরকারগুলো কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি হিসেবে কেন্দ্রীয় সরকার প্রদত্ত ক্ষমতা ব্যবহার করে। এ ধরনের শাসন ব্যবস্থায় স্থানীয় বা আঞ্চলিক সরকারগুলোর সাংবিধানিক কোনো ক্ষমতা নেই। বাংলাদেশে এককেন্দ্রিক সরকার পদ্ধতি বিদ্যমান।

৯৭. BSTI-এর অভিব্যক্তি কী?
ক Bangladesh Salt Testing Institute
খ Bangladesh Strategic Training Institute
গ Bangladesh Standards and Testing Institution
ঘ Bangladesh Society for Telecommunication and Information

ব্যাখ্যা বিএসটিআই (Bangladesh Standards and Testing Institution) বাংলাদেশ শিল্প মন্ত্রণালয়ের অধীনে একটি স্বায়ত্তশাসিত সংস্থা; যা মূলত সেবা ও পণ্যের গুণমান নিয়ন্ত্রণের উদ্দেশ্যে গঠিত হয়। সংস্থাটি ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত হয়। এর প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত।

৯৮. বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংখ্যা—
ক ২০ খ ৪৮
গ ২৫ ঘ ৩২

[Note : বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৫০টি। সূত্র : ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০ (গেজেট প্রকাশ ২৩ মার্চ ২০১৯)।

৯৯. নিম্নের কোন পত্রিকাটির প্রকাশনা উপলক্ষ্যে রবীন্দ্রনাথ ঠাকুর আশীর্বাণী পাঠিয়েছিলেন?
ক সবুজপত্র খ শনিবারের চিঠি
গ কল্লোল ঘ ধূমকেতু

ব্যাখ্যা ধূমকেতু কাজী নজরুল ইসলাম সম্পাদিত একটি অর্ধ-সাপ্তাহিক পত্রিকা। এটি ১৩২৯ বঙ্গাব্দের ২৬ শ্রাবণ (১৯২২ সালের ১১ আগস্ট) প্রথম প্রকাশিত হয়। পত্রিকাটি শুরুতে ফুলস্কেপ কাগজের চার পৃষ্ঠায় মুদ্রিত হতো এবং পরে আট পৃষ্ঠায় মুদ্রিত হতো। পত্রিকাটির সর্বশেষ সংস্করণ ১৯২৩ সালের মার্চ মাসে প্রকাশিত হয়েছিল। এর প্রথম সংখ্যায় নজরুলের কবিতা 'ধূমকেতু' প্রকাশিত হয়। এই পত্রিকাকে আশীর্বাদ করে রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন, 'কাজী নজরুল ইসলাম কল্যাণীয়েষু, আয় চলে আয়রে ধূমকেতু। আঁধারে অগ্নিসেতু, দুর্দিনের এই দুর্গশিরে উড়িয়ে দে তোর বিজয় কেতন।' পত্রিকার প্রথম পাতার শীর্ষে এই বাণী লেখা হতো।

১০০. বাংলাদেশের জাতীয় প্রতীকে কয়টি তারকা আছে?
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি

ব্যাখ্যা বাংলাদেশের জাতীয় প্রতীকের ডিজাইনার কামরুল হাসান। এই প্রতীক ব্যবহারের অধিকারী রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী। জাতীয় প্রতীক সম্পর্কে সংবিধানের ৪(৩) অনুচ্ছেদে বর্ণনা আছে। বাংলাদেশের জাতীয় প্রতীকে ব্যবহৃত চিহ্নগুলো হলো— উভয় পাশে ধানের শীষ বেষ্টিত পানিতে ভাসমান জাতীয় ফুল শাপলা, তার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরস্পরযুক্ত পাতা, তার উভয় পাশে দুটি করে মোট ৪টি তারকা।

১০১. ২০২২ সালে কোন দেশ জাতিসংঘের শান্তিস্থাপন কমিসনের সভাপতি নির্বাচিত হয়?
ক যুক্তরাষ্ট্র খ সুইজারল্যান্ড
গ বাংলাদেশ ঘ ভারত

ব্যাখ্যা ১ ফেব্রুয়ারি ২০২২ জাতিসংঘ শান্তি বিনির্মাণ কমিশন বা Peacebuilding Commission (PBC)-এর দ্বিতীয়বারের মতো সভাপতি নির্বাচিত হয় বাংলাদেশ। জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের ১৫তম স্থায়ী প্রতিনিধি রাবাব ফাতিমা সংস্থাটির

উত্তর

৯৪	গ
৯৫	গ
৯৬	ক
৯৭	গ
৯৮	Note
৯৯	ঘ
১০০	গ
১০১	গ

CamScanner

প্রথম নারী সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। ২০১২ সালে বাংলাদেশ সংস্থাটির প্রথম সভাপতি নির্বাচিত হয়। ২০০৫ সালে প্রতিষ্ঠিত এ আন্তঃসরকারি উপদেষ্টা সংস্থা সংঘাতে ক্ষতিগ্রস্ত দেশগুলোতে শান্তি বিনির্মাণ ও টেকসই উন্নয়নের জন্য কাজ করে।

১০২. কোন দেশ থেকে 'আরব বসন্ত'-এর সূচনা হয়?

ⓚ মিসর ⓛ তিউনিশিয়া
ⓜ লিবিয়া ⓝ সিরিয়া

ব্যাখ্যা বুয়াজিজির আত্মাহুতিকে কেন্দ্র করে ২০১০ সালের ডিসেম্বরে তিউনিশিয়াতে আরব বসন্তের সূচনা হয়। ২০১১ সালে মিসরের তাহরির স্কয়ার ও রাজপথে মুসলিম ব্রাদারহুডসহ বিভিন্ন সংগঠনের আন্দোলনের মুখে একনায়ক হোসনী মোবারকের ৩০ বছরের শাসনের অবসান ঘটে। ২০১১ সালে এ আন্দোলনের ঢেউয়ে লিবিয়ার স্বৈরশাসক মুয়াম্মার গাদ্দাফির ৪২ বছরের শাসনের অবসান ঘটে।

১০৩. কোন সালে রাশিয়া ক্রিমিয়া দখল করে?

ⓚ ২০১০ ⓛ ২০১২
ⓜ ২০১৪ ⓝ ২০১৬

ব্যাখ্যা ইউক্রেনের সাথে ইউরোপিয়ান ইউনিয়নের চুক্তি হওয়া না হওয়া ইস্যুকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের এক পর্যায়ে ২০১৪ সালে ক্রিমিয়া উপদ্বীপ দখল করে নেয় রাশিয়া। সম্প্রতি ইউক্রেনের ন্যাটো ও ইইউ-তে যুক্ত হওয়াকে কেন্দ্র করে ইউক্রেনের দনবাস অঞ্চলে রুশপন্থী লুহানস্ক ও দোনেৎস্ককে পশ্চিমাদের হাত থেকে রক্ষার অজুহাতে ২৪ ফেব্রুয়ারি ২০২২ রাশিয়া ইউক্রেনে সর্বাত্মক হামলা শুরু করে।

১০৪. কোন দেশটি ভেনিজুয়েলার প্রতিবেশী রাষ্ট্র নয়?

ⓚ গায়ানা ⓛ বলিভিয়া
ⓜ ব্রাজিল ⓝ কলম্বিয়া

ব্যাখ্যা আটলান্টিক মহাসাগরের তীরবর্তী দক্ষিণ আমেরিকার দেশ ভেনিজুয়েলার প্রতিবেশি দেশ তিনটি। যথা : ব্রাজিল, কলম্বিয়া ও গায়ানা। আর ব্রাজিল, প্যারাগুয়ে, আর্জেন্টিনা, চিলি ও পেরুর সাথে বলিভিয়ার সীমান্ত সংযোগ রয়েছে। ভেনিজুয়েলার রাজধানী কারাকাস ও বলিভিয়ার রাজধানী ২টি, লাপাজ ও সুক্রে। বিশ্বের উচ্চতম রাজধানী লাপাজ ও বিশ্বের উচ্চতম হ্রদ টিটিকাকা বলিভিয়ায় অবস্থিত।

১০৫. গণতন্ত্রের ধারণা উদ্ভাবিত হয় প্রথম কোন দেশে?

ⓚ যুক্তরাষ্ট্র ⓛ প্রাচীন গ্রিস
ⓜ প্রাচীন রোম ⓝ প্রাচীন ভারত

ব্যাখ্যা গণতন্ত্রের ধারণা উদ্ভাবিত হয় প্রাচীন গ্রিসে, এজন্য গ্রিসকে বলা হয় গণতন্ত্রের সূতিকাগার। গ্রিসের পূর্বনাম হেলাস। গ্রিক সভ্যতার সাথে হেলেনিক ও হেলেনিস্টিক সংস্কৃতির নাম জড়িত। প্রাচীন গ্রিসের নগররাষ্ট্র ছিল স্পার্টা ও এথেন্স। এজিয়ান সাগরের তীরে গড়ে ওঠা এ দুটি নগররাষ্ট্রই প্রথম গণতন্ত্রের সূচনা হয়। পৃথিবীর সর্ববৃহৎ গণতান্ত্রিক রাষ্ট্র বলা হয় ভারতকে। ১৪৯২ সালে কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন আজকের ইতালির রাজধানী রোমকে কেন্দ্র করে প্রাচীন রোমান সাম্রাজ্য গড়ে ওঠেছিল।

১০৬. কখন ও এবং কোথায় International Union for Conservation of Nature (IUCN) প্রতিষ্ঠিত হয়?

ⓚ ১৯৪৮, ফ্রান্স ⓛ ১৯৪৯, সুইজারল্যান্ড
ⓜ ১৯৬১, রোম ⓝ ১৯৫২, লন্ডন

ব্যাখ্যা জীববৈচিত্র্য সংরক্ষণবাদী সংস্থা International Union for Conservation of Nature (IUCN) ফ্রান্সে প্রতিষ্ঠিত হয় ৫ অক্টোবর ১৯৪৮। এর সদর দপ্তর অবস্থিত গ্লান্ড, সুইজারল্যান্ড। World Wide Fund for Nature (WWF) প্রতিষ্ঠিত হয় ২৯ এপ্রিল ১৯৬১ এবং এর সদর দপ্তর অবস্থিত গ্লান্ড, সুইজারল্যান্ড। ১৯৫০ সালে World Meteorological Organisation (WMO) প্রতিষ্ঠিত হয়। এটি জাতিসংঘের বিশেষ সংস্থার মর্যাদা লাভ করে ২০ ডিসেম্বর ১৯৫১। এর সদর দপ্তর অবস্থিত জেনেভা, সুইজারল্যান্ড।

১০৭. 'নেকড়েযোদ্ধা কূটনীতি' কোন দেশের সাথে সংশ্লিষ্ট?

ⓚ ভিয়েতনাম ⓛ উত্তর কোরিয়া
ⓜ চীন ⓝ রাশিয়া

ব্যাখ্যা ২০২০ সালে চীনের প্রেসিডেন্ট সি চিন পিং প্রথম নেকড়েযোদ্ধা কূটনীতি শুরু করেন। ইউরোপীয় ইউনিয়ন ও পশ্চিমা দেশগুলো চীনের কয়েকটি কোম্পানির বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করে এবং চীনও পাল্টা জবাব দিয়েছে; আর এই ধরনের পদক্ষেপকে বলা হচ্ছে নেকড়ে যোদ্ধা কূটনীতি। চীনা চলচ্চিত্র উলফ ওয়ারিয়র-২ থেকে এ পরিভাষাটি গ্রহণ করা হয়েছে।

১০৮. নিচের কোন দেশটি ASEAN জোটভুক্ত নয়?

ⓚ লাওস ⓛ হংকং
ⓜ ভিয়েতনাম ⓝ কম্বোডিয়া

ব্যাখ্যা ASEAN (Association of Southeast Asian Nations) প্রতিষ্ঠিত হয় ৮ আগস্ট ১৯৬৭। আসিয়ানের সদস্য সংখ্যা ১০টি দেশ। যথা– মালয়েশিয়া, থাইল্যান্ড, ফিলিপাইন, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, ব্রুনাই, ভিয়েতনাম, লাওস, মিয়ানমার ও কম্বোডিয়া। আসিয়ানের সদর দপ্তর ইন্দোনেশিয়ার জাকার্তায় এবং এটির সবশেষ সদস্য দেশ কম্বোডিয়া (১৯৯৯)।

১০৯. নিচের কোন দেশটি ডি-৮ এর সদস্য নয়?

ⓚ জর্দান ⓛ ইরান
ⓜ মিসর ⓝ মালয়েশিয়া

ব্যাখ্যা ডি-৮ হলো উন্নয়নশীল ৮টি মুসলিম দেশের অর্থনৈতিক সহযোগিতামূলক সংগঠন। এর সদস্য দেশগুলো হলো- তুরস্ক, বাংলাদেশ, ইরান, পাকিস্তান, মিসর, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ও নাইজেরিয়া। এটি গঠিত হয় ১৫ জুন ১৯৯৭

উত্তর

১০২	খ
১০৩	গ
১০৪	খ
১০৫	খ
১০৬	ক
১০৭	গ
১০৮	খ
১০৯	ক

এবং এর সদর দপ্তর অবস্থিত তুরস্কের ইস্তানবুলে। ২ বছর অন্তর অন্তর শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। সর্বশেষ ১০ম ডি-৮ সম্মেলন অনুষ্ঠিত হয় ৮ এপ্রিল ২০২১।

১১০. World Economic Forum-এর বাৎসরিক অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়?

ⓚ প্যারিস ⓛ জুরিখ ⓜ দাভোস ⓝ বার্ন

ব্যাখ্যা World Economic Forum (WEF)-এর ৫তম বাৎসরিক অধিবেশন ২২-২৬ মে ২০২২ সুইজারল্যান্ডের দাভোসে অনুষ্ঠিত হয়। ১৯৭১ সালে ক্লস স্যায়েব (সুইজারল্যান্ড) বিশ্ব অর্থনৈতিক ফোরাম (WEF) প্রতিষ্ঠা করেন। WEF-এর পূর্বনাম ছিল ইউরোপিয়ান ম্যানেজমেন্ট ফোরাম। ১৯৮৭ সালে নাম পরিবর্তন করা হয়। WEF-এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড।

১১১. তাসখন্দ চুক্তি কোন দুটি রাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয়?

ⓚ পাকিস্তান ও আফগানিস্তান ⓛ ভারত ও আফগানিস্তান
ⓜ পাকিস্তান ও ভারত
ⓝ আফগানিস্তান ও সোভিয়েত ইউনিয়ন

ব্যাখ্যা ১০ জানুয়ারি ১৯৬৬ উজবেকিস্তানের তাসখন্দে (তৎকালীণ সোভিয়েত ইউনিয়ন) সাবেক সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট কোসিগিন-এর মধ্যস্থতায় পাকিস্তান ও ভারতের মধ্য তাসখন্দ চুক্তি স্বাক্ষরিত হয়। তৎকালীন পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খান এবং ভারতের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী চুক্তিপত্রে স্বাক্ষর করেন। উল্লেখ্য, ২ জুলাই ১৯৭২ ভারতের হিমাচল প্রদেশের 'সিমলায়' পাকিস্তান ও ভারতের মধ্যে Line of Control-কে সীমানা হিসেবে নির্ধারণের জন্য 'সিমলা' চুক্তি স্বাক্ষর করেন জুলফিকার আলী ভুট্টো ও ইন্দিরা গান্ধী।

১১২. প্রথাগতভাবে বছরের কোন দিন জাতিসংঘ সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন শুরু হয়?

ⓚ সেপ্টেম্বর মাসের প্রথম সোমবার
ⓛ অক্টোবর মাসের প্রথম মঙ্গলবার
ⓜ আগস্ট মাসের শেষ সোমবার
ⓝ অক্টোবর মাসের প্রথম সোমবার

[Note : প্রথাগতভাবে জাতিসংঘের সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন শুরু হয় সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার। জাতিসংঘের মূল অঙ্গ সংগঠন ৬টি। জাতিসংঘের মোট সদস্য সংখ্যা ১৯৩টি এবং সর্বশেষ সদস্য দেশ দক্ষিণ সুদান (২০১১)। জাতিসংঘ ১৯৪৫ সালের ২৪ অক্টোবর ৫১টি রাষ্ট্র নিয়ে প্রতিষ্ঠিত হয়। জাতিসংঘের সদর দপ্তর নিউইয়র্কে অবস্থিত এবং এর অফিসিয়াল ভাষা ৬টি।

১১৩. কোন দুটি আরব রাষ্ট্র ক্যাম্প ডেভিড (Camp David) চুক্তি স্বাক্ষরের ফলশ্রুতিতে ইসরাইলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে?

ⓚ জর্দান ও মিসর ⓛ কুয়েত ও বাহরাইন
ⓜ লিবিয়া ও ওমান ⓝ তিউনিসিয়া ও আলজেরিয়া

ব্যাখ্যা জর্দান ও মিশর ক্যাম্প ডেভিড চুক্তি স্বাক্ষরের ফলশ্রুতিতে ইসরাইলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে। ২০২০ সালে মরক্কো আরব লীগের ষষ্ঠ সদস্য হিসেবে ইসরাইলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্বাভাবিক করে। ১৭ সেপ্টেম্বর ১৯৭৮ মিসর ও ইরাইলের মধ্যে, তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টারের মধ্যস্থতায় মধ্যপ্রাচ্যে শান্তি স্থাপনের জন্য যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে ক্যাম্প ডেভিড চুক্তি স্বাক্ষরিত হয়। উল্লেখ্য, জর্দান ও ইসরাইল শান্তিচুক্তি করে ২৬ অক্টোবর ১৯৯৪।

১১৪. বিগত কপ-২৬ কোন শহরে অনুষ্ঠিত হয়?

ⓚ জেনেভা ⓛ প্যারিস ⓜ গ্লাসগো ⓝ ব্রাসেলস

ব্যাখ্যা জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন বা COP-26 স্কটল্যান্ডের গ্লাসগো শহরে অনুষ্ঠিত হয় ৩১ অক্টোবর-১৩ নভেম্বর ২০২১। সম্মেলনে এই শতাব্দীর শেষ নাগাদ বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধির হার ১.৫ ডিগ্রি সেলসিয়াস সীমাবদ্ধ রাখতে কার্বন নিঃসরণ হ্রাস করতে গুরুত্ব প্রদান করা হয়। কপ-২৬ লিডার সামিটে বাংলাদেশ চার দফা দাবি পেশ করে। উল্লেখ্য, ৬-২০ নভেম্বর ২০২২ কপ-২৭ সম্মেলন অনুষ্ঠিত হয় শারম-আল-শেখ, মিসর।

১১৫. বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পাদিত গঙ্গার পানি বণ্টন চুক্তি কখন শেষ হবে?

ⓚ ২০৪০ ⓛ ২০২৬
ⓜ ২০২৪ ⓝ ২০৩০

ব্যাখ্যা বাংলাদেশ ও ভারতের মধ্যে ৩০ বছর মেয়াদি গঙ্গার পানি বণ্টন চুক্তি স্বাক্ষরিত হয় নয়াদিল্লিতে ১৯৯৬ সালের ১২ ডিসেম্বরে আর এই চুক্তির মেয়াদ শেষ হবে ২০২৬ সালে। বাংলাদেশ ও ভারতের মধ্যে উল্লেখযোগ্য অন্যকটি চুক্তি; ২৫ বছরের জন্য বাংলাদেশ-ভারত মৈত্রী চুক্তি স্বাক্ষরিত হয় ১৯ মার্চ ১৯৭২ এবং তার মেয়াদ শেষ হয় ১৮ মার্চ ১৯৯৭। বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় চুক্তি কার্যকর হয় ১ আগস্ট ২০১৫। ১৯৭৭ সালে গঙ্গার পানি বণ্টন চুক্তি প্রথম স্বাক্ষরিত হয়।

১১৬. কোন দেশকে ইউরোপের রুটির ঝুড়ি বলা হয়?

ⓚ জার্মানি ⓛ ইতালি
ⓜ পোলান্ড ⓝ ইউক্রেন

ব্যাখ্যা ইউরোপের Bread Basket বা রুটির ঝুড়ি বলা হয় ইউক্রেনকে। ইউক্রেনের যে খাদ্য উৎপাদিত হয়, তা দিয়ে সমগ্র ইউরোপের দুই-তৃতীয়াংশ মানুষের খাদ্য চাহিদা পূরণ করা সম্ভব। দেশটি যৌথভাবে রাশিয়ার সাথে পৃথিবীর মোট গমের এক-চতুর্থাংশ এবং মোট সূর্যমুখী তেলের অর্ধেক উৎপাদন করে। এছাড়া সয়াবিন ও ভুট্টা দেশটিতে উল্লেখযোগ্য পরিমাণ উৎপাদিত হয়ে থাকে।

১১৭. মহান মুক্তিযুদ্ধ চলাকালীন 'কনসার্ট ফর বাংলাদেশ (Concert for Bangladesh)' কোথায় অনুষ্ঠিত হয়েছিল?

ⓚ নিউইয়র্ক ⓛ বোস্টন
ⓜ লন্ডন ⓝ কানবেরা

উত্তর

১১০	গ
১১১	গ
১১২	Note
১১৩	ক
১১৪	গ
১১৫	খ
১১৬	ঘ
১১৭	ক

CamScanner

ব্যাখ্যা 'কনসার্ট ফর বাংলাদেশ' অনুষ্ঠানটি ১ আগস্ট ১৯৭১ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয়। এটি ছিল মুক্তিযুদ্ধকালে বাংলাদেশি শরণার্থীদের পক্ষে জনমত ও তহবিল সংগ্রহের জন্য আয়োজিত কনসার্ট। 'কনসার্ট ফর বাংলাদেশ'এর উদ্যোক্তা ছিলেন জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবিশঙ্কর এবং অনুষ্ঠানটির পরিচালক ছিলেন সল সুইমার।

১১৮. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য পদ কত সময়ের জন্য?

ক ১ বছর খ ২ বছর
গ ৪ বছর ঘ ৫ বছর

ব্যাখ্যা জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য পদের মেয়াদ ২ বছরের। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট সদস্য দেশ ১৫টি। নিরাপত্তা পরিষদের ভেটো প্রয়োগকারী স্থায়ী সদস্য ৫টি। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া এবং চীন। নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য ১০টি।

১১৯. আন্তর্জাতিক আদালতের একজন বিচারক কয় বছরের জন্য নির্বাচিত হন?

ক তিন বছর খ সাত বছর
গ চার বছর ঘ নয় বছর

ব্যাখ্যা ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস (ICJ) বা আন্তর্জাতিক আদালতের একজন বিচারক ৯ বছরের জন্য নির্বাচিত হয়। এটি জাতিসংঘের মূল ৬টি অঙ্গ সংগঠনের অন্যতম একটি। আন্তর্জাতিক আদালতের বিচারক সংখ্যা ১৫ জন এবং এটি প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালে (কার্যক্রম শুরু হয় ১৯৪৬ সালে)। আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর অবস্থিত নেদারল্যান্ডের দি হেগে এবং এই আদালতের সভাপতি নির্বাচিত হন ৩ বছরের জন্য।

১২০. বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনার (Perspective Plan) সময়সীমা কত?

ক ২০২১–২০৩০ খ ২০২৪–২০৩২
গ ২০২১–২০৪১ ঘ ২০২২–২০৫০

ব্যাখ্যা বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনার (Perspective Plan) সময়সীমা ২০২১-২০৪১। এই পরিকল্পনার মিশন হলো– অংশগ্রহণমূলক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা, কৌশল এবং কার্যকর সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই উন্নয়ন। এই পরিকল্পনার অন্যতম ভিশন হলো ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে রূপান্তর করা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি হার ৯.৯% উন্নীত করা, চরম দারিদ্র্যের হার ১% ও দারিদ্র্যের হার ৩%-এ নামিয়ে আনা। উল্লেখ্য, বাংলাদেশের ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ ২০২১-২০২৫।

১২১. বাংলাদেশের ব্লু-ইকোনমির চ্যালেঞ্জ নয় কোনটি?

ক ঘন ঘন বন্যা খ সমুদ্র দূষণ
গ ত্রুটিপূর্ণ সমুদ্র শাসন ঘ ওপরের কোনোটিই নয়

ব্যাখ্যা সুনীল অর্থনীতি বা ব্লু-ইকোনমি হচ্ছে সমুদ্রের সম্পদ নির্ভর অর্থনীতি। সমুদ্রের বিশাল জলরাশি ও এর তলদেশের বিভিন্ন প্রকার সম্পদকে কাজে লাগানোর অর্থনীতি। ঘন ঘন বন্যা, সামুদ্রিক দূষণসহ মহাসাগরের অ্যাসিডিফিকেশন, প্রশিক্ষিত লোকের অভাব, দুর্বল সমুদ্র শাসন এবং রাজনৈতিক সমর্থন ইত্যাদি ব্লু-ইকোনমির চ্যালেঞ্জের অন্তর্ভুক্ত।

১২২. ডাউকি ফল্ট বরাবর একটি প্রচণ্ড ভূমিকম্পের পর বাংলাদেশের কোন নদী তার গতিপথ পরিবর্তন করে?

ক ব্রহ্মপুত্র নদী খ পদ্মা নদী
গ কর্ণফুলি নদী ঘ মেঘনা নদী

ব্যাখ্যা ভূমিকম্পের ফলে ভূত্বকের মধ্যে অসংখ্য ভাঁজ, ফাটল বা ধসের সৃষ্টি হয়। নদীর গতিপথ পাল্টে যায়। ১৭৮৭ সালে আসামে যে ব্যাপক ভূমিকম্প হয় তাতে পুরাতন ব্রহ্মপুত্র নদের তলদেশ কিছুটা উঁচু হয়ে যায়। ফলে নদীটি তার গতিপথ পাল্টে বর্তমানে যমুনা নদী দিয়ে প্রবাহিত হতে শুরু করে।

১২৩. বাংলাদেশের প্রথম কয়লানির্ভর বিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?

ক কাপ্তাই, রাঙামাটি খ সাভার, ঢাকা
গ সীতাকুণ্ড, চট্টগ্রাম ঘ বড়পুকুরিয়া, দিনাজপুর

ব্যাখ্যা বাংলাদেশের প্রথম কয়লানির্ভর বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার হামিদপুর ইউনিয়নে অবস্থিত। বিদ্যুৎ কেন্দ্রটি দিনাজপুর জেলা শহর হতে প্রায় ৫০ কি.মি. পূর্বে, পার্বতীপুর উপজেলা হতে ১৬ কি.মি. দক্ষিণে এবং ফুলবাড়ী উপজেলা হতে ৭ কি. মি. উত্তরে অবস্থিত। বর্তমানে এটি হতে ২টি ইউনিটের মাধ্যমে ৪৫০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন করা হচ্ছে।

১২৪. কোন ধরনের শিলায় জীবাশ্ম থাকার সম্ভাবনা রয়েছে?

ক আগ্নেয় শিলা খ রূপান্তরিত শিলা
গ পাললিক শিলা ঘ উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা বিভিন্ন প্রাকৃতিক শক্তির প্রভাবে আগ্নেয় ও রূপান্তরিত শিলার ক্ষয়প্রাপ্ত পলি কোনো নিম্নভূমি, হ্রদ বা সমুদ্রের তলদেশে স্তরে স্তরে সঞ্চিত হয়ে এবং পরবর্তীতে ভূগর্ভের উত্তাপ ও ওপরের শিলাস্তরের চাপে জমাট বেঁধে যে কঠিন শিলায় পরিণত হয় তাকে পাললিক শিলা বলে। অনেক পাললিক শিলার মধ্যে নানাপ্রকার উদ্ভিদ ও জীবজন্তুর দেহাবশেষ বা জীবাশ্ম দেখা যায়।

১২৫. নিচের কোনটি বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র?

ক বাখরাবাদ খ হরিপুর
গ তিতাস ঘ হবিগঞ্জ

ব্যাখ্যা বাংলাদেশের বৃহত্তম প্রাকৃতিক গ্যাসক্ষেত্র হলো তিতাস গ্যাসক্ষেত্র। এটি ১৯৬২ সালে ব্রাহ্মণবাড়িয়ায় পাকিস্তান শেল অয়েল কোম্পানি কর্তৃক আবিষ্কৃত হয়। আর বাংলাদেশে প্রথম গ্যাস উত্তোলন শুরু হয় ১৯৫৭ সালে সিলেটের হরিপুরে।

১২৬. বাংলাদেশে জি-কে প্রকল্প একটি—

ক জলবিদ্যুৎ প্রকল্প খ নদী নিয়ন্ত্রণ প্রকল্প
গ জল পরিবহন প্রকল্প ঘ সেচ প্রকল্প

উত্তর	
১১৮	খ
১১৯	ঘ
১২০	গ
১২১	ঘ
১২২	ক
১২৩	ঘ
১২৪	গ
১২৫	গ
১২৬	ঘ

ব্যাখ্যা জি-কে প্রকল্প বা গঙ্গা-কপোতাক্ষ সেচ প্রকল্প বাংলাদেশের অন্যতম বৃহৎ একটি সেচ প্রকল্প। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত এ প্রকল্পে কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ এবং মাগুরা জেলার ১,৯৭,৫০০ হেক্টর জমি আওতাভুক্ত।

১২৭. COP 26-এ COP মানে কী?

ক কনফারেন্স অব প্যারিস খ কনফারেন্স অব দ্য পাওয়ার
গ কনফারেন্স অব দ্য পার্টিস
ঘ কনফারেন্স অব দ্য প্রটোকল

ব্যাখ্যা COP-এর পূর্ণরূপ কনফারেন্স অফ দ্য পার্টিস (Conference of the Parties)। জাতিসংঘের উদ্যোগে স্কটল্যান্ডের গ্লাসগোতে ৩১ অক্টোবর থেকে ১৩ নভেম্বর ২০২১ কপ-২৬ বা জলবায়ু সম্মেলন অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, ২০২২ সালের ৬-২০ নভেম্বর কপ-২৭ সম্মেলন অনুষ্ঠিত হয় মিসরের শারম আল শেখে।।

১২৮. কোনটি নবায়নযোগ্য সম্পদ?

ক প্রাকৃতিক গ্যাস খ চুনাপাথর
গ বায়ু ঘ কয়লা

ব্যাখ্যা যেসব শক্তির উৎস অফুরন্ত এবং বারবার ব্যবহার করা যায় তাদেরকে নবায়নযোগ্য শক্তির উৎস বলা হয়। সূর্যরশ্মি, পানি, বায়ু, পারমাণবিক শক্তি, সমুদ্রের ঢেউ ইত্যাদি নবায়নযোগ্য শক্তির উদাহরণ। অপরদিকে কয়লা, খনিজ তেল, প্রাকৃতিক গ্যাস ইত্যাদি অনবায়নযোগ্য শক্তির উদাহরণ।

১২৯. নিচের কোন দুর্যোগের কার্যকর পূর্বাভাস দেওয়া সম্ভব নয়?

ক বন্যা খ ভূমিকম্প
গ ঘূর্ণিঝড় ঘ খরা

ব্যাখ্যা পৃথিবীতে যত প্রাকৃতিক দুর্যোগ আছে তার মধ্যে ভূমিকম্প সম্পূর্ণ ভিন্ন ধরনের দুর্যোগ। পৃথিবীর উপরিভাগ কতকগুলো ফলক/প্লেট দ্বারা গঠিত। এই প্লেটসমূহের সঞ্চালন প্রধানত ভূমিকম্প ঘটিয়ে থাকে। কাজেই ভূমিকম্পের আগাম পূর্বাভাস দেওয়া সম্ভব নয়।

১৩০. দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের কোন স্তরটি বেশি ব্যয়বহুল?

ক পূর্বপ্রস্তুতি খ সাড়াদান
গ প্রশমন ঘ পুনরুদ্ধার

ব্যাখ্যা দীর্ঘ সময়ব্যাপী নানা পদক্ষেপের মাধ্যমে দুর্যোগ সংঘটনের হার হ্রাস করা এবং দুর্যোগ-পূর্ব প্রস্তুতি গ্রহণ করাকে দুর্যোগ প্রশমন বলে। মজবুত পাকা ভবন ও অবকাঠামো নির্মাণ, শস্য বহুমুখীকরণ, অর্থনৈতিক উন্নয়ন, কম ঝুঁকিপূর্ণ এলাকায় লোক স্থানান্তর ইত্যাদি কার্যক্রম দুর্যোগ প্রশমনের আওতাভুক্ত। কাজেই দুর্যোগ ব্যবস্থাপনার মুখ্য উপাদানগুলোর মধ্যে দুর্যোগ প্রশমন সবচেয়ে ব্যয়বহুল।

১৩১. পরম শূন্য তাপমাত্রা কোনটি?

ক ২৭৩° সেন্টিগ্রেড খ – ২৭৩° ফারেনহাইট
গ ০° সেন্টিগ্রেড ঘ ০° কেলভিন

ব্যাখ্যা যে তাপমাত্রায় স্থির চাপে কোনো নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন শূন্য হয় এবং গতিশক্তি পুরোপুরি লোপ পায় তাকে পরম শূন্য তাপমাত্রা বলে। 0 K বা –273 ℃ কে পরম শূন্য তাপমাত্রা ধরা হয়। চার্লসের সূত্র অনুসারে, – 273 ℃ তাপমাত্রায় গ্যাসের আয়তন, $V_{-273} = V_0\left(1-\frac{273}{273}\right)=0$ (শূন্য)।

১৩২. আদর্শ ভোল্টেজ উৎসের অভ্যন্তরীণ রোধ কত?

ক অসীম খ শূন্য
গ অতি ক্ষুদ্র ঘ অনেক বড়

ব্যাখ্যা আদর্শ ভোল্টেজ উৎসের অভ্যন্তরীণ রোধ শূন্য এবং আদর্শ কারেন্ট সোর্স বা উৎসের অভ্যন্তরীণ রোধ অসীম। আদর্শ ভোল্টেজ উৎস মূলত টার্মিনালের মধ্যে স্থির ভোল্টেজ বজায় রাখতে পারে এবং এর অভ্যন্তরীণ রোধে কোনো ভোল্টেজ ড্রপ হয় না। কোনো কোষ হতে উচ্চ মাত্রায় তড়িৎ প্রবাহ পেতে হলে এর অভ্যন্তরীণ রোধ স্বল্প হওয়া প্রয়োজন। কোনো কোষের দুই প্রান্তে নগণ্য রোধবিশিষ্ট ($R = 0$) তামার তার যুক্ত করলে উহা সর্বাধিক তড়িৎ প্রবাহ প্রদান করে।

অভ্যন্তরীণ রোধ ও তড়িচ্চালক বলের মধ্যে সম্পর্ক হলো,

$$i = \frac{E}{R+r}$$ ।


$E = iR + ir$

$E = V + ir \quad [\because V = IR]$

$E = V + i \times 0 \quad [\because r = 0]$

$E = V$

অর্থাৎ অভ্যন্তরীণ রোধ শূন্য হলে ভোল্টেজ ও তড়িচ্চালক বল সমান হয়।



১৩৩. সুপরিবাহী পদার্থে valence band এবং conduction band—

ক আলাদা থাকে খ ওভারল্যাপ থাকে
গ অনেক দূরে থাকে ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা সুপরিবাহী পদার্থ বলতে বোঝানো হয় যার ভেতর দিয়ে সহজে বিদ্যুৎ প্রবাহিত হয়। এ সকল পদার্থে যোজ্যতা ব্যান্ডের (Valence band) ওপরাংশ ও পরিবহন ব্যান্ডের (Conduction band) নিম্নাংশের উপরিপাত (overlapping) হয়। অর্থাৎ পরিবহন ব্যান্ড ও যোজন ব্যান্ডের মধ্যে কোনো শক্তির ব্যবধান থাকে না। অন্যদিকে অর্ধপরিবাহীর ক্ষেত্রে শক্তির পার্থক্য 1eV বা তার কিছু কম বেশি হয় এবং অন্তরকের ক্ষেত্রে তা 6eV থেকে 15eV-এর মতো হয়।

উত্তর	
১২৭	গ
১২৮	গ
১২৯	খ
১৩০	গ
১৩১	ঘ
১৩২	খ
১৩৩	খ

CamScanner

১৩৪. ফটোগ্রাফিক প্লেটে আবরণ থাকে—
ক সিলভার ব্রোমাইডের খ সিলভার ক্লোরাইডের
গ অ্যামোনিয়াম ক্লোরাইডের ঘ সিলভার ক্লোরাইডের
ব্যাখ্যা ফটোগ্রাফিক প্লেটে সিলভার ব্রোমাইডের আবরণ থাকে। পরীক্ষাগারে সিলভার নাইট্রেটের জলীয় দ্রবণ মিশ্রিত করে সিলভার ব্রোমাইড সংশ্লেষিত করা যায়। ফটোগ্রাফিক ফিল্ম ডেভেলপমেন্টের ক্ষেত্রে সিলভারের হাইড্রাইড বা হ্যালোজেনের মধ্যে সিলভার ব্রোমাইড সবচেয়ে বেশি ব্যবহৃত হয়।

১৩৫. সাবানের আয়নিক গ্রুপ হলো—
ক R_3NH^+ খ SO_3-Na^+
গ $R_2NH_2^+$ ঘ $COO-Na^+$
ব্যাখ্যা সাবান (R-COONa) ও ডিটারজেন্ট একটি দীর্ঘ কার্বন শিকলবিশিষ্ট অণু। সাবান পানিতে দ্রবীভূত হলে ঋণাত্মক চার্জবিশিষ্ট R-COO আয়নে এবং Na^+ আয়নে বিশ্লিষ্ট হয়। সাবানের ঋণাত্মক চার্জযুক্ত আয়ন পানিকে আকর্ষণ করে বলে তা হাইড্রোফিলিক এবং ধনাত্মক আয়ন প্রান্ত তেল বা গ্রিজে দ্রবীভূত হয়। তাই এটি হাইড্রোফোবিক বা পানি বিকর্ষী বলে পরিচিত।

১৩৬. কোন জোড়াটি বেমানান?
ক যক্ষ্মার জীবাণু : রবার্ট কচ খ হোমিওপ্যাথি : হ্যানিম্যান
গ ব্যাকটেরিয়া : রবার্ট হুক ঘ এনাটমি : ভেসলিয়াস
ব্যাখ্যা ব্যাকটেরিয়ার আবিষ্কারক এন্টনি ফন লিউয়েন হুক (১৬৭৫)। অন্যদিকে জীবদেহের গঠন ও কাজের একক কোষ আবিষ্কার করেন রবার্ট হুক। এছাড়া যক্ষ্মার জীবাণু আবিষ্কার করেন রবার্ট কচ, হোমিওপ্যাথির জনক স্যামুয়েল হ্যানিম্যান, এনাটমির জনক আন্দ্রে ভেসলিয়াস।

১৩৭. এনজাইম, অ্যান্টিবডি এবং হরমোন-এর মৌলিক উপাদান—
ক প্রোটিন খ ক্যালসিয়াম
গ ভিটামিন ঘ লবণ
ব্যাখ্যা এনজাইম বা উৎসেচক হচ্ছে এক প্রকার জৈব অণুঘটক যা গঠনগতভাবে প্রোটিন জাতীয় পদার্থ। অন্যদিকে, অ্যান্টিবডি প্রধানত পলিপেপটাইড চেইন দ্বারা গঠিত যেখানে অ্যামিনো এসিডের উপস্থিতি রয়েছে। আবার হরমোন বিশেষ ধরনের উপাদান দিয়ে গঠিত হয়, সেগুলো হলো– অ্যামাইনো এসিড, স্টেরয়েড, প্রোটিন ইত্যাদি।

১৩৮. বজ্রবৃষ্টির ফলে মাটিতে উদ্ভিদের কোন খাদ্য উপাদান বৃদ্ধি পায়?
ক নাইট্রোজেন খ পটাশিয়াম
গ অক্সিজেন ঘ ফসফরাস
ব্যাখ্যা বাতাসের নাইট্রোজেন বৃষ্টির সাথে মিশে মাটিতে উদ্ভিদের খাদ্য উপাদান বৃদ্ধি করে। বজ্রবৃষ্টির ফলে আকাশের বিদ্যুৎক্ষরণের সময় নাইট্রোজেন অক্সিজেনের সাথে যুক্ত হয়ে নাইট্রোজেনের অক্সাইড তৈরি করে। এই অক্সাইডসমূহ পানির সাথে মিশে নাইট্রিক এসিড তৈরি করে। মাটির ক্ষারকীয় উপাদানের সাথে বিক্রিয়ায় এই এসিড মূলত নাইট্রেট (NO_3) লবণ উৎপন্ন করে।

১৩৯. ফলিক এসিডের অন্য নাম কোনটি?
ক ভিটামিন বি ১২ খ ভিটামিন বি ৬
গ ভিটামিন বি ১ ঘ ভিটামিন বি ৯
ব্যাখ্যা ভিটামিন বি-৯ এর রাসায়নিক নাম ফলিক এসিড। এছাড়া ভিটামিন বি-১ এর অপর নাম থায়ামিন, ভিটামিন বি-২ এর অন্য নাম– রিবোফ্লোভিন, ভিটামিন বি-৬ হলো– পাইরিডক্সিন এবং ভিটামিন বি-১২ এর অন্য নাম হলো– সায়ানোকোবালামিন।

১৪০. ব্যাকটেরিয়ার গতিশীলতার জন্য তার যে গঠন দায়ী তা হলো—
ক পিলি খ ফ্ল্যাজেলা গ শীথ ঘ ক্যাপসুলস
ব্যাখ্যা নিম্নশ্রেণির প্রাণিকোষের চারদিকে ক্ষুদ্র ক্ষুদ্র সুতার মতো বর্ধিত অংশকে ফ্ল্যাজেলা বলে। ব্যাকটেরিয়ার ফ্ল্যাজেলাম আকৃতিতে হেলিক্যাল এবং উইভমিলের মতো দ্রুত ঘোরে যাতে জীবটি কেবল পেছনে ও সামনে চলার পরিবর্তে দ্রুত চলাচল বা গতিশীলতা সৃষ্টি করতে পারে। যেসব ব্যাকটেরিয়ায় ফ্ল্যাজেলাম নেই তাদের অ্যাট্রিকাস বলে। এছাড়া পেরিট্রিকাসে সারা দেহ জুড়েই ফ্ল্যাজেলা থাকে।

১৪১. 'কেপলার-৪৫ বি' কী?
ক একটি মহাকাশযান খ পৃথিবীর মতো একটি গ্রহ
গ সূর্যের মতো একটি নক্ষত্র ঘ NASA-এর অত্যাধুনিক টেলিস্কোপ
ব্যাখ্যা ৬ জানুয়ারি ২০১৫ নাসার কেপলার মহাকাশযান অতিক্রমণ পদ্ধতি অবলম্বন করে পৃথিবীর প্রায় সমান আকৃতির গ্রহ 'কেপলার-৪৫২ বি' আবিষ্কার করে। এটি পৃথিবী থেকে ১,২০৬ আলোকবর্ষ বা ৩৭০ পারসেক দূরে অবস্থিত।

১৪২. ধারালো যন্ত্রপাতি জীবাণুমুক্ত করার ভালো পদ্ধতি—
ক বয়লিং খ বেনজিন ওয়াশ
গ ফরমালিন ওয়াশ ঘ কেমিক্যাল স্টেরিলাইজেশন
ব্যাখ্যা কেমিক্যাল স্টেরিলাইজেশন বা রাসায়নিক জীবাণুমুক্তকরণ হলো নিম্ন তাপমাত্রার রাসায়নিক ব্যবহার করে জীবাণু, ভাইরাস এবং ব্যাকটেরিয়াকে নির্মূল করা। রাসায়নিক নির্বীজন পদ্ধতিতে প্রয়োজনীয় উপাদান হলো সিলভার, হাইড্রোজেন পারঅক্সাইড, ফরমালডিহাইড, ব্লিচ, ওজোন ইত্যাদি। উল্লেখ্য, তাপ ব্যবহার না করে ধারালো যন্ত্রপাতি জীবাণুমুক্ত করার জন্যে আদর্শ পদ্ধতি এই কেমিক্যাল স্টেরিলাইজেশন।

১৪৩. যে কারণে শৈশব-অন্ধত্ব হতে পারে তা হলো—
ক এইচআইভি/এইডস খ ম্যালেরিয়া
গ হাম ঘ যক্ষ্মা
ব্যাখ্যা ভাইরাসজনিত রোগ হাম। সাধারণত হাম শরীরে প্রবেশের এক-দুই সপ্তাহ পর রোগের লক্ষণ দেখা দেয়। শিশুদের ক্ষেত্রে ভিটামিন 'এ'-এর ঘাটতি থাকলে হামে আক্রান্ত হলে চোখে অন্ধত্ব দেখা দিতে পারে।

উত্তর
১৩৪ ক
১৩৫ ঘ
১৩৬ গ
১৩৭ ক
১৩৮ ক
১৩৯ ঘ
১৪০ খ
১৪১ খ
১৪২ ঘ
১৪৩ গ

১৪৪. শিশুদের ভিটামিন এ ক্যাপসুল দিতে হয়—
ক বছরে একবার খ বছরে দুইবার
গ বছরে তিনবার ঘ এর কোনোটিই নয়
ব্যাখ্যা সাধারণত ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুকে একটি করে লাল ক্যাপসুল এবং ৬ থেকে ১১ মাস বয়সী শিশুকে একটি করে নীল ক্যাপসুল খাওয়ানো হয়।

১৪৫. মকরক্রান্তি রেখা কোনটি?
ক ২৩°৩০′ দক্ষিণ অক্ষাংশ খ ২৩°৩০′ উত্তর অক্ষাংশ
গ ২৩°৩০′ পূর্ব দ্রাঘিমাংশ ঘ ২৩°৩০′ পশ্চিম দ্রাঘিমাংশ
ব্যাখ্যা নিরক্ষরেখা বা বিষুবরেখা হতে ২৩.৫ ডিগ্রি উত্তর অক্ষাংশকে কর্কটক্রান্তি রেখা বা Tropic of Cancer এবং ২৩.৫ ডিগ্রি দক্ষিণ অক্ষাংশকে মকরক্রান্তি রেখা বা Tropic of Capricorn বলে।

১৪৬. SCSI-এর পূর্ণরূপ কী?
ক Small Computer System Interface
খ Small Computer Software Interface
গ Small Computer Storage Interface
ঘ Small Computer Standard Interface
ব্যাখ্যা SCSI-এর পূর্ণরূপ Small Computer System Interface। ইন্টারফেস মূলত এক ধরনের লজিক সার্কিট যা কোন ডিজিটাল ব্যবস্থায় কম্পিউটারের সাথে পেরিফেরাল ডিভাইসগুলোর (যেমন : ইনপুট ডিভাইস, আউটপুট ডিভাইস, মেমোরি ডিভাইস) সংযোগ সাধন করে। অন্যান্য কম্পিউটার ইন্টারফেসের মধ্যে রয়েছে Parallel Interface, Fireware Interface, USB Interface ইত্যাদি।

১৪৭. নিচের কোন ডিভাইসটি ইনপুট ও আউটপুট ডিভাইস হিসেবে কাজ করে?
ক Scanner খ Mouse
গ Touch Screen ঘ Projector
ব্যাখ্যা কম্পিউটারের যেসব পেরিফেরালস মানুষের উপস্থাপিত তথ্য সংগ্রহ করে কম্পিউটারের ভাষাকে প্রক্রিয়াধীন করে পুনরায় মানুষের ভাষায় উপস্থাপনের জন্য ব্যবহৃত হয় তাদেরকে ইনপুট-আউটপুট পেরিফেলাস বা ডিভাইস বলে। যেমন— Modem, Touchscreen, Digital Camera ইত্যাদি। অন্যদিকে Scanner, Mouse ইনপুট ডিভাইস ও Projector output ডিভাইস।

১৪৮. নিচের কোন Octal সংখ্যাটি Decimal সংখ্যা-৫৫-এর সমতুল্য?
ক ৫৫ খ ৭৭ গ ৬৭ ঘ ৮৭
ব্যাখ্যা ৫৫ এর অক্টাল সংখ্যা—

৮	৫৫	
৪	৬ – ৭	↑
	০ – ৬	

অর্থাৎ, $(৫৫)_{১০} = (৬৭)_৮$

১৪৯. নিচের কোনটি System software নয়?
ক Linux খ Android
গ Mozila Firefox ঘ Apple iOS
ব্যাখ্যা Mozila Firefox হলো ওয়েব ব্রাউজার। অন্যদিকে, Linux ডেস্কটপ অপারেটিং সিস্টেম সফটওয়্যার এবং Android, Apple iOS স্মার্টফোন অপারেটিং সিস্টেম।

১৫০. নিচের কোন Protocol-টি ইন্টারনেটে তথ্য আদান-প্রদানের নিরাপত্তা নিশ্চিত করে থাকে?
ক FTP খ HTTPS গ TCP ঘ DNS
ব্যাখ্যা ওয়েব ব্রাউজার এবং ওয়েব সার্ভারের মধ্যে নিরাপদ যোগাযোগ বজায় রাখতে HTTPS (Hyper Text Transfer Protocol Secure) প্রটোকল ব্যবহৃত হয়। আর ইন্টারনেটে একটি অ্যাপ্লিকেশন থেকে কোনো তথ্য বা data transmission করতে TCP প্রটোকল ব্যবহৃত হয়।

১৫১. নিচের কোনটি Open Source Software?
ক Google Chrome খ Microsoft Windows
গ Zoom ঘ Adobe Photoshop
ব্যাখ্যা গুগল কর্তৃক পরিচালিত বিশ্বের সবচেয়ে বেশি ব্যবহৃত ওয়েব ব্রাউজার সফটওয়্যার হলো Google Chrome। Open Source Software হিসেবে পরিচিত Google Chrome মূলত অ্যান্ড্রয়েড ও Operating System এ ডিফল্ট হিসেবে থাকে। অন্যদিকে Zoom Open Source Software ব্যবহার করে তৈরি করা হলেও Zoom proprietary software হিসেবেও পাওয়া যায়।

১৫২. নিচের কোনটি Structured Query Language নয়?
ক Java খ MySQL
গ Oracle ঘ উপরের সবগুলো
ব্যাখ্যা Structured Query Languge-গুলো হলো MySQL, Oracle, PostgreSQL ইত্যাদি। Java হলো জেমস গসলিং কর্তৃক আবিষ্কৃত ও ওরাকল কর্পোরেশনের মালিকানাধীন তৃতীয় প্রজন্মের প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ।

১৫৩. ইন্টারনেট যোগাযোগ ব্যবস্থায় Hostname-কে IP-Adress-এ অনুবাদ করে—
ক FTP Server খ Firewall
গ DNS Server ঘ Gateway
ব্যাখ্যা ইন্টারনেটের সাথে যুক্ত প্রতিটি কম্পিউটারের নির্দিষ্ট ঠিকানা থাকে, ঐ ঠিকানাকে IP Adress বলে। আইপি এড্রেস নেটওয়ার্ক-ID ও হোস্ট-ID-তে বিভক্ত। DNS Server ব্যবহার করে মূলত Host name কে IP Adress-এ রূপান্তর করা হয়।

১৫৪. নিচের কোন মডেলটি Cloud computing সেবা প্রদানকারীগণ ব্যবহার করে না?
ক CaaS খ IaaS গ PaaS ঘ SaaS
ব্যাখ্যা ক্লাউড কম্পিউটিং হলো ইন্টারনেটভিত্তিক বিশেষ পরিষেবা বা ব্যবসায়িক মডেল। এর সার্ভিস মডেল তিনটি। এগুলো হলো–
- অবকাঠামোগত সেবা (Infrastructure as a Service–IaaS)
- প্লাটফর্মভিত্তিক সেবা (Platform as a Service–PaaS)
- সফটওয়্যার সেবা (Software as a Service–SaaS)

উত্তর
১৪৪ খ
১৪৫ ক
১৪৬ ক
১৪৭ গ
১৪৮ গ
১৪৯ গ
১৫০ খ
১৫১ ক
১৫২ ক
১৫৩ গ
১৫৪ ক

CamScanner

১৫৫. Piconet কী?
ⓚ Wifi Network ⓛ Wide Area Network
ⓜ Bluetooth Network ⓝ 5G Network
ব্যাখ্যা ব্লুটুথ প্রযুক্তির মাধ্যমে যে নেটওয়ার্ক তৈরি করা হয় তার মৌলিক উপাদানকে পিকোনেট বলে। পাশাপাশি সংযুক্ত দুটি পিকোনেটকে একত্রে স্ক্যাটারনেট বলে। ব্লুটুথের স্ট্যান্ডার্ড হলো IEEE 802.15।

১৫৬. এক মেশিন থেকে অন্য মেশিনে ই-মেইল মেসেজ স্থানান্তর করতে কোন TCP/IP প্রটোকল ব্যবহার হয়?
ⓚ FTP ⓛ RPC ⓜ SNMP ⓝ SMTP
ব্যাখ্যা এক সার্ভার হতে অন্য সার্ভারে TCP/IP প্রটোকল ব্যবহার করে ইমেইল প্রেরণের জন্য Simple Mail Transfer Protocol (SMTP) ব্যবহৃত হয়। অন্যদিকে, ইমেইল গ্রহণে পরিচিত প্রটোকল হলো POP, IMAP।

১৫৭. যে কম্পিউটার প্রোগ্রাম নিজে নিজেই অন্য কম্পিউটারে ইন্টারনেটের মাধ্যমে কপি হয় তাকে —— বলে।
ⓚ Program Virus ⓛ Worms
ⓜ Trojan Horse ⓝ Boot Virus
ব্যাখ্যা Worms কোনো কম্পিউটারের নেটওয়ার্ককে ব্যবহার করে নিজেকে নকল করে তা অন্য কম্পিউটারে ছড়িয়ে দিতে পারে। Worms self replicating malware হিসেবেও পরিচিত। Trojan Horse হলো ক্ষতিকর প্রোগ্রাম যা নিজেকে এমনভাবে আকর্ষণীয়রূপে প্রতীয়মান করে, যাতে ব্যবহারকারী মোহিত হয়ে তাকে ইন্সটল করে নেয়।

১৫৮. নিচের কোন প্রতিষ্ঠানটি 4G Standard প্রস্তুতকরণে সম্পৃক্ত?
ⓚ ISO ⓛ ITU ⓜ 3GPP ⓝ ETSI
ব্যাখ্যা ITU বা International Telecommunication Union হলো জাতিসংঘের একটি বিশেষায়িত এজেন্সি যারা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কিত বিষয়ে কাজ করে। ITU ২০০৮ সালে 4G বা Fourth Generation প্রযুক্তির জন্য 'IMT-Advanced' শর্তসমূহ প্রণয়ন করে এবং ২০১০ সালে দুইটি স্ট্যান্ডার্ড অনুমোদন করে। এর একটি LTE-Advanced এবং অপরটি Wireless MAN-Advanced।

১৫৯. অ্যামাজন-এর ক্লাউড প্লাটফর্ম কোনটি?
ⓚ Azure ⓛ AWS
ⓜ Cloudera ⓝ উপরের সবগুলো
ব্যাখ্যা অ্যামাজন-এর ক্লাউড প্লাটফর্মের নাম AWS বা Amazon Web Service। আবার, Azure হলো মাইক্রোসফট-এর ক্লাউড প্লাটফর্ম। অন্যদিকে, Cloudera হলো আমেরিকান কোম্পানির Data Platform সফটওয়্যার।

১৬০. নিচের কোন সাইবার আক্রমণ সংঘটিত হলে গ্রাহক নিজ Computer System ব্যবহার করতে পারেন না এবং Computer System-কে ব্যবহার উপযোগী করতে অর্থ দাবি করা হয়?
ⓚ Phishing ⓛ Denial of Service
ⓜ Ransomware ⓝ Man-in-the-Middle
ব্যাখ্যা Ransomware মূলত malware যা ই-মেইল, কোনো মেসেজের লিংক কিংবা ওয়েবসাইটের মাধ্যমে কোনো নেটওয়ার্কে প্রবেশ করে ব্যবহারকারীর নিকট অর্থ দাবি করে। এছাড়া ওয়েবসাইট হুবহু নকল করে নতুন ওয়েবসাইট তৈরি করে ব্যক্তিগত তথ্য সংগ্রহকে বলা হয় ফিশিং (phishing)।

১৬১. বাস্তব সংখ্যায় $|3x+2|<7$ অসমতাটির সমাধান :
ⓚ $-3<x<3$ ⓛ $-\frac{5}{3}<x<\frac{5}{3}$
ⓜ $-3<x<\frac{5}{3}$ ⓝ $\frac{5}{3}<x<-\frac{5}{3}$
ব্যাখ্যা $|3x+2|<7$
$\Rightarrow -7<3x+2<7$
$\Rightarrow -7-2<3x<2$
$\Rightarrow -9<3x<5$
$\Rightarrow -3<x<\frac{5}{3}$

১৬২. $6a^2bc$ এবং $4a^3b^2c^2$-এর সংখ্যা সহগের গ. সা. গু. নিচের কোনটি?
ⓚ a^2bc ⓛ $2a^2bc$
ⓜ $2a^2b^2c^2$ ⓝ কোনোটিই নয়
ব্যাখ্যা $6a^2bc$ এবং $4a^3b^2c^2$-এর সংখ্যা সহগদ্বয় যথাক্রমে 6 এবং 4 এবং 6 ও 4-এর গ.সা.গু = 2

১৬৩. $2\log_{10}5+\log_{10}36-\log_{10}9=?$
ⓚ 2 ⓛ 100 ⓜ 37 ⓝ 4.6
ব্যাখ্যা $2\log_{10}5+\log_{10}36-\log_{10}9$
$=\log_{10}5^2+\log_{10}36-\log_{10}9$
$=\log_{10}\frac{25\times36}{9}$
$=\log_{10}100$
$=\log_{10}10^2=2\log_{10}10=2\times1=2$

১৬৪. ক্রয়মূল্য বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত?
ⓚ লাভ ২৫% ⓛ ক্ষতি ২৫%
ⓜ লাভ ১০% ⓝ ক্ষতি ৫০%
ব্যাখ্যা ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ৫০ টাকা
∴ ক্ষতি হয় $(১০০-৫০)=৫০$ টাকা
শতকরা ক্ষতি $=\frac{১০০\times৫০}{১০০}\%=৫০\%$

১৬৫. যদি –5, p, q, 16 সমান্তর অনুক্রমে থাকে, তাহলে p ও q-এর মান হবে যথাক্রমে–
ⓚ –2, 9 ⓛ 2, 9 ⓜ –2, –9 ⓝ 2, –9
ব্যাখ্যা $a=-5$; চতুর্থ পদ, $a+(4-1)d=16$
$\Rightarrow -5+3d=16$
$\therefore d=7$
২য় পদ $p=-5+(2-1)\times7=2$
৩য় পদ $q=-5+(3-1)\times7=9$

উত্তর
১৫৫ গ
১৫৬ ঘ
১৫৭ খ
১৫৮ খ
১৫৯ খ
১৬০ গ
১৬১ গ
১৬২ ঘ
১৬৩ ক
১৬৪ ঘ
১৬৫ খ


১৬৬. i^{-49} এর মান কত?
ⓚ –1 ⓛ i ⓜ 1 ⓝ $-i$
ব্যাখ্যা $i^{-49}=\frac{1}{i^{49}}=\frac{1}{i^{48}.i}=\frac{1}{1.i}=\frac{i}{i.i}=\frac{i}{i^2}=\frac{i}{-1}=-i$

১৬৭. ১৮ এবং ৭২-এর গুণোত্তর গড় কোনটি?
ⓚ ৪৫ ⓛ ১২৯৬
ⓜ ৩৬ ⓝ 8
ব্যাখ্যা গুণোত্তর গড় $=\sqrt{১৮\times৭২}$
$=\sqrt{৩\times৬\times৬\times৩\times২\times২}$
$=৩\times৬\times২$
$=৩৬$

১৬৮. $1-1+1-1+1-1+\ldots\ldots+n$ সংখ্যক পদের যোগফল হবে–
ⓚ 0 ⓛ 1
ⓜ $[1+(-1)^n]$ ⓝ $\frac{1}{2}[1-(-1)^n]$
ব্যাখ্যা $1-1+1-1+1-1+\ldots\ldots+n$
প্রথম পদ, $a=1$
সাধারণ অনুপাত, $r=-1$
$\therefore n$ সংখ্যক পদের সমষ্টি $=\frac{1\left[1-(-1)^n\right]}{1-(-1)}$
$=\frac{1[1-(-1)^n]}{2}$

১৬৯. একটি সুষম বহুভুজের প্রত্যেকটি কোণ ১৬৮°। এর বাহুসংখ্যা কতগুলো হবে?
ⓚ ৩০ ⓛ ২০ ⓜ ১৮ ⓝ ১০
ব্যাখ্যা $\frac{(n-2)\times১৮০}{n}=১৬৮$
$\Rightarrow ১৮০n-৩৬০=১৬৮n$
$\Rightarrow ১৮০n-১৬৮n=৩৬০$
$\Rightarrow ১২n=৩৬০$
$\therefore n=\frac{৩৬০}{১২}=৩০$

১৭০. একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ২ সে.মি. এবং উচ্চতা x সে. মি. হলে, x-এর মান কোনটি?
ⓚ $\sqrt{2}$ ⓛ $\sqrt{৩}$ ⓜ ২ ⓝ ৩




ব্যাখ্যা $\frac{1}{2}\times x\times2=\frac{\sqrt{3}}{4}(2)^2$
$\Rightarrow \frac{2x}{2}=\sqrt{3}\times\frac{4}{4}$
$\therefore x=\sqrt{3}$

১৭১. যদি $\sqrt[4]{x^3}=2$ হয়, তাহলে $x^{\frac{3}{2}}=?$
ⓚ 8 ⓛ 16 ⓜ 4 ⓝ 64
ব্যাখ্যা $\sqrt[4]{x^3}=2$
$\Rightarrow x^3=2^4$
$\Rightarrow (x^3)^{\frac{1}{2}}=(2^4)^{\frac{1}{2}}$
$\Rightarrow x^{\frac{3}{2}}=2^2=4$

১৭২. একটি ফাংশন $f: R\to R, f(x)=2x+1$ দ্বারা সংজ্ঞায়িত হলে, $f^{-1}(2)$-এর মান কত?
ⓚ 0 ⓛ $\frac{1}{2}$ ⓜ 5 ⓝ 1
ব্যাখ্যা $f(x)=2x+1$
এখন, ধরি, $f^{-1}(2)=x$
$\Rightarrow f.f^{-1}(2)=f(x)$
$\Rightarrow 2=f(x)=2x+1$
$\Rightarrow 2-1=2x$
$\Rightarrow x=\frac{1}{2}$

১৭৩. ABC ত্রিভুজে B কোণের পরিমাণ ৪৮° এবং AB = AC। যদি E এবং F, AB এবং AC-কে এমনভাবে ছেদ করে যেন EF || BC হয়, তাহলে $\angle A+\angle AFE=?$
ⓚ ১৩২° ⓛ ১৮০° ⓜ ১০৮° ⓝ ১৬০°



ব্যাখ্যা ΔABC-এ $BC\,||\,EF$ হলে,
$\angle ABC=\angle AEF=48°$
ΔAEF এ, $\angle A+\angle AEF+\angle AFE=180°$
$\Rightarrow \angle A+\angle AFE=180°-48°=132°$

১৭৪. যদি $\log_{10}x=-1$ হয়, তাহলে নিচের কোনটি x-এর মান?
ⓚ 0.1 ⓛ 0.1
ⓜ $\frac{1}{10000}$ ⓝ 0.001
ব্যাখ্যা $\log_{10}x=-1$
$\Rightarrow 10^{-1}=x$
$\Rightarrow x=\frac{1}{10}=0.1$

১৭৫. $P(A)=\frac{1}{3}$, $P(B)=\frac{3}{4}$, A ও B স্বাধীন হলে, P(AUB)-এর মান কত?
ⓚ $\frac{3}{4}$ ⓛ $\frac{1}{3}$
ⓜ $\frac{5}{6}$ ⓝ এর কোনোটিই নয়

উত্তর
১৬৬ ঘ
১৬৭ গ
১৬৮ ঘ
১৬৯ ক
১৭০ খ
১৭১ গ
১৭২ খ
১৭৩ ক
১৭৪ ক
১৭৫ গ

CamScanner

ব্যাখ্যা যেহেতু ঘটনাদ্বয় স্বাধীন,

$P(A \cap B) = P(A) \times P(B) = \frac{1}{3} \times \frac{3}{4} = \frac{1}{4}$

$P(A \cup B) = P(A) + P(B) - P(A \cap B)$

$= \frac{1}{3} + \frac{3}{4} - \frac{1}{4} = \frac{4+9-3}{12} = \frac{10}{12} = \frac{5}{6}$

১৭৬. কোনো কিছুর কারণ জানতে হলে আমরা ইংরেজিতে যে প্রশ্ন করি তা সাধারণত কোন শব্দটি দিয়ে শুরু হয়?

ক how খ what
গ why ঘ who

ব্যাখ্যা how → কিভাবে
what → কি
why → কারণ/কেন
who → কে

১৭৭. নিম্নের কোন গুচ্ছের শব্দগুলো বর্ণনানুক্রমিকভাবে সাজানো রয়েছে?

ক নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়, নিষ্ক্রিয়, নিসর্গ
খ নিদর্শন, নিম্নোক্ত, নিরাময়, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ
গ নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়
ঘ নিদর্শন, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিরাময়


ব্যাখ্যা শব্দগুলোর ২য় বর্ণের সঠিক ক্রম
দ → ম → র → র → ষ → স

১৭৮. যদি PLAY-এর কোড ৮১২৩ এবং RHYME-এর কোড ৪৯৩৬৭ হয়, তাহলে MALE-এর কোড হবে–

ক ৬৩২৩ খ ৬১৯৮
গ ৬২১৭ ঘ ৬২৮৫

ব্যাখ্যা PLAY RHYME
৮ ১ ২ ৩ ৪ ৯ ৩ ৬ ৭
∴ MALE
৬ ২ ১ ৭

১৭৯. প্রশ্নবোধক চিহ্নের স্থানে কোন চিত্রটি বসবে?




ক ১ খ ২ গ ৩ ঘ ৪

ব্যাখ্যা প্রথম 2টি চিত্রে ত্রিভুজ যার প্রথমটি ফাঁকা হলেও দ্বিতীয়টি দাগাঙ্কিত; অনুরূপভাবে ৩য় চিত্রে ফাঁকা চতুর্ভুজ হলে ৪র্থ চিত্রে দাগাঙ্কিত হবে।

১৮০. P এবং Q দুই ভাই। R এবং S দুই বোন। P-এর ছেলে হলো S-এর ভাই। তাহলে Q হলো R-এর–

ক পুত্র খ ভাই গ পিতা ঘ চাচা



১৮১. স্টেপলারের সাথে যেমন স্টেপল, সুচের সাথে তেমন–

ক ছিদ্র খ কাপড়
গ সুতা ঘ সেলাই মেশিন

ব্যাখ্যা স্টেপলারের সাথে যেমন স্টেপল; এখানে স্টেপল বলতে বুঝায় ছোট তারের টুকরো যা স্টেপলার দ্বারা কাগজের শীটগুলোর মধ্যে চালিত হয়ে সেগুলোকে একসাথে বেঁধে দেয়। আর সুই এর জন্য এই কাজটি করতে ব্যবহৃত হয় সুতা।

১৮২. 165135 যদি Peace হয়, তবে 1215225 হবে–

ক Lead খ Love
গ Loop ঘ Castle

ব্যাখ্যা P E A C E
↓ ↓ ↓ ↓ ↓
16 5 1 3 5
∴ L O V E
↓ ↓ ↓ ↓
12 15 22 5

এখানে সংখ্যাগুলো বর্ণমালায় বর্ণের অবস্থান প্রকাশ করছে।

১৮৩. এই সিরিজটিতে পরের সংখ্যাটি কত?

৩ ৫ ৮ ১৩ ২১


ক ২৪ খ ২৬ গ ২৯ ঘ ৩৪

ব্যাখ্যা ৩ + ২ = ৫
৫ + ৩ = ৮
৮ + ৫ = ১৩
১৩ + ৮ = ২১
২১ + ১৩ = ৩৪

১৮৪. একটি দেয়ালঘড়িতে যখন ৩টা বাজে তখন ঘণ্টার কাঁটা যদি পূর্বদিকে থাকে তবে মিনিটের কাঁটা কোন দিকে থাকবে?

ক উত্তর খ পশ্চিম
গ দক্ষিণ ঘ পূর্ব


ব্যাখ্যা ঘণ্টার কাঁটা পূর্ব দিকে হলে মিনিটের কাঁটা হবে উত্তর দিক বরাবর।



উত্তর
১৭৬ গ
১৭৭ খ
১৭৮ গ
১৭৯ খ
১৮০ ঘ
১৮১ গ
১৮২ খ
১৮৩ ঘ
১৮৪ ক

১৮৫. নিচের চিত্রে মোট কতটি ত্রিভুজ আছে?

ক ১০টি খ ১২টি
গ ১৪টি ঘ ১৬টি



ব্যাখ্যা ছোট থেকে বড় ত্রিভুজগুলো গণনা করলে ৬ + ৩ + ২ + ২ + ২ + ১ = ১৬ পাওয়া যায়।

১৮৬. ভারসাম্য রক্ষা করতে নিচের চিত্রের বামদিকে কত ওজন রাখতে হবে?



ক ৪ কেজি খ ৬ কেজি
গ ৮ কেজি ঘ ১০ কেজি

ব্যাখ্যা ভারসাম্য সূত্র অনুযায়ী, ৮ × ৩ = □ × ৪

$\therefore \square = \frac{৮ \times ৩}{৪} = ৬$

১৮৭. ২০১৮ সালের ১২ জানুয়ারি শুক্রবার হলে, একই বছরের ১৭ মার্চ কী বার ছিল?

ক শনিবার খ সোমবার
গ বৃহস্পতিবার ঘ শুক্রবার

ব্যাখ্যা ১২ জানুয়ারি — ৩১ জানুয়ারি = ১৯ দিন
১ ফেব্রুয়ারি — ২৮ ফেব্রুয়ারি = ২৮ দিন
১ মার্চ — ১৭ মার্চ = ১৭ দিন
৭) ৬৪ দিন (৯
৬৩
১

∴ ৬৩তম দিনটি শুক্রবার।
অতএব ৬৪তম দিনটি হবে শনিবার।

১৮৮. ৫, ৭, ১০, ১৪, ... ২৫ ধারার শূন্যস্থানের সংখ্যাটি কত?


ক ১৭ খ ১৮
গ ১৯ ঘ ২১

ব্যাখ্যা ৫ + ২ = ৭
৭ + ৩ = ১০
১০ + ৪ = ১৪
∴ ১৪ + ৫ = ১৯

১৮৯. 'MEMORY' শব্দটির আয়নার প্রতিবিম্ব কোনটি?

ক YROWEM খ YRƆMEM
গ WEMORX ঘ YRƆMEM

১৯০. প্রশ্ন-চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?



ক ৬৪ খ ৬৬
গ ৬৮ ঘ ৭২

ব্যাখ্যা ৫ × ৯ + ৩ = ৪৮
৭ × ৮ + ৪ = ৬০
৯ × ৭ + ৫ = ৬৮

১৯১. যে গুণের মাধ্যমে মানুষ 'ভুল' ও 'শুদ্ধ'-এর পার্থক্য নির্ধারণ করতে পারে, তা হচ্ছে–

ক সততা খ সদাচার
গ কর্তব্যবোধ ঘ মূল্যবোধ

ব্যাখ্যা মূল্যবোধ হলো মানুষের আচরণ পরিচালনাকারী নীতি ও মানদণ্ড এবং এটি এমন একটি গুণ যার মাধ্যমে মানুষ ভুল ও শুদ্ধ, ভালো-মন্দ, দোষ-গুণের পার্থক্য নির্ধারণ করতে পারে। এটি হলো অকৃত্রিম ও অর্জিত আপোষহীন নীতি যা দৈনন্দিন কাজের মধ্য দিয়ে প্রতিফলিত হয় এবং এটি জীবনে ঐক্য ও শৃঙ্খলা প্রতিষ্ঠা করে। শিশুর মূল্যবোধ শিক্ষার প্রাথমিক শিক্ষাকেন্দ্র হলো পরিবার এবং প্রাতিষ্ঠানিক উৎস শিক্ষালয়।

১৯২. জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসারে 'শুদ্ধাচার' হচ্ছে–

ক শুদ্ধভাবে কার্য সম্পাদনের কৌশল
খ সরকারি কর্মকর্তাদের আচরণের মানদণ্ড
গ সততা ও নৈতিকতা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ
ঘ দৈনন্দিন কার্যক্রমে অনুসৃতব্য মানদণ্ড

ব্যাখ্যা জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসারে 'শুদ্ধাচার' হচ্ছে সততা ও নৈতিকতা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষতা। এর দ্বারা একটি সমাজের কালোত্তীর্ণ মানদণ্ড, নীতি ও প্রথার প্রতি আনুগত্য বোঝানো হয়। ১৮ অক্টোবর ২০১২ 'জাতীয় শুদ্ধাচার কৌশলপত্রটি, মন্ত্রিসভা-বৈঠকে চূড়ান্তভাবে অনুমোদিত হয়। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প (vision) হলো সুখী-সমৃদ্ধ সোনার বাংলা এবং অভিলক্ষ্য (mission) রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা।

১৯৩. বাংলাদেশে দুর্নীতিকে দণ্ডনীয় ঘোষণা করা হয়েছে যে বিধানে–

ক ১৮৬০ সালে প্রণীত দণ্ডবিধিতে
খ ২০০৪ সালে প্রণীত দুর্নীতি দমন কমিশন আইনে
গ ২০১৮ সালে প্রণীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালাতে
ঘ উপরের সবগুলোতে

ব্যাখ্যা বাংলাদেশে দুর্নীতিকে দণ্ডনীয় ঘোষণা করা হয়েছে ১৮৬০ সালে প্রণীত Penal Code (দণ্ডবিধিতে), ২০০৪ সালে প্রণীত দুর্নীতি দমন কমিশন আইনে এবং ২০১৮ সালে প্রণীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালাতে।

উত্তর
১৮৫ ঘ
১৮৬ খ
১৮৭ ক
১৮৮ গ
১৮৯ খ
১৯০ গ
১৯১ ঘ
১৯২ গ
১৯৩ ঘ

CamScanner

১৯৪. অর্থনৈতিক ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হলে–
ক বিনিয়োগ বৃদ্ধি পায় খ দুর্নীতি দূর হয়
গ প্রতিষ্ঠানের সুনাম হয় ঘ যোগাযোগ বৃদ্ধি পায়

ব্যাখ্যা সুশাসনের অর্থনৈতিক গুরুত্ব অপরিসীম। অর্থনৈতিক ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হলে উৎপাদন খাতে বিনিয়োগ করতে যে সকল বাধা-বিপত্তি; যেমন—কালো বাজারি, মজুদদারী, একচেটিয়া কারবার প্রভৃতি দূর হয়। নতুন নতুন উদ্যোক্তা তৈরি হয়, যারা তাদের উদ্ভাবনী শক্তি প্রয়োগের সুযোগ পায়। ফলে দেশের সার্বিক বিনিয়োগ বৃদ্ধি পায়।

১৯৫. জাতিসংঘের দুর্নীতিবিরোধী কনভেনশনের নাম –
ক UNCLOS খ UNCTAD
গ UNCAC ঘ CEDAW

ব্যাখ্যা জাতিসংঘের দুর্নীতি বিরোধী কনভেনশনের নাম The United Nations Convention Against Corruption ((UNCAC)। বাংলাদেশ এই সংস্থার অনুসমর্থনকারী দেশ। দুর্নীতি নির্মূলের জন্য ফৌজদারী আইনগত ব্যবস্থা গ্রহণ ও আন্তর্জাতিক আইনের মাধ্যমে দুর্নীতির প্রতিকার ছাড়াও দুর্নীতির ঘটনা যাতে না ঘটে তার জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণকে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে এই কনভেনশনে। উল্লেখ্য, ৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস।

১৯৬. গণতান্ত্রিক মূল্যবোধের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান—
ক নেতৃত্বের প্রতি আনুগত্য খ স্বচ্ছ নির্বাচন কমিশন
গ শক্তিশালী রাজনৈতিক দল ঘ পরমতসহিষ্ণুতা

ব্যাখ্যা গণতান্ত্রিক মূল্যবোধের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান পরমতসহিষ্ণুতা বা সহনশীলতা। মূল্যবোধের একটি গুরুত্বপূর্ণ দিক হচ্ছে গণতান্ত্রিক মূল্যবোধ। একটি গণতান্ত্রিক রাষ্ট্রে যেসব চিন্তা-ভাবনা, লক্ষ্য-উদ্দেশ্য ও সংকল্প মানুষের গণতান্ত্রিক আচার-ব্যবহার ও দৈনন্দিন কর্মকাণ্ডকে নিয়ন্ত্রিত ও পরিচালিত করে তাকে গণতান্ত্রিক মূল্যবোধ বলে। উল্লেখ্য, মানুষের কর্মকাণ্ডের ভালো-মন্দ বিচার করার ভিত্তিই হচ্ছে মূল্যবোধ।

১৯৭. সরকারি সিদ্ধান্তের ক্ষেত্রে 'স্বার্থের সংঘাত' (conflict of interest)-এর উদ্ভব হয় যখন গৃহীতব্য সিদ্ধান্তের সঙ্গে—
ক সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তার নিজের বা পরিবারের সদস্যদের স্বার্থ জড়িত থাকে।
খ প্রভাবশালী ব্যক্তি বা ব্যক্তিবর্গের স্বার্থ জড়িত থাকে
গ সরকারি স্বার্থ জড়িত থাকে।
ঘ উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বার্থ জড়িত থাকে।

ব্যাখ্যা সরকারি সিদ্ধান্তের ক্ষেত্রে স্বার্থের সংঘাত' (Conflict of interest)-এর উদ্ভব হয় যখন গৃহীতব্য সিদ্ধান্তের সঙ্গে সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তার নিজের বা পরিবারের সদস্যদের স্বার্থ জড়িত থাকে। স্বার্থের সংঘাত হলো সেই পরিস্থিতি, যেখানে কোনো কর্মকর্তা নিজের দায়িত্ব ও কর্তব্য নিষ্ঠার সাথে পালনের বাইরে গিয়ে, সিদ্ধান্ত প্রক্রিয়ার মাধ্যমে রাষ্ট্রীয় বা প্রাতিষ্ঠানিক স্বার্থ পরিহার করে অন্য কোনো ব্যক্তি বা গ্রুপকে সুবিধা প্রদান করেন। আর বিনিময়ে তিনি বা তার নিকটজন সুবিধা লাভ করেন। পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬-এ এবং স্বার্থের সংঘাতের কথা উল্লেখ আছে। স্বার্থের সংঘাত প্রধানত ৩টি কারণে ঘটে। যেমন– ১. স্বজনপ্রীতি, ২. ব্যবসায়িক স্বার্থ ও সম্পর্ক এবং ৩. ব্যক্তিগত লেন-দেন/স্বার্থ।

১৯৮. রাষ্ট্র ও সমাজে দুর্নীতিপ্রবণতার জন্য সবচেয়ে বেশি দায়ী—
ক আইনের প্রয়োগের অভাব খ নৈতিকতা ও মূল্যবোধের অভাব
গ দুর্বল পরিবীক্ষণ ব্যবস্থা ঘ অসৎ নেতৃত্ব

ব্যাখ্যা রাষ্ট্র ও সমাজে দুর্নীতি প্রবণতার জন্য সবচেয়ে বেশি দায়ী নৈতিকতা ও মূল্যবোধের অভাব। মূল্যবোধের অভাব বা অনুপস্থিতিকে বলা হয় মূল্যবোধের অবক্ষয়। মূল্যবোধের অভাবে রাষ্ট্র ও সমাজে বিভিন্ন ধরনের অপরাধ বৃদ্ধি পায়। মূল্যবোধের অবক্ষয়ের কয়েকটি কারণ– মাদকাসক্তি, অশিক্ষা, দুর্নীতি, সঙ্গদোষ, স্যাটেলাইট চ্যানেল ইত্যাদি। নৈতিকতা ও মূল্যবোধের শিক্ষা মানুষের মধ্যে বিকশিত হলে, সে নিজস্ব নিরীক্ষণ (Self-censorship) এর মাধ্যমে অন্যায় কাজ পরিহার করে এবং রাষ্ট্র, সমাজ, পরিবারের জন্য কল্যাণকর কাজ করে। তবে দুর্বল পরিবীক্ষণ ব্যবস্থা, অসৎ নেতৃত্ব ও আইন প্রয়োগের অভাব এগুলোও রাষ্ট্র ও সমাজে দুর্নীতি অনুঘটক হিসেবে কাজ করে।

১৯৯. প্রাথমিকভাবে একজন মানুষের মানবীয় গুণাবলি ও সামাজিক মূল্যবোধের বিকাশ ঘটে—
ক সমাজে বসবাসের মাধ্যমে খ বিদ্যালয়ে
গ পরিবারে ঘ রাষ্ট্রের মাধ্যমে

ব্যাখ্যা প্রাথমিকভাবে একজন মানুষের মানবীয় গুণাবলি ও সামাজিক মূল্যবোধের বিকাশ ঘটে পরিবারে। মূল্যবোধের প্রধানতম প্রাতিষ্ঠানিক উৎস শিক্ষালয় এবং মূল্যবোধ শিক্ষার প্রধানতম লক্ষ্য, সামাজিক অবক্ষয় রোধ করা। সমাজ জীবনে মানুষের ব্যক্তিগত ও সমষ্টিগত আচার-ব্যবহার ও কর্মকাণ্ড যে সকল নীতিমালার মাধ্যমে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় তাদের সমষ্টিকে সামাজিক মূল্যবোধ বলে। বড়দের সম্মান করা, ছোটদের স্নেহ করা, দানশীলতা, শ্রমের মর্যাদা, সহমর্মিতা এগুলো সামাজিক মূল্যবোধ।

২০০. 'সততার জন্য সদিচ্ছা'র কথা বলেছেন—
ক ডেকার্ট খ ডেভিড হিউম
গ ইমানুয়েল কান্ট ঘ জন লক

ব্যাখ্যা জার্মান দার্শনিক ইমানুয়েল কান্ট সততার জন্য সদিচ্ছা'র কথা বলেছেন এবং তিনি কর্তব্যের নৈতিকতার ধারণা প্রবর্তন করেন। তিনি সততার জন্য সদিচ্ছাকে গুরুত্বপূর্ণ মূলনীতি হিসেবে আলোকপাত করেন। কান্টের মতে, নৈতিক নিয়মের উৎস বিচারবুদ্ধি এবং তিনি নীতিবিদ্যার ৩টি মূলনীতির কথা বলেছেন : ১. সদিচ্ছা, ২. শর্তহীন আদেশ ও ৩. কর্তব্যের জন্য কর্তব্য। কান্ট বলেছেন, সদিচ্ছা ব্যতীত এ জগৎ বা এ জগতের বাইরে এমন কিছু নেই যাকে ভালো বলা যায়। জন লক বলেছেন, আকাঙ্ক্ষার অনুশাসন হলো চরিত্রের পটভূমি। ফ্রান্সের দার্শনিক রেনে দেকার্ত বলেন, কোনো কিছুই সন্দেহের বাইরে নয় এবং মৌলিক সত্য উদঘাটনে তিনি সংশয়বাদের আশ্রয় নেন।

উত্তর
১৯৪ ক
১৯৫ গ
১৯৬ ঘ
১৯৭ ক
১৯৮ খ
১৯৯ গ
২০০ গ

৪৩তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২১

পরীক্ষার তারিখ : ২৯.১০.২০২১; সময় : ২ ঘণ্টা; পূর্ণমান : ২০০; সেট নম্বর : ০১; কোড : নীলকণ্ঠ

[মোট প্রশ্ন ২০০ (দুইশত)টি। প্রতিটি প্রশ্নের ৪(চার)টি উত্তরের মধ্যে ১ (এক)টি সঠিক উত্তর রয়েছে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য প্রার্থী ১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।]

১. কেন্তুমের কোন দুটি শাখা এশিয়ার অন্তর্গত?
ক হিত্তিক ও তুখারিক খ তামিল ও দ্রাবিড়
গ আর্য ও অনার্য ঘ মাগধী ও গৌড়ী

ব্যাখ্যা পৃথিবীর সমস্ত ভাষাবংশকে কয়েকটি ভাগে ভাগ করা হয়। তার মধ্যে অন্যতম একটি ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ। ভাষাতত্ত্বের বিচারে ইন্দো-ইউরোপীয় ভাষা বংশকে প্রধানত দুভাগে ভাগ করা হয়েছে। যথা : ১. কেন্তুম ও ২. শতম। কেন্তুম ভাগের মধ্যে থাকা হিত্তিক ও তুখারিক ভাষা শাখাগুলো এশিয়ার অন্তর্ভুক্ত। বাকি অপশনগুলো শতম শাখার আলোচনার অন্তর্ভুক্ত।

২. 'রুখের তেন্তুলি কুমীরে খাই'-এর অর্থ কী?
ক তেজি কুমিরকে রুখে দিই খ বৃক্ষের শাখায় পাকা তেঁতুল
গ গাছের তেঁতুল কুমিরে খায় ঘ ভুল থেকে শিক্ষা নিতে হয়

ব্যাখ্যা 'রুখের তেন্তুলি কুমীরে খাই'-এর অর্থ গাছের তেঁতুল কুমিরে খায়। চর্যাপদের মহিলা কবি কুক্কুরীপা রচিত ২নং পদে উক্ত কথাটি পাওয়া যায়।

৩. মনসা দেবীকে নিয়ে লেখা বিজয়গুপ্তের মঙ্গলকাব্যের নাম কী?
ক মনসামঙ্গল খ মনসাবিজয়
গ পদ্মাপুরাণ ঘ পদ্মাবতী

ব্যাখ্যা বাংলা সাহিত্যের মধ্যযুগে বিশেষ এক শ্রেণির ধর্মবিষয়ক আখ্যান কাব্য 'মঙ্গলকাব্য' নামে পরিচিত। মঙ্গলকাব্য ধারার প্রাচীনতম ধারা মনসামঙ্গল। মনসামঙ্গলের অন্যতম কবি বিজয়গুপ্ত। মনসাদেবীর স্বপ্নাদেশ লাভ করে তিনি কাব্য রচনায় ব্রতী হন। তার রচিত কাব্যের নাম 'পদ্মাপুরাণ'। মনসামঙ্গলের আরেক কবি বিপ্রদাস পিপিলাই রচিত কাব্যের নাম 'মনসাবিজয়'। মধ্যযুগের শ্রেষ্ঠ মুসলমান কবি আলাওল রচিত প্রথম কাব্য 'পদ্মাবতী'।

৪. দৌলত উজির বাহরাম খান সাহিত্যসৃষ্টিতে কার পৃষ্ঠপোষকতা লাভ করেন?
ক সুলতান গিয়াসউদ্দিন আজম শাহ
খ কোরেশী মাগন ঠাকুর
গ সুলতান বারবক শাহ
ঘ জমিদার নিজাম শাহ

ব্যাখ্যা মধ্যযুগের ষোড়শ শতাব্দীর কবি দৌলত উজির বাহরাম খান। তিনি চট্টগ্রামের জাফরাবাদের শাসনকর্তা জমিদার নিজাম শাহের দেওয়ান ছিলেন। তিনি সাহিত্য রচনায় নিজাম শাহের পৃষ্ঠপোষকতা লাভ করেন। তার রচিত বিখ্যাত কাব্যগ্রন্থ 'লায়লী-মজনু'। গৌড়ের সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের পৃষ্ঠপোষকতায় 'ইউসুফ-জোলেখা' কাব্য রচনা করেন শাহ মুহম্মদ সগীর। কবি আলাওলের অন্যতম পৃষ্ঠপোষক ছিলেন কোরেশী মাগন ঠাকুর। সুলতান বারবক শাহের পৃষ্ঠপোষকতায় 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্য রচনা করেন মালাধর বসু।

৫. 'চর্যাপদে'র প্রাপ্তিস্থান কোথায়?
ক বাংলাদেশ খ নেপাল
গ উড়িষ্যা ঘ ভুটান

ব্যাখ্যা বাংলা সাহিত্যের আদি নিদর্শন চর্যাপদ। ড. হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজগ্রন্থাগার থেকে চর্যাপদ আবিষ্কার করেন এবং তার সম্পাদনায় 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে ১৯১৬ সালে তা গ্রন্থাকারে প্রকাশিত হয়। চর্যাপদে ২৩ (মতান্তরে ২৪) জন কবির মোট ৫০টি (মতান্তরে ৫১টি) পদ বা গান রয়েছে।

৬. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোথায় জন্মগ্রহণ করেন?
ক চৌবেরিয়া গ্রাম, নদীয়া
খ কাঁঠালপাড়া গ্রাম, চব্বিশ পরগণা
গ বীরসিংহ গ্রাম, মেদিনীপুর
ঘ দেবানন্দপুর গ্রাম, হুগলি

ব্যাখ্যা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে ২৬ সেপ্টেম্বর ১৮২০ জন্মগ্রহণ করেন। উনিশ বছর বয়সে তিনি সংস্কৃত কলেজ থেকে 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেন। তিনিই প্রথম বাংলা গদ্যের অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কার করে বাংলা গদ্য ভাষায় যথাযথ যতিচিহ্ন প্রয়োগ করেন। তাকে 'বাংলা গদ্যের জনক' বলা হয়। তার রচিত কয়েকটি গ্রন্থ— প্রভাবতী সম্ভাষণ, বেতাল পঞ্চবিংশতি, ভ্রান্তিবিলাস, বর্ণপরিচয়, ব্রজবিলাস, রত্নপরীক্ষা। তিনি ১৮৯১ সালের ২৯ জুলাই যকৃতের ক্যান্সার রোগে কলকাতায় মৃত্যুবরণ করেন।

৭. 'তোমারেই যেন ভালোবাসিয়াছি শত রূপে শত বার/জনমে জনমে যুগে যুগে অনিবার'— রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতার অংশ?
ক অনন্ত প্রেম খ উপহার
গ ব্যক্ত প্রেম ঘ শেষ উপহার

ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুরের 'মানসী' কাব্যগ্রন্থের একটি রোমান্টিক কবিতা অনন্ত প্রেম'। এ কবিতার প্রথম দুটি চরণ— 'তোমারেই যেন ভালোবাসিয়াছি শত রূপে শত বার/জনমে জনমে যুগে যুগে অনিবার।' এ কবিতার বিখ্যাত আরও দুটি চরণ— 'আমরা দুজনে ভাসিয়া এসেছি

উত্তর
০১ ক
০২ গ
০৩ গ
০৪ ঘ
০৫ খ
০৬ গ
০৭ ক

CamScanner

যুগল প্রেমের স্রোতে/অনাদিকালের হৃদয়-উৎস হতে।' এ কাব্যগ্রন্থের আরও কয়েকটি কবিতা— উপহার, ব্যক্ত প্রেম, শেষ উপহার, নিষ্ফল কামনা, সিন্ধুতরঙ্গ, গুপ্ত প্রেম।

৮. হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী?
ⓚ পণ্ডিত ⓛ বিদ্যাসাগর
ⓜ শাস্ত্রজ্ঞ ⓝ মহামহোপাধ্যায়

ব্যাখ্যা *হরপ্রসাদ শাস্ত্রী (১৮৫৩-১৯৩১) পশ্চিমবঙ্গের নৈহাটিতে জন্মগ্রহণ করেন। তার অমর কীর্তি বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন চর্যাপদ আবিষ্কার। তার রচিত উল্লেখযোগ্য গ্রন্থ— বাল্মীকির জয়, কাঞ্চনমালা, বেণের মেয়ে, প্রাচীন বাংলার গৌরব, Discovery of Living Buddhism in Bengal, Magadhan Literature, Sanskrit Culture in Modern India। তিনি ১৮৯৮ সালে মহামহোপাধ্যায় ও ১৯১১ সালে সিআইই উপাধি লাভ করেন।*

৯. 'ঐ ক্ষেপেছে পাগলি মায়ের দামাল ছেলে'-কে এই দামাল ছেলে?
ⓚ কাজী নজরুল ইসলাম ⓛ কামাল পাশা
ⓜ চিত্তরঞ্জন দাস ⓝ সুভাষ বসু

ব্যাখ্যা *কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নি-বীণা' (১৯২২)। এ কাব্যের উল্লেখযোগ্য কয়েকটি কবিতা— বিদ্রোহী, প্রলয়োল্লাস, কামাল পাশা, রক্তাম্বরধারিণী মা। 'কামাল পাশা' কবিতাটি তিনি মোস্তফা কামালের পরিচালনায় তুরস্কের যুদ্ধ জয়ের পটভূমিকায় রচনা করেছিলেন। এ কবিতার প্রথম দুটি চরণ— 'ঐ ক্ষেপেছ পাগলী মায়ের দামাল ছেলে কামাল ভাই/ অসুর-পুরে শোর উঠেছে জোরসে সামাল-সামাল তাই।' এখানে 'দামাল ছেলে' বলতে কামাল পাশাকে বোঝানো হয়েছে।*

১০. সজনীকান্ত দাস সম্পাদিত পত্রিকার নাম কী?
ⓚ শনিবারের চিঠি ⓛ রবিবারের ডাক
ⓜ বিজলী ⓝ বঙ্গদর্শন

ব্যাখ্যা *'শনিবারের চিঠি' (১৯২৪) পত্রিকার সম্পাদক সজনীকান্ত দাস। তার সম্পাদিত আরেকটি বিখ্যাত পত্রিকা 'বঙ্গশ্রী'। 'বঙ্গদর্শন' (১৮৭২) পত্রিকার সম্পাদক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। 'বিজলী' (১৯২০) পত্রিকার উদ্যোক্তা ছিলেন নলিনীকান্ত সরকার, বারীন্দ্রকুমার ঘোষ, শচ্চিদানন্দ সেনগুপ্ত, অরুণ সিংহ ও দীনেশরঞ্জন দাশ। এ পত্রিকার অন্যতম সম্পাদক নলিনীকান্ত সরকার। তার সম্পাদনার সময় 'বিজলী' পত্রিকায় নজরুলের 'বিদ্রোহী' কবিতা প্রথম প্রকাশিত হয়।*

১১. 'মানুষের মৃত্যু হ'লে তবুও মানব থেকে যায়'— কে রচনা করেন এই কাব্যাংশে?
ⓚ সুধীন্দ্রনাথ দত্ত ⓛ প্রেমেন্দ্র মিত্র
ⓜ সমর সেন ⓝ জীবনানন্দ দাশ

ব্যাখ্যা *জীবনানন্দ দাশ রচিত 'জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত 'মানুষের মৃত্যু হ'লে' কবিতার বিখ্যাত পঙ্‌ক্তি— 'মানুষের মৃত্যু হ'লে তবুও মানব থেকে যায়।' তার রচিত আরেকটি বিখ্যাত পঙ্‌ক্তি— 'আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে—এই বাংলায়।'*

১২. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?
ⓚ কাঁদো নদী কাঁদো ⓛ নেকড়ে অরণ্য
ⓜ রাঙা প্রভাত ⓝ প্রদোষে প্রাকৃতজন

ব্যাখ্যা *শওকত ওসমান রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'নেকড়ে অরণ্য'। আরও কয়েকটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস— জলাংগী, জাহান্নাম হইতে বিদায় (শওকত ওসমান); নিষিদ্ধ লোবান, নীল দংশন (সৈয়দ শামসুল হক); উপমহাদেশ, কাবিলের বোন (আল মাহমুদ); রাইফেল রোটি আওরাত (আনোয়ার পাশা)। অন্যদিকে মনোসমীক্ষামূলক উপন্যাস 'কাঁদো নদী কাঁদো'-এর রচয়িতা সৈয়দ ওয়ালীউল্লাহ। 'রাঙা প্রভাত' উপন্যাসের রচয়িতা আবুল ফজল। শওকত আলী রচিত ঐতিহাসিক উপন্যাস 'প্রদোষে প্রাকৃতজন'।*

১৩. 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কাব্যগ্রন্থের কবি কে?
ⓚ রফিক আজাদ ⓛ শঙ্খ ঘোষ
ⓜ শক্তি চট্টোপাধ্যায় ⓝ শামসুর রাহমান

ব্যাখ্যা *'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কাব্যগ্রন্থের রচয়িতা শঙ্খ ঘোষ। তার রচিত আরও কয়েকটি কাব্যগ্রন্থ— দিনগুলি রাতগুলি, বাবরের প্রার্থনা, মিনিবুক, এখন সময় নয়, ধুম লেগেছে হৃদকমলে, গান্ধর্ব কবিতাগুচ্ছ, বকুরা মাতি তরজায়। শক্তি চট্টোপাধ্যায় রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ— ছিন্ন বিচ্ছিন্ন, পুরোনো সিঁড়ি, উড়ন্ত সিংহাসন, পাতাল থেকে ডাকছি, মন্ত্রের মতন আছি স্থির। রফিক আজাদ রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ— চুনিয়া আমার আর্কেউিয়া, অসম্ভবের পায়ে, সশস্ত্র সুন্দর, বিরিশিরি পর্ব, পরিকীর্ণ পানশালায় আমার স্বদেশ।*

১৪. ক্ষুদ্র জাতিগোষ্ঠী নিয়ে লেখা উপন্যাস কোনটি?
ⓚ তেইশ নম্বর তৈলচিত্র ⓛ ক্ষুধা ও আশা
ⓜ কর্ণফুলি ⓝ ধানকন্যা

ব্যাখ্যা *ক্ষুদ্র জাতিগোষ্ঠীকে নিয়ে লেখা 'কর্ণফুলী' উপন্যাসের রচয়িতা আলাউদ্দিন আল আজাদ। তার রচিত মনস্তাত্ত্বিক উপন্যাস ' তেইশ নম্বর তৈলচিত্র'। 'ক্ষুধা ও আশা' তার রচিত উপন্যাস এবং 'ধানকন্যা' গল্পগ্রন্থ।*

১৫. 'নীললোহিত' কোন লেখকের ছদ্মনাম?
ⓚ অরুণ মিত্র ⓛ সমরেশ বসু
ⓜ সুনীল গঙ্গোপাধ্যায় ⓝ সমরেশ মজুমদার

ব্যাখ্যা *সুনীল গঙ্গোপাধ্যায়ের ছদ্মনাম 'নীললোহিত'। তার আরও দুটি ছদ্মনাম—'সনাতন পাঠক' ও 'নীল উপাধ্যায়'। সমরেশ বসুর ছদ্মনাম 'কালকূট'।*

উত্তর

০৮	ঘ
০৯	খ
১০	ক
১১	ঘ
১২	খ
১৩	খ
১৪	গ
১৫	গ

১৬. 'মুসলিম সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয়—
ⓚ ১৯ ফেব্রুয়ারি ১৯২৬ ⓛ ১৯ জানুয়ারি ১৯২৬
ⓜ ১৯ মার্চ ১৯২৬ ⓝ ২৬ মার্চ ১৯২৭

ব্যাখ্যা *ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র সভাপতিত্বে ১৯২৬ সালের ১৯ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুসলিম হল ইউনিয়ন কক্ষে 'মুসলিম সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয়। সাহিত্য ও সাংস্কৃতিক এ সংগঠনের মূলমন্ত্র ছিল বুদ্ধির মুক্তি। এ সংগঠনের বার্ষিক মুখপত্র 'শিখা' ১৯২৭ সালে প্রকাশিত হয়। 'শিখা' পত্রিকার মুখবাণী ছিল— 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।'*

১৭. কত সালে 'দুর্গেশনন্দিনী' উপন্যাস প্রথম প্রকাশিত হয়?
ⓚ ১৮৬০ ⓛ ১৮৬১
ⓜ ১৮৬৫ ⓝ ১৮৬৭

ব্যাখ্যা *বাংলায় রচিত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস 'দুর্গেশনন্দিনী' (১৮৬৫)। এটি বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস। উড়িষ্যার অধিকারকে কেন্দ্র করে মুঘল ও পাঠানের সংঘর্ষের পটভূমিতে এটি রচিত হয়। উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র— বিমলা, আয়েশা, জগৎসিংহ, তিলোত্তমা। তার রচিত আরও কয়েকটি উপন্যাস—কপালকুণ্ডলা (১৮৬৬), কৃষ্ণকান্তের উইল (১৮৭৮), বিষবৃক্ষ (১৮৭৩), রাজসিংহ (১৮৮২)।*

১৮. বাংলা সাহিত্যে প্রথম মহিলা ঔপন্যাসিকের নাম কী?
ⓚ বেগম রোকেয়া ⓛ কাদম্বরী দেবী
ⓜ স্বর্ণকুমারী দেবী ⓝ নূরুন্নাহার ফয়জুন্নেসা

ব্যাখ্যা *বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবী (১৮৫৫-১৯৩২) হলেন মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের কন্যা ও রবীন্দ্রনাথ ঠাকুরের বোন। তার রচিত উল্লেখযোগ্য উপন্যাস— দীপনির্বাণ (প্রথম; ১৮৭৬), মেবার রাজ, ছিন্ন মুকুল, মালতী, স্বপ্নবাণী, বিদ্রোহ, মিলনরাত্রি। রোকেয়া সাখাওয়াত হোসেনকে বলা হয় মুসলিম নারীজাগরণের অগ্রদূত। কাদম্বরী দেবী ছিলেন রবীন্দ্রনাথ ঠাকুরের ভাই জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের স্ত্রী। ফয়জুন্নেসা চৌধুরানী ছিলেন একাধারে জমিদার, নারীশিক্ষার প্রবর্তক, সমাজসেবক ও কবি। তার জনহিতকর কাজের জন্য মহারানী ভিক্টোরিয়া ১৮৮৯ সালে তাকে 'নবাব' উপাধিতে ভূষিত করেন।*

১৯. 'আমার দেখা নয়াচীন' কে লিখেছেন?
ⓚ মওলানা ভাসানী ⓛ আবুল ফজল
ⓜ শহীদুল্লা কায়সার ⓝ শেখ মুজিবুর রহমান

ব্যাখ্যা *'আমার দেখা নয়াচীন' শেখ মুজিবুর রহমানের লেখা তৃতীয় গ্রন্থ। গ্রন্থটি ২০২০ সালের ২ ফেব্রুয়ারি বাংলা একাডেমি থেকে প্রকাশিত হয়। গ্রন্থটির ভূমিকা লিখেন শেখ হাসিনা এবং সম্পাদনা করেন অধ্যাপক শামসুজ্জামান খান। গ্রন্থটির ইংরেজি অনুবাদ করেন ড. ফকরুল আলম। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা প্রথম গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী' এবং দ্বিতীয় গ্রন্থ 'কারাগারের রোজনামচা'।*

২০. 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' কার লেখা?
ⓚ এস. ওয়াজেদ আলী ⓛ আবুল হাসেম
ⓜ আবুল মনসুর আহমদ ⓝ আবুল হুসেন

ব্যাখ্যা *আবুল মনসুর আহমদের রাজনীতিবিষয়ক গ্রন্থ 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর'। তার এরূপ আরেকটি গ্রন্থ ' শেরে বাংলা থেকে বঙ্গবন্ধু'। তিনি ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট মন্ত্রিসভার স্বাস্থ্যমন্ত্রী এবং ১৯৫৬-৫৭ পর্যন্ত সোহরাওয়ার্দী মন্ত্রিসভার শিল্প ও বাণিজ্যমন্ত্রী ছিলেন। তার রচিত উপন্যাস— সত্য মিথ্যা, জীবনক্ষুধা, আবে হায়াত। গল্পগ্রন্থ— আয়না, ফুড কনফারেন্স, আসমানী পর্দা।*

২১. 'আসমান' কোন ভাষা থেকে আগত শব্দ?
ⓚ পর্তুগিজ ⓛ ফরাসি
ⓜ আরবি ⓝ ফারসি

ব্যাখ্যা *ফারসি শব্দ— আসমান, চশমা, বাদশাহ, নমুনা, নালিশ, হাঙ্গামা, রসদ, দস্তখত। পর্তুগিজ শব্দ— আনারস, আলপিন, জানালা, পেয়ারা, আলমারি, চাবি, পাউরুটি, বালতি, গুদাম, গির্জা। ফরাসি শব্দ— কার্তুজ, কুপন, ডিপো, রেস্তোরাঁ, বুর্জোয়া, আঁতাঁত, রেনেসাঁস, দিনেমার। আরবি শব্দ— মহকুমা, নগদ, রায়, কলম, আদালত, উকিল, এজলাস, খারিজ, কানুন।*

২২. নিম্নবিবৃত স্বরধ্বনি কোনটি?
ⓚ আ ⓛ ই
ⓜ এ ⓝ অ্যা

ব্যাখ্যা *উচ্চারণের সময়ে জিভের উচ্চতা অনুযায়ী, জিভের সম্মুখ-পশ্চাৎ অবস্থান অনুযায়ী এবং ঠোঁটের উন্মুক্তি অনুযায়ী স্বরধ্বনিকে ভাগ করা হয়। নিচের ছকে তা দেখানো হলো :*

জিভের উচ্চতা ↓	জিভের অবস্থান: সম্মুখ	মধ্য	পশ্চাৎ	ঠোঁটের উন্মুক্তি ↓
উচ্চ	ই		উ	সংবৃত
উচ্চ-মধ্য	এ		ও	অর্ধ-সংবৃত
নিম্ন-মধ্য	অ্যা		অ	অর্ধ-বিবৃত
নিম্ন		আ		বিবৃত

২৩. 'জিজীবিষা' শব্দটির অর্থ কী?
ⓚ জীবননাশের ইচ্ছা ⓛ বেঁচে থাকার ইচ্ছা
ⓜ জীবনকে জানার ইচ্ছা ⓝ জীবন-জীবিকার পথ

ব্যাখ্যা *'জিজীবিষা' সংস্কৃত শব্দ, বিশেষ্য পদ। যার অর্থ বেঁচে থাকার ইচ্ছা।*

উত্তর

১৬	খ
১৭	গ
১৮	গ
১৯	ঘ
২০	গ
২১	ঘ
২২	ক
২৩	খ

CamScanner

২৪. বড় > বড্ড-এটি কোন ধরনের পরিবর্তন?
ⓚ বিষমীভবন ⓛ সমীভবন
ⓜ ব্যঞ্জনদ্বিত্ব ⓝ ব্যঞ্জন-বিকৃতি
ব্যাখ্যা কখনো কখনো জোর দেয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে বলে ব্যঞ্জনদ্বিত্ব বা বর্ণদ্বিত্ব। যেমন— বড় > বড্ড, পাকা > পাক্কা, সকাল > সক্কাল, মুলুক > মুল্লুক ইত্যাদি।

২৫. 'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারার অর্থ কী?
ⓚ রামায়ণের সাত পর্ব ⓛ রামায়ণে বর্ণিত বৃক্ষ
ⓜ রামায়ণে বর্ণিত সাতটি সমুদ্র ⓝ বৃহৎ বিষয়
ব্যাখ্যা 'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারার অর্থ বৃহৎ বিষয়। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা : লঙ্কাকাণ্ড— ফুলফুল অবস্থার সৃষ্টি করা, ব্যাঙের সর্দি— অসম্ভব বস্তু, তামার বিষ— অর্থের কুপ্রভাব, এলাহি কাণ্ড— বিরাট আয়োজন।

২৬. 'Attested' শব্দের বাংলা পরিভাষা কী?
ⓚ প্রত্যায়িত ⓛ সত্যায়িত
ⓜ প্রত্যয়িত ⓝ সত্যয়িত
[Note : বাংলা একাডেমি English-Bangla Dictionary ও আধুনিক বাংলা অভিধান অনুযায়ী Attested অর্থ সত্যায়িত/প্রত্যায়িত। অন্যদিকে বাংলা একাডেমি প্রশাসনিক পরিভাষা গ্রন্থ অনুযায়ী Attested-এর বাংলা পরিভাষা সত্যায়িত ও Certified-এর পরিভাষা প্রত্যয়িত। এছাড়া ড. হায়াৎ মামুদের ভাষা-শিক্ষা গ্রন্থ অনুযায়ী Attested-এর বাংলা পরিভাষা প্রত্যয়িত।]

২৭. 'ডেকে ডেকে হয়রান হচ্ছি।'-এ বাক্যে 'ডেকে ডেকে' কোন অর্থ প্রকাশ করে?
ⓚ অসহ্যত্ব ⓛ বিরক্তি
ⓜ কালের বিস্তার ⓝ পৌনঃপুনিকতা
ব্যাখ্যা একই শব্দ বা সমার্থক শব্দ পরপর দুবার ব্যবহৃত হয়ে অর্থগত বৈচিত্র্য সম্পাদন করলে ওই শব্দদ্বয়কে বলা হয় দ্বিরুক্ত শব্দ বা শব্দদ্বৈত। যেমন : পৌনঃপুনিকতা অর্থে— ডেকে ডেকে হয়রান হচ্ছি। কালের বিস্তার অর্থে— থেকে থেকে শিউটি কাঁদছে।

২৮. চুল বানান কোনটি?
ⓚ চূকন ⓛ অন্তঃসার
ⓜ মুহূর্ত ⓝ অদ্ভুত
ব্যাখ্যা 'চূকন' বানানের শুদ্ধরূপ চুকন। যার অর্থ পৃথিবী, জগৎ।

২৯. 'যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়।'– এটি কোন ধরনের বাক্য?
ⓚ সরল বাক্য ⓛ জটিল বাক্য
ⓜ যৌগিক বাক্য ⓝ খণ্ড বাক্য
ব্যাখ্যা গঠন অনুসারে বাক্য তিন প্রকার। যথা : সরল, মিশ্র বা জটিল ও যৌগিক। যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে জটিল বাক্য বলে। যেমন— যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়। যিনি বিদ্বান, তিনি সর্বত্র পূজিত হন। যিনি গুণবান ব্যক্তি, তিনি বিনয়ী হন।

৩০. 'চিকিৎসাশাস্ত্র' কোন সমাস?
ⓚ কর্মধারয় ⓛ বহুব্রীহি
ⓜ অব্যয়ীভাব ⓝ তৎপুরুষ
ব্যাখ্যা যে সমাসে পরপদের অর্থ প্রাধান্য পায়, তাকে কর্মধারয় সমাস বলে। কর্মধারয় সমাস কয়েক প্রকার হয়ে থাকে। যেমন— সাধারণ, মধ্যপদলোপী, উপমান, উপমিত ও রূপক। যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন— চিকিৎসা বিষয়ক শাস্ত্র = চিকিৎসাশাস্ত্র, নীতি বিষয়ক শাস্ত্র = নীতিশাস্ত্র, জ্যোতিষ্ক বিষয়ক বিজ্ঞান = জ্যোতির্বিজ্ঞান।

৩১. কোনটি নামধাতুর উদাহরণ?
ⓚ চল্ ⓛ কর্
ⓜ বেতা ⓝ পড্
ব্যাখ্যা ধাতু তিন প্রকার। যথা : মৌলিক, সাধিত ও যৌগিক। গঠনরীতি ও অর্থের দিক থেকে সাধিত ধাতু তিন শ্রেণিতে বিভক্ত। যথা : নাম ধাতু, প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু। বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে নতুন ধাতুটি গঠিত হয়, তা-ই নাম ধাতু। যেমন– বেত + আ = বেতা (শাসনের জন্য বেতানো ঠিক নয়)। এরূপ— হাত + আ = হাতা, ঘুম + আ = ঘুমা, বিষ + আ = বিষা, ঘাম + আ = ঘামা। অন্যদিকে চল্, কর্, পড়্— মৌলিক ধাতু।

৩২. 'গড্ডলিকা প্রবাহ' বাগধারায় 'গড্ডল' শব্দের অর্থ কী?
ⓚ স্রোত ⓛ ভেড়া
ⓜ একত্র ⓝ ভাসা
ব্যাখ্যা 'গড্ডলিকা প্রবাহ' বাগধারার অর্থ অন্ধ অনুকরণ। আর এ বাগধারায় 'গড্ডল' শব্দের অর্থ ভেড়া।

৩৩. 'তাতে সমাজজীবন চলে না।'—এ বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?
ⓚ তাতে সমাজজীবন চলে।
ⓛ তাতে না সমাজজীবন চলে।
ⓜ তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে।
ⓝ তাতে সমাজজীবন সচল হয়ে পড়ে।
ব্যাখ্যা নেতিবাচক বাক্যকে অস্তিবাচক বাক্যে রূপান্তর করতে হলে মূল অর্থ অপরিবর্তিত রেখে 'না' বোধক অব্যয় উঠিয়ে দিতে হবে এবং প্রয়োজন মতো নেতিবাচক শব্দের বাক্যাংশকে অস্তিবাচক শব্দ দ্বারা অস্তিবাচকে রূপান্তর করতে হবে। যেমন : নেতিবাচক — তাতে সমাজজীবন চলে না।

উত্তর
২৪ গ
২৫ ঘ
২৬ Note
২৭ ঘ
২৮ ক
২৯ খ
৩০ ক
৩১ গ
৩২ খ
৩৩ গ

অস্তিবাচক — তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে।
নেতিবাচক — এ কথা আমরা বিশ্বাস করি না।
অস্তিবাচক — এ কথা আমরা অবিশ্বাস করি।

৩৪. বাগ্‌যন্ত্রের অংশ কোনটি?
ⓚ স্বরযন্ত্র ⓛ ফুসফুস
ⓜ দাঁত ⓝ উপরের সবকটি
ব্যাখ্যা ধ্বনি উচ্চারণ করতে যেসব প্রত্যঙ্গ কাজে লাগে, সেগুলোকে বাগ্‌যন্ত্র বলে। মানবদেহের উপরিভাগে অবস্থিত ফুসফুস থেকে শুরু করে ঠোঁট পর্যন্ত ধ্বনি উৎপাদনে ব্যবহৃত প্রতিটি প্রত্যঙ্গই বাগ্‌যন্ত্রের অন্তর্ভুক্ত। বাগ্‌যন্ত্রের বিভিন্ন অংশ হলো— স্বরযন্ত্র, ফুসফুস, দাঁত, শ্বাসনালি, জিভ, আলজিভ, ওষ্ঠ, দন্তমূল, নাসারন্ধ্র, মুখ-গহ্বর, শক্ত তালু, কোমল তালু প্রভৃতি।

৩৫. রবীন্দ্রনাথ কোন কারক বাদ দিতে চেয়েছিলেন?
ⓚ করণ কারক ⓛ সম্প্রদান কারক
ⓜ অপাদন কারক ⓝ অধিকরণ কারক
ব্যাখ্যা বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্পর্ক, তাকে কারক বলে। কারক ছয় প্রকার। যথা : ১. কর্তৃ; ২. কর্ম; ৩. করণ; ৪. সম্প্রদান; ৫. অপাদান ও ৬. অধিকরণ। যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে (সংস্কৃত ব্যাকরণ অনুযায়ী) সম্প্রদান কারক বলে। যেমন— সৎপাত্রে কন্যা দান কর। তবে বাংলা ব্যাকরণে রবীন্দ্রনাথ ঠাকুর সম্প্রদান কারক রাখার বিরোধী ছিলেন। রামমোহন রায়, হরপ্রসাদ শাস্ত্রী, রামেন্দ্র সুন্দর ত্রিবেদী প্রমুখ মনীষী সম্প্রদান কারক স্বীকার করেননি। কারণ কর্মকারক দ্বারাই সম্প্রদান কারকের কাজ সুন্দরভাবে সম্পাদন করা যায়। উল্লেখ্য, নবম-দশম শ্রেণির 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' (শিক্ষাবর্ষ ২০২১) গ্রন্থে সম্প্রদান কারক বাদ দিয়ে সম্বন্ধ কারক নামে নতুন কারক যুক্ত করা হয়েছে।

৩৬. The phrase 'sine die' means—
ⓚ half-heartedly ⓛ doubtfully
ⓜ fixed ⓝ uncertain
ব্যাখ্যা Sine die (Latin থেকে আগত আইন সম্পর্কিত শব্দ) অর্থ ভবিষ্যতের সময় বা দিন-তারিখ নির্দিষ্টকৃত বা নিশ্চিত না হওয়া অর্থাৎ অনিশ্চিত সময়। কাজেই অপশন (ঘ) uncertain সঠিক।

৩৭. Fill in the gap.
Birds fly — in the sky.
ⓚ random ⓛ at large
ⓜ at a stitch ⓝ are long
ব্যাখ্যা At large অর্থ (কোনো বিপজ্জনক ব্যক্তি বা প্রাণীর) বন্দি না থেকে মুক্ত অবস্থায় থাকা। Random অর্থ এলোমেলো বা এলোপাথাড়ি; বিশৃঙ্খল। 'At a stitch'-এর পরিবর্তে 'at a stretch' থাকলে তার অর্থ হতো একটানা বা একনাগাড়ে। Sentence-টির context অনুযায়ী are long সুনির্দিষ্ট কোনো অর্থ প্রদান করে না। সুতরাং অপশন (খ) at large সঠিক।

৩৮. Who is the author of 'Jane Eyre'?
ⓚ Charlotte Brontë ⓛ Emily Brontë
ⓜ Jane Austen ⓝ Mary Shelley
ব্যাখ্যা Charlotte Brontë (1816–1865) ছিলেন Victorian period (1832–1901)-এর female novelist। 'Jane Eyre' তার বিখ্যাত উপন্যাস। এটি 1847 সালে প্রকাশিত তার autobiographical (আত্মজীবনীমূলক) উপন্যাস। Emily Brontë-এর উপন্যাস হলো Wuthering Heights (1847)। Jane Austin হলো Romantic যুগের Anti-Romantic Novelist। তার বিখ্যাত উপন্যাসগুলোর মধ্যে রয়েছে Sense and Sensibility (1797-98), Pride and Prejudice (1813), Mansfield Park (1814), Emma (1816)। আর Mary Shelley হলো P.B. Shelley-এর স্ত্রী, যার বিশ্ববিখ্যাত উপন্যাস হলো 'Frankenstein'।

৩৯. The most famous romantic poet of English literature is —
ⓚ John Dryden ⓛ Alexander Pope
ⓜ William Wordsworth ⓝ T. S. Eliot
ব্যাখ্যা ইংরেজি সাহিত্যে most famous romantic poet হলো William Wordsworth। 1798 সালে Wordsworth এবং S.T. Coleridge-এর সম্মিলিত লেখা 'Lyrical Ballads'-এর প্রকাশনার মাধ্যমে Romantic যুগের সূচনা। অন্যদিকে John Dryden হলো Restoration Age (1660–1700)-এর English poet, literary critic, translator এবং playwright। Alexander Pope (1688–1744) ছিলেন Augustan Period (1700–1745)-এর প্রধান কবি। The Rape of the Lock (1712) তার প্রধান Mock-heroic poem। আর T.S. Eliot হলো modern poet, যিনি America তে জন্মগ্রহণ করেন কিন্তু England-এ স্থায়ী হন।

৪০. Identify the correct synonym for the word 'magnanimous'.
ⓚ unkind ⓛ generous
ⓜ revengeful ⓝ friendly
ব্যাখ্যা Magnanimous অর্থ দয়াবান, উদার ও ক্ষমাশীল (বিশেষত শত্রু বা প্রতিদ্বন্দ্বীর প্রতি)। অপশনে প্রদত্ত unkind, generous, revengeful, friendly শব্দসমূহের অর্থ যথাক্রমে নির্দয়, উদার বা মুক্তহস্ত, প্রতিশোধপরায়ণ, বন্ধুত্বপূর্ণ। সুতরাং অপশন (খ) generous সঠিক synonym।

উত্তর
৩৪ ঘ
৩৫ খ
৩৬ ঘ
৩৭ খ
৩৮ ক
৩৯ গ
৪০ খ

CamScanner

৪১. Which gender is the word 'orphan'?
ⓚ neuter ⓛ feminine
ⓜ common ⓝ masculine

ব্যাখ্যা *Orphan শব্দটির অর্থ যে শিশুর বাবা-মা মৃত। Orphan শব্দ দ্বারা এতিম শিশুকে বোঝায়, শিশুর বেলায় gender মুখ্য নয়। সুতরাং, orphan শব্দটি common gender।*

৪২. Who wrote the play 'The Way of the World'?
ⓚ William Shakespeare ⓛ William Congreve
ⓜ Ben Jonson ⓝ Oscar Wilde

ব্যাখ্যা *William Congreve (1670-1729) হলেন The Restoration period (1660-1700)-এর বিখ্যাত dramatist ও poet। 'The Way of the World' (1700) তার বিখ্যাত comedy। তাছাড়া William Shakespeare (1564-1616) হলেন Elizabethan Age (1558-1603)-এর বিখ্যাত dramatist। Ben Johnson (1573–1637) বিখ্যাত dramatist। 'Volpone'(1601), 'The Silent Woman' (1609) তার বিখ্যাত দুটি comedy। আর Oscar Wilde (1854–1900) হলেন একজন Irish playwright।*

৪৩. 'Better to reign in Hell, than serve in Heav'n.'— Who wrote this?
ⓚ Geoffrey Chaucer ⓛ Christopher Marlowe
ⓜ John Milton ⓝ P.B. Shelley

ব্যাখ্যা *John Milton (1608–1674) হলেন Caroline Age (1625–1649)-এর বিখ্যাত epic poet। তার বিখ্যাত epic 'Paradise Lost' (1667)-এর বিখ্যাত উক্তি "Better to reign in hell, than serve in heaven"। Geoffrey Chaucer (1340–1400) হলেন Middle Age-এর সবচেয়ে প্রভাবশালী সাহিত্যিক। Christopher Marlowe (1564–1593) ছিলেন English playwright, poet এবং translator। তিনি Shakespeare-এর পূর্বে সাহিত্যিক ক্যারিয়ার শুরু করেছিলেন। P.B Shelley (1792-1822) ইংরেজি সাহিত্যের রোমান্টিক যুগের বিদ্রোহী কবি।*

৪৪. Who is not an Irish writer?
ⓚ Oscar Wilde ⓛ James Joyce
ⓜ Jonathan Swift ⓝ D.H. Lawrence

ব্যাখ্যা *David Herbert Lawrence (D.H. Lawrence) 1885 সালে ইংল্যান্ডে জন্মগ্রহণ করেন। তিনি বিংশ শতাব্দীর সেরা ঔপন্যাসিকদের একজন। তার বিখ্যাত উপন্যাসগুলোর মধ্যে 'The Rainbow', 'The White Peacock','Sons and Lovers' এবং 'Women in Love' উল্লেখযোগ্য। অন্যদিকে Oscal Wilde, James Joycee এবং Jonathan Swift হলেন Irish লেখক।*

৪৫. 'A herd of cattle is passing.' The underlined word is a/an—
ⓚ adverb ⓛ adjective
ⓜ collective noun ⓝ abstract noun

ব্যাখ্যা *Herd দ্বারা সমজাতীয় প্রাণীর দল বা পাল বুঝায়, যারা একই সাথে বাস করে, খায় ও চরে বেড়ায়। আর collective noun হলো যে noun দ্বারা একই জাতীয় সকলকেই বুঝায়। সুতরাং herd শব্দটি একটি collective noun।*

৪৬. What is the adjective form of the word 'P ple'?
ⓚ populous ⓛ popular
ⓜ popularity ⓝ popularize

ব্যাখ্যা *Populous অর্থ জনবহুল (জায়গা) অর্থাৎ যেখানে বিপুল সংখ্যক লোক বাস করে। People বা জনতার সাথে সরাসরি সম্পর্কিত। Popular অর্থ জনপ্রিয় যেটা লোকজনের পছন্দের সাথে কিংবা লোকজনের মাঝে পরিচয়-পরিচিতি বা প্রভাব বিস্তারের সাথে সম্পর্কিত। Popularity অর্থ জনপ্রিয়তা, এটি একটি noun। Popularize শব্দটি verb, যার অর্থ মানুষের মাঝে কোনো বিষয়কে পরিচিতি ও উপভোগ করানো।*

৪৭. A speech full of too many words is —
ⓚ a big speech ⓛ maiden speech
ⓜ a verbose speech ⓝ an unimportant speech

ব্যাখ্যা *অতিরিক্ত বা অনেক বেশি (বেদরকারি বা প্রয়োজনের তুলনায় বেশি) শব্দের বক্তব্যক 'verbose speech' বলে। A big speech-এর কোনো ব্যবহার হয় না। Maiden speech হলো জীবনের প্রথম বক্তৃতা। An unimportant speech হলো গুরুত্বহীন বক্তৃতা।*

৪৮. Who is the poet of the poem 'Ozymandias'?
ⓚ P.B. Shelley ⓛ William Wordsworth
ⓜ S.T. Coleridge ⓝ John Keats

ব্যাখ্যা *Percy Bysshe Shelley (P.B. Shelley) (1792–1822) হলেন একজন রোমান্টিক যুগের বিদ্রোহী কবি। তার বিখ্যাত কবিতাগুলোর মধ্যে রয়েছে 'Ozymandias', 'Ode to the West Wind,' 'The Revolt of Islam' 'Ode to Skylark,' 'Queen Mab' ইত্যাদি। তাছাড়া William Wordsworth, S.T. Coleridge, John Keats হলেন Romantic Period-এর বিখ্যাত কবি।*

৪৯. 'Moby Dick', a novel, was written by —
ⓚ Herman Melville ⓛ Nathaniel Hawthorne
ⓜ Mark Twain ⓝ William Faulkner

ব্যাখ্যা *'Moby-Dick' হলো American novelist Herman Melvile (1819-1891)-এর novel। উপন্যাসটি নাবিক Ishmael-এর দ্বারা বর্ণিত সমুদ্রে Moby Dick নামক দৈত্যের উপর প্রতিশোধ নেয়ার কাহিনী। তার আরও কয়েকটি উপন্যাস হলো—Omoo (1847), Mardi (1849), Redburn (1849), White-Jacket (1850)। Nathaniel Hawthrone (1804–1864) হলেন বিখ্যাত American novelist, dramatist, short story writer। 'The Scarlet Letter' তার বিখ্যাত novel। Mark Twain (1835-1910) ছিলেন American writer, humorist and lecturer। 'The Adventure of Huckleberry Finn' (1884) তার একটি বিখ্যাত উপন্যাস। William Faulkner (1897 – 1962) নোবেল জয়ী আমেরিকান লেখক। তার বিখ্যাত সাহিত্যকর্ম হলো 'The Sound and the Fury,' 'As I Lay Dying,' Light in August', 'Absalom, Absalm!' 'A Rose For Emily', 'The Bear'.*

৫০. 'If Winter comes, can Spring be far behind?'—Who wrote this?
ⓚ William Blake ⓛ S.T. Coleridge
ⓜ Lord Byron ⓝ P.B. Shelley

ব্যাখ্যা *'If winter comes, can spring be far behind?' 'শীত যদি চলেই আসে, তাহলে বসন্ত কি দূরে থাকতে পারে? P.B. Shelley এর এ বিখ্যাত উক্তি 'Ode to the West Wind' (1819)-এর অন্তর্ভুক্ত। তাছাড়া William Blake, S.T. Coleridge এবং Lord Byron, Romantic যুগের বিখ্যাত কবি।*

৫১. O' Henry was from —
ⓚ Canada ⓛ America
ⓜ England ⓝ Ireland

ব্যাখ্যা *O' Henry হলেন আমেরিকার বিখ্যাত short story writer। তার আসল নাম William Sydney Porter। তার বিখ্যাত ছোট গল্পগুলোর মধ্যে রয়েছে— 'The Gift of the Magi', 'The Duplicity of Hargraves', The Ransome of Red Chief' ইত্যাদি।*

৫২. 'He contemplated marrying his cousin.' Here 'marrying' is a/an—
ⓚ present participle ⓛ gerund
ⓜ verb ⓝ infinitive

ব্যাখ্যা *প্রদত্ত বাক্যটির object হিসেবে বসেছে marrying his cousin এবং phrase-টির headword 'marrying'। আর কোনো বাক্যে object হিসেবে বসতে পারে শুধু noun অথবা pronoun। কাজেই 'marrying' (verb+ing) প্রদত্ত বাক্যে noun-এর মতো কাজ করার ফলে তা gerund।*

৫৩. 'No Second Troy' is a —
ⓚ short story ⓛ novel
ⓜ poem ⓝ drama

ব্যাখ্যা *'No Second Troy' হলো William Butler Yeats (W.B.Yeats) (1865–1939) এর বিখ্যাত কবিতা। তার উল্লেখযোগ্য অন্যান্য কবিতা হলো—'The Second Coming', 'Sailing to Byzantium' 'A Prayer for My Daughter', 'The Lake Isle of Innisfree'।*

৫৪. Who is not a modern poet?
ⓚ W.B. Yeats ⓛ W.H. Auden
ⓜ John Keats ⓝ T.S. Eliot

ব্যাখ্যা *W.B. Yeats (1865–1939), W.H. Auden (1907–1973), T.S. Eliot (1888-1965) তিনজনই modern poet। অন্যদিকে, John Keats (1795–1821) হলেন romantic poet।*

৫৫. Who is the author of the novel 'The God of Small Things'?
ⓚ Thomas Hardy ⓛ Jhumpa Lahiri
ⓜ R. K. Narayan ⓝ Arundhati Roy

ব্যাখ্যা *Arundhati Roy (1961–) একজন Indian writer। তার বিখ্যাত Semi-autobiographical উপন্যাস হলো 'The God of Small Things'। তিনি ১৯৯৭ সালে বইটির জন্য Booker Prize লাভ করেন।*

৫৬. Which of the following novels is not written by an English writer?
ⓚ A Passage to India
ⓛ Sons and Lovers
ⓜ One Hundred Years of Solitude
ⓝ Pride and Prejudice

ব্যাখ্যা *'A Passage to India' হলো E.M. Forster-এর বিখ্যাত উপন্যাস। 'Sons and Lovers' হলো D.H.Lawrence-এর উপন্যাস। 'Pride and Prejudice' হলো Jane Austine-এর বিখ্যাত উপন্যাস। তারা তিনজনই English Writer। কিন্তু 'One Hundred Years of Solitude'-এর লেখক হলেন Gabriel Garcia Marquez, যিনি ল্যাটিন আমেরিকার দেশ কলম্বিয়ায় জন্মগ্রহণ করেন।*

৫৭. Where is the setting of the play 'Hamlet'?
ⓚ England ⓛ Italy
ⓜ France ⓝ Denmark

ব্যাখ্যা *William Shakespeare-এর বিখ্যাত নাটক Hamlet-এর setting ছিলো Helsingor (Denmark)। এটা Shakespeare-এর সবচেয়ে বড় নাটক। নাটকটি একটি ট্রাজেডি। Prince Hamlet তার বাবার হত্যার প্রতিশোধ গ্রহণকে কেন্দ্র করে নাটকটির পুরো plot (ঘটনা) আবর্তিত।*

উত্তর

৪১	গ
৪২	খ
৪৩	গ
৪৪	ঘ
৪৫	গ
৪৬	ক
৪৭	গ
৪৮	ক
৪৯	ক
৫০	ঘ
৫১	খ
৫২	খ
৫৩	গ
৫৪	গ
৫৫	ঘ
৫৬	গ
৫৭	ঘ

৫৮. The word 'to genuflect' means—
ⓚ to be genuine ⓛ to reflect
ⓜ to bend the knee ⓝ to be flexible

ব্যাখ্যা Genuflect অর্থ (১) (সম্মান জানানোর প্রতীক হিসেবে গির্জায়) এক হাঁটু বা উভয় হাঁটু মুড়িয়ে শরীরকে নত করা; (২) কারো প্রতি বা কোনো কিছুর প্রতি অত্যধিক সম্মান প্রদর্শন করা।

৫৯. Fill in the blank: 'She went to New Market—.'
ⓚ on foot ⓛ on feet
ⓜ by foot ⓝ by walking

ব্যাখ্যা কোথাও হেটে যাওয়া বুঝাতে on foot ব্যবহৃত হয়। On feet, by foot, by walking এগুলোর কোনোটিই শুদ্ধ নয়।

৬০. Identify the word which is spelt incorrectly:
ⓚ fluctuation ⓛ remission
ⓜ ocassion ⓝ decision

ব্যাখ্যা Ocassion-এর শুদ্ধরূপ occasion, যার অর্থ উপলক্ষ্য। Fluctuation, remission, decision শব্দসমূহের অর্থ যথাক্রমে অস্থিরতা বা ওঠা-নামা, অব্যাহতি দান বা মওকুফ বা উপশম, সিদ্ধান্ত বা রায়।

৬১. Change the voice: 'Nobody trusts a traitor.'
ⓚ A traitor is trusted.
ⓛ A traitor should not be trusted.
ⓜ Everybody hates a traitor.
ⓝ A traitor is not trusted by anybody.

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটির subject—nobody, verb — trusts ও object— a traitor। Passive করার ক্ষেত্রে প্রদত্ত বাক্যটির object প্রথমে বসবে, তারপর (বাক্যটি present indefinite tense-এ থাকায়) passive-এর subject অনুসারে am/is/are-এর মধ্যে is বসবে ও verb-এর past participle বসবে। তবে active sentence-এ nobody (= no + anybody) থাকায়, passive-এর (auxiliary verb) is-এর পরে not বসাতে হবে। এরপরে by যুক্ত করে anybody বসাতে হবে। কাজেই প্রদত্ত বাক্যের সঠিক passive হলো–অপশন (ঘ) A traitor is not trusted by anybody।

৬২. Choose the right form of verb:
It is high time we (act) on the matter.
ⓚ are acting ⓛ acted
ⓜ have acted ⓝ could act

ব্যাখ্যা It is high time, it is time, wish, fancy, as though, as if ইত্যাদির পরের clause-এর subject-এর পরে verb-এর past form বসে।

৬৩. What is the noun form of the word 'laugh'?
ⓚ laughing ⓛ laughable
ⓜ laughter ⓝ laughingly

ব্যাখ্যা Laugh শব্দটি verb, যার অর্থ হাসা। Laugh-এর noun, adjective, adverb যথাক্রমে laughter, laughable/laughing, laughingly। সুতরাং সঠিক উত্তর অপশন (গ)।

৬৪. What kind of play is 'Julius Ceasar'?
ⓚ romantic ⓛ anti-romantic
ⓜ comedy ⓝ historical

ব্যাখ্যা 'Julius Ceasar' (1599) হলো William Shakespeare-এর ইতিহাস নির্ভর বিখ্যাত ট্র্যাজেডি। তাই সঠিক উত্তর হবে অপশন (ঘ)। তাছাড়া অপশনে ট্র্যাজেডি নেই।

৬৫. Do you have any money — you?
Fill in the blank with appropriate preposition:
ⓚ to ⓛ over
ⓜ in ⓝ on

ব্যাখ্যা (অর্থ-সম্পদ) কারো দ্বারা বহন করা কিংবা কারো মালিকানায় থাকা বোঝালে noun/pronoun-এর পূর্বে on বসে। যেমন : Have you got any money on you? কাউকে অর্থ-সম্পদ প্রদান করা বুঝালে noun/pronoun-এর পূর্বে to বসে। যেমন ; We will refund your money to you in full if you are not entirely satisfied।

৬৬. What is the antonym for the word 'deformation'?
ⓚ distortion ⓛ contortion
ⓜ wholeness ⓝ disfigurement

ব্যাখ্যা Deformation অর্থ (অঙ্গ বা আকার) বিকৃতকরণ। Distortion অর্থ মিথ্যা বা (খবর)বিকৃতি; contortion অর্থ বিকৃতি বা মুখ ভ্যাংচানো কিংবা রোগে বা অপুষ্টিতে ভোগার কারণে মুখের বা চেহারার বিকৃত অবস্থা; Wholeness অর্থ সামগ্রিকতা বা পূর্ণাঙ্গতা; disfigurement অর্থ কোনো ব্যক্তি, বস্তু বা কোনো স্থানের ক্ষতিগ্রস্ত অবয়ব বা বিকৃতভাব।

৬৭. Words inscribed on a tomb is an—
ⓚ epitome ⓛ epithet
ⓜ episode ⓝ epitaph

ব্যাখ্যা Words inscribed on a tomb is an epitaph। অর্থাৎ কোনো লিখা যদি খোদাই করা থাকে পাথরে কিংবা কোথাও তাহলে এটাকে epitaph বলে। কোনো কিছুর হুবহু বর্ণনাকে বা perfect example-কে epitome বলে। Epithet হলো গুণবাচক/ প্রশংসামূলক উক্তি। আর episode হলো টেলিভিশন বা রেডিওতে প্রচারিত বড় গল্পের ছোট ছোট অংশ।

৬৮. The phrase 'dog days' means—
ⓚ hot weather ⓛ cold shower
ⓜ rain-soaked streets ⓝ ice storm

ব্যাখ্যা 'Dog days' idiom-টির অর্থ বছরের উষ্ণতম সময়, যার সমার্থক অপশন (ক) hot weather।

উত্তর

৫৮	গ
৫৯	ক
৬০	গ
৬১	ঘ
৬২	খ
৬৩	গ
৬৪	ঘ
৬৫	ঘ
৬৬	গ
৬৭	ঘ
৬৮	ক

৬৯. — was both a poet and a painter.
ⓚ John Keats ⓛ Spenser
ⓜ William Blake ⓝ John Donne

ব্যাখ্যা William Blake (1757-1827) একই সাথে poet ও painter হিসেবে পরিচিত ছিলেন। তাকে রোমান্টিক যুগের অগ্রদূত বলা হয়। তার উল্লেখযোগ্য সাহিত্যকর্ম হলো Songs of Innocence and of Experience, The Marriage of Heaven and Hell। তাছাড়া John Keats হলেন Romantic Age-এর সবচেয়ে young poet। Edmund Spenser হলেন সনেট রচয়িতা, যিনি বিখ্যাত epic 'The Faerie Queene'-এর জন্য বিখ্যাত। আর John Donne হলেন Jacobean Age-এর বিখ্যাত love poet।

৭০. Identify the correct sentence:
ⓚ The girl burst out tears. ⓛ The girl burst into tears.
ⓜ The girl burst with tears.
ⓝ The girl bursted out tears.

ব্যাখ্যা দুঃখ-কষ্টে ভেঙ্গে পড়া বুঝাতে burst into হয় আর হাসিতে ফেটে পড়া বুঝাতে burst out হয়। Tears অর্থ অশ্রু বা কান্না। কাজেই The girl burst into tears সঠিক উত্তর, যার বাংলা মেয়েটি কান্নায় ভেঙে পড়লো।

৭১. আর্যদের ধর্মগ্রন্থের নাম কী ছিল?
ⓚ মহাভারত ⓛ রামায়ণ
ⓜ গীতা ⓝ বেদ

ব্যাখ্যা আর্যদের ধর্মগ্রন্থের নাম ছিল বেদ। বেদকে অপৌরুষেয় অর্থাৎ ঈশ্বরের বাণী বলে মনে করা হয়। সংস্কৃত ভাষার মহাকাব্য মহাভারতের মূল রচয়িতা কৃষ্ণ দ্বৈপায়ন ব্যাসদেব এবং রামায়ণের রচয়িতা কবি বাল্মীকি। উল্লেখ্য, আর্যজাতি ইরান থেকে এসেছিল। এদের আদি বাসস্থান ছিল ইউরাল পর্বতের দক্ষিণে তৃণভূমি অঞ্চলে। এরা ভারতের উত্তর পশ্চিম সীমান্ত অঞ্চল ও পাঞ্জাবে বসতি স্থাপন করেছিল। আর্য যুগকে বৈদিক যুগ বলা হয়।

৭২. বাংলার প্রাচীন জনপদ কোনটি?
ⓚ পুণ্ড্র ⓛ তাম্রলিপ্ত
ⓜ গৌড় ⓝ হরিকেল

ব্যাখ্যা বাংলার সর্বপ্রাচীন জনপদ 'পুণ্ড্র'। এ জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর বা পুণ্ড্রবর্ধন (বর্তমান মহাস্থানগড়)। এ জনপদ গড়ে উঠেছিল বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর জেলাকে কেন্দ্র করে। প্রায় আড়াই হাজার বছর পূর্বে এখানে সভ্য জনপদ গড়ে উঠেছিল। প্রাচীর বেষ্টিত এ নগরীর ভেতর রয়েছে বিভিন্ন আমলের প্রত্নতাত্ত্বিক নিদর্শন। উল্লেখ্য, মহাস্থানগড় বগুড়া জেলার করতোয়া নদীর তীরে অবস্থিত। খোদাই পাথর ভিটা, বৈরাগীর ভিটা এবং পরশুরামের প্রাসাদ অবস্থিত মহাস্থানগড়ে।

৭৩. মুজিবনগর সরকারের অর্থনীতি বিষয়ক ও পরিকল্পনা বিভাগের দায়িত্বে কে ছিলেন?
ⓚ তাজউদ্দীন আহমদ ⓛ সৈয়দ নজরুল ইসলাম
ⓜ এম. মনসুর আলী ⓝ এ. এইচ. এম. কামরুজ্জামান

ব্যাখ্যা ১০ এপ্রিল ১৯৭১ গঠিত মুজিবনগর সরকারের অর্থনীতি বিষয়ক ও পরিকল্পনা বিভাগের দায়িত্বে ছিলেন প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ। এম. মনসুর আলী ছিলেন অর্থ, বাণিজ্য, শিল্প ও যোগাযোগ বিষয়ক মন্ত্রী। এ সরকারের উপ-রাষ্ট্রপতি ও ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম। স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী ছিলেন এ. এইচ. এম. কামরুজ্জামান। উল্লেখ্য, ১৭ এপ্রিল ১৯৭১ শপথ গ্রহণকারী এ সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

৭৪. ১৯৬৬ সালের ৬ দফার ক'টি দফা অর্থনীতি বিষয়ক ছিল?
ⓚ ৩টি ⓛ ৪টি
ⓜ ৫টি ⓝ ৬টি

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অর্থনৈতিক বৈষম্য থেকে মুক্তির জন্য ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে ঐতিহাসিক 'ছয় দফা' কর্মসূচি উত্থাপন করেন। ছয় দফার মধ্যে অর্থনীতি বিষয়ক দফা ছিল ৩টি। দফা ৩টি হলো— মুদ্রা ও অর্থ সম্বন্ধীয় ক্ষমতা, রাজস্ব, কর বা শুল্ক সম্বন্ধীয় ক্ষমতা এবং বৈদেশিক বাণিজ্য বিষয়ক ক্ষমতা। উল্লেখ্য, ছয় দফা আনুষ্ঠানিকভাবে ঘোষিত হয় ২৩ মার্চ ১৯৬৬।

৭৫. প্রাচীন বাংলায় 'সমতট' বর্তমান কোন অঞ্চল নিয়ে গঠিত ছিল?
ⓚ ঢাকা ও কুমিল্লা ⓛ ময়মনসিংহ ও নেত্রকোণা
ⓜ কুমিল্লা ও নোয়াখালী ⓝ ময়মনসিংহ ও জামালপুর

ব্যাখ্যা প্রাচীন বাংলায় 'সমতট' বর্তমান কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল নিয়ে গঠিত ছিল। এ জনপদের কেন্দ্রস্থল ছিল কুমিল্লা জেলার বড় কামতায়। হিউয়েন সাঙ-এর বর্ণনা অনুসারে সমতট জনপদের অবস্থান ছিল কামরূপের দক্ষিণে। উল্লেখ্য, বগুড়া ও দিনাজপুর অঞ্চল বরেন্দ্র জনপদের অংশ ছিল। ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল বঙ্গ জনপদের অংশ ছিল। বৃহত্তর সিলেট অঞ্চল ছিল হরিকেল জনপদের অংশ।

৭৬. 'Untranquil Recollections : The Years of Fulfilment' শীর্ষক গ্রন্থটির লেখক কে?
ⓚ আনিসুর রহমান ⓛ রেহমান সোবহান
ⓜ নুরুল ইসলাম ⓝ রওনক জাহান

ব্যাখ্যা 'Untranquil Recollections: The Years of Fulfilment' শীর্ষক গ্রন্থটির লেখক বিশিষ্ট অর্থনীতিবিদ ও খ্যাতিমান বুদ্ধিজীবী রেহমান সোবহান। পূর্ব পাকিস্তান থেকে স্বাধীন গণতান্ত্রিক রাষ্ট্র হয়ে ওঠার ঐতিহাসিক ঘটনা প্রবাহের প্রেক্ষিতে রচিত বইটিতে রেহমান সোবহানের

উত্তর

৬৯	গ
৭০	খ
৭১	ঘ
৭২	ক
৭৩	ক
৭৪	ক
৭৫	গ
৭৬	খ

CamScanner

নিজস্ব কাহিনী বর্ণিত হয়েছে। উল্লেখ্য, 'উতল রোমন্থন : পূর্ণতার সেই বছরগুলো' হলো গ্রন্থটির বাংলা অনুবাদ। গ্রন্থটি বাংলায় অনুবাদ করেছেন অমিতাভ সেনগুপ্ত।

৭৭. ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ কোন সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন?

ক ৬ নম্বর খ ৭ নম্বর
গ ৮ নম্বর ঘ ৯ নম্বর

ব্যাখ্যা *ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ ৮ নম্বর (যশোর) সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য তিনি বীরশ্রেষ্ঠ খেতাবে ভূষিত হন। তিনি ইপিআর সদস্য ছিলেন। তিনি নড়াইল জেলার মহিষখোলা গ্রামে জন্মগ্রহণ করেন ২৬ ফেব্রুয়ারি ১৯৩৬। ৫ সেপ্টেম্বর ১৯৭১ যশোরের গোয়ালহাটি গ্রামে তিনি শহিদ হন। যশোর জেলার শার্শা উপজেলার কাশিপুর গ্রামে তাকে সমাহিত করা হয়। উল্লেখ্য, মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য ৭ জনকে সর্বোচ্চ সম্মান 'বীরশ্রেষ্ঠ' খেতাব দেয়া হয়।*

৭৮. নিম্নোক্ত কোন সালে কৃষিশুমারি অনুষ্ঠিত হয়নি?

ক ১৯৭৭ খ ২০০৮
গ ২০১৫ ঘ ২০১৯

ব্যাখ্যা *১৯৭৭ সালে স্বাধীন বাংলাদেশের প্রথম কৃষিশুমারি অনুষ্ঠিত হয়। দেশের প্রথম পূর্ণাঙ্গ অর্থাৎ গ্রাম ও শহরে একযোগে কৃষিশুমারি অনুষ্ঠিত হয় ১১-২৫ মে ২০০৮। ষষ্ঠ কৃষিশুমারি অনুষ্ঠিত হয় ৯-২০ জুন ২০১৯। ২০১৫ সালে কোনো কৃষিশুমারি অনুষ্ঠিত হয়নি। উল্লেখ্য, স্বাধীনতার পূর্বে ১৯৬০ সালে প্রথম কৃষিশুমারি অনুষ্ঠিত হয়। ১৯৮৩-৮৪ সালে শহর ও পল্লী এলাকায় পৃথকভাবে প্রথম কৃষিশুমারি অনুষ্ঠিত হয়। শুধু পল্লী এলাকায় কৃষিশুমারি অনুষ্ঠিত হয় ২৫.১২.৯৬-২৫.০১.৯৭। এছাড়া ২০০৫ সালে নমুনা চয়নের ভিত্তিতে একটি কৃষি জরিপ পরিচালনা করা হয়।*

৭৯. বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে নারী-পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে?

ক ২৯(২) খ ২৮(২)
গ ৩৯(১) ঘ ৩৯(২)

ব্যাখ্যা *বাংলাদেশের সংবিধানের ২৮(২) নং অনুচ্ছেদে নারী-পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে। ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদে বা জন্মস্থানের কারণে কোনো নাগরিক প্রজাতন্ত্রের নিয়োগ বা পদ লাভের অযোগ্য হবে না কিংবা তার প্রতি বৈষম্য করা যাবে না উল্লেখ রয়েছে ২৯(২) নং অনুচ্ছেদে। ৩৯(১) অনুচ্ছেদে চিন্তা ও বিবেকের স্বাধীনতার নিশ্চয়তা দেয়া হয়েছে। প্রত্যেক নাগরিকের বাক্ ও ভাবপ্রকাশের স্বাধীনতা এবং সংবাদপত্রের স্বাধীনতার অধিকার উল্লেখ আছে যথাক্রমে ৩৯(২) ক ও খ অনুচ্ছেদে।*

৮০. 'নির্বাণ' ধারণাটি কোন ধর্মবিশ্বাসের সাথে সংশ্লিষ্ট?

ক হিন্দুধর্ম খ বৌদ্ধধর্ম
গ খ্রিষ্টধর্ম ঘ ইহুদিধর্ম

ব্যাখ্যা *'নির্বাণ' ধারণাটি বৌদ্ধ ধর্ম বিশ্বাসের সাথে সংশ্লিষ্ট। 'নির্বাণ' হলো সাধনার চরম পরিণতি বা প্রাপ্তি। দীর্ঘ সময় সাধনার পরেই কেবল এমন স্তরে পৌঁছানো যায়। বৌদ্ধমতানুসারে 'নির্বাণ' হলো মোক্ষলাভের শর্ত। 'নির্বাণ' দুই প্রকার। যথা— সোপাদিশেষ নির্বাণ ও অনুপাদিশেষ বা নিরুপাদিশেষ নির্বাণ। উল্লেখ্য, বৌদ্ধ ধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধের জন্মস্থান লুম্বিনী (নেপাল)।*

৮১. প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থায় 'বিরুদ্ধ সরকার' বলতে কী বোঝায়?

ক ক্যাবিনেট খ বিরোধী দল
গ সুশীল সমাজ ঘ লোকপ্রশাসন বিভাগ

ব্যাখ্যা *প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থায় 'বিরুদ্ধ সরকার' বলতে বিরোধী দলকে বোঝায়। কারণ এ সরকার ব্যবস্থায় সংখ্যাগরিষ্ঠ দল যেন গণবিরোধী কাজে লিপ্ত না হয়, স্বৈরাচারী ও দুর্নীতিপরায়ণ না হয় সে দিকে সতর্ক দৃষ্টি রাখে বিরোধী দল। বিরোধী দল সরকারের ভুল-ত্রুটি বা গণবিরোধী পদক্ষেপ সম্পর্কে জনগণকে অবহিত করে। বিরোধী দলের সমালোচনার ভয়ে সরকারি দল জনকল্যাণকর কাজে উদ্যোগী হয়।*

৮২. ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র কে ছিলেন?

ক আনিসুল হক খ সাঈদ খোকন
গ সাদেক হোসেন খোকা ঘ মোহাম্মদ হানিফ

ব্যাখ্যা *জনগণের প্রত্যক্ষ ভোটে ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম মেয়র নির্বাচন অনুষ্ঠিত হয় ৩০ জানুয়ারি ১৯৯৪। এ নির্বাচনে ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম মেয়র নির্বাচিত হন মোহাম্মদ হানিফ। উল্লেখ্য, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন সৃষ্টি করা হয় ২৯ নভেম্বর ২০১১। ১ ডিসেম্বর ২০১১ ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন কার্যক্রম শুরু করে। দেশের ১২তম বা সর্বশেষ সিটি কর্পোরেশন ময়মনসিংহ।*

৮৩. বাংলাদেশে কোন সালে বয়স্ক ভাতা চালু হয়?

ক ১৯৯৫ খ ১৯৯৬
গ ১৯৯৭ ঘ ১৯৯৮

ব্যাখ্যা *বাংলাদেশ সরকার ১৯৯৭-৯৮ অর্থবছরে 'বয়স্কভাতা' কর্মসূচি প্রবর্তন করে এবং এর কার্যক্রম শুরু বা চালু হয় এপ্রিল ১৯৯৮ থেকে। এ কর্মসূচির উদ্দেশ্য হলো দেশের দুর্দশাগ্রস্ত, অবহেলিত, আর্থিক দৈন্যে জর্জরিত বয়স্ক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থাকে বিবেচনা করে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় নিয়ে আসা।*

উত্তর
৭৭ গ
৭৮ গ
৭৯ খ
৮০ খ
৮১ খ
৮২ ঘ
৮৩ ঘ

৮৪. একনেক (ECNEC)-এর প্রধান কে?

ক প্রধানমন্ত্রী খ অর্থমন্ত্রী
গ বাণিজ্যমন্ত্রী ঘ পরিকল্পনা মন্ত্রী

ব্যাখ্যা *বাংলাদেশের অর্থনৈতিক নীতি ও উন্নয়ন পরিকল্পনা অনুমোদনের সর্বোচ্চ কর্তৃপক্ষ হলো জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC)। ECNEC-এর সভাপতি হলেন প্রধানমন্ত্রী এবং বিকল্প সভাপতি অর্থমন্ত্রী। ১৯৮২ সালে একনেক গঠিত হয়। ECNEC-এর পূর্ণরূপ Executive Committee of the National Economic Council।*

৮৫. 'বলাকা' কোন ফসলের একটি প্রকার?

ক ধান খ গম
গ পাট ঘ টমেটো

ব্যাখ্যা *'বলাকা' হলো গমের এক প্রকার উন্নত জাত। আরো কয়েকটি উন্নত জাতের গম হলো— অগ্রণী, আনন্দ, আকবর, কাঞ্চন, দোয়েল, বরকত, সোনালিকা, জোপাটিকা, শতাব্দী এবং ইনিয়া-৬৬। উন্নত জাতের কিছু ধান হলো— হীরা, মালা, বিপ্লব, ব্রিশাইল, দুলাভোগ, ইরাটম, আশা, প্রগতি, মুক্তা, ব্রি হাইব্রিড ধান-১, বাউ-১৬, আলোক-৬২১০, সোনার বাংলা-১, সুপার রাইস, নারিকা-১ প্রভৃতি। উন্নত জাতের কিছু টমেটোর জাত হলো— বাহার, মানিক, রতন, অপূর্ব, মিন্টো, ঝুমকা, সিঁদুর ও শ্রাবণী।*

৮৬. তথ্য অধিকার আইন কোন সালে চালু হয়?

ক ২০০২ খ ২০০৬
গ ২০০৯ ঘ ২০১১

ব্যাখ্যা *তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে ২০০৯ সালে 'তথ্য অধিকার আইন' প্রণয়ন করা হয়। ২০০৯ সালে প্রণীত আরও কয়েকটি উল্লেখ্যযোগ্য আইন হলো— ভোক্তা অধিকার সংরক্ষণ কোর্ট আইন, জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা আইন ইত্যাদি।*

৮৭. 'রেহেনা মরিয়ম নূর' চলচ্চিত্রটি পরিচালনা করেন—

ক জেরেমি চুয়া খ আবদুল্লাহ মোহাম্মদ সাদ
গ রাজীব মহাজন ঘ আজমেরী হক বাঁধন

ব্যাখ্যা *৯৪তম অস্কারে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার জন্য মনোনীত চলচ্চিত্র 'রেহানা মরিয়ম নূর' (২০২১)। ছবিটি ২০২১ সালে ৭৪তম কান চলচ্চিত্র উৎসবে 'আঁ সেরতাঁ র‍্যাগার' বিভাগে নির্বাচিত হয়েছিল। ছবিটির পরিচালক আব্দুল্লাহ মোহাম্মদ সাদ, প্রযোজক জেরেমি চুয়া, সহ-প্রযোজক সেন্সমেকারস প্রডাকশন এবং প্রধান অভিনেত্রী আজমেরী হক বাঁধন।*

৮৮. নিপোর্ট (NIPORT) কী ধরনের গবেষণা প্রতিষ্ঠান?

ক জনসংখ্যা গবেষণা খ নদী গবেষণা
গ মিঠাপানি গবেষণা ঘ বন্দর গবেষণা

ব্যাখ্যা *NIPORT-এর পূর্ণরূপ National Institute of Population Research and Training। এটি একটি জনসংখ্যা বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান। ১৯৭৭ সালে প্রশিক্ষণ দানের জন্য ন্যাশনাল ইনস্টিটিউট অব পপুলেশন ট্রেনিং (NIPOT) স্থাপন করা হয়। পরে এ সংস্থাটিকে আরও সম্প্রসারণ করে NIPORT নামকরণ করা হয়। প্রতিষ্ঠানটি ঢাকার আজিমপুরে অবস্থিত।*

৮৯. ওরাওঁ জনগোষ্ঠী কোন অঞ্চলে বসবাস করে?

ক রাজশাহী-দিনাজপুর খ বরগুনা-পটুয়াখালী
গ রাঙামাটি-বান্দরবান ঘ সিলেট-হবিগঞ্জ

ব্যাখ্যা *ক্ষুদ্র নৃগোষ্ঠী ওরাওদের বাসস্থান বাংলাদেশের বরেন্দ্র অঞ্চল বিশেষ করে রংপুর, দিনাজপুর, জয়পুরহাট, বগুড়া, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ ইত্যাদি জেলায়। প্রকৃতি পূজারি এ নৃগোষ্ঠীর দেবতার নাম ধর্মেশ, ভাষা কুঁড়ুখ বা সাদরি এবং প্রধান উৎসবের নাম কারাম।*

৯০. 'ম্যানিলা' কোন ফসলের উন্নত জাত?

ক তুলা খ তামাক
গ পেয়ারা ঘ তরমুজ

ব্যাখ্যা *বাংলাদেশে সবচেয়ে বেশি তামাক উৎপাদন হয় বৃহত্তর কুষ্টিয়া জেলায়। তামাকের দুটো উন্নত জাত হলো সুমাত্রা ও ম্যানিলা। নিম্নোক্ত অপশনগুলোর মধ্যে তুলার দুটো উন্নত জাত হলো রূপালী ও ডেলফোজ, তরমুজের দুটো উন্নতজাত হলো পদ্মা ও মধুবালা এবং পেয়ারার দুটো উন্নত জাত হলো কাজী পেয়ারা ও বারি পেয়ারা-৪।*

৯১. বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে 'বার্ষিক আর্থিক বিবৃতি'-এর কথা উল্লেখ করা হয়েছে?

ক ৮১ খ ৮৫
গ ৮৭ ঘ ৮৮

ব্যাখ্যা *বাংলাদেশের সংবিধানের ৮৭ নং অনুচ্ছেদে বলা আছে, প্রতি বছর সেই অর্থবছরের অনুমিত আয়-ব্যয় সংবলিত একটি বিবৃতি সংসদে উত্থাপিত হবে যার নাম হবে 'বার্ষিক আর্থিক বিবৃতি'। উল্লেখ্য, সংবিধানের ৮১ নং অনুচ্ছেদে অর্থবিল, ৮৫ নং অনুচ্ছেদে সরকারি অর্থের নিয়ন্ত্রণ এবং ৮৮ নং অনুচ্ছেদে সংযুক্ত তহবিলের উপর দায়-এর কথা বলা আছে।*

৯২. কোভিড-১৯ ভ্যাকসিন উৎপাদনে সম্প্রতি চীনের সাথে বাংলাদেশের কোন ফার্মাসিউটিক্যাল কোম্পানির চুক্তি স্বাক্ষরিত হয়?

ক বেক্সিমকো খ স্কয়ার
গ ইনসেপটা ঘ একমি

ব্যাখ্যা *করোনার টিকা উৎপাদনে ১৬ আগস্ট ২০২১ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ইনসেপ্টা ভ্যাকসিন লিমিটেড এবং চীনের সিনোফার্মের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির আলোকে ইনসেপ্টা ভ্যাকসিন লি.*

উত্তর
৮৪ ক
৮৫ খ
৮৬ গ
৮৭ খ
৮৮ ক
৮৯ ক
৯০ খ
৯১ গ
৯২ গ

CamScanner

প্রথমে চীন থেকে টিকা এনে বোতলজাত করবে এবং পরবর্তীতে টিকা উৎপাদনে যাবে। উল্লেখ্য, বাংলাদেশে করোনার টিকা সরবরাহ নিয়ে প্রথম সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় স্বাস্থ্য মন্ত্রণালয়, ভারতের সিরাম ইনস্টিটিউট এবং বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস-এর মধ্যে।

৯৩. বাংলাদেশ কত সালে OIC-এর সদস্যপদ লাভ করে?
ⓚ ১৯৭৩ ⓛ ১৯৭৪
ⓜ ১৯৭৫ ⓝ ১৯৭৬

ব্যাখ্যা বাংলাদেশ ওআইসির সদস্য পদ লাভ করে ১৯৭৪ সালের ২৩ ফেব্রুয়ারি। এটি ছিল সংস্থাটির দ্বিতীয় শীর্ষ সম্মেলন যা পাকিস্তানের লাহোরে ২২-২৪ ফেব্রুয়ারি ১৯৭৪ অনুষ্ঠিত হয়। উল্লেখ, একই বছর ১৭ সেপ্টেম্বর বাংলাদেশ জাতিসংঘেরও সদস্যপদ লাভ করে।

৯৪. বাংলাদেশে ভোটার হওয়ার সর্বনিম্ন বয়স কত?
ⓚ ১৮ ⓛ ১৯
ⓜ ২০ ⓝ ২১

ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানের ১২২(২) অনুচ্ছেদের (খ)-তে বলা হয়েছে 'কোনো ব্যক্তি সংসদ নির্বাচনের জন্য নির্ধারিত কোনো নির্বাচনী এলাকায় ভোটার-তালিকাভুক্ত হইবার অধিকারী হইবেন, যদি তাহার বয়স আঠার বৎসরের কম না হয়।'

৯৫. বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তা হলেন—
ⓚ আইনমন্ত্রী ⓛ আইন সচিব
ⓜ অ্যাটর্নি জেনারেল ⓝ প্রধান বিচারপতি

ব্যাখ্যা বাংলাদেশ সরকারের প্রধান আইন কর্মকর্তাকে অ্যাটর্নি জেনারেল বলে। রাষ্ট্রপতি এডহক ভিত্তিতে অ্যাটর্নি জেনারেল নিয়োগ দেন। অ্যাটর্নি জেনারেল সরকারের আইন বিষয়ক কার্যাদি সম্পাদন এবং সরকারকে আইন বিষয়ক পরামর্শ প্রদান ও আদালতসমূহে সরকারের পক্ষে মামলা পরিচালনা করেন।

৯৬. কোনটি সাংবিধানিক পদ নয়?
ⓚ প্রধান নির্বাচন কমিশনার
ⓛ চেয়ারম্যান, পাবলিক সার্ভিস কমিশন
ⓜ চেয়ারম্যান, মানবাধিকার কমিশন
ⓝ কন্ট্রোলার ও অডিটর জেনারেল

ব্যাখ্যা বাংলাদেশের বর্তমান সাংবিধানিক পদসমূহ হলো— রাষ্ট্রপতি, মন্ত্রীগণ, স্পিকারগণ, সংসদ সদস্য, বিচারপতিগণ, নির্বাচন কমিশনারগণ, মহাহিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ।

৯৭. বাংলাদেশ সংবিধান হাতে লেখার দায়িত্ব কার ওপর ন্যস্ত ছিল?
ⓚ হাশেম খান ⓛ এ. কে. এম. আব্দুর রউফ
ⓜ আবুল বারক আলভী ⓝ সমরজিৎ রায় চৌধুরী

ব্যাখ্যা বাংলাদেশের প্রথম হস্তলিখিত সংবিধানের মূল লেখক এ. কে. এম আব্দুর রউফ। হস্তলিখিত সংবিধানের অঙ্গসজ্জা করেন শিল্পাচার্য জয়নুল আবেদিন। হস্তলিখিত সংবিধানে মোট পৃষ্ঠা ৯৩টি। স্বাক্ষরসহ মোট পৃষ্ঠা ১০৮টি। প্রথম স্বাক্ষর করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

৯৮. বাংলাদেশে কোনটি ব্যাংক নোট নয়?
ⓚ ২ টাকা ⓛ ১০ টাকা
ⓜ ৫০ টাকা ⓝ ১০০ টাকা

ব্যাখ্যা বাংলাদেশে কাগুজে নোট আছে ১০ ধরনের। এর মধ্যে সরকারি নোটগুলো হলো ১, ২ ও ৫ টাকার নোট। সরকারি নোটে স্বাক্ষর থাকে অর্থসচিবের। অন্যদিকে ৭টি ব্যাংক নোটে স্বাক্ষর থাকে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের। ব্যাংক নোটগুলো হলো— ১০, ২০, ৫০, ১০০, ২০০, ৫০০ ও ১০০০ টাকার নোট।

৯৯. 'সেকেন্ডারি মার্কেট' কিসের সাথে সংশ্লিষ্ট?
ⓚ শ্রম বাজার ⓛ চাকুরি বাজার
ⓜ স্টক মার্কেট ⓝ কৃষি বাজার

ব্যাখ্যা সেকেন্ডারি মার্কেট স্টক মার্কেটের সাথে সংশ্লিষ্ট। বাংলাদেশে স্টক মার্কেট বা শেয়ার বাজার দুটির প্রথমটি ঢাকা স্টক এক্সচেঞ্জ। এটি ১৯৫৪ সালে প্রতিষ্ঠিত হয়। দ্বিতীয়টি চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ। এটি ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশের স্টক মার্কেটের কার্যক্রম নিয়ন্ত্রণ করে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC)।

১০০. বাংলাদেশ সরকার কোন খাত থেকে সর্বোচ্চ রাজস্ব আয় করে?
ⓚ আয়কর ⓛ ভূমিকর
ⓜ আমদানি-রপ্তানি শুল্ক ⓝ মূল্য সংযোজন কর

ব্যাখ্যা বাংলাদেশে মূল্য সংযোজন কর বা ভ্যাট চালু হয় ১ জুলাই ১৯৯১। বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় আসে মূল্য সংযোজন কর থেকে। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে মূল্য সংযোজন কর থেকে প্রাপ্ত আয়ের পরিমাণ এনবিআর আদায়কৃত মোট রাজস্বের ৩৯.২৭%।

১০১. মিয়ানমারের নির্বাসিত সরকারের নাম—
ⓚ এনএলডি সরকার
ⓛ ন্যাশনাল ইউনিটি সরকার
ⓜ বার্মিজ গভর্নমেন্ট ইন এক্সাইল
ⓝ অং সান সু চি সরকার

ব্যাখ্যা ১ ফেব্রুয়ারি ২০২১ মিয়ানমারে সেনা অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতাচ্যুত সর্বশেষ অনুষ্ঠিত জাতীয় নির্বাচনে নির্বাচিত হওয়া সদস্যরা ১৬ এপ্রিল ২০২১ একটি প্রবাসী সরকার গঠন করে। যার নাম National Unity Government বা জাতীয় ঐক্য সরকার। জাতীয় ঐক্য সরকারের নেতৃত্বে রয়েছে অং সান সু চি। সু চি-কে স্টেট কাউন্সেলর রেখে প্রেসিডেন্ট করা হয় উইন মিনতকে। যদিও তারা দুজন কারাগারে বন্দি। এ সরকারের প্রধানমন্ত্রী করা হয় মাহন উইন খাইং থানকে, যিনি কারেন জাতিগোষ্ঠীর একজন নেতা।

১০২. কোন রাষ্ট্রটি বিরোধপূর্ণ দক্ষিণ চীন সাগরের জলসীমার দাবিদার নয়?
ⓚ মালয়েশিয়া ⓛ ফিলিপাইন
ⓜ ভিয়েতনাম ⓝ কম্বোডিয়া

ব্যাখ্যা ১১ বিলিয়ন ব্যারেল তেল ও ১৯০ ট্রিলিয়ন কিউবিক ফুট গ্যাস প্রাপ্তির সম্ভাবনা ও বাণিজ্য জাহাজগুলোর চলার পথ নির্বিঘ্ন করার জন্য চীন দক্ষিণ চীন সাগরের নাইন ড্যাশ লাইন বরাবর বা সাগরটির প্রায় সবটা নিজেদের বলে দাবি করলে সাগরের তীরবর্তী অন্য দেশগুলো, যেমন ভিয়েতনাম, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, ব্রুনাই, ফিলিপাইনস্ ও তাইওয়ানের (ডি ফ্যাক্টো দেশ) সাথে চীনের বিরোধ দেখা দেয়। এক্ষেত্রে কম্বোডিয়া ও থাইল্যান্ড দক্ষিণ চীন সাগরের থাইল্যান্ড উপসাগরের তীরে অবস্থিত হলেও দক্ষিণ চীন সাগরের দাবি নিয়ে তাদের কোনো বিরোধ নেই।

১০৩. নাথু লা পাস কোন দুটি দেশকে সংযুক্ত করেছে?
ⓚ ভারত-নেপাল ⓛ ভারত-পাকিস্তান
ⓜ ভারত-চীন ⓝ ভারত-ভুটান

ব্যাখ্যা ভারতের সিকিম ও চীনের তিব্বতের মধ্যে সংযোগ স্থাপনকারী পাহাড়ি পথ হলো নাথুলা পাস। ১৯৬২ সালের চীন-ভারত যুদ্ধের সময় থেকে এ পাস বন্ধ ছিল। কিন্তু ২০০৬ সালে দুই দেশের মধ্যে কতকগুলো বাণিজ্য চুক্তি সম্পন্ন হওয়ায় ঐ বছরই পাসটি খুলে দেয়া হয়।

১০৪. বাংলাদেশ কোনটির সদস্য নয়?
ⓚ BCIM-EC ⓛ OAS
ⓜ OIC ⓝ BIMSTEC

ব্যাখ্যা আটলান্টিক মহাসাগরের পশ্চিম পাড়ের দেশগুলোতে সমাজতন্ত্রের বিস্তার ঠেকানোর জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীনে ১৯৪৮ সালের ৩০ এপ্রিল গঠিত হয় Organization of American States (OAS), যার সদস্য উত্তর, দক্ষিণ ও মধ্য আমেরিকার ৩৫টি দেশ। বাংলাদেশ এ আঞ্চলিক সংস্থার সদস্য না হলেও BCIM-EC, OIC ও BIMSTEC-এর সদস্য।

১০৫. চীন থেকে ক্রয়কৃত বাংলাদেশ নৌবাহিনীর ডুবোজাহাজ দুটি নিম্নোক্ত কোন শ্রেণির?
ⓚ কিলো-ক্লাস ⓛ মিং-ক্লাস
ⓜ ডলফিন -ক্লাস ⓝ শ্যাং-ক্লাস

ব্যাখ্যা ১২ মার্চ ২০১৭ বাংলাদেশ নৌ-বাহিনীতে আনুষ্ঠানিকভাবে সংযোজিত হয় ডিজেল-ইলেকট্রিক চালিত সাবমেরিন 'বানৌজা নবযাত্রা' ও বানৌজা জয়যাত্রা'। চীন থেকে ক্রয় করা এ সাবমেরিন দুটি টাইপ-০৩৫ জি বা মিং-ক্লাসের।

১০৬. জিবুতি দেশটি কোথায় অবস্থিত?
ⓚ এডেন উপসাগরের পাশে ⓛ প্রশান্ত মহাসাগরে
ⓜ দক্ষিণ আমেরিকায় ⓝ দক্ষিণ চীন সাগরে

ব্যাখ্যা হর্ন অব আফ্রিকার এডেন উপসাগরের তীরবর্তী ছোট্ট দেশ জিবুতি, যার রাজধানীর নামও জিবুতি। বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ চোকপয়েন্ট বাব-এল মান্দেব প্রণালির পাশে অবস্থানের কারণে ভূ-রাজনৈতিকভাবে দেশটির গুরুত্ব অনেক। দেশটিতে ফ্রান্স, যুক্তরাষ্ট্র, জাপান ও চীনের মিলিটারি বেস রয়েছে।

১০৭. নিম্নের কোনটি জাতিসংঘের সংস্থা নয়?
ⓚ আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)
ⓛ আঞ্চলিক শ্রম সংস্থা (ILO)
ⓜ আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)
ⓝ খাদ্য ও কৃষি সংস্থা (FAO)

ব্যাখ্যা ১৯৯৪ সালে গঠিত হওয়া আসিয়ানের সহযোগী সংস্থা ARF বা ASEAN Regional Forum-এর কাজ হলো ইন্দো-প্যাসিফিক অঞ্চলে এর ২৭টি সদস্য দেশের মধ্যে নিরাপত্তা ইস্যু নিয়ে আলোচনা করা এবং নিরাপত্তা জোরদার করতে কার্যকর পদক্ষেপ নেয়া। আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO), আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) এবং খাদ্য ও কৃষি সংস্থা (FAO) জাতিসংঘের বিশেষায়িত সংস্থা হলেও ARF-এর সাথে জাতিসংঘের কোনো সম্পর্ক নেই।

১০৮. United Nations Framework Convention on Climate Change-এর মূল আলোচ্য বিষয় —
ⓚ জীবাশ্ম জ্বালানির ব্যবহার নিয়ন্ত্রণ
ⓛ গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ ও প্রশমন
ⓜ সমুদ্রের উচ্চতা বৃদ্ধি
ⓝ বৈশ্বিক মরুকরণ প্রক্রিয়া এবং বনায়ন

ব্যাখ্যা ১৯৯২ সালে ব্রাজিলের রিও ডি জেনেরো শহরে অনুষ্ঠিত হয় United Nations Conference on Environment and Development, যা Earth Summit নামে পরিচিত। উক্ত সম্মেলনে ১৫৪টি দেশের স্বাক্ষর গ্রহণের মধ্য দিয়ে গঠিত হয় United Nations Framework Convention on Climate Change। UNFCCC-এর মূল আলোচ্য বিষয় হলো বায়ুমণ্ডলে গ্রিনহাউস গ্যাসসমূহের নিঃসরণ নিয়ন্ত্রণ করে বায়ুমণ্ডলের তাপমাত্রা শিল্পপূর্ব যুগে ফিরিয়ে নেয়া। UNFCCC-এর সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণ পর্ষদ হলো Conference of Parties (COP), যা প্রতি বছর মিলিত হয়ে জলবায়ু পরিবর্তনে গৃহীত পদক্ষেপগুলোর ইতিবাচক পর্যালোচনা করে।

উত্তর

৯৩	খ
৯৪	ক
৯৫	গ
৯৬	গ
৯৭	খ
৯৮	ক
৯৯	গ
১০০	ঘ
১০১	খ
১০২	ঘ
১০৩	গ
১০৪	খ
১০৫	খ
১০৬	ক
১০৭	ক
১০৮	খ

১০৯. World Development Report কোন সংস্থার বার্ষিক প্রকাশনা?
ক UNDP খ World Bank
গ IMF ঘ BRICS
ব্যাখ্যা বিশ্বব্যাংক গ্রুপের শাখা IBRD বা International Bank for Reconstruction and Development ১৯৭৮ সাল থেকে World Development Report প্রকাশ করে আসছে। এছাড়া বিশ্বব্যাংক বৈশ্বিক অর্থনৈতিক উন্নয়ন প্রতিবেদন; নারী, ব্যবসা ও আইন শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে থাকে। আর UNDP মানব উন্নয়ন প্রতিবেদন ও বৈশ্বিক জ্ঞান সূচক প্রকাশ করে। অপরদিকে IMF কর্তৃক প্রকাশিত হয় World Economic Outlook Report।

১১০. চীনের জিনজিয়াং (Xinjiang) প্রদেশের মুসলিম গোষ্ঠীর নাম—
ক তুর্কমেন খ উইঘুর
গ তাজিক ঘ কাজাখ
ব্যাখ্যা চীনের উত্তর-পশ্চিমাঞ্চলের বৃহত্তম প্রদেশ জিনজিয়াং। এটি চায়না তুর্কিস্তান বা পূর্ব তুর্কিস্তান নামেও পরিচিত। এ প্রদেশের প্রধান মুসলিম গোষ্ঠী উইঘুর হলেও কাজাখ, কিরঘিজ ও তার্কিক জাতিগোষ্ঠীর উল্লেখযোগ্য সংখ্যক মুসলিমরাও বাস করে। চীনের নির্যাতনের প্রতিবাদে উইঘুররা সম্প্রতি 'তুর্কিস্তান ইসলামিক মুভমেন্ট' নামে একটি চরমপন্থী দল গঠন করেছে, যা চীনা সরকারের বর্তমানে মাথাব্যথার কারণ।

১১১. জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্য কয়টি?
ক ১১ খ ১৫
গ ১৭ ঘ ২১
ব্যাখ্যা জাতিসংঘ কর্তৃক ২৫ সেপ্টেম্বর ২০১৫ গৃহীত হয় 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)'। ১৭টি লক্ষ্য এবং ১৬৯টি সুনির্দিষ্ট উদ্দেশ্য সম্বলিত এ পরিকল্পনা বাস্তবায়নের সময়কাল ধরা হয়েছে ১ জানুয়ারি ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০৩০ পর্যন্ত, মোট ১৫ বছর।

১১২. Trafalgar Square-এর অবস্থান—
ক রাশিয়ায় খ ইংল্যান্ডে
গ ফ্রান্সে ঘ চীনে
ব্যাখ্যা ইংল্যান্ডের মধ্য লন্ডনের ওয়েস্টমিনস্টার সিটির একটি গণচত্বর হলো 'ট্রাফালগার স্কয়ার'। ১৮০৩-১৮১৫ সাল মেয়াদে চলা 'নেপোলিওনিক যুদ্ধের' একটি খণ্ড যুদ্ধ ছিল 'ব্যাটল অব ট্রাফালগার', যা ২১ অক্টোবর ১৮০৫ ব্রিটিশ রয়েল নেভির সাথে ফ্রান্স-স্পেনের মধ্যে স্পেনের আটলান্টিক পাড়ের ট্রাফালগার অন্তরীপে সংঘটিত হয়। এ যুদ্ধে ব্রিটিশ রয়েল নেভির জয়লাভের স্মৃতিস্বরূপ লন্ডনে ১৮৪০ সালে ট্রাফালগার স্কয়ার নির্মাণ করা হয়।

১১৩. মায়া সভ্যতাটি আবিষ্কৃত হয়—
ক উত্তর আমেরিকায় খ দক্ষিণ আমেরিকায়
গ মধ্য আফ্রিকায় ঘ মধ্য আমেরিকায়
ব্যাখ্যা মায়া সভ্যতা মধ্য আমেরিকার বিস্তীর্ণ অঞ্চলজুড়ে খ্রিষ্টপূর্ব ২০০০ অব্দ থেকে খ্রিষ্টীয় সপ্তদশ শতাব্দীর শেষ পর্যন্ত বিরাজমান ছিল। মেক্সিকোর ইুকাটান উপদ্বীপ থেকে এ সভ্যতার যাত্রা শুরু হয়ে আজকের গুয়েতেমালা, বেলিজ, এল সালভাদর ও হন্ডুরাস জুড়ে প্রসারিত হয়েছিল।

১১৪. বিশ্ব মানবাধিকার দিবস—
ক ৮ ডিসেম্বর খ ১০ ডিসেম্বর
গ ১১ ডিসেম্বর ঘ ১৩ ডিসেম্বর
ব্যাখ্যা ৩০টি অনুচ্ছেদ বিশিষ্ট 'মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র' ১০ ডিসেম্বর ১৯৪৮ জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হয়। সাধারণ পরিষদ কর্তৃক ১০ ডিসেম্বর ঘোষণাপত্রটি গৃহীত হওয়ার সম্মানে ১৯৫০ সাল থেকে বিশ্বের প্রতিটি দেশে ১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার দিবস হিসেবে পালিত হয়ে আসছে।

১১৫. আকাবা একটি—
ক সমুদ্রবন্দর খ বিমানবন্দর
গ স্থলবন্দর ঘ নদীবন্দর
ব্যাখ্যা লোহিত সাগরের দুটি প্রধান উপসাগরের একটি হলো আকাবা উপসাগর। এ আকাবা উপসাগরের একেবারে উত্তর-পূর্ব কোণে অবস্থিত জর্ডানের বিখ্যাত সমুদ্রবন্দর হলো আকাবা।

১১৬. ইরান-ইরাক যুদ্ধবিরতির তদারকির কাজে নিয়োজিত জাতিসংঘের বাহিনী কোন নামে পরিচিত ছিল?
ক UNIMOG খ UNIIMOG
গ UNGOMAP ঘ UNICEF
ব্যাখ্যা ইরাক-ইরান যুদ্ধ বন্ধের জন্য জাতিসংঘের নিরাপত্তা কাউন্সিল কর্তৃক আহূত 'প্রস্তাব ৫৯৮' সর্বসম্মতিক্রমে ২০ জুলাই ১৯৮৭ গৃহীত হয় এবং ২০ জুলাই ১৯৮৮ বিবদমান দুই দেশ গ্রহণ করে। এ যুদ্ধ বিরতি তদারকি করার জন্য বাংলাদেশের ব্রিগেডিয়ার জেনারেল আনাম খানের নেতৃত্বে ৯ আগস্ট ১৯৮৮ থেকে ১৯৯১ সাল পর্যন্ত জাতিসংঘের যে শান্তিরক্ষী বাহিনী মোতায়েন করা হয় তার নাম ছিল United Nations Iran-Iraq Military Observer Group বা UNIIMOG।

১১৭. আন্তর্জাতিক গণতন্ত্র দিবস কোন তারিখে পালিত হয়?
ক ১৫ সেপ্টেম্বর খ ১৫ অক্টোবর
গ ১৫ নভেম্বর ঘ ১৫ ডিসেম্বর
ব্যাখ্যা সদস্য দেশগুলোর মধ্যে গণতন্ত্র সম্পর্কে আগ্রহ সৃষ্টি ও গণতন্ত্রের চর্চাকে উৎসাহিত করার জন্য ২০০৭ সালে জাতিসংঘ ১৫ সেপ্টেম্বরকে গণতন্ত্র দিবস হিসেবে

উত্তর
১০৯ খ
১১০ খ
১১১ গ
১১২ খ
১১৩ ঘ
১১৪ খ
১১৫ ক
১১৬ খ
১১৭ ক

পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। আর ২০০৮ সালের ১৫ সেপ্টেম্বর সারাবিশ্বে প্রথমবারের মতো গণতন্ত্র দিবস পালিত হয়, যা এখনও প্রতিবছর ঐ দিনে বিশ্বব্যাপী পালিত হচ্ছে।

১১৮. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল-এর প্রধান কার্যালয় কোথায়?
ক ফ্রান্স খ জার্মানি
গ নেদারল্যান্ড ঘ হাঙ্গেরি
ব্যাখ্যা বিশ্বব্যাপী দুর্নীতি ও অপরাধের বিরুদ্ধে লড়াই করা জার্মানির বার্লিনভিত্তিক স্বেচ্ছাসেবী সংগঠন হলো ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল। পিটার ইজেন কর্তৃক ১৯৯৩ সালে সংস্থাটি প্রতিষ্ঠিত হয়। এ সংস্থা প্রতিবছর Corruption Perception Index বা দুর্নীতির ধারণাসূচক প্রকাশ করে থাকে। সংস্থাটি ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ বা টিআইবি নামে ১৯৯৬ সাল থেকে বাংলাদেশে কাজ করছে।

১১৯. ব্যাডমিন্টন কোন দেশের জাতীয় খেলা?
ক মালয়েশিয়া খ ইন্দোনেশিয়া
গ চীন ঘ ইংল্যান্ড
ব্যাখ্যা আন্তর্জাতিক ব্যাডমিন্টন প্রতিযোগিতায় সফলতা এবং দেশে অধিক জনপ্রিয়তার কারণে ব্যাডমিন্টনকে অনানুষ্ঠানিকভাবে ইন্দোনেশিয়ার জাতীয় খেলা হিসেবে ধরা হয়, যদিও ডি ফ্যাক্টো ভাবেও দেশটির জাতীয় খেলা হলো পেনচাক সিলাত। মালয়েশিয়ার জাতীয় খেলা সেপাক তাকরো, যা অনেকটা ব্যাডমিন্টনের মতই কিন্তু হাত ছাড়া পা ও মাথা দিয়ে খেলা হয়। আর চীন ও ইংল্যান্ডের জাতীয় খেলা যথাক্রমে টেবিল টেনিস ও ক্রিকেট।

১২০. 'The Lady with the Lamp' নামে পরিচিত—
ক হেলেন কেলার খ ফ্লোরেন্স নাইটিঙ্গেল
গ মাদার তেরেসা ঘ সরোজিনী নাইডু
ব্যাখ্যা ব্রিটিশ নাগরিক আধুনিক নার্সিং বিদ্যার প্রতিষ্ঠাতা হিসেবে খ্যাত ফ্লোরেন্স নাইটিঙ্গেল ইতালির ফ্লোরেন্স শহরে ১৮২০ সালে জন্মগ্রহণ করেন। ১৮৫৩-১৮৫৬ সাল পর্যন্ত চলা ক্রিমিয়ার যুদ্ধের সময় কন্সট্যান্টিনোপলে আহত সৈনিকদের জন্য সেবা শুশ্রূষার ব্যবস্থা করেন এবং নার্সদের প্রশিক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ঐ সময় আহত সৈনিকদের দেখার জন্য রাতে লাইট হাতে রাউন্ড দিতেন বলে তিনি 'The Lady with the Lamp' হিসেবে খ্যাতি লাভ করেন।

১২১. নিচের কোন দুর্যোগ 'hydro-meteorological' দুর্যোগ হিসেবে পরিচিত?
ক বন্যা খ খরা
গ ঘূর্ণিঝড় ঘ ভূমিধস
[Note : প্রশ্নে উল্লিখিত সবকটিই জলজ আবহাওয়াজনিত (hydro-meterological) দুর্যোগ। জলজ আবহাওয়াজনিত কারণে বন্যা দেখা দিলে নদীভাঙ্গন হতে পারে, অধিক বৃষ্টির কারণে বা বরফগলে মাটি নরম হওয়ায় ভূমিধস হতে পারে, ঘূর্ণিঝড় দেখা দিতে পারে এবং দীর্ঘ সময় বৃষ্টি না হওয়ার পরিপ্রেক্ষিতে খরা দেখা দিতে পারে।]

১২২. বাংলাদেশের কোথায় প্লায়িস্টোসিন কালের সোপান দেখা যায়?
ক বান্দরবান খ কুষ্টিয়া
গ কুমিল্লা ঘ বরিশাল
ব্যাখ্যা ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে ৩ ভাগে ভাগ করা হয়েছে। (i) সাম্প্রতিককালের প্লাবন সমভূমি অঞ্চল, (ii) প্লাইস্টোসিন কালের সোপান অঞ্চল এবং (iii) টারশিয়ার যুগের পাহাড়ি অঞ্চল। রাজশাহী বিভাগের বরেন্দ্রভূমি, টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলার মধুপুর, গাজীপুরের ভাওয়ালের গড় এবং কুমিল্লা জেলার লালমাই পাহাড় অঞ্চল নিয়ে সোপান অঞ্চল গঠিত।

১২৩. নিচের কোন দেশটির সাথে বাংলাদেশের আন্তর্জাতিক সীমানা রয়েছে?
ক চীন খ পাকিস্তান
গ থাইল্যান্ড ঘ মিয়ানমার
ব্যাখ্যা বাংলাদেশের আন্তর্জাতিক সীমানা রয়েছে মিয়ানমার ও ভারতের সাথে। বাংলাদেশের মোট সীমানার দৈর্ঘ্য ৫,১৩৮ কিমি। তন্মধ্যে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর তথ্য মতে, মিয়ানমারের সাথে সীমান্ত রয়েছে ২৭১ কিমি, ভারতের সাথে সীমান্ত রয়েছে ৪,১৫৬ কিমি। বাকি ৭১১ কিমি হলো উপকূলসীমা।

১২৪. বাংলাদেশের কোন অঞ্চলে আকস্মিক বন্যা হয়?
ক দক্ষিণ-পশ্চিমাঞ্চল খ পশ্চিমাঞ্চল
গ উত্তর-পশ্চিমাঞ্চল ঘ উত্তর-পূর্বাঞ্চল
ব্যাখ্যা বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের উঁচু পাহাড়ের পার্শ্ববর্তী নিম্নাঞ্চলের পাহাড়সমূহ থেকে নেমে আসা জলে আকস্মিক বন্যার সৃষ্টি হয়। এ ধরনের বন্যার ব্যাপকতা এবং স্থায়িত্বকাল খুব কম।

১২৫. 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কী?
ক একটি দেশের নাম খ ম্যানগ্রোভ বন
গ একটি দ্বীপ ঘ সাবমেরিন ক্যানিয়ন
ব্যাখ্যা 'সোয়াচ অব নো গ্রাউন্ড' বাংলাদেশের বঙ্গোপসাগরের একটি খাদের নাম। এর অর্থ হলো, যার কোনো তল নেই। এর অপর নাম গঙ্গাখাত। এটি সুন্দরবনের দুবলার চর থেকে ৩০ কিমি দূরে অবস্থিত। এর গড় গভীরতা প্রায় ১২০০ মিটার। এখানকার ডুবো গিরিখাত বঙ্গীয় উপবদ্বীপের অংশ, যা বিশ্বের বৃহত্তম ডুবো গিরিখাত।

১২৬. নিচের কোন উপজেলাটি সবচেয়ে নদীভাঙ্গন-প্রবণ?
ক বোয়ালমারী খ নড়িয়া
গ আলমডাঙ্গা ঘ নিকলি

উত্তর
১১৮ খ
১১৯ খ
১২০ খ
১২১ Note
১২২ গ
১২৩ ঘ
১২৪ ঘ
১২৫ ঘ
১২৬ খ

CamScanner

ব্যাখ্যা নদীভাঙন বাংলাদেশের একটি চলমান প্রক্রিয়া বিশেষ। দেশের প্রায় ১০০টি উপজেলায় নদীভাঙন সংঘটিত হয়। অপশনগুলোর মধ্যে শরিয়তপুর জেলার নড়িয়া উপজেলা সবচেয়ে বেশি নদীভাঙন-প্রবণ, যা পদ্মা নদীর তীরে অবস্থিত। ভৌগোলিকভাবে নড়িয়া উপজেলা ২১.১৪ ডিগ্রি হতে ২৩.২৫ ডিগ্রি উত্তর-অক্ষাংশ এবং ৯০.১৮ ডিগ্রি পূর্ব-দ্রাঘিমাংশে অবস্থিত।

১২৭. কোন বনাঞ্চল প্রতিনিয়ত লবণাক্ত পানি দ্বারা প্লাবিত হয়?
ক পার্বত্য বন খ শালবন
গ মধুপুর বন ঘ ম্যানগ্রোভ বন

ব্যাখ্যা প্রতিনিয়ত লবণাক্ত পানি দ্বারা প্লাবিত হয় ম্যানগ্রোভ বনাঞ্চল। ম্যানগ্রোভ এক বিশেষ ধরনের উদ্ভিদ, যা সাধারণত সমুদ্র উপকূলবর্তী অঞ্চলের লোনা বা লবণাক্ত পানিতে জন্মায়। সুন্দরবন বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন। বাংলাদেশের নোয়াখালী, লক্ষ্মীপুর, ভোলা, পটুয়াখালী, বরগুনা, পিরোজপুর, চট্টগ্রাম ও কক্সবাজার জেলায় কৃত্রিম বা উপকূলীয় ম্যানগ্রোভ বন রয়েছে।

১২৮. বাংলাদেশের কোন দ্বীপটি প্রবাল দ্বীপ নামে খ্যাত?
ক নিঝুমদ্বীপ খ সেন্ট মার্টিনস
গ হাতিয়া ঘ কুতুবদিয়া

ব্যাখ্যা বাংলাদেশের একমাত্র সামুদ্রিক প্রবাল দ্বীপ সেন্ট মার্টিন। এটি কক্সবাজার জেলার টেকনাফ উপজেলা সদর থেকে প্রায় ৩২ কিলোমিটার দূরে বঙ্গোপসাগরে অবস্থিত। দ্বীপটি সমুদ্র সমতল এবং সমুদ্রপৃষ্ঠের গড় উচ্চতা থেকে ৩.৬ মিটার উপরে।

১২৯. বাংলাদেশের কোন জেলাটি কয়লা সমৃদ্ধ?
ক সিলেট খ কুমিল্লা
গ রাজশাহী ঘ দিনাজপুর

ব্যাখ্যা বাংলাদেশের প্রধান কয়লাক্ষেত্রসমূহ হলো দিনাজপুরের বড়পুকুরিয়া, ফুলবাড়ি ও দীঘিপাড়া, রংপুরের খালাশপীর এবং বগুড়ার জামালগঞ্জ। অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী বড়পুকুরিয়া কয়লাক্ষেত্র থেকে প্রতিবছর ০.৮ মিলিয়ন টন কয়লা উত্তোলন করা হচ্ছে এবং তা ব্যবহার করে ৫২৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করে জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। সুতরাং দেখা যায়, সমগ্র বাংলাদেশ কয়লা সমৃদ্ধ না হলেও দিনাজপুর জেলা কয়লা সমৃদ্ধ।

১৩০. সাম্প্রতিক সময়ে বাংলাদেশে কোন দুর্যোগটির ঝুঁকি বৃদ্ধি পেয়েছে?
ক ভূমিকম্প খ ভূমিধস
গ টর্নেডো ঘ খরা

ব্যাখ্যা বাংলাদেশে বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগ যেমন— ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, খরা, বন্যা, সুনামি, কালবৈশাখী, ভূমিকম্প, নদীভাঙন ইত্যাদি সংঘটিত হয়। তবে সাম্প্রতিক সময়ে বাংলাদেশের উত্তরে আসামের শিলং ও জয়ন্তিয়া পাহাড়, হিমালয়ের পাদদেশ, আন্দামান দ্বীপপুঞ্জ ও বঙ্গোপসাগরের তলদেশে ভূমিকম্প প্রবণতা যথেষ্ট লক্ষ করা যায়। এছাড়াও রয়েছে ভূ-গাঠনিক গতিময়তা। সামগ্রিক দিক থেকে দেখা যায়, বাংলাদেশ ক্রমেই ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে।

১৩১. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো—
ক হাইড্রোজেন খ নাইট্রোজেন
গ মিথেন ঘ ইথেন

ব্যাখ্যা প্রাকৃতিক গ্যাসে মিথেন (87% – 98%), ইথেন (1.5% – 9%), প্রপেন (0.1% – 1.5%), কার্বন ডাই-অক্সাইড (0.05% – 1%), নাইট্রোজেন (0.2% – 5.5%) ইত্যাদি মিশ্রিত অবস্থায় থাকে। এছাড়াও অল্প পরিমাণে বিভিন্ন প্যারাফিন হাইড্রোকার্বন বিদ্যমান।

১৩২. $^{১৭}_{৮}O$ আইসোটোপের নিউট্রন সংখ্যা কত?
ক ৮ খ ১৭
গ ৯ ঘ ২৫

ব্যাখ্যা এখানে, ভর সংখ্যা = প্রোটন সংখ্যা + নিউট্রন সংখ্যা
$\Rightarrow ১৭ = ৮ +$ নিউট্রন সংখ্যা
$\therefore$ নিউট্রন সংখ্যা $= ১৭ - ৮ = ৯$

১৩৩. প্রোটিন তৈরি হয়—
ক ফ্যাটি এসিড দিয়ে খ সাইট্রিক এসিড দিয়ে
গ অ্যামিনো এসিড দিয়ে ঘ অক্সালিক এসিড দিয়ে

ব্যাখ্যা প্রোটিন এক প্রকার বৃহৎ জৈব অণু, যা একাধিক অ্যামিনো এসিডের সমন্বয়ে পেপটাইড বন্ধনের মাধ্যমে গঠিত।

১৩৪. সালোকসংশ্লেষণে সূর্যের আলোর রাসায়নিক শক্তিতে পরিণত করার কর্মদক্ষতা হলো—
ক ০% খ ১০ - ১৫%
গ ৩ - ৬% ঘ ১০০%

ব্যাখ্যা পাতায় আপতিত সূর্যালোকের ৮৩% ক্লোরোপ্লাস্ট কর্তৃক শোষিত হয়। ১২% বায়ুমণ্ডলে প্রতিফলিত হয় এবং বাকি ৫% বিলীন হয়। ক্লোরোপ্লাস্ট শোষিত আলোকশক্তির ৩ - ৬% রাসায়নিক শক্তিতে রূপান্তর করে।

১৩৫. জারণ প্রক্রিয়া সম্পন্ন হয়—
ক অ্যানোডে খ ক্যাথোডে
গ অ্যানোড এবং ক্যাথোড উভয়টিতে
ঘ বর্ণিত কোনোটিতেই নয়

ব্যাখ্যা তড়িৎবিশ্লেষণ কোষে দুটি তড়িৎদ্বার হলো অ্যানোড ও ক্যাথোড। অ্যানোডে জারণ ও ক্যাথোডে বিজারণ প্রক্রিয়া সম্পন্ন হয়।

১৩৬. পানির অণু একটি—
ক প্যারাচুম্বক খ ডায়াচুম্বক
গ ফেরোচুম্বক ঘ অ্যান্টিফেরোচুম্বক

ব্যাখ্যা ডায়াচুম্বক পদার্থ : পানি, দস্তা, পারদ, স্বর্ণ, সীসা, টিন। প্যারাচুম্বক পদার্থ : অ্যালুমিনিয়াম, প্লাটিনাম, এস্টিমনি, অক্সিজেন। ফেরোচুম্বক পদার্থ : লোহা, ইস্পাত, কোবাল্ট।

১৩৭. একটি আদর্শ তড়িৎ উৎসের অভ্যন্তরীণ রোধ কত?
ক শূন্য খ অসীম
গ অতিক্ষুদ্র ঘ যে কোনো মান

ব্যাখ্যা একটি আদর্শ তড়িৎ উৎসের অভ্যন্তরীণ রোধ অসীম ($r = \infty$) এবং আদর্শ ভোল্টেজ উৎসের অভ্যন্তরীণ রোধ শূন্য। আদর্শ তড়িৎ উৎসের ক্ষেত্রে, পরিবাহিতা (G) রোধের ব্যাস্তানুপাতিক $\left(R \propto \frac{1}{G}\right)$।

$R = \infty = \frac{1}{0}$

$\Rightarrow \frac{1}{G} = \frac{1}{0}$

$\Rightarrow G = 0$

অর্থাৎ অসীম রোধের জন্য পরিবাহিতা শূন্য হবে।

১৩৮. কোভিড-১৯ যে ধরনের ভাইরাস—
ক DNA খ DNA+RNA
গ mRNA ঘ RNA

ব্যাখ্যা কোভিড-১৯ যে ভাইরাস দ্বারা সংঘটিত হয় তার নাম SARS-COV-2। এটি একটি RNA ভাইরাস।

১৩৯. হৃদযন্ত্রের সংকোচন হওয়াকে বলা হয়—
ক ডায়াস্টল খ সিস্টল
গ ডায়াসিস্টল ঘ উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা হৃদযন্ত্রের প্রসারণকে ডায়াস্টল (Diastole) ও সংকোচনকে সিস্টল (Systole) বলে।

১৪০. নিচের কোন রোগটি DNA ভাইরাসঘটিত?
ক ডেঙ্গুজ্বর খ স্মলপক্স
গ কোভিড-১৯ ঘ পোলিও

ব্যাখ্যা কোভিড-১৯, ডেঙ্গু, পোলিও, মাম্পস, র‍্যাবিস ইত্যাদি RNA ভাইরাস এবং T_2, TIV, এডিনোহার্পিস, ফুলকপির মোজাইক, স্মলপক্স ইত্যাদি DNA ভাইরাস।

১৪১. ট্রপিক্যাল সাইক্লোন সৃষ্টির জন্য সাগরপৃষ্ঠের ন্যূনতম তাপমাত্রা কত হওয়া প্রয়োজন?
ক ২৬.৫° সে. খ ৩৫° সে.
গ ৩৭.৫° সে. ঘ ৪০.৫° সে.

ব্যাখ্যা ট্রপিক্যাল সাইক্লোন কেন্দ্রে নিম্নচাপ সৃষ্টি হয়। নিম্নচাপ সৃষ্টি হওয়ার জন্য নিম্নতাপমাত্রা (২৬.৫°C) প্রয়োজন।

১৪২. নিচের কোনটি anti-virus সফটওয়্যার নয়?
ক Oracle খ McAfee
গ Norton ঘ Kaspersky

ব্যাখ্যা Oracle, MS Access, MYSQL ইত্যাদি হলো ডেটাবেস সফটওয়্যার। অপরদিকে McAfee, Norton, Kaspersky ইত্যাদি এন্টিভাইরাস সফটওয়্যার।

১৪৩. RFID বলতে বোঝায়—
ক Random Frequency Identification
খ Random Frequency Information
গ Radio Frequency Information
ঘ Radio Frequency Identification

ব্যাখ্যা RFID হচ্ছে ক্রেডিট কার্ডের মত পাতলা এবং ছোট একটি ইলেক্ট্রনিক ডিভাইস যাতে খুব ছোট একটি চিপ, একটি কয়েল ও অ্যান্টেনা থাকে।

১৪৪. কোন মাধ্যমে আলোর পালস্ ব্যবহৃত হয়?
ক তামার তার খ কো-এক্সিয়াল ক্যাবল
গ অপটিক্যাল ফাইবার ঘ ওয়্যারলেস মিডিয়া

ব্যাখ্যা অপটিক্যাল ফাইবার হচ্ছে খুব সরু এবং নমনীয় কাচ তন্তুর আলোক নল। আলো বহনের কাজে এটি ব্যবহৃত হয়। যখন আলোক রশ্মি কাচ তন্তুর এক প্রান্ত দিয়ে প্রবেশ করে, তখন তন্তুর দেয়ালে বারবার এর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটে, যতক্ষণ না অপর প্রান্ত দিয়ে নির্গত হয়। চিকিৎসকরা মানবদেহের ভিতরের কোনো অংশ দেখার জন্য এটি ব্যবহার করেন। টেলিযোগাযোগ ও ইন্টারনেট ব্যবস্থায় Optical fiber ব্যবহৃত হয়।

১৪৫. কোন চিহ্নটি ই-মেইল ঠিকানায় অবশ্যই থাকবে?
ক $ খ # গ & ঘ @

ব্যাখ্যা একটি ই-মেইল ঠিকানায় অবশ্যই যে চিহ্ন বা Symbol টি থাকবে সেটি @। একটি ই-মেইল address-এ বামদিকে user name ও ডানদিকে domain name-এর মাঝে @ চিহ্নটি অবশ্যই থাকতে হয়।

১৪৬. ১০১১১০ বাইনারি নাম্বারের সমতুল্য ডেসিমাল নাম্বার কোনটি?
ক ৪৬ খ ১৬ গ ২৪ ঘ ৫৪

ব্যাখ্যা এখানে, $১ \times ২^৫ + ০ \times ২^৪ + ১ \times ২^৩ + ১ \times ২^২ + ১ \times ২^১ + ০ \times ২^০ = ৩২ + ০ + ৮ + ৪ + ২ + ০ = ৪৬$
$\therefore (১০১১১০)_২ = (৪৬)_{১০}$।

১৪৭. DNS সার্ভারের কাজ হচ্ছে— কে —address-এ পরিবর্তন করা।
ক Email, DNS খ MAC Address, IP
গ Domain name, IP ঘ Email, IP

ব্যাখ্যা DNS বা Domain Name System হলো এমন একটি প্রযুক্তি, যা ইন্টারনেট ব্যবহারকারীদের ইন্টারনেটের বিভিন্ন ওয়েবসাইটে প্রবেশ করতে সহায়তা করে। DNS-এর মূল কাজ হলো Domain Name কে IP Address-এ পরিবর্তন করা।

১৪৮. নিচের কোনটি Open Source DBMS?
ক MySQL খ Microsoft SQL Server
গ Microsoft Access ঘ Oracle

ব্যাখ্যা MYSQL, SQLite, Postgre SQL, Inter-Base প্রভৃতি Open Source Database Management System, অপরদিকে Microsoft SQL Server মাইক্রোসফটের একটি পণ্য।

উত্তর
১২৭ খ
১২৮ খ
১২৯ ঘ
১৩০ ক
১৩১ গ
১৩২ গ
১৩৩ গ
১৩৪ গ
১৩৫ ক
১৩৬ ঘ
১৩৭ খ
১৩৮ ঘ
১৩৯ খ
১৪০ খ
১৪১ ক
১৪২ ক
১৪৩ ঘ
১৪৪ গ
১৪৫ ঘ
১৪৬ ক
১৪৭ গ
১৪৮ ক

CamScanner

১৪৯. নিচের কোনটি output device নয়?
ক monitor খ microphone
গ printer ঘ speaker

ব্যাখ্যা *Monitor, Printer, Speaker, Micro fiche, Projector, Headphone প্রভৃতি output device অপরদিকে Microphone, Graphics Tablet, VDU, OMR, OCR, Sensor প্রভৃতি input device।*

১৫০. নিচের কোনটি একটি প্রতিষ্ঠানের ওয়েব ঠিকানাকে নির্দেশ করে?
ক http খ www
গ URL ঘ HTML

ব্যাখ্যা *URL-এর পূর্ণরূপ Uniform Resource Locator, যা দ্বারা কোনো প্রতিষ্ঠানের ওয়েব ঠিকানাকে নির্দেশ করে। HTML হলো Hyper Text Markup Language, যা ওয়েবসাইট তৈরিতে ব্যবহৃত হয়। http হলো Hyper Text Transfer Protocol, যা একটি প্রোটোকল। www-এর পূর্ণরূপ world wide web।*

১৫১. নিচের কোন প্রযুক্তি 'Pay as You Go' সার্ভিস মডেল অনুসরণ করে?
ক Internet of Things খ Cloud Computing
গ Client-Server Systems ঘ Big Data Analytics

ব্যাখ্যা *ক্লাউড কম্পিউটিং এমন একটি মডেল, যাতে তিনটি বৈশিষ্ট্য থাকে। যথা : ১. রিসোর্স ফ্লেক্সিবিলিটি, ২. অন-ডিমান্ড, ৩. পে-অ্যাজ ইউ গো।*

১৫২. যে সাইবার আক্রমণ সংঘটিত হলে গ্রাহকের বৈধ অনুরোধসমূহ কোনো একটি web server সম্পূর্ণ করতে ব্যর্থ হয় সেটি কী নামে পরিচিত?
ক Phishing খ Man-in-the-Middle
গ Denial of Service ঘ উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা *Denial of Service অ্যাটাক হলো কোনো কম্পিউটার সিস্টেমের কোনো রিসোর্স বা সেবার প্রকৃত ব্যবহারকারীদের বাধা দেয়ার একটি কৌশল। এই আক্রমণ চালানোর মাধ্যমে সিস্টেম বা সাইটের যথাযথ কার্যক্রমকে ধীরগতির, বা অনেক ক্ষেত্রে পুরোপুরি বন্ধ করে দেয়া হয়।*

১৫৩. নিচের Job Scheduling Policy সমূহের মধ্যে কোনটি Starvation থেকে মুক্ত?
ক Priority Scheduling
খ Shortest Job First
গ Youngest Job First
ঘ Round-robin

ব্যাখ্যা *Round Robin হলো CPU Scheduling Algorithm, যেখানে প্রতিটি প্রসেস চক্রাকারে একটি নির্দিষ্ট সময় অনুযায়ী সম্পন্ন হয়। Round Robin সাধারণ, প্রয়োগ করা সহজ এবং Starvation থেকে মুক্ত।*

১৫৪. নিচের কোন প্রযুক্তি Face Recognition System-এর সহায়ক ভূমিকা পালন করে?
ক Applied Artificial Intelligence (AI)
খ Applied Internet of Things (IoT)
গ Virtual Reality
ঘ উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা *মানুষের মুখমণ্ডল শনাক্তকরণে Face Recognition System প্রযুক্তি ব্যবহার করা হয়। Face Recognition System-এর ক্ষেত্রে Applied Artificial Intelligence (AI) সহায়ক ভূমিকা পালন করে। সন্দেহভাজন ব্যক্তি শনাক্তকরণ, প্রবেশদ্বার নিরাপত্তার জন্য Face Recognition System ব্যবহার করা হয়।*

১৫৫. নিচের কোন মেমোরিটিতে Access Time সবচেয়ে কম?
ক Registers খ SSD
গ RAM ঘ Cache memory

ব্যাখ্যা *রেজিস্টার ক্ষুদ্রতম সময়ে বিট ধারণ করতে পারে। Cache Memory বারবার ব্যবহৃত মেমোরিকে হার্ড ড্রাইভে না রেখে র‍্যামে এনে রাখে। সফটওয়্যারের মাধ্যমে দ্রুততম এক্সেস করা যায় ক্যাশ মেমোরিতে অন্যদিকে রেজিস্টার হার্ডওয়্যারে এক্সেস টাইম প্রায় ন্যানোসেকেন্ড লেভেল।*

১৫৬. নিচের কোন ডিভাইসটি ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ সিগন্যালে পরিবর্তনে ব্যবহৃত হয়?
ক Router খ Switch
গ Modem ঘ HUB

ব্যাখ্যা *ডিজিটাল সংকেতকে অ্যানালগ সংকেতে পরিবর্তনের প্রক্রিয়াকে Modulation এবং অ্যানালগ সংকেতকে ডিজিটাল সংকেতে রূপান্তরের প্রক্রিয়াকে Demodulation বলে। Modulation এবং Demodulation-এর সংক্ষিপ্ত রূপ-ই হলো Modem। Modem একটি ইনপুট-আউটপুট ডিভাইস।*

১৫৭. Keyboard এবং CPU-এর মধ্যে কোন পদ্ধতিতে data transmission হয়?
ক Simplex খ Duplex
গ Half duplex ঘ Triplex

ব্যাখ্যা *কী-বোর্ড একটি ইনপুট ডিভাইস। সিমপ্লেক্স ডেটা ট্রান্সমিশন মোডে একদিকে ডেটা প্রেরণের ব্যবস্থা থাকে। সিমপ্লেক্স মোডের উদাহরণ হলো Keyboard থেকে CPU তে ডেটা প্রেরণ, রেডিও-টিভি ব্রডকাস্ট, কম্পিউটার থেকে প্রিন্টারে ডেটা প্রেরণ প্রভৃতি।*

১৫৮. Blockchain-এর প্রতিটি block কী তথ্য বহন করে?
ক A hash pointer to the previous block
খ Timestamp
গ List of transactions
ঘ উপরের সবগুলো

উত্তর
১৪৯ খ
১৫০ গ
১৫১ খ
১৫২ গ
১৫৩ ঘ
১৫৪ ক
১৫৫ ক
১৫৬ গ
১৫৭ ক
১৫৮ ঘ

ব্যাখ্যা *ব্লক চেইন হলো বিটকয়েন ব্যবস্থাপনা মাধ্যম। প্রতি ব্লক একে অন্যের সাথে Hash পয়েন্টার দিয়ে যুক্ত থেকে প্রতিটি লেনদেন (List of transaction)-এর সময় (timestamp) ও সম্পৃক্তি রেকর্ড করে রাখে।*

১৫৯. নিচের কোনটি Bluetooth-এর IEEE standard?
ক IEEE 802.15 খ IEED 802.1
গ IEEE 802.3 ঘ IEEE 802.11

ব্যাখ্যা *Bluetooth IEEE স্ট্যান্ডার্ড 802.15, Wi-Fi-এর IEEE স্টান্ডার্ড 802.11 এবং Wi Max-এর IEEE স্ট্যান্ডার্ড 802.16।*

১৬০. নিচের কোনটি multi-tasking operating system নয়?
ক Windows খ Linux
গ Windows NT ঘ DOS

ব্যাখ্যা *DOS বা Disk Operating System একটি কমান্ডভিত্তিক অপারেটিং সিস্টেম। এই সিস্টেমে একাধিক ব্যবহারকারীর একসাথে কমান্ড দেয়ার সুযোগ নেই।*

১৬১. বাস্তব সংখ্যায় $\frac{1}{3x-5} < \frac{1}{3}$ অসমতাটির সমাধান —
ক $-\infty < x < \frac{5}{3}$ খ $\frac{8}{3} < x < \infty$
গ $-\infty < x < \frac{5}{2}$ অথবা $\frac{8}{3} < x < \infty$
ঘ $-\infty < x < \frac{5}{2}$ এবং $\frac{8}{3} < x < \infty$

ব্যাখ্যা *প্রদত্ত অসমতা :* $\frac{1}{3x-5} < \frac{1}{3}$
$\Rightarrow 3x-5 > 3$
$\Rightarrow 3x > 8$
$\therefore x > \frac{8}{3}$

সুতরাং নির্ণেয় সমাধান : $\frac{8}{3} < x < \infty$ *।*

১৬২. একদল গরু প্রতিবার সমান সংখ্যায় ভাগ হয়ে তিন পথে গমন করে, সাত ঘাটে পানি পান করে, নয়টি বৃক্ষের নিচে ঘুমায় এবং বারো জন গোয়ালা সমান সংখ্যক গরুর দুধ দোয়ায়; তাহলে গরুর সংখ্যা কত?
ক 522 খ 252
গ 225 ঘ 155

ব্যাখ্যা *এখানে, গরুর তিন পথে গমন, সাত ঘাটে পানি পান, নয়টি বৃক্ষ ও বারো জন গোয়ালার সংখ্যা যথাক্রমে 3, 7, 9 এবং 12 ল. সা. গু থেকে গরুর সংখ্যা পাওয়া যাবে।*

3 | 3, 7, 9, 12
1, 7, 3, 4

3, 7, 9, 12 এর ল. সা. গু. $= 3 \times 3 \times 4 \times 7 = 252$ *।*

১৬৩. ২০% যৌগিক মুনাফায় মূলধন ১০,০০০ টাকা ২ বছরের জন্য বিনিয়োগ করা হলো। যদি যৌগিক মুনাফা অর্ধ বছর হিসেবে ধরা হয়, তাহলে চক্রবৃদ্ধি মূলধন কত?
ক $১২^৪$ খ $১১^৪$
গ $১০^৪$ ঘ $৯^৪$

ব্যাখ্যা *প্রাথমিক মূলধন,* $P = ১০০০০$
সময়, $n = ২ \times ২ = ৪$ *[অর্ধবছর হিসেব করলে ১ বছর = ২ বার]*
এবং সুদের হার, $r = \frac{২০}{২}\% = ১০\%$

$\therefore$ *চক্রবৃদ্ধি মূলধন,* $C = ১০০০০ \times \left(১ + \frac{১০}{১০০}\right)^৪$
$= ১০০০০ \times \frac{১১}{১০} \times \frac{১১}{১০} \times \frac{১১}{১০} \times \frac{১১}{১০}$
$= ১১^৪$

১৬৪. $x = \sqrt{4}+\sqrt{3}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$ এর মান কত?
ক $5\sqrt{3}$ খ 52
গ $5\sqrt{2}$ ঘ $2\sqrt{5}$

ব্যাখ্যা *দেয়া আছে,* $x = \sqrt{4}+\sqrt{3}$
এবং $\frac{1}{x} = \frac{1}{\sqrt{4}+\sqrt{3}}$
$= \frac{(\sqrt{4}-\sqrt{3})}{(\sqrt{4}+\sqrt{3})(\sqrt{4}-\sqrt{3})}$
$= \frac{\sqrt{4}-\sqrt{3}}{4-3}$
$= \sqrt{4}-\sqrt{3}$
$\therefore x + \frac{1}{x} = 2\sqrt{4} = 4$


সুতরাং $x^3 + \frac{1}{x^3} = \left(x+\frac{1}{x}\right)^3 - 3x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$
$= 4^3 - 3.4$
$= 64 - 12$
$= 52$

১৬৫. একটি নৌকা পানির লেভেলে বাঁধা দড়ি দ্বারা একটি ডকের দিকে টানা হয়। নৌকাটি যখন ডক থেকে ১২ ফুট দূরে থাকে, তখন নৌকা থেকে ডক পর্যন্ত দড়ির দৈর্ঘ্য পানির উপর ডকের উচ্চতার দ্বিগুণের চেয়ে ৩ ফুট লম্বা হয়। তাহলে ডকের উচ্চতা কত?
ক ৯ ফুট খ ৮ ফুট
গ ৫ ফুট ঘ 8 ফুট

উত্তর
১৫৯ ক
১৬০ ঘ
১৬১ খ
১৬২ খ
১৬৩ খ
১৬৪ খ
১৬৫ গ

CamScanner

ব্যাখ্যা



ডকের উচ্চতা x হলে পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী আমরা জানি,

$x^2 + 12^2 = (2x+3)^2$

$\Rightarrow x^2 + 144 = 4x^2 + 12x + 9$

$\Rightarrow 3x^2 + 12x - 135 = 0$

$\Rightarrow x^2 + 4x - 45 = 0$

$\Rightarrow x^2 + 9x - 5x - 45 = 0$

$\Rightarrow (x+9)(x-5) = 0$

$\therefore x = 5$ ফুট।

অথবা, $x = -9$ [গ্রহণযোগ্য নয়]

১৬৬. $5x - x^2 - 6 > 0$ হলে, নিচের কোনটি সঠিক?

ক $x > 3, x < 2$ খ $2 > x > 3$

গ $x < 2$ ঘ $2 < x < 3$

ব্যাখ্যা $5x - x^2 - 6 > 0$

$\Rightarrow -x^2 + 5x - 6 > 0$

$\Rightarrow x^2 - 5x + 6 < 0$ [-1 দ্বারা উভয় পক্ষে গুণ করে পাই]

$\Rightarrow x^2 - 3x - 2x + 6 < 0$

$\Rightarrow (x-3)(x-2) < 0$

$\therefore x - 3 < 0$ অথবা, $x - 2 > 0$

বা, $x < 3$ বা, $x > 2$

$\therefore$ নির্ণেয় সমাধান : $2 < x < 3$।

১৬৭. $4^x + 4^{1-x} = 4$ হলে, x = কত?

ক $\frac{1}{4}$ খ $\frac{1}{3}$

গ $\frac{1}{2}$ ঘ 1

ব্যাখ্যা $4^x + 4^{1-x} = 4$

$\Rightarrow 4^x + 4.\frac{1}{4^x} = 4$

$\Rightarrow a + 4.\frac{1}{a} = 4$ [ধরি, $a = 4^x$]

$\Rightarrow \frac{a^2+4}{a} = 4$

$\Rightarrow a^2 - 4a + 4 = 0$

$\Rightarrow (a-2)^2 = 0$

$\Rightarrow a = 2$

$\therefore 4^x = 2$ [$\because a = 4x$]

$\Rightarrow 4^x = 4^{\frac{1}{2}}$

$\therefore x = \frac{1}{2}$

SHORTCUT

অপশন থেকে $\frac{1}{2}$ বসিয়ে

সমীকরণ $4^x + 4^{1-x}$ সমান 4 হয়।

$\therefore 4^{\frac{1}{2}} + 4^{1-\frac{1}{2}}$

$= 2 + 2$

$= 4$

১৬৮. $2^{\log_2 3 + \log_2 5}$ এর মান কত?

ক 8 খ 2

গ 15 ঘ 10

ব্যাখ্যা $2^{\log_2 3 + \log_2 5} = 2^{\log_2 15}$

ধরি, $2^{\log_2 15} = x$

$\therefore \log_2 x = \log_2 15$

$\therefore x = 15$

$\Rightarrow 2^{\log_2 15} = 15$

বিকল্প

$2^{\log_2 3 + \log_2 5}$

$= 2^{\log_2 3} \times 2^{\log_2 5}$

$= 3 \times 5$ [$\because a^{\log_a x} = x$]

$= 15$

১৬৯. $\frac{x-2}{x-1} + \frac{1}{x-1} - 2 = 0$ এর সমাধান সেট কোনটি?

ক $\{\varphi\}$ খ $\{1\}$

গ $\{-1\}$ ঘ $\{2\}$

[Note : $\frac{x-2}{x-1} + \frac{1}{x-1} = 2$ ..... (i)

$\Rightarrow \frac{x-2+1}{x-1} = 2$

$\Rightarrow x - 1 = 2x - 2$

$\Rightarrow x = 1$

কিন্তু (i) নং এ $x = 1$ বসালে ভগ্নাংশ অসংজ্ঞায়িত হবে। তাই সমাধান হবে φ বা $\{\ \}$।]

১৭০. $\frac{1}{4} \frac{1}{6} + \frac{1}{9} \frac{2}{7} + \ldots\ldots$ ধারাটির অসীম পদের সমষ্টি কত?

ক $S_\infty = \frac{20}{3}$ খ $S_\infty = \frac{3}{20}$

গ $S_\infty = 20$ ঘ $S_\infty = 3$

[Note : প্রশ্নের চতুর্থ রাশিতে 7 এর স্থলে 27 হবে।

এখানে প্রথম পদ, $a = \frac{1}{4}$

সাধারণ অনুপাত, $r = \frac{-1/6}{1/4} = -\frac{2}{3}$ যা 1 থেকে ছোট।

$\therefore$ অসীমতক সমষ্টি, $S_\infty = \frac{a}{1-r} = \frac{\frac{1}{4}}{1+\frac{2}{3}} = \frac{1}{4} \times \frac{3}{5} = \frac{3}{20}$।

১৭১. একটি কোণের মান তার সম্পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত?

ক ৩০° খ ৬০°

গ ৯০° ঘ ১২০°


ব্যাখ্যা ধরি, কোণের মান = x

প্রশ্নমতে, $x + 2x = 180°$

$\Rightarrow 3x = 180°$

$\therefore x = 60°$

১৭২. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে x কোণের মান কত?



ক 54° খ 72°

গ 108° ঘ 126°

ব্যাখ্যা আমরা জানি, কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।

$\therefore 2\angle BAC = \angle BOC$

$\therefore \angle BAC = \frac{108°}{2} = 54°$

$\because$ বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণের সমষ্টি 180°।

$\therefore$ চিত্রে, $x = \angle BDC = 180° - 54° = 126°$।

১৭৩. $A = \{x \in IN \mid 2 < x \le 8\}$

$B = \{x \in IN \mid x$ বিজোড় এবং $x \le 9\}$ হলে, $A \cap B$ = কত?

ক {3, 5, 8} খ {4, 5, 7}

গ {3, 4, 5} ঘ {3, 5, 7}

ব্যাখ্যা শর্তানুসারে, $A = \{3, 4, 5, 6, 7, 9\}$

এবং $B = \{1, 3, 5, 7, 9\}$

$\therefore A \cap B = \{3, 5, 7\}$।

১৭৪. একটি অনুষ্ঠানে কিছু লোক উপস্থিত ছিল। তারা কেবল একজন মাত্র একজনের সাথে একবার করমর্দন করতে পারবে। যদি করমর্দনের সংখ্যা ৩০০ হয়, তাহলে ঐ অনুষ্ঠানে কতজন লোক ছিল?

ক ২৪ খ ২৫

গ ৩০ ঘ ৬০

ব্যাখ্যা করমর্দনের ক্ষেত্রে, আমরা জানি, ${}^nC_2 = 300$

$\Rightarrow \frac{n!}{(n-2)!2!} = 300$

$\Rightarrow \frac{n(n-1)(n-2)!}{2.1(n-2)!} = 300$

$\Rightarrow n^2 - n = 600$

$\Rightarrow n^2 - n - 600 = 0$

$\Rightarrow n^2 - 25n + 24n - 600 = 0$

$\Rightarrow (n-25)(n+24) = 0$

$\therefore n = 25$। অথবা $n = -24$ [গ্রহণযোগ্য নয়]

১৭৫. A এবং B দুটি ঘটনা যেন, $P(A) = \frac{1}{2}$, $P(A \cup B) = \frac{3}{4}$ এবং $P(B^c) = \frac{5}{8}$। $P(A^c \cap B^c)$ = কত?

ক $\frac{1}{8}$ খ $\frac{1}{6}$

গ $\frac{1}{4}$ ঘ $\frac{1}{2}$

ব্যাখ্যা মরগ্যানের সূত্রানুসারে, $A^c \cap B^c = (A \cup B)^c$

$\therefore P(A^c \cap B^c) = P(A \cup B)^c$

$= 1 - P(A \cup B)$ [$\because P(x^c) = 1 - P(x)$]

$= 1 - \frac{3}{4}$ [$\because P(A \cup B) = \frac{3}{4}$]

$= \frac{1}{4}$

১৭৬. 'ঙ, ঞ, ণ, ... ' ধারার পরবর্তী অক্ষর কী হবে?

ক ঠ খ ম

গ ন ঘ র

ব্যাখ্যা ব্যঞ্জনবর্ণের স্পর্শধ্বনি সমূহের যথাক্রমে ১ম, ২য় ও ৩য় বর্গের পঞ্চম বর্ণ হচ্ছে ঙ, ঞ, ণ। অর্থাৎ পরের বর্ণটি হবে চতুর্থ বর্গের অর্থাৎ ত-বর্গের পঞ্চম বর্ণ হলো ন।

১৭৭. নিচের শব্দগুলোর মধ্যে ৩টি সমগোত্রীয়। কোন শব্দটি আলাদা?

ক Conventional খ Peculiar

গ Conservative ঘ Traditional

ব্যাখ্যা *Conventional* — প্রচলিত

Conservative — রক্ষণশীল

Traditional — প্রচলিত

Peculiar — অদ্ভুত, নিজস্ব, বিশেষ

অর্থাৎ সঠিক উত্তর হবে (খ) *Peculiar*।

১৭৮. DC = DE FE ?? HG HI সিরিজের প্রশ্নবোধক চিহ্নের স্থানে কোন বিকল্পটি বসবে?

ক DE খ ED

গ FG ঘ GF

উত্তর

১৬৬	ঘ
১৬৭	গ
১৬৮	গ
১৬৯	Note
১৭০	খ
১৭১	খ
১৭২	ঘ
১৭৩	ঘ
১৭৪	খ
১৭৫	গ
১৭৬	গ
১৭৭	খ
১৭৮	গ

CamScanner

ব্যাখ্যা $\overleftarrow{DC}\ \overrightarrow{DE}\ \overleftarrow{FE}\ \overrightarrow{FG}\ \overleftarrow{HG}\ \overrightarrow{HI}$

এখানে জোড়াগুলো এমনভাবে বিন্যস্ত যেন প্রতি জোড়ার শেষ অক্ষর দিয়ে পরের জোড়াটি শুরু হয় এবং একটি জোড়ার যেখানে শেষ সেখান থেকে পরেরটি বিপরীতমুখীভাবে শুরু হয়।

১৭৯. 'প্রতিযোগিতা'য় সবসময় কী থাকে?

ক topic খ examination
গ party ঘ participant

ব্যাখ্যা প্রতিযোগিতায় সবসময় Participant (প্রতিযোগী) থাকে।

১৮০. 'A' 'B'-এর চেয়ে দ্বিগুণ কাজ করতে পারে; তারা দু'জন একত্রে একটি কাজ ১৪ দিনে শেষ করতে পারে। 'A' একা কাজটি কতদিনে করতে পারবে?

ক ১২ দিনে খ ২৪ দিনে
গ ২১ দিনে ঘ ১৫ দিনে

ব্যাখ্যা মনে করি, A কাজটি x দিনে করে। তাহলে B কাজটি করবে $2x$ দিনে। [A এর কাজের পরিমাণ দ্বিগুণ তাই দিনের পরিমাণ অর্ধেক]

$\therefore$ ২ জনে ১ দিনে করে কাজটির $\frac{1}{x}+\frac{1}{2x}$ অংশ

$=\frac{3}{2x}$ অংশ

শর্তমতে, $\frac{3}{2x}=\frac{1}{14} \Rightarrow x=21$ দিন।

SHORTCUT

ধরি, A করে p দিনে এবং B করে $2p$ দিনে

তাই $\frac{1}{p}+\frac{1}{2p}=\frac{1}{14}$

$\Rightarrow \frac{3}{2p}=\frac{1}{14}$

$\therefore p=21$ দিন।

১৮১. 'DRIVE is to LICENCE as BREATHE is to —.' এই বক্তব্যের শূন্যস্থানে কোন বিকল্পটি বসবে?

ক OXYGEN
খ ATMOSPHERE
গ WINDPIPE
ঘ INHALE

ব্যাখ্যা DRIVE করতে হলে প্রয়োজন LICENCE এবং BREATHE (শ্বাস-প্রশ্বাস লওয়া) এর জন্য প্রয়োজন OXYGEN।

১৮২. একটি প্রতিষ্ঠানের ৪০% কর্মচারী আন্ডারগ্রাজুয়েট, অবশিষ্ট কর্মচারীদের ৫০% গ্রাজুয়েট এবং অবশিষ্ট ১৮০ জন পোস্টগ্রাজুয়েট। প্রতিষ্ঠানটির কতজন কর্মচারী গ্রাজুয়েট?

ক ১৮০ খ ২৪০
গ ৩০০ ঘ ৩৬০

ব্যাখ্যা মনে করি, প্রতিষ্ঠানে মোট কর্মচারী = ১০০x জন

আন্ডারগ্রাজুয়েট কর্মচারী $=১০০x\times\frac{৪০}{১০০}=৪০x$ জন

$\therefore$ অবশিষ্ট = (১০০x $-৪০x$) = ৬০x জন

গ্রাজুয়েট $=৬০x\times\frac{৫০}{১০০}=৩০x$ জন


$\therefore$ অবশিষ্ট পোস্ট গ্রাজুয়েট = ৬০x − ৩০x = ৩০x জন

প্রশ্নমতে, ৩০x = ১৮০

$\therefore x=৬$

সুতরাং গ্রাজুয়েট কর্মচারী = ৩০x = ৩০ × ৬ = ১৮০ জন।

১৮৩. নিচের ক, খ, গ ও ঘ বিকল্প নকশা ৪টির মধ্যে কোনটি প্রশ্নবোধক চিহ্নের স্থানে বসবে?



ক খ গ ঘ

এখানে, প্রথম নকশাটির বিপরীত হচ্ছে তৃতীয় নকশাটি। তাহলে দ্বিতীয় নকশা W -এর বিপরীত নকশা হচ্ছে M যা হবে নির্ণেয় উত্তর।

১৮৪. যদি ROSE কে লেখা হয় 6821, CHAIR-কে লেখা হয় 73456 এবং PREACHE-কে লেখা হয় 961473, তাহলে SEARCH-এর কোড কত?

ক 246173 খ 214673
গ 214763 ঘ 216473

ব্যাখ্যা R O S E; C H A I R; P R E A C H

6 8 2 1 7 3 4 5 6 9 6 1 4 7 3


$S\rightarrow2$; $R\rightarrow6$

$E\rightarrow1$; $C\rightarrow7$

$A\rightarrow4$; $H\rightarrow3$

$\therefore$ SEARCH $\rightarrow$ 214673

১৮৫. প্রশ্নোবোধক চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?



ক 20 খ 26
গ 30 ঘ 25

উত্তর

১৭৯	ঘ
১৮০	গ
১৮১	ক
১৮২	ক
১৮৩	ক
১৮৪	খ
১৮৫	খ

ব্যাখ্যা ১ম চিত্রে, $3^2+2^2=9+4=13$

২য় ,, , $4^2+8^2=16+64=80$

$\therefore$ ৩য় ,, , $1^2+5^2=1+25=26$

১৮৬. একটি ছবি দেখিয়ে তিন্নী বললো, সে আমার দাদার একমাত্র ছেলের ছেলে। ছবির ছেলেটির সাথে তিন্নীর সম্পর্ক কী?

ক ভাই খ চাচা
গ ছেলে ঘ কোনো সম্পর্ক নেই

ব্যাখ্যা আমার দাদার একমাত্র ছেলে আমার বাবা এবং আমার বাবার একমাত্র ছেলে আমার ভাই।

$\therefore$ ছবির ছেলেটি তিন্নীর ভাই।

১৮৭. নিচের কোন শব্দটি ভিন্ন ধরনের?


ক চাঁদ খ প্লুটো
গ মঙ্গল ঘ পৃথিবী

ব্যাখ্যা একমাত্র চাঁদ ব্যতীত বাকি অপশনসমূহে গ্রহের নাম রয়েছে। কিন্তু চাঁদ হলো পৃথিবীর একমাত্র উপগ্রহ।

১৮৮. এক ব্যক্তি ৫ মাইল পশ্চিমে, ২ মাইল দক্ষিণে, এর পর আবার ৫ মাইল পশ্চিমে যায়। যাত্রাস্থান থেকে তার সরাসরি দূরত্ব কত?

ক ৮ মাইল খ ১৫ মাইল
গ ১২ মাইল ঘ উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা




$\therefore$ সরাসরি দূরত্ব হবে $=\sqrt{(৫+৫)^2+২^2}$

$=\sqrt{১০^2+৪}$

$=\sqrt{১০৪}$


$=১০.১৯৮$

১৮৯. লিভার (lever)-এর ভারসাম্য ঠিক রাখতে প্রশ্নবোধক স্থানে কত পাউন্ড ওজন স্থাপন করতে হবে?



ক 30 পাউন্ড খ 25 পাউন্ড
গ 40 পাউন্ড ঘ 35 পাউন্ড

ব্যাখ্যা



এখানে, ভারসাম্যের জন্য বল এবং লব্ধির ক্রিয়াবিন্দু ও বলের দূরত্ব সমানুপাতিক হয়।


এখানে লব্ধির দুই পাশ বিবেচনা করলে,

$x\times30+2x\times20=2x\times$ অন্য বলের পরিমাণ

$\Rightarrow 70=2\times$ অন্য বলের পরিমাণ

$\therefore$ অন্য বলের পরিমাণ = 35 lb।

১৯০. নিচের ক, খ, গ ও ঘ এই ৪টি বিকল্প নকশার মধ্যে চিত্রের প্রশ্নবোধক চিহ্নের ঘরে কোন নকশাটি বসবে?



ক খ গ ঘ

ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নে নকশার ১মটির বৃত্ত ২য় নকশার মাঝখানে, ১মটির প্লাস চিহ্ন ২য় নকশার উপরে (বামে) এবং ১মটির রেখা ২য় নকশায় নিচে (ডানে) অবস্থিত। এভাবে ৩য় নকশায় যদি চিন্তা করি তাহলে (ক) অপশনে মিলে যায়।

১৯১. 'কর্তব্যের জন্য কর্তব্য'— ধারণাটির প্রবর্তক কে?

ক ইমানুয়েল কান্ট খ হার্বার্ট স্পেন্সার
গ বার্ট্রান্ড রাসেল ঘ অ্যারিস্টটল

ব্যাখ্যা কর্তব্যের নৈতিকতা ধারণার প্রবর্তক জার্মান দার্শনিক ইমানুয়েল কান্ট 'কর্তব্যের জন্য কর্তব্য' ধারণাটিরও প্রবর্তক। কান্টের মতে, আমরা সবাই বেঁচে থাকার জন্য চেষ্টা করি এবং সে উদ্দেশ্যে পরিশ্রম করি। জীবন সংরক্ষণ করা আমাদের একটি কর্তব্য। আবার, জীবন সংরক্ষণ করার জন্য আমাদের মধ্যে প্রকৃতিগতভাবে একটি প্রবণতা বা ঝোঁক রয়েছে। তিনি বলেন আমাদের অনেকেই এই জীবন সংরক্ষণের জন্য কৃত কর্তব্য পালন করেন এমনভাবে বা এমন সব নীতি অনুসারে, যার মধ্যে কোনো নৈতিক আধেয় (moral content) নেই। আর এই কর্তব্য প্রণোদনাকে বলা হয় 'কর্তব্যের জন্য কর্তব্য' বা 'কর্তব্যের খাতিরে কর্তব্য' বা 'duty for duty's sake'।

১৯২. 'Human Society in Ethics and Politics' গ্রন্থের লেখক কে?

ক প্লেটো খ রুশো
গ বার্ট্রান্ড রাসেল ঘ জন ষ্টুয়ার্ট মিল

ব্যাখ্যা বিংশ শতাব্দীর একজন বিখ্যাত ব্রিটিশ বহুবিদ্যাজ্ঞ হলেন বার্ট্রান্ড রাসেল। ১৯৫৪ সালে প্রকাশিত হয় তার অন্যতম বিখ্যাত গ্রন্থ 'Human Society in Ethics and Politics'। উক্ত গ্রন্থে রাসেল রাজনীতি ও ধর্মের আলোকে তার নৈতিকতা ও রাজনৈতিক অবস্থান সম্বন্ধিতে বর্ণনা করেছেন। অন্যদিকে প্লেটো, রুশো ও মিলের বিখ্যাত গ্রন্থ যথাক্রমে রিপাবলিক, দি সোশাল কন্ট্রাক্ট ও অন লিবার্টি।

উত্তর

১৮৬	ক
১৮৭	ক
১৮৮	ঘ
১৮৯	ঘ
১৯০	ক
১৯১	ক
১৯২	গ

CamScanner

১৯৩. কোন নৈতিক মানদণ্ডটি সর্বোচ্চ সুখের উপর গুরুত্ব প্রদান করে?
ক আত্মস্বার্থবাদ খ পরার্থবাদ
গ পূর্ণতাবাদ ঘ উপযোগবাদ
ব্যাখ্যা নৈতিক বিচারের আদর্শ সম্পর্কীয় নীতিবিজ্ঞানসম্মত সুখবাদের একটি বিভাগ হলো আত্মস্বার্থবাদ, যেখানে নৈতিক মানদণ্ডে ব্যক্তির সর্বোচ্চ সুখের ওপর গুরুত্ব আরোপ করা হয়। যে কাজ ব্যক্তির নিজের পক্ষে সবচেয়ে বেশি সুখকর বলে বিবেচিত হবে সেই কাজই হবে ঐ ব্যক্তির নিকট করণীয় বা উচিত কাজ। অপরদিকে পরার্থবাদ দ্বারা অপরের জন্য দুঃখ-কষ্ট সহ্য করা বা ত্যাগ স্বীকারের মনোভাবকে বুঝায়, যেখানে পূর্ণতাবাদ বলতে জটিল আত্ম-সমালোচনার ভিত্তিতে ত্রুটিমুক্ত ও শুদ্ধতর কিছুকে বুঝায়। আর উপযোগবাদে সমাজে সকল ব্যক্তির সর্বোচ্চ পরিমাণ সুখ বা ম্যাক্সিমাম হ্যাপিনেস কামনার কথা বলা হয়।

১৯৪. বাংলাদেশে কত সালে 'জাতীয় শুদ্ধাচার কৌশল' প্রণয়ন করা হয়?
ক ২০১০ খ ২০১১
গ ২০১২ ঘ ২০১৩
ব্যাখ্যা দুর্নীতি দমন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষে সরকার ২০১২ সালে 'সোনার বাংলা গড়ার প্রত্যয় : জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে একটি জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল রাষ্ট্রের বিদ্যমান নিয়মনীতি ও আইন-কানুনের পরিপূরক হিসেবে কাজ করে।

১৯৫. বিশ্বব্যাংকের মতে সুশাসনের উপাদান কয়টি?
ক ৩টি খ ৫টি
গ ৪টি ঘ ৬টি
ব্যাখ্যা বিশ্বব্যাংকের মতে সুশাসনের উপাদান চারটি। যথা— (i) সরকারি প্রশাসন ব্যবস্থাপনা, (ii) দায়বদ্ধতা ও জবাবদিহিতা, (iii) উন্নয়নের যথাযথ বা বৈধ কাঠামো এবং (iv) স্বচ্ছতা ও অবাধ তথ্য প্রবাহ। এছাড়া জাতিসংঘ ও ইউএনডিপি যথাক্রমে সুশাসনের আটটি ও নয়টি উপাদানের কথা বলেছে। উল্লেখ্য, সুশাসন ধারণাটি বিশ্বব্যাংকের, যা ১৯৮৯ সালে ব্যাংকটির এক সমীক্ষায় সর্বপ্রথম ব্যবহৃত হয়।

১৯৬. 'শাসক যদি মহৎগুণসম্পন্ন হয় তাহলে আইন নিষ্প্রয়োজন, আর শাসক যদি মহৎগুণসম্পন্ন না হয় তাহলে আইন অকার্যকর'—এটি কে বলেছেন?
ক সক্রেটিস খ প্লেটো
গ অ্যারিস্টটল ঘ বেনথাম
ব্যাখ্যা 'শাসক যদি মহৎগুণসম্পন্ন হয় তাহলে আইন নিষ্প্রয়োজন, আর শাসক যদি মহৎগুণসম্পন্ন না হয় তাহলে আইন অকার্যকর'— উক্তিটি বিখ্যাত গ্রিক দার্শনিক প্লেটোর। সক্রেটিসের বিখ্যাত উক্তি হলো 'নিজেকে জানো' বা know thyself'। এরিস্টটলের বিখ্যাত উক্তি 'মানুষ স্বভাবতই রাজনৈতিক প্রাণি'।

১৯৭. সুশাসনের মূল ভিত্তি কী?
ক মূল্যবোধ খ আইনের শাসন
গ গণতন্ত্র ঘ আমলাতন্ত্র
ব্যাখ্যা গণতন্ত্র হলো সুশাসন প্রতিষ্ঠার প্রাণ বা ভিত্তি। গণতান্ত্রিক ব্যবস্থার আওতায় আইনের শাসনের মাধ্যমে জাতি-ধর্ম-বর্ণ, ধনী-গরিব, শাসক-শাসিত সকলের জন্য সুশাসন নিশ্চিত করা সম্ভব।

১৯৮. নৈতিক মূল্যবোধের উৎস কোনটি?
ক সমাজ খ নৈতিক চেতনা
গ রাষ্ট্র ঘ ধর্ম
ব্যাখ্যা নীতি ও উচিত-অনুচিত বোধ হলো নৈতিক মূলবোধের উৎস, যা আমরা মূলত পরিবেশ ও সমাজ থেকে পেয়ে থাকি। নৈতিক মূল্যবোধ হচ্ছে সেসব মনোভাব এবং আচরণ, যা মানুষ সবসময় ভালো, কল্যাণকর ও অপরিহার্য বিবেচনা করে মানসিকভাবে তৃপ্তি বোধ করে। সত্যকে সত্য বলা, মিথ্যাকে মিথ্যা বলা, অন্যায়কে অন্যায় বলা, অন্যায় কাজ থেকে নিজেকে বিরত রাখা ইত্যাদিই নৈতিক মূল্যবোধ।

১৯৯. 'On Liberty' গ্রন্থের লেখক কে?
ক ইমানুয়েল কান্ট খ টমাস হবস্
গ জন স্টুয়ার্ট মিল ঘ জেরেমি বেন্থাম
ব্যাখ্যা ইংরেজ দার্শনিক জন স্টুয়ার্ট মিল কর্তৃক রচিত একটি বিখ্যাত গ্রন্থ হলো 'On Liberty', যা ১৮৫৯ সালে প্রকাশিত হয়। গ্রন্থটিতে স্টুয়ার্ট মিল সমাজ ও রাষ্ট্রের প্রেক্ষাপটে উপযোগবাদের নৈতিক ব্যবস্থার দিকটি আলোচনা করেছেন। জার্মান দার্শনিক ইমানুয়েল কান্ট রচিত গ্রন্থ হলো Groundwork of the Metaphysic of Morals, Metaphysic of Morals। অপর ইংরেজ দার্শনিক টমাস হবস ও জেরেমি বেন্থামের বিখ্যাত গ্রন্থ যথাক্রমে Leviathan ও Deontology or The Science of Morality।

২০০. উৎপত্তিগত অর্থে governance শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক ল্যাটিন খ গ্রিক
গ হিব্রু ঘ ফারসি
ব্যাখ্যা গ্রিক শব্দ kubernaein থেকে ইংরেজি governance শব্দটির উৎপত্তি হয়েছে। শাসন করা অর্থে দার্শনিক প্লেটো প্রথম kubernaein শব্দটি ব্যবহার করেছিলেন। আর ইংরেজি শব্দ হিসেবে governance প্রথম ব্যবহার হয় ষোড়শ শতাব্দীর ইংরেজ প্রটেস্ট্যান্ট সমাজ সংস্কারক উইলিয়াম টিনডেলের লেখায়।

উত্তর
১৯৩ ঘ
১৯৪ গ
১৯৫ গ
১৯৬ খ
১৯৭ গ
১৯৮ ক
১৯৯ গ
২০০ খ

পরিবার পরিকল্পনা অধিদপ্তর-এর সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা ২০২২

পরীক্ষার তারিখ : ২৬.১১.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট নম্বর : ০১; কোড : বকুল

[মোট প্রশ্ন ১০০ (একশত)টি। প্রার্থী প্রতি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে]
(উত্তরপত্রে সেট নম্বর মুদ্রণ করা থাকবে। পরীক্ষার্থী উত্তরপত্রে সেট নম্বর লিখবেন না।
পরীক্ষার্থীকে যে সেট নম্বরের উত্তরপত্র দেওয়া হবে তাকে একই সেট-এর প্রশ্নপত্র সরবরাহ করা হবে।)

০১. Find out the noun of the word 'acquit'.
ক acquition খ acquittal
গ acquitation ঘ acquitasion
ব্যাখ্যা Acquit শব্দটি verb, যার অর্থ খালাস দেওয়া। Acquit-এর noun হচ্ছে acquittal।

০২. You must compensate—the loss.
ক of খ with গ for ঘ about
ব্যাখ্যা Compensate-এর সাথে preposition for বসে। Compensate for–খেসারত দেওয়া।

০৩. The plural of the word 'virus' is—
ক Viri খ viratum গ many virus ঘ viruses
ব্যাখ্যা Virus-এর plural form হচ্ছে viruses। অন্যদিকে, আরো কিছু radius, datum, syllabus-এর plural যথাক্রমে– radii, data, syllaabi/syllabuses.

০৪. The phrase 'fight shy of' means—
ক avoid খ quarrel গ flee ঘ struggle
ব্যাখ্যা 'Fight shy of' means avoid.

০৫. Corona Virus spread—the globe.
ক on খ into গ across ঘ above
ব্যাখ্যা এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ছড়িয়ে যাওয়া বোঝাতে spread across বসে।

০৬. Which of the following is correct?
ক No sooner had he seen me before he ran away.
খ No sooner had he seen me than he ran away.
গ Scarcely had he seen me than he ran away.
ঘ Hardly he saw me when he ran away.
ব্যাখ্যা No sooner had .... than হয় এবং scarcely had .... when হয়। Had-এর পর v_3 এবং than-এর পর v_2 হয়।

০৭. Which of the following is not related to 'marriage'?
ক Monogamy খ Polyandry
গ Polyglot ঘ Polygamy
ব্যাখ্যা Polyglot অর্থ বহুভাষিক। বাকি অপশনগুলো বিবাহ-এর সাথে সম্পর্কিত। Polygamy– বহুবিবাহ, monogamy–একবিবাহ এবং polyandry–এক সাথে বহুপতি গ্রহণের প্রথা।

০৮. The correct English translation of the sentence 'ভাসা ভাসা পড়ায় কাজ হবে না' is—
ক Reading by fits and starts will not do.
খ Reading by bird's eye view will not do.
গ Reading at a glance will not do.
ঘ Reading intermittently will not do.
ব্যাখ্যা By fits and starts– অনিয়মিতভাবে, at a glance–দেখা মাত্র এবং bird's eye view– ভাসাভাসা।

০৯. Fill in the blank of the following sentence :
My father went to London by—air.
ক the খ no article গ a ঘ an
ব্যাখ্যা বাহন বোঝাতে by air, by bus, by trains হয়। Article বসে না।

১০. I am fond of swimming. Here 'swimming' is—
ক a verb খ a present participle
গ a gerund ঘ an adverb
ব্যাখ্যা Preposition-এর পর verb + ing থাকলে gerund হয়।

১১. —your timely help, I would have failed.
ক But for খ For গ Despite ঘ Unless
ব্যাখ্যা But for অর্থ ছাড়া। Despite অর্থ সত্ত্বেও এবং Unless অর্থ যদি না। তাই সঠিক উত্তর But for।

১২. The lady guest proceeded as though I (not speak).
ক The lady guest proceeded as though I had not spoken.
খ The lady guest proceeded as though I did not speak.
গ The lady guest proceeded as though I have not spoken.
ঘ The lady guest proceeded as though I would not speak.
ব্যাখ্যা As if এবং as though-যুক্ত sentence-এর ১ম অংশ present indefinite হলে পরের অংশ past indefinite হয়। আর ১ম অংশ past indefinite হলে পরের অংশ past perfect হয়।

১৩. He is—than you.
ক much stronger খ very stronger
গ more stronger ঘ so stronger
ব্যাখ্যা Much ও very হলো adverb. 'Much'– comparative form-এর সাথে বসে। Passive অর্থ দিলে বাক্যে much বসে, He was much loved by everyone। 'Very' adjective, participle, past participle-এর আগে বসে।

১৪. The play 'The Hairy Ape' was written by—
ক G. B. Shaw খ William Shakespeare
গ Ben Jonson ঘ Eugene O' Neill
ব্যাখ্যা 'The Hairy Ape' লিখেছেন Eugene O' Neill, তার অন্যান্য বইগুলো হচ্ছে 'Long Day's Journey into Night', 'A Moon for the Misbegotten'।

১৫. The science of teaching is called—
ক phonetics খ pedagogy
গ ethics ঘ phonology

উত্তর
০১ খ
০২ গ
০৩ ঘ
০৪ ক
০৫ গ
০৬ খ
০৭ গ
০৮ খ
০৯ খ
১০ গ
১১ ক
১২ ক
১৩ ক
১৪ ঘ
১৫ খ

CamScanner

ব্যাখ্যা The science of teaching is called 'pedagogy'. অন্যদিকে, ethics– নীতিশাস্ত্র, phonology–ধ্বনিবিজ্ঞান, phonetics– বাচনের ধ্বনিবিদ্যা।

১৬. Choose the correct spelling:
ক etiquette খ etiquitte গ etiquete ঘ etyquette

ব্যাখ্যা সঠিক বানান etiquette, যার অর্থ শিষ্টাচার। আরও কতিপয় শব্দের শুদ্ধ বানান : Cigarette, dysentery, possessing, remittance।

১৭. What is the antonym of 'shabby'?
ক honesty খ sagacious গ new ঘ dirty

ব্যাখ্যা Shabby অর্থ জীর্ণ, নীচ বা হীন। Sagacious–বিচক্ষণ। তাই সঠিক উত্তর new।

১৮. The word 'extrajudicial' means—
ক extra facility for judges খ judicious
গ a criminal activity
ঘ happening outside the normal power of the law

ব্যাখ্যা Extrajudicial অর্থ বিচারবহির্ভূত; judicious–বিচক্ষণ।

১৯. 'Meat and potatoes' means—
ক a special type of curry
খ a delicious dish of meat
গ a simple and ordinary matter
ঘ the most basic and important aspects of something

ব্যাখ্যা Meat and potatoes– কোনো কিছুর মৌলিক ও গুরুত্বপূর্ণ বিষয়।

২০. Which of the following was written by Chinua Achebe?
ক Brave New World খ The Trial
গ Ulysses ঘ Things Fall Apart

ব্যাখ্যা 'Things Fall Apart' লিখেছেন Chinua Achebe. তার আরও কয়েকটি বই : 'A Man of the People', 'Home and Exile'। Brave New World লিখেছেন Aldous Huxley। Ulysses কবিতা লিখেছেন Alfred Tennyson কিন্তু Ulysses উপন্যাস লিখেছেন James Joyce.

২১. The teacher said to me, "Why were you absent?" The indirect speech of the sentence above is—
ক The teacher asked me why I was absent.
খ The teacher asked me why I had been absent.
গ The teacher asked me why I have been absent.
ঘ The teacher wanted to know why I was absent.

ব্যাখ্যা প্রশ্নোক্ত 'were' হলো মূল verb এবং বাক্যটি simple past tense-এর। Simple past-কে indirect করতে হলে past perfect করতে হয়। সে অনুযায়ী pefect tense-এর auxiliary verb 'had' বসবে + be v. (am, is, are, was, were)-এর past participle form 'been' বসেছে। সুতরাং সঠিক উত্তর (খ)।

২২. What is the synonym of 'pinnacle'?
ক Panacea খ Mountain গ Peak ঘ Phantom

ব্যাখ্যা Pinnacle অর্থ চূড়া, শীর্ষবিন্দু। এর synonym হচ্ছে acme, height, peak, summit। অন্যদিকে, panacea–সর্বরোগের ওষুধ, phantom–অশরীরী, অলীকমূর্তি, ভূত।

২৩. The correct passive voice of the sentence 'Who can avoid death?' is—
ক By whom death can be avoided?
খ Whom can death be avoided?
গ By whom can death be avoided?
ঘ Who can be avoided by death?

ব্যাখ্যা Who-যুক্ত বাক্যকে passive করতে হলে by whom লিখতে হয় এবং by whom এবং subject-এর মাঝে auxiliary বসাতে হয়।

২৪. It is high time you—a job.
ক seek খ need গ sought ঘ apply for

ব্যাখ্যা It is time এবং It is high time-এর পরে subject থাকলে (v_2) বসাতে হয়। তাই সঠিক উত্তর sought।

২৫. Behave how a gentleman behaves. Here the underlined part is a/an—
ক noun clause খ adjectival clause
গ adverbial clause ঘ coordinating clause

ব্যাখ্যা Adverbial clause বাক্যে adverb-এর ন্যায় কাজ করে। Verb-এর পর সাধারণত adverbial clause হয় তবে সবসময় না।

২৬. ব্যাকরণ ও ভাষার মধ্যে কোনটি আগে সৃষ্টি হয়েছে?
ক ব্যাকরণ খ ভাষা
গ ব্যাকরণ ও ভাষা উভয়ই এক সাথে
ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা ভাষা সৃষ্টির শুরু থেকেই ছিল। আদিম মানুষের ভাষা ছিল। ভাষার বিভিন্ন শৃঙ্খলাবদ্ধ নিয়ম-কানুন হচ্ছে ব্যাকরণ। ভাষা ব্যাকরণকে পরিচালিত করে। তাই ভাষা ব্যাকরণের আগে সৃষ্টি হয়েছে।

২৭. বাংলা সাহিত্যের আদি কবি কে?
ক কাহ্নপা খ ঢেণ্ডণপা গ লুইপা ঘ ভুসুকুপা

ব্যাখ্যা চর্যাপদ বাংলা সাহিত্যের আদি নিদর্শন; যার প্রথম পদকর্তা বা কবি লুইপা। চর্যাপদের আগে যেহেতু বাংলা সাহিত্যের কোনো নিদর্শন পাওয়া যায় নি তাই লুইপা বাংলা সাহিত্যের আদি কবি।

২৮. রামায়ণের লেখক কে?
ক কৃষ্ণদ্বৈপায়ন ব্যাস খ বাল্মীকি
গ কাহ্নপা ঘ মালাধর বসু

ব্যাখ্যা আদি কবি বাল্মীকি মহাকাব্য 'রামায়ণ' রচনা করেন। প্রথম মহাকাব্য রচয়িতা হিসেবে তিনি পরিচিত। খ্রিষ্টপূর্ব ৫০০ থেকে ১০০ অব্দের মধ্যে কোনো এক সময়ে এ মহাকাব্য রচিত হয়।

২৯. 'গীতগোবিন্দ' কোন ভাষায় রচিত?
ক প্রাচীন বাংলা খ সংস্কৃত গ ব্রজবুলি ঘ অবহট্‌ঠ

ব্যাখ্যা 'গীতগোবিন্দ' ব্রজবুলি ভাষায় রচিত। বাংলা ও মৈথিলী ভাষার মিশ্রণে এ ভাষার সৃষ্টি হয়েছে। গৌড়ের রাজা লক্ষ্মণ সেনের সভাকবি জয়দেব রচিত কাব্য হলো 'গীতগোবিন্দ'। বারো শতকে এ কাব্যটি রচিত হয়।

৩০. বাংলা সাহিত্যে মধ্যযুগের শ্রেষ্ঠ কবি কে?
ক কানা হরিদত্ত খ মুকুন্দরাম
গ চণ্ডীদাস ঘ ভারতচন্দ্র

ব্যাখ্যা বাংলা সাহিত্যে মধ্যযুগের শ্রেষ্ঠ কবি ভারতচন্দ্র। আঠারো শতকে তার আবির্ভাব ঘটে। তিনি মঙ্গলকাব্যের শক্তিমান কবি ছিলেন। 'অন্নদামঙ্গল' কাব্যের স্বীকৃতিস্বরূপ নদীয়ার রাজা কৃষ্ণচন্দ্র রায় তাকে 'রায়গুণাকর' উপাধি দেন। তার মৃত্যুর মধ্য দিয়ে মধ্যযুগের শেষ কবির অবসান ঘটে।

৩১. শুদ্ধ বানান কোনটি?
ক ভাষন খ ভাষণ গ ভাসন ঘ ভাসণ

ব্যাখ্যা আরো কয়েকটি শুদ্ধ বানান– মুমূর্ষু, মুহূর্ত, ভৌগোলিক, মুহুর্মুহু, দ্বন্দ্ব, গার্হস্থ্য, মরূদ্যান।

৩২. বাংলা গদ্যের সূচনা হয়–
ক নবম শতকে খ ত্রয়োদশ শতকে
গ ষোড়শ শতকে ঘ উনিশ শতকে

ব্যাখ্যা বাংলা গদ্যের সূচনা হয় উনিশ শতকে। ১৮০১ সালে ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ চালু হওয়ার পর বাংলা গদ্যের বিকাশ শুরু হয়। উইলিয়াম কেরি, মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার, রামরাম বসু, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর-এর মতো ব্যক্তিত্বদের মাধ্যমে বাংলা গদ্য সূচনা ও বিকাশ লাভ করে।

৩৩. 'নদীমাতৃক' কোন সমাস?
ক তৎপুরুষ খ বহুব্রীহি গ কর্মধারয় ঘ অব্যয়ীভাব

ব্যাখ্যা বহুব্রীহি সমাসে 'যার, যাতে' এগুলো ব্যাসবাক্য হিসেবে ব্যবহৃত হয়। এ সমাসের পরপদের 'মাতৃ, পত্নী, পুত্র, স্ত্রী' এসব শব্দ থাকলে এ শব্দগুলোর সাথে 'ক' যুক্ত হয়। যেমন– নদী মাতা যার = নদীমাতৃক।

৩৪. 'ক্ষ' অক্ষরটি কোন কোন অক্ষরের যুক্তরূপ?
ক ক্ + খ্ + ম খ ক্ + ষ
গ খ্ + স্ + ম ঘ ক্ + খ

ব্যাখ্যা 'ক্ষ' একটি যুক্তবর্ণ যার যুক্তরূপ 'ক্ + ষ'। আরো কিছু যুক্তবর্ণের উদাহরণ : ঞ্চ = ঞ্ + চ, হ্ম = হ্ + ম, ঙ্গ = ঙ্ + গ।

৩৫. 'পর্যালোচনা' শব্দটির সঠিক সন্ধিবিচ্ছেদ–
ক পর্য + আলোচনা খ পরি + আলোচনা
গ পর্যা + লোচনা ঘ পর্যা + আলোচনা

ব্যাখ্যা 'পর্যালোচনা' শব্দটির সঠিক সন্ধিবিচ্ছেদ– পরি + আলোচনা। স্বরসন্ধির নিয়মে এটি হয়েছে। 'ই'-কার কিংবা 'ঈ'-কারের পর ই বা ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ-এর স্থানে য বা য ফলা হয়। সে সূত্রে 'পর্যালোচনা' স্বরসন্ধি।

৩৬. 'চন্দ্র' শব্দের তদ্ভব রূপ–
ক চন্দ খ চাঁদ গ চান্দ ঘ চন্দ্রিমা

ব্যাখ্যা 'চন্দ্র' তৎসম শব্দ, যার তদ্ভব রূপ চাঁদ। 'চন্দ' হচ্ছে অর্ধ-তৎসম শব্দ। এমন আরও উদাহরণ– 'হস্ত' তৎসম শব্দ, যার তদ্ভব রূপ 'হাত'।

৩৭. 'আষাঢ়ে বৃষ্টি নামে।' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক কর্তায় ৭মী খ কর্মে ৭মী
গ অপাদানে ৭মী ঘ অধিকরণে ৭মী

ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের আধার ও সময়কে অধিকরণ কারক বলে। এছাড়া ক্রিয়াকে 'কখন' ও 'কোথায়' প্রশ্ন করলে অধিকরণ কারক হয়। 'আষাঢ়ে বৃষ্টি নামে' বাক্যে 'আষাঢ়' কখন অর্থে এবং ঋতুকালীন সময় অর্থে অধিকরণ কারক এবং বিভক্তিতে ৭মী হয়েছে।

৩৮. 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক ছিলেন–
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ প্রমথ চৌধুরী
গ উইলিয়াম কেরী ঘ বুদ্ধদেব বসু

ব্যাখ্যা প্রমথ চৌধুরী বাংলা চলিত গদ্যরীতির প্রবর্তক। তিনি বিখ্যাত 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক ছিলেন। চলিত গদ্যের ব্যবহারে এ পত্রিকাটির অবদান ছিল। প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম 'বীরবল'।

৩৯. 'কারাগারের রোজনামচা' গ্রন্থের রচয়িতা–
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ শেখ হাসিনা ঘ কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা 'কারাগারের রোজনামচা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' রচিত আত্মজীবনীধর্মী দিনলিপি। ২০১৭ সালে বঙ্গবন্ধুর ৯৮তম জন্মবার্ষিকীতে গ্রন্থটি বাংলা একাডেমি থেকে প্রকাশিত হয়। এ গ্রন্থে ১৯৬৬ থেকে ১৯৬৮ সাল পর্যন্ত বঙ্গবন্ধুর ঘটনাবহুল জেলজীবন স্থান পেয়েছে।

৪০. 'সংশপ্তক' কার লেখা?
ক মুনীর চৌধুরী খ শহীদুল্লাহ কায়সার
গ জহির রায়হান ঘ শওকত ওসমান

ব্যাখ্যা 'সংশপ্তক' শহীদুল্লাহ কায়সার রচিত একটি জনপ্রিয় উপন্যাস। উপন্যাসটি ১৯৬৪ সালে রচিত এবং ১৯৬৫ সালে প্রকাশিত হয়। এ উপন্যাসে ক্ষয়িষ্ণু জমিদার প্রথার বিলোপ এবং পরবর্তীকালের নতুন এক সময়ের আহ্বান করা হয়েছে।

৪১. 'মহীয়ান' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক মহীয়সী খ মহিয়সী গ মহিয়সি ঘ মহীয়ষী

ব্যাখ্যা আরো কিছু স্ত্রীবাচক শব্দ : গরীয়ান-গরীয়সী, বিদ্বান-বিদুষী।

৪২. 'চিলেকোঠার সেপাই' উপন্যাসের রচয়িতা–
ক শওকত আলী খ শওকত ওসমান
গ সত্যেন সেন ঘ আখতারুজ্জামান ইলিয়াস

ব্যাখ্যা আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'চিলেকোঠার সেপাই' রাজনৈতিক উপন্যাস। ১৯৮৬ সালে উপন্যাসটি প্রকাশিত হয়। ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে উপন্যাসটি রচিত হয়েছে।

৪৩. 'দৈনিক নবযুগ' পত্রিকার সম্পাদক–
ক কাজী নজরুল ইসলাম খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ মোজাম্মেল হক ঘ মাওলানা আকরাম খাঁ

উত্তর

১৬	ক
১৭	গ
১৮	ঘ
১৯	ঘ
২০	ঘ
২১	খ
২২	গ
২৩	গ
২৪	গ
২৫	গ
২৬	খ
২৭	গ
২৮	খ
২৯	গ
৩০	ঘ
৩১	খ
৩২	ঘ
৩৩	খ
৩৪	খ
৩৫	খ
৩৬	খ
৩৭	ঘ
৩৮	খ
৩৯	খ
৪০	খ
৪১	ক
৪২	ঘ
৪৩	ক

CamScanner

ব্যাখ্যা 'দৈনিক নবযুগ' কাজী নজরুল ইসলাম ও কমরেড মুজাফ্ফর আহমেদ সম্পাদিত একটি পত্রিকা। ১৯২০ সালের ২২ জুলাই সান্ধ্য পত্রিকা হিসেবে এটি প্রকাশিত হতে শুরু করে।

৪৪. 'ক্ষমার অযোগ্য'-এর বাক্য সংকোচন–
ক ক্ষমা খ ক্ষমাপ্রার্থী গ ক্ষমাই ঘ ক্ষমাপ্রদ

[Note : প্রশ্নে বাক্য সংকোচন যদি 'ক্ষমার যোগ্য' হতো তাহলে উত্তর হতো 'ক্ষমাই'। 'ক্ষমাপ্রার্থী' বলতে বোঝায় 'ক্ষমা প্রার্থনা করেছে যে'। 'ক্ষমাপ্রদ' নামে কোনো শব্দ নেই।]

৪৫. কোনটি উপন্যাস?
ক শেষের কবিতা খ বলাকা গ ডাকঘর ঘ কালান্তর

ব্যাখ্যা 'শেষের কবিতা' কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি ১৯২৮ সালে প্রকাশিত হয়। অন্যদিকে, 'ডাকঘর' তার নাটক, 'বলাকা' তার কাব্যগ্রন্থ এবং 'কালান্তর' তার প্রবন্ধগ্রন্থ।

৪৬. 'সাহেব' শব্দের বহুবচন কোনটি?
ক সাহেবান খ সাহেবগণ গ সাহেবকুল ঘ সাহেবমণ্ডলী

ব্যাখ্যা 'সাহেব' শব্দের বহুবচন সাহেবান। আরো কিছু শব্দের বহুবচন : শিক্ষক-শিক্ষকমণ্ডলী, শৈবাল-শৈবালদাম।

৪৭. 'ইত্তেফাক' শব্দের অর্থ–
ক সম্প্রীতি খ সংবর্ধনা গ সংলাপ ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা 'ইত্তেফাক' শব্দের অর্থ 'সম্প্রীতি'। এটি একটি উর্দু/পার্সিয়ান শব্দ, যা হিন্দিতেও ব্যবহৃত হয়ে থাকে।

৪৮. 'রবীন্দ্র' শব্দের কোন সন্ধিবিচ্ছেদটি শুদ্ধ?
ক রবী + ইন্দ্র খ রবি + ইন্দ্র গ রবি + ঈন্দ্র ঘ রবী + ঈন্দ্র

ব্যাখ্যা 'রবীন্দ্র' স্বরসন্ধির উদাহরণ, যার সন্ধিবিচ্ছেদ 'রবি + ইন্দ্র'। 'ই'-কার বা 'ঈ'-কারের পর 'ই'-কার বা 'ঈ'-কার থাকলে উভয়ে মিলে 'ঈ'-কার হয়। 'রবীন্দ্র' শব্দের সন্ধি বিচ্ছেদ এ নিয়মে হয়েছে।

৪৯. কাজী নজরুল ইসলামের বিদ্রোহমূলক কাব্য–
ক অগ্নিবীণা খ দোলনচাঁপা
গ ছায়ানট ঘ চক্রবাক

ব্যাখ্যা বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম রচিত 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থে তার বিদ্রোহী চেতনা ফুটে ওঠেছে। ১৯২২ সালে কাব্যগ্রন্থটি প্রকাশিত হয়। এতে মোট ১২টি কবিতা রয়েছে।

৫০. জীবনানন্দ দাশকে 'নির্জনতার কবি' বলে আখ্যায়িত করেছেন–
ক সুভাষ মুখোপাধ্যায় খ অমিয় চক্রবর্তী
গ বুদ্ধদেব বসু ঘ শামসুর রাহমান

ব্যাখ্যা বুদ্ধদেব বসু কবি জীবনানন্দ দাশকে প্রথম পাঠকের কাছে তুলে ধরেন তার সম্পাদিত 'কবিতা' পত্রিকার মাধ্যমে। জীবনানন্দের কাব্যচেতনার অংশ হিসেবে বুদ্ধদেব বসু তাকে 'নির্জনতার কবি' বলে আখ্যায়িত করেছেন।

৫১. বাংলাদেশ জাতীয় সংসদ ভবনের স্থপতি লুই কান কোন দেশের নাগরিক ছিলেন?
ক ফ্রান্স খ কানাডা গ যুক্তরাষ্ট্র ঘ যুক্তরাজ্য

ব্যাখ্যা জাতীয় সংসদ ভবনের স্থপতি প্রফেসর লুই আই কান একজন এস্তোনীয় বংশোদ্ভূত মার্কিন নাগরিক। তিনি ১৯০১ সালে এস্তোনিয়ায় জন্মগ্রহণ করেন এবং ১৯৭৪ সালে নিউ ইয়র্কে মৃত্যুবরণ করেন। তার উল্লেখযোগ্য কয়েকটি স্থাপত্যকর্ম হলো- ইয়েল বিশ্ববিদ্যালয় আর্ট গ্যালারি, সাল্ক ইনস্টিটিউট ইত্যাদি।

৫২. 'Swatch of No Ground'-এর অবস্থান কোথায়?
ক মেক্সিকো উপসাগরে খ পারস্য উপসাগরে
গ বঙ্গোপসাগরে ঘ আরব সাগরে

ব্যাখ্যা 'সোয়াচ অব নো গ্রাউন্ড' বঙ্গোপসাগরে অবস্থিত একটি গভীর খাদ। এর অপর নাম 'গঙ্গা খাদ'। এটি সুন্দরবনের দক্ষিণে অবস্থিত একটি সংরক্ষিত এলাকা।

৫৩. সেন্ট মার্টিনস দ্বীপ কী প্রকৃতির দ্বীপ?
ক প্রবাল দ্বীপ খ কৃত্রিম দ্বীপ
গ আগ্নেয় দ্বীপ ঘ ব-দ্বীপ

ব্যাখ্যা কক্সবাজার জেলার টেকনাফের অন্তর্গত সেন্ট মার্টিনস দ্বীপ বাংলাদেশের একমাত্র সামুদ্রিক প্রবাল দ্বীপ। নাফ নদীর মোহনায় অবস্থিত এ দ্বীপের অপর নাম 'নারিকেল জিঞ্জিরা'।

৫৪. ঢাকা বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক ১৯২১ খ ১৯৫২ গ ১৯১৫ ঘ ১৯৭২

ব্যাখ্যা ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ১৩ সদস্যবিশিষ্ট নাথান কমিশন গঠিত হয় ১৯১২ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাক্ট পাস হয় ১৯২০ সালে এবং এটি প্রতিষ্ঠিত হয় ১ জুলাই ১৯২১ সালে।

৫৫. 'বঙ্গবন্ধু-১' একটি–
ক সেতুর নাম খ ডিজিটাল ডাটা সেন্টারের নাম
গ কৃত্রিম উপগ্রহের নাম ঘ বিদ্যুৎকেন্দ্রের নাম

ব্যাখ্যা বঙ্গবন্ধু-১ বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ। এটি ২০১৮ সালের ১১ মে যুক্তরাষ্ট্রের কেপ কেনেডি স্পেস সেন্টার থেকে ফ্যালকন-৯ রকেটে উৎক্ষেপণ করা হয়। উল্লেখ্য, বাংলাদেশের পরবর্তী কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু-২ উৎক্ষেপণের জন্য রাশিয়ার গ্লাভকসমস-এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

৫৬. সোমপুর মহাবিহার কোন জেলায় অবস্থিত?
ক রাজশাহী খ নওগাঁ গ জয়পুরহাট ঘ কুমিল্লা

ব্যাখ্যা নওগাঁ জেলায় অবস্থিত সোমপুর বিহার বা পাহাড়পুর বৌদ্ধবিহার নির্মিত হয় অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকে। এটির নির্মাতা পাল বংশের রাজা ধর্মপাল। ১৯৮৫ সালে ইউনেস্কো এটিকে বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়।

৫৭. বাংলাদেশের ভূ-আকৃতিকে কোন গ্রিক বর্ণের মতো মনে করা হয়?
ক আলফা খ গামা গ বেটা ঘ ডেল্টা

ব্যাখ্যা গ্রিক বর্ণ 'Δ' (Delta) বা বাংলা অক্ষর মাত্রাহীন 'ব'-এর থেকে ব-দ্বীপ বা Delta শব্দটি এসেছে। মোহনায় এসে নদীগর্ভে বালি, পলি, কর্দম প্রভৃতি সঞ্চিত হয়ে নদীবক্ষে প্রায় ত্রিকোণাকার ভূমিভাগ গড়ে ওঠলে তাকে ব-দ্বীপ (Delta) বলে।

উত্তর	
৪৪	Note
৪৫	ক
৪৬	ক
৪৭	ক
৪৮	খ
৪৯	ক
৫০	গ
৫১	গ
৫২	গ
৫৩	ক
৫৪	ক
৫৫	গ
৫৬	খ
৫৭	ঘ

৫৮. কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান নয়?
ক সুপ্রিম কোর্ট খ নির্বাচন কমিশন
● দুর্নীতি দমন কমিশন ঘ পাবলিক সার্ভিস কমিশন

ব্যাখ্যা বাংলাদেশের বর্তমান সাংবিধানিক সংস্থাসমূহ হলো– নির্বাহী বিভাগ, আইনসভা, বিচার বিভাগ, নির্বাচন কমিশন, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় এবং সরকারি কর্ম কমিশন।

৫৯. মহান মুক্তিযুদ্ধকালে বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি ছিলেন–
ক তাজউদ্দীন আহমদ খ সৈয়দ নজরুল ইসলাম
গ এ এইচ এম কামারুজ্জামান ঘ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

ব্যাখ্যা ১৯৭১ সালের ১০ এপ্রিল বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয় এবং ১৭ এপ্রিল এ সরকার শপথ গ্রহণ করে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন এ সরকারের রাষ্ট্রপতি, সৈয়দ নজরুল ইসলাম ছিলেন অস্থায়ী রাষ্ট্রপতি, তাজউদ্দীন আহমদ ছিলেন প্রধানমন্ত্রী এবং এ. এইচ. এম. কামারুজ্জামান ছিলেন স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী।

৬০. রামসাগর দিঘি কোন জেলায় অবস্থিত?
ক সিলেট খ চট্টগ্রাম গ নীলফামারী ঘ দিনাজপুর

ব্যাখ্যা রামসাগর দিঘির অবস্থান দিনাজপুর জেলার তাজপুর গ্রামে। দিনাজপুরের রাজা রামনাথ নবাব আলীবর্দী খানের সময়ে অর্থাৎ ১৭৫০-৫৫ খ্রিস্টাব্দের মধ্যে এটি খনন করেন।

৬১. UNESCO-এর সদর দপ্তর কোন শহরে অবস্থিত?
ক লন্ডন খ নিউ ইয়র্ক গ জেনেভা ঘ প্যারিস

ব্যাখ্যা UNESCO-এর পূর্ণরূপ– United Nations Educational Scientific and Cultural Organization। সংস্থাটি ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত হয়। ফ্রান্সের প্যারিসে-এর সদর দপ্তর অবস্থিত।

৬২. কোনটি ASEAN-ভুক্ত দেশ নয়?
ক ভিয়েতনাম খ ফিলিপাইন গ থাইল্যান্ড ঘ শ্রীলঙ্কা

ব্যাখ্যা আঞ্চলিক জোট ASEAN ১৯৬৭ সালে প্রতিষ্ঠিত হয়। এর পূর্ণরূপ– Association of Southeast Asian Nations। সংস্থাটির সদস্য ১০টি। যথা– মালয়েশিয়া, থাইল্যান্ড, ফিলিপাইন, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, ব্রুনাই, ভিয়েতনাম, লাওস, মিয়ানমার ও কম্বোডিয়া। এর সদর দপ্তর ইন্দোনেশিয়ার জাকার্তায় অবস্থিত।

৬৩. কোনটি জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য দেশ?
ক স্পেন খ ব্রাজিল গ দক্ষিণ আফ্রিকা ঘ চীন

ব্যাখ্যা জাতিসংঘের কার্যকরী সভা নিরাপত্তা বা স্বস্তি পরিষদের সদস্যদেশ ১৫টি। এর মধ্যে স্থায়ী ৫টি এবং অস্থায়ী ১০টি। স্থায়ী ৫টি সদস্য দেশ হলো– যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন।

৬৪. ভারত ও পাকিস্তানের মধ্যে অমীমাংসিত সীমানারেখাকে বলা হয়–
ক Line of Access Control
খ Line of Actual Control
গ Line of Control
ঘ Line of No Crossing

ব্যাখ্যা ভারত ও পাকিস্তানের মধ্যে অমীমাংসিত সীমারেখা, 'লাইন অব কন্ট্রোল'। এ সীমারেখার অবস্থান কাশ্মীরে। অন্যদিকে, 'লাইন অব একুয়াল কন্ট্রোল' চীন ও ভারতের সীমান্তবর্তী রেখা।

৬৫. NATO কোন ধরনের জোট?
ক সামরিক খ রাজনৈতিক গ সামাজিক ঘ সাংস্কৃতিক

ব্যাখ্যা আঞ্চলিক সামরিক জোট NATO ১৯৪৯ সালের ৪ এপ্রিল প্রতিষ্ঠিত হয়। এর পূর্ণরূপ– North Atlantic Treaty Organization। সংস্থাটির সদস্য সংখ্যা ৩০টি এবং সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত।

৬৬. 'হাইফা' কোন দেশের বন্দরনগরী?
ক ইরান খ ইসরাইল গ কুয়েত ঘ মিশর

ব্যাখ্যা ইসরাইলের বন্দরনগরী হাইফা। ইরানের বন্দরনগরী আব্বাস ও আবাদান। মিশরের বন্দর নগরী সুয়েজ, আলেকজান্দ্রিয়া ও পোর্ট সৈয়দ। কুয়েতের বন্দরনগরী কুয়েত সিটি।

৬৭. চীন কর্তৃক গৃহীত মেগা-প্রকল্প BRI-এর অর্থ হচ্ছে–
ক Belt and Road Initiative
খ Basic Regional Initiative
গ Build Regional Infrastructure
ঘ Big Road Infrastructure

ব্যাখ্যা এশিয়াকে বিশ্ব বাণিজ্যের কেন্দ্রবিন্দুতে পরিণত করার লক্ষ্য নিয়ে চীনের মহাপরিকল্পনা One Belt One Road উদ্যোগের সংশোধিত নাম Belt and Road Initiative (BRI)। চীনের নতুন সিল্ক রোড হিসেবে খ্যাত এ উদ্যোগের মাধ্যমে বিশ্বায়ন ২.০ এর যাত্রা শুরু হয়।

৬৮. কোনটি পারমাণবিক অস্ত্রধারী দেশ নয়?
ক ভারত খ পাকিস্তান গ জার্মানি ঘ উত্তর কোরিয়া

ব্যাখ্যা বর্তমানে স্বীকৃত পারমাণবিক অস্ত্রধারী দেশ ৮টি। যথা : যুক্তরাষ্ট্র, রাশিয়া, যুক্তরাজ্য, ফ্রান্স, চীন, ভারত, পাকিস্তান ও উত্তর কোরিয়া। তবে ইসরাইলের হাতেও পারমাণবিক অস্ত্র রয়েছে বলে মনে করা হয়।

৬৯. কোনটি EU-ভুক্ত দেশ নয়?
ক ফ্রান্স খ ইতালি গ যুক্তরাজ্য ঘ পোল্যান্ড

ব্যাখ্যা ১৯৯২ সালে ম্যাসট্রিখ্ট চুক্তির মাধ্যমে ইউরোপীয় ইউনিয়নের (EU) আত্মপ্রকাশ ঘটে। সংস্থাটির সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত। এর প্রশাসনিক দপ্তর অবস্থিত লুক্সেমবার্গে। ৩১ জানুয়ারি ২০২০ যুক্তরাজ্য ইউরোপীয় ইউনিয়নের সদস্যপদ ত্যাগ করায় সংস্থাটির বর্তমান সদস্য দেশ ২৭টি।

৭০. কোন দেশ বাংলা ভাষাকে সে দেশের সরকারি ভাষার মর্যাদা দিয়েছে?
ক কঙ্গো খ সিয়েরা লিওন গ বেনিন ঘ দক্ষিণ সুদান

ব্যাখ্যা সিয়েরা লিওনে শান্তি প্রতিষ্ঠা এবং দেশ গঠনে বাংলাদেশ সেনাবাহিনীর অক্লান্ত পরিশ্রম ও অবদানের স্বীকৃতিস্বরূপ, দেশটির প্রেসিডেন্ট আহমেদ তেজান কাব্বা বাংলা ভাষাকে সে দেশের অন্যতম সরকারি ভাষা হিসেবে ঘোষণা দেন ১২ ডিসেম্বর ২০০২।

উত্তর	
৫৮	গ
৫৯	খ
৬০	ঘ
৬১	ঘ
৬২	ঘ
৬৩	ঘ
৬৪	গ
৬৫	ক
৬৬	খ
৬৭	ক
৬৮	গ
৬৯	গ
৭০	খ

CamScanner

৭১. ২৫ ডিসেম্বর ২০২১ তারিখে NASA মহাশূন্যে যে স্পেস টেলিস্কোপ প্রেরণ করেছে তার নাম–
ⓚ Kepler Space Telescope
ⓛ James Webb Space Telescope
ⓜ Hubble Space Telescope
ⓝ Neil Armstrong Space Telescope

ব্যাখ্যা ২৫ ডিসেম্বর ২০২১ যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা NASA ফ্রান্সের গায়ানা কোউরু মহাকাশ কেন্দ্র থেকে অ্যারিয়ান রকেটের মাধ্যমে জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ মহাকাশে প্রেরণ করে। ১২ জুলাই ২০২২ নাসা জেমস ওয়েব স্পেস টেলিস্কোপের মাধ্যমে তোলা ১৩০০ কোটি বছর পূর্বের মহাকাশের ছবি প্রকাশ করে। এটি কক্ষপথে স্থাপন করা সবচেয়ে শক্তিশালী টেলিস্কোপ।

৭২. একদিনের আন্তর্জাতিক ক্রিকেট কত সাল থেকে শুরু হয়?
ⓚ ১৯৭০ ⓛ ১৯৭১ ⓜ ১৯৭২ ⓝ ১৯৭৫

ব্যাখ্যা ৫ জানুয়ারি ১৯৭১ অস্ট্রেলিয়াতে সর্বপ্রথম একদিনের আন্তর্জাতিক ক্রিকেট খেলা অনুষ্ঠিত হয়। ওয়ানডে ক্রিকেটের প্রস্তাবক সংস্থা মেরিলিবোন ক্রিকেট ক্লাব (MCC)। উল্লেখ, ১৯৭৫ সালে প্রথম বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হয় ইংল্যান্ডে।

৭৩. বাংলাদেশের জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের সংখ্যা কত?
ⓚ ৪৫ ⓛ ৩৫ ⓜ ৫০ ⓝ ৩০

ব্যাখ্যা ৩০ জুন ২০১১ সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে সংরক্ষিত নারী আসন ৪৫ থেকে ৫০-এ উন্নীত করা হয়। আর ৮ জুলাই ২০১৮ সংবিধানের সপ্তদশ সংশোধনীর মাধ্যমে জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের সময়সীমা ২৫ বছর বৃদ্ধি করা হয়।

৭৪. বাংলাদেশে নিযুক্ত বিদেশি দূতগণ কার কাছে পরিচয়পত্র পেশ করেন?
ⓚ রাষ্ট্রপতি ⓛ প্রধানমন্ত্রী ⓜ স্পীকার ⓝ পররাষ্ট্রমন্ত্রী

ব্যাখ্যা বাংলাদেশে নিযুক্ত বিদেশি রাষ্ট্রদূতগণ মহামান্য রাষ্ট্রপতির নিকট পরিচয়পত্র (Credentials) পেশ করেন। রাষ্ট্রপতির কয়েকটি গুরুত্বপূর্ণ দায়িত্ব হলো: তিনি মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদের সদস্যবর্গ, প্রধান বিচারপতি, এটর্নি জেনারেলকে নিয়োগ প্রদান করেন। তাছাড়া তিনি জাতীয় সংসদের অধিবেশন আহ্বান ও সমাপ্তি ঘোষণা করেন।

৭৫. 'মনপুরা ৭০' কী?
ⓚ একটি চিত্রকর্ম ⓛ একটি ভাস্কর্য
ⓜ একটি উপন্যাস ⓝ একটি চলচ্চিত্র

ব্যাখ্যা ১২ নভেম্বর ১৯৭০ মনপুরা দ্বীপে সংঘটিত ভয়াবহ ঘূর্ণিঝড় নিয়ে তৈরি শিল্পাচার্য জয়নুল আবেদিনের একটি চিত্রকর্ম 'মনপুরা ৭০'। তিনি সোনারগাঁওয়ে লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা করেন। তার আরও কয়েকটি বিখ্যাত চিত্রকর্ম হলো: সংগ্রাম, দুর্ভিক্ষ, সাঁওতাল রমণী, ম্যাডোনা-৪৩ ও নবান্ন।

৭৬. ৬৫৫৯-এর সাথে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
ⓚ ২ ⓛ ৩ ⓜ ৪ ⓝ ৫

ব্যাখ্যা অপশন (ক)-তে ৬৫৫৯ + ২ = ৬৫৬১

৬৫৬১ এর বর্গমূল

৬৫৬১	৮১
৬৪	
১৬১	১৬১
	১৬১
	০

∴ ক্ষুদ্রতম সংখ্যা ২ যোগ করলে তা পূর্ণবর্গ হবে।

৭৭. ১ + ২ + ৩ + ৪ ..... + ৯৯ = কত?
ⓚ ৩৯৫০ ⓛ ৩৪৫০ ⓜ ৪৯৫০ ⓝ ৫৯৪০

ব্যাখ্যা $\frac{n(n+1)}{2}$

$= \frac{99(99+1)}{2}$

$= 4950$

৭৮. এক ব্যক্তি তার আয়ের $\frac{1}{2}$ অংশের পরিবর্তে $\frac{1}{3}$ অংশ ব্যয় করলে ৫০০০ টাকা কম খরচ হতো। তার আয় কত?
ⓚ ২০,০০০ টাকা ⓛ ২৫,০০০ টাকা
ⓜ ৩০,০০০ টাকা ⓝ ৩৫,০০০ টাকা

ব্যাখ্যা ব্যবধান $= \left(\frac{1}{2} - \frac{1}{3}\right) = \frac{3-2}{6} = \frac{1}{6}$

এখন, $\frac{1}{6}$ অংশ = ৫০০০ টাকা

১ (সম্পূর্ণ) " = ৫০০০ × ৬ = ৩০,০০০ টাকা

৭৯. $\left(\frac{x^p}{x^q}\right)^{p+q} \cdot \left(\frac{x^q}{x^r}\right)^{q+r} \cdot \left(\frac{x^r}{x^p}\right)^{r+p}$ = কত?
ⓚ 1 ⓛ 0 ⓜ 2 ⓝ 10

ব্যাখ্যা $\left(\frac{x^p}{x^q}\right)^{p+q} \cdot \left(\frac{x^q}{x^r}\right)^{q+r} \cdot \left(\frac{x^r}{x^p}\right)^{r+p}$

$= x^{(p-q)(p+q)} \cdot x^{(q-r)(q+r)} \cdot x^{(r-p)(r+p)}$

$= x^{p^2-q^2} \cdot x^{q^2-r^2} \cdot x^{r^2-p^2}$

$= x^{p^2-q^2+q^2-r^2+r^2-q^2}$

$= x^0 = 1.$

৮০. $x - \frac{1}{x} = 1$ হলে, $x^3 - \frac{1}{x^3}$-এর মান কত?
ⓚ 1 ⓛ 3 ⓜ 4 ⓝ 9

ব্যাখ্যা দেওয়া আছে,

$x^3 - \frac{1}{x^3} = \left(x - \frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$

$= (1)^3 + 3.1$

$= 1 + 3 = 4$

৮১. দুইটি সংখ্যার ল.সা.গু. ৮৪ এবং গ.সা.গু. ৭। একটি সংখ্যা ২১ হলে, অপর সংখ্যাটি কত?
ⓚ ২৪ ⓛ ২৮ ⓜ ৩৫ ⓝ ৪২

ব্যাখ্যা দুইটি সংখ্যার গুণফল = ল. সা. গু. × গ.সা. গু.

⇒ একটি সংখ্যা × অপর সংখ্যা = ল. সা. গু. × গ.সা.গু.

উত্তর

৭১	খ
৭২	খ
৭৩	গ
৭৪	ক
৭৫	ক
৭৬	ক
৭৭	গ
৭৮	গ
৭৯	ক
৮০	গ
৮১	খ

⇒ ২১ × অপর সংখ্যা = ৮৪ × ৭

⇒ অপর সংখ্যা $= \frac{৮৪ \times ৭}{২১}$

∴ অপর সংখ্যা = ২৮

৮২. কোনো স্কুলে একদিন ১৩৫ জন ছাত্র অনুপস্থিত ছিল। অনুপস্থিতির হার ৩% হলে ঐ স্কুলে ছাত্র সংখ্যা কত?
ⓚ ৩০০০ ⓛ ৩৫০০ ⓜ ৪০০০ ⓝ ৪৫০০

ব্যাখ্যা প্রশ্নমতে,

$৩\% = ১৩৫$

$\therefore ১\% = \frac{১৩৫}{৩}$

$\therefore ১০০\% = \frac{১৩৫ \times ১০০}{৩}$

$= ৪৫০০$

৮৩. $\cos 45° = \sqrt{3}A$ হলে A-এর মান কত?
ⓚ $\frac{1}{6}$ ⓛ 6 ⓜ $\sqrt{6}$ ⓝ $\frac{1}{\sqrt{6}}$

ব্যাখ্যা দেওয়া আছে, $\cos 45° = \sqrt{3}A$

$\Rightarrow \frac{1}{\sqrt{2}} = \sqrt{3}A$

$\Rightarrow \sqrt{3}A = \frac{1}{\sqrt{2}}$

$\Rightarrow A = \frac{1}{\sqrt{3}\sqrt{2}}$

$\therefore \frac{1}{\sqrt{6}}$

৮৪. $4^{x+4} = 32$ হলে, x-এর মান কত?
ⓚ 1 ⓛ −1 ⓜ 3/2 ⓝ −3/2

ব্যাখ্যা $4^{x+4} = 32$

$\Rightarrow 2^{2(x+4)} = 2^5$

$\Rightarrow 2(x+4) = 5$

$\Rightarrow 2x + 8 = 5$

$\Rightarrow 2x = 5 - 8$

$\Rightarrow 2x = -3$

$\therefore x = -\frac{3}{2}$

৮৫. 2, 5, 6 এর চতুর্থ সমানুপাতী কোনটি?
ⓚ 8 ⓛ 16 ⓜ 15 ⓝ 30

ব্যাখ্যা মনে করি, চতুর্থ সমানুপাতী x

প্রশ্নমতে, $\frac{2}{5} = \frac{6}{x}$

$\Rightarrow 2x = 30$

$\Rightarrow x = \frac{30}{2}$

$\therefore x = 15$

৮৬. 8 + 13 + 18 + ... ধারাটির n-তম পদ কত?
ⓚ 3n + 5 ⓛ 5n + 3 ⓜ n + 5 ⓝ n + 3

ব্যাখ্যা 8 + 13 + 18 + ... ধারাটির n-তম পদ = 5n + 3

৮৭. 10 থেকে 20 পর্যন্ত সংখ্যাগুলো থেকে একটি সংখ্যা দৈবভাবে পছন্দ করা হলে, সেই সংখ্যাটির মৌলিক সংখ্যা হবার সম্ভাবনা কত?
ⓚ 4/10 ⓛ 4/11 ⓜ 5/10 ⓝ 5/11

ব্যাখ্যা 10 থেকে 20 পর্যন্ত মৌলিক সংখ্যা 4টি
যথা : 11, 13, 17, 19

∴ নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{4}{11}$

৮৮. $\cos\theta - \sin 2\theta = 0$ হলে, θ-এর মান কত?
ⓚ 30° ⓛ 60° ⓜ 45° ⓝ 0°

ব্যাখ্যা $\cos\theta - \sin 2\theta = 0$

$\Rightarrow \cos\theta - 2.\sin\theta.\cos\theta = 0$

$\Rightarrow -\cos\theta(2\sin\theta - 1) = 0$

$\therefore 2\sin\theta - 1 = 0$

$\Rightarrow \sin\theta = \frac{1}{2}$

$\Rightarrow \sin\theta = \sin 30°$


$\therefore \theta = 30°$

৮৯. $3x^2 + 4y^2 = 12$ সমীকরণটির লেখচিত্র কেমন হবে?
ⓚ উপবৃত্ত ⓛ বৃত্ত ⓜ অধিবৃত্ত ⓝ পরাবৃত্ত

ব্যাখ্যা নির্ণেয় সমীকরণ $3x^2 + 4y^2 = 12$


$\therefore \frac{x^2}{4} + \frac{y^2}{3} = 1$

সমীকরণের উৎকেন্দ্রিকতা $0 < e < 1$ হলে তা উপবৃত্ত।



৯০. 28 cm ব্যাসার্ধবিশিষ্ট অর্ধবৃত্তের ক্ষেত্রফল কত?
ⓚ 1223 sq cm ⓛ 1232 sq cm
ⓜ 2464 sq cm ⓝ 2446 sq cm

ব্যাখ্যা



যেহেতু,
বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$ sq cm

$= \pi \times (28)^2$ "

$= \frac{22 \times 784}{7}$ "

$= 2464$ "

∴ অর্ধবৃত্তের ক্ষেত্রফল $= \frac{2464}{2} = 1232$ sq cm


উত্তর

৮২	ঘ
৮৩	ঘ
৮৪	ঘ
৮৫	গ
৮৬	খ
৮৭	খ
৮৮	ক
৮৯	ক
৯০	খ

CamScanner

৯১. বৃত্তের স্পর্শক বৃত্তের ব্যাসার্ধের সাথে কী পরিমাণ কোণ উৎপন্ন করে?
ক 2π খ π/2
গ π ঘ π/4


ব্যাখ্যা



বৃত্তের স্পর্শক ব্যাসার্ধের সাথে এক সমকোণ তৈরি করে।

৯২. ত্রিভুজের মধ্যমাত্রয়ের সমষ্টি ত্রিভুজের–
ক পরিসীমা অপেক্ষা ক্ষুদ্রতর
খ পরিসীমা অপেক্ষা বৃহত্তর
গ পরিসীমার সমান
ঘ পরিসীমার অর্ধেকের চেয়ে ক্ষুদ্রতর

ব্যাখ্যা



ত্রিভুজের মধ্যমাত্রয়ের সমষ্টি ত্রিভুজের পরিসীমা অপেক্ষা ক্ষুদ্রতর।
∴ AB + BC + CA > CD + AE + BF

৯৩. এক ব্যক্তি ৫০,০০০ টাকা ব্যাংকে জমা করে বছরের সুদ বাবদ ২০০০ টাকা আয় করেন। ঐ ব্যাংকে সুদের হার কত?
ক 8% খ ৫%
গ ৬% ঘ ১০%

ব্যাখ্যা ধরি, সুদের হার = r%
∴ I = Pnr
এখন, ২০০০ = ৫০,০০০ × ১ × r%
$\therefore r = \frac{১০০ \times ২০০০}{৫০০০০}\%$
= 8%
∴ সুদের হার = 8 শতাংশ বা 8%

৯৪. ইনসুলিন কোথায় উৎপন্ন হয়?
ক পিত্তাশয়ে খ পাকস্থলীতে
গ ইস্টারফেরনে ঘ অগ্ন্যাশয়ে

ব্যাখ্যা ইনসুলিন হচ্ছে এক ধরনের হরমোন যা অগ্ন্যাশয়ের আইলেটস্ অব ল্যাঙ্গারহ্যান্সের β কোষ থেকে নিঃসৃত হয় এবং দেহকোষ বিশেষ করে যকৃত ও পেশিতে গ্লুকোজ গ্রহণ ত্বরান্বিত করে।

৯৫. কোন ধাতু সবচেয়ে ক্ষয়প্রাপ্ত হয়?
ক তামা খ লোহা
গ দস্তা ঘ সোনা

ব্যাখ্যা জিংক বা দস্তা সবচেয়ে বেশি ক্ষয়প্রাপ্ত হয়। কারণ জিংক অতি সক্রিয় ধাতু এবং এটি অবস্থান্তর ধাতু।

৯৬. বংশগতি বিদ্যার জনক কে?
ক রাদারফোর্ড খ মেন্ডেল
গ ভন লিউয়েন হুক ঘ আলেকজান্ডার ফ্লেমিং

ব্যাখ্যা জিনতত্ত্ব বা বংশগতি বিদ্যার জনক গ্রেগর জোহান মেন্ডেল। তিনি অস্ট্রিয়ার একজন ধর্মযাজক ছিলেন এবং জিনতত্ত্বের ওপর সূত্র প্রদান করেন।

৯৭. মস্তিষ্কের ডোপামিন তৈরির কোষগুলো নষ্ট হলে কী রোগ হয়?
ক থ্রমবোসিন খ প্যারালাইসিস
গ এপিলেপসি ঘ পারকিনসন

ব্যাখ্যা পারকিনসন রোগ মস্তিষ্কের এমন এক অবস্থা যাতে হাতে ও পায়ে কাঁপুনি হয় এবং আক্রান্ত রোগী চলাফেরায় অপারগ হয়। স্নায়ুকোষে ডোপামিন নামক এক প্রকার নির্যাস তৈরি হয় যা চলাফেরায় সহায়তা করে। পারকিনসন রোগে ডোপামিন তৈরির কোষগুলো ধীরে ধীরে নষ্ট হয়ে যায়। ডোপামিন ছাড়া ঐ স্নায়ুকোষগুলো পেশিকোষগুলোকে সংবেদন পাঠাতে পারে না। ফলে পেশিকোষ কার্যকারিতা হারায়।

৯৮. রঙিন টেলিভিশন হতে ক্ষতিকর যে রশ্মি বের হয়–
ক আলফা রশ্মি খ বিটা রশ্মি
গ গামা রশ্মি ঘ ডেলটা রশ্মি
[Note : পুরনো মডেলের টেলিভিশন বা কম্পিউটার মনিটরে ক্যাথোড রে টিউব (CRT) ব্যবহার করা হয়। ইলেকট্রনসমূহ অতি উচ্চ বিভবে (সাধারণত 20000-100000V) থাকার কারণে এ CRT থেকে খুব সামান্য পরিমাণ এক্স-রে নির্গত হয়। এক্স-রে বা রঞ্জন রশ্মি জীবন্ত কোষ ধ্বংস করতে সক্ষম। তবে আধুনিক টেলিভিশন (LCD বা LED) থেকে এরূপ এক্স-রে নির্গমন ঘটে না।]

৯৯. সাধারণ বৈদ্যুতিক বাল্বে কী গ্যাস ব্যবহার করা হয়?
ক নাইট্রোজেন খ হিলিয়াম
গ হাইড্রোজেন ঘ অক্সিজেন

ব্যাখ্যা সাধারণ বৈদ্যুতিক বাল্বে সাধারণত নাইট্রোজেন গ্যাস ব্যবহৃত হয়। নিষ্ক্রিয় গ্যাসের মতো আচরণ করায় এটি বৈদ্যুতিক বাল্বে সহজেই ব্যবহার করা যায়।

১০০. উদ্ভিদের বৃদ্ধিমাপক যন্ত্রের নাম কী?
ক ক্যালোরিমিটার খ ফিগমোম্যানোমিটার
গ অক্সানোমিটার ঘ পোটোমিটার

ব্যাখ্যা উদ্ভিদের বৃদ্ধি নির্ণয়ে ক্রেসকোগ্রাফ, অক্সানোমিটার ব্যবহৃত হয়। অক্সানোমিটারের মাধ্যমে উদ্ভিদের শীর্ষে একটি পাতলা কর্ড এবং অন্য প্রান্তে একটি আর্ক স্কেলের সাথে যুক্ত থেকে এই পরিমাপ করা হয়।

উত্তর
৯১ খ
৯২ ক
৯৩ ক
৯৪ ঘ
৯৫ গ
৯৬ খ
৯৭ ঘ
৯৮ Note
৯৯ ক
১০০ গ

স্থানীয় সরকার বিভাগের জনস্বাস্থ্য প্রকৌশলের প্রশিক্ষণ কর্মকর্তা ২০২২


পরীক্ষার তারিখ : ০৯.০৬.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট : ০১; কোড : একাত্তর

[মোট প্রশ্ন ১০০ (একশত)। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।]

১. 'কিংবদন্তি' শব্দের অর্থ—
ক কাহিনি খ জনশ্রুতি গ গল্প ঘ রূপকথা
ব্যাখ্যা সংস্কৃত 'কিংবদন্তি' শব্দের অর্থ জনশ্রুতি। অন্যদিকে, 'কাহিনি' শব্দের অর্থ আখ্যান, 'গল্প' অর্থ আলাপ এবং 'রূপকথা' অর্থ অবাস্তব কল্পকাহিনি।

২. Mr. Ibrahim lives — 35, Rankin Street, Dhaka. To complete the sentence, we need —.
ক in খ at গ over ঘ on
ব্যাখ্যা বাড়ির নাম অথবা ঠিকানার পূর্বে সাধারণত at বসে।

৩. ABC ত্রিভুজের AB = AC এবং ∠A = 80° হলে, ∠B = কত?
ক 40° খ 50° গ 60° ঘ 80°
ব্যাখ্যা



ABC ত্রিভুজের AB = AC ∴ ∠B = ∠C
এখন, ∠A + ∠B + ∠C = 180°
বা, 2∠B = 180° − ∠A
বা, $\angle B = \frac{180° - 80°}{2} = \frac{100°}{2}$
∴ ∠B = 50°

৪. What is the correct spelling?
ক etiquete খ atiquete
গ eticate ঘ etiquette
ব্যাখ্যা Etiquette (শিষ্টাচার) হলো সঠিক বানান যা অপশন (ঘ)-তে আছে।

৫. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা কে?
ক বড়ু চণ্ডীদাস খ দীন চণ্ডীদাস
গ জয়দেব ঘ বিদ্যাপতি
ব্যাখ্যা বড়ু চণ্ডীদাস রচিত 'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্যযুগের প্রথম কাব্যগ্রন্থ। বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ ১৯০৯ সালে দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় নামক ব্রাহ্মণের গোয়ালঘর থেকে গ্রন্থটি আবিষ্কার করেন। পরবর্তীতে ১৯১৬ সালে তারই সম্পাদনায় 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে এটি প্রকাশিত হয়। ১৩ খণ্ডে রচিত এ কাব্যের প্রধান চরিত্র- কৃষ্ণ, রাধা ও বড়াই।

৬. 'চাবুক' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক ফরাসি খ ফারসি
গ আরবি ঘ উর্দু
ব্যাখ্যা 'চাবুক' শব্দটি ফারসি ভাষা থেকে আগত। এ ভাষার আরও কয়েকটি শব্দ- চশমা, চাকর, দরজা, জামদানি, পেয়ালা। অন্যদিকে, কিছু ফরাসি শব্দ- কার্তুজ, ডিপো, রেস্তোরাঁ, আঁতাত, পিস্তল। আরবি শব্দ- আল্লাহ, ইসলাম, কুরআন, সাবান এবং উর্দু শব্দ- আব্বু, কলিজা, বদলা, হল্লা।

৭. The word 'arable' is related to —.
ক eye খ ear
গ land ঘ air
ব্যাখ্যা Arable অর্থ চাষযোগ্য ভূমি বা জমি। তাই শব্দটি land-এর সাথে সংশ্লিষ্ট।

৮. The historical novel 'A Tale of Two Cities' is written by —.
ক Charles Dickens খ James Joyce
গ Sir W. Scott ঘ Charlotte Bronte
ব্যাখ্যা 'A Tale of Two Cities' লন্ডন ও প্যারিস শহরকে কেন্দ্র করে রচিত Charles Dickens-এর বিখ্যাত উপন্যাস।

৯. নিচের কোনটি মৌলিক পদার্থ নয়?
ক ডায়মন্ড খ সাদা ফসফরাস
গ রম্বিক সালফার ঘ ফসফিন
ব্যাখ্যা যে পদার্থকে ভাঙলে সেই পদার্থ ছাড়া অন্য কোনো পদার্থ পাওয়া যায় না তাকে মৌলিক পদার্থ বা মৌল বলে। অপশনগুলোর মধ্যে ডায়মন্ড, সাদা ফসফরাস, রম্বিক সালফার তিনটিই মৌলিক পদার্থ।

১০. 'বাংলা পিডিয়া'র প্রকাশক —
ক বাংলা একাডেমি
খ ইউনিভার্সিটি প্রেস লিমিটেড
গ এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ
ঘ ঢাকা বিশ্ববিদ্যালয়
ব্যাখ্যা ২০০৩ সালে প্রথম প্রকাশিত বাংলাদেশের জাতীয় জ্ঞানকোষ 'বাংলাপিডিয়া'র প্রকাশক এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ। বাংলা ও ইংরেজি উভয় ভাষায় গ্রন্থটি প্রকাশিত হয় এবং এর প্রধান সম্পাদক সিরাজুল ইসলাম।

১১. $x + \frac{2}{x} = 3$ হলে, $x^3 + \frac{8}{x^3}$-এর মান কত?
ক 9 খ 5 গ 3 ঘ 1
ব্যাখ্যা $x^3 + \frac{8}{x^3}$
$= (x)^3 + \left(\frac{2}{x}\right)^3$

উত্তর
০১ খ
০২ খ
০৩ খ
০৪ ঘ
০৫ ক
০৬ খ
০৭ গ
০৮ ক
০৯ ঘ
১০ গ
১১ ক

CamScanner

$= \left(x+\frac{2}{x}\right)^3 - 3.x.\frac{2}{x}\left(x+\frac{2}{x}\right)$

$= (3)^3 - 3.2.3$

$= 27 - 18 = 9$

১২. একটি শ্রেণীতে যতজন ছাত্র আছে প্রত্যেকে তত টাকা করে প্রদান করলে মোট ৬,৫৬১ টাকা হয়। ছাত্রসংখ্যা কত?

ক ৯২ খ ৭৫ গ ৯১ ঘ ৮১

ব্যাখ্যা ধরি, ছাত্র সংখ্যা = x জন

$\therefore x.x = 6561$

বা, $x^2 = 6561$

$\therefore x = 81$

১৩. 'দৃষ্টিপাতে'র লেখক যাযাবরের আসল নাম কী?

ক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ আবদুল কাদির

গ বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায় ঘ হুমায়ূন আহমেদ

ব্যাখ্যা দৃষ্টিপাতে'র লেখক যাযাবরের আসল নাম বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায়। ছোটগল্প, উপন্যাস ও প্রবন্ধ সংকলন মিলিয়ে তার মোট গ্রন্থ সংখ্যা ৬টি।

১৪. কোমল পানীয়তে কোনটি বিদ্যমান?

ক সাইট্রিক এসিড খ কার্বনিক এসিড

গ ইথানয়িক এসিড ঘ টারটারিক এসিড

ব্যাখ্যা কার্বনিক এসিডের সংকেত হলো H_2CO_3। এটিকে অনেক সময় পানিতে কার্বন-ডাই-অক্সাইডের দ্রবণ বা 'কার্বনেটেড জল' বলা হয়। শারীরবিদ্যায় কার্বনিক এসিডকে 'উদ্বায়ী এসিড' বা 'শ্বাসপ্রদর এসিড'ও বলা হয়।

১৫. Identify the correct sentence :

ক Discuss the matter in details

খ There is no chair to sit

গ Do you know where does he work?

ঘ The students have gone for a picnic

ব্যাখ্যা সাধারণত discuss শব্দটির পরে কোনো preposition বসে না। এজন্য (ক) সঠিক উত্তর। অন্যদিকে, (খ) ভুল এজন্য যে বাক্যটির পরে on বসালে বাক্যটি শুদ্ধ হতো। (গ) ভুল কারণ, embeded quesiton-এর interrogative হয় না আর (ঘ) ভুল কারণ, for a picnic না হয়ে 'on a picnic' হলে শুদ্ধ হতো।

১৬. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ব্যতীত অপর দুটি কোণের অন্তর 10° হলে, বৃহত্তম কোণটি কত ডিগ্রি?

ক 40 খ 50 গ 45 ঘ 60

ব্যাখ্যা ধরি, ক্ষুদ্রতম কোণ = x

$\therefore$ বৃহত্তম কোণ = $x + 10$

$\therefore x + x + 10 = 90°$

বা, $2x + 10 = 90°$

বা, $2x = 80°$

$\therefore x = 40°$

$\therefore$ বৃহত্তম কোণটি = $40° + 10° = 50°$।

১৭. We have free — to our manager. The right word for the gap is :

ক excess খ access গ exces ঘ axcess

ব্যাখ্যা Access to (প্রবেশাধিকার) বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়।

১৮. যক্ষ্মা রোগের জীবাণু কোনটি?

ক Pneumococcus

খ Plasmodium

গ Mycobacterium tuberculosis

ঘ Streptococcus

ব্যাখ্যা যক্ষ্মা রোগের জীবাণুর নাম 'মাইক্রোব্যাক্টেরিয়াম টিউবারকিউলোসিস'। ১৮৮২ সালে রবার্ট কচ নামক বিজ্ঞানী প্রথম এই জীবাণু আবিষ্কার করেন।

১৯. 'ভূপতির কাক' বাগধারাটির অর্থ–

ক বয়স্ক বহুদর্শী খ নিরেট মূর্খ

গ কপটচারী ঘ ভণ্ড সাধু

ব্যাখ্যা 'ভূপতির কাক' বাগধারাটির অর্থ বয়স্ক বহুদর্শী। অন্যদিকে, বুদ্ধির ঢেঁকি– নিরেট মূর্খ, ভিজে বিড়াল–কপটচারী এবং বিড়াল তপস্বী-ভণ্ড সাধু।

২০. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?

ক নেকড়ে অরণ্য খ চিলেকোঠার সেপাই

গ আরেক ফাল্গুন ঘ কাঁটাতারে প্রজাপতি

ব্যাখ্যা শওকত ওসমান রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'নেকড়ে অরণ্য'। অন্যদিকে– ৬৯-এর গণআন্দোলনের প্রেক্ষাপটে রচিত চিলেকোঠার সেপাই; ভাষা আন্দোলন ভিত্তিক প্রথম উপন্যাস 'আরেক ফাল্গুন' এবং তেভাগা আন্দোলন নিয়ে রচিত উপন্যাস 'কাঁটাতারে প্রজাপতি'।

২১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিসংঘের সাধারণ পরিষদের কততম অধিবেশনে বাংলায় ভাষণ দেন?

ক ২৪তম খ ২৭তম গ ২৯তম ঘ ৩৯তম

ব্যাখ্যা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে বাংলা ভাষায় প্রথম বক্তৃতা প্রদান করেন।

২২. কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতা কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

ক সাম্যবাদী খ ফণিমনসা গ অগ্নিবীণা ঘ চিত্তনামা

ব্যাখ্যা ১৯২২ সালে সাপ্তাহিক 'বিজলি' পত্রিকায় প্রকাশিত 'বিদ্রোহী' কবিতাটি কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা'র দ্বিতীয় কবিতা। এ কবিতাটির মাধ্যমে তিনি 'বিদ্রোহী' কবি হিসেবে আত্মপ্রকাশ করেন।

২৩. শুদ্ধ বানান কোনটি?

ক পিপিলিকা খ পিপীলিকা

গ পীপীলিকা ঘ পিপিলীকা

ব্যাখ্যা 'পিপীলিকা' বানানটি শুদ্ধ। আরও কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান– আনুষঙ্গিক, অপরাহ্ণ, স্বায়ত্তশাসন, নিশীথিনী।

উত্তর

১২	ঘ
১৩	গ
১৪	খ
১৫	ক
১৬	খ
১৭	খ
১৮	গ
১৯	ক
২০	ক
২১	গ
২২	গ
২৩	খ

২৪. –9, –5, –1, 3, 7, ... অনুক্রমের 12তম পদটি কত?

ক 280 খ 256 গ 156 ঘ 128

[Note : প্রথম পদ, $a = -9$

সাধারণ অন্তর, $d = -5 - (-9) = -5 + 9 = 4$

$\therefore$ ১২তম পদ = $a + (12-1)d$

$= -9 + (11)4$

$= -9 + 44$

$= 35$]

২৫. Which one is an incorrect sentence?

ক I see a bird.

খ He has just come.

গ I would rather die than beg.

ঘ He is right to punish them.

ব্যাখ্যা He is right to punish them না হয়ে He has right to punish them হলে বাক্যটি সঠিক হতো। তাছাড়া বাকি তিনটি বাক্য সঠিক আছে।

২৬. 'সমকাল' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

ক কাজী নজরুল ইসলাম খ মোহাম্মদ নাসিরউদ্দীন

গ জিল্লুর রহমান সিদ্দিকী ঘ সিকান্দার আবু জাফর

ব্যাখ্যা 'সমকাল' (১৯৫৭) পত্রিকার সম্পাদক ছিলেন সিকান্দার আবু জাফর। 'সমকাল' পত্রিকা ছাড়াও তিনি দৈনিক ইত্তেফাক, দৈনিক মিল্লাত-এর সাথে যুক্ত ছিলেন। তার উল্লেখযোগ্য কিছু কাব্যগ্রন্থ– প্রসন্ন প্রহর, বৈরীবৃষ্টিতে (১৯৬৫), তিমিরান্তিক (১৯৬৫), বৃশ্চিক লগ্ন (১৯৭১)।

২৭. পৃথিবী এবং অন্য যে-কোনো বস্তুর মধ্যে যে আকর্ষণ, তাকে বলা হয়–

ক অতিযোজন খ মাধ্যাকর্ষণ

গ মহাকর্ষ ঘ ত্বরণ

ব্যাখ্যা পৃথিবী এবং অন্য যেকোনো বস্তুর মধ্যে আকর্ষণকে অভিকর্ষ বা মাধ্যাকর্ষণ বলে। উল্লেখ্য, দুটি বস্তুর মধ্যে আকর্ষণকে মহাকর্ষ বলে।

২৮. কোনটি জাতিসংঘের অফিসিয়াল ভাষা?

ক আরবি খ বাংলা গ হিন্দি ঘ পর্তুগিজ

ব্যাখ্যা বিশ্বশান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালের ২৪ অক্টোবর। এই সংস্থাটির অফিসিয়াল ভাষা ৬টি। যথা– ইংরেজি, ফরাসি, চীনা, রুশ, স্প্যানিশ ও আরবি।

২৯. একটি কলম 22 টাকায় বিক্রয় করায় 10% লাভ হলে, কলমটির ক্রয়মূল্য কত?

ক 30 খ 40 গ 20 ঘ 10

ব্যাখ্যা 10% লাভে বিক্রয়মূল্য = (100 + 10) = 110 টাকা।

বিক্রয়মূল্য 110 টাকা হলে ক্রয়মূল্য = 100 টাকা

$\therefore$ " 22 " " " $= \frac{100 \times 22}{110}$ "

= 20 টাকা।

৩০. বহুব্রীহি সমাসের দৃষ্টান্ত কোনটি?

ক দশগজি খ ত্রিফলা গ খেয়াঘাট ঘ বর্ণচোরা

ব্যাখ্যা বহুব্রীহি সমাসের দৃষ্টান্ত দশ গজ পরিমাণ যার– দশগজি। যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো পদকে বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : নীল কণ্ঠ যার– নীলকণ্ঠ।

৩১. Choose the sentence with the wrong phrase/idiom :

ক The soldiers are moving on all fours.

খ Express your claim black and white.

গ The order has been declared to be null and void.

ঘ The mother come to light in the end.

ব্যাখ্যা 'On all four' idiom-টির meaning হলো হাঁটু ও হাত মাটির ওপর ঠেস দেওয়া অবস্থায় থাকা। এখানে idiom-টির ভুল ব্যবহার হয়েছে।

৩২. 'তুমি শুয়ে রবে তেতলার পরে, আমরা রহিব নীচে, অথচ তোমারে দেবতা বলিব — সে ভরসা আজ মিছে।'–কবিতার চরণ দুটি কার লেখা?

ক রবীন্দ্রনাথ ঠাকুর খ সুকান্ত ভট্টাচার্য

গ মধুসূদন দত্ত ঘ কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা কবিতার চরণ দুটি কাজী নজরুল ইসলামের চতুর্থ কাব্যগ্রন্থ 'সাম্যবাদী'র অন্তর্ভুক্ত 'কুলি মজুর' কবিতা থেকে নেওয়া হয়েছে। এ কাব্যগ্রন্থের আরও কয়েকটি উল্লেখযোগ্য কবিতা– সাম্যবাদী, নারী, পাপ, রাজা-প্রজা।

৩৩. মুসা ইব্রাহীম কোন সালে এভারেস্ট শৃঙ্গে আরোহণ করেন?

ক ২০০৮ খ ২০০৯ গ ২০১০ ঘ ২০১১

ব্যাখ্যা প্রথম বাংলাদেশি এভারেস্ট জয়ী হলেন মুসা ইব্রাহীম। তিনি ২০১০ সালের ২৩ মে এভারেস্ট চূড়ায় আরোহণ করেন। অন্যদিকে, এম এ মুহিত হলেন প্রথম বাংলাদেশি যিনি দু বার এভারেস্ট চূড়া জয় করেন।

৩৪. 'বক্তব্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

ক √বাক্ + তব্য খ √বচ্ন + তব্য

গ √বচ্ + তব্য ঘ √ বক্তা + তব্য

ব্যাখ্যা বক্তব্য শব্দের প্রকৃতি ও প্রত্যয় √বচ্ + তব্য। আরও কিছু গুরুত্বপূর্ণ প্রকৃতি ও প্রত্যয় মেছো = মাছ + উয়া > ও, পাঠক = √পঠ্ + অক, উড়ন্ত = √উড়্ + অন্ত।

৩৫. কোনটি বাংলা উপসর্গ?

ক উপ খ দর গ গর ঘ ভর

ব্যাখ্যা 'ভর' বাংলা উপসর্গ। বাংলা উপসর্গ মোট ২১টি। যথা– অ, অঘা, অজ, অনা, আ, আন, আব, আড়, ইতি, ঈন, কদ্, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। অন্যদিকে, 'উপ' সংস্কৃত উপসর্গ, 'দর' ফারসি এবং 'গর' আরবি উপসর্গ।

৩৬. বাংলাদেশের সংবাদ সংস্থা কোনটি?

ক ইউএনআই খ ইউপিপি

গ ইউএনবি ঘ ইউপিআই

উত্তর

২৪	Note
২৫	ঘ
২৬	ঘ
২৭	খ
২৮	ক
২৯	গ
৩০	ক
৩১	ক
৩২	ঘ
৩৩	গ
৩৪	গ
৩৫	ঘ
৩৬	গ

CamScanner

ব্যাখ্যা ইউএনবি (UNB-United News of Bangladesh) যাত্রা শুরু করে ১৯৮৮ সালে। উল্লেখ্য, বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত সংবাদ সংস্থার নাম 'বাসস'।

৩৭. ইউরোপীয় ইউনিয়নভুক্ত কোন দেশ রাশিয়া কর্তৃক ইউক্রেন আক্রমণের কারণে রাশিয়ার বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপের বিরোধিতা করেছে?
ক বুলগেরিয়া খ বেলজিয়াম
গ বেলারুশ ঘ অস্ট্রিয়া

ব্যাখ্যা ২৪ ফেব্রুয়ারি ২০২২ রাশিয়া কর্তৃক ইউক্রেনে আক্রমণের প্রেক্ষিতে ইউরোপীয় ইউনিয়ন রাশিয়ার বিরুদ্ধে বিভিন্ন নিষেধাজ্ঞা আরোপ করে। কিন্তু 'ইইউ' ভুক্ত প্রথম দেশ হিসেবে বেলজিয়াম রাশিয়ার বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপের ক্ষেত্রে ভোটদানে বিরত ছিল।

৩৮. At last — warrior in him was thoroughly aroused.
ক a খ the গ an ঘ none

ব্যাখ্যা এখানে নির্দিষ্ট করতে 'the' ব্যবহৃত হবে। বাক্যটি হবে– At last the warrior in him was thoroughly aroused.

৩৯. Identify feminine gender :
ক peer খ parent গ boar ঘ spinster

ব্যাখ্যা Spinster-এর masculine gender 'bachelor'। তাছাড়া boar, peer হলো masculine gender এবং 'parent' common gender।

৪০. মালদ্বীপ কোন সাগরে অবস্থিত?
ক ভারত মহাসাগর খ বঙ্গোপসাগর
গ আরব সাগর ঘ পারস্য উপসাগর

ব্যাখ্যা পৃথিবীর ৩য় বৃহত্তম মহাসাগর ভারত মহাসাগরের আয়তন ৬,৮৫,৫৬,০০০ বর্গ কি.মি.। ভারত মহাসাগরের উল্লেখযোগ্য দ্বীপগুলো হলো– সুমাত্রা, জাভা, মালদ্বীপ, শ্রীলংকা ইত্যাদি।

৪১. একটি বৃত্তের ব্যাসার্ধ দ্বিগুণ বৃদ্ধি করা হলে বৃত্তটির ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?
ক 2 গুণ খ 3 গুণ
গ 4 গুণ ঘ 6 গুণ

ব্যাখ্যা ধরি, ব্যাসার্ধ $(r) = x$ এবং ক্ষেত্রফল $= \pi x^2$
ব্যাসার্ধ ২ গুণ বৃদ্ধি করলে,
$r = 2x$ এবং ক্ষেত্রফল $= \pi(2x)^2 = \pi 4x^2$
$\therefore$ ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $= \frac{4\pi x^2}{\pi x^2} = 4$ গুণ।

৪২. 'চন্দরা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোটগল্পের চরিত্র?
ক শাস্তি খ সমাপ্তি
গ একরাত্রি ঘ স্ত্রীর পত্র

ব্যাখ্যা বাংলা সাহিত্যের ছোটগল্পের জনক রবীন্দ্রনাথ ঠাকুরের 'শাস্তি' গল্পের চরিত্র 'চন্দরা'। অন্যদিকে, সমাপ্তি গল্পের চরিত্র 'মৃন্ময়ী', একরাত্রি গল্পের চরিত্র 'সুরবালা' এবং স্ত্রীর পত্র গল্পের চরিত্র 'মৃণাল'।

৪৩. বাংলাদেশে প্রথম আদমশুমারি হয়–
ক ১৯৭২ সালে খ ১৯৭৩ সালে
গ ১৯৭৪ সালে ঘ ১৯৭৫ সালে

ব্যাখ্যা কোনো দেশের জনসংখ্যার আনুষ্ঠানিক গণনাই হলো আদমশুমারি। স্বাধীনতার পর প্রথম আদমশুমারি হয় ১৯৭৪ সালে। সর্বশেষ ৬ষ্ঠ জনশুমারি হয়েছে ২০২২ সালের ১৫-২১ জুন।

৪৪. 'One who sells various items of daily necessity' is called a —.
ক grocer খ grosher গ grocher ঘ grosser

ব্যাখ্যা নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি যে বিক্রি করে তাকে grocer (মুদি দোকানি) বলে।

৪৫. হাড়ে শতকরা কত ভাগ পানি থাকে?
ক ২০-৩০ খ ৩০-৪০ গ ৪০-৫০ ঘ ৫০-৬০

ব্যাখ্যা মানবদেহে হাড়ের মোট সংখ্যা ২০৬টি। স্বাভাবিক অবস্থায় হাড়ে শতকরা ৪০-৫০ ভাগ পানি থাকে।

৪৬. বাংলাদেশের খসড়া সংবিধান প্রণয়ন কমিটির একমাত্র মহিলা সদস্য কে ছিলেন?
ক বদরুন্নেছা আহমেদ খ ড. রাজিয়া বানু
গ নীলিমা ইব্রাহিম ঘ বেগম সাজেদা চৌধুরী

ব্যাখ্যা ১৯৭২ সালের ১১ এপ্রিল ড. কামাল হোসেনকে প্রধান করে ৩৪ সদস্যবিশিষ্ট খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয়। এই কমিটির একমাত্র মহিলা সদস্য ছিলেন ড. রাজিয়া বানু।

৪৭. 'ম্যাকমোহন লাইন' কোন কোন দেশের সীমানা নির্ধারণ করে?
ক চীন ও পাকিস্তান খ ভারত ও পাকিস্তান
গ পাকিস্তান ও আফগানিস্তান ঘ চীন ও ভারত

ব্যাখ্যা ৭০০ মাইলব্যাপী ভারতের অরুণাচল প্রদেশ এবং চীনের অন্তর্গত তিব্বতের সুবর্ণ সিঁড়ি, সিয়াং ও লোহিত সীমান্তজুড়ে ম্যাকমোহন লাইন অবস্থিত। ১৯১৪ সালে এই সীমানা নির্ধারণী চুক্তিটি স্বাক্ষরিত হয়।

৪৮. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কখন জাতীয় স্মৃতিসৌধের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন?
ক ২৬ মার্চ ১৯৭২ খ ১৬ ডিসেম্বর ১৯৭২
গ ২৬ মার্চ ১৯৭৩ ঘ ১৬ ডিসেম্বর ১৯৭৩

ব্যাখ্যা জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং ১৯৮২ সালের ১৬ ডিসেম্বর তৎকালীন রাষ্ট্রপতি হোসাইন মুহাম্মদ এরশাদ-এর উদ্বোধন করেন।

৪৯. 'প্রচ্ছন্ন' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক বিষণ্ন খ বিরক্ত গ প্রকট ঘ অন্তরায়

ব্যাখ্যা 'প্রচ্ছন্ন' শব্দের বিপরীত শব্দ ব্যক্ত/প্রকট। এছাড়া বিষণ্ন-প্রসন্ন, বিরক্ত-অনুরক্ত এবং অন্তরায়-বাধাহীনতা।

৫০. 'একাত্তরের যীশু' গল্পের রচয়িতা কে?
ক জহির রায়হান খ সেলিনা হোসেন
গ শহীদুল জহির ঘ শাহরিয়ার কবির

উত্তর
৩৭ খ
৩৮ খ
৩৯ ঘ
৪০ ক
৪১ গ
৪২ ক
৪৩ গ
৪৪ ক
৪৫ গ
৪৬ খ
৪৭ ঘ
৪৮ খ
৪৯ গ
৫০ ঘ

ব্যাখ্যা 'একাত্তরের যীশু' গল্পের রচয়িতা শাহরিয়ার কবির। অন্যদিকে, জহির রায়হান রচিত মুক্তিযুদ্ধভিত্তিক গল্প 'সময়ের প্রয়োজন' এবং সেলিনা হোসেন রচিত উপন্যাস 'হাঙর নদী গ্রেনেড'।

৫১. $1+\frac{1}{3}+\frac{1}{9}+\frac{1}{27}+\ldots$ অসীম ধারাটির যোগফল কত?
ক $\frac{3}{2}$ খ $\frac{5}{3}$ গ $\frac{7}{3}$ ঘ $\frac{10}{3}$

ব্যাখ্যা দেওয়া আছে,
ধারার ১ম পদ, $a = 1$ এবং সাধারণ অনুপাত, $r = \frac{1}{3}$
$\therefore$ ধারাটির অসীমতক সমষ্টি, $s = \frac{a}{a-r}$
$= \frac{1}{1-\frac{1}{3}}$
$= \frac{1}{\frac{2}{3}} = \frac{3}{2}$

৫২. The antonym of the word 'fantasy' is —.
ক veracity খ fancy গ vision ঘ reverie

ব্যাখ্যা Fantasy (কল্পনা)-এর antonym হলো veracity (সত্যতা)। অন্যদিকে, vision, fancy, reverie শব্দগুলো fantasy-এর synonym।

৫৩. প্রতিষ্ঠাকালে আরব লীগের সদস্যদেশের সংখ্যা কত ছিল?
ক ৫টি খ ৬টি গ ৭টি ঘ ৮টি

ব্যাখ্যা ১৯৪৫ সালের ২২ মার্চ ৬টি দেশ নিয়ে আরব লীগ গঠিত হয়। পরবর্তীতে পূর্বোক্ত বছরের ৫ মে ইয়েমেন যোগদান করার ফলে সদস্য দেশ হয় ৭টি। এর প্রতিষ্ঠাকালীন সদস্য দেশ গুলো হলো– মিসর, ইরাক, জর্ডান, লেবানন, সিরিয়া ও সৌদি আরব।

৫৪. The synonym of the word 'Abhor' is —.
ক ardent খ hate গ humble ঘ dull

ব্যাখ্যা Ablor (ঘৃণা বা অবজ্ঞা করা) শব্দের আরও কতিপয় synonym হলো : detest, nlominate, loathe ইত্যাদি।

৫৫. ঢাকায় রাজধানী স্থাপনকালে মুঘল সুবেদার কে ছিলেন?
ক ইসলাম খান খ শাহ সুজা
গ শায়েস্তা খান ঘ মীর জুমলা

ব্যাখ্যা মুঘল সম্রাট জাহাঙ্গীর ক্ষমতা গ্রহণ করে শেখ আলাউদ্দিন চিশতী ওরফে ইসলাম খানকে বাংলার সুবেদার নিয়োগ করেন। ইসলাম খান ১৬১০ সালে রাজমহল থেকে ঢাকায় রাজধানী স্থাপন করেন এবং নামকরণ করেন জাহাঙ্গীরনগর।

৫৬. Hardly had I reached home, — the rain started. The right word for the gap is —.
ক than খ then গ when ঘ after

ব্যাখ্যা Hardly had + sub + v_3 ..... when + sub + v_2 । এই নিয়মে (গ) when সঠিক উত্তর।

৫৭. $a^{-3} = 0.2$ হলে, a^9-এর মান–
ক 5 খ 25 গ 125 ঘ 625

ব্যাখ্যা $a^{-3} = 0.2$
বা, $\frac{1}{a^3} = \frac{2}{10}$
বা, $a^3 = \frac{10}{2}$
বা, $(a^3)^3 = (5)^3$ [উভয় পক্ষকে ঘন করে]
$\therefore a^9 = 25$

৫৮. বঙ্গবন্ধু সরকার কত বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ করেছিলেন?
ক ১০০ বিঘা খ ৫০ বিঘা
গ ২৫ বিঘা ঘ ১০ বিঘা

ব্যাখ্যা বঙ্গবন্ধু সরকার ২৫ বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ করেছিলেন যা এখন পর্যন্ত কার্যকর রয়েছে। তবে কেউ যদি ২৫ বিঘার বেশি জমির মালিক হন, তাহলে তাকে পুরো জমির কর দিতে হবে।

৫৯. বাংলা ভাষায় রচিত প্রাচীনতম গ্রন্থ 'চর্যাপদ' আবিষ্কৃত হয় কত সালে?
ক ১৯০৫ সালে খ ১৯০৭ সালে
গ ১৯১৬ সালে ঘ ১৯১৭ সালে

ব্যাখ্যা ড. হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজ গ্রন্থাগার থেকে বাংলা সাহিত্যের আদি নির্দশন চর্যাপদ আবিষ্কার করেন। পরবর্তীতে তারই সম্পাদনায় বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে ১৯১৬ সালে এটি গ্রন্থাকারে প্রকাশিত হয়। চর্যাপদে ২৩ জন (মতান্তরে ২৪) জন কবি সম্পর্কে জানা যায়।

৬০. পানিবাহিত রোগ কোনটি নয়?
ক ডায়রিয়া খ টাইফয়েড
গ ম্যালেরিয়া ঘ আমাশয়

ব্যাখ্যা ডায়রিয়া, টাইফয়েড ও আমাশয় এই রোগ তিনটি ব্যাকটেরিয়াজনিত পানিবাহিত রোগ। অপরদিকে, ম্যালেরিয়া রোগের জীবাণু বহনকারী পরজীবী প্রাণী হলো মশা।

৬১. Select singular number :
ক media খ indices
গ phenomena ঘ news

ব্যাখ্যা কিছু শব্দ আছে যেগুলোর সাথে s, es থাকলেও শব্দটি singular। যেমন– news, politics, mathematics, economics, physics ইত্যাদি।

৬২. 'Haiku' is a kind of —.
ক novel খ song
গ story ঘ poetry

ব্যাখ্যা Haiku হলো জাপানে প্রচলিত short form of poetry।

উত্তর
৫১ ক
৫২ ক
৫৩ খ
৫৪ খ
৫৫ ক
৫৬ গ
৫৭ গ
৫৮ গ
৫৯ খ
৬০ গ
৬১ ঘ
৬২ ঘ

CamScanner

৬৩. থার্মোমিটারে কোন পদার্থ থাকে?
ⓚ সীসা ⓛ পারদ ⓜ রুপা ⓝ দস্তা
ব্যাখ্যা অল্প তাপমাত্রার ব্যবধানে পারদ ধাতুটির আয়তনের বেশ তারতম্য ঘটে। এজন্য থার্মোমিটারে পারদ ব্যবহার করা হয়।

৬৪. 'সুলতানার স্বপ্ন' কোন ধরনের গ্রন্থ?
ⓚ উপন্যাস ⓛ কাব্য ⓜ নাটক ⓝ প্রবন্ধ
ব্যাখ্যা রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত 'সুলতানার স্বপ্ন' (১৯০৮) উপন্যাসটি তার ইংরেজি রচনা 'Sultana's Dream' রচনার অনুবাদ। তার রচিত আরেকটি উপন্যাস 'পদ্মরাগ' (১৯২৪)।

৬৫. Fill in the blank with the right option : The child has been missing — yesterday.
ⓚ from ⓛ since
ⓜ through ⓝ none of them
ব্যাখ্যা নির্দিষ্ট দিন, তারিখ হতে বুঝালে since ব্যবহৃত হবে।

৬৬. কোনটি সৌরজগতের গ্রহ নয়?
ⓚ পৃথিবী ⓛ চাঁদ ⓜ বৃহস্পতি ⓝ শনি
ব্যাখ্যা সৌরজগতের মোট গ্রহ ৮টি। সর্ববৃহৎ গ্রহ বৃহস্পতি, সবচেয়ে বেশি উপগ্রহ শনির। অপরদিকে, চাঁদ পৃথিবীর একমাত্র উপগ্রহ।

৬৭. The feminine form of the word 'Fox' is —.
ⓚ Vixen ⓛ Heifer ⓜ Mare ⓝ Doe
ব্যাখ্যা Fox (শিয়াল)-এর feminine form হলো vixen। তাছাড়া heifer (বকনা বাছুর), mare (ঘোটকী), Doe (হরিণী) হলো যথাক্রমে bullock (ষাঁড়), horse (ঘোড়া), ও buck (হরিণ)-এর feminine form।

৬৮. ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ রচিত বাংলা সাহিত্যের ইতিহাস-বিষয়ক গ্রন্থটির নাম কী?
ⓚ বাঙ্গলা সাহিত্যের ইতিহাস
ⓛ বঙ্গভাষা ও সাহিত্য
ⓜ বাংলা সাহিত্যের কথা
ⓝ বাংলা সাহিত্যের ইতিবৃত্ত
ব্যাখ্যা ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ রচিত বাংলা সাহিত্যের ইতিহাস-বিষয়ক গ্রন্থ 'বাংলা সাহিত্যের কথা' (১ম খণ্ড-১৯৫৩, ২য় খণ্ড-১৯৬৫)। এছাড়া তার অন্যতম বিষয়ক গ্রন্থ 'ভাষা ও সাহিত্য', 'বাংলা ব্যাকরণ', 'বাংলা ভাষার ইতিবৃত্ত'। অন্যদিকে, 'বাঙ্গলা সাহিত্যের ইতিহাস' গ্রন্থের রচয়িতা ড. সুকুমার সেন, 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থের রচয়িতা ড. দীনেশচন্দ্র সেন এবং ড. অসিতকুমার বন্দ্যোপাধ্যায় রচিত গ্রন্থ 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত'।

৬৯. দুইটি সংখ্যার অনুপাত 5 : 7 এবং তাদের গ.সা.গু. 4 হলে, সংখ্যা দুইটির ল.সা.গু. কত?
ⓚ 160 ⓛ 150 ⓜ 140 ⓝ 35
ব্যাখ্যা ধরি, সংখ্যা দুটি $5x$ ও $7x$। সংখ্যা দুটির গ.সা.গু. $x = 4$।
$\therefore$ ল.সা.গু. $= 35x = 35 \times 4 = 140$

৭০. সৈয়দ শামসুল হক রচিত নাটক কোনটি?
ⓚ কালবেলা ⓛ গণনায়ক
ⓜ এখনও ক্রীতদাস ⓝ চাকা
ব্যাখ্যা বাংলা সাহিত্যের সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক রচিত নাটক 'গণনায়ক' (১৯৭৬)। অন্যদিকে– 'কালবেলা' নাটকটি রচনা করেন সাঈদ আহমদ, 'এখনও ক্রীতদাস' (১৯৮৩)-এর রচয়িতা আবদুল্লাহ আল মামুন এবং 'চাকা' নাটকের রচয়িতা সেলিম আল দীন।

৭১. জাতিসংঘের মানবাধিকার কাউন্সিল থেকে রাশিয়াকে বাদ দেওয়ার প্রস্তাবে কয়টি দেশ ভোটদানে বিরত ছিল?
ⓚ ২৪টি ⓛ ৪৮টি ⓜ ৫৮টি ⓝ ৯৩টি
ব্যাখ্যা ৭ এপ্রিল ২০২২ জাতিসংঘের মানবাধিকার কাউন্সিল থেকে রাশিয়াকে বাদ দেওয়ার প্রস্তাবের পক্ষে ৯৩টি ও বিপক্ষে ২৪টি দেশ ভোট প্রদান করে। আর ভোটদানে বিরত ছিল ৫৮টি দেশ।

৭২. জাপানের আইনসভার নাম —
ⓚ কংগ্রেস ⓛ ডায়েট ⓜ সিনেট ⓝ নেসেট
ব্যাখ্যা জাপানের আইনসভার নাম 'ন্যাশনাল ডায়েট'। এ দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভার নিম্নকক্ষের নাম 'হাউজ অব রিপ্রেজেন্টেটিভস' এবং উচ্চকক্ষের নাম 'হাউজ অব কাউন্সিলর্স'।

৭৩. $\log_2 400 = x$ হলে, x-এর মান কত?
ⓚ $2\sqrt{5}$ ⓛ 40 ⓜ 80 ⓝ 20
[Note : $\log_2 400 = x$
বা, $2^x = 400$
বা, $2^x = 2^{8.64}$
$\therefore x = 8.64$]

৭৪. To express 'joy' we use the word —.
ⓚ Alas ⓛ Oh ⓜ Hush ⓝ Hurrah
ব্যাখ্যা Hurrah! I have got the first prize. Exclamatory sentence-এ আনন্দ (joy) প্রকাশে 'Hurrah' ব্যবহৃত হয় interjection হিসেবে।

৭৫. মাদার তেরেসা কোন সালে শান্তিতে নোবেল প্রাইজ পান?
ⓚ ১৯৭৭ ⓛ ১৯৭৮ ⓜ ১৯৭৯ ⓝ ১৯৮০
ব্যাখ্যা বিশ্বখ্যাত সমাজসেবী মাদার তেরেসা আর্ত-মানবতার সেবার পুরস্কার হিসেবে ১৯৭৯ সালে শান্তিতে নোবেল পান। এছাড়াও তিনি ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মান 'ভারতরত্ন' লাভ করেন ১৯৮০ সালে।

৭৬. বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম কোনটি?
ⓚ ভানুসিংহ ⓛ সুনন্দ ⓜ বনফুল ⓝ নীললোহিত
ব্যাখ্যা বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম 'বনফুল'। অন্যদিকে, রবীন্দ্রনাথ ঠাকুর– ভানুসিংহ, নারায়ণ গঙ্গোপাধ্যায়, সুনন্দ এবং সুনীল গঙ্গোপাধ্যায়– নীললোহিত ছদ্মনামে লিখতেন।

উত্তর
৬৩ খ
৬৪ ক
৬৫ খ
৬৬ খ
৬৭ ক
৬৮ গ
৬৯ গ
৭০ খ
৭১ ঘ
৭২ খ
৭৩ Note
৭৪ ঘ
৭৫ গ
৭৬ গ

৭৭. The doctor who treats cancer patients is called a/an —.
ⓚ Urologist ⓛ Oncologist
ⓜ Pathologist ⓝ Cardiologist
ব্যাখ্যা ক্যান্সার বিশেষজ্ঞ ডাক্তারকে oncologist বলে। Urologist, a doctor who is specialist on urinary (মূত্র) system। Pathologist রোগ নির্ণয় বিশেষজ্ঞ এবং cardiologist হলো হৃদরোগ বিশেষজ্ঞ।

৭৮. কোনটি এন্টিবায়োটিক?
ⓚ ইনসুলিন ⓛ পেপসিন ⓜ পেনিসিলিন ⓝ ইথিলিন
ব্যাখ্যা এন্টিবায়োটিক হলো জীবন্ত অণুজীব থেকে উৎপাদিত জীবাণু প্রতিষেধক। ১৯২৯ সালে আলেকজান্ডার ফ্লেমিং পেনিসিলিন আবিষ্কার করেন।

৭৯. 'ওয়ার্ল্ড ট্রেড সেন্টার' এখন কী নামে পরিচিত?
ⓚ আমেরিকান পিস সেন্টার ⓛ জিরো পয়েন্ট
ⓜ গ্রাউন্ড জিরো ⓝ ওয়ার্ল্ড সিমেট্রি
ব্যাখ্যা ২০০১ সালের ১১ সেপ্টেম্বরে নিউইয়র্ক সিটির ওয়ার্ল্ড ট্রেড সেন্টার সন্ত্রাসীদের হামলায় ধ্বংস হওয়ার পর ঐ স্থানটি বিশ্বব্যাপী 'গ্রাউন্ড জিরো' হিসেবে পরিচিতি লাভ করে।

৮০. 'I Have a Dream' এই ঐতিহাসিক ভাষণটি কার?
ⓚ জন এফ কেনেডি ⓛ মার্টিন লুথার কিং জুনিয়র
ⓜ বারাক ওবামা ⓝ জন রবার্ট লুইস
ব্যাখ্যা যুক্তরাষ্ট্রের নিগ্রোদের অধিকার আদায় আন্দোলনের অহিংসবাদী নেতা মার্টিন লুথার কিং। তিনি শান্তিতে নোবেল পান ১৯৬৪ সালে। 'I Have a Dream' তার একটি বিখ্যাত বক্তৃতা।

৮১. 'বায়স' শব্দের অর্থ কী?
ⓚ কোকিল ⓛ কাক ⓜ ময়ূর ⓝ বৃদ্ধ
ব্যাখ্যা 'বায়স' শব্দের অর্থ কাক। কাকের আরও কয়েকটি সমার্থক শব্দ– পরভৃৎ, পরপোষক, বৃক। অন্যদিকে, কোকিল শব্দের সমার্থক শব্দ–পরভৃত, পরপুষ্ট, পিক, কলকণ্ঠ। ময়ূর শব্দের সমার্থক শব্দ– কেকা, শিখণ্ডী, বর্হী এবং 'বৃদ্ধ' শব্দের সমার্থক শব্দ প্রাচীন, পুরাতন, জ্ঞানবৃদ্ধ।

৮২. অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী কে ছিলেন?
ⓚ শ্যামা প্রসাদ মুখার্জি
ⓛ শের-ই-বাংলা এ কে ফজলুল হক
ⓜ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ⓝ শরৎ বসু
ব্যাখ্যা অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী। তিনি ১৯৪৬ সালে অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী হন। উল্লেখ্য, অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন শের-ই-বাংলা এ কে ফজলুল হক।

৮৩. কোন শব্দটি সমার্থক নয়?
ⓚ দিবাকর ⓛ ভাস্কর
ⓜ নিশাকর ⓝ বিভাকর
ব্যাখ্যা 'নিশাকর' শব্দের সমার্থক শব্দ। অন্যদিকে, দিবাকর, ভাস্কর এবং বিভাকর শব্দের সমার্থক শব্দ সূর্য।

৮৪. ক্যান্সার কোষ ধ্বংস করার প্রক্রিয়া কোনটি?
ⓚ MT test ⓛ তেজস্ক্রিয় বিকিরণ
ⓜ বৈদ্যুতিক তরঙ্গ ⓝ চৌম্বক তরঙ্গ
ব্যাখ্যা ক্যান্সার আক্রান্ত সেল বা কোষ ধ্বংস করতে x-ray বা γ-ray (গামা-রে) উভয়ই ব্যবহার করা হয়।

৮৫. গ্রিসের দার্শনিক নন—
ⓚ এরিস্টটল ⓛ প্লেটো
ⓜ ভলটেয়ার ⓝ সক্রেটিস
ব্যাখ্যা গ্রিসের দার্শনিক সক্রেটিস, প্লেটো ও এরিস্টটলকে 'Wise men of the old' বলা হয়। অপরদিকে, ভলটেয়ার ছিলেন ফরাসি দার্শনিক।

৮৬. The student could not make — what the teacher said. The right word for the gap is —.
ⓚ up ⓛ out ⓜ for ⓝ off
ব্যাখ্যা Make up– পরিপূর্ণ করা, make out– বুঝতে পারা, উপলব্ধি করা, make for– কোনো স্থানের উদ্দেশ্যে যাত্রা করা, make off– পালিয়ে যাওয়া। সুতরাং অর্থগতভাবে বাক্যটির সাথে make out উপযুক্ত।

৮৭. $|a-4| = 3$ হলে, a-এর বৃহত্তম মানটি কত?
ⓚ 7 ⓛ 5 ⓜ 3 ⓝ 1
ব্যাখ্যা $|a-4| = 3$
ঋণাত্মক ধরে, $a-4 = 3$
বা, $a = 3+4$
$\therefore a = 7$
ঋণাত্মক ধরে, $-(a-4) = 3$
বা, $a-4 = -3$
বা, $a = -3+4$
$\therefore a = 1$
অর্থাৎ a-এর বৃহত্তম মান $= 7$

৮৮. Which one is adjective?
ⓚ Dexterous ⓛ Docility
ⓜ Difference ⓝ Penalise
ব্যাখ্যা Dexterous (দক্ষ, চতুর) হলো adjective। তাছাড়া docility (বাধ্যবাধকতা), difference (পার্থক্য), হলো noun এবং penalize (দণ্ড দেওয়া) হলো verb।

৮৯. 'নিরাকার' শব্দের বিপরীত শব্দ–
ⓚ একাকার ⓛ সাকার ⓜ হাহাকার ⓝ আকার
ব্যাখ্যা নিরাকার শব্দের বিপরীত শব্দ সাকার। এরূপ আরও কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ : মুখ্যাতি-কুখ্যাতি, সংশয়-প্রত্যয়, শুচি-সাধু, প্রাচ্য-পাশ্চাত্য, ধবল-কৃষ্ণ।

৯০. The correct English word for 'বর্ণবাদ' is —.
ⓚ apartheid ⓛ apathy
ⓜ abjuration ⓝ abjection

উত্তর
৭৭ খ
৭৮ গ
৭৯ গ
৮০ খ
৮১ খ
৮২ গ
৮৩ গ
৮৪ খ
৮৫ গ
৮৬ খ
৮৭ ক
৮৮ ক
৮৯ খ
৯০ ক

CamScanner

ব্যাখ্যা: *Aparthied–বর্ণবাদ। অন্যদিকে, apathy–উদাসীনতা, অনীহা; abjuration– শপথপূর্ব পরিত্যাগ এবং abjection– শোচনীয়তা, হীনতা।*

৯১. K-এর মান কত হলে $25x^2 - 10x + k = 0$ সমীকরণের মূলদ্বয় সমান ও বাস্তব সংখ্যা হবে?
ⓚ 1 ⓛ 2 ⓜ 3 ⓝ 4

ব্যাখ্যা: *$ax^2 + bx + c$ এই সমীকরণের মূলদ্বয় সমান ও বাস্তব সংখ্যা হবে, যদি $b^2 - 4ac = 0$ হয়।*
এখানে, $(-10)^2 - 4.25.k = 0$
বা, $100 - 100k = 0$
বা, $100k = 100$
$\therefore k = 1$

৯২. 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থের রচয়িতা কে?
ⓚ দিলওয়ার ⓛ শামসুর রাহমান
ⓜ শহীদ কাদরী ⓝ মহাদেব সাহা

ব্যাখ্যা: *'নিজ বাসভূমে' (১৯৭০) কাব্যগ্রন্থের রচয়িতা শামসুর রাহমান। 'প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে' তার প্রথম কাব্যগ্রন্থ। এছাড়াও রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, বন্দী শিবির থেকে, উট্ট উটের পিঠে চলেছে স্বদেশ ইত্যাদি তার বিখ্যাত কাব্যগ্রন্থ।*

৯৩. The book 'Man and Superman' is a/an —.
ⓚ novel ⓛ drama
ⓜ collection of short stories ⓝ epic

ব্যাখ্যা: *George Bernard Shaw (1856-1950) আধুনিক নাট্যকারদের মধ্যে সবচেয়ে বিখ্যাত। 'Man and Superman' তার বিখ্যাত নাটকগুলোর একটি। তার আরো কয়েকটি বিখ্যাত নাটক হলো– Arms and the Man, You Never Can Tell, Candida ইত্যাদি।*

৯৪. 'আমি কি ডরাই সখি, ভিখারী রাঘবে?' — পঙ্‌ক্তিটি কোন কবির রচনা?
ⓚ রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ⓛ বিহারীলাল চক্রবর্তী
ⓜ কায়কোবাদ ⓝ মাইকেল মধুসূদন দত্ত

ব্যাখ্যা: *পঙ্‌ক্তিটি মাইকেল মধুসূদন দত্ত রচিত বাংলা সাহিত্যের প্রথম সার্থক মহাকাব্য 'মেঘনাদবধ কাব্য' থেকে চয়ন করা হয়েছে। রামায়ণ-এর কাহিনি অবলম্বনে রচিত করুণ রসের এ মহাকাব্যে মোট ৯টি সর্গ রয়েছে।*

৯৫. 10 জন শ্রমিক একটি কাজের অর্ধেক 7 দিনে সম্পন্ন করতে পারে। এ কাজটি 5 জন শ্রমিক কত দিনে সম্পন্ন করতে পারবে?
ⓚ 35 ⓛ 42 ⓜ 14 ⓝ 28

ব্যাখ্যা: *10 জনে 1/2 অংশ করে = 7 দিনে*
10 " সম্পূর্ণ " " = 7×2 দিনে
$\therefore$ 5 " সম্পূর্ণ " " = $\frac{7\times2\times10}{5}$ দিনে
= 28 দিনে

৯৬. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের $\frac{3}{2}$ গুণ এবং ক্ষেত্রফল 216 বর্গমিটার হলে, ঘরটির পরিসীমা কত মিটার?
ⓚ 120 ⓛ 60
ⓜ 30 ⓝ 24

ব্যাখ্যা: *ধরি, প্রস্থ = x মিটার,*
দৈর্ঘ্য = $\frac{3x}{2}$ মিটার
$\therefore$ ক্ষেত্রফল, $\frac{3x}{2} \times x = 216$
বা, $3x^2 = 432$
বা, $x^2 = 144$
$\therefore x = 12$
$\therefore$ প্রস্থ = 12 মি. এবং দৈর্ঘ্য = $\frac{3\times12}{2} = 18$ মিটার।
$\therefore$ ঘরের পরিসীমা = 2
(18 + 12) = 60 মিটার।

৯৭. ইউনেস্কোর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?
ⓚ নিউইয়র্ক ⓛ রোম
ⓜ জেনেভা ⓝ প্যারিস

ব্যাখ্যা: *জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা UNESCO প্রতিষ্ঠার লক্ষ্যে সনদ স্বাক্ষরিত হয় ১৯৪৫ সালের ১৬ নভেম্বর (কার্যকর হয় ১৯৪৬ সালের ৪ নভেম্বর)। এই সংস্থার সদর দপ্তর ফ্রান্সের প্যারিসে অবস্থিত।*

৯৮. কাশীরাম দাস কোন গ্রন্থের অনুবাদক?
ⓚ রামায়ণ ⓛ গীতগোবিন্দ
ⓜ মহাভারত ⓝ পদ্মাবতী

ব্যাখ্যা: *মধ্যযুগীয় বাঙালি কবি কাশীরাম দাস সংস্কৃত মহাকাব্য 'মহাভারত' বাংলায় অনুবাদ করেন। অন্যদিকে, 'রামায়ণ'-এর রচয়িতা 'বাল্মীকি, সংস্কৃত কবি জয়দেব রচিত বিখ্যাত গ্রন্থ 'গীতগোবিন্দ' এবং মহাকবি আলাওলের প্রথম ও শ্রেষ্ঠ অনূদিত কাব্য 'পদ্মাবতী'।*

৯৯. The running of police at a running thief is futile. Here the underlined word does the function of a/an —
ⓚ noun ⓛ adverb
ⓜ adjective ⓝ preposition

ব্যাখ্যা: *এখানে running শব্দটি sub হিসেবে ব্যবহৃত হওয়ায় noun হিসেবে পরিগণিত হবে।*

১০০. ক্রিকেটে বাংলাদেশ টেস্ট মর্যাদা পায় কোন সালে?
ⓚ ১৯৯৮ ⓛ ২০০০
ⓜ ২০০২ ⓝ ২০০৪

ব্যাখ্যা: *বাংলাদেশ টেস্ট ক্রিকেটের দশম সদস্য হিসেবে টেস্ট খেলার মর্যাদা পায় ২০০০ সালের ২৫ জুন। প্রথম টেস্ট ক্রিকেট খেলে ভারতের সাথে। উল্লেখ্য, ১৯৯৭ সালের ১৫ জুন বাংলাদেশ ওয়ানডে ক্রিকেট খেলার মর্যাদা লাভ করে।*

উত্তর	
৯১	ক
৯২	খ
৯৩	খ
৯৪	ঘ
৯৫	ঘ
৯৬	খ
৯৭	ঘ
৯৮	গ
৯৯	ক
১০০	খ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইন্সট্রাক্টর-২০২২

পরীক্ষার তারিখ : ৩১.১০.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট : ০৩; কোড : বকুল

[মোট প্রশ্ন ১০০ (একশত) টি। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য প্রার্থী ১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে]

১. 'প্রাগৈতিহাসিক' গল্পের রচয়িতা কে?
ⓚ মানিক বন্দ্যোপাধ্যায় ⓛ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ⓜ আবু জাফর শামসুদ্দীন ⓝ শওকত ওসমান

ব্যাখ্যা: *'প্রাগৈতিহাসিক' গল্পের রচয়িতা মানিক বন্দ্যোপাধ্যায়। তার রচিত আরও কিছু উল্লেখযোগ্য গল্পগ্রন্থ– অতসী মামী ও অন্যান্য গল্প, বৌ, তেজাল, ছোট বকুলপুরের যাত্রী, সমুদ্রের স্বাদ।*

২. He said to me, 'What a nice man you are, sir!' The correct indirect speech of this sentence is :
ⓚ He asked me what a nice man I was.
ⓛ Respectfully he exclaimed with joy that I was a very nice man.
ⓜ Addressing me as sir, he respectfully exclaimed with joy that I was a very nice man.
ⓝ He asked me what a nice man I was.

ব্যাখ্যা: *Direct narration-কে indirect করতে হলে 'tense ও sentence' অনুযায়ী পরিবর্তন করতে হয়। এখানে বাক্যটি exclamatory sentence. তাই নিয়ম অনুযায়ী exclaimed with joy লিখতে হবে। আর sir থাকায় addressing as sir এবং respectfully লিখতে হবে।*

৩. মহাবিশ্বের মৌলিক বল কয়টি?
ⓚ ৩টি ⓛ ৪টি ⓜ ৫টি ⓝ ৬টি

ব্যাখ্যা: *মৌলিকতা অনুসারে মহাবিশ্বের মৌলিক বল চারটি। যথা : মহাকর্ষ বল, তড়িৎ-চুম্বকীয় বল, সবল নিউক্লীয় বল এবং দুর্বল নিউক্লীয় বল।*

৪. ভাষা আন্দোলনের পটভূমিতে রচিত নাটক কোনটি?
ⓚ রক্তপদ্ম ⓛ মাকড়সা
ⓜ ফেরি আসছে ⓝ কবর

ব্যাখ্যা: *ভাষা আন্দোলনভিত্তিক প্রথম নাটক 'কবর'-এর রচয়িতা মুনীর চৌধুরী। তার রচিত আরও কয়েকটি নাটক– রক্তাক্ত প্রান্তর, চিঠি, দণ্ড-কারণ্য, পলাশী ব্যারাক ও অন্যান্য।*

৫. The passive form of the sentence 'He wrote a letter to me' is—
ⓚ A letter was written to me by him.
ⓛ A letter is written to my by him.
ⓜ A letter had written to me by him.
ⓝ A letter was written by me to him.

ব্যাখ্যা: *Active-কে passive করতে হলে, subject-কে object করতে হবে এবং object-কে subject করতে হবে। এখানে a letter-টিকে subject করতে হবে এবং past indefinite tense হওয়ায় (be verb) was বসবে। Verb-এর v_3 বসবে + by এবং শেষে subject 'he'-এর obj 'him' বসবে।*

৬. কোন রশ্মির ভেদন ক্ষমতা বেশি?
ⓚ আলফা ⓛ বিটা
ⓜ গামা ⓝ সবগুলোর সমান

ব্যাখ্যা: *বিভিন্ন বিকিরণের ভেদন ক্ষমতার অধঃক্রম হলো– গামা > এক্স-রে > বিটা > আলফা।*

৭. পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান কত?
ⓚ শূন্য ⓛ 9.8m/s² ⓜ 4.9m/s² ⓝ অসীম

ব্যাখ্যা: *পৃথিবী কোনো বস্তুকে নিজের দিকে (কেন্দ্রে) যে বলে আকর্ষণ করে তাকে অভিকর্ষ বলে। এই অভিকর্ষ বলের প্রভাবে মুক্তভাবে পড়ন্ত বস্তুর বেগ বৃদ্ধির হারকে বলে অভিকর্ষজ ত্বরণ। এই ত্বরণ পৃথিবীর কেন্দ্র থেকে বস্তুর দূরত্বের ওপর নির্ভরশীল। দূরত্ব শূন্য হলে ত্বরণও শূন্য হবে। তাই পৃথিবীর কেন্দ্রে বস্তুর অভিকর্ষজ ত্বরণ শূন্য।*

৮. কোনটি গ্রীন হাউজ গ্যাস নয়?
ⓚ O_2 ⓛ O_3
ⓜ CO_2 ⓝ Water Vapor

ব্যাখ্যা: *যে সকল গ্যাস পৃথিবীপৃষ্ঠে থেকে তাপ ধারণ করে এবং তাপমাত্রা বাড়ায় তারাই গ্রীন হাউজ গ্যাস। কতকগুলো উল্লেখযোগ্য গ্রীন হাউজ গ্যাস হলো পানি-বাষ্প (H_2O), কার্বন ডাই-অক্সাইড (CO_2), মিথেন (CH_4), নাইট্রাস অক্সাইড (N_2O), ওজোন, (O_3) ইত্যাদি।*

৯. ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য যথাক্রমে a, b এবং c হলে, নিচের কোনটি সঠিক?
ⓚ $a+b>c$ ⓛ $a+b=c$
ⓜ $a+b<c$ ⓝ $a+b\neq c$

ব্যাখ্যা: *ত্রিভুজের যেকোনো দুটি বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হবে। অন্যথায় ত্রিভুজ আঁকা যাবে না।*

১০. লেন্সের ক্ষমতার একক কী?
ⓚ ডায়াপটার ⓛ ডেসিবেল ⓜ ওয়াট ⓝ মিটার

ব্যাখ্যা: *লেন্সের ক্ষমতা ডায়াপটার এককে পরিমাপ করা হয়। শব্দের তীব্রতা, বিদ্যুতের ক্ষমতা ও দূরত্বের একক যথাক্রমে ডেসিবেল, ওয়াট ও মিটার।*

১১. কোনো বস্তুকে ভূ-পৃষ্ঠ হতে 19.6m উপর থেকে ছেড়ে দিলে ভূ-পৃষ্ঠে পৌঁছাতে বস্তুটির কত সময় লাগবে?
ⓚ 2 sec ⓛ 1 sec
ⓜ $\frac{1}{2}$ sec ⓝ 9 sec

উত্তর	
০১	ক
০২	গ
০৩	খ
০৪	ঘ
০৫	ক
০৬	গ
০৭	ক
০৮	ক
০৯	ক
১০	ক
১১	ক

CamScanner

ব্যাখ্যা যে কোনো পড়ন্ত বস্তুর বেগ 9.8 ms^{-1} অর্থাৎ প্রতি সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব হবে 9.8 মিটার। ঐ হিসেবে বস্তুটি দুই সেকেন্ডে $9.8 \times 2 = 19.6$ মিটার দূরত্ব অতিক্রম করবে।

১২. প্রথম বাংলা সাময়িক পত্র কোনটি?
ক বেঙ্গল গেজেট খ দিগ্‌দর্শন
গ বঙ্গদূত ঘ সমাচার দর্পণ

ব্যাখ্যা প্রথম বাংলা সাময়িক পত্র 'দিগ্‌দর্শন'। এটি (১৮১৮) প্রকাশ করেন শ্রীরামপুরের মিশনারিরা। পত্রিকাটির সম্পাদকের দায়িত্বে ছিলেন জন ক্লার্ক মার্শম্যান।

১৩. কোনটি মুদ্রা ধাতু নয়?
ক কপার খ সিলভার
গ গোল্ড ঘ রন্টজেনিয়াম

ব্যাখ্যা কপার, সিলভার ও গোল্ড প্রভৃতি ধাতু দ্বারা মুদ্রা তৈরি হতো যার কিছু এখনও প্রচলিত আছে। কিন্তু রন্টজেনিয়াম একটি অস্থায়ী মৌল। এটিকে ল্যাবরেটরিতে বিশেষ সিনথেটিক প্রক্রিয়ায় অল্প সময়ের জন্য পর্যবেক্ষণ করা যায়।

১৪. একটি কোণের পরিমাণ ১৮১° হলে, তাকে কী কোণ বলে?
ক স্থূলকোণ খ সমকোণ গ সূক্ষ্মকোণ ঘ প্রবৃদ্ধ কোণ

ব্যাখ্যা ১৮০° থেকে বড় কিন্তু ৩৬০° থেকে ছোট সকল কোণকে প্রবৃদ্ধ কোণ বলে। এখানে ১৮০° < ১৮১ < ৩৬০°।

১৫. সর্বকনিষ্ঠ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা হলেন—
ক শহীদুল ইসলাম লালু খ হামিদুর রহমান
গ নূর মোহাম্মদ শেখ ঘ মোস্তফা কামাল

ব্যাখ্যা সর্বকনিষ্ঠ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা হলেন শহীদুল ইসলাম লালু। বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত এ মুক্তিযোদ্ধা যুদ্ধ করেছিলেন ১১ নং সেক্টরে।

১৬. 'অচলা' কোন উপন্যাসের চরিত্র?
ক দত্তা খ দেনাপাওনা গ গৃহদাহ ঘ চরিত্রহীন

ব্যাখ্যা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ত্রিভুজ প্রেমের উপন্যাস 'গৃহদাহ'-এর অন্যতম চরিত্র অচলা। এ উপন্যাসের আরও কিছু চরিত্র- মহিম, সুরেশ, মৃণাল।

১৭. বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবি হচ্ছে—
ক দৌলত উজির বাহরাম খান খ আলাওল
গ শাহ মুহাম্মদ সগীর ঘ দৌলত কাজী

ব্যাখ্যা বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবি শাহ মুহাম্মদ সগীর। কুরআন ও বাইবেলের আলোকে রচিত তার 'ইউসুফ-জোলেখা' কাব্য বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক প্রণয়োপাখ্যান।

১৮. CNG-এর মূল উপাদান কী?
ক অক্সিজেন খ মিথেন গ ইথেন ঘ অকটেন

ব্যাখ্যা CNG (Compressed Natural Gas) বা সংকুচিত প্রাকৃতিক গ্যাস প্রধানত মিথেন (CH_4) দ্বারা তৈরি। মিথেনকে আদর্শ বায়ুমণ্ডলীয় চাপে স্বাভাবিক আয়তনের 1%-এরও কম আয়তনে সংকুচিত করা হয় এবং শক্ত পাত্রে 2900 – 3600 প্যাসকেল চাপে রেখে বিতরণ করা হয়।

১৯. তাপমাত্রা বাড়ালে পরিবাহীর রোধ—
ক বাড়ে খ কমে
গ অপরিবর্তিত থাকে ঘ শূন্য হয়

ব্যাখ্যা রোধ হলো কোনো পরিবাহীর মধ্যদিয়ে প্রবাহিত ইলেক্ট্রনের বাধা প্রাপ্তি। পরিবাহীর তাপমাত্রা বেড়ে গেলে মুক্ত ইলেক্ট্রনের তাপীয় বেগ বেড়ে যায়। ফলে পরিবাহীর পরমাণু ও মুক্ত ইলেক্ট্রনের মধ্যে সংঘর্ষও বেড়ে যায়। অর্থাৎ রোধ বেড়ে যায়।

২০. পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি কবে সম্পাদিত হয়?
ক ১২ নভেম্বর ১৯৯৭ খ ২ ডিসেম্বর ১৯৯৭
গ ১৬ ডিসেম্বর ১৯৯৮ ঘ ২৫ ডিসেম্বর ১৯৯৭

ব্যাখ্যা পাহাড়িদের স্বতন্ত্র জনগোষ্ঠী হিসেবে চিহ্নিত করে সংরক্ষণশীল নীতিভিত্তিক কিছু সুবিধা নিশ্চিত করা হয় ১৯৯৭ সালের ২ ডিসেম্বর সম্পাদিত এ শান্তিচুক্তির মাধ্যমে। এ চুক্তিতে বাংলাদেশ সরকারের পক্ষে স্বাক্ষর করেন আবুল হাসনাত আবদুল্লাহ এবং পাহাড়িদের প্রতিনিধিত্ব করেন সন্তু লারমা।

২১. কোন ধাতু কক্ষ তাপমাত্রায় তরল থাকে?
ক রেডিয়াম খ জিংক গ প্লাটিনিয়াম ঘ মার্কারী

ব্যাখ্যা পারদ বা মার্কারী (Hg) হলো একমাত্র ধাতু যা সাধারণ বা কক্ষ তাপমাত্রায় তরল অবস্থায় থাকে। অপরদিকে, অধাতুর মধ্যে ব্রোমিন (Br) স্বাভাবিক তাপমাত্রায় তরল অবস্থায় থাকে।

২২. The abbreviation of a.m. is—
ক Anno meridiem খ After morning
গ Ante meridiem ঘ Anti-meriden

ব্যাখ্যা A.M. means Ante Meridiem এবং P. M. means Post Meridiem.

২৩. কোন আরব দেশ বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেয়?
ক সেনেগাল খ সৌদি আরব গ ইরাক ঘ মিসর

ব্যাখ্যা প্রথম আরব দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে ইরাক (৮ জুলাই ১৯৭২)। প্রথম মুসলিম দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয় সেনেগাল (১ ফেব্রুয়ারি ১৯৭২)। প্রথম স্বীকৃতিদানকারী দেশ ভুটান (৬ ডিসেম্বর ১৯৭১)।

২৪. পাকস্থলীতে কোন এসিড উৎপন্ন হয়?
ক HClO খ $HClO_4$ গ HCl ঘ HNO_3

ব্যাখ্যা পাকস্থলির গ্যাস্ট্রিক গ্রন্থির অক্সিনটিক বা প্যারাইটাল কোষ HCl (হাইড্রোক্লোরিক এসিড) উৎপন্ন করে। এই এসিড খাদ্যের জীবাণু ধ্বংস করে।

২৫. Choose the correct form of verb : I (watch) an English movie last night.
ক have watched খ had watched
গ watched ঘ have been watching

ব্যাখ্যা কোনো sentence-এ যদি last day, last night, last month, last year থাকে তাহলে সেটা past indefinite হয়।

উত্তর

১২	খ
১৩	ঘ
১৪	ঘ
১৫	ক
১৬	গ
১৭	গ
১৮	খ
১৯	ক
২০	খ
২১	ঘ
২২	গ
২৩	গ
২৪	গ
২৫	গ

২৬. কোনটি ত্রিমাত্রিক বস্তু?
ক তল খ ঘনক গ রেখা ঘ বিন্দু

ব্যাখ্যা ঘনক ত্রিমাত্রিক। কারণ এতে তিনটি মাত্রার দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা থাকে। বিন্দু জিরো ডাইমেনশনাল এবং রেখা একমাত্রিক।

২৭. 1 cm^3 কত m^3-এর সমান?
ক $10^{-6}m^3$ খ $10^{-3}m^3$ গ $10^{-2}m^3$ ঘ $0.1m^3$

ব্যাখ্যা 1 মিটার (m)-এর সমান 100 সেন্টিমিটার (cm)।
তাহলে, $100\ cm = 1m$
বা, $1cm = \frac{1}{100}m$
বা, $1\ cm = 10^{-2}\ m$
বা, $(1\ cm)^3 = (10^{-2}m)^3$
বা, $1\ cm^3 = 10^{-6}\ m^3$
$\therefore 1\ cm^3 = 10^{-6}\ m^3$

২৮. কাজী নজরুল ইসলামের জন্ম তারিখ কোনটি?
ক ১১ জ্যৈষ্ঠ খ ২২ শ্রাবণ
গ ১২ ভাদ্র ঘ ২৫ বৈশাখ

ব্যাখ্যা বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম ১১ জ্যৈষ্ঠ ১৩০৬ বঙ্গাব্দে (২৪ মে ১৮৯৯ খ্রিষ্টাব্দ) জন্মগ্রহণ করেন। ১২ ভাদ্র ১৩৮৩ বঙ্গাব্দে (২৯ আগস্ট ১৯৭৬) তিনি ঢাকায় মৃত্যুবরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণে তাকে সমাহিত করা হয়।

২৯. 'স্বাগত' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক সু + আগত খ স্ব + আগত
গ সা + আগত ঘ সৃ + আগত

ব্যাখ্যা সু + আগত = স্বাগত। স্বরধ্বনির সাথে স্বরধ্বনি মিলে যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলে। যেমন– পিত্রালয় = পিতৃ + আলয়, মহার্ঘ = মহা + অর্ঘ, নাবিক = নৌ + ইক।

৩০. কোন পদার্থে আন্তঃকণা আকর্ষণ বেশি?
ক চিনি খ পানি গ তেল ঘ অক্সিজেন

ব্যাখ্যা কঠিন পদার্থের আন্তঃকণা আকর্ষণ শক্তি বেশি। তাই চিনির আকর্ষণ বেশি। পানি, তেল, অক্সিজেন-এর আন্তঃকণা আকর্ষণ চিনির তুলনায় কম।

৩১. NATO কোন বছর প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৪৯ খ ১৯৫৪ গ ১৯৫৫ ঘ ১৯৫৬

ব্যাখ্যা পশ্চিমা ধনতান্ত্রিক দেশসমূহের সামরিক জোট NATO ১৯৪৯ সালের ৪ এপ্রিল গঠিত হয়। এর প্রতিষ্ঠাকালীন সদর দপ্তর ছিল ব্রিটেনের লন্ডনে, ১৬ এপ্রিল ১৯৫২ সালে সদর দপ্তর ফ্রান্সের প্যারিসে স্থানান্তর করা হয়। সর্বশেষ ১৯৬৭ সালে বেলজিয়ামের ব্রাসেলসে সদর দপ্তর স্থানান্তর করা হয়। বর্তমান সদস্য সংখ্যা ৩০টি। ৩০তম সদস্য হিসেবে উত্তর মেসিডোনিয়া (২৭ মার্চ ২০২০) যোগ দেয়।

৩২. কোনটির তরঙ্গ দৈর্ঘ্য বেশি?
ক লাল আলো খ নীল আলো
গ মাইক্রোওয়েভ ঘ রেডিও ওয়েভ

ব্যাখ্যা বিভিন্ন বিকিরণের মধ্যে ক্ষুদ্র থেকে বৃহৎ তরঙ্গদৈর্ঘ্যের সঠিক অনুক্রম হলো–
গামা রশ্মি < এক্স-রে < অতিবেগুনি রশ্মি < দৃশ্যমান আলো (বেগুনি < নীল < আসমানি < সবুজ < হলুদ < কমলা < লাল) < অবলোহিত বিকিরণ < মাইক্রোওয়েভ < রেডিও ওয়েভ। সুতরাং সবচেয়ে বেশি তরঙ্গদৈর্ঘ্যের এবং ক্ষুদ্র কম্পাঙ্কের বিকিরণ হলো রেডিও ওয়েভ।

৩৩. এশিয়ার দীর্ঘতম নদী কোনটি?
ক হোয়াংহো খ ইয়াংসিকিয়াং
গ গঙ্গা ঘ সিন্ধু

ব্যাখ্যা এশিয়ার দীর্ঘতম নদী ইয়াংসিকিয়াং। ইয়াংসিকিয়াং-এর দৈর্ঘ্য ৬,৩৮০ কিমি, হোয়াংহো-এর দৈর্ঘ্য ৫,৪৬৪ কিমি, গঙ্গার দৈর্ঘ্য ২,৬৫৫ কিমি, ব্রহ্মপুত্র-এর দৈর্ঘ্য ২,৮৯৭ কিমি।

৩৪. শুষ্ক বাতাসের তুলনায় জলীয় বাষ্পপূর্ণ বাতাসের ঘনত্ব–
ক বেশি খ কম
গ সমান ঘ কোনো সম্পর্ক নেই

ব্যাখ্যা বাতাসে বাষ্প যোগ করলে এটি আর্দ্র হয়। জলীয় বাষ্পবিহীন বায়ুকে শুষ্ক বায়ু বলে। শুষ্ক বায়ুর মোলার ভর (প্রায় 29 g/mol) জলীয় বাষ্পে মোলার ভরের (18 g/mol) চেয়ে বেশি হওয়ায় শুষ্ক বায়ুর ঘনত্ব আর্দ্র বায়ুর ঘনত্বের চেয়ে বেশি হয়।

৩৫. স্থিতি শক্তি আছে কোন পদার্থের?
ক তরল খ বায়বীয় গ অম্লীয় ঘ কঠিন

ব্যাখ্যা কোনো বস্তু তার বিশেষ অবস্থান বা আকৃতির জন্য কাজ করার যে ক্ষমতা অর্জন করে তাকে ঐ বস্তুর স্থিতিশক্তি বলে। কোনো বস্তুর প্রাথমিক বা স্বাভাবিক অবস্থাকে শূন্য অবস্থা বলে। এই অবস্থা বাদে বাকি সব অবস্থাকেই বিশেষ অবস্থা বলে ধরে নেওয়া হয়। কঠিন, তরল ও বায়বীয় অবস্থার মধ্যে কঠিন অবস্থায় স্থিতিশক্তি বেশি থাকে।

৩৬. নিচের কোনটি মৃদু তড়িৎ বিশ্লেষ্য?
ক NaCl খ H_2O গ $CuSO_4$ ঘ H_2SO_4

ব্যাখ্যা কোনো দ্রবণে যেসব তড়িৎ বিশ্লেষ্য অল্প পরিমাণে আয়নিত অবস্থায় থাকে তাদের মৃদু তড়িৎ বিশ্লেষ্য এবং বেশি পরিমাণে আয়নিত অবস্থায় থাকে তাদের তীব্র তড়িৎ বিশ্লেষ্য বলে। পানি (H_2O), ইথানয়িক এসিড (CH_3COOH) প্রভৃতি হলো মৃদু তড়িৎ বিশ্লেষ্য। সোডিয়াম ক্লোরাইড (NaCl), কপার সালফেট ($CuSO_4$), সালফিউরিক এসিড (H_2SO_4) ইত্যাদি হলো তীব্র তড়িৎ বিশ্লেষ্য।

৩৭. ২২ ক্যারেট স্বর্ণে কতভাগ স্বর্ণ থাকে?
ক 100% খ 95.37% গ 91.67% ঘ 75%

ব্যাখ্যা বিভিন্ন ক্যারেটের স্বর্ণে বিভিন্ন পরিমাণে স্বর্ণ ও খাদ মিশ্রিত অবস্থায় থাকে। ২৪ ক্যারেটে ৯৯.৯৯%, ২২ ক্যারেটে ৯১.৬০%, ২১ ক্যারেটে ৮৭.৫০%, ১৮ ক্যারেটে ৭৫.০০%, ১৪ ক্যারেটে ৫৮.৫% এবং ১০ ক্যারেটে ৪১.৭% স্বর্ণ থাকে।

উত্তর

২৬	খ
২৭	ক
২৮	ক
২৯	ক
৩০	ক
৩১	ক
৩২	ঘ
৩৩	খ
৩৪	খ
৩৫	ঘ
৩৬	খ
৩৭	গ

CamScanner

৩৮. বাংলা ভাষায় কয় প্রকারের উপসর্গ আছে?
ⓚ দুই প্রকার ⓛ চার প্রকার
ⓜ পাঁচ প্রকার ⓝ তিন প্রকার
ব্যাখ্যা যে সকল অব্যয় শব্দ ধাতুর পূর্বে বসে নতুন নতুন শব্দ গঠন করে বাক্যের অর্থের সম্প্রসারণ, সংকোচন বা অন্যকোনো পরিবর্তন ঘটায় সেগুলোকে উপসর্গ বলে। বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা : ১. খাঁটি বাংলা উপসর্গ, ২. তৎসম বা সংস্কৃত উপসর্গ এবং ৩. বিদেশি উপসর্গ।

৩৯. বৃত্তস্থ সামান্তরিক কোনটি?
ⓚ রম্বস ⓛ আয়ত ⓜ বর্গ ⓝ ট্রাপিজিয়াম
ব্যাখ্যা সামান্তরিকের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল এবং বিপরীত কোণগুলো সমান। কিন্তু বৃত্তস্থ সামান্তরিকের ক্ষেত্রে সবগুলো কোণ সমান হয়ে যায় অর্থাৎ কোণগুলো প্রত্যেকটি ৯০° বা এক সমকোণের সমান হয়। তখন সামান্তরিকটি একটি আয়তে পরিণত হয়।

৪০. H_2SO_4-এ সালফারের জারণ সংখ্যা কত?
ⓚ +2 ⓛ +4 ⓜ +6 ⓝ 0
ব্যাখ্যা H_2SO_4-এ H ও O-এর জারণ সংখ্যা যথাক্রমে +1 ও −2 ।S-এর জারণ সংখ্যা x হলে,
$1\times2+x+(-2)\times4=0$ [∵ যৌগ অবস্থায় মোট জারণ সংখ্যা শূন্য]
বা, $2+x-8=0$
বা, $x-6=0$
বা, $x=+6$
$\therefore x=+6$
সুতরাং H_2SO_4-এ সালফারের জারণ সংখ্যা +6।

৪১. 'কলম' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ⓚ আরবি ⓛ ফারসি ⓜ ফরাসি ⓝ তুর্কি
ব্যাখ্যা 'কলম' আরবি শব্দ। আরও কিছু বহুল প্রচলিত আরবি শব্দ– আল্লাহ, ইসলাম, কুরআন, কেয়ামত, সাবান, জান্নাত, জাহান্নাম।

৪২. কোন রেখার উপর সূর্য সারা বছর লম্বভাবে কিরণ দেয়?
ⓚ মেরুরেখা ⓛ নিরক্ষরেখা
ⓜ অক্ষরেখা ⓝ দ্রাঘিমারেখা
ব্যাখ্যা দুই মেরু থেকে সমান দূরত্বে পৃথিবীর পূর্ব-পশ্চিম বরাবর গোলাকার যে রেখা কল্পনা করা হয় তাকে নিরক্ষরেখা বা বিষুবরেখা বলে। সূর্য পৃথিবীর প্রায় মধ্যভাগ বরাবর পূর্বে উদীয়মান ও পশ্চিমে অস্তগামী হওয়ায় নিরক্ষরেখার ওপর সূর্যকিরণ লম্বভাবে পতিত হয়।

৪৩. 'Green House' কথাটি প্রথম ব্যবহৃত হয় কোন সালে?
ⓚ ১৯৯৬ ⓛ ১৮৯৬ ⓜ ১৮৯০ ⓝ ১৯৫০
ব্যাখ্যা সুইডিশ বিজ্ঞানী Svante Arrhenius (সভান্তে আরহেনিয়াস) ১৮৯৬ সালে প্রথম অনুমান করেছিলেন বায়ুমণ্ডলে নির্দিষ্ট কিছু গ্যাসের উপস্থিতির দ্বারা জলবায়ু প্রভাবিত হবে এবং তিনিই প্রথম গ্রিনহাউস প্রভাবের ধারণা প্রচার করেন।

৪৪. কোনটি শব্দের তীব্রতা লেভেল পরিমাপের একক?
ⓚ হার্টজ ⓛ ডেসিবেল
ⓜ প্যাসকেল ⓝ টেসলা
ব্যাখ্যা শব্দের তীব্রতা পরিমাপের একক ডেসিবেল। কম্পাঙ্কের একক হার্টজ। চাপ এবং চৌম্বক প্রবাহ ঘনত্বের একক যথাক্রমে প্যাসকেল ও টেসলা।

৪৫. 'পহেলা' কোন ধরনের শব্দ?
ⓚ সংখ্যাবাচক ⓛ গণনাবাচক
ⓜ পূরণবাচক ⓝ তারিখবাচক
ব্যাখ্যা 'পহেলা' তারিখবাচক শব্দ। অন্যদিকে, '১' সংখ্যাবাচক শব্দ এবং 'এক' গণনাবাচক শব্দ এবং 'প্রথম' পূরণবাচক শব্দ।

৪৬. ক্রোমোসমের গঠন কী?
ⓚ DNA ⓛ প্রোটিন
ⓜ RNA ⓝ DNA এবং প্রোটিন
ব্যাখ্যা ক্রোমোসোম রাসায়নিকভাবে নিউক্লিক এসিড (DNA, RNA), প্রোটিন (হিস্টোন, নন-হিস্টোন), ধাতব আয়ন (Ca^{2+}, Fe^{2+}) ও এনজাইম (DNA পলিমারেজ, RNA পলিমারেজ, নিউক্লিওসাইড ট্রাইফাটেজ) নিয়ে গঠিত।

৪৭. Choose the appropriate preposition :
Average price of food decreased— 13%.
ⓚ by ⓛ at ⓜ to ⓝ upto
ব্যাখ্যা বাক্যটি passive-এ হয়েছে। তাই by বসবে।

৪৮. Knot কীসের একক?
ⓚ গতিবেগ ⓛ দূরত্ব ⓜ গভীরতা ⓝ ত্বরণ
ব্যাখ্যা প্রতি ঘণ্টায় এক নটিক্যাল মাইল (= 1.15 মাইল বা 1.84 কি.মি.) অতিক্রম করাকে 1 knot বলে। অর্থাৎ knot গতিবেগ পরিমাপের একক।

৪৯. পরম শূন্য তাপমাত্রায় অর্ধপরিবাহী কিসের মতো আচরণ করে?
ⓚ পরিবাহী ⓛ অপরিবাহী
ⓜ অর্ধপরিবাহী ⓝ কোনোটিই নয়
ব্যাখ্যা পরিবাহী (conductor) ও অপরিবাহী বা অন্তরক (insulator)-এর মাঝামাঝি অবস্থার পদার্থ হচ্ছে অর্ধপরিবাহী (semiconductor)। কক্ষ তাপমাত্রায় এদের পরিবহণ ব্যান্ড ও যোজন ব্যান্ড আংশিক পূর্ণ থাকে বলে এরা অল্প বিদ্যুৎ পরিবহণ করে। তাপ প্রয়োগে বা অপদ্রব্য মেশালে এদের রোধ কমে এবং পরিবাহিতা বাড়ে। তাপমাত্রা কমালে এদের পরিবাহিতা কমে। পরম শূন্য তাপমাত্রায় এদের পরিবহণ ব্যান্ড সম্পূর্ণ খালি এবং যোজন ব্যান্ড সম্পূর্ণ পূর্ণ থাকে। তখন পরিবহণ ব্যান্ডে কোনো ইলেক্ট্রন না থাকায় এরা বিদ্যুৎ পরিবহণ করতে পারে না এবং আদর্শ অন্তরক (insulator) বা অপরিবাহী হিসেবে কাজ করে।

৫০. রক্ত কোষের ক্যান্সারকে কী বলে?
ⓚ লিওকেমিয়া ⓛ এ্যানিমিয়া
ⓜ Blood Clotting ⓝ অ্যানজিনা

উত্তর
৩৮ ঘ
৩৯ খ
৪০ গ
৪১ ক
৪২ খ
৪৩ খ
৪৪ খ
৪৫ ঘ
৪৬ ঘ
৪৭ ক
৪৮ ক
৪৯ খ
৫০ ক

ব্যাখ্যা লিউকেমিয়া হলো রক্ত বা অস্থিমজ্জার ক্যান্সার যা বোনম্যারো বা অস্থিমজ্জায় সৃষ্টি হয় এবং অসংখ্য অস্বাভাবিক কোষ সৃষ্টি করে। অপর্যাপ্ত লোহিত কণিকা সৃষ্টি হলে একে বলে এ্যানিমিয়া বা রক্তশূন্যতা। Blood clotting হলো রক্ত জমাট বাধা। অ্যানজিনা হলো এক ধরনের হৃদরোগ যা হৃৎপিণ্ডে অপর্যাপ্ত অক্সিজেন সরবরাহের জন্য সৃষ্টি হয় এবং বুকে ব্যথা করে।

৫১. I know you — the correct passive form is—
ⓚ You are known by me.
ⓛ You are known to me.
ⓜ You are knowing to me.
ⓝ You are known at me.
ব্যাখ্যা Know verb-কে passive করলে known to লিখতে হয়। তাছাড়া আরও কিছু verb আছে, যেমন– satisfied-এর সাথে with বসে এবং pleased-এর সাথে with বসে।

৫২. ভাষার মূল উপাদান কী?
ⓚ বর্ণ ⓛ ধ্বনি ⓜ শব্দ ⓝ বাক্য
ব্যাখ্যা ভাষার মূল উপাদান ধ্বনি। বাংলা ভাষায় ধ্বনি দুই প্রকার। যথা : স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি। অন্যদিকে, ধ্বনির লিখিত রূপকে বর্ণ বলা হয়। এক বা একাধিক বর্ণ (ধ্বনি) মিলিত হয়ে যখন কোনো অর্থ প্রকাশ করে তবে তাকে শব্দ বলে এবং যে সুবিন্যস্ত পদসমষ্টি বক্তার কোনো মনোভাবকে সম্পূর্ণরূপে প্রকাশ করে তাকে বাক্য বলে।

৫৩. কোন কারণে শব্দের প্রতিধ্বনি সৃষ্টি হয়?
ⓚ প্রতিফলন ⓛ প্রতিসরণ
ⓜ উপরিপাতন ⓝ সমপাতন
ব্যাখ্যা শব্দ উৎস থেকে সৃষ্টি হয়ে কোনো প্রতিফলক পৃষ্ঠে বাধা পেয়ে শব্দানুভূতির স্থায়িত্বকালের পরে ফিরে আসলে প্রতিধ্বনি শুনতে পাওয়া যায়। তাই প্রতিধ্বনির সৃষ্টি হওয়ার জন্য তরঙ্গের প্রতিফলন হওয়া প্রয়োজন।

৫৪. I could not read the words because they were too blurry. Here 'blurry' means :
ⓚ small ⓛ unclear
ⓜ unknown ⓝ difficult
ব্যাখ্যা 'Blurry' means unclear, not easy to understand.

৫৫. এন্টি ভাইরাস কী?
ⓚ সফটওয়্যার ⓛ ম্যালওয়্যার
ⓜ হার্ডওয়্যার ⓝ সিস্টেম সফটওয়্যার
ব্যাখ্যা এন্টি ভাইরাস হলো এক ধরনের সফটওয়্যার; যা ডিভাইসে প্রবেশ করা যেকোনো ভাইরাস শনাক্ত ও প্রতিরোধ করতে পারে।

৫৬. What is the meaning of the word 'lately'?
ⓚ in the past ⓛ at this moment
ⓜ in the recent time ⓝ one more time
ব্যাখ্যা 'Lately' means recently or in the recent time.

৫৭. The verb form of the word 'deep' is—
ⓚ depth ⓛ endeep ⓜ deepen ⓝ in depth
ব্যাখ্যা Deep শব্দটি adjective; যার verb হচ্ছে deepen। আরও কিছু শব্দ আছে যেগুলোর শেষে 'en' যোগ করে verb করতে হয়। যেমন– weaken, widen, gladden, darken, harden etc.

৫৮. সমতল দর্পণ ব্যবহৃত হয় কোন যন্ত্র তৈরিতে?
ⓚ পেরিস্কোপ ⓛ টেলিস্কোপ
ⓜ ক্যামেরা ⓝ মাইক্রোস্কোপ
ব্যাখ্যা পেরিস্কোপ তৈরি করা হয় দুটি সমতল দর্পণ পরস্পরের সমান্তরালে 45° কোণে বাঁকা করে সংযুক্তির মাধ্যমে। এতে আলো পর্যায়ক্রমিক প্রতিফলনের মাধ্যমে গ্রাহকের কাছে পৌঁছায়। ভিড় এড়িয়ে টিভি দেখতে এবং ডুবোজাহাজে পেরিস্কোপ ব্যবহৃত হয়। টেলিস্কোপ, ক্যামেরা ও মাইক্রোস্কোপে লেন্স ব্যবহৃত হয় যেখানে আলোর প্রতিসরণ ঘটে।

৫৯. Which is the correct synonym of the word INDISPENSABLE?
ⓚ Trivial ⓛ Essential
ⓜ Negligible ⓝ Worthy
ব্যাখ্যা Indispensible অর্থ অপরিহার্য, trivial–তুচ্ছ, নগণ্য। অন্যদিকে, essential–অপরিহার্য, negligible–নগণ্য এবং worthy-যোগ্য।

৬০. 'ব্রোঞ্জ' কোন দুটি ধাতুর সংকর?
ⓚ অ্যালুমিনিয়াম ও টিন ⓛ কপার ও টিন
ⓜ কপার ও গোল্ড ⓝ কপার ও সিলভার
ব্যাখ্যা ব্রোঞ্জ বা কাসা তৈরি হয় 88% কপার ও 12% টিন এর সংমিশ্রণে।

৬১. 'পাখি আকাশে উড়ে'- Correct translation of this sentence is :
ⓚ Bird fly in the sky. ⓛ The bird flies in the sky.
ⓜ A bird fly in the sky. ⓝ A bird fly in sky.
ব্যাখ্যা Subject 3rd person singular number হলে verb-এর শেষে s বা es যোগ করতে হয়। যে সকল verb-এর শেষে s, ss, sh, ch, x, o থাকে সেগুলোতে es যোগ করতে হয়।

৬২. কোনটি পদার্থের জড়তা পরিমাপকের একক?
ⓚ ভর ⓛ গতিবেগ ⓜ তাপমাত্রা ⓝ কৌণিক বেগ
ব্যাখ্যা জড়তা হলো বস্তুর একটি ধর্ম বা গুণ, যা ঐ বস্তুর অবস্থা পরিবর্তনে বাধা দেয়। জড়তার একক হলো কেজি/মিটার^2 (kg/m^2)।

৬৩. The author of the story 'The Luncheon' is—
ⓚ William Shakespeare
ⓛ William Wordsworth
ⓜ W.S. Maugham ⓝ T.S. Eliot
ব্যাখ্যা 'The Launcheon' নামক short story-টি লিখেছেন William Somerset Maugham. অন্যদিকে, Of Human Bondage, The Moon and Sixpence তার দুটি বিখ্যাত গ্রন্থ।

উত্তর
৫১ খ
৫২ খ
৫৩ ক
৫৪ খ
৫৫ ক
৫৬ গ
৫৭ গ
৫৮ ক
৫৯ খ
৬০ খ
৬১ খ
৬২ ক
৬৩ গ

CamScanner

৬৪. It makes me nostalgic. Here 'nostalgic' is a/an—
ⓚ verb ⓛ noun ⓜ adjective ⓝ adverb
ব্যাখ্যা *এখানে nostalgic শব্দটি adjective।*

৬৫. Fill in the blank. His brother is — he looks.
ⓚ younger than ⓛ as young
ⓜ younger by ⓝ very young
ব্যাখ্যা *এখানে comparative degree হবে তাই younger than সঠিক।*

৬৬. 'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি'– এটি কোন ধরনের বাক্য?
ⓚ সরল বাক্য ⓛ মিশ্র বাক্য
ⓜ যৌগিক বাক্য ⓝ বৈপরীত্যমূলক বাক্য
ব্যাখ্যা *'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি' একটি যৌগিক বাক্য। দুই বা ততোধিক বাক্য যখন ও, এবং, আর, কিন্তু, তথাপি ইত্যাদি অব্যয়ের সাহায্যে যুক্ত থাকে তখন তাকে যৌগিক বাক্য বলে। যেমন– উদয়াস্ত পরিশ্রম করব, তথাপি অন্যের দ্বারস্থ হব না।*

৬৭. বাংলাদেশের সংবিধানে কয়টি অনুচ্ছেদ আছে?
ⓚ ১৫০ ⓛ ১৪০ ⓜ ১৫৩ ⓝ ১৫১
ব্যাখ্যা *গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ১৫৩টি অনুচ্ছেদ আছে। যার মধ্যে বাংলাদেশ সংবিধানের গুরুত্বপূর্ণ ৪টি মূলনীতির কথা উল্লেখ আছে। এছাড়া বাংলাদেশ সংবিধানে ১১টি ভাগ রয়েছে।*

৬৮. 'সবুজপত্র' পত্রিকা বাংলা সাহিত্যে কোন ভাষারীতির প্রবর্তনে অগ্রণী ভূমিকা রেখেছে?
ⓚ সাধু ভাষা ⓛ চলিত ভাষা
ⓜ উপভাষা ⓝ আঞ্চলিক ভাষা
ব্যাখ্যা *বাংলা গদ্যরীতির প্রবর্তক প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকা 'সবুজপত্র' সাহিত্যে চলিত ভাষারীতির প্রবর্তনে অগ্রণী ভূমিকা রেখেছে। চলিত রীতিতে রচিত তার প্রথম গ্রন্থ 'বীরবলের হালখাতা'।*

৬৯. 'কাদম্বিনী' শব্দের অর্থ কী?
ⓚ নদী ⓛ মেঘমালা
ⓜ হাঁস কামনা ⓝ বলহীনা
ব্যাখ্যা *'কাদম্বিনী' শব্দের অর্থ মেঘমালা। এরূপ আরও কিছু সমার্থক শব্দ– অভ্র, জলদ, নীরদ, পয়োদ, জীমূত।*

৭০. 1 লিটার বিশুদ্ধ পানিতে H^+-এর পরিমাণ কত?
ⓚ 10^{-7} মোল ⓛ 10^{7} মোল
ⓜ 10^{-4} মোল ⓝ 10^{-5} মোল
ব্যাখ্যা *25° তাপমাত্রায় পানির অরসাম্য ধ্রুবক K_w এর মান হলো $1.00 \times 10^{-14}\ mol^2 dm^{-6}$। বিশুদ্ধ পানিতে সমপরিমাণ ঘনমাত্রার হাইড্রোজেন আয়ন (H^+) ও হাইড্রক্সাইড আয়ন (OH^-) থাকে। সুতরাং*
$K_w = [H^+][OH^-]$
আবার, $K_w = 1.00 \times 10^{-14}\ mol^2\ dm^{-6}$
$\therefore [H^+][OH^-] = 1.00 \times 10^{-14}$
বা, $[H^+]^2 = 1.00 \times 10^{-14}$ [$\because [H^+] = [OH^-]$]
বা, $[H^+] = \sqrt{1.0010^{14}}$
বা, $[H^+] = 1.00 \times 10^{-7}\ mol\ dm^{-3}$
বা, $[H^+] = 1.00 \times 10^{-7}\ mol\ L^{-1}$ [$\because 1L = 1dm^3$]
অর্থাৎ এক লিটার বিশুদ্ধ পানিতে হাইড্রোজেন আয়নের $[H^+]$ পরিমাণ 1.00×10^{-7} মোল।
আবার, অন্যভাবে বলা যায়, বিশুদ্ধ পানির pH = 7। কিন্তু pH হলো হাইড্রোজেন আয়নের (H^+) ঋণাত্মক লগারিদম।
$\therefore pH = -\log_{10}[H^+] = 7$
$\therefore [H^+] = 1.00 \times 10^{-7}\ mol\ L^{-1}$

৭১. কোন উপন্যাসটি মুক্তিযুদ্ধভিত্তিক?
ⓚ ক্রীতদাসের হাসি ⓛ হাঙর নদী গ্রেনেড
ⓜ আবদুল্লাহ ⓝ লালসালু
ব্যাখ্যা *কথাসাহিত্যিক সেলিনা হোসেন রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'হাঙর নদী গ্রেনেড'। অন্যদিকে, শওকত ওসমান রচিত প্রতীকাশ্রয়ী উপন্যাস 'ক্রীতদাসের হাসি', সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত সামাজিক সমস্যামূলক উপন্যাস 'লালসালু' এবং 'আবদুল্লাহ' উপন্যাসের রচয়িতা কাজী ইমদাদুল হক।*

৭২. What is the opposite word of 'facilitate'?
ⓚ encourage ⓛ impede
ⓜ increase ⓝ promote
ব্যাখ্যা *Facilitate অর্থ সহজতর করা যার opposite হলো impede (বাধা দেওয়া)।*

৭৩. অপটিক্যাল ফাইবার আলোর কোন নীতিতে কাজ করে?
ⓚ প্রতিফলন ⓛ প্রতিসরণ
ⓜ অপবর্তন ⓝ পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন
ব্যাখ্যা *অপটিক্যাল ফাইবার হলো সূক্ষ্ম কাচতন্তুর তৈরি বিশেষ ধরনের তার; যার মধ্য দিয়ে কোনো তরঙ্গ বার বার পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের মাধ্যমে এক প্রান্ত হতে অন্য প্রান্তে গমন করে।*

৭৪. কোন দেশটির ভেটো ক্ষমতা নেই?
ⓚ যুক্তরাষ্ট্র ⓛ যুক্তরাজ্য ⓜ রাশিয়া ⓝ জার্মানি
ব্যাখ্যা *জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য ৫টি দেশের ভেটো (আমি মানি না) ক্ষমতা রয়েছে। দেশগুলো হলো– যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন। সুতরাং জার্মানির ভেটো ক্ষমতা নেই।*

৭৫. মুক্তিযোদ্ধা তারামন বিবি যুদ্ধ করেছেন কোন সেক্টরে?
ⓚ ৯ নং ⓛ ৪ নং ⓜ ৮ নং ⓝ ১১ নং
ব্যাখ্যা *বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত তারামন বিবি ১১ নং সেক্টর অর্থাৎ ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলায় যুদ্ধ করেন।*

৭৬. 'বইপড়া' প্রবন্ধটি কার লেখা?
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓛ প্রমথ চৌধুরী
ⓜ মোতাহের হোসেন চৌধুরী ⓝ হায়াৎ মাহমুদ
ব্যাখ্যা *বাংলা গদ্যে চলিত রীতির প্রবর্তক প্রমথ চৌধুরী রচিত প্রবন্ধ 'বইপড়া'। তার রচিত অন্যান্য প্রবন্ধসমূহ আমাদের শিক্ষা, তেল নুন লকড়ি, বীরবলের হালখাতা।*

উত্তর

৬৪	গ
৬৫	ক
৬৬	গ
৬৭	গ
৬৮	খ
৬৯	খ
৭০	ক
৭১	খ
৭২	খ
৭৩	ঘ
৭৪	ঘ
৭৫	ঘ
৭৬	খ

৭৭. IELTS stands for—
ⓚ International English Language Teaching System.
ⓛ International English Language Testing Skill.
ⓜ International English Language Testing System.
ⓝ International English Language Teaching Skill.
ব্যাখ্যা *IELTS means International English Language Testing System.*

৭৮. কোনটি ক্ষার?
ⓚ NH_3 ⓛ Na_2SO_4 ⓜ NaCl ⓝ HNO_2
ব্যাখ্যা *যে সকল ক্ষারক পানিতে দ্রবীভূত হয় এবং হাইড্রক্সিল আয়ন (OH^-) সৃষ্টি করে তাদের ক্ষার বলা হয়। অ্যামোনিয়া (NH_3) গ্যাস পানির সাথে মিশ্রিত হয়ে অ্যামোনিয়াম আয়ন (NH_4^+) ও হাইড্রক্সিল আয়ন (OH^-) সৃষ্টি করে।*
$H_2O + NH_3 \rightleftharpoons NH_4^+ + OH^-$
অপরদিকে, NaCl (সোডিয়াম ক্লোরাইড) ও Na_2SO_4 (সোডিয়াম সালফেট) হলো নিরপেক্ষ যৌগ লবণ এবং HNO_2 (নাইট্রাস এসিড) হলো এসিড।

৭৯. বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন কে আহ্বান করেন?
ⓚ স্পীকার ⓛ প্রধানমন্ত্রী
ⓜ রাষ্ট্রপতি ⓝ প্রধান বিচারপতি
ব্যাখ্যা *সংবিধানের ৭২ (১) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি সংসদের অধিবেশন আহ্বান করেন। উল্লেখ্য, উক্ত অনুচ্ছেদ অনুসারে সরকারি বিজ্ঞপ্তি দ্বারা রাষ্ট্রপতি সংসদ আহ্বান, স্থগিত ও ভঙ্গ করতে পারেন এবং সংসদ আহ্বানকালে রাষ্ট্রপতি প্রথম বৈঠকের সময় ও স্থান নির্ধারণ করতে পারেন।*

৮০. কোন গ্যাসের ব্যাপন হার বেশি?
ⓚ N_2 ⓛ O_2 ⓜ CO_2 ⓝ H_2
ব্যাখ্যা *গ্রাহামের ব্যাপন সূত্র অনুযায়ী, কোনো গ্যাসের ব্যাপন হার তার আণবিক ভরের ব্যস্তানুপাতিক। অর্থাৎ আণবিক ভর কম হলে ব্যাপন হার বেশি হবে। এখানে প্রদত্ত অণুগুলোর আণবিক ভর :*
$N_2 \rightarrow 2 \times 14 = 28$
$O_2 \rightarrow 2 \times 16 = 32$
$CO_2 \rightarrow 12 + 2 \times 16 = 12 + 32 = 44$
$H_2 \rightarrow 2 \times 1 = 2$
সুতরাং হাইড্রোজেনের আণবিক ভর কম হওয়ায় এর ব্যাপন হার বেশি।

৮১. 'চন্দ্র' কোন শব্দের উদাহরণ?
ⓚ তৎসম ⓛ তদ্ভব ⓜ দেশি ⓝ বিদেশি
ব্যাখ্যা *'চন্দ্র' তৎসম শব্দ। এরূপ আরও কতিপয় বহুল প্রচলিত তৎসম শব্দ– সূর্য, নক্ষত্র, ভবন, বস্ত্র, গৃহ, মস্তক, ভক্তি, ধূলি, পাত্র, সন্ধ্যা।*

৮২. কোনটি আউটপুট ডিভাইস?
ⓚ মাউস ⓛ প্রিন্টার ⓜ কী-বোর্ড ⓝ স্ক্যানার
ব্যাখ্যা *যেসব ডিভাইস কম্পিউটারে ডেটা প্রবেশ করায় তারা ইনপুট ডিভাইস এবং যাদের মাধ্যমে ডেটা কম্পিউটার থেকে বাইরে প্রদর্শিত হয় তাদের আউটপুট ডিভাইস বলে। মাউস, কী-বোর্ড ও স্ক্যানারের সাহায্যে ডেটা প্রবেশ করানো হয় কিন্তু প্রিন্টারে ডেটা বাইরে আসে।*

৮৩. প্রকৃতিতে প্রাপ্ত হাইড্রোজেনের আইসোটোপ কয়টি?
ⓚ ২টি ⓛ ৩টি
ⓜ ৪টি ⓝ ৫টি
ব্যাখ্যা *প্রকৃতিতে প্রাপ্ত হাইড্রোজেনের তিনটি আইসোটোপ হলো : হাইড্রোজেন, ডিউটেরিয়াম এবং ট্রিটিয়াম।*

৮৪. Choose the correct word to fill up the gap : I could not recognise him—he said we had met before.
ⓚ unless ⓛ however
ⓜ despite ⓝ though
ব্যাখ্যা *এখানে unless অর্থ যদি না, however অর্থ যাইহোক, despite অর্থ সত্ত্বেও এবং though অর্থ যদিও। তাই অর্থ অনুযায়ী though সঠিক।*

৮৫. The correct spelling is—
ⓚ Attendence ⓛ Atendance
ⓜ Attandence ⓝ Attendance
ব্যাখ্যা *সঠিক বানান– Attendance, যার অর্থ উপস্থিতি।*

৮৬. দহগ্রাম ছিটমহল কোন জেলার অবস্থিত?
ⓚ নীলফামারী ⓛ কুড়িগ্রাম
ⓜ লালমনিরহাট ⓝ দিনাজপুর
ব্যাখ্যা *দহগ্রাম ছিটমহল লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলায় অবস্থিত। উল্লেখ্য, ১ আগস্ট ২০১৫ বাংলাদেশ ভারতের ১৬২টি ছিটমহল বিনিময় হয়ে যাওয়ায় এখন আর কোনো ছিটমহল নেই।*

৮৭. কত তাপমাত্রায় পানির ঘনত্ব বেশি?
ⓚ ১০°C ⓛ ৪°C
ⓜ ৪৫°C ⓝ ১০০°C
ব্যাখ্যা *স্বাভাবিক তাপমাত্রায় (২৫°C) পানি তরল থাকে। তাপমাত্রা কমাতে থাকলে পানির ঘনত্ব বাড়তে থাকে এবং ৪°C তাপমাত্রায় ঘনত্ব সর্বোচ্চ (১০০০ kg/m³) হয়। তাপমাত্রা আরও কমালে ঘনত্ব বাড়ার পরিবর্তে কমতে থাকে। কঠিন অবস্থায় (বরফ) পানির আয়তন বৃদ্ধি পায়। তাই ঘনত্ব কম হয়।*

৮৮. কোন পদার্থের আপেক্ষিক তাপ সর্বাধিক?
ⓚ বায়ু ⓛ পানি
ⓜ লোহা ⓝ তামা
ব্যাখ্যা *এক কেজি ভরের কোনো বস্তুর তাপমাত্রা এক কেলভিন বাড়াতে যে তাপের প্রয়োজন হয়, তাকে ঐ বস্তুর উপাদানের আপেক্ষিক তাপ বলে। পানি অনেক তাপ শোষণ করলেও এর উষ্ণতা অল্প বৃদ্ধি পায়। অর্থাৎ পানির তাপ ধারণ বেশি (4200 $JKg^{-1}K^{-1}$)।*

উত্তর

৭৭	গ
৭৮	ক
৭৯	গ
৮০	ঘ
৮১	ক
৮২	খ
৮৩	খ
৮৪	ঘ
৮৫	ঘ
৮৬	খ
৮৭	খ
৮৮	খ

CamScanner

৮৯. ব্লিচিং পাউডারের রাসায়নিক সংকেত কোনটি?
ক Ca(OCl) Cl খ C_6H_6O
গ C_6CO_3 ঘ HCl

ব্যাখ্যা ব্লিচিং পাউডার হলো ক্যালসিয়াম, ক্লোরিন ও অক্সিজেনের যৌগ। এর সংকেত (Ca(OCl)Cl। অপরদিকে, C_6H_6O হলো ফেনল বা কার্বলিক এসিড। $CaCO_3$ হলো ক্যালসিয়াম কার্বনেট এবং HCl হলো হাইড্রোক্লোরিক এসিড।

৯০. ভারতচন্দ্র রায়গুণাকর কোন কাব্য রচনা করেছেন?
ক অভয়ামঙ্গল খ শিবমঙ্গল
গ অন্নদামঙ্গল ঘ শ্রীমঙ্গল

ব্যাখ্যা আঠারো শতকের মঙ্গলকাব্যধারার শেষ কবি ভারতচন্দ্র রায়গুণাকরের কবিপ্রতিভার শ্রেষ্ঠ নিদর্শন অন্নদামঙ্গলকাব্য। তিনি সাহিত্যের অমর চরিত্র ঈশ্বরী পাটনীর স্রষ্টা।

৯১. Which pqwer plant is environment friendly?
ক Nuclear power plant খ Gas power plant
গ Oil power plant ঘ Solar energy

ব্যাখ্যা নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট পরিবেশগতভাবে কম ক্ষতিকর কারণ এতে কোনো গ্রিনহাউজ গ্যাস নির্গত হয় না।

৯২. কোন দেশটি Group of Seven (G-7)-এর সদস্য নয়?
ক কানাডা খ ইতালি
গ সুইডেন ঘ জাপান

ব্যাখ্যা Group of Seven (G-7) হলো বিশ্বের শিল্পোন্নত ৭টি দেশের সরকার ও রাষ্ট্রপ্রধানের জোট। এর বর্তমান সদস্য ৭টি দেশ হলো যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালি, কানাডা ও জাপান। সুতরাং সুইডেন G-7 ভুক্ত দেশ নয়।

৯৩. Choose the right preposition.
Rice sells—50 TK a kg.
ক over খ in
গ at ঘ to

ব্যাখ্যা কোনো কিছু বিক্রি করা অর্থে at ব্যবহার হয়।

৯৪. জনসংখ্যার ভিত্তিতে সবচেয়ে বড় মুসলিম দেশ কোনটি?
ক বাংলাদেশ খ ইন্দোনেশিয়া
গ মালয়েশিয়া ঘ সৌদি আরব

ব্যাখ্যা জনসংখ্যার ভিত্তিতে বৃহত্তম মুসলিম দেশ ইন্দোনেশিয়া। দেশটির মুসলিম জনসংখ্যা ২৩ কোটি ১০ লাখ। পক্ষান্তরে, বিশ্বে মুসলিম জনসংখ্যায় দ্বিতীয় পাকিস্তান (২১ কোটি ২৩ লাখ), তৃতীয় ভারত (২০.৪ কোটি), বাংলাদেশ চতুর্থ (১৫ কোটি ৩৭ লাখ)।

৯৫. কোনটি ভেক্টর রাশি?
ক চাপ খ তরঙ্গ
গ কাজ ঘ বল

ব্যাখ্যা যে সকল রাশিকে প্রকাশ করার জন্য মান ও দিক দুটোরই প্রয়োজন তাকে ভেক্টর রাশি বলে। বল হলো কাজ ও সরণের গুণফল। সরণ হলো নির্দিষ্ট দিকে বস্তুর অতিক্রান্ত দূরত্ব। তাই বল একটি ভেক্টর রাশি।

৯৬. Choose the correct sentence :
ক I am tired as I was working since 7 o'colck in the morning.
খ I am tired as I have been working since 7 o'clock in the morning.
গ I am tired as I am working since 7 o'clock in the morning.
ঘ I am tired as I had been working since 7 o'clock in the morning.

ব্যাখ্যা Since এবং for থাকলে present perfect continuous অথবা past perfect continuous হয়।

৯৭. কোন গ্রন্থটি কাজী নজরুল ইসলামের লেখা নয়?
ক আরেক ফাল্গুন খ ব্যথার দান
গ রিক্তের বেদন ঘ মৃত্যুক্ষুধা

ব্যাখ্যা ভাষা আন্দোলনভিত্তিক উপন্যাস 'আরেক ফাল্গুন' কাজী নজরুল ইসলাম রচিত নয়; গ্রন্থটির রচয়িতা জহির রায়হান। অন্যদিকে, কাজী নজরুল ইসলাম রচিত ব্যথার দান (১৯২২) এবং রিক্তের বেদন (১৯২৫) গল্পগ্রন্থ, মৃত্যুক্ষুধা (১৯৩০) তার রচিত উপন্যাস।

৯৮. উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?
ক মুখচন্দ্র খ কাঁচামিঠা
গ চন্দ্রমুখ ঘ মনমাঝি

ব্যাখ্যা মুখচন্দ্র– মুখ চন্দ্রের ন্যায়; উপমিত কর্মধারয় সমাস। সাধারণ গুণের উল্লেখ ব্যতীত উপমেয়ের সঙ্গে উপমান পদের যে সমাস হয়, তাকে বলে উপমিত কর্মধারয় সমাস। যেমন– ফুলকুমারী = কুমারী ফুলের ন্যায়।

৯৯. এশিয়া উন্নয়ন ব্যাংক-এর সদর দপ্তর কোথায়?
ক হংকং খ সিঙ্গাপুর
গ ম্যানিলা ঘ ব্যাংকক

ব্যাখ্যা আঞ্চলিক উন্নয়ন ব্যাংক হিসেবে ১৯ ডিসেম্বর ১৯৬৬ প্রতিষ্ঠিত হয় এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। ৬৮ সদস্য দেশের এ প্রতিষ্ঠানের সদর দপ্তর অবস্থিত ফিলিপাইনের ম্যানিলায়।

১০০. কোন আলোতে সালোকসংশ্লেষণ ভালো হয় না?
ক লাল খ নীল
গ কমলা ঘ হলুদ

ব্যাখ্যা আলোকে বর্ণালির সাতটি রঙের মধ্যে লাল, কমলা, নীল ও বেগনি অংশই সালোকসংশ্লেষণে বেশি ব্যবহৃত হয়। একক আলো হিসেবে লাল আলোতে সালোকসংশ্লেষণ বেশি হয়। অন্যান্য আলো তেমন ব্যবহৃত হয় না।

উত্তর
৮৯ ক
৯০ গ
৯১ ক
৯২ গ
৯৩ গ
৯৪ খ
৯৫ ঘ
৯৬ খ
৯৭ ক
৯৮ ক
৯৯ গ
১০০ ঘ

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন তথ্য অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার (১০ম গ্রেড) ২০২২

পরীক্ষার তারিখ : ০১.১১.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট : ০১; কোড : ফিঙে

[মোট প্রশ্ন ১০০ (একশত)। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে]
উত্তরপত্রে সেট নম্বর মুদ্রণ করা থাকবে। পরীক্ষার্থী উত্তরপত্রে সেট নম্বর লিখবেন না। পরীক্ষার্থীকে যে সেট নম্বরের উত্তরপত্র সরবরাহ করা হবে তাকে একই সেট নম্বরের প্রশ্নপত্রের উত্তর দিতে হবে।

০১. 'সওগাত' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
ক সিকান্দার আবু জাফর
খ মোহাম্মদ নাসির উদ্দীন
গ মুহম্মদ শহীদুল্লাহ্
ঘ আবুল কালাম শামসুদ্দীন

ব্যাখ্যা 'সওগাত' পত্রিকার সম্পাদক ছিলেন মোহাম্মদ নাসির উদ্দীন। অন্যদিকে, সিকান্দার আবু জাফর, মুহম্মদ শহীদুল্লাহ্ এবং আবুল কালাম শামসুদ্দীন সম্পাদিত পত্রিকা যথাক্রমে সমকাল (১৯৫৭), আঞ্জুর (কিশোর পত্রিকা) (১৯২০) এবং জেহাদ (১৯৬২)।

০২. Put the correct phrasal verb to complete the sentence : If you — your orders exactly everything will be right.
ক carry of খ carry on
গ carry up ঘ carry out

ব্যাখ্যা সঠিক উত্তর carry out অর্থ সম্পন্ন করা। carry off অর্থ মৃত্যু ঘটানো এবং carry on অর্থ চালিয়ে যাওয়া।

০৩. $\log_{\sqrt{2}} 16$ -এর মান কোনটি?
ক 4 খ 6
গ 8 ঘ 2

ব্যাখ্যা $\log_{\sqrt{2}} 16$

$= \log_{\sqrt{2}} \left(\sqrt{2}\right)^8$

$= 8 \times \log_{\sqrt{2}} \sqrt{2}$

$= 8 \times 1 \quad [\because \log_a a = 1]$

$= 8$

০৪. The synonym of the word 'auspicious' is—
ক astounding খ exciting
গ promising ঘ lucky.

ব্যাখ্যা Auspicious– শুভ, অনুকূল; lucky– শুভ, ভাগ্যবান। Astounding– বিস্ময়কর এবং promising– প্রতিশ্রুতিপূর্ণ, অঙ্গীকারাবদ্ধ।

০৫. 'পাখির ডাক' কথাটি এক কথায় প্রকাশ করলে হবে–
ক কেকা খ কূজন
গ ঝংকার ঘ বৃংহিত

ব্যাখ্যা পাখির ডাক- কূজন। অন্যদিকে, ময়ূরের ডাক- কেকা, হাতির ডাক- বৃংহিত এবং বীণার শব্দ- ঝংকার।

০৬. 'শিখণ্ডী' শব্দের অর্থ কী?
ক কবুতর খ কোকিল
গ খরগোশ ঘ ময়ূর

ব্যাখ্যা 'শিখণ্ডী' শব্দের অর্থ ময়ূর। ময়ূরের আরও কিছু সমার্থক শব্দ– কেকী, শিখী, কলাপী, বর্হী।

০৭. Which verb form is needed in the question : How many Eid Cards—this year?
ক do you send খ you send
গ are you sending ঘ were you sending

ব্যাখ্যা This year থাকায় present tense হবে এবং অর্থের সাথে মিলিয়ে সঠিক উত্তর are you sending হবে।

০৮. 'Conflict' is the feature of :
ক a poem খ a story
গ a drama ঘ a novel

ব্যাখ্যা নাটকের একটি বৈশিষ্ট্য হলো Conflict. এটা দ্বারা অনিশ্চয়তা বোঝায় এবং মুখ্য চরিত্রকে সমস্যা সমাধানের চ্যালেঞ্জ ছুড়ে দেওয়া হয়।

০৯. ৪, ৮, ১৩, ১৯, ২৬, ...ধারাটির ৯ম পদ কত?
ক ৪৩ খ ৫৩ গ ৬৪ ঘ ৩৪

ব্যাখ্যা প্রদত্ত ধারা, ৪, ৮, ১৩, ১৯, ২৬

৪ ৫ ৬ ৭
+১ +১ +১

∴ ৬ষ্ঠ পদ = ২৬ + ৮ = ৩৪
৭ম পদ = ৩৪ + ৯ = ৪৩
৮ম পদ = ৪৩ + ১০ = ৫৩
৯ম পদ = ৫৩ + ১১ = ৬৪

১০. কোনটি স্থানীয় সরকার নয়?
ক পৌরসভা খ পল্লি বিদ্যুৎ
গ সিটি কর্পোরেশন ঘ উপজেলা পরিষদ

ব্যাখ্যা স্থানীয় সরকারের মোট স্তর ৫টি। গ্রাম্য স্তর ৩টি। যথা : ১. জেলা পরিষদ, ২. উপজেলা পরিষদ এবং ৩. ইউনিয়ন পরিষদ। আর শহরে স্তর ২টি। যথা : ১. সিটি কর্পোরেশন এবং ২. পৌরসভা।

উত্তর
০১ খ
০২ ঘ
০৩ গ
০৪ ঘ
০৫ খ
০৬ ঘ
০৭ গ
০৮ গ
০৯ গ
১০ খ

CamScanner

১১. $\cos^2\theta - \sin^2\theta = \frac{1}{3}$ হলে, $\cos^4\theta - \sin^4\theta$ এর মান কত?

ক 3 খ 2
গ 1 ঘ $\frac{1}{3}$

ব্যাখ্যা দেওয়া আছে,

$\cos^2\theta - \sin^2\theta = \frac{1}{3}$

$\Rightarrow 1 - \sin^2\theta - \sin^2\theta = \frac{1}{3}$ [$\because \sin^2\theta + \cos^2\theta = 1$]

$\Rightarrow 2\sin^2\theta = 1 - \frac{1}{3}$

$\Rightarrow 2\sin^2\theta = \frac{2}{3}$

$\Rightarrow \sin^2\theta = \frac{1}{3}$.....(i)

$\therefore \sin^4\theta = \frac{1}{9}$ *[বর্গ করে]*

(i) নং হতে, $\sin^2\theta = \frac{1}{3}$

$\Rightarrow 1 - \cos^2\theta = \frac{1}{3}$

$\Rightarrow \cos^2\theta = 1 - \frac{1}{3} = \frac{2}{3}$

$\therefore \cos^4\theta = \frac{4}{9}$ *[বর্গ করে]*

অর্থাৎ, $\cos^4\theta - \sin^4\theta$

$= \frac{4}{9} - \frac{1}{9}$

$= \frac{4-1}{9}$

$= \frac{3}{9}$

$= \frac{1}{3}$

১২. $24 + 5x - x^2$ এর উৎপাদক কোনটি?

ক $3+x$ খ $3-x$
গ $x-8$ ঘ $x+8$

ব্যাখ্যা $24 + 5x - x^2$

$= -(x^2 - 5x - 24)$

$= -(x^2 - 8x + 3x - 24)$

$= -\{(x-8)(x+3)\}$

$= (x-8)(-x-3)$

$\therefore (x-8)$ প্রদত্ত রাশির একটি উৎপাদক।

১৩. কোন সংস্থা এ পর্যন্ত ০৩ (তিন) বার নোবেল পুরস্কার পেয়েছে?

ক গ্রামীণ ব্যাংক
খ মাদার তেরেসা ফাউন্ডেশন
গ রেডক্রস ঘ আইসিডিডিআর, বি

ব্যাখ্যা আন্তর্জাতিক রেডক্রস ও রেডক্রিসেন্ট কমিটি ১৯১৭, ১৯৪৪ ও ১৯৬৩ সালে শান্তিতে তিনবার নোবেল পুরস্কার পেয়েছে। উল্লেখ্য, নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল রসায়নবিদ, প্রকৌশলী, উদ্ভাবক ও অস্ত্রনির্মাণ প্রতিষ্ঠানের মালিক ছিলেন।

১৪. তিনটি ধারাবাহিক বিজোড় সংখ্যার যোগফল ২১৯। শেষ সংখ্যাটি কত?

ক ৭৫ খ ৭৩
গ ৭৭ ঘ ৭৯

ব্যাখ্যা ধরি, একটি বিজোড় সংখ্যা $= n$

$\therefore n + n + 2 + n + 4 = 219$

$\Rightarrow 3n = 219 - 6$

$\therefore n = \frac{213}{3} = 71$

$\therefore$ শেষ সংখ্যাটি $= n + 4$

$= 71 + 4 = 75$

১৫. Complete the sentence using correct question tag : The students are having a test, —?

ক aren't they খ are they
গ won't they ঘ don't they

ব্যাখ্যা *Tag question-এর নিয়ম অনুযায়ী auxiliary verb আগে নিয়ে আসতে হবে এবং সেই অনুযায়ী pronoun বসাতে হবে। তাই সঠিক উত্তর aren't they.*

১৬. $(a+b) = \sqrt{7}$ এবং $(a-b) = \sqrt{5}$ হলে, $8ab(a^2+b^2)$ এর মান কত?

ক 24 খ 28
গ 32 ঘ 40

ব্যাখ্যা দেওয়া আছে, $a + b = \sqrt{7}$

$a - b = \sqrt{5}$

প্রদত্ত রাশি,

$8ab(a^2 + b^2)$

$= 4ab \times 2(a^2 + b^2)$

$= \{(a+b)^2 - (a-b)^2\}\{(a+b)^2 + (a-b)^2\}$

$= \left\{\left(\sqrt{7}\right)^2 - \left(\sqrt{5}\right)^2\right\}\left\{\left(\sqrt{7}\right)^2 + \left(\sqrt{5}\right)^2\right\}$; [মান বসিয়ে]

$= (7-5)(7+5)$

$= 2 \times 12 = 24$

১৭. All that glitters is not gold. The underlined word is—

ক a determiner খ a conjunction
গ an adjective ঘ a pronoun

ব্যাখ্যা এখানে that হলো relative pronoun। All হচ্ছে that-এর antecedent। বাক্যটি William Shakespeare-এর 'The Merchant of Venice' থেকে নেওয়া।

উত্তর	
১১	ঘ
১২	গ
১৩	গ
১৪	ক
১৫	ক
১৬	ক
১৭	ঘ

১৮. $\sqrt{2x-3} + 5 = 3$-এর সমাধান সেট কোনটি?

ক $\left\{\frac{1}{2}\right\}$ খ $\{\ \}$
গ $\left\{\frac{7}{2}\right\}$ ঘ $\left\{\frac{3}{2}\right\}$

ব্যাখ্যা $\sqrt{2x-3} + 5 = 3$

$\Rightarrow \sqrt{2x-3} = 3 - 5$

$\Rightarrow 2x - 3 = 4$ *[বর্গ করে]*

$\Rightarrow 2x = 3 + 4$

$\therefore x = \frac{7}{2}$

$\therefore$ নির্ণেয় সমাধান সেট $= \left\{\frac{7}{2}\right\}$

১৯. 'হুলিয়া' কবিতা কে লিখেছেন?

ক আসাদ চৌধুরী খ আবুল হাসান
গ ত্রিদিব দস্তিদার ঘ নির্মলেন্দু গুণ

ব্যাখ্যা নির্মলেন্দু গুণ রচিত প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ 'প্রেমাংশুর রক্ত চাই' (১৯৭০)-এর বিখ্যাত কবিতা 'হুলিয়া'। তার অপর একটি বিখ্যাত কবিতা 'স্বাধীনতা এ শব্দটি কীভাবে আমাদের হলো'।

২০. নিচের কোনটি 'মেঘ' শব্দের সমার্থক শব্দ?

ক জলদ খ ক্ষণপ্রভা
গ কুরচি ঘ জলদ

ব্যাখ্যা 'মেঘ' শব্দের সমার্থক শব্দ 'জলদ'। এরূপ আরও কিছু সমার্থক শব্দ- ঘন, বারিদ, তোয়দ, পয়োধর, জীমূত, বলাহক।

২১. স্বাধীন বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতির নাম কী?

ক সৈয়দ নজরুল ইসলাম
খ তাজউদ্দিন আহমেদ
গ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ঘ ক্যাপ্টেন এম. মনসুর আলী

ব্যাখ্যা স্বাধীন বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতির নাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। উল্লেখ্য, তাজউদ্দীন আহমেদ প্রধানমন্ত্রী, সৈয়দ নজরুল ইসলাম উপ-রাষ্ট্রপতি এবং ক্যাপ্টেন এম. মনসুর আলী অর্থমন্ত্রী ছিলেন।

২২. 'ভানুসিংহ ঠাকুর' কার ছদ্মনাম?

ক অবনীন্দ্রনাথ ঠাকুর খ দীনবন্ধু মিত্র
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ প্যারীচাঁদ মিত্র

ব্যাখ্যা 'ভানুসিংহ' বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম। অন্যদিকে, প্যারীচাঁদ মিত্র 'টেকচাঁদ ঠাকুর' ছদ্মনামে নামে পরিচিত ছিলেন।

২৩. নিচের কোন গ্রন্থ ঢাকা থেকে প্রথম প্রকাশিত হয়?

ক অগ্নিবীণা খ নীলদর্পণ
গ মেঘনাদবধ কাব্য ঘ দুর্গেশনন্দিনী

ব্যাখ্যা দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি ১৮৬০ সালে ঢাকা থেকে প্রথম প্রকাশিত হয়। নাটকটি বাংলাদেশের মেহেরপুর অঞ্চলের নীলকরদের অত্যাচার ও নীল-চাষীদের দুঃখকষ্ট নিয়ে রচিত। মাইকেল মধুসূদন দত্ত 'A Native' ছদ্মনামে নাটকটি 'NIL DARPAN or THE INDIGO PLANTING MIRROR' (১৮৬১) নামে অনুবাদ করেন।

২৪. নীলের বর্তমান বয়স ১২ বছর। নীলের বয়স কণ্ঠের বয়সের তিনগুণ। কত বছর বয়সে নীলের বয়স কণ্ঠের বয়সের দ্বিগুণ হবে?

ক ১৬ খ ৪
গ ৮ ঘ ১২

ব্যাখ্যা নীলের বয়স = ১২ বছর

কণ্ঠের বয়স = ৪ "

ধরি, x বছর পর নীলের বয়স কণ্ঠের বয়সের দ্বিগুণ হবে

$\therefore$ প্রশ্নমতে, $12 + x = 2(x + 8)$

$\Rightarrow 2x + 8 = 12 + x$

$\Rightarrow x = 12 - 8$

$\therefore x = 8$

$\therefore$ নীলের বয়স $(12 + 8)$ বছর বা ১৬ বছরে কণ্ঠের বয়সের দ্বিগুণ হবে।

২৫. Choose the correct articles : I would speak Japanese—way—Japanese speak it.

ক the, a খ the, the
গ a, a ঘ a, the


ব্যাখ্যা ভাষার ক্ষেত্রে article বসে না। *I would speak Japanese the way the Japanese speak it.* এখানে ১ম Japanese দ্বারা জাপানি ভাষা, আর ২য় Japanese দ্বারা জাপানি মানুষকে বোঝাচ্ছে। সেজন্য ২য় ক্ষেত্রে the বসেছে।

২৬. 'সংযোজন' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ হলো–

ক সময় + অন খ সং + জন
গ সম্ + যোজন ঘ সং + যোজন

ব্যাখ্যা সংযোজন = সম্ + যোজন। ব্যঞ্জনসন্ধির আগে বা পরে স্বর অথবা ব্যঞ্জন যেকোনো ধ্বনি সংযুক্ত হয়ে যে সন্ধি সাধিত হয় তাকে ব্যঞ্জনসন্ধি বলে। যেমন– সংযোগ = সম্ + যোগ, সংবর্ধনা = সম্ + বর্ধনা।


২৭. নিচের চিত্রে কতটি ত্রিভুজ আছে?



ক ২০টি খ ২১টি
গ ১৮টি ঘ ১২টি

উত্তর	
১৮	গ
১৯	ঘ
২০	ক
২১	গ
২২	গ
২৩	খ
২৪	গ
২৫	খ
২৬	গ
২৭	ক

ব্যাখ্যা



চিত্র অনুসারে, ত্রিভুজগুলো হলো : $\Delta ABC \Rightarrow 1$টি

$\Delta ADE \Rightarrow 1$টি

$\Delta BDF, \Delta DFE$ ও $\Delta EFC \Rightarrow 3$টি

$\Delta BDG, \Delta DGH, \Delta BGF$ ও $\Delta BDH \Rightarrow 4$টি

$\Delta FCI, \Delta CEI, \Delta EHI$ ও $\Delta CHE \Rightarrow 4$টি

$\Delta FGH, \Delta FHI, \Delta BHF, \Delta CHF,$

$\Delta FDH, \Delta EFH$ ও $\Delta BHC \Rightarrow 7$টি

$\therefore$ ত্রিভুজের মোট সংখ্যা $\Rightarrow 20$টি।

২৮. শিশু মৃত্যুহার হ্রাসে সাফল্যের জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা কী অ্যাওয়ার্ড পেয়েছেন?

ⓚ জাতিসংঘ শান্তি পুরস্কার
ⓛ সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি
ⓜ প্ল্যানেট ফিফটি-ফিফটি
ⓝ এমডিজি অ্যাওয়ার্ড ২০১০

ব্যাখ্যা ২০১০ সালে শিশু মৃত্যুহার হ্রাসে সাফল্যের জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'এমডিজি অ্যাওয়ার্ড ২০১০' পুরস্কার লাভ করেন। উল্লেখ্য, নারীর ক্ষমতায়নের জন্য ২০১৬ সালে তিনি 'প্ল্যানেট ফিফটি-ফিফটি' পুরস্কার লাভ করেন।

২৯. ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন ফেল করলে পাশের হার কত?

ⓚ ২৫% ⓛ ৩০%
ⓜ ২৮% ⓝ ৪০%

ব্যাখ্যা ফেলের হার $= \frac{42}{60} \times 100$

$= 70\%$

$\therefore$ পাশের হার $= (100 - 70)\%$

$= 30\%$

৩০. বর্ণ হলো ধ্বনির—

ⓚ লিখিত রূপ ⓛ উচ্চারিত রূপ
ⓜ ভাবরূপ ⓝ অনূদিত রূপ

ব্যাখ্যা বর্ণ হলো ধ্বনির লিখিত রূপ। বাংলা বর্ণমালায় মোট ৫০টি বর্ণ আছে। এর মধ্যে স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জনবর্ণ ৩৯টি।

৩১. The meaning of 'etiquette' is—

ⓚ a customary code of behaviour
ⓛ the way one sings
ⓜ food habit
ⓝ rules and regulation

ব্যাখ্যা Etiquette দ্বারা বোঝায় বিশেষ পেশায় বা সমাজের বিশেষ স্তরে প্রচলিত আদব-কায়দা।

৩২. ফরাসি বিপ্লব সংঘটিত হয় কোন সালে?

ⓚ ১৭৭৯ ⓛ ১৭৮৯
ⓜ ১৭৫৭ ⓝ ১৭৯২

ব্যাখ্যা ১৭৭৮ থেকে ১৭৮৯ সাল পর্যন্ত ফ্রান্সের নানা উত্তাল ঘটনাধারা 'ফরাসি বিপ্লব' নামে ইতিহাসপ্রসিদ্ধ হয়ে আছে। ১৭৮৯ সালের ১৪ জুলাই বাস্তিল দুর্গ আক্রমণ ও দখলের মাধ্যমে জনগণের বিপ্লবী অভ্যুত্থান জয়যুক্ত হয় এবং আজও এই তারিখটি বিশ্বব্যাপী ফরাসি বিপ্লবের দিন হিসেবে পালিত হয়।

৩৩. 'সোনালিকা' ও 'আকবর' বাংলাদেশের কৃষিক্ষেত্রে কীসের নাম?

ⓚ উন্নত কৃষি যন্ত্রপাতির নাম
ⓛ উন্নত জাতের ধানের নাম
ⓜ বেসরকারি কৃষি সংস্থার নাম
ⓝ উন্নত জাতের গমের নাম

ব্যাখ্যা বাংলাদেশের কৃষিক্ষেত্রে 'সোনালিকা' ও 'আকবর' দুটি উন্নত জাতের গমের নাম। এরূপ আরো কতিপয় উন্নত জাতের গমের মধ্যে অগ্রণী, আনন্দ, কাঞ্চন, দোয়েল, বরকত, বলাকা, জোপাটিকা, ইনিয়া– ৬৬ প্রভৃতি প্রধান।

৩৪. নিচের কোন বানানটি শুদ্ধ?

ⓚ মনীষি ⓛ মনীষী
ⓜ মনিষি ⓝ মনিষী

ব্যাখ্যা 'মনীষী' বানানটি শুদ্ধ। আরও কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান- সমীচীন, আকাঙ্ক্ষা, পাষাণ, বিভীষিকা, মরীচিকা, পিপীলিকা, মুমূর্ষু।

৩৫. কোন বাগধারাটির অর্থ 'কপট'?

ⓚ মেনিমুখো ⓛ ভিজে বেড়াল
ⓜ ভুষণ্ডির কাক ⓝ ভালুক জ্বর

ব্যাখ্যা 'ভিজে বিড়াল' বাগধারাটির অর্থ কপট। অন্যদিকে, মেনিমুখো- লাজুক, ভুষণ্ডির কাক- দীর্ঘায়ু ব্যক্তি, ভালুক জ্বর- এই আসে এই যায়।

৩৬. 'গম্ভীরা' বাংলাদেশের কোন অঞ্চলের লোকসংগীত?

ⓚ চট্টগ্রাম ⓛ রাঙামাটি
ⓜ চাঁপাইনবাবগঞ্জ ⓝ জামালপুর

ব্যাখ্যা 'গম্ভীরা' বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ অঞ্চলের লোকসংগীত। লোকসাহিত্যের প্রাচীনতম নিদর্শন ছড়া/প্রবচন ও ধাঁধা এবং গ্রামীণ এলাকার অখ্যাত সাহিত্যিকদের রচনাই লোকসাহিত্যের উপাদান।

৩৭. NASA পরিচালিত সর্বশেষ মঙ্গলযান কোনটি?

ⓚ ইকেপিটি ⓛ পারসেভারেন্স
ⓜ কিউরিসিটি ⓝ অপরচুনিটি

ব্যাখ্যা ২০২১ সালের ১৮ ফেব্রুয়ারি নাসা কর্তৃক পরিচালিত মঙ্গলযানের নাম 'পারসেভারেন্স'।

উত্তর	
২৮	ঘ
২৯	খ
৩০	ক
৩১	ক
৩২	খ
৩৩	ঘ
৩৪	খ
৩৫	খ
৩৬	গ
৩৭	খ

৩৮. Who of the following was not a British writer?

ⓚ John Milton ⓛ Ben Jonson
ⓜ Jonathan Swift ⓝ Harold Pinter

ব্যাখ্যা Jonathan Swift একজন আইরিশ লেখক। তার বিখ্যাত বই 'Gulliver's Travels', 'A Tale of a Tub'.

৩৯. Select the word that occurs in the plural :

ⓚ information ⓛ luggage
ⓜ news ⓝ thanks

ব্যাখ্যা Thanks শব্দটি সব সময় plural হিসেবে ব্যবহার হয়।

৪০. টেকসই উন্নয়ন সংক্রান্ত ২০৩০ এজেন্ডাতে লক্ষ্যমাত্রা কয়টি?

ⓚ ১৫ ⓛ ১৭
ⓜ ২১ ⓝ ২৭

ব্যাখ্যা Sustainable Development Goals (SDG) বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার লক্ষ্য ১৭টি; যা জাতিসংঘ কর্তৃক প্রণয়ন করা হয়েছে। এর সময়কাল ধরা হয়েছে ২০৩০ সাল পর্যন্ত।

৪১. 51 জন শিক্ষার্থীর উচ্চতার গণসংখ্যা নিবেশন সারণিতে মধ্যমা কত?

উচ্চতা (সে.মি.)	150	155	160	165	170	175
গণসংখ্যা	4	6	12	16	8	5

ⓚ 155 ⓛ 160
ⓜ 165 ⓝ 170

ব্যাখ্যা

উচ্চতা	150	155	160	165	170	175
গণসংখ্যা	4	6	12	16	8	5
যোজিত গণসংখ্যা	4	10	22	38	46	51

এখানে, $n = 51$, যা বিজোড়

$\therefore$ মধ্যক $= \frac{n+1}{2}$ তম পদের মান

$= \frac{51+1}{2}$ "

$= \frac{52}{2}$ "

$= 26$ "

$\therefore$ 26তম পদের মান $= 165$

৪২. কোনটি কাজী নজরুল ইসলামের গল্পগ্রন্থ?

ⓚ রিক্তের বেদন ⓛ যুগবাণী
ⓜ চিত্তনামা ⓝ সঞ্চিতা

ব্যাখ্যা 'রিক্তের বেদন' (১৯২৫) কাজী নজরুল ইসলাম রচিত গল্পগ্রন্থ। অন্যদিকে, যুগবাণী (প্রথম প্রকাশিত নিষিদ্ধ প্রবন্ধগ্রন্থ), সঞ্চিতা এবং চিত্তনামা তার উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ।

৪৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মতারিখ কোনটি?

ⓚ ১ মার্চ ১৯১৯ ⓛ ১৭ মার্চ ১৯২০
ⓜ ১৪ আগস্ট ১৯৪৭ ⓝ ২১ জুন ১৯৪১

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ তৎকালীন ফরিদপুর জেলার গোপালগঞ্জের টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন।

৪৪. Who is the author of the book 'Nineteen Eighty Four'?

ⓚ Thomas Hardy ⓛ Emile Zola
ⓜ George Orwell ⓝ Sir Walter Scott

ব্যাখ্যা এছাড়াও George Orwell-এর বিখ্যাত কয়েকটি novel হচ্ছে– 'Animal Farm' (1945), 'Homage to Catalonia', 'Burmese Days' etc.

৪৫. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 5 সে.মি., 6 সে.মি. ও 7 সে.মি. হলে, এর ক্ষেত্রফল কত?

ⓚ $5\sqrt{5}$ বর্গ সে.মি. ⓛ $6\sqrt{6}$ বর্গ সে.মি.
ⓜ 6 বর্গ সে.মি. ⓝ $7\sqrt{7}$ বর্গ সে.মি.

ব্যাখ্যা

অর্ধপরিসীমা, $s = \frac{a+b+c}{2} = \frac{5+6+7}{2} = \frac{18}{2} = 9$

$\therefore$ ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{9(9-5)(9-6)(9-7)}$

$= \sqrt{9 \times 4 \times 3 \times 2}$

$= 6\sqrt{6}$ বর্গ সে.মি.

৪৬. কোন দেশ কৃত্রিম উপগ্রহ স্পুটনিক-১ উৎক্ষেপণ করেছিল?

ⓚ আমেরিকা ⓛ সোভিয়েত ইউনিয়ন
ⓜ যুক্তরাজ্য ⓝ ফ্রান্স

ব্যাখ্যা ১৯৫৭ সালে বিশ্বের প্রথম কৃত্রিম উপগ্রহ হিসেবে স্পুটনিক-১ উৎক্ষেপণ করে তৎকালীন সোভিয়েত ইউনিয়ন। রুশ প্রকৌশলী সের্গেই করোলভ স্পুটনিক-১ এর নকশা প্রণয়ন করেন।

৪৭. 'এভিকালচার' কী?

ⓚ মৎস্য চাষ ⓛ পাখি পালন বিদ্যা
ⓜ মৌমাছি চাষ ⓝ রেশম চাষ

ব্যাখ্যা 'এভিকালচার' বলতে পাখি পালন ও এর প্রজনন সম্পর্কিত বিদ্যাকে বোঝানো হয়। মৎস্য চাষকে 'পিসিকালচার', মৌমাছি চাষকে 'এপিকালচার' এবং রেশম চাষকে 'সেরিকালচার' বলা হয়।

৪৮. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মনোগ্রামে কতটি তারকা চিহ্ন রয়েছে?

ⓚ ৪ ⓛ ৫
ⓜ ৬ ⓝ ২

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মনোগ্রামে ৪টি তারকা চিহ্ন রয়েছে। চারটি চিহ্ন দ্বারা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চারটি মূলনীতিকে বোঝানো হয়।

উত্তর	
৩৮	গ
৩৯	ঘ
৪০	খ
৪১	গ
৪২	ক
৪৩	খ
৪৪	গ
৪৫	খ
৪৬	খ
৪৭	খ
৪৮	ক

CamScanner

৪৯. বর্গের কোন কোন বর্ণ মহাপ্রাণ ধ্বনির দৃষ্টান্ত?
ⓚ তৃতীয় বর্ণ ⓛ দ্বিতীয় ও চতুর্থ বর্ণ
ⓜ প্রথম ও দ্বিতীয় বর্ণ ⓝ দ্বিতীয় ও তৃতীয় বর্ণ
ব্যাখ্যা বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ মহাপ্রাণ ধ্বনির দৃষ্টান্ত। কোনো কোনো ধ্বনি উচ্চারণের সময় নিঃশ্বাস জোরে সংযোজিত হয়। এরূপ ধ্বনিকে মহাপ্রাণ ধ্বনি বলে। যেমন- খ, ঘ।

৫০. 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'- উদ্ধৃত পঙ্‌ক্তিটি কোন কাব্য থেকে গৃহীত হয়েছে?
ⓚ চণ্ডীমঙ্গল কাব্য ⓛ মনসামঙ্গল কাব্য
ⓜ অন্নদামঙ্গল কাব্য ⓝ কালিকামঙ্গল কাব্য
ব্যাখ্যা আঠারো শতকের মঙ্গল ধারার শ্রেষ্ঠ কবি ভারতচন্দ্র রায়গুণাকরের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ 'অন্নদামঙ্গল' কাব্যে ঈশ্বর পাটনী এ প্রার্থনাটি করেছিলেন।

৫১. $\tan 2\theta = \frac{1}{\sqrt{3}}$ হলে, θ-এর মান কত?
ⓚ 15° ⓛ 30°
ⓜ 45° ⓝ 60°
ব্যাখ্যা $\tan 2\theta = \frac{1}{\sqrt{3}}$
$\therefore 2\theta = \tan^{-1}\left(\frac{1}{\sqrt{3}}\right)$
$\Rightarrow 2\theta = 30°$
$\therefore \theta = 15°$

৫২. Replace the sentence with a sentence using the verb 'Let' : I'll do that for you—
ⓚ Let's do that for your.
ⓛ Let do that for you.
ⓜ Let me do that for you.
ⓝ Let you do that for you.
ব্যাখ্যা Assertive sentence-কে imperative করতে গুরুতে let বসে + sub-এর objective form + v_1 ... বসে।

৫৩. কোন প্রণালি এশিয়া মহাদেশ ও আফ্রিকা মহাদেশকে পৃথক করেছে?
ⓚ জিব্রাল্টার প্রণালি ⓛ বসফরাস প্রণালি
ⓜ বাবেল মান্দেব প্রণালি ⓝ বেরিং প্রণালি
ব্যাখ্যা বাবেল মান্দেব প্রণালি লোহিত সাগর ও আরব সাগরকে সংযুক্ত করেছে এবং আফ্রিকা ও এশিয়া মহাদেশকে বিচ্ছিন্ন করেছে।

৫৪. Select the correct preposition : She was delighted—her present.
ⓚ by ⓛ with
ⓜ for ⓝ at
ব্যাখ্যা Delighted with- কোনো কিছুতে খুশি হওয়া। Take delight in- আনন্দ পাওয়া।

৫৫. ৬ দফা দাবি পেশ করা হয়—
ⓚ ১৯৭০ সালে ⓛ ১৯৬৬ সালে
ⓜ ১৯৫৬ সালে ⓝ ১৯৬৫ সালে
ব্যাখ্যা ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোরে ছয় দফা কর্মসূচি পেশ করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। উল্লেখ্য, ২৩ মার্চ ১৯৬৬ তারিখে আনুষ্ঠানিকভাবে ছয় দফা পেশ করা হয়।

৫৬. Choose the correct spelling :
ⓚ Amatuer ⓛ Amature
ⓜ Amateur ⓝ Ameteur
ব্যাখ্যা সঠিক বানান Amateur, যার অর্থ অপেশাদার।

৫৭. প্রথম ৫০টি স্বাভাবিক সংখ্যার যোগফল কত?
ⓚ ১২৭৫ ⓛ ১০০০
ⓜ ১১২৫ ⓝ ১২৫০
ব্যাখ্যা n সংখ্যক স্বাভাবিক সংখ্যার যোগফল $= \frac{n(n+1)}{2}$
$\therefore$ ৫০টি স্বাভাবিক সংখ্যার যোগফল $= \frac{৫০(৫০+১)}{২}$
$= ১২৭৫$

৫৮. 'ইনতেফাদা' শব্দটি কোন জাতির প্রতিরোধ সংগ্রামের সাথে সংশ্লিষ্ট?
ⓚ প্যালেস্টাইন ⓛ উইঘুর মুসলিম
ⓜ বলিভারিয়ান বিপ্লব ⓝ জেসমিন বিপ্লব
ব্যাখ্যা 'ইনতেফাদা' শব্দটি একটি আরবি শব্দ। যার শাব্দিক অর্থ প্রকম্পিত করা, জেগে ওঠা বা উত্থান। ইসরাইলি দখলদারিত্বের বিরুদ্ধে মসজিদ থেকে শুরু হওয়া ফিলিস্তিনী প্রতিরোধের দুটি বড় ইসলামি আন্দোলনকে বোঝানো হয় এই শব্দটি দ্বারা।

৫৯. 'জোছনা ও জননীর গল্প' গ্রন্থের রচয়িতা কে?
ⓚ সৈয়দ শামসুল হক
ⓛ জাহানারা ইমাম
ⓜ হুমায়ূন আহমেদ
ⓝ নীলিমা ইব্রাহিম
ব্যাখ্যা মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ 'জোছনা ও জননীর গল্প' উপন্যাসের রচয়িতা হুমায়ূন আহমেদ। মুক্তিযুদ্ধভিত্তিক তার অন্যান্য উপন্যাস- আগুনের পরশমণি, শ্যামল ছায়া।

৬০. ১৯৭৮ সালের ২৫শে জানুয়ারি বুধবার হলে, ১৯৮১ সালের ২৫শে ফেব্রুয়ারি কী বার হবে?
ⓚ শনিবার ⓛ সোমবার
ⓜ বুধবার ⓝ রবিবার
ব্যাখ্যা
১৯৭৮ সালের ২৫ শে জানুয়ারি বুধবার
১৯৭৯ " ২৫ " " বৃহস্পতিবার
১৯৮০ " ২৫ " " শনিবার [∵ লিপইয়ার]
১৯৮১ " ২৫ " " রবিবার

উত্তর
৪৯ খ
৫০ গ
৫১ ক
৫২ গ
৫৩ গ
৫৪ খ
৫৫ খ
৫৬ গ
৫৭ ক
৫৮ ক
৫৯ গ
৬০ গ

∴ ২৫ জানুয়ারি থেকে ২৫ ফেব্রুয়ারি ৩১ দিন।
7 | 31 | 8
28
3
∴ রবিবার + ৩ দিন = বুধবার

৬১. Choose the correct word/words to fill in the gap : Nelson Mandela was — the Nobel Peace Prize in 1993.
ⓚ an award ⓛ awarding
ⓜ awarded ⓝ to be awarded
ব্যাখ্যা বাক্যটি passive হওয়ার কারণে award-এর v_3 form বসেছে। Awarded- পুরস্কৃত।

৬২. Choose the correct word/words to fill in the gap : That is—story I have ever heard.
ⓚ incredible
ⓛ the most incredible
ⓜ more incredible
ⓝ the more incredible
ব্যাখ্যা Superlative degree-এর আগে the বসে। Incredible-অবিশ্বাস্য।

৬৩. ৩, ৭, ১৪ এর গাণিতিক গড় ৬, ১০ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান?
ⓚ ২৪ ⓛ ১৬
ⓜ ৮ ⓝ ৪
ব্যাখ্যা গড় $= \frac{৩+৭+১৪}{৩} = \frac{২৪}{৩} = ৮$
ধরি, অন্য সংখ্যাটি x
$\Rightarrow \frac{৬+১০+x}{৩} = ৮$
$\Rightarrow ১৬ + x = ২৪$
$\therefore x = ৮$

৬৪. নীলিমা ইব্রাহিমের বিখ্যাত গ্রন্থটির নাম—
ⓚ আমি বাঙালি বলছি
ⓛ আমি বীরাঙ্গনা বলছি
ⓜ বীরাঙ্গনার গাথা
ⓝ বাঙালি জীবনে রমণী
ব্যাখ্যা নীলিমা ইব্রাহিম রচিত মুক্তিযুদ্ধভিত্তিক বিখ্যাত প্রবন্ধ গ্রন্থ 'আমি বীরাঙ্গনা বলছি'। তার রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'যে অরণ্যে আলো নেই'।

৬৫. The antonym of the word 'humane' is—
ⓚ angry ⓛ foolish
ⓜ cruel ⓝ callous
ব্যাখ্যা Humane অর্থ দয়ালু। এর Antonyms হচ্ছে cruel, selfish, unkind, violent, uncivilized etc.

৬৬. ১ বর্গ ইঞ্চি সমান কত বর্গ সেন্টিমিটার?
ⓚ ১ ⓛ ৬.৪৫১৬
ⓜ ৫.৬৪২৭ ⓝ ৭.৫৪৩৮
ব্যাখ্যা আমরা জানি,
১ ইঞ্চি = ২.৫৪ সে.মি.
১ বর্গ ইঞ্চি = (২.৫৪ × ২.৫৪) বর্গ সে.মি.
= ৬.৪৫১৬ বর্গ সে.মি.

৬৭. Fill in the blank with the right form of verb : He along with his wife and children — (to be) present in the program last night.
ⓚ are ⓛ is
ⓜ were ⓝ was
ব্যাখ্যা With, along with, together with, as well as-এর আগের subject অনুযায়ী verb হয়। সুতরাং সঠিক উত্তর was।

৬৮. নিচের কোনটি চন্দ্রকুমার দে সংগৃহীত পালাগান?
ⓚ মলুয়া ⓛ দেওয়ানা আশিকানা
ⓜ চন্দ্রাবতী ⓝ পদ্মাবতী
[Note : চন্দ্রকুমার দে (১৮৮৯-১৯৪৬) ড. দীনেশচন্দ্র সেনের আগ্রহে ও স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় মৈমনসিংহ গীতিকাগুলো সংগ্রহ করেন। তার সংগৃহীত কিছু পালাগান : মহুয়া, মলুয়া, চন্দ্রাবতী, দেওয়ান ভাবনা।]

৬৯. ঘড়িতে এখন ৭টা বাজে। ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণের পরিমাপ কত?
ⓚ 120° ⓛ 150°
ⓜ 145° ⓝ 160°
ব্যাখ্যা ঘড়ির মধ্যবর্তী কোণ $= \left|\frac{11M - 60H}{2}\right|°$ M = মিনিট, H = ঘণ্টা
∴ ঘড়িতে ৭ টায় মধ্যবর্তী কোণ $= \left|\frac{11\times 0 - 60\times 7}{2}\right|°$
$= \left|\frac{420}{2}\right|° = 210°$
∴ কোণ = 360° − 210° = 150°

৭০. মধ্যযুগে 'লায়লী-মজনু' কাব্য কে অনুবাদ করেছিলেন?
ⓚ শাহ মুহম্মদ সগীর ⓛ আলাওল
ⓜ দৌলত উজির বাহরাম খান
ⓝ সৈয়দ সুলতান
ব্যাখ্যা মধ্যযুগের বিখ্যাত কাব্য 'লায়লী-মজনু' বাংলা অনুবাদ প্রথম অনুবাদ করেছিলেন দৌলত উজির বাহরাম খান। তিনি সাহিত্য রচনায় নিজাম শাহের পৃষ্ঠপোষকতা লাভ করেন। তার প্রথম কাব্য 'জঙ্গনামা' এবং দ্বিতীয় কাব্য 'লায়লী-মজনু'র উৎস আরবি লোকগাথা।

৭১. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কোন দেশের?
ⓚ বাংলাদেশ ⓛ ভারত
ⓜ রাশিয়া ⓝ চীন

উত্তর
৬১ গ
৬২ খ
৬৩ গ
৬৪ খ
৬৫ গ
৬৬ খ
৬৭ ঘ
৬৮ Note
৬৯ খ
৭০ গ
৭১ ক

CamScanner


ব্যাখ্যা বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের প্রথম ভূ-স্থির যোগাযোগ ও সম্প্রচার উপগ্রহ। বাংলাদেশ সময় ২০১৮ সালের ১২ মে কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণের মাধ্যমে ৫৭তম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় স্থান লাভ করে বাংলাদেশ।

৭২. ইবনে সিনা কোন বিষয়ে পণ্ডিত ছিলেন?
ক পদার্থবিজ্ঞান খ চিকিৎসাবিজ্ঞান
গ জীববিজ্ঞান ঘ অর্থশাস্ত্রে

ব্যাখ্যা আধুনিক চিকিৎসাবিজ্ঞানের জনক ইবনে সিনা ইসলামি বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ চিকিৎসক, চিন্তক ও লেখক।

৭৩. একটি আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য 15 মিটার এবং প্রস্থ 10 মিটার হলে, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত?
ক $40\sqrt{5}$ খ $50\sqrt{5}$
গ 45 ঘ $45\sqrt{5}$

ব্যাখ্যা আয়তক্ষেত্রের দৈর্ঘ্য, $= \sqrt{15^2 - 10^2}$
$= \sqrt{125}$
$= 5\sqrt{5}$



∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= (5\sqrt{5} \times 10)$ বর্গমিটার
$= 50\sqrt{5}$

৭৪. The word 'unchangeable' has —.
ক a prefix খ a suffix
গ a prefix and suffix ঘ within

ব্যাখ্যা *Unchangeable* শব্দটিতে *un* হলো *prefix*, যা শব্দের শুরুতে বসে এবং *able* হলো *suffix*, যা শব্দের পরে বসে নতুন অর্থবোধক শব্দ তৈরি করে।

৭৫. কোন দেশ 'বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভ (BRI)'-এর প্রস্তাবকারী?
ক চীন খ জাপান
গ ভারত ঘ পাকিস্তান

ব্যাখ্যা এশিয়াকে বিশ্ব বাণিজ্যের পাশাপাশি পরিবহন করার লক্ষ্যে নিজের মহাপরিকল্পনা 'ওয়ান বেল্ট ওয়ান রোড' উদ্যোগের আওতাধীন নয় বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ (বিআরআই)। নিজের নতুন সিল্ক রোড হিসেবে খ্যাত এ উদ্যোগের মাধ্যমে বিশ্বজুড়ে ২৩০-এর বেশি দেশ যুক্ত হয়।

৭৬. কোনটি যুক্তিবুদ্ধিভিত্তিক উপন্যাস নয়?
ক পায়ের আওয়াজ পাওয়া যায় খ যাইকোন রোটি আওরাত
গ আগুনের পরশমণি ঘ জীবন আমার বোন

ব্যাখ্যা সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক নাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। অন্যদিকে, রাইফেল রোটি আওরাত, আগুনের পরশমণি এবং জীবন আমার বোন মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস।

৭৭. Which is the correct sentence?
ক When you are ready, I will start the engine.
খ When you ready, I will start the engine.
গ When you will be ready, I will start the engine.
ঘ When you are ready, I start the engine.

ব্যাখ্যা *Subordinate clause*-টি *present tense* হলে *principal clause*-টি *future tense* হয়।

৭৮. কোন লঘিষ্ঠ সংখ্যাকে ৩০, ৪০ ও ৫০ দ্বারা ভাগ করলে প্রত্যেকবারই ৫ অবশিষ্ট থাকবে?
ক ৩৫৫ খ ৪৫৫
গ ৩৫০ ঘ ৪৫০
[Note : যেহেতু প্রতিবার ৫ অবশিষ্ট থাকবে তাই নির্ণেয় সংখ্যাটি হবে প্রদত্ত সংখ্যাগুলোর ল.সা.গু. + ৫।
∴ সংখ্যাটি = ৬০০ + ৫ = ৬০৫]

৭৯. 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি বাংলাদেশের কোথায় অবস্থিত?
ক ঢাকার টিএসসি মোড়ে খ ঢাকা বিশ্ববিদ্যালয়ে
গ রেসকোর্স ময়দানে ঘ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে

ব্যাখ্যা রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি বাংলাদেশের মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত ভাস্কর্যগুলোর অন্যতম। এ ভাস্কর্যটির রূপকার নিতুন কুন্ডু। তার উল্লেখযোগ্য আরো কয়েকটি ভাস্কর্য/স্থাপত্য হলো— সার্ক ফোয়ারা, কদম ফোয়ারা ইত্যাদি।

৮০. বাংলাদেশ কোন সালে টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে?
ক ২০১৮ খ ২০১১
গ ২০০০ ঘ ২০০৩

ব্যাখ্যা বাংলাদেশ ২০০০ সালে টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে।

৮১. ভাষা-আন্দোলনভিত্তিক প্রথম সাহিত্য সংকলনের সম্পাদকের নাম—
ক আবদুল গাফ্ফার চৌধুরী
খ শামসুর রাহমান
গ মুনীর চৌধুরী
ঘ হাসান হাফিজুর রহমান

ব্যাখ্যা ভাষা আন্দোলনভিত্তিক প্রথম সাহিত্য সংকলন একুশ ফেব্রুয়ারি (১৯৫৩)-এর সম্পাদক ছিলেন হাসান হাফিজুর রহমান। এছাড়া তিনি বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র' (১৫ খণ্ড) সম্পাদনা করেছিলেন।

৮২. চন্দ্রপৃষ্ঠে অবতরণকারী মনুষ্যবাহী ১ম মহাকাশযানের নাম কী?
ক এপোলো-১২ খ এপোলো-১৪
গ এপোলো-১১ ঘ এপোলো-১৫

ব্যাখ্যা চন্দ্রপৃষ্ঠে অবতরণকারী মনুষ্যবাহী ১ম মহাকাশযান মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যাপোলো-১১। মার্কিন মহাকাশচারী নীল আর্মস্ট্রং চাঁদের মাটিতে প্রথম মানুষ হিসেবে পা রাখেন।

৮৩. শাক্ত পদাবলির জন্য বিখ্যাত কবি—
ক রামপ্রসাদ সেন
খ রামনিধি গুপ্ত
গ দাশরথি রায়
ঘ এন্টনি ফিরিঙ্গি

ব্যাখ্যা রামপ্রসাদ সেন কর্তৃক প্রবর্তিত দেবী বিষয়ক গানগুলোকে বৈষ্ণব পদাবলির সাদৃশ্যে শাক্ত পদাবলি বলে পরিচিতি পায়। তার অনুসরণে রচিত বলে এগুলোকে 'রামপ্রসাদী গান' বা 'প্রসাদী সঙ্গীত' নামেও অভিহিত করা হয়।

৮৪. বৃত্তের বৃহত্তম জ্যা ১২ সে.মি হলে, এর পরিধি কত সে.মি?
ক ৭৫.৪ খ ৭৪.৫
গ ৩৫.৫ ঘ ৩৭.৭

ব্যাখ্যা বৃত্তের বৃহত্তম জ্যা হলো ব্যাস।
∴ $2r = 12$
∴ পরিধি $= 2\pi r$
$= 12 \times \frac{22}{7}$
$= 37.71$ সে.মি.


৮৫. 'আরব বসন্ত' বলতে কী বুঝায়?
ক আরব বিশ্বে গণজাগরণ
খ আরব অঞ্চলের বসন্তকাল
গ আরব রাজতন্ত্র
ঘ আরবের নারীদের ক্ষমতায়ন

ব্যাখ্যা ২০১০ সালের ১৭ ডিসেম্বর থেকে আরব বিশ্বের বিভিন্ন দেশে যে গণজাগরণ সৃষ্টি হয়েছে তাকে উল্লেখ করা হয়েছে আরব বসন্ত হিসেবে। আরব বসন্ত-এর সূতিকাগার হিসেবে খ্যাত দেশ হচ্ছে তিউনিসিয়া।

৮৬. Complete the sentence with an appropriate clause : Our team seldom wins—.
ক even though they have some good players
খ because they have some good players
গ as if they had some good players
ঘ since they have some good players.

ব্যাখ্যা *Even though, although, though* দ্বারা *complex sentence*-এ সাধারণত দুটি বিপরীত *idea* বসে। প্রশ্নে প্রদত্ত বাক্যের সাথে (ক) অপশনটি সঠিক অর্থ প্রদান করে।

৮৭. 15 মিটার উচ্চ দালানের ছায়ার দৈর্ঘ্য $5\sqrt{3}$ হলে, সূর্যের উন্নতি কোণ কত?
ক 30° খ 45°
গ 60° ঘ 90°



ধরি, দালান, $AB = 15$ মিটার

$\therefore \tan\angle ACB = \frac{AB}{BC}$

$\Rightarrow \tan\theta = \frac{15}{5\sqrt{3}}$

$\Rightarrow \tan\theta = \frac{3}{\sqrt{3}}$

$\Rightarrow \theta = \tan^{-1}(\sqrt{3})$

$\therefore \theta = 60°$

৮৮. The passive form of the sentence 'One must keep one's promises' is —.
ক One's promises are kept
খ One's promises must kept
গ One's promises were kept
ঘ One's promises must be kept

ব্যাখ্যা *Modal verb*-যুক্ত বাক্যকে *passive* করার সময় *modal verb*-এর পর *be* বসে। *One*-এর *plural form* হলো *ones* কিন্তু *possessive form* হলো *one's*। *One*-এর ক্ষেত্রে কখনো *his/her* বসে না।

৮৯. নিচের কোন ব্যক্তি 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন না?
ক রোকেয়া সাখাওয়াত হোসেন
খ কাজী আবদুল ওদুদ
গ আবুল ফজল
ঘ কাজী মোতাহার হোসেন

ব্যাখ্যা মুসলিম নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সাথে যুক্ত ছিলেন না। অন্যদিকে, কাজী আবদুল ওদুদ, আবুল ফজল এবং কাজী মোতাহার হোসেন আন্দোলনটির সাথে সরাসরি যুক্ত ছিলেন।

৯০. The passive form of 'Who helped him?' is—
ক By whom he was helped?
খ By whom was he helped?
গ Whom was he helped?
ঘ Whom did he help?

উত্তর

৭২	ঘ
৭৩	খ
৭৪	গ
৭৫	ক
৭৬	ক
৭৭	ক
৭৮	Note
৭৯	ঘ
৮০	গ
৮১	ঘ
৮২	গ

৮৩	ক
৮৪	ঘ
৮৫	ক
৮৬	ক
৮৭	গ
৮৮	ঘ
৮৯	ক
৯০	ঘ

Recent Job Solution-A

ব্যাখ্যা Who-যুক্ত প্রশ্নবোধক বাক্যকে Passive করার জন্য who-এর object, whom-এর আগে by বসে। অর্থাৎ By whom + auxiliary v. + sub. + v.p.p. (v_2) + ...?

৯২. বৃত্তের কেন্দ্র (–1, 2) এবং ব্যাসার্ধ 3 সে.মি. হলে, বৃত্তটির সমীকরণ কোনটি?

ⓚ $x^2+y^2+2x+4y-4=0$
ⓛ $x^2+y^2-4x+2y-4=0$
ⓜ $x^2+y^2-2x+4y-4=0$
ⓝ $x^2+y^2+2x-4y-4=0$

ব্যাখ্যা কেন্দ্র (– 1; 2), ব্যাসার্ধ 3 সে.মি.

বৃত্তের সমীকরণ $=(x+1)^2+(y-2)^2=(3)^2$
$=x^2+2x+1+y^2-4y+4=9$
$=x^2+y^2+2x-4y-4=0$

৯৩. নিচের কোনটি তৎসম শব্দের উদাহরণ?

ⓚ গিন্নি ⓛ ভাত
ⓜ হস্ত ⓝ পুত্র

Note : 'পুত্র' ও 'ভাত' তৎসম বা সংস্কৃত শব্দ। 'গিন্নি' এবং 'হস্ত' অর্ধতৎসম শব্দ।]

৯৪. The following sentence "This film is very interesting, while that one is boring." shows:

ⓚ contrast ⓛ reason and cause
ⓜ purpose ⓝ result

ব্যাখ্যা দুটির নিছে তুলনা করাকে contrast বলে। বিজাতীয় জিনিসের তুলনা করাকে compare বলে।

৯৫. 'Preliminary' শব্দের বাংলা পারিভাষিক শব্দ—

ⓚ প্রথম ⓛ প্রারম্ভিক
ⓜ শুরু ⓝ প্রাথমিক

ব্যাখ্যা Preliminary-এর পারিভাষিক শব্দ প্রাথমিক, প্রারম্ভিক।

৯৬. অমূলক সংখ্যা কোনটি?

ⓚ $\sqrt{49}$ ⓛ $\sqrt{7}$
ⓜ $\sqrt{\frac{5}{25}}$ ⓝ 0.5

ব্যাখ্যা $\sqrt{7}$ একটি অমূলক সংখ্যা।

অন্যদিকে, $\sqrt{49}=7$; মূলক সংখ্যা

$\sqrt{\frac{5}{25}}=\sqrt{\frac{1}{9}}=\frac{1}{3}$; মূলক সংখ্যা

$0.5=\frac{1}{2}$; মূলক সংখ্যা

৯৬. নিচের কোনটি মৌলিক সংখ্যা নয়?

ⓚ ২৪১ ⓛ ২৬৩
ⓜ ২৩৩ ⓝ ২৫৩

ব্যাখ্যা ২৫৩ মৌলিক সংখ্যা নয়।

যেহেতু $২৫৩ = ১১ \times ২৩$।

৯৭. ছায়াপথ কয় রকম?

ⓚ ১ ⓛ ২
ⓜ ৩ ⓝ ৪

[Note : ছায়াপথ প্রধানত দু'প্রকার। যথা– স্বাভাবিক ছায়াপথ ও রেডিও ছায়াপথ। স্বাভাবিক ছায়াপথ তিন প্রকার। যথা– ১. উপবৃত্তাকার, ২. সর্পিল ও ৩. বিষম। রেডিও ছায়াপথ দু'ধরনের। যথা– ১. সাধারণ রেডিও ছায়াপথ ও ২. কোয়াসার।]

৯৮. 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে'র আবিষ্কর্তার নাম—

ⓚ বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ ⓛ বসন্তকুমার সেন
ⓜ বসন্তকুমার দে ⓝ বসন্তী সেন

ব্যাখ্যা শ্রীকৃষ্ণকীর্তন (১৯০৯) কাব্যগ্রন্থটি বাঁকুড়া জেলার কাঁকিলা গ্রামের দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় নামক এক ব্রাহ্মণের বাড়ির গোয়ালঘর থেকে বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ আবিষ্কার করেন। পরবর্তীতে তার সম্পাদনায় ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে এটি প্রকাশিত হয়।

৯৯. The underlined word in the sentence, 'He smelt something burning, so he rang the fire brigade' is—.

ⓚ gerund ⓛ present participle
ⓜ principal verb ⓝ verbal noun

ব্যাখ্যা Something হলো pronoun। Burning দ্বারা something-এর অবস্থা নির্দেশ করছে, যা adjective-এর কাজ। Present participle মূলত adjective-এর ভূমিকা পালন করে।

১০০. কোভিড-১৯ কে বিশ্ব স্বাস্থ্য সংস্থা কোন সময়ে অতিমারী হিসেবে ঘোষণা করে?

ⓚ ডিসেম্বর ২০১৯ ⓛ জানুয়ারি ২০২০
ⓜ ফেব্রুয়ারি ২০২০ ⓝ মার্চ ২০২০

ব্যাখ্যা কোভিড-১৯ কে বিশ্ব স্বাস্থ্য সংস্থা মার্চ ২০২০-এ অতিমারী হিসেবে ঘোষণা করে। উল্লেখ্য, প্রথম কোভিড রোগী শনাক্ত হয় ২০১৯ সালের ডিসেম্বর মাসে চীনের উহান প্রদেশে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার ২০২২

পরীক্ষার তারিখ : ৩১.০৮.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট : ০৩; কোড :মনপুরা

[মোট প্রশ্ন ১০০ (একশত)। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। উত্তরপত্রে সেট নম্বর মুদ্রণ থাকবে। পরীক্ষার্থী উত্তরপত্রে সেট নম্বর লিখবেন না। পরীক্ষার্থীকে যে সেট নম্বরের উত্তরপত্র সরবরাহ করা হবে তাকে একই সেট নম্বরের প্রশ্নপত্রে উত্তর দিতে হবে।]

১. He was one of the greatest minds of his time. Here 'minds' refers —

ⓚ emotion ⓛ intellectual faculties
ⓜ prominence ⓝ being different

ব্যাখ্যা এখানে minds হচ্ছে intellectual faculties। তাছাড়া emotion অর্থ আবেগ, prominence অর্থ বিশিষ্টতা, being different অর্থ কোনো কিছু থেকে ভিন্ন হওয়া।

২. Which word is misspelt?

ⓚ bureaue ⓛ burlesque
ⓜ charlatan ⓝ dress

ব্যাখ্যা Bureaue-এর correct spelling হচ্ছে bureau।

৩. বাংলাদেশে কোন তারিখে 'গণহত্যা দিবস' পালিত হয়?

ⓚ ১৬ ডিসেম্বর ⓛ ২৫ মার্চ
ⓜ ২৬ মার্চ ⓝ ২১ ফেব্রুয়ারি

ব্যাখ্যা ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাতে পাকিস্তানি জান্তা বাহিনী ঘুমন্ত ও নিরস্ত্র ঢাকাবাসী তথা বাঙালির ওপর 'অপারেশন সার্চলাইট' নামক অভিযানের মাধ্যমে যে গণহত্যা ও নৃশংসতা শুরু করেছিল, কুখ্যাত সে রাতটিই 'গণহত্যা দিবস' হিসেবে পরিচিত।

৪. 'পথে ও প্রান্তরে = পথেপ্রান্তরে'-এটি কোন সমাস?

ⓚ দ্বিগু ⓛ তৎপুরুষ ⓜ কর্মধারয় ⓝ দ্বন্দ্ব

ব্যাখ্যা যে দ্বন্দ্ব সমাসে কোনো সমস্যমান পদের বিভক্তি লোপ হয় না, তাকে অলুক দ্বন্দ্ব সমাস বলে। যেমন– পথে ও প্রান্তরে = পথেপ্রান্তরে, দুধে ও ভাতে = দুধেভাতে।

৫. একটি ঘনক আকৃতির বাক্সের বাহুর দৈর্ঘ্য ৩ মিটার। বাক্সের আয়তন কত ঘনমিটার?

ⓚ ৯ ⓛ ১৮ ⓜ ২৭ ⓝ ৫৪

ব্যাখ্যা ঘনকের বাহুর দৈর্ঘ্য a হলে, আয়তন $= a^3$
∴ বাক্স আকৃতির ঘনকের আয়তন $= (3)^3$
$= ২৭$

৬. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস হলো–

ⓚ একদা এক রাজ্যে ⓛ জন্ম যদি তব বঙ্গে
ⓜ কি চাহ শঙ্খচিল ⓝ রাইফেল রোটি আওরাত

ব্যাখ্যা আনোয়ার পাশা রচিত 'রাইফেল রোটি আওরাত' (১৯৭৩) মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। অন্যদিকে, মমতাজ উদ্দীন আহমদ রচিত মুক্তিযুদ্ধভিত্তিক নাটক 'কি চাহ শঙ্খচিল', শওকত ওসমান রচিত 'জন্ম যদি তব বঙ্গে' মুক্তিযুদ্ধভিত্তিক গল্পগ্রন্থ এবং 'একদা এক রাজ্যে' সৈয়দ শামসুল হক রচিত কাব্যগ্রন্থ।

৭. $\sqrt{3x-6}+5=2$ সমীকরণের সমাধান কোনটি?

ⓚ {5, –5} ⓛ {5} ⓜ { } ⓝ {–5}

ব্যাখ্যা $\sqrt{3x-6}+5=2$
$\Rightarrow \sqrt{3x-6}=-3$
$\Rightarrow 3x-6=9$
$\Rightarrow 3x=15$
$\therefore x=5$

৮. 'A Passage to India' is written by—.

ⓚ G. B. Shaw ⓛ Amitav Ghosh
ⓜ Robert Frost ⓝ E. M. Forster

ব্যাখ্যা E. M. Forster রচিত আরও কয়েকটি অন্যান্য novel হচ্ছে 'A Room with a View', 'Howards End', 'Where Angels Fear to Tread', 'The Longest Journey'.

৯. ০ + ০ = কত?

ⓚ ০ ⓛ ১ ⓜ অনির্ণেয় ⓝ ০.০

ব্যাখ্যা $0+0=$ অনির্ণেয়।

$\frac{0}{0}, \frac{1}{0}, \frac{2}{0}$ অনির্ণেয়

অর্থাৎ, কোনো সংখ্যাকে ০ দিয়ে ভাগ করা যায় না।

১০. 'Few and far between' means–

ⓚ infrequent ⓛ always
ⓜ regular ⓝ yesterday

ব্যাখ্যা Few and far between অর্থ মাঝেমধ্যে, বিরল। Infrequent অর্থ বিরল, always অর্থ সর্বদা এবং regular অর্থ নিয়মিত।

১১. বাংলার প্রাচীন জনপদ কোনটি?

ⓚ সমতট ⓛ পুণ্ড্র ⓜ গৌড় ⓝ হরিকেল

ব্যাখ্যা বাংলার সর্বপ্রাচীন জনপদ 'পুণ্ড্র'। এ জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর বা পুণ্ড্রবর্ধন (বর্তমান মহাস্থানগড়)। এ জনপদ গড়ে ওঠেছিল বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর জেলাকে কেন্দ্র করে। প্রায় আড়াই হাজার বছর পূর্বে এখানে সভ্য জনপদ গড়ে ওঠেছিল। প্রাচীরবেষ্টিত এ নগরীর ভেতর রয়েছে বিভিন্ন আমলের প্রত্নতাত্ত্বিক নিদর্শন। উল্লেখ্য, মহাস্থানগড় বগুড়া জেলার করতোয়া নদীর তীরে অবস্থিত, যেখানে খোদার পাথর-ভিটা, বৈরাগীর ভিটা এবং পরশুরামের প্রাসাদ রয়েছে।

১২. বাংলাদেশ এলডিসি থেকে বের হবে কবে?

ⓚ ২০২৩ ⓛ ২০২৪ ⓜ ২০২৫ ⓝ ২০২৬

উত্তর	
০১	খ
০২	ক
০৩	খ
০৪	ঘ
০৫	গ
০৬	ঘ
০৭	খ
০৮	ঘ
০৯	গ
১০	ক
১১	খ
১২	ঘ

CamScanner

ব্যাখ্যা: জাতিসংঘ তার সদস্য দেশগুলোকে স্বল্পোন্নত, উন্নয়নশীল ও উন্নত-এ তিনটি শ্রেণিতে বিভক্ত করে থাকে। ১৯৭৫ সালের এপ্রিল থেকে স্বল্পোন্নত দেশের কাতারে থাকা বাংলাদেশ উন্নয়নশীল দেশে উত্তরণের সব শর্ত পূরণ করে ২০১৮ সালে। সর্বশেষ ২৪ নভেম্বর ২০২১ জাতিসংঘ সাধারণ পরিষদ (UNGA)'র ৭৬তম বৈঠকের ৪০তম প্ল্যানারি সভা বাংলাদেশের উত্তরণের সুপারিশ করে। সবকিছু ঠিক থাকলে ২০২৬ সালে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে বের হয়ে উন্নয়নশীল দেশে পরিণত হবে।

১৩. The plural form of 'cactus' is —.
ⓚ cactusse ⓛ cacti ⓜ cactu ⓝ cacty

ব্যাখ্যা: Cactus শব্দটি singular; যার plural হচ্ছে 'cacti'।

১৪. একটি থলিতে সমসংখ্যক ৫, ২, ৩, ১ টাকার মুদ্রা আছে। মোট টাকার পরিমাণ ১১৫২ হলে, প্রত্যেক ধরনের মুদ্রার সংখ্যা কত?
ⓚ ৭২ ⓛ ৯৬ ⓜ ১৪৪ ⓝ ১৭৬

[Note: প্রশ্নটিতে ভুল রয়েছে।
৫, ২, ৩, ১টি মুদ্রা না হয়ে ৬, ২, ৩, ১ টি মুদ্রা নিম্নোক্তভাবে সমাধান করা যায়–
ধরি, প্রতিটি মুদ্রার x পরিমাণ রয়েছে।
$\therefore 6x + 2x + 3x + x = 1152$
বা, $12x = 1152$
বা, $x = 96$
$\therefore x = 96$টি]

১৫. The antonym of the word 'grasp' is —.
ⓚ release ⓛ granite ⓜ herz ⓝ hollow

ব্যাখ্যা: Grasp অর্থ চেপে ধরা বা চেপে রাখা। Release অর্থ মুক্ত করা, granite অর্থ দৃঢ়তা বা কাঠিন্য, hollow অর্থ গর্ত। তাই সঠিক উত্তর release।

১৬. দুটি সংখ্যার যোগফল 16 ও তাদের গুণফল 63 হলে, বড় সংখ্যাটি কত?
ⓚ 7 ⓛ 9 ⓜ 11 ⓝ 12

ব্যাখ্যা: দুটি সংখ্যা a ও b হলে,
$a + b = 16$ .... (i)
$ab = 63$ .... (ii)
আমরা জানি, $(a-b)^2 = (a+b)^2 - 4ab$
$= (16)^2 - 4 \times 63$
$= 4$
$\therefore a - b = 2$
$a + b = 16$
$a - b = 2$
[যোগ করে] $2a = 18$
$\therefore a = 9$
(i) $\Rightarrow b = 16 - 9 = 7$
$\therefore$ বড় সংখ্যাটি 9

১৭. A diary is something you normally write for —.
ⓚ everyone ⓛ yourself
ⓜ students ⓝ newspaper

ব্যাখ্যা: A diary is something you normally write for yourself.

১৮. সি.এন.জি (CNG) কী?
ⓚ সম্প্রসারিত প্রাকৃতিক গ্যাস
ⓛ সংকুচিত প্রাকৃতিক গ্যাস
ⓜ সংকুচিত বিউটেন গ্যাস
ⓝ এক ধরনের ক্রিচক্রযান

ব্যাখ্যা: CNG-এর পূর্ণরূপ Compressed Natural Gas বা রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস, যা মিথেনের সংমিশ্রণে গঠিত জ্বালানি গ্যাস।

১৯. অবিভক্ত বাংলার সর্বপ্রথম রাজা কে?
ⓚ অশোক ⓛ শশাঙ্ক ⓜ লক্ষ্মণ সেন ⓝ ধর্মপাল

ব্যাখ্যা: অবিভক্ত বাংলার সর্বপ্রথম রাজা শশাঙ্ক। শশাঙ্ক ৬০৬ সালে স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করেন। শশাঙ্কের রাজধানী ছিল কর্নসুবর্ণ। অন্যদিকে, মৌর্য বংশের সম্রাট অশোককে বৌদ্ধধর্মের কনস্ট্যানটাইন বলা হয়। ধর্মপাল পাল বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন। লক্ষ্মণ সেন ছিলেন সেন বংশের সর্বশেষ ও বাংলার শেষ হিন্দু রাজা।

২০. বাংলাদেশ কোন সালে ক্রিকেট ওয়ানডে স্ট্যাটাস লাভ করে?
ⓚ ১৯৯৭ সালে ⓛ ১৯৯৮ সালে
ⓜ ১৯৯৯ সালে ⓝ ২০২০ সালে

ব্যাখ্যা: ১৫ জুন ১৯৯৭ বাংলাদেশ ওয়ানডে খেলার মর্যাদা লাভ করে। অন্যদিকে, বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের অভিষেক ঘটে ১৭ মে ১৯৯৯ (নিউজিল্যান্ডের বিপক্ষে বিশ্বকাপে)। বাংলাদেশ টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে ২৬ জুন ২০০০।

২১. মুজিবনগর সরকার কোন তারিখে গঠিত হয়?
ⓚ ১০ এপ্রিল ⓛ ১০ মে ⓜ ১০ মার্চ ⓝ ১০ জুন

ব্যাখ্যা: ১৯৭১ সালে ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ শুরু হলে পাকিস্তান হানাদার বাহিনীর বিরুদ্ধে বিজয় নিশ্চিত করতে এবং যুদ্ধ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১৯৭১ সালের ১০ এপ্রিল মুজিবনগর বা অস্থায়ী বা প্রবাসী বা বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয়। এ সরকারের রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ। এ সরকার গঠিত হয় মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার ভবেরপাড়া (বর্তমান মুজিবনগর) গ্রামে। মুজিবনগর সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠান হয় ১৭ এপ্রিল ১৯৭১।

২২. 'ম্যাকমোহন লাইন' কোন কোন দেশের সীমানা নির্ধারণ করে?
ⓚ ভারত ও নেপাল
ⓛ ভারত ও পাকিস্তান
ⓜ পাকিস্তান ও আফগানিস্তান
ⓝ ভারত ও চীন

উত্তর	
১৩	খ
১৪	Note
১৫	ক
১৬	খ
১৭	খ
১৮	খ
১৯	খ
২০	ক
২১	ক
২২	ঘ

ব্যাখ্যা: ৭০০ মাইলব্যাপী ভারতের অরুণাচল প্রদেশ এবং চীনের অন্তর্গত তিব্বতের সুবর্ণ সিঁড়ি, সিয়াং ও লোহিত সীমান্তজুড়ে ম্যাকমোহন লাইন অবস্থিত। ১৯১৪ সালে সিমলায় ব্রিটিশ সরকারের প্রতিনিধি স্যার ম্যাকমোহন এবং তিব্বত ও চীনের সরকারের মধ্যে অনুষ্ঠিত সম্মেলনে যে সীমানা নির্ধারণী চুক্তি স্বাক্ষর হয়, তাই ম্যাকমোহন লাইন নামে পরবর্তীতে পরিচিতি লাভ করে।

২৩. Choose the right preposition : No same person reads except — pleasure.
ⓚ for ⓛ on ⓜ of ⓝ beyond

ব্যাখ্যা: Except for অর্থ ছাড়া। তাই সঠিক উত্তর হবে for।

২৪. একটি চাকার ব্যাসার্ধ ২২.৪ সেমি। চাকাটি ৫০০ বার ঘুরলে কত মিটার দূরত্ব অতিক্রম করবে?
ⓚ ২২৪ ⓛ ৪৪৮ ⓜ ৬০৪ ⓝ ৭০৪

ব্যাখ্যা: চাকার ব্যাসার্ধ, $r = 22.4$ সেমি
চাকার পরিধি $= 2\pi r$
$= (2 \times 3.1416 \times 22.4)$ সেমি
$= 140.768$ সেমি
চাকাটি একবার ঘুরতে তার পরিধি অতিক্রম করবে।
১ বার ঘুরে 140.768 সেমি যায়
$\therefore$ ৫০০ বার ঘুরে (140.768×500) সেমি যায়
$= 70372$ সেমি
$= \frac{70372}{100}$ মিটার
$= 703.72 \approx 704$ মিটার

২৫. Complete the sentence : Though it is raining —.
ⓚ yet he will go ⓛ as he will go
ⓜ still he will go ⓝ he will go

ব্যাখ্যা: Though it is raining, he will go একটি complex sentence। তাই yet, as এবং still ব্যবহার হবে না।

২৬. $5 : 7 :: x : 14$ হলে, x-এর মান কত?
ⓚ 19 ⓛ 14 ⓜ 10 ⓝ 25

ব্যাখ্যা: $5 : 7 :: x : 14$
$\Rightarrow \frac{5}{7} = \frac{x}{14}$
$\Rightarrow 5 = \frac{x}{2}$
$\therefore x = 10$

২৭. 'সবুজপত্র' প্রকাশিত হয়—
ⓚ ১৯০৯ ⓛ ১৯১৪ ⓜ ১৯১০ ⓝ ১৯২১

ব্যাখ্যা: বাংলা গদ্যরীতির প্রবর্তক প্রমথ চৌধুরী সম্পাদিত সাহিত্য পত্রিকা 'সবুজপত্র' ১৯১৪ সালে প্রকাশিত হয়। বাংলা গদ্যরীতির বিকাশে এ পত্রিকার গুরুত্ব অপরিসীম।

২৮. বাংলায় ফরায়েজী আন্দোলনের সূচনাকারী কে?
ⓚ তিতুমীর ⓛ হাজী মোহাম্মদ মহসীন
ⓜ হাজী শরীয়তউল্লাহ ⓝ হাজী মোহাম্মদ দানেশ

ব্যাখ্যা: মুসলমানদের ফরজ কাজসমূহ পালনে উদ্বুদ্ধ করার আন্দোলনই ফরায়েজী আন্দোলন, যার নেতৃত্ব দেন হাজী শরীয়তউল্লাহ এবং তার মৃত্যুর পর ফরায়েজী আন্দোলনের নেতৃত্ব দেন তার একমাত্র পুত্র দুদু মিয়া।

২৯. কোন বাগধারার অর্থ 'পক্ষপাতিত্ব'?
ⓚ অকূল পাথার ⓛ একাদশে বৃহস্পতি
ⓜ ঢাকের কাঠি ⓝ একচোখা

ব্যাখ্যা: 'একচোখা' বাগধারার অর্থ পক্ষপাতিত্ব। অন্যদিকে, অকূল পাথার - ভীষণ বিপদ, একাদশে বৃহস্পতি - সুসময় এবং ঢাকের কাঠি - তোষামুদে।

৩০. বাংলা লিপির প্রথম নিদর্শন পাওয়া যায়—
ⓚ শ্রীকৃষ্ণকীর্তন ⓛ চর্যাপদ
ⓜ বৈষ্ণব পদাবলী ⓝ মঙ্গলকাব্য

[Note: প্রাচীন ভারতে দুটি লিপির ইতিহাস পাওয়া যায়। একটি হলো ব্রাহ্মী, অপরটির নাম খরোষ্ঠি। ভারতবর্ষের প্রাচীনতম ও বহুল প্রচলিত এই ব্রাহ্মীলিপি থেকে বিকশিত হয়েছে বাংলা লিপি। বাংলা লিপির বিবর্তনের চূড়ান্ত ধাপটি লক্ষ্য করা যায় এগারো ও বারো শতকে। যে সময়ে লিপি প্রেটো বাংলা থেকে বাংলায় রূপান্তর ঘটেছে। চৌদ্দ শতকে রচিত বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন', পনেরো শতকে রচিত 'বোধিচর্যাবতার' প্রভৃতি পাণ্ডুলিপিতে বাংলা লিপির আরও পরিণত রূপ ধরা পড়ে। অন্যদিকে, 'চর্যাপদ' হলো বাংলা সাহিত্যের আদি নিদর্শন।]

৩১. UNHCR-এর সদর দপ্তর কোথায়?
ⓚ নিউইয়র্ক ⓛ ওয়াশিংটন ⓜ জেনেভা ⓝ রোম

ব্যাখ্যা: জাতিসংঘ শরণার্থীবিষয়ক হাইকমিশন UNHCR; যা ১৪ ডিসেম্বর ১৯৫০ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ডে অবস্থিত। UNHCR'র প্রধানকে বলা হয় হাইকমিশনার।

৩২. 'Blue blood' means :
ⓚ a colourful blood ⓛ noble birth
ⓜ wealthy man ⓝ poor people

ব্যাখ্যা: Blue blood অর্থ আভিজাত্য। তাই সঠিক উত্তর noble birth।

৩৩. 'গাছের জীবন আছে' এই তত্ত্ব উদ্‌ঘাটন করেছিলেন—
ⓚ ইবনে সিনা ⓛ আচার্য প্রফুল্ল চন্দ্র
ⓜ স্যার জগদীশ চন্দ্র বসু ⓝ স্যার আইজাক নিউটন

ব্যাখ্যা: প্রখ্যাত বাঙালি বিজ্ঞানী স্যার জগদীশ চন্দ্র বসু (১৮৫৮-১৯৩৭) বাংলাদেশের রাঢ়ীখাল, বিক্রমপুর, মুন্সীগঞ্জে জন্মগ্রহণ করেন। উদ্ভিদেরও জীবন বা অনুভূতি আছে এই ঘোষণার মাধ্যমে প্রথমে বিশ্বকে চমক দিয়েছিলেন তিনি।

৩৪. Its always a risk — a new business.
ⓚ to start up ⓛ starting up
ⓜ start up ⓝ will starting up

উত্তর	
২৩	ক
২৪	ঘ
২৫	ঘ
২৬	গ
২৭	খ
২৮	গ
২৯	ঘ
৩০	Note
৩১	গ
৩২	খ
৩৩	গ
৩৪	খ

CamScanner

ব্যাখ্যা বাক্যের অর্থের সাথে starting up যথাযথভাবে মানানসই। বাকি অপশনগুলোর মধ্যে will, starting, start up ভুল অপশন।

৩৫. যদি $\left(2a+\frac{2}{a}\right)^2=12$ হয়, তবে $\left(a^2+\frac{1}{a^2}\right)=$ কত?

ⓚ 1 ⓛ 2 ⓜ 3 ⓝ 4

ব্যাখ্যা $\left(2a+\frac{2}{a}\right)^2=12$

$\Rightarrow\left\{2\left(a+\frac{1}{a}\right)\right\}^2=12$

$\Rightarrow 4\left(a+\frac{1}{a}\right)^2=12$

$\Rightarrow\left(a+\frac{1}{a}\right)^2=3$

$\therefore a^2+\frac{1}{a^2}=\left(a+\frac{1}{a}\right)^2-2.a\frac{1}{a}$

$=3-2$

$=1$

৩৬. The passive form of 'Panic seized the writer' is—

ⓚ The writer was seized with panic
ⓛ The writer was seized by panic
ⓜ The writer was seized into panic
ⓝ The writer was seized for panic

ব্যাখ্যা Passive voice-এ active voice-এর object-কে subject করতে হয়। আর seized-এর সাথে with বসে, সেজন্য সঠিক উত্তর seized with panic হবে।

৩৭. 'অসমাপ্ত আত্মজীবনী' বইটির লেখক কে?

ⓚ শেখ হাসিনা ⓛ কাজী নজরুল ইসলাম
ⓜ শেখ রেহানা ⓝ শেখ মুজিবুর রহমান

ব্যাখ্যা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রথম প্রকাশিত গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২)। তার দ্বিতীয় প্রকাশিত গ্রন্থ 'কারাগারের রোজনামচা' (২০১৭) এবং তৃতীয় গ্রন্থ 'আমার দেখা নয়াচীন (২০২০)।

৩৮. কোন আন্তর্জাতিক সংস্থা ২১শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করেছে?

ⓚ UNICEF ⓛ IMF ⓜ UNDP ⓝ UNESCO

ব্যাখ্যা ১৭ নভেম্বর ১৯৯৯ ফ্রান্সের রাজধানী প্যারিসে ইউনেস্কোর ৩০তম অধিবেশনে এবং নির্বাহী পরিষদের ১৫৭তম অধিবেশনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করে। পরের বছর ২০০০ সালে পৃথিবীর ১৮৮টি দেশে এ দিনটি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হয়।

৩৯. $f(x)=\frac{|x|}{x}$ হলে, $f(-10)=$ কত হবে?

ⓚ 10 ⓛ −10 ⓜ 1 ⓝ −1

ব্যাখ্যা $f(x)=\frac{|x|}{x}$

$\therefore f(-10)=\frac{|-10|}{10}$

$=\frac{10}{10}=-1$

৪০. 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে'-এটি কার প্রার্থনা?

ⓚ ভাড়ুদত্ত ⓛ বিদ্যাপতি
ⓜ চণ্ডীদাস ⓝ ঈশ্বরী পাটনী

ব্যাখ্যা মঙ্গল কাব্য ধারার শ্রেষ্ঠ কবি ভারতচন্দ্র রায় গুণাকর রচিত 'অন্নদামঙ্গল' কাব্যে ঈশ্বরী পাটনী প্রার্থনা করেছিলেন, 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'।

৪১. কোনটি কাব্যগ্রন্থ নয়?

ⓚ সাধের আসন ⓛ পুনশ্চ
ⓜ দিবারাত্রির কাব্য ⓝ প্রেমাংশুর রক্ত চাই

ব্যাখ্যা মানিক বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস 'দিবারাত্রির কাব্য'। অন্যদিকে, নির্মলেন্দু গুণের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ 'প্রেমাংশুর রক্ত চাই' (১৯৭০), বিহারীলাল চক্রবর্তী রচিত কাব্য 'সাধের আসন' এবং রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ 'পুনশ্চ'।

৪২. 1 মিটার কত ঘনফুটের সমান?

ⓚ 0.0305 ⓛ 0.0353 ⓜ 0.0430 ⓝ 0.3560

[Note : প্রশ্নে ভুল রয়েছে।
১ মিটার = ৩.২৮০৮৪ ফুট
১ ঘনমিটার = ৩৫.৩১৪৭ ঘনফুট]

৪৩. Choose the correct sentence :

ⓚ Be careful not to loose your money.
ⓛ Be careful not to lose your money.
ⓜ Be careful not to lost your money.
ⓝ Be careful not to loosen your money.

ব্যাখ্যা To-এর পরে সব সময় verb-এর base from বসে। সেজন্য সঠিক উত্তর হবে to lose your money।

৪৪. কোন কাব্যগ্রন্থগুলো রবীন্দ্রনাথ ঠাকুরের?

ⓚ মানসী, ক্ষণিকা, বলাকা
ⓛ সোনারতরী, প্রভাতসংগীত, নাম রেখেছি কোমল গান্ধার
ⓜ চিত্রা, চৈতালী, চিনে নেওয়া ক্ষণ
ⓝ পূরবী, বীরাঙ্গনা, নন্দিনী

ব্যাখ্যা মানসী, ক্ষণিকা এবং বলাকা- কাব্যসমূহের রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর। তার আরও কতিপয় কাব্যগ্রন্থ- গীতাঞ্জলি, কল্পনা, চিত্রা, চৈতালি, সোনার তরী।

৪৫. 'আবহাওয়া' শব্দের সমার্থক শব্দগুচ্ছ—

ⓚ জলহাওয়া, জলবাতাস, আবহ
ⓛ জলহাওয়া, অমলক, অবদ্রোশ
ⓜ আমলাতি, জলবাতাস, লোন
ⓝ জলহাওয়া, জলবায়ু, অক্কপানি

ব্যাখ্যা 'আবহাওয়া' শব্দের সমার্থক শব্দগুচ্ছ 'জলহাওয়া, জলবাতাস, আবহ'। এছাড়া 'জলবায়ু' শব্দটিও বৃহৎ অর্থে 'আবহাওয়া-র সমার্থক।

৪৬. 'Fuzzy' is similar to —

ⓚ confident ⓛ smart
ⓜ unmuddled ⓝ disorientated

ব্যাখ্যা Fuzzy অর্থ ঝাপসা। Confident অর্থ আত্মবিশ্বাসী, smart অর্থ বুদ্ধিমান, disorientated অর্থ বিচলিত, unmuddled অর্থ নিরবচ্ছিন্ন, ঝাপসা।

৪৭. নিচের কোনটি মাইকেল মধুসূদন দত্তের রচনা নয়?

ⓚ কৃষ্ণকুমারী ⓛ শর্মিষ্ঠা
ⓜ অশ্রুমালা ⓝ পদ্মাবতী

ব্যাখ্যা মুসলিম মহাকবি কায়কোবাদ রচিত গীতিকাব্য 'অশ্রুমালা'। অন্যদিকে, 'কৃষ্ণকুমারী', 'শর্মিষ্ঠা' এবং 'পদ্মাবতী' মাইকেল মধুসূদন দত্ত রচিত নাটক।

৪৮. মুক্তিযোদ্ধাদের সম্মানসূচক সর্বোচ্চ খেতাব কী?

ⓚ বীরপ্রতীক ⓛ বীরউত্তম
ⓜ বীরবিক্রম ⓝ বীরশ্রেষ্ঠ

ব্যাখ্যা ৬৭৬ জন (৬ জুন ২০২১ চারজনের খেতাব বাতিল করা হয়) খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের মধ্যে সর্বোচ্চ খেতাব হলো বীরশ্রেষ্ঠ। খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীরউত্তম ৬৮ জন। বীরবিক্রম ১৭৫ জন এবং বীরপ্রতীক ৪২৬ জন।

৪৯. $\frac{5^x}{5}=\frac{3^x}{3}$ হলে, x-এর মান কত?

ⓚ 0 ⓛ 1
ⓜ $\frac{5}{3}$ ⓝ $\frac{3}{5}$

ব্যাখ্যা $\frac{5^x}{5}=\frac{3^x}{3}$

Option Test :

ক. $x=0$ হলে, $\frac{5^0}{5}=\frac{3^0}{3}\Rightarrow\frac{1}{5}\neq\frac{1}{3}$

খ. $x=1$ হলে, $\frac{5^1}{5}=\frac{3^1}{3}\Rightarrow\frac{5}{5}=\frac{3}{3}\Rightarrow 1=1$

গ. $x=\frac{5}{3}$ হলে, $\frac{5^{5/3}}{5}\neq\frac{3^{5/3}}{3}$

ঘ. $x=\frac{3}{5}$ হলে, $\frac{5^{3/5}}{5}\neq\frac{3^{3/5}}{3}$

৫০. শওকত আলীর 'যাত্রা' উপন্যাসের কাহিনি হলো—

ⓚ ভাষা আন্দোলন ⓛ গণ-অভ্যুত্থান
ⓜ মুক্তিযুদ্ধ ⓝ যুদ্ধবিজয়ের উল্লাস

ব্যাখ্যা শওকত আলীর 'যাত্রা' মুক্তিযুদ্ধভিত্তিক একটি উপন্যাস। এটি মুক্তিযুদ্ধের পরপরই রচিত হলেও প্রকাশিত হয় ১৯৭৬ সালে। ১৯৭১-এর শুরুর দিককার ঘটনাকে কেন্দ্র করে উপন্যাসটি রচিত হয়।

৫১. The adjective form of 'guest' is—

ⓚ gusting ⓛ gusted ⓜ gusty ⓝ gusted

[Note : Guest-এর objective 'guested' এখানে সঠিক উত্তর নেই।]

৫২. 'সফেদ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

ⓚ শুভ্র ⓛ নিকষ ⓜ লোহিত ⓝ নীলিমা

ব্যাখ্যা 'সফেদ' শব্দের বিপরীতার্থক শব্দ 'নিকষ'। আরও কিছু গুরুত্বপূর্ণ বিপরীতার্থক শব্দ : সাকার-নিরাকার, শুভ্র-কৃষ্ণ, রক্ষক-ভক্ষক, তীর্যক-ঋজু।

৫৩. ভাসানচর কোন জেলায় অবস্থিত?

ⓚ চট্টগ্রাম ⓛ ভোলা ⓜ নোয়াখালী ⓝ কক্সবাজার

ব্যাখ্যা মেঘনা নদী ও বঙ্গোপসাগরের মোহনায় জেগে ওঠা ভাসান চর (ঠেঙ্গার চর) নোয়াখালী জেলায় অবস্থিত। মায়ানমার থেকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকার ভাসানচরে তাদের নিরাপদ আবাসনের ব্যবস্থা করেছে।

৫৪. 'আমি যে গান গাই, তা যৌবনের গান'– কোন ধরনের বাক্য?

ⓚ সরল ⓛ জটিল
ⓜ খণ্ড ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা আমি যে গান গাই, তা যৌবনের গান– বাক্যটি জটিল। একটি পূর্ণ বাক্যে যদি একটি প্রধান খণ্ড বাক্য ও এক বা একাধিক অপ্রধান খণ্ড বাক্য পরস্পর সম্পর্কযুক্ত থাকে তবে তাকে জটিল বা মিশ্র বাক্য বলে। যেমন– যে অন্ধ তাকে আলো দাও।

৫৫. অস্কার পুরস্কার কী?

ⓚ শিশু সাহিত্য পুরস্কার ⓛ সাহিত্য পুরস্কার
ⓜ চলচ্চিত্র পুরস্কার ⓝ নাট্য পুরস্কার

ব্যাখ্যা বিশ্বের চলচ্চিত্র জগতের সর্বাধিক মর্যাদাপূর্ণ পুরস্কার 'অ্যাকাডেমি অ্যাওয়ার্ড' নামে পরিচিত। এ পুরস্কারের প্রবর্তক মার্কিন যুক্তরাষ্ট্রের হলিউডের 'অ্যাকাডেমি অব মোশন পিকচার্স আর্টস এন্ড সায়েন্স'। প্রথম অস্কার প্রদান করা হয় ১৯২৯ সালে। মোট ২৪টি ক্যাটাগরিতে প্রতিবছর অস্কার প্রদান করা হয়।

৫৬. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত কিলোমিটার?

ⓚ ৬.০০ ⓛ ৬.১৫ ⓜ ৬.২৫ ⓝ ৬.০৫

ব্যাখ্যা পদ্মা সেতু বা পদ্মা বহুমুখী সেতু হচ্ছে পদ্মা নদীর ওপর নিজস্ব অর্থায়নে নির্মিত বাংলাদেশের বৃহত্তম সেতু। মুন্সিগঞ্জের মাওয়া ও শরীয়তপুরের জাজিরাকে সংযোগকারী সেতুটির দৈর্ঘ্য ৬.১৫ কিমি এবং প্রস্থ ১৮.১০ মিটার এবং পিলার সংখ্যা ৪১টি। ২০২২ সালের ২৫ জুন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এটির উদ্বোধন করেন।

৫৭. 'রতন' চরিত্রটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোটগল্পের?

ⓚ সমাপ্তি ⓛ দেনা-পাওনা
ⓜ পোস্ট মাস্টার ⓝ মধ্যবর্তিনী

উত্তর

৩৫ ক	৪৬ গ
৩৬ ক	৪৭ গ
৩৭ ঘ	৪৮ ঘ
৩৮ ঘ	৪৯ ঘ
৩৯ ঘ	৫০ গ
৪০ ঘ	৫১Note
৪১ গ	৫২ ঘ
৪২Note	৫৩ গ
৪৩ খ	৫৪ খ
৪৪ ক	৫৫ গ
৪৫ ক	৫৬ খ
	৫৭ গ

CamScanner

ব্যাখ্যা রতন চরিত্রটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'পোস্ট মাস্টার' গল্পের। ১২৯৮ বঙ্গাব্দে এ গল্পটি প্রকাশিত হয়। পোস্ট মাস্টার ও রতনের হৃদয়স্পর্শী ঘটনা এ গল্পের বিষয়বস্তু। এ গল্পের বিখ্যাত সংলাপ 'পৃথিবীতে কে কাহার?'।

৫৮. শিক্ষা বিষয়ক SDG কোনটি?
ক SDG-4 খ SDG-3 গ SDG-10 ঘ SDG-7

ব্যাখ্যা ২৫-২৭ সেপ্টেম্বর ২০১৫ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘের সদর দপ্তরে অনুষ্ঠিত জাতিসংঘের টেকসই উন্নয়নের প্রথম দিনে টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) গৃহীত হয়। ১৫ বছর মেয়াদি এ কর্মসূচি বাস্তবায়ন শুরু হয় ১ জানুয়ারি ২০১৬। এ কর্মসূচির আওতায় ১৭টি লক্ষ্যের মধ্যে শিক্ষা বিষয়ক SDG হলো ৪নং SDG।

৫৯. Which one is incorrect?
ক He said to me, "You are a fool."
খ He said to me, "You are a foolish."
গ I spent the rest day at home.
ঘ I found all the windows open.

ব্যাখ্যা You are foolish বাক্যটি ভুল। এর সঠিক রূপ হচ্ছে : You are a foolish boy।

৬০. জাতিসংঘের 'চ্যাম্পিয়ন অব দি আর্থ' খেতাবপ্রাপ্ত কে?
ক থেরেসা মে খ অ্যাঞ্জেলা মার্কেল
গ হিলারি ক্লিনটন ঘ শেখ হাসিনা

ব্যাখ্যা 'চ্যাম্পিয়ন অব দি আর্থ' পুরস্কারের প্রবর্তক জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (UNEP)। ২০০৪ সালে প্রবর্তিত এই পুরস্কার প্রথম বাংলাদেশি হিসেবে ড. আতিক রহমান ২০০৮ সালে এবং দ্বিতীয় বাংলাদেশি হিসেবে শেখ হাসিনা ২০১৫ সালে লাভ করেন।

৬১. নিচের কোনটি নজরুল ইসলামের রচনা?
ক গোরা খ আনন্দমঠ গ কবি ঘ বাঁধনহারা

ব্যাখ্যা বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস বাঁধনহারা (১৯২৭)। তার আরও দুটি উপন্যাস যথাক্রমে 'মৃত্যুক্ষুধা' ও 'কুহেলিকা'।

৬২. Which one is gender neutral?
ক waiter খ mare গ never ঘ rooster

ব্যাখ্যা Waiter শব্দটি common or neutral gender, mare শব্দটি feminine এবং rooster শব্দটি masculine।

৬৩. CT Scan-এর পূর্ণরূপ কী?
ক Computed Treatment Scan
খ Computed Tomography Scan
গ Computed Tomology Scan
ঘ Computed Therapy Scan

ব্যাখ্যা CT Scan-এর পূর্ণরূপ Computed Tomography যা দ্বারা শরীরের বিভিন্ন অংশের; যেমন- হাড়, টিস্যু ইত্যাদির পূর্ণাঙ্গ ছবি পাওয়া যায়।

৬৪. বাংলাদেশ OIC-এর সদস্যপদ লাভ করে কোন সালে?
ক ১৯৭৪ খ ১৯৭৩ গ ১৯৭৫ ঘ ১৯৭২

ব্যাখ্যা ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ মরক্কোর রাজধানী রাবাতে OIC (Organization of Islamic Cooperation) গঠিত হয়। বাংলাদেশ OIC'র সদস্যপদ লাভ করে ১৯৭৪ সালের ২৩ ফেব্রুয়ারি পাকিস্তানের OIC সম্মেলনে। OIC'র সদর দপ্তর (জেদ্দা) সৌদি আরবে এবং বর্তমান সদস্য সংখ্যা ৫৭টি।

৬৫. NATO কবে প্রতিষ্ঠিত হয়?
ক ৪ এপ্রিল ১৯৪৯ খ ৪ মার্চ ১৯৪৯
গ ৪ ফেব্রুয়ারি ১৯৪৯ ঘ ৪ মে ১৯৪৯

ব্যাখ্যা NATO (North Atlantic Treaty Organization) প্রতিষ্ঠিত হয় ৪ এপ্রিল ১৯৪৯। ন্যাটোর বর্তমান সদর দপ্তর ব্রাসেলস, বেলজিয়াম। ন্যাটোর সদস্য সংখ্যা ৩০টি ও ন্যাটোভুক্ত মুসলিম দেশ আলবেনিয়া ও তুরস্ক।

৬৬. কোন বানানটি শুদ্ধ?
ক প্রণয়ণ খ প্রনয়ন গ প্রনয়ণ ঘ প্রণয়ন

ব্যাখ্যা 'প্রণয়ন' বানানটি শুদ্ধ। আরও কিছু শুদ্ধ বানান- আবিষ্কার, গীতাঞ্জলি, বন্দ্যোপাধ্যায়, সংবর্ধনা, নিশীথিনী।

৬৭. মেসোপটেমিয়া সভ্যতা কোথায় গড়ে ওঠেছিল?
ক হোয়াংহো নদীর তীরে
খ ইয়াংসিকিয়াং নদীর তীরে
গ নীল নদের তীরে
ঘ টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর তীরে

ব্যাখ্যা বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা 'মেসোপটেমিয়া' টাইগ্রিস ও ইউফ্রেটিস (দজলা ও ফোরাত) নদীর তীরে গড়ে ওঠে। ৪টি পর্যায়ে বিভক্ত এ সভ্যতাটি বর্তমান ইরাক, সিরিয়া, তুরস্ক ও ইরানে অবস্থিত।

৬৮. 'Come along with' means :
ক leave খ accompany
গ guilt ঘ draw nearer

ব্যাখ্যা Come along with বলতে বোঝায় কাউকে সঙ্গ দেওয়া, accompany অর্থ সঙ্গে থাকা।

৬৯. $\tan\theta = \sqrt{8}$ হলে, $\sec\theta$ = কত?
ক $\sqrt{8}$ খ 3 গ $\sqrt{3}$ ঘ 8

ব্যাখ্যা $\tan\theta = \sqrt{8}$


$\Rightarrow \frac{\text{লম্ব}}{\text{ভূমি}} = \frac{\sqrt{8}}{1}$

লম্ব $= \sqrt{8}$, ভূমি $= 1$

অতিভুজ $= \sqrt{8+1} = 3$

$\therefore \sec\theta = \frac{\text{অতিভুজ}}{\text{ভূমি}}$

$= \frac{3}{1} = 3$



উত্তর
৫৮ ক
৫৯ খ
৬০ ঘ
৬১ খ
৬২ ক
৬৩ খ
৬৪ ক
৬৫ ক
৬৬ ঘ
৬৭ ঘ
৬৮ খ
৬৯ খ

৭০. বাংলাদেশকে দ্বিতীয় স্বীকৃতি প্রদানকারী দেশ কোনটি?
ক ভারত খ ভুটান গ নেপাল ঘ শ্রীলংকা

ব্যাখ্যা বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ ভুটান (৬ ডিসেম্বর ১৯৭১)। ভুটানের কিছু সময় পর ভারতও ৬ ডিসেম্বর ১৯৭১ দ্বিতীয় দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে।

৭১. ১ বর্গফুট = কত বর্গ ইঞ্চি?
ক ১৫৬ খ ৩৬ গ ১৭২ ঘ ১৪৪

ব্যাখ্যা ১ ফুট = ১২ ইঞ্চি
∴ ১ বর্গফুট = (১২ × ১২) = ১৪৪ বর্গ ইঞ্চি

৭২. বাংলা বর্ণমালায় স্বরবর্ণ মোট কয়টি?
ক ১২টি খ ১০টি গ ৮টি ঘ ১১টি

ব্যাখ্যা বাংলা বর্ণমালায় স্বরবর্ণ ১১টি। এর মধ্যে পূর্ণমাত্রার স্বরবর্ণ ৬টি, অর্ধমাত্রার ১টি (ঋ) এবং মাত্রাহীন ৪টি (এ, ঐ, ও ঔ)।


৭৩. 'সুকুমার' শব্দের বিশেষ্য রূপ কোনটি?
ক সৌকুমার্য খ সুকুমার্য গ সোকৌমার্য ঘ সৌকুমার্য
[Note : ক এবং ঘ উভয় অপশনই সঠিক। 'সুকুমার' শব্দের বিশেষ্য রূপ 'সৌকুমার্য']

৭৪. 'বাচস্পতি' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক বাচস + পতি খ বাচ + পতি
গ বাচস + তি ঘ বাচঃ + পতি

ব্যাখ্যা বাচস্পতি = বাচঃ + পতি নিপাতনে সিদ্ধ সন্ধি। সন্ধির ক্ষেত্রে নিপাতনে সিদ্ধ সন্ধি হলো কোনো নিয়ম অনুযায়ী নিষ্পন্ন না হওয়া। যেমন- কুল + অটা = কুলটা (কুলাটা নয়), গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়)।

৭৫. 1, 3, 11, 43, ... ক্রমানুসারে পরবর্তী সংখ্যাটি কত?
ক 161 খ 171 গ 181 ঘ 191

ব্যাখ্যা



৭৬. If I — hungry, I would have eaten.
ক was খ were গ had been ঘ had

ব্যাখ্যা If-যুক্ত sentence-এর একটি অংশ past perfect হলে অপর অংশের সাথে would have বা could have বসে। সঠিক উত্তর had been হবে।

৭৭. She spoke in a very loud voice. Here 'loud' is :
ক noun খ adverb গ adjective ঘ pronoun

ব্যাখ্যা Article-এর পরে ১টি word থাকলে noun হয়। ২টি থাকলে adjective + noun হয়। আর ৩টি word থাকলে adverb + adjective + noun হয়। তাই উত্তর হবে adjective।

৭৮. I dream of living — a tropical island.
ক at খ in গ within ঘ on

ব্যাখ্যা Live on অর্থ বেঁচে থাকা বা জীবনধারণ করা। তাই উত্তর on হবে।

৭৯. 'গো + অক্ষ = গবাক্ষ' এটি কোন ধরনের সন্ধি বিচ্ছেদ—
ক নিপাতনে সিদ্ধ খ বিসর্গসন্ধি
গ স্বরসন্ধি ঘ স্বর ব্যঞ্জনসন্ধি

ব্যাখ্যা 'গো + অক্ষ = গবাক্ষ' নিপাতনে সিদ্ধ সন্ধি। ব্যাকরণের সাধারণ বা বিশেষ কোনো নিয়মানুসারেই যখন কোনো কর্ম ব্যাখ্যা করা যায় না অথচ সংগঠিত হয় তখন সেই ব্যতিক্রমকে বৈধতা দেওয়ার নাম নিপাতনে সিদ্ধ সন্ধি। যেমন- কুল + অটা = কুলটা।

৮০. 'পুস্তক' শব্দটির স্ত্রীলিঙ্গ কোনটি?
ক পুস্তকা খ পুস্তকি গ পুস্তিকা ঘ পুস্তাকিনী

ব্যাখ্যা 'পুস্তক' শব্দটির স্ত্রীলিঙ্গ 'পুস্তিকা' শব্দটি ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ। ক্ষুদ্রার্থে আরও কয়েকটি স্ত্রীবাচক শব্দ- মালিকা, গীতিকা, নাটিকা।

৮১. 'পথের দাবী' শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি —
ক উপন্যাস খ প্রবন্ধ গ গল্প ঘ নাটক

ব্যাখ্যা বাংলা সাহিত্যে অপরাজেয় কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত রাজনৈতিক উপন্যাস 'পথের দাবী' (১৯২৬)। উপন্যাসটি তৎকালীন ব্রিটিশ সরকার কর্তৃক নিষিদ্ধ ও বাজেয়াপ্ত হয়েছিল। 'পথের দাবী' উপন্যাসের উক্তি- 'আমি বিপ্লবী, ভারতের স্বাধীনতাই আমার একমাত্র কাম্য।'

৮২. বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' বলা হয় কাকে?
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ বিহারীলাল চক্রবর্তী
গ রাজশেখর বসু ঘ ভারতচন্দ্র

ব্যাখ্যা বাংলা গীতিকবিতায় অনন্য ভূমিকা রাখার জন্য বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বিহারীলাল চক্রবর্তীকে 'ভোরের পাখি' উপাধিতে ভূষিত করেন। তার কয়েকটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ- স্বপ্নদর্শন, সংগীত শতক, সারদামঙ্গল, বন্ধু-বিয়োগ, বঙ্গসুন্দরী, নিসর্গ সন্দর্শন।

৮৩. 'তাস' কোন দেশের সংবাদ সংস্থার নাম?
ক ইউক্রেন খ রাশিয়া গ চীন ঘ মঙ্গোলিয়া

ব্যাখ্যা রাশিয়ার সংবাদ সংস্থা হলো 'তাস'। রাশিয়ার আরো কয়েকটি সংবাদ সংস্থা হলো : ইন্টারফ্যাক্স, রিয়া-নভোস্তি, Rossiya Segodnya।

৮৪. মানবদেহে ক্রোমোজোমের সংখ্যা কত?
ক ২৩ খ ৪৪ গ ৪৬ ঘ ৪৮

ব্যাখ্যা মানবদেহে ক্রোমোজোম ২৩ জোড়া বা ৪৬টি। যার ২২ জোড়া অটোজোম বাকি ১ জোড়া সেক্স ক্রোমোজোম।

৮৫. তেঁতুলে কোন এসিড থাকে?
ক এসিটিক এসিড খ টারটারিক এসিড
গ সাইট্রিক এসিড ঘ স্যালিসিলিক এসিড

ব্যাখ্যা তেঁতুলে থাকে টারটারিক এসিড, লেবুতে থাকে সাইট্রিক এসিড।

৮৬. ২০২২ বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হবে?
ক যুক্তরাষ্ট্র ও কানাডা খ ইংল্যান্ড
গ কাতার ঘ অস্ট্রেলিয়া

উত্তর
৭০ ক
৭১ ঘ
৭২ ঘ
৭৩ Note
৭৪ ঘ
৭৫ খ
৭৬ গ
৭৭ গ
৭৮ ঘ
৭৯ ক
৮০ গ
৮১ ক
৮২ খ
৮৩ খ
৮৪ গ
৮৫ খ
৮৬ গ

CamScanner

ব্যাখ্যা ২০২২ সালের ২০ নভেম্বর – ১৮ ডিসেম্বর মরক্কর দেশ কাতারে অনুষ্ঠিত হয় ২২তম বিশ্বকাপ ফুটবল আসর। ৬৪ ম্যাচের এই বিশ্বকাপে অংশগ্রহণ করে ৩২টি দল। মাসকট La'eeb এবং বলের নাম আল রিহলা (Al Rihla)।

৮৭. প্রথম ৫টি বিজোড় স্বাভাবিক সংখ্যার যোগফল নিচের কোনটি?

ক ৫ খ ৫×২ গ ৫×৫ ঘ ২৫

ব্যাখ্যা প্রথম ৫টি বিজোড় সংখ্যার যোগফল
$= ১ + ৩ + ৫ + ৭ + ৯ = ২৫$
$= ৫ \times ৫$

৮৮. Fill in the blank : He — very early in the morning.

ক raises খ rises গ risen ঘ rise

ব্যাখ্যা Subject 3rd person singular হলে verb-এর সাথে s বা es যোগ করতে হয়। তাই সঠিক উত্তর rises হবে।

৮৯. 'Man-of-war' means—

ক a hero in the battle field
খ a man won a battle
গ a man in the battle field
ঘ a sailing ship used in the past for fighting

ব্যাখ্যা Man-of-war অর্থ যুদ্ধের মানুষ। তাই সঠিক উত্তর a man in the battle field হবে।

৯০. $\log_{27}\sqrt{3}$ = কত?

ক $\frac{1}{2}$ খ $\frac{1}{3}$ গ $\frac{1}{6}$ ঘ $\frac{1}{9}$

ব্যাখ্যা $\log_{27}\sqrt{3} = \log_{27}\left(27^{\frac{1}{3}}\right)^{\frac{1}{2}}$
$= \log_{27} 27^{\frac{1}{6}}$
$= \frac{1}{6}\log_{27} 27$
$= \frac{1}{6}$ $[\because \log_a a = 1]$

৯১. 'Pull yourself together' means—

ক calm down খ get ready
গ go together ঘ act fast

ব্যাখ্যা Pull yourself together অর্থ শান্ত থাকা। তাই সঠিক উত্তর 'calm down'।

৯২. The synonym of the word 'loquacious' means—

ক talkative খ loosy গ lore ঘ angry

ব্যাখ্যা Loquacious অর্থ বাকপটু, talkative অর্থ বাকপটু বা বাচাল, lore অর্থ পান্ডিত্য, angry অর্থ রাগান্বিত এবং lore অর্থ লোকজ্ঞান।

৯৩. বাংলা ভাষায় ব্যবহৃত সংস্কৃত উপসর্গ কয়টি?

ক ১৫টি খ ৫টি গ ১০টি ঘ ২০টি

ব্যাখ্যা বাংলা ভাষায় ব্যবহৃত সংস্কৃত বা তৎসম উপসর্গ ২০টি। যথা- প্র, পরা, অপ, সম, নি, অব, অনু, নির, দুর, বি, সু, উৎ, অধি, পরি, প্রতি, উপ, অভি, অতি, আ, অপি।

৯৪. মানুষের চোখের রং নিয়ন্ত্রণ করে কোনটি?

ক ডিএনএ খ আরএনএ
গ নিউক্লিওলাস ঘ সেন্ট্রোমিয়ার

ব্যাখ্যা মানুষের চোখের রং নিয়ন্ত্রণ করে DNA। DNA মূলত নিউক্লিক এসিড যা জীবদেহের গঠন ও ক্রিয়াকলাপ নিয়ন্ত্রণ করে। তাছাড়া দেহের রং নির্ভর করে মেলানিনের ওপর।

৯৫. একজন তরুণের আজ জন্মদিন। সামনের জন্মদিনে তার বয়স ১০ বছর পূর্বের বয়সের দ্বিগুণ হবে। তরুণের বর্তমান বয়স কত?

ক 19 খ 21 গ 23 ঘ 25

ব্যাখ্যা ধরি, তরুণের বর্তমান বয়স = x বছর
প্রশ্নমতে, $২(x - ১০) = (x + ১)$
$\Rightarrow ২x - ২০ = x + ১$
$\Rightarrow ২x - x = ২০ + ১$
$\therefore x = ২১$

৯৬. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ২৬ সে.মি, ২৪ সে.মি ও ১০ সে.মি হলে, ত্রিভুজের ক্ষেত্রফল কত?

ক 120 খ 140 গ 166 ঘ 240

ব্যাখ্যা উল্লিখিত ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ যার অতিভুজ ২৬।
$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times ২৪ \times ১০$
$= ১২০$ বর্গ সে.মি.

৯৭. ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যবাহী স্থান কোনটি?

ক পাহাড়পুর বৌদ্ধ বিহার খ ময়নামতি
গ পানাম নগর ঘ কান্তজী মন্দির

ব্যাখ্যা ইউনেস্কো ১৯৭৮ সাল থেকে বিশ্ব ঐতিহ্য ঘোষণা করে আসছে। বাংলাদেশে UNESCO ঘোষিত বিশ্ব ঐতিহ্য ৩টি। এগুলো হলো- ঐতিহাসিক মসজিদের শহর, বাগেরহাট (১৯৮৫), পাহাড়পুর বৌদ্ধবিহার, নওগাঁ (১৯৮৫) এবং সুন্দরবন (৬ ডিসেম্বর ১৯৯৭)।

৯৮. $|-4|+|4|-4+4=?$

ক 0 খ 4 গ 8 ঘ 16

ব্যাখ্যা $|-4|+|4|-4+4$
$= 4+4-4+4 = 8$

৯৯. 'একতারা' শব্দটি যে ভাষা থেকে এসেছে –

ক আরবি খ তুর্কি গ ফারসি ঘ সংস্কৃত

ব্যাখ্যা 'একতারা' ফারসি শব্দ। এরূপ আরও কিছু ফারসি শব্দ- আমদানি, চাকর, কারিগর, খানসামা, দারোয়ান।

১০০. বিল ক্লিনটন যুক্তরাষ্ট্রের কততম প্রেসিডেন্ট?

ক ৪৩ খ ৪২ গ ৪৪ ঘ ৪১

ব্যাখ্যা বিল ক্লিনটন আমেরিকার ৪২তম প্রেসিডেন্ট ছিলেন। মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান (৪৬তম) প্রেসিডেন্ট জো বাইডেন, ৩ নভেম্বর ২০২০ অনুষ্ঠিত নির্বাচনে তিনি জয়লাভ করেন।

উত্তর

৮৭	গ
৮৮	খ
৮৯	গ
৯০	গ
৯১	ক
৯২	ক
৯৩	ঘ
৯৪	ক
৯৫	খ
৯৬	ক
৯৭	ক
৯৮	গ
৯৯	গ
১০০	খ

পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা/সহকারী কনস্যুলার কর্মকর্তা ২০২২

পরীক্ষার তারিখ : ১৮.০৫.২০২২; সময় : ১ ঘন্টা; পূর্ণমান : ১০০; সেট : ০৪; কোড : করতোয়া

[মোট প্রশ্ন ১০০ (একশত)। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ নম্বর কাটা যাবে।]

০১. What is the plural of 'spectrum'?

ক spectrums খ spectra
গ species ঘ image

ব্যাখ্যা সাধারণত singular noun-এর শেষে um থাকলে plural করার সময় um-এর স্থলে a বসে। যেমন- spectrum থেকে spectra, Datum থেকে Data, Medium থেকে media ইত্যাদি। অপশন (খ) সঠিক উত্তর।

০২ কোন সংখ্যাটি বৃহত্তম?

ক ০.০৩ খ ০.৩ গ $\frac{১}{৩}$ ঘ $\frac{২}{৩}$

ব্যাখ্যা $০.৩ < ০.৩$
$০.৩ < \frac{১}{৩} = ০.৩৩$

$\therefore \frac{২}{৩}$ বৃহত্তম।

০৩. $\frac{৫}{৭} \times \frac{৭}{৫} + ১ - ০.০১ =$ কত?

ক ১.৯ খ ০.৯ গ ০.৯৯ ঘ ১.০১

ব্যাখ্যা $\frac{৫}{৭} \times \frac{৭}{৫} + ১ - ০.০১$
$= ১ + ১ - ০.০১$
$= ১ - ০.০১$
$= ১ - \frac{১}{১০০}$
$= \frac{১০০ - ১}{১০০}$
$= \frac{৯৯}{১০০}$
$= ০.৯৯$

০৪. 'হাঘরে' কোন সমাস?

ক বহুব্রীহি খ অব্যয়ীভাব গ দ্বিগু ঘ কর্মধারয়

ব্যাখ্যা পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন- ঘরের অভাব = হাঘরে, আমিষের অভাব = নিরামিষ, মরণ পর্যন্ত = আমরণ ইত্যাদি।

০৫. I could barely make out the traffic signs through the rain. Here 'Make out' means—

ক discern খ violate গ obey ঘ await

ব্যাখ্যা 'Make out'-এর অর্থ প্রতিবেদন করা, উপলব্ধি করা, বুঝতে পারা, পার্থক্য করা। Discern- বুঝতে পারা, উপলব্ধি করা, violate- লঙ্ঘন করা, obey- মান্য করা, ও await- অপেক্ষা করা। সুতরাং অপশন (ক) discern সঠিক উত্তর।

০৬. Which one is the correct passive voice in the following sentence? Who taught her grammar?

ক By whom she was taught grammar?
খ By whom was she taught grammar?
গ She was taught grammar by who?
ঘ Who was she taught grammar by?

ব্যাখ্যা Active-এ Who থাকলে passive-এ By whom + aux. (tense ও number অনুযায়ী) + sub + v_3 + obj। এই নিয়মে অপশন (খ) সঠিক উত্তর।

০৭. 'আমার দেখা নয়াচীন' গ্রন্থের লেখক কে?

ক শেখ মুজিবুর রহমান খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ তাজউদ্দীন আহমদ ঘ মুহাম্মদ আব্দুল হাই

ব্যাখ্যা 'আমার দেখা নয়াচীন' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা তৃতীয় গ্রন্থ। গ্রন্থটি ২০২০ সালের ২ ফেব্রুয়ারি বাংলা একাডেমি থেকে প্রকাশিত হয়। গ্রন্থটির ভূমিকা লিখেন শেখ হাসিনা এবং সম্পাদনা করেন অধ্যাপক শামসুজ্জামান খান। গ্রন্থটির ইংরেজি অনুবাদ করেন ড. ফকরুল আলম। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা প্রথম গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী' এবং দ্বিতীয় গ্রন্থ 'কারাগারের রোজনামচা'।

০৮. Which one is the correct sentence? He said, 'I shall go home tomorrow.'

ক He said that he would go home the next day.
খ He said that he would go home tomorrow.
গ He said that he would have gone home the next day.
ঘ He said that he should go home tomorrow.

ব্যাখ্যা Direct narration-এর reported speech-এ will/shall থাকলে indirect narration-এ would হবে। তাছাড়া direct speech-এ tomorrow থাকলে indirect speech-এ the next day হয়। তাই অপশন (ক) সঠিক।

০৯. Which one is the incorrect spelling :

ক Freshner খ Forlorn গ Foreign ঘ Fruity

ব্যাখ্যা অপশন (ক) Freshner বানানটি ভুল। মূলত শব্দটি হবে freshener- বিস্ময়কারক। তাছাড়া forlorn- অবহেলিত, নিরাশ, foreign- বিদেশি, fruity- সুস্বাদু, ফলবতী শব্দগুলো শুদ্ধ।

১০. $x + \frac{১}{x} = ৪$ হলে $x^৩ + \frac{১}{x^৩} =$ কত?

ক 52 খ 64 গ 76 ঘ 80

ব্যাখ্যা দেওয়া আছে, $x + \frac{১}{x} = ৪$
তাহলে $x^৩ + \frac{১}{x^৩} = \left(x + \frac{১}{x}\right)^৩ - ৩.x.\frac{১}{x}\left(x + \frac{১}{x}\right)$
$= ৪^৩ - ৩ \times ৪$
$= ৬৪ - ১২ = ৫২$

উত্তর

০১	খ
০২	ঘ
০৩	গ
০৪	খ
০৫	ক
০৬	খ
০৭	ক
০৮	ক
০৯	ক
১০	ক

CamScanner

১১. মহাবীর আলেকজান্ডারের শিক্ষক ছিলেন কে?
ক সফোক্লিস খ অ্যারিস্টটল গ প্লেটো ঘ সক্রেটিস

ব্যাখ্যা ম্যাসিডনের রাজা ফিলিপস-এর পুত্র, গ্রিক বীর আলেকজান্ডারের শিক্ষক ছিলেন অ্যারিস্টটল। অ্যারিস্টটলের শিক্ষক প্লেটো এবং প্লেটোর শিক্ষক ছিলেন সক্রেটিস।

১২. 'Beggarly' is a/an—
ক Adverb খ Adjective গ Verb ঘ Noun

ব্যাখ্যা Beggarly– দরিদ্র, গরিব, নীচ। শব্দটি adjective।

১৩. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধগ্রন্থ?
ক কালান্তর খ ডাকঘর গ বলাকা ঘ চিত্রা

ব্যাখ্যা বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মকথামূলক প্রবন্ধ 'কালান্তর' (১৯৩৭)। তার রাজনৈতিক চিন্তার বিকাশের সামগ্রিক পরিচয় পাওয়া যায় এ গ্রন্থে। অন্যদিকে 'চিত্রা' (১৮৯৬) ও 'বলাকা' (১৯১৬) তার বিখ্যাত কাব্যগ্রন্থ। 'ডাকঘর' (১৯১২) তার রচিত নাটক।

১৪. $\log_{\sqrt{3}} 81$ = কত?
ক 4 খ $27\sqrt{3}$ গ 8 ঘ $\frac{1}{8}$

ব্যাখ্যা
$\log_{\sqrt{3}} 81$
$= \log_{\sqrt{3}} (\sqrt{3})^8$
$= 8 \log_{\sqrt{3}} \sqrt{3}$
$= 8.1$
$= 8$

3 | 81
3 | 27
3 | 9
3

$= 3 \times 3 \times 3 \times 3$
$= 3^4$
$= (\sqrt{3})^8$

১৫. 'মা গো ভাবনা কেন/ আমরা তোমার শান্তিপ্রিয়'— মুক্তিযুদ্ধ বিষয়ক গানটির রচয়িতা কে?
ক গৌরিপ্রসন্ন মজুমদার খ সলিল চৌধুরী
গ রজনীকান্ত সেন ঘ দ্বিজেন্দ্রলাল রায়

ব্যাখ্যা 'মাগো ভাবনা কেন', 'শোন একটি মুজিবরের', 'বাংলার হিন্দু বাংলার বৌদ্ধ' ইত্যাদি বিখ্যাত গানের রচয়িতা গৌরিপ্রসন্ন মজুমদার। অন্যদিকে 'ধনধান্য পুষ্পে ভরা'— দেশাত্মবোধক গানটির রচয়িতা দ্বিজেন্দ্রলাল রায়।

১৬. বিদ্যাপতি কোথাকার কবি ছিলেন?
ক মিথিলার খ নবদ্বীপের গ বর্ধমানের ঘ বৃন্দাবনের

ব্যাখ্যা বৈষ্ণব কবি বিদ্যাপতি মিথিলার সীতাকুমার বিসফি গ্রামে (আনুমানিক ১৩৭৪ খ্রি.) জন্মগ্রহণ করেন। তিনি মৈথিলী, অবহট্‌ঠ ও সংস্কৃত ভাষায় পদ রচনা করেন।

১৭. মধ্যযুগের প্রথম কবি কে?
ক বড়ু চণ্ডীদাস খ ভারতচন্দ্র রায়গুণাকর
গ বিদ্যাপতি ঘ মুকুন্দরাম চক্রবর্তী

ব্যাখ্যা মধ্যযুগের আদি কবি বড়ু চণ্ডীদাসের প্রকৃত নাম— অনন্ত। তাকে বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা বলা হয়। তিনি মধ্য যুগের প্রথম কাব্য 'শ্রীকৃষ্ণকীর্তন' রচনা করেন।

১৮. মিয়ানমারের রোহিঙ্গারা কত সালে নাগরিকত্ব হারায়?
ক ১৯৭২ খ ১৯৮২ গ ১৯৯২ ঘ ২০০২

ব্যাখ্যা ১৯৪৭ সালে ব্রিটিশদের থেকে স্বাধীনতা লাভ করে মিয়ানমার বা পূর্বতন বার্মা। ১৯৬২ সালে মিয়ানমারে সেনা শাসন শুরু হয় এবং ১৯৮২ সালের ১৫ অক্টোবর নাগরিকত্ব আইন প্রকাশ করে দেশটি যেখানে রোহিঙ্গাদের নাগরিকত্ব থেকে বঞ্চিত করা হয়।

১৯. Identify the correct question tag : Let us attend the party.
ক Shall not we? খ Shall we?
গ Shan't we? ঘ None of these

ব্যাখ্যা কোনো imperative sentence যদি 'let us' দ্বারা শুরু হয় তাহলে এটির question tag হবে shall we + ? ।

২০. Grand National Assembly কোন দেশের পার্লামেন্ট?
ক অস্ট্রিয়া খ তুরস্ক গ হল্যান্ড ঘ গ্রেট ব্রিটেন

ব্যাখ্যা প্রাচীন অটোমান সাম্রাজ্যের প্রাণকেন্দ্র তুরস্কের এক কক্ষবিশিষ্ট পার্লামেন্টের নাম গ্র্যান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি। পার্লামেন্টের সদস্য সংখ্যা ৬০০। উল্লেখ্য, বিখ্যাত ট্রয় নগরী তুরস্কে অবস্থিত এবং সম্প্রতি দেশটি তাদের দেশের নাম ইংরেজিতে তুর্কি বা টার্কি (Turkey) পরিবর্তন করে 'তুর্কিয়ে' (Tüurkiye) রেখেছে।

২১. 'কতরূপ স্নেহ করি, দেশের কুকুর ধরি,— বিদেশের ঠাকুর ফেলিয়া।' কার উক্তি?
ক রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় খ গোবিন্দচন্দ্র দাস
গ ঈশ্বরচন্দ্র গুপ্ত ঘ যতীন্দ্র মোহন বাগচী

ব্যাখ্যা আলোচ্য উক্তিটি যুগসন্ধিকালের কবি হিসেবে খ্যাত ঈশ্বরচন্দ্র গুপ্তের 'স্বদেশ' কবিতার অন্তর্গত। অন্যদিকে, 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়'— চরণটির রচয়িতা রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়।

২২. বাংলাদেশের পক্ষে প্রথম টেস্ট ক্রিকেটে শতরান করেন—
ক আমিনুল ইসলাম খ আকরাম খান
গ হাবিবুল বাশার ঘ নাঈমুর রহমান

ব্যাখ্যা ২০০০ সালের ১০ নভেম্বর ভারতের বিপক্ষে সর্বপ্রথম টেস্ট ম্যাচ খেলে বাংলাদেশ। নাইমুর রহমানের অধিনায়কত্বে অভিষেক টেস্টে প্রথম সেঞ্চুরি (১৪৫ রান) করেন আমিনুল ইসলাম বুলবুল।

২৩. আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি কে?
ক কোরেশী মাগন ঠাকুর খ মরদন
গ দৌলত কাজী ঘ আলাওল

ব্যাখ্যা আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি দৌলত কাজী চট্টগ্রামের রাউজান উপজেলার অন্তর্গত সুলতানপুর গ্রামে জন্মগ্রহণ করে। মধ্যযুগে বাংলা রোমান্টিক কাব্যধারার পথিকৃৎ দৌলত কাজীর কাব্যের নাম— সতীময়না ও লোরচন্দ্রানী।

২৪. He is holding — honorary post.
ক a খ an গ the ঘ no article

ব্যাখ্যা 'H'-এর উচ্চারণ যদি 'অ'-এর মতো হয় তাহলে ঐ শব্দের পূর্বে an বসবে। যেমন– He is an honorary man।

২৫. Find out the antonym of the words underlined in the following sentence : She used to disparage her neighbour every now and then.
ক please খ praise গ belittle ঘ denigrate

উত্তর

১১	খ
১২	খ
১৩	ক
১৪	গ
১৫	ক
১৬	ক
১৭	ক
১৮	খ
১৯	খ
২০	খ
২১	গ
২২	ক
২৩	গ
২৪	খ
২৫	খ

ব্যাখ্যা She used to disparage her neighbour every now and then– যে মাঝে মাঝে তার প্রতিবেশীকে তাচ্ছিল্য করে কথা বলত। প্রদত্ত বাক্যে disparage অর্থ অবজ্ঞা করা, তাচ্ছিল্য করে কথা বলা। তাছাড়া please–সন্তুষ্ট করা, belittle– খাটো করা, ছোট করা, denigrate–কলঙ্কিত করা।

২৬. $\log_a 2 \times \log_2 4 \times \log_2 C$ = কত?
ক 1 খ 0 গ $\log \frac{c}{a}$ ঘ $2\log_a c$

ব্যাখ্যা
$\log_a 2 \times \log_2 4 \times \log_2 c$
$= \log_a 4 \times \log_2 c$
$= \log_a 2^2 \times \log_2 c$
$= 2\log_a 2 \times \log_2 c$
$= 2\log_a c$

২৭. 'পথের দাবী' উপন্যাসের রচয়িতা কে?
ক সত্যেন সেন খ সুকান্ত ভট্টাচার্য
গ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ মানিক বন্দ্যোপাধ্যায়

ব্যাখ্যা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'পথের দাবী' (১৯২৬) একটি রাজনৈতিক উপন্যাস। উপন্যাসটি সরকার কর্তৃক নিষিদ্ধ হয়। তার উল্লেখযোগ্য উপন্যাস : গৃহদাহ, দত্তা, শেষের পরিচয়, শেষপ্রশ্ন, বামুনের মেয়ে ইত্যাদি।

২৮. কোন দেশের পুরাতন নাম আবিসিনিয়া?
ক লিবিয়া খ মিশর গ ইথিওপিয়া ঘ ইরাক

ব্যাখ্যা ইথিওপিয়ার পূর্বনাম ছিলো আবিসিনিয়া। ইরাকের পূর্বনাম– মেসোপটেমিয়া, মিশর-ইজিপ্ট, লিবিয়া–ত্রিপলি।

২৯. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে নাগরিক ও সরকারী কর্মচারীদের কর্তব্য কোন অনুচ্ছেদে বর্ণনা করা হয়েছে?
ক অনুচ্ছেদ ২০ খ অনুচ্ছেদ ২১
গ অনুচ্ছেদ ২২ ঘ অনুচ্ছেদ ২৩

ব্যাখ্যা সংবিধানের ২১ নং অনুচ্ছেদে নাগরিক ও সরকারী কর্মচারীদের কর্তব্যের কথা বলা হয়েছে। ২১(২) অনুচ্ছেদে বলা হয়েছে– 'সকল সময়ে সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য'।

৩০. ঢাকায় কবে প্রথম সাফ গেমস অনুষ্ঠিত হয়?
ক ১৯৮৪ খ ১৯৮৫ গ ১৯৮৬ ঘ ১৯৮৭

ব্যাখ্যা ১৯৮৪ সালে নেপালের কাঠমান্ডুতে প্রথম সাফ গেমস অনুষ্ঠিত হয়। ১৯৮৫ সালে সাফ গেমসের দ্বিতীয় আসর ঢাকায় প্রথমবারের মতো অনুষ্ঠিত হয়। প্রতি দুই বছর অন্তর আয়োজিত এই 'সাফ গেমস'-এর নাম ২০০৬ সালে এস এ গেমস বা সাউথ এশিয়ান গেমস করা হয়।

৩১. কোনটি শুদ্ধ বানান?
ক সান্তনা খ সমিচীন গ ইতিমধ্যে ঘ সান্ত্বনা

ব্যাখ্যা সান্ত্বনা, সমিচীন ও ইতিমধ্যে বানানগুলোর শুদ্ধ রূপ যথাক্রমে সান্ত্বনা, সমীচীন ও ইতোমধ্যে। গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান— প্রাণিবিদ্যা, মন্ত্রিসভা, শিরশ্ছেদ, ইতঃপূর্বে।

৩২. We worked hard — succeeding in the test.
ক for খ to গ on ঘ with a view to

ব্যাখ্যা With a view to (উদ্দেশ্য) + v + ing।

৩৩. 'তাপ' শব্দের বিপরীতার্থক কোনটি?
ক শীতল খ শৈত্য গ উত্তাপ ঘ হিম

ব্যাখ্যা 'তাপ' শব্দের বিপরীতার্থক শব্দ— 'শৈত্য'। গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ : উদ্ধত — বিনীত, বিপন্ন — নিরাপদ, আশু — বিলম্ব, চাক্ষুস — অগোচর।

৩৪. বাংলাদেশের প্রথম মহিলা রাষ্ট্রদূত কে?
ক তাহমিনা হক ডলি খ জাকিয়া আক্তার
গ সুরাইয়া বেগম ঘ মাহমুদা হক চৌধুরী

ব্যাখ্যা বাংলাদেশের প্রথম মহিলা রাষ্ট্রদূত মাহমুদা হক চৌধুরী। তবে বাংলাদেশের প্রথম মহিলা কূটনীতিবিদ তাহমিনা হক ডলি।

৩৫. ১ + ২ + ২² + ... n সংখ্যক পদ পর্যন্ত = কত?
ক $2^n - 1$ খ $2^{n-1} - 1$ গ $1 - 2^n$ ঘ $\frac{1}{2^n}$

[Note : Option ক-তে $2^n - 1$ না হয়ে $2^n - 1$ হবে]

ব্যাখ্যা ১ম পদ = $2^{1-1} = 2^0 = 1$
২য় পদ = $2^{2-1} = 2$
৩য় পদ = $2^{3-1} = 2^2$
∴ nতম পদ = 2^{n-1}

৩৬. Φ = {x : $x^3 = 9$ এবং x জোড় সংখ্যা} এই সেটটিকে কি সেট বলা হয়?
ক উপসেট (Sub set) খ অসীম সেট (Infinite set)
গ ফাঁকা সেট (Null set) ঘ শক্তি সেট (Power set)

[Note : প্রশ্নে x^3 এর স্থলে x^2 হবে।]

ব্যাখ্যা $x^2 = 9$ হলে $x = 3$ যা বিজোড় সংখ্যা।
∴ Φ = { }
অতএব সেটটিকে ফাঁকা সেট বলে।

৩৭. সঠিক প্রকৃতি + প্রত্যয় নিষ্পন্ন হয়েছে কোনটিতে?
ক ভাস + স্বর = ভাস্বর খ ভাস + বর = ভাস্বর
গ ভাস + অর = ভাস্বর ঘ ভাস + সর = ভাস্বর

ব্যাখ্যা 'ভাস্বর' একটি সংস্কৃত বা তৎসম শব্দ যার প্রকৃতি ও প্রত্যয় হলো ভাস্ + বর।

৩৮. বাংলা ভাষায় ব্যঞ্জনবর্ণ কয়টি?
ক ২৯টি খ ৩৩টি গ ১৯টি ঘ ৪৯টি

ব্যাখ্যা বাংলা বর্ণমালার ৫০টি বর্ণের মধ্যে ব্যঞ্জনবর্ণ ৩৯টি। ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম— অনুবর্ণ। ব্যঞ্জবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয়— ফলা।

৩৯. স্বর্ণের গহনা তৈরির সময় স্বর্ণকারগণ কোন এসিড ব্যবহার করেন?
ক নাইট্রিক এসিড খ হাইড্রোক্লোরিক এসিড
গ সালফিউরিক এসিড ঘ নাইট্রাস-এসিড

ব্যাখ্যা স্বর্ণের গহনা তৈরির সময় তা থেকে খাদ বের করার জন্য নাইট্রিক এসিড (HNO_3) ব্যবহার করা হয়। তবে স্বর্ণের সৌন্দর্য বাড়ানোর জন্য সালফিউরিক এসিডও (H_2SO_4) ব্যবহার করা হয়।

৪০. 'মহুয়া' পালার কবি কে?
ক দ্বিজ ঈশান খ মনসুর বয়াতি
গ চন্দ্রকুমার ঘ দ্বিজ কানাই

উত্তর

২৬	ঘ
২৭	গ
২৮	গ
২৯	খ
৩০	খ
৩১	ঘ
৩২	ঘ
৩৩	খ
৩৪	ঘ
৩৫	Note
৩৬	Note
৩৭	খ
৩৮	খ
৩৯	ক
৪০	ঘ

CamScanner

ব্যাখ্যা 'মহুয়া' পালার রচয়িতা দ্বিজ কানাই। অন্যদিকে 'দেওয়ানা মদিনা'র রচয়িতা মনসুর বয়াতি। চন্দ্রকুমার দে মৈমনসিংহ গীতিকাগুলো সম্মাহ করেন।

৪১. দুটি সংখ্যার গ.সা.গু. ১৬ এবং ল.সা.গু. ১৯২। একটি সংখ্যা ৪৮ হলে অপর সংখ্যাটি কত?
ক ৬০ খ ৬২ গ ৬৪ ঘ ৬৮

ব্যাখ্যা অপর সংখ্যা $= \frac{\text{ল.সা.গু.} \times \text{গ.সা.গু.}}{\text{প্রদত্ত সংখ্যা}}$
$= \frac{১৬ \times ১৯২}{৪৮}$
$= ৬৪$

৪২. দেশের প্রথম কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু-১ কোন মহাকাশযানে উৎক্ষেপণ করা হয়?
ক ফ্যালকন-৫ খ ফ্যালকন-৯
গ নভোতরী-১০ ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা ১২ মে ২০১৮ দেশের প্রথম কৃত্রিম উপগ্রহ 'বঙ্গবন্ধু-১' যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা থেকে স্পেসএক্সের 'ফ্যালকন-৯' রকেটে করে ১১৯ দশমিক ১ পূর্ব দ্রাঘিমার অরবিটাল স্লটে উৎক্ষেপণ করা হয়।

৪৩. বাংলাদেশের প্রথম শ্বেতাবপ্রাপ্ত গ্রান্ডমাস্টার কে?
ক রিফাত বিন সাত্তার খ এনামুল হক রাজিব
গ নিয়াজ মোরশেদ ঘ জিয়াউর রহমান

ব্যাখ্যা দক্ষিণ এশিয়া তথা বাংলাদেশের প্রথম শ্বেতাবপ্রাপ্ত গ্রান্ডমাস্টার হলেন নিয়াজ মোরশেদ। ১৯৮৭ সালে বিশ্ব দাবা সংস্থা নিয়াজ মোরশেদকে মাত্র ২১ বছর বয়সে গ্র্যান্ডমাস্টারের (জিএম) মর্যাদা দেয়। বর্তমানে বাংলাদেশে গ্র্যান্ডমাস্টার দাবাড়ু ৫ জন এবং সর্বশেষ এনামুল হোসেন রাজীব (২০০৮)।

৪৪. Identify the incorrect word/phrase indicated by A, B, C or D in the following sentence :
Jahanara had (A) better to change (B) her subject if (C) she plans to be admitted (D) to a good university.
ক had খ to change
গ if ঘ to be admitted

ব্যাখ্যা Had better-এর পর verb-এর base form বসে। এটির পরে to ব্যবহার ভুল। তাই অপশন (খ) সঠিক উত্তর।

৪৫. কত ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রাকে পরমশূন্য তাপমাত্রা বলা হয়?
ক ০° সেলসিয়াস খ – ৪° সেলসিয়াস
গ – ২৭৩° সেলসিয়াস ঘ – ২৭১° সেলসিয়াস

ব্যাখ্যা – ২৭৩° সেলসিয়াস বা ০ কেলভিনকে পরম শূন্য তাপমাত্রা ধরা হয়। গাণিতিকভাবে পরম শূন্য তাপমাত্রায় বস্তুর আয়তন শূন্য হয়। তাত্ত্বিকভাবে পরম শূন্যের নিচে কোনো তাপমাত্রা থাকা সম্ভব নয়।

৪৬. 'Bureau' is originally a/an — word.
ক English খ German গ Dutch ঘ French

ব্যাখ্যা Bureau উৎপত্তিগতভাবে French word যার অর্থ drawers আছে এমন টেবিল অথবা যার উপর লেখা হয় এমন টেবিল। বর্তমানে bureau অর্থ অফিস অথবা সরকারি কোনো বিভাগ।

৪৭. রক্তশূন্যতা দেখা দেয় নিচের কোনটির অভাবে?
ক আয়রন খ ভিটামিন-এ গ ক্যালসিয়াম ঘ আয়োডিন

ব্যাখ্যা আয়রন বা লৌহ উপাদানের অভাবের কারণে রক্তশূন্যতা দেখা দেয়। রক্তের লোহিত কণিকার হিমোগ্লোবিন তৈরিতে লৌহ বা আয়রন ব্যবহৃত হয়। এছাড়াও ভিটামিন বি-১২ ও ফলিক এসিডের ঘাটতি হলেও রক্তশূন্যতা দেখা দেয়।

৪৮. ১১ জুলাই ২০২১ কোন ধনাঢ্য ব্যক্তি প্রথমবারের মত মহাকাশে ঘুরে আসেন?
ক বিল গেটস খ এলন মাস্ক
গ রিচার্ড ব্রানসন ঘ জেফ বেজোস

ব্যাখ্যা ১১ জুলাই ২০২১ মহাকাশে ঘুরে আসেন ব্রিটিশ ধনকুবের ভার্জিন গ্যালাকটিকের প্রতিষ্ঠাতা রিচার্ড ব্রানসন। এছাড়া ২১ জুলাই ২০২১, ১১ মিনিটের জন্য মহাকাশ ভ্রমণ করেন অ্যামাজন, ব্লু অরিজিনসহ ১৫টি প্রতিষ্ঠানের মালিক জেফ বেজোস।

৪৯. কম্পিউটার ভাইরাস কি?
ক একটি ক্ষতিকারক জীবাণু খ একটি ক্ষতিকারক সার্কিট
গ একটি ক্ষতিকারক ডিভাইস ঘ একটি ক্ষতিকারক প্রোগ্রাম

ব্যাখ্যা কম্পিউটার ভাইরাস একটি ক্ষতিকারক কম্পিউটার প্রোগ্রাম বা ফাইল যা ব্যবহারকারীর অনুমতি ছাড়াই কম্পিউটারকে সংক্রমিত করে। VIRUS-এর পূর্ণরূপ- Vital Information Resources Under Seige। কিছু কম্পিউটার ভাইরাসের মধ্যে রয়েছে— I LOVE YOU, Morris Worm, Nimda ইত্যাদি।

৫০. 'পঞ্চগ্রাম' উপন্যাস কে লিখেছেন?
ক সৈয়দ মুজতবা আলী খ মানিক বন্দ্যোপাধ্যায়
গ শওকত ওসমান ঘ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

ব্যাখ্যা তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ত্রয়ী উপন্যাস হলো- ধাত্রীদেবতা, গণদেবতা ও পঞ্চগ্রাম। তার অন্যান্য উপন্যাস- কবি, হাঁসুলী বাঁকের উপকথা, চৈতালী ঘূর্ণি ইত্যাদি।

৫১. The weather (be) bad, we cannot go out.
ক is খ was গ been ঘ being

ব্যাখ্যা প্রদত্ত বাক্যে কমার পরের অংশে দেখা যাচ্ছে present indefinite তাই আগের অংশটিও present indefinite হবে। সুতরাং sub যেহেতু third person singular number তাই (ক) is সঠিক উত্তর।

৫২. নিচের কোন সংখ্যাটি অমূলদ নয়?
ক $\sqrt[3]{8}$ খ $\sqrt{12}$ গ $\sqrt{18}$ ঘ $\sqrt{27}$

ব্যাখ্যা অপশন (ক)-তে $\sqrt[3]{8} = \sqrt[3]{2^3} = 2$; যা মূলদ সংখ্যা
অপশন (খ)-তে $\sqrt{12} = 2\sqrt{3}$; যা অমূলদ "
অপশন (গ)-তে $\sqrt{18} = 3\sqrt{2}$; " " "
অপশন (ঘ)-তে $\sqrt{27} = 3\sqrt{3}$; " " "

৫৩. জিব্রাল্টার প্রণালী কোন কোন দেশকে পৃথক করেছে?
ক পর্তুগাল ও মরক্কো খ মৌরিতানিয়া ও স্পেন
গ আলবেনিয়া ও স্পেন ঘ মরক্কো ও স্পেন

ব্যাখ্যা ভূমধ্যসাগর এবং আটলান্টিক মহাসাগরকে সংযোগকারী বিশ্বের গুরুত্বপূর্ণ প্রণালি জিব্রাল্টার যা ইউরোপীয় দেশ স্পেন ও আফ্রিকার দেশ মরক্কোকে পৃথক করেছে। জিব্রাল্টার উপদ্বীপের নামানুসারে এ প্রণালির নামকরণ করা হয়েছে এবং এ প্রণালি দিয়ে প্রতি বছর ১ লাখ ২০ হাজার জাহাজ চলাচল করে।


৫৪. WTO প্রতিষ্ঠিত হয় কবে?
ক ১৯৪৮ খ ১৯৭১ গ ১৯৮৫ ঘ ১৯৯৫

ব্যাখ্যা World Trade Organization (WTO) বা বিশ্ব বাণিজ্য সংস্থা ১ জানুয়ারি ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়। GATT (General Agreement or Tariffs and Trade)-এর উত্তরসূরী প্রতিষ্ঠান হলো WTO যার সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।

৫৫. 'অপরের ধন'-এর এককথায় প্রকাশ কী?
ক অনাদি খ পরস্ব গ অনাস্থা ঘ অনার্জিত

ব্যাখ্যা অপরের ধন বা সম্পদ— পরস্ব। অন্যদিকে আস্থার অভাব— অনাস্থা, যা চিরকালীন/শাশ্বত— অনাদি। কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ : মেঘের ধ্বনি— জীমূতমন্দ্র, যে মেয়ের বিয়ে হয়নি— অনূঢ়া, যা দমন করা কষ্টকর— দুর্দমনীয়।

৫৬. নিচের কোনটি সঠিক?
ক অর্ধবৃত্তস্থ কোণ এক সরল কোণের সমান
খ অর্ধবৃত্তস্থ কোণ সমকোণের সমান
গ অর্ধবৃত্তস্থ কোণ সর্বদাই একটি সূক্ষ্মকোণ
ঘ অর্ধবৃত্তস্থ কোণের কোনো নির্দিষ্ট আকার নেই

ব্যাখ্যা 

বৃত্তের অর্ধেক চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণকে অর্ধবৃত্তস্থ কোণ বলে। চিত্রে O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে ∠ABC একটি অর্ধবৃত্তস্থ কোণ।
অর্ধবৃত্তস্থ কোণ সর্বদা ৯০ ডিগ্রি বা সমকোণ হয়।

৫৭. Fill in the blank with the correct word/phrase. If you had come in time, I —.
ক will go খ would go
গ should go ঘ would have gone

ব্যাখ্যা Conditional sentence-এর নিয়ম অনুযায়ী if যুক্ত অংশটি past perfect হলে অপর অংশটি হবে sub + would have + v_3 + বাকি অংশ। তাই (ঘ) would have gone সঠিক উত্তর।

৫৮. The bus — arrives late during bad weather.
ক used to খ everyday গ always ঘ today

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটি present indefinite-এ আছে। তাই always বসানো যুক্তিযুক্ত। তাছাড়া, used to ব্যবহৃত হয় কোনো কাজ আগে নিয়মিত করা হতো এমন বোঝাতে। Everyday বসবে না কারণ বাক্যটি during bad weather থাকায়।

৫৯. 'কক্ষে পাওয়া' বাগধারার অর্থ কী?
ক পাত্তা পাওয়া খ টাকা পাওয়া
গ সম্মান পাওয়া ঘ পদোন্নতি পাওয়া

ব্যাখ্যা আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা : ধর্মের ষাঁড়— স্বেচ্ছাচারী, বক ধার্মিক—ভণ্ড সাধু, অন্তর টিপুনী— গোপন কথা, ধোপদুরস্ত— পরিপাটি।

৬০. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় জাতিসংঘে তৎকালীন সোভিয়েত ইউনিয়নের প্রতিনিধি কে ছিলেন?
ক আলেক্সি কোসিগিন খ নিকোলাই টিখোনোভ
গ ইয়াকফ মালিক ঘ আঁদ্রে গ্রোমিকো

ব্যাখ্যা স্বাধীনতা যুদ্ধের সময় জাতিসংঘে সোভিয়েত ইউনিয়নের স্থায়ী প্রতিনিধি ছিলেন রাষ্ট্রদূত ইয়াকফ মালিক এবং ভারতের প্রতিনিধি ছিলেন সমর সেন। তৎকালীন সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট ছিলেন নিকোলাই পদগর্নি, প্রধানমন্ত্রী অ্যালেক্সেই কোসিগিন।


৬১. আলালের ঘরের দুলাল কার রচনা?
ক টেকচাঁদ ঠাকুর খ রামরাম বসু
গ কালিপ্রসন্ন সিংহ ঘ রামগতি ন্যায়রত্ন

ব্যাখ্যা বাংলা ভাষার প্রথম উপন্যাস 'আলালের ঘরের দুলাল' (১৮৫৮)-এর রচয়িতা— প্যারীচাঁদ মিত্র (টেকচাদ ঠাকুর ছদ্মনামে 'মাসিক' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশ)। অন্যদিকে বাঙালি রচিত বাংলা সাহিত্যের প্রথম মুদ্রিত গ্রন্থের নাম—'রাজাপ্রতাপাদিত্য চরিত্র' (১৮০১)। কালীপ্রসন্ন সিংহর বিখ্যাত উপন্যাস— 'হুতোম প্যাঁচার নকশা' (১৮৬২)।

৬২. বাংলাদেশের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা আমি তোমায় .... ' রচিত হয় বাংলা কোন সনে?
ক ১৩১০ খ ১৩১৫ গ ১৩১২ ঘ ১৩১৪

ব্যাখ্যা 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' গানটির গীতিকার ও সুরকার রবীন্দ্রনাথ ঠাকুর। এ গানের প্রথম ১০ পঙ্‌ক্তি বাংলাদেশের জাতীয় সঙ্গীত। গানটি প্রথম প্রকাশিত হয় ১৯০৫ সালে 'বঙ্গদর্শন' পত্রিকায়।

৬৩. বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি—
ক ৩৬০° খ ২৭০° গ ৯০° ঘ ১৮০°

ব্যাখ্যা 

বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি ১৮০°।

৬৪. 'চর্যাপদ' কত সালে আবিষ্কৃত হয়?
ক ১৮০৭ খ ১৯০৭ গ ১৯০৯ ঘ ১২০৭

ব্যাখ্যা ড. হরপ্রসাদ শাস্ত্রী বাংলা ভাষার প্রথম গ্রন্থ 'চর্যাপদ' নেপালের রাজদরবারের গ্রন্থাগার হতে ১৯০৭ সালে আবিষ্কার করেন। মাত্রাবৃত্ত ছন্দে লেখা চর্যাপদের মূল নাম— চর্যাচর্যবিনিশ্চয়।

উত্তর

৪১ গ	৫৩ ঘ
৪২ খ	৫৪ ঘ
৪৩ গ	৫৫ খ
৪৪ খ	৫৬ খ
৪৫ গ	৫৭ ঘ
৪৬ ঘ	৫৮ গ
৪৭ ক	৫৯ ক
৪৮ গ	৬০ গ
৪৯ ঘ	৬১ ক
৫০ ঘ	৬২ গ
৫১ ক	৬৩ ঘ
৫২ ক	৬৪ খ

CamScanner

৬৫. William Shakespeare is known mostly for his—
ⓚ poetry ⓛ novels ⓜ prose ⓝ plays

ব্যাখ্যা: *William Shakespeare (1564-1616) ছিলেন মূলত dramatist। তিনি Elizabethan যুগ (1558-1603)-এর বিখ্যাত নাটককার। So, he is known mostly for his (ঘ) plays।*

৬৬. Which one is correct in meaning? 'To read between the lines' means—
ⓚ To concentrate ⓛ To read carefully
ⓜ To suspect ⓝ To grasp the hidden meaning

ব্যাখ্যা: *'To read between the lines' phraseটির অর্থ • হলো to grasp the hidden meaning অর্থাৎ ভালো করে লুকায়িত অর্থ খুঁজে বুঝা।*

৬৭. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?
ⓚ বর্ণ ⓛ শব্দ ⓜ ধ্বনি ⓝ বাক্য

ব্যাখ্যা: *বাগযন্ত্রের দ্বারা উচ্চারিত অর্থবোধক ধ্বনির সাহায্যে মনুষের মনের ভাব প্রকাশের মাধ্যমকে ভাষা বলে। ভাষার ক্ষুদ্রতম একক হলো 'ধ্বনি'। এটা ভাষার মৌলিক অংশ। ধ্বনির লিখিত রূপ হলো 'বর্ণ'। ধ্বনি চেনার স্মারক বা চিহ্ন বা প্রতীকই বর্ণ। এক প্রয়াসে উচ্চারিত ধ্বনিসমষ্টিকে অক্ষর বলে। বাক্যের ক্ষুদ্রতম একক বা অংশকে শব্দ বলে। তবে, শব্দ হতে হলে অবশ্যই তা অর্থবোধক হতে হবে।*

৬৮. জাতীয় পাট দিবস কবে?
ⓚ ০৬ মার্চ ⓛ ০৮ মার্চ ⓜ ১৬ মার্চ ⓝ ১৮ মার্চ

ব্যাখ্যা: *জাতীয় পাট দিবস ৬ মার্চ। ২০২২ সালে পাট দিবসের প্রতিপাদ্য– 'সোনালী আঁশের সোনার দেশ, পরিবেশ বান্ধব বাংলাদেশ।'*

৬৯. Let us go for a walk — the river.
ⓚ across ⓛ through ⓜ along ⓝ over

ব্যাখ্যা: *সাধারণত কোনো নির্দিষ্ট পয়েন্টের দিকে বোঝাতে along ব্যবহৃত হয়। যেমন– Let us go for a walk along the river। তাছাড়া আড়াআড়িভাবে অতিক্রম করা বুঝাতে across ব্যবহৃত হয়, through মধ্য দিয়ে যাওয়া বুঝাতে এবং over উপর দিয়ে অস্পর্শ অবস্থায় অতিক্রম করা বোঝাতে ব্যবহৃত হয়।*

৭০. The word subterfuge means—
ⓚ subtlety ⓛ trickery ⓜ simplicity ⓝ naive

ব্যাখ্যা: *Subterfuge অর্থ কোনো বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য ছল-চাতুরী, ধোকার আশ্রয় নেয়া। তাই trickery (চালাকী) হলো এর synonym বা অর্থ। Subtlety–সূক্ষ্মতা, simplicity– সরলতা, naive– সাদাসিধা, শিশুসুলভ।*

৭১. GMT বা গ্রিনিচমান সময়ের সাথে বাংলাদেশের সময়ের পার্থক্য কত ঘন্টা?
ⓚ ৬ ঘন্টা ⓛ ৮ ঘন্টা ⓜ ১০ ঘন্টা ⓝ ৫ ঘন্টা

ব্যাখ্যা: *GMT বা Greenwich Mean time অনুযায়ী বাংলাদেশের সময়ের পার্থক্য ৬ ঘন্টা আগে। গ্রিনিচ শহরের ওপর দিয়ে ০° ডিগ্রি দ্রাঘিমা নির্ধারণ করা হয়েছে, যা থেকে পৃথিবীর সব জায়গার সময় নির্ধরণ করা। ১° ডিগ্রির জন্য সময়ের ব্যবধান ৪ মিনিট। বাংলাদেশ গ্রিনিচ থেকে ৯০° পূর্বে অবস্থিত হওয়ায় সময়ের ব্যবধান ৯০° × ৪ = ৩৬০ মিনিট বা ৬ ঘন্টা।*

৭২. 'সমকাল' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
ⓚ মোহাম্মদ আকরাম খাঁ ⓛ তফাজ্জল হোসেন
ⓜ মোহাম্মদ নাসির উদ্দিন ⓝ সিকান্দার আবু জাফর

ব্যাখ্যা: *মোহাম্মদ আকরম খাঁ সম্পাদিত পত্রিকা : দৈনিক আজাদ, দৈনিক/সাপ্তাহিক/মাসিক মোহাম্মদী। তফাজ্জল হোসেন মানিক মিয়া সম্পাদিত পত্রিকা : দৈনিক ইত্তেফাক। মোহাম্মদ নাসিরউদ্দীন সম্পাদিত পত্রিকা : সওগাত। সিকান্দার আবু জাফর সম্পাদিত পত্রিকা : সমকাল।*

৭৩. Identify the correct sentence :
ⓚ Kamal takes pride for wealth.
ⓛ Kamal takes pride at wealth.
ⓜ Kamal takes pride from wealth.
ⓝ Kamal takes pride in wealth.

ব্যাখ্যা: *Take pride in অর্থ গর্ববোধ করা। Appropriate preposition হলো pride-এর সাথে in। তাই অপশন (ঘ) সঠিক।*

৭৪. It was long since we — you last.
ⓚ meet ⓛ had met
ⓜ met ⓝ would meet

ব্যাখ্যা: *Since-এর আগের অংশ past indefinite হলে, পরের অংশ past perfect হয়।*

৭৫. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর'— এখানে টাপুর টুপুর কোন পদ?
ⓚ বিশেষ্য ⓛ বিশেষণ ⓜ ক্রিয়া ⓝ অব্যয়

ব্যাখ্যা: *'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' বাক্যটির টাপুর টুপুর অব্যয়ের দ্বিরুক্ত শব্দ। শব্দটি দ্বারা ধ্বনিব্যঞ্জনা প্রকাশ করেছে।*

৭৬. Synonym of CONSOLIDATE is —
ⓚ Contrive ⓛ Connive ⓜ Unite ⓝ Conspire

ব্যাখ্যা: *Consolidate (দৃঢ়করা, একত্র করা)-এর synonym হলো unite (একত্র করা)।*

৭৭. ১, ২, ৩, ৪ ..... ১০০ পর্যন্ত সংখ্যাগুলো যোগফল কত?
ⓚ ৫৫০০ ⓛ ৫০৫০ ⓜ ৫০০৫ ⓝ ৫৫০

ব্যাখ্যা:

nতম পদের যোগফল $= \frac{n(n+১)}{২}$

১০০তম " " $= \frac{১০০(১০০+১)}{২}$

$= ৫০ \times ১০১$

$= ৫০৫০$

৭৮. $x^2+1=\sqrt{2}x$ হলে $x^2+\frac{1}{x^2}=$ কত?
ⓚ 2 ⓛ 1 ⓜ 0 ⓝ 3

ব্যাখ্যা: $x^2+1=\sqrt{2}x$

বা, $x+\frac{1}{x}=\sqrt{2}$

তাহলে, $x^2+\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}$

$=(\sqrt{2})^2-2$

$=2-2=0$

৭৯. কোন সনে সুয়েজ খালের খনন কাজ শেষ করা হয়?
ⓚ ১৮৬০ ⓛ ১৯৬৫ ⓜ ১৮৬৭ ⓝ ১৮৬৯

ব্যাখ্যা: *মিসরে অবস্থিত সুয়েজ খাল খনন শুরু হয় ২৫ এপ্রিল ১৮৫৯। প্রায় ১১ বছর খনন করার পর, সুয়েজ খালের উদ্বোধন করা হয় ২৫ এপ্রিল ১৮৬৯। মিসর খালটি জাতীয়করণ করে ২৬ জুলাই ১৯৫৬। উল্লেখ্য, সুয়েজ খাল ভূমধ্যসাগর ও লোহিত সাগরকে যুক্ত করেছে।*

৮০. Find the correct one : He is coming back—.
ⓚ on next Thursday ⓛ at next Thursday
ⓜ in next Thursday ⓝ next Thursday

ব্যাখ্যা: *কোনো নির্দিষ্ট দিন বা তারিখের পূর্বে on বসে।*

৮১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছাড়া আর কতজন আওয়ামী লীগ নেতার নাম রয়েছে?
ⓚ ১ জন ⓛ ২ জন
ⓜ ৩ জন ⓝ অন্য কারো নাম নেই

ব্যাখ্যা: *স্বাধীনতার ঘোষণাপত্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছাড়া আওয়ামী লীগের দুইজনের নাম উল্লেখ রয়েছে। এরা হলেন সৈয়দ নজরুল ইসলাম এবং অধ্যাপক এম. ইউসুফ আলী।*

৮২. ঢাকার মিরপুরের শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের স্থপতি কে?
ⓚ শামীম শিকদার ⓛ হামিদুজ্জামান খান
ⓜ মঈনুল হোসেন ⓝ মোস্তফা হারুন কুদ্দুস

ব্যাখ্যা: *১৪ ডিসেম্বর ১৯৭১ আল বদর বাহিনীর হাতে নিহত বুদ্ধিজীবীদের স্মরণে নির্মিত শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের স্থপতি মোস্তফা হারুন কুদ্দুস হিলি। এছাড়া রায়ের বাজার স্মৃতিসৌধের স্থপতি ফরিদ ইউ আহমেদ ও জামি আল শফি।*

৮৩. সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র কোথায় অবস্থিত?
ⓚ থিম্পু ⓛ কাঠমুন্ডু ⓜ নয়াদিল্লী ⓝ ইসলামাবাদ

ব্যাখ্যা: *২০০৬ সালে প্রতিষ্ঠিত সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র ভারতের নয়াদিল্লিতে স্থাপিত হলেও বর্তমানে-এর অবস্থান ভারতের গুজরাটের গান্ধিনগরে। এছাড়া সার্ক কৃষি তথ্য কেন্দ্র– ঢাকায় এবং সাংস্কৃতিক কেন্দ্র কলম্বোতে অবস্থিত।*

৮৪. $\log_e\sqrt{x}+\log_e\sqrt[3]{x}+\log_e\sqrt[4]{x}=$ কত?
ⓚ $\frac{13}{12}\log_e x$ ⓛ $\log_e x$
ⓜ $\frac{1}{2}\log_e x$ ⓝ $\log_e\sqrt{x}$

ব্যাখ্যা: $\log_e\sqrt{x}+\log_e\sqrt[3]{x}+\log_e\sqrt[4]{x}$

$=\log_e(\sqrt{x}+\sqrt[3]{x}+\sqrt[4]{x})$

$=\log_e x^{\frac{1}{2}}.x^{\frac{1}{3}}.x^{\frac{1}{4}}$

$=\log_e x^{\frac{1}{2}+\frac{1}{3}+\frac{1}{4}}$

$=\log_e x^{\frac{6+4+3}{12}}$

$=\log_e x^{\frac{13}{12}}$

$=\frac{13}{12}\log_e x$

৮৫. একটি বৃত্তের পরিধি ৪৪ সে.মি. হলে বৃত্তটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?
ⓚ ১৭৬ বর্গ সে. মি. ⓛ ১৫৪ বর্গ সে. মি.
ⓜ ১৪৪ বর্গ সে. মি. ⓝ ১৩২ বর্গ সে. মি.

ব্যাখ্যা: বৃত্তের পরিধি $= ৪৪$ সে.মি.

বা, $২\pi = ৪৪$

বা, $\pi = \frac{৪৪}{২\pi}$

$\therefore \pi = \frac{২২}{\pi}$ সে. মি.

$\therefore$ বৃত্তটির ক্ষেত্রফল $= \pi r^2$

$= \pi \times (\frac{২২}{\pi})^2$

$= ১৫৪.১৪$ বর্গ সে.মি.

৮৬. একটি অষ্টভুজ ক্ষেত্রের অন্তস্থ:কোণের পরিমাণ কত সমকোণ?
ⓚ ১৬ সমকোণ ⓛ ১২ সমকোণ
ⓜ ৮ সমকোণ ⓝ ৬ সমকোণ

ব্যাখ্যা: $\theta = \frac{n-২}{n} \times ১৮০$

$= \frac{৮-২}{৮} \times ১৮০$

$= \frac{৬}{৮} \times ১৮০$

একটি কোণের পরিমাণ $= \frac{৬}{৮} \times ১৮০$

$\therefore$ ৮টি " " $= \frac{৬}{৮} \times ১৮০ \times ৮$

$= ৬ \times ১৮০$

$= ১২$ সমকোণ

৮৭. Cynophobia কী?
ⓚ Fear of gravity ⓛ Fear of pain
ⓜ Fear of spider ⓝ Fear of dogs

ব্যাখ্যা: *Cynophobia is fear of dogs.*

৮৮. বাক্যের ৩টি গুণ কী কী?
ⓚ আকাঙ্ক্ষা, আসত্তি ও বিধেয় ⓛ যোগ্যতা, উদ্দেশ্য ও বিধেয়
ⓜ আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা: *ভাষার বিচারে বাক্যের ৩টি গুণ থাকা আবশ্যক— ১. আকাঙ্ক্ষা, ২. আসত্তি ও ৩. যোগ্যতা।*

৮৯. $a+\frac{1}{a}=5$ হলে $\frac{a}{a^2+a+1}=$ কত?
ⓚ 25 ⓛ $\frac{1}{5}$ ⓜ $\frac{1}{6}$ ⓝ 30

উত্তর
৬৫ ঘ
৬৬ ঘ
৬৭ গ
৬৮ ক
৬৯ গ
৭০ খ
৭১ ক
৭২ ঘ
৭৩ ঘ
৭৪ খ
৭৫ ঘ
৭৬ গ
৭৭ খ
৭৮ গ
৭৯ ঘ
৮০ ক
৮১ খ
৮২ ঘ
৮৩ গ
৮৪ ক
৮৫ খ
৮৬ খ
৮৭ ঘ
৮৮ গ
৮৯ গ

CamScanner

ব্যাখ্যা $a+\frac{1}{a}=5$

বা, $\frac{a^2+1}{a}=5$

$\Rightarrow a^2+1=5a$

$\therefore \frac{a}{a^2+a+1}$

$=\frac{a}{a^2+1+a}$

$=\frac{a}{5a+a}$

$=\frac{a}{6a}=\frac{1}{6}$

৯০. 'স্বেচ্ছা'-এর সন্ধিবিচ্ছেদ কী?
ক স্ব+ইচ্ছা খ স্বে+ইচ্ছা গ স্ব+ঈচ্ছা ঘ স্বে+ঈচ্ছা

ব্যাখ্যা স্ব + ইচ্ছা = স্বেচ্ছা শব্দটি স্বরসন্ধি সাধিত। স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনি মিলে যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলে। আরো কয়েকটি গুরুত্বপূর্ণ স্বরসন্ধি হলো : সুধীন্দ্র, সতীশ, শ্রবণ, সূর্যোদয় ইত্যাদি।

৯১. He is— to— any kind of work with due sincerity.
ক fond, perform খ reluctant, entrust
গ determined, undertake ঘ willing, ignore

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটিতে (গ) determined ও undertake বসালে বাক্যটি অর্থ পূর্ণ হয়। He is determined ot undertake any kind of work with due sincerity অর্থাৎ যে-কোনো কাজের দায়িত্ব আন্তরিকতার সাথে নিতে সংকল্পবদ্ধ।

৯২. ১ ঘণ্টা ২০ মিনিট ৪ ঘণ্টার কত অংশ?
ক $\frac{১}{৩}$ অংশ খ $\frac{২}{৩}$ অংশ
গ $\frac{১}{৪}$ অংশ ঘ $\frac{৩}{৪}$ অংশ

ব্যাখ্যা ৪ ঘণ্টা = ৪ × ৬০ মিনিট = ২৪০ মিনিট
১ ঘণ্টা ২০ মি. = ৮০ মি.
তাহলে, ২৪০ এর x% = ৮০
বা, $২৪০ \times \frac{x}{১০০} = ৮০$
বা, $x = ৮০ \times \frac{১০০}{২৪০}$
বা, $x = \frac{১০০}{৩০}\%$
$\therefore x = \frac{১}{৩}$ অংশ

৯৩. বাংলাদেশে প্রথম কবে কাগজের নোট চালু করা হয়?
ক ৪ জানুয়ারি, ১৯৭২ খ ৪ ফেব্রুয়ারি, ১৯৭২
গ ৪ মার্চ, ১৯৭২ ঘ ৪ এপ্রিল, ১৯৭২

ব্যাখ্যা ১৯৭২ সালের ৪ মার্চ ১ ও ১০০ টাকার নোটের মধ্য দিয়ে বাংলাদেশে কাগজের নোট প্রচলন শুরু হয়। উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রা চালু হয় ১৮৫৭ সালে।

৯৪. P সংখ্যক সংখ্যার গড় M এবং Q সংখ্যক সংখ্যার গড় N হলে, সবগুলো সংখ্যার গড় কত?
ক $\frac{M+N}{2}$ খ $\frac{PM+QN}{2}$
গ $\frac{PM+QN}{P+Q}$ ঘ $\frac{PM+QN}{M+N}$

ব্যাখ্যা P সংখ্যক সংখ্যার যোগফল = PM
Q " " " = QN
মোট সংখ্যা = P + Q
$\therefore$ গড় $= \frac{PM+QN}{P+Q}$

৯৫. 'পতাকা' শব্দের সমার্থক কোনটি?
ক অর্ণব খ কেতন গ রাতুল ঘ দার

ব্যাখ্যা পতাকা শব্দের সমার্থক শব্দ— নিশান, কেতন, ধ্বজ, ঝান্ডা, ধ্বজা, বৈজয়ন্তী।

৯৬. 'কবর' নাটকটি কোন প্রেক্ষাপটে রচিত?
ক মুক্তিযুদ্ধ খ দুর্ভিক্ষ
গ দেশভাগ ঘ ভাষা আন্দোলন

ব্যাখ্যা মুনীর চৌধুরী রচিত ভাষা আন্দোলনভিত্তিক প্রথম নাটক হলো 'কবর'। তার আরও কয়েকটি নাটক হলো— রক্তাক্ত প্রান্তর (প্রথম নাটক), চিঠি, দণ্ডকারণ্য, পলাশী ব্যারাক ও অন্যান্য।

৯৭. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?
ক জননী খ কাঁদো নদী কাঁদো
গ রাইফেল রোটি আওরাত ঘ সংশপ্তক

ব্যাখ্যা 'রাইফেল রোটি আওরাত' আনোয়ার পাশা রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। মুক্তিযুদ্ধভিত্তিক আরো কিছু বিখ্যাত উপন্যাস— নিষিদ্ধ লোবান, জাহান্নাম হইতে বিদায়, আগুনের পরশমণি, দেয়াল, যাত্রা ইত্যাদি।

৯৮. GPRS-এর পূর্ণরূপ কী?
ক General Packet Radio Service
খ Global Protect Radiation Service
গ General Preference Radio Service
ঘ Global Packet Reminder Service

ব্যাখ্যা সেলুলার ও wireless নেটওয়ার্কের জন্য প্যাকেট সুইচিং প্রটোকল হলো GPRS (General Packet Radio Service)।

৯৯. William Wordsworth is a —
ক classical poet খ Victorian poet
গ romantic poet ঘ Elizabethan poet

ব্যাখ্যা William Wordsworth (1770–1850) হলেন Romantic Age (1798–1832)-এর অন্যতম প্রধান রোমান্টিক কবি। 1798 সালে তার 'Lyrical Ballads' প্রকাশের মধ্য দিয়ে ইংরেজি সাহিত্যে রোমান্টিক যুগের সূচনা হয়।

১০০. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুটি কত?
ক ৭ ও ১১ খ ১২ ও ১৮ গ ১০ ও ২৪ ঘ ১০ ও ১৬

ব্যাখ্যা মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে ৫x ও ৮x

প্রশ্নমতে, $\frac{৫x+২}{৮x+২} = \frac{২}{৩}$
বা, ১৫x + ৬ = ১৬x + ৪
বা, ৬ − ৪ = ১৬x − ১৫x
$\therefore x = ২$
অতএব সংখ্যা দুটি ৫x = ১০ এবং ৮x = ১৬

উত্তর
৯০ ক
৯১ গ
৯২ ক
৯৩ গ
৯৪ গ
৯৫ খ
৯৬ ঘ
৯৭ গ
৯৮ ক
৯৯ গ
১০০ ঘ


বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০২২

পরীক্ষার তারিখ : ২২.০৩.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : অপরাজিতা

[মোট প্রশ্ন ১০০ (একশ)। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। উত্তরপত্রে সেট নম্বর মুদ্রণ করা থাকবে। পরীক্ষার্থী উত্তরপত্রে সেট নম্বর লিখবেন না। পরীক্ষার্থীকে যে সেট নম্বরের উত্তরপত্র সরবরাহ করা হবে তাকে একই সেট নম্বরের প্রশ্নপত্রের উত্তর দিতে হবে।]

১. একই বৃত্তচাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণ 60° হলে কেন্দ্রস্থ কোণের পরিমাণ কত?
ক 30° খ 60° গ 90° ঘ 120°

ব্যাখ্যা একই চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।




$\therefore$ কেন্দ্রস্থ কোণ = 2 × বৃত্তস্থ কোণ।
= 2 × 60°
= 120°

২. প্রাচীন পুণ্ড্রবর্ধন কোথায় অবস্থিত?
ক পাহাড়পুর খ মহাস্থানগড়
গ ময়নামতি ঘ সোনারগাঁও

ব্যাখ্যা প্রাচীন পুণ্ড্রবর্ধন বর্তমান মহাস্থানগড়ে অবস্থিত। এটি বাংলার সর্বপ্রাচীন জনপদ পুণ্ড্র-এর রাজধানী ছিল। প্রায় আড়াই হাজার বছর পূর্বে বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর জেলাকে কেন্দ্র করে এই সভ্য জনপদটি গড়ে উঠেছিল। উল্লেখ্য, মহাস্থানগড় বগুড়া জেলার করতোয়া নদীর তীরে অবস্থিত।

৩. $x + y - 1 = 0$ এবং $4x + 4y + 1 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাংক—
ক (1, 4) খ (4, 1)
গ (1, 1) ঘ (∞, ∞)

ব্যাখ্যা



$a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ দুইটি সরলরেখার ছেদ বিন্দু P হলে—

ছেদ বিন্দু $P = \left(\frac{b_1c_2 - b_2c_1}{a_1b_2 - a_2b_1}, \frac{a_2c_1 - a_1c_2}{a_1b_2 - a_2b_1}\right)$

$x + y - 1$ এবং $4x + 4y + 1 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দু

$P = \left(\frac{1\times1 - 4\times(-1)}{1\times4 - 4\times1}, \frac{4\times(-1) - 1\times1}{1\times4 - 4\times1}\right)$

$= \left(\frac{1+4}{4-4}, \frac{-4-1}{4-4}\right)$

$= \left(\frac{5}{0}, \frac{-5}{0}\right) = (\infty, \infty)$

৪. Complete the sentence : The house is too costly—
ক to buy খ to buy it
গ that I cannot buy ঘ for me buy

ব্যাখ্যা Sub + v + too + adj ... to + v_1। এই নিয়মে সঠিক উত্তর (ক)। তাছাড়া বাক্যে too ... to থাকলে সঠিক বাক্যটি negative অর্থ দেয়।

৫. একটি সার্থক বাক্যের বৈশিষ্ট্য বা লক্ষণ কয়টি?
ক তিনটি খ চারটি
গ পাঁচটি ঘ ছয়টি

ব্যাখ্যা একটি সার্থক বাক্যের তিনটি গুণ থাকবে। যথা : ১. আকাঙ্ক্ষা, ২. আসত্তি এবং ৩. যোগ্যতা। বাক্যের দুটি অংশ। যথা : উদ্দেশ্য ও বিধেয়। অন্যদিকে গঠনের দিক থেকে বাক্য তিন প্রকার। যথা : ১. সরল বাক্য ২. জটিল বা মিশ্র বাক্য ও ৩. যৌগিক বাক্য।

৬. Choose the correct singular form :
ক phenomenon খ phenomena
গ henomeanas ঘ phenomeno

ব্যাখ্যা Phenomenon (ব্যাপার, বিষয়) হলো singular। এর plural হলো phenomena।

৭. 'চর্যাপদ' আবিষ্কার করেন—
ক ড. মুহম্মদ শহীদুল্লাহ খ ড. নীহাররঞ্জন রায়
গ হরপ্রসাদ শাস্ত্রী ঘ আর সি মজুমদার

ব্যাখ্যা ড. হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজগ্রন্থাগার থেকে চর্যাপদ আবিষ্কার করেন। তারই সম্পাদনায় ১৯১৬ সালে 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে চর্যাপদ গ্রন্থাগারে প্রথম প্রকাশিত হয়।

উত্তর
১ ঘ
২ খ
৩ ঘ
৪ ক
৫ ক
৬ ক
৭ গ

CamScanner

৮. 'মেঘনাদবধ' কোন আঙ্গিকের সাহিত্যকর্ম?
ক গীতিনাট্য খ মহাকাব্য
গ নাটক ঘ উপন্যাস
ব্যাখ্যা বাংলা সাহিত্যের প্রথম মহাকবি মাইকেল মধুসূদন দত্ত রচিত প্রথম সার্থক মহাকাব্য 'মেঘনাদবধ কাব্য'। রামায়ণ-এর কাহিনি অবলম্বনে রচিত করুণ রসের এ মহাকাব্যে ৯টি স্বর্গ রয়েছে।

৯. 'সমকাল' সাহিত্য পত্রিকার সম্পাদক কে ছিলেন?
ক সিকান্দার আবু জাফর খ আবুল ফজল
গ মিজানুর রহমান শেলি ঘ তোয়াব খান
ব্যাখ্যা সিকান্দার আবু জাফরের সম্পাদনায় 'সমকাল' পত্রিকা প্রথম ১৯৫৭ সালে প্রকাশিত হয়।

১০. 'জীবন আমার বোন'- কোন ধরনের সাহিত্যকর্ম?
ক নাটক খ প্রবন্ধ
গ উপন্যাস ঘ কবিতা
ব্যাখ্যা মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'জীবন আমার বোন' প্রথম প্রকাশ পায় ১৯৭৬ সালে। জাহিদুল কবির খোকা নামের এক আপাত নির্লিপ্ত ও জীবন-পলাতক মানুষকে কেন্দ্র করে মাহমুদুল হক উপন্যাসটি লিখেছেন।

১১. If I had a pen, I (write) a letter. Here the right form of verb is—
ক writing খ would write
গ will wrote ঘ had written
ব্যাখ্যা Conditional sentence-এর নিয়ম অনুযায়ী if-যুক্ত sentence-টি যদি past indefinite হয়, তাহলে অপর sentence-টির sub-এর পর would + v_1 হবে। তাই অপশন (খ) would write সঠিক উত্তর।


১২. বার্ষিক 5% সুদে 5000 টাকার 3 বছরের সুদাসল কত?
ক 5500 টাকা খ 5600 টাকা
গ 6000 টাকা ঘ 5750 টাকা
ব্যাখ্যা আমরা জানি, $I = Prn$
$\therefore I = 5000 \times 3 \times \frac{5}{100}$
$= 750$ টাকা
যেখানে, আসল, $P = 5000$ টাকা
সুদের হার, $r = 5\%$
সময়, $n = 3$ বছর
সুদ, $I = ?$
তাহলে, সুদাসল = আসল + সুদ
$= (5000 + 750)$ টাকা
$= 5750$ টাকা।

১৩. Choose the correct option : The defeat in the final had an adverse — on them.
ক affects খ effect গ affect ঘ effects
ব্যাখ্যা An adverse effect মানে হলো অনাকাঙ্ক্ষিত ক্ষতিকর প্রভাব। An adverbse থাকায় singular form effect হবে। তাছাড়া affect হলো effect-এর verb form।

১৪. Fill in the blank : He is — clever than his brother.
ক less খ more
গ very ঘ much
ব্যাখ্যা বাক্যটিতে than থাকায় এটি comperative degree-তে আছে। তাই more clever ব্যবহার করলে বাক্যটি অর্থপূর্ণ হয়। Oxford Advanced learner's Dictionary (10th Edition)-এ more clever ব্যবহার appropriate।

১৫. বিশ্বের কোন দেশ তাদের জাতীয় সংগীতে পরিবর্তন এনেছে?
ক ইংল্যান্ড খ চীন
গ অস্ট্রেলিয়া ঘ কোরিয়া
ব্যাখ্যা অস্ট্রেলিয়ার সাবেক প্রধানমন্ত্রী স্কট মরিসন দেশটির জাতীয় সংগীতে পরিবর্তন আনার ঘোষণা দেন, ফলে ১ জানুয়ারি ২০২১ থেকে অস্ট্রেলিয়ানরা তাদের জাতীয় সংগীতের নতুন সংস্করণ গাইছে। অস্ট্রেলিয়ার জাতীয় সংগীতের শিরোনাম 'অ্যাডভান্স অস্ট্রেলিয়া ফেয়ার'। আরো কয়েকটি দেশ তাদের জাতীয় সংগীতে পরিবর্তন এনেছে। নেপাল (২০০৮), অস্ট্রিয়া (২০১২), কানাডা (২০১৯)।

১৬. X-অক্ষের উপর Y-অক্ষ হতে 3 একক দূরে অবস্থিত কোন বিন্দুর স্থানাংক?
ক (3, 0) খ (3, 3)
গ (0, 3) ঘ (x, 3)
ব্যাখ্যা আমরা জানি, y অক্ষের সমান্তরাল সরলরেখার সমীকরণ, $x = a$
$\therefore$ যেখানে রেখাটি x অক্ষের উপর অবস্থিত তাই, $y = 0$।
তাই, $x = 3$
$\therefore$ বিন্দুটির স্থানাঙ্ক = (3, 0)।



১৭. $\log_2(4\sqrt{2}) = ?$
ক $\frac{3}{2}$ খ $\frac{5}{2}$
গ $\frac{5}{3}$ ঘ $\frac{1}{4}$
ব্যাখ্যা $\log_2(4\sqrt{2})$
$= \log_2\left(2^2 . 2^{\frac{1}{2}}\right)$
$= \log_2 2^{2+\frac{1}{2}}$

$= \log_2 2^{\frac{5}{2}}$
$= \frac{5}{2} \times 1$ [$\because \log a^a = 1$, তাই $\log_2 2^2 = 1$]
$= \frac{5}{2}$

১৮. $A = \{2, 3\}$, $B = \{4\}$ হলে, $B - A = ?$
ক $\{2, 4\}$ খ $\{3\}$
গ $\{0\}$ ঘ $\{\}$
[Note : সঠিক উত্তর নেই।]
দেওয়া আছে, $A = \{2, 3\}$
$B = \{4\}$
$\therefore B - A = \{4\} - \{2, 3\}$
$= \{4\}$]

১৯. Choose the correct conjunction to combine the sentences : We won the war. It costs us millions of lives :
ক as if খ though
গ until ঘ since
ব্যাখ্যা Though বা although অর্থ যদিও, তথাপি, সত্ত্বেও ইত্যাদি। বাক্যে বিপরীত দুটি clause-কে যুক্ত করতে though বা although ব্যবহৃত হয়। প্রদত্ত বাক্যে though বসিয়ে বাক্যটির অর্থ হবে 'আমরা যুদ্ধে জয়লাভ করেছি, যদিও এতে লাখ লাখ মানুষ মারা গিয়েছিল'।

২০. 'সাম্যবাদী' কবিতার কবি কে?
ক সুকান্ত ভট্টাচার্য খ সমরেশ বসু
গ কাজী নজরুল ইসলাম ঘ সুভাষ মুখোপাধ্যায়
ব্যাখ্যা কাজী নজরুল ইসলামের বিদ্রোহীপ্রধান কাব্য 'সাম্যবাদী' ১৯২৫ সালের ডিসেম্বরে প্রকাশিত হয়। সাম্যবাদী, ঈশ্বর, মানুষ, কুলি-মজুর ইত্যাদি এর উল্লেখযোগ্য কবিতা।

২১. Find the correct indirect speech of— The teacher said to Alam, 'work regularly'
ক The teacher advised Alam to work regularly
খ The teacher said to Alam to work regularly
গ The teacher told to Alam to working regularly
ঘ The teacher said Alam to work regularly
ব্যাখ্যা Imperative sentence-এর direct narration থেকে indirect narration করতে হলে বাক্যটি দ্বারা যদি উপদেশ বুঝায় তাহলে 'said to'-এর পরিবর্তে advised বসাতে হবে। তারপর কমার পরিবর্তে 'to' বসবে + বাকি অংশ। এজন্য অপশন (ক) The teacher advised Alam to work regularly সঠিক উত্তর।

২২. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?
ক বর্ণ খ ধ্বনি
গ অক্ষর ঘ শব্দ
ব্যাখ্যা ভাষার ক্ষুদ্রতম একক হলো ধ্বনি। এটা ভাষার মৌলিক অংশ। ধ্বনির লিখিত রূপ হলো বর্ণ। ধ্বনি চেনার স্মারক বা চিহ্ন বা প্রতীকই বর্ণ। এক প্রয়াসে উচ্চারিত ধ্বনিসমষ্টিকে অক্ষর বলে। বাক্যের ক্ষুদ্রতম একক বা অংশকে শব্দ বলে।

২৩. 'তোহফা' কাব্যটি কে রচনা করেন?
ক আলাওল খ সাবিরিদ খান
গ কোরেশী মাগন ঠাকুর ঘ আব্দুল হাকিম
ব্যাখ্যা আলাওলের 'তোহফা' একটি ধর্মীয় তত্ত্বোপদেশপূর্ণ কাব্য। কাব্যটির মূল লেখক ইউসুফ গদা। অন্যদিকে কোরেশী মাগন ঠাকুরের রচিত কাব্যগ্রন্থ- 'চন্দ্রাবতী'। আব্দুল হাকিমের উল্লেখযোগ্য প্রণয়োপাখ্যান- ইউসুফ-জোলেখা ও লালমতি সয়ফুলমুলুক।

২৪. ১৩২০ মেগাওয়াট পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেন—
ক ১৩ মার্চ ২০২১ খ ২১ মার্চ ২০১৭
গ ২০ মার্চ ২০১৯ ঘ ২১ মার্চ ২০২২
ব্যাখ্যা ২১ মার্চ ২০২২ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১,৩২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন দেশের সবচেয়ে বড় ও সর্বাধুনিক প্রযুক্তির পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র উদ্বোধন করেন। কয়লাভিত্তিক এ তাপবিদ্যুৎ কেন্দ্রটি সর্বাধুনিক 'আলট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তির'।

২৫. অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় এবং ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান অ্যাস্ট্রাজেনেকার তৈরি ভ্যাকসিনের নাম—
ক মর্ডানা খ কোভিশিল্ড
গ কোবিভ্যাক্স ঘ আরভিভি ভিমার
ব্যাখ্যা অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় এবং ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান অ্যাস্ট্রাজেনেকার তৈরি ভ্যাকসিন (Vaxzevria)। যা কোভিশিল্ড নামে ভারতের সেরাম ইনস্টিটিউট উৎপাদন করছে।

২৬. বিখ্যাত 'ওয়াল স্ট্রিট' অবস্থিত—
ক লন্ডনে খ টোকিওতে
গ প্যারিসে ঘ নিউইয়র্কে
ব্যাখ্যা ওয়াল স্ট্রিট একটি বিখ্যাত সড়ক। এটি যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থিত। পৃথিবীর গুরুত্বপূর্ণ শেয়ারবাজার ও আর্থিক প্রতিষ্ঠান যেমন- নিউইয়র্ক স্টক এক্সচেঞ্জ, আমেরিকান স্টক এক্সচেঞ্জ এবং ফেডারেল রিজার্ভ ব্যাংক এই সড়কে অবস্থিত।

২৭. 'আমার দেখা নয়াচীন' গ্রন্থের লেখক কে?
ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ মাও সেতুং
গ শি জিং পিং ঘ সিরাজুল ইসলাম
ব্যাখ্যা 'আমার দেখা নয়াচীন' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত তৃতীয় গ্রন্থ। ২-১২ অক্টোবর ১৯৫২ চীনের

উত্তর
৮ খ
৯ ক
১০ গ
১১ খ
১২ ঘ
১৩ খ
১৪ খ
১৫ গ
১৬ ক
১৭ খ
১৮ Note
১৯ খ
২০ গ
২১ ক
২২ খ
২৩ ক
২৪ ঘ
২৫ খ
২৬ ঘ
২৭ ক

CamScanner

পিকিংয়ে আঞ্চলিক শান্তি সম্মেলন অনুষ্ঠিত হলে বঙ্গবন্ধু ঐ সম্মেলনে যোগদান করেন। তিনি ১৯৫৪ সালে কারাগারে থাকাকালীন চীন ভ্রমণের অভিজ্ঞতা নিয়ে ডায়েরি লিখতেন, যা পরবর্তীতে সংকলন করে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীকে কেন্দ্র করে বাংলা একাডেমি ২ ফেব্রুয়ারি ২০২০ বইটি প্রকাশ করে।

২৮. মার্কিন যুক্তরাষ্ট্রের দাসপ্রথা রহিত করেন—
ক রিচার্ড নিক্সন খ জর্জ ওয়াশিংটন
গ আব্রাহাম লিংকন ঘ জন এফ কেনেডী

ব্যাখ্যা ১৮৬৩ সালে যুক্তরাষ্ট্রের ১৬তম প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন ক্রীতদাস প্রথা বিলুপ্ত করেন। তিনি যুক্তরাষ্ট্রের গৃহযুদ্ধ বন্ধ করেন। তিনি ১৯ নভেম্বর ১৮৬৩ গেটিসবার্গের বক্তব্যে গণতন্ত্রের বিখ্যাত সংজ্ঞাটি দেন।

২৯. 'মৈমনসিংহ গীতিকা' কে সংগ্রহ করেন?
ক সুকুমার সেন খ হীরালাল সেন
গ দীনেশচন্দ্র সেন ঘ সুনীতিকুমার চট্টোপাধ্যায়

[Note : ড. দীনেশচন্দ্র সেনের আগ্রহে ও স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় 'মৈমনসিংহ গীতিকা' সংগ্রহ করেন চন্দ্রকুমার দে। এটি বিশ্বের ২৩টি ভাষায় মুদ্রিত হয়।]

৩০. $a^2 + 2ab - 2b - 1$ বীজগাণিতিক রাশিটির একটি উৎপাদক—
ক $a+1$ খ $b+1$
গ $a-2$ ঘ $a-1$

ব্যাখ্যা $a^2 + 2ab - 2b - 1$
$= a^2 - 1 + 2ab - 2b$
$= (a+1)(a-1) + 2b(a-1)$
$= (a-1)(a+1+2b)$
$= (a-1)(a+2b+1)$
$\therefore (a-1)$, প্রদত্ত রাশির একটি উৎপাদক।

৩১. Which one is the correct synonym of 'forecast'?
ক tell খ assume
গ predict ঘ bring out

ব্যাখ্যা Forecast (পূর্বাভাস, ভবিষ্যদ্বাণী করা) এর synonym হলো predict (ভবিষ্যদ্বাণী করা বা পূর্বেই অনুমান করা)। অন্যদিকে tell অর্থ বলা, assume অর্থ ধারণা করা এবং bring out অর্থ বের করে আনা, স্পষ্ট করা ইত্যাদি।

৩২. একটি ঘনকের কর্ণের দৈর্ঘ্য $6\sqrt{3}$m হলে ঘনকটির ধার কত মিটার?
ক 6m খ 4m
গ 3m ঘ $2\sqrt{3}$m

ব্যাখ্যা ঘনকের ধারের দৈর্ঘ্য a হলে ঘনকের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{3}a$
$\therefore \sqrt{3}a = 6\sqrt{3}$
$\Rightarrow a = 6$
$\therefore$ ঘনকটির ধারের দৈর্ঘ্য $= 6$ মিটার।

৩৩. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী' কালজয়ী এ গানটির রচয়িতা কে?
ক ফজল-এ-খোদা খ আব্দুল লতিফ
গ আবদুল গাফ্ফার চৌধুরী ঘ আলতাফ মাহমুদ

ব্যাখ্যা 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' কালজয়ী এ গানটি মূলত সাংবাদিক আব্দুল গাফ্ফার চৌধুরী রচিত একটি কবিতা। পরে এটিকে গানে রূপ দেওয়া হয়। গানটির প্রথম সুরকার ছিলেন আব্দুল লতিফ এবং বর্তমান সুরকার আলতাফ মাহমুদ।

৩৪. 'বন্দী শিবির থেকে' কাব্যগ্রন্থটির কবি—
ক হাসান হাফিজুর রহমান খ শামসুর রাহমান
গ আজিজুর রহমান ঘ জসীমউদ্দীন

ব্যাখ্যা শামসুর রাহমানের প্রথম কাব্যগ্রন্থ 'প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে' ১৯৬০ সালে প্রকাশিত হয়। তার রচিত মুক্তিযুদ্ধভিত্তিক কাব্য 'বন্দী শিবির থেকে' (১৯৭২)। এ কাব্য লিখেই তিনি খ্যাতি অর্জন করেন।

৩৫. ঢাকাকে প্রথম কখন বাংলার রাজধানী করা হয়?
ক ১৫১০ সাল খ ১৫৯০ সাল
গ ১৬০০ সাল ঘ ১৬১০ সাল

ব্যাখ্যা ঢাকাকে প্রথম বাংলার রাজধানী করা হয় ১৬১০ সালে, সুবাদার ইসলাম খানের শাসনামলে। তিনি সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার নাম জাহাঙ্গীরনগর রাখেন। এ পর্যন্ত ঢাকা ৫ বার রাজধানী হয়েছে বিভিন্ন সময়ে; ১৬১০, ১৬৬০, ১৯০৫, ১৯৪৭ ও ১৯৭১ সালে।

৩৬. 'আমার দেখা নয়াচীন' গ্রন্থের রচয়িতা—
ক খন্দকার মোহাম্মদ ইলিয়াস খ মাওলানা ভাসানী
গ তোফাজ্জল হোসেন ঘ শেখ মুজিবুর রহমান

ব্যাখ্যা ২৭নং প্রশ্নের ব্যাখ্যা দেখুন।

৩৭. 'চর্যাপদ' কোথা থেকে আবিষ্কৃত হয়েছে?
ক ভারত খ নেপাল
গ বাংলাদেশ ঘ ভুটান

ব্যাখ্যা বাংলা সাহিত্যের আদি নিদর্শন 'চর্যাপদ' ১৯০৭ সালে নেপালের রাজগ্রন্থাগার থেকে আবিষ্কৃত হয়। ২৩ জন মতান্তরে ২৪ জন কবির সাড়ে ছেচল্লিশটি পদের সংকলন এটি। পাল আমলে রচিত 'চর্যাপদ' মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

৩৮. পাটের জন্মরহস্য উদ্ভাবন করেন—
ক ফরিদুল আলম খ শহিদুল আলম
গ মাকসুদুল আলম ঘ মিজানুর রহমান

ব্যাখ্যা বিজ্ঞানী ড. মাকসুদুল আলম ২০১০ সালে দেশি পাটের জীবন রহস্য উন্মোচন করেন। তিনি বাংলাদেশের হয়ে পেঁপে, রাবার ও ছত্রাকের জীবন রহস্য উন্মোচন করেন।

৩৯. Choose the right form of verb : I cannot help (do) — it.
ক done খ did
গ too do ঘ doing

ব্যাখ্যা Sub + cannot help + v + ing + obj এই নিয়মে অপশন (ঘ) doing সঠিক। উল্লেখ্য, sub + cannot but + v_1 + obj।

৪০. বাংলাদেশে সংবিধানের কোন সংশোধনীতে সংরক্ষিত মহিলা আসন ৪৫ থেকে বৃদ্ধি করে ৫০ করা হয়?
ক সপ্তদশ সংশোধনী খ পঞ্চদশ সংশোধনী
গ দ্বাদশ সংশোধনী ঘ নবম সংশোধনী

ব্যাখ্যা ২০১১ সালে সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে সংরক্ষিত নারী আসনের সংখ্যা ৪৫ থেকে বৃদ্ধি করে ৫০ করা হয়। এই সংশোধনীর মাধ্যমে ৭২-এর মূলনীতি পুনর্বহাল এবং তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করা হয়। উল্লেখ্য, ২০১৮ সালে সপ্তদশ সংশোধনীর মাধ্যমে এই ৫০টি আসন আগামী ২৫ বছরের জন্য সংরক্ষিত থাকবে।

৪১. 'Man is mortal.' Its negative is—
ক Man is immortal
খ Man is not mortal
গ No man is immortal
ঘ Everyone is not mortal

ব্যাখ্যা Man is mortal মানুষ মরণশীল। এই বাক্যের negative করতে হলে অর্থগত পরিবর্তন না করে বাক্যের গঠনগত পরিবর্তন করতে হবে। সেই হিসেবে (গ) No man is immortal সঠিক।

৪২. সিরডাপ (CIRDAP)-এর সদর দপ্তর কোথায়?
ক দিল্লি খ ওয়াশিংটন
গ ঢাকা ঘ ব্যাংকক

ব্যাখ্যা CIRDAP-এর পূর্ণরূপ Centre on Integrated Rural Development for Asia and the Pacific। সিরডাপ-এর সদর দপ্তর ঢাকার চামেলী হাউসে অবস্থিত। এটি গঠিত হয় ৬ জুলাই ১৯৭৯ এবং এর সদস্য দেশ ১৫টি।

৪৩. The idiom 'many moons ago' means—
ক that day খ a long time after
গ a very long time ago ঘ yesterday

ব্যাখ্যা 'Many moons ago' idiom-টির অর্থ হলো অনেক অনেক দিন আগে অর্থাৎ a very long time ago।

৪৪. বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয়—
ক ১৯২০ ডলার খ ২২২৭ ডলার
গ ২৫৫৪ ডলার ঘ ২০২০ ডলার

[Note : অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুসারে চলতি মূল্যে বর্তমানে মাথাপিছু জাতীয় আয় ২,৮২৪ মার্কিন ডলার।]

৪৫. 'On the sly' means—
ক secretly খ quickly
গ smartly ঘ slowly

ব্যাখ্যা 'On the sly' phrase-টির অর্থ গোপনে। এজন্য অপশন (ক) secretly সঠিক উত্তর।

৪৬. $a + \frac{1}{a} = 5$ হলে, $\frac{a}{a^2+a+1}$-এর মান কত?
ক 1 খ $\frac{1}{5}$
গ $\frac{1}{6}$ ঘ 5

ব্যাখ্যা দেওয়া আছে,
$\Rightarrow a + \frac{1}{a} = 5$
প্রদত্ত রাশি, $\frac{a}{a^2+a+1}$
$= \frac{a}{a\left(a+1+\frac{1}{a}\right)}$
$= \frac{1}{(5+1)}$ [মান বসিয়ে]
$= \frac{1}{6}$

৪৭. দুইটি সংখ্যার যোগফল 40 এবং বিয়োগফল 20 হলে ছোট সংখ্যাটি বড় সংখ্যাটির কত গুণ?
ক $\frac{1}{4}$ খ $\frac{1}{3}$
গ $\frac{1}{5}$ ঘ $\frac{1}{6}$

ব্যাখ্যা ধরি, সংখ্যা দুইটি x ও y। যেখানে $x > y$
$\therefore x + y = 40$
$x - y = 20$
(+) যোগ করে $2x = 60$
$\therefore x = 30$
$30 + y = 40$
$\Rightarrow y = 10$
$\therefore$ বড় সংখ্যাটি $= 30$
ছোট সংখ্যাটি $= 10$
$\Rightarrow$ ছোট সংখ্যা $\times 3 =$ বড় সংখ্যা
$\therefore$ ছোট সংখ্যা $= \frac{1}{3} \times$ বড় সংখ্যা।

৪৮. $(5x)^\circ \times 5x^\circ = ?$
ক 25 খ 0
গ 1 ঘ 5

ব্যাখ্যা প্রদত্ত রাশি, $(5x)^\circ \times 5x^\circ$
$= 1 \times 5 \times 1$ [$\because a^\circ = 1$]
$= 5$

৪৯. Who wrote, "Beauty is truth, truth beauty"?
ক John Keats খ Shakespeare
গ Byron ঘ Shelley

ব্যাখ্যা ইংরেজি সাহিত্যে poet of beauty বলা হয় John Keats-কে। 'Beauty is truth, truth beauty' হলো John Keats-এর বিখ্যাত উক্তি।

উত্তর
২৮ গ
২৯ Note
৩০ ঘ
৩১ গ
৩২ ক
৩৩ গ
৩৪ খ
৩৫ ঘ
৩৬ ঘ
৩৭ খ
৩৮ গ
৩৯ ঘ

উত্তর
৪০ খ
৪১ গ
৪২ গ
৪৩ গ
৪৪ গ
৪৫ ক
৪৬ গ
৪৭ ঘ
৪৮ ঘ
৪৯ ক

CamScanner

৫৩. Which one is the correct antonym for 'courageous'?
ⓚ cowardly ⓛ brave
ⓜ stupid ⓝ valiant
ব্যাখ্যা Courageous (সাহসী, নির্ভীক)-এর antonym হলো cowardly (কাপুরুষ, ভীরু)। অন্যদিকে brave, stupid এবং valiant অর্থ হলো যথাক্রমে সাহসী, গর্ব, দৃঢ় এবং নির্ভীক।

৫৪. নিম্নের কোনটি সমাসজাত শব্দ?
ⓚ অসময় ⓛ সজল
ⓜ শিশির ⓝ অকালি
ব্যাখ্যা 'অসময়' নিয়ে সমাস, যার ব্যাসবাক্য- বিষাক্ত অক্ষ কুক্ষ নাস্তি, যার এখানে যম অর্থে বর্ণ বা রঙ বা সময় অর্থ নয়।

৫৫. বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস কোনটি?
ⓚ আলালের ঘরের দুলাল ⓛ হুতোম প্যাঁচার নক্সা
ⓜ দুর্গেশ নন্দিনী ⓝ নৌকাডুবি
ব্যাখ্যা বাংলার রচিত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস 'দুর্গেশনন্দিনী' (১৮৬৫)। এটি বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস। উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র- বিমলা, আয়েশা, জগৎসিংহ, ভিখারিনী। অন্যদিকে বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস 'আলালের ঘরের দুলাল'।

৫৬. Finds the word correctly spelt :
ⓚ facsimili ⓛ fachimile
ⓜ factsimile ⓝ facsimile
ব্যাখ্যা প্রদত্ত বানানগুলোর মধ্যে সঠিক বানান হলো (ঘ) facsimile, যার অর্থ অনুলিপি, অবিকল প্রতিরূপ।

৫৭. উপনিবেশ বিভক্তির সময় (১৯৪৭) ভারতবর্ষের ভাইসয় কে ছিলেন?
ⓚ লর্ড কার্জন ⓛ লর্ড ওয়েলিংটন
ⓜ লর্ড মাউন্টব্যাটেন ⓝ লর্ড লিনলিথগো
ব্যাখ্যা লর্ড মাউন্টব্যাটেন উপনিবেশ বিভক্তির সময় (১৯৪৭) ভারতবর্ষের ভাইসয় ছিলেন এবং তিনি ব্রিটিশ-ভারতের শেষ ভাইসয় বা বড়লাট ছিলেন। উল্লেখ্য, উপনিবেশের প্রথম ভাইসয় নিযুক্ত হন লর্ড ক্যানিং।

৫৮. Use a suitable preposition in the gap : I sincerely apologize — the enormous delay in delivery.
ⓚ to ⓛ at ⓜ for ⓝ an
ব্যাখ্যা কোনো কিছুর জন্য দুঃখিত হওয়া বুঝাতে apologize-এর সাথে for বসে। যেমন— I sincerely apologize for the enormous delay in delivery। উল্লেখ্য, ব্যক্তির কাছে ক্ষমা চাওয়া বা দুঃখিত হওয়া বুঝালে apologize-এর সাথে to বসবে।

৫৯. বাকল্যান্ড বাঁধ কোন নদীর তীরে অবস্থিত?
ⓚ শীতলক্ষ্যা ⓛ সিন্ধু
ⓜ বুড়িগঙ্গা ⓝ মেঘনাদে
ব্যাখ্যা বাকল্যান্ড বাঁধ বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত। ১৮৬৪ সালে ঢাকার তৎকালীন নগর কমিশনার চার্লস পমস বাকল্যান্ড কর্তৃক বাঁধটি নির্মিত হয়। ঢাকা শহরকে প্লাবন ও ভাঙন থেকে রক্ষা করতেই তীরে এই বাঁধ নির্মিত হয়।

৫৭. 'ঐ দূর বনে সন্ধ্যা নামিছে মন আমিরের রাজে, অমনি করিয়া খুটাইয়া পড়িতে বড় সাধ আজ জাগে' বিখ্যাত এই পঙ্‌ক্তিদ্বয়ের রচয়িতা কে?
ⓚ বন্দে আলী মিয়া ⓛ জসীমউদ্দীন
ⓜ গোলাম মোস্তফা ⓝ কে কি মোস্তফা
ব্যাখ্যা কবিতাংশটি জসীমউদ্দীন রচিত বিখ্যাত 'কবর' কবিতার। কবিতাটি ছাত্রাবস্থায় কবিতাটি মাধ্যমিক পর্যায়ের পাঠ্য তালিকাভুক্ত হয়। পরবর্তীকালে এটি তার 'রাখালী' কাব্যগ্রন্থে অন্তর্ভুক্ত হয়। এ কবিতার পঙ্‌ক্তি সংখ্যা ১১৮। মাত্রাবৃত্ত ছন্দে রচিত কবিতাটি প্রথম 'কল্লোল' পত্রিকায় প্রকাশিত হয়।

৫৮. একটি চতুর্ভুজের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য 8 cm. এবং 5 cm. বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 4 cm. হলে চতুর্ভুজটির ক্ষেত্রফল কত?
ⓚ 30 বর্গ সে.মি. ⓛ 36 বর্গ সে.মি.
ⓜ 26 বর্গ সে.মি. ⓝ 52 বর্গ সে.মি.
ব্যাখ্যা আমরা জানি,

ট্রাপিজিয়ামের বা চতুর্ভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ (সমান্তরাল বাহুদ্বয়ের যোগফল × বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব)

$\therefore$ চতুর্ভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times (8+5) \times 4$ বর্গ সেমি

$= \frac{1}{2} \times 13 \times 4$

$= 26$ বর্গ সেমি

৫৯. 'ল্যান্টাউ দ্বীপ' কোন সাগরে অবস্থিত?
ⓚ দক্ষিণ চীন সাগর ⓛ জাভা সাগর
ⓜ জাপান সাগর ⓝ শৈবাল সাগর
ব্যাখ্যা ল্যান্টাউ (Lantau) হংকংয়ের বৃহত্তম দ্বীপ এবং এটি দক্ষিণ চীন সাগরে অবস্থিত। উল্লেখ্য, ল্যাংকাউয়ি (Langkawi) নামে মালয়েশিয়াতে একটি দ্বীপ রয়েছে, যাকে বেষ্টন করে আছে প্রায় ৯৯টি ছোট দ্বীপ। এটি মালাক্কা প্রণালি সংলগ্ন আন্দামান সাগরে অবস্থিত।

৬০. 4 জন সদস্যের একটি কমিটির প্রত্যেকেই সদস্য সংখ্যার 4 গুণ করে চাঁদা দিলে চাঁদার পরিমাণ কত?
ⓚ 16 ⓛ 64 ⓜ 256 ⓝ 512
ব্যাখ্যা মোট সদস্য = 4 জন
সদস্যসংখ্যার চারগুণ চাঁদা দিলে প্রত্যেকের প্রদেয় চাঁদার পরিমাণ = 4 × 4 টাকা বা 16 টাকা।
$\therefore$ সর্বমোট চাঁদার পরিমাণ = (16 × 4) টাকা
= 64 টাকা।

উত্তর	
৫৩	ক
৫৪	ক
৫৫	গ
৫৬	ঘ
৫৭	গ
৫৮	ক
৫৯	গ
৬০	ঘ

৬১. 'বেতাল পঞ্চবিংশতি' গ্রন্থের লেখক কে?
ⓚ উইলিয়াম কেরি ⓛ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
ⓜ প্যারিচাঁদ মিত্র ⓝ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ব্যাখ্যা বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রথম প্রকাশিত গ্রন্থ 'বেতাল পঞ্চবিংশতি' (১৮৪৭)। এ গ্রন্থেই তিনি প্রথম বিরাম চিহ্নের সফল ব্যবহার করেন।

৬২. $\sin\theta = \cos\theta$ হলে θ-এর মান কত?
ⓚ $\theta = 30°$ ⓛ $\theta = 45°$
ⓜ $\theta = 60°$ ⓝ $\theta = 90°$
ব্যাখ্যা দেওয়া আছে,

$\sin\theta = \cos\theta$

$\Rightarrow \frac{\sin\theta}{\cos\theta} = 1$

$\Rightarrow \tan\theta = 1$

$\Rightarrow \tan\theta = \tan 45°$

$\therefore \theta = 45°$

৬৩. 'আনোয়ারা' উপন্যাসের লেখক কে?
ⓚ মীর মশাররফ হোসেন ⓛ ইসমাইল হোসেন সিরাজী
ⓜ কাজী এমদাদুল হক ⓝ মোহাম্মদ নজিবর রহমান
ব্যাখ্যা 'আনোয়ারা' (১৯১৪) মোহাম্মদ নজিবর রহমানের প্রথম ও জনপ্রিয় উপন্যাস। 'সতীর সর্বস্ব পতি, সতী শুদ্ধ পতিময়, বিধাতার প্রেমরাজ্যে সতত সতীর জয়।' – এটাই উপন্যাসের মূল বক্তব্য। উল্লেখযোগ্য চরিত্র- আনোয়ারা, নুরল এসলাম, খাদেম, আজিমুল্লা ইত্যাদি।

৬৪. বাংলা ছন্দ প্রধানত কত প্রকার?
ⓚ দুই ⓛ তিন
ⓜ চার ⓝ পাঁচ
ব্যাখ্যা বাংলা ছন্দ প্রধানত তিন প্রকার। যথা : ১. স্বরবৃত্ত ছন্দ, ২. মাত্রাবৃত্ত ছন্দ, ৩. অক্ষরবৃত্ত ছন্দ।

৬৫. Find the odd one/word out :
ⓚ and ⓛ or
ⓜ since ⓝ read
ব্যাখ্যা and (এবং), or (অথবা), since (থেকে, যেহেতু) হলো conjunction। অন্যদিকে ব্যতিক্রম হলো read (পড়া), যা verb। তাই (ঘ) সঠিক উত্তর।

৬৬. কোনটি দেশি শব্দ?
ⓚ আলমারি ⓛ ঢেঁকি
ⓜ রিক্‌শা ⓝ সাইকেল
ব্যাখ্যা 'ঢেঁকি' দেশি শব্দ। আলমারি, রিক্‌শা ও সাইকেল যথাক্রমে পর্তুগিজ, জাপানি ও ইংরেজি শব্দ।


৬৭. বাংলাদেশের কৃষিক্ষেত্রে 'দোয়েল' কিসের নাম?
ⓚ উন্নত জাতের ধান ⓛ উন্নতজাতের পাট
ⓜ উন্নত জাতের গম ⓝ উন্নত জাতের চা
ব্যাখ্যা বাংলাদেশের কৃষিক্ষেত্রে 'দোয়েল' একটি উন্নত জাতের গমের নাম। আরও কয়েকটি গমের উন্নত জাত হলো— বলাকা, শতাব্দী, অগ্রাণী, সোনালিকা, কাঞ্চন, আকবর। উল্লেখ্য, কয়েকটি উন্নত জাতের ধান হীরা, ইরাটম, মুক্তা, প্রগতি, নারিকা-১, সোনার বাংলা-১।

৬৮. 1 হতে 15 পর্যন্ত মৌলিক সংখ্যাগুলোর গড় কত?
ⓚ 9.625 ⓛ 7.135 ⓜ 6.883 ⓝ 6
ব্যাখ্যা 1 থেকে 15 পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো– 2, 3, 5, 7, 11, 13।

$\therefore$ গড় $= \frac{2+3+5+7+11+13}{6} = \frac{41}{6} = 6.83$

৬৯. 'Children have no respect for their elder nowadays'—here elders is used as a/an—
ⓚ verb ⓛ noun
ⓜ pronoun ⓝ adjective
ব্যাখ্যা প্রদত্ত বাক্যে elder শব্দটি noun কারণ elder এরপর অন্য কোনো noun নাই। যদি elder brother, sister ইত্যাদি থাকত তাহলে এটি adjective হতো। অপশন (খ) সঠিক উত্তর।

৭০. একটি খুঁটির গোড়া থেকে 10 m দূরে কোনো বিন্দুতে খুঁটির শীর্ষের উন্নতি কোণ 60° হলে খুঁটির উচ্চতা কত?
ⓚ $\frac{10}{\sqrt{3}}$ ⓛ $\frac{\sqrt{3}}{10}$
ⓜ $10\sqrt{3}$ ⓝ $5\sqrt{3}$
ব্যাখ্যা ধরি, খুঁটির উচ্চতা, AC = x মিটার



$\therefore \tan\angle ABC = \frac{AC}{BC}$

$\Rightarrow \tan 60° = \frac{x}{10}$

$\Rightarrow \sqrt{3} = \frac{x}{10}$

$\Rightarrow x = 10\sqrt{3}$

৭১. 'দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাবার' পঙ্‌ক্তিতে 'কান্তার' শব্দের অর্থ কি?
ⓚ রাস্তা ⓛ নদী
ⓜ বনজঙ্গল ⓝ আকাশ
ব্যাখ্যা কবিতাংশের 'কান্তার' শব্দের অর্থ নিবিড় বন। কবিতাংশটি কাজী নজরুল ইসলামের 'সর্বহারা' কাব্যগ্রন্থের 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতা থেকে নেওয়া হয়েছে।

উত্তর	
৬১	ঘ
৬২	খ
৬৩	ঘ
৬৪	খ
৬৫	ঘ
৬৬	খ
৬৭	গ
৬৮	গ
৬৯	খ
৭০	গ
৭১	গ

CamScanner

৭২. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 1:1:2 হলে ত্রিভুজটির বৃহত্তম কোণের পরিমাণ কত?
ⓚ 45° ⓛ 60°
ⓜ 70° ⓝ 90°
ব্যাখ্যা ধরি, কোণ তিনটি যথাক্রমে x, x এবং $2x$ ডিগ্রি
∴ কোণত্রয়ের সমষ্টি $= (x + x + 2x)$ ডিগ্রি
$= 4x$ ডিগ্রি
প্রশ্নমতে, $4x = 180°$
$x = 45°$
∴ বৃহত্তম কোণ $= 2x$
$= 2 \times 45°$
$= 90°$

৭৩. একজন মাঝি নৌকা বেয়ে স্রোতের প্রতিকূলে t_1 ঘন্টায় x কি.মি. যেতে পারে। স্রোতের অনুকূলে একই দূরত্ব অতিক্রম করতে t_2 ঘন্টা সময় লাগে। স্রোতের বেগ ঘন্টায় কত কি.মি.?
ⓚ $x\left(\frac{1}{t_1}+\frac{1}{t_2}\right)$ ⓛ $x\left(\frac{1}{t_1}-\frac{1}{t_2}\right)$
ⓜ $\frac{x}{2}\left(\frac{1}{t_1}+\frac{1}{t_2}\right)$ ⓝ $\frac{x}{2}\left(\frac{1}{t_2}-\frac{1}{t_1}\right)$
ব্যাখ্যা ধরি, নৌকার বেগ $= x$ কি.মি./ঘন্টা
স্রোতের বেগ $= y$ কিমি./ঘন্টা
প্রশ্নমতে, $x + y = \frac{x}{t_2}$ [অনুকূলে বেগ]
$x - y = \frac{x}{t_1}$ [প্রতিকূলে বেগ]
(-) বিয়োগ করে, $y + y = \frac{x}{t_2} - \frac{x}{t_1}$
$\Rightarrow 2y = \left(\frac{x}{t_2} - \frac{x}{t_1}\right)$
$\Rightarrow y = \frac{x}{2}\left(\frac{1}{t_2} - \frac{1}{t_1}\right)$
∴ স্রোতের বেগ $= \frac{x}{2}\left(\frac{1}{t_2} - \frac{1}{t_1}\right)$

৭৪. জাতিসংঘের সব দাপ্তরিক ভাষায় বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বিষয়ক প্রস্তাব গ্রহণের মোড়ক উন্মোচন করা হয়—
ⓚ ৩৪ মার্চ ২০২১ ⓛ ০৫ মার্চ ২০২১
ⓜ ০৬ মার্চ ২০২১ ⓝ ০৭ মার্চ ২০২১
ব্যাখ্যা ইউনেস্কো জাতিসংঘের ৬টি দাপ্তরিক ভাষায় (ইংরেজি, ফরাসি, স্প্যানিশ, আরবি, রুশ ও চীনা) বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণবিষয়ক গ্রন্থের আনুষ্ঠানিকভাবে মোড়ক উন্মোচন করে ০৫ মার্চ ২০২১। বইটির নাম The Historic Seventh March of Bangabandhu Sheikh Mujibur Rahman : A World Documentary Heritage। উল্লেখ্য, ২০১৭ সালে ভাষণটি ইউনেস্কোর Memory of the World International Register-এ বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

৭৫. $a^p = 16$ হলে, p-এর মান—
ⓚ $\log_a p$ ⓛ $\log_{16}$
ⓜ $\log_a 16$ ⓝ p^{16}
ব্যাখ্যা $a^x = b$ হয় যেখানে $a > 0$ এবং $a \neq 1$ তবে x-কে b-এর a ভিত্তিক লগারিদম বলা হয়, যেখানে, $x = \log_a b$
এখানে, $a^p = 16$ হলে, $p = \log_a 16$

৭৬. যদি $A + B = 90°$ হয় এবং $\tan A = \frac{1}{\sqrt{3}}$ হয়, তবে B-এর মান কত?
ⓚ 60° ⓛ 30° ⓜ 45° ⓝ 75°
ব্যাখ্যা দেওয়া আছে, $A + B = 90°$
এবং $\tan A = \frac{1}{\sqrt{3}}$
$\Rightarrow \tan A = \tan 30°$
$\Rightarrow A = 30°$
∴ $30° + B = 90°$
$\Rightarrow B = 60°$

৭৭. ইনসোমনিয়া কি ধরনের অসুখ?
ⓚ স্নায়ুরোগ ⓛ চোখের রোগ
ⓜ নিদ্রাহীনতার রোগ ⓝ কোনোটিই নয়
ব্যাখ্যা মানুষের শরীর ও ব্রেনের বিশ্রাম ঠিক মতো না হলে ঘুমের সমস্যা দেখা দেয়। আর এটা নিয়মিত চলতে থাকলে ক্রনিক (Chronic) হয়ে এক পর্যায়ে অসুখে পরিণত হয়। ডাক্তারি ভাষায় একে বলে ইনসোমনিয়া।

৭৮. An article is used before :
ⓚ noun ⓛ pronoun
ⓜ preposition ⓝ verb
ব্যাখ্যা Article বা পদাশ্রিত নির্দেশক a, an, the সাধারণত noun-এর পূর্বে ব্যবহৃত হয়।

৭৯. Identify the sentence. "That's really stunning."
ⓚ Imperative ⓛ Interrogative
ⓜ Exclamatory ⓝ Assertive
ব্যাখ্যা 'That's really stunning' বাক্যটি বিবৃতিমূলক বা assertive sentence।

৮০. Fill in the Blank : He was — uniquely gifted teacher.
ⓚ an ⓛ a ⓜ the ⓝ none
ব্যাখ্যা 'u'-এর উচ্চারণ যদি 'ইউ'-এর মতোই হয় তাহলে ঐ শব্দের পূর্বে a বসবে। যেমন—a university, a unique man।

৮১. কোন বানানটি শুদ্ধ?
ⓚ শ্রদ্ধাঞ্জলী ⓛ চাকচক্য
ⓜ মোহনা ⓝ যুবতী
ব্যাখ্যা শ্রদ্ধাঞ্জলী, চাকচক্য ও যুবতী বানানগুলোর সঠিক বানান যথাক্রমে শ্রদ্ধাঞ্জলি, চাকচিক্য ও যুবতি।

উত্তর
৭২ ঘ
৭৩ ঘ
৭৪ খ
৭৫ গ
৭৬ ক
৭৭ গ
৭৮ ক
৭৯ ঘ
৮০ খ
৮১ গ

৮২. কর্মজীবনে ডেপুটি ম্যাজিস্ট্রেট ছিলেন কে?
ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓛ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓜ সৈয়দ মুজতবা আলী ⓝ আব্দুল ওদুদ
ব্যাখ্যা বাংলা আধুনিক উপন্যাসের প্রবর্তক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কর্মজীবনে ১৮৫৮ সালে যশোরে ডেপুটি ম্যাজিস্ট্রেট পদে নিযুক্ত হন।

৮৩. $a^2 - b^2$ এবং $a^2 + b^2$ রাশি দুইটির গ.সা.গু. কত?
ⓚ 1 ⓛ $(a - b)$
ⓜ $(a + b)$ ⓝ $(a^2 - b^2)(a^2 + b^2)$
ব্যাখ্যা প্রদত্ত রাশি,
$= a^2 - b^2$ $a^2 + b^2$
$= (a + b)(a - b)$ $(a + b)^2 - 2ab$
$= (a + b)^2 - \left(\sqrt{2ab}\right)^2$
$= (a + b + \sqrt{2ab})(a + b - \sqrt{2ab})$
∴ নির্ণেয় গ.সা.গু. $= 1$

৮৪. ফলের উপর x% ভ্যাট আরোপ করা হলে p টাকার ফলের ক্রয়মূল্য কত হবে?
ⓚ $p + \frac{px}{1000}$ ⓛ $p + \frac{px}{100}$
ⓜ $p(100 + x)$ ⓝ $p + x$
ব্যাখ্যা ভ্যাট x% হলে,
100 টাকার ফলে ভ্যাট x টাকা
1 " " " $\frac{x}{100}$ "
p " " " $\frac{px}{100}$ "
∴ p টাকার ফলে ভ্যাট $\frac{px}{100}$ টাকা হলে ফলের ক্রয়মূল্য
$= \left(p + \frac{px}{100}\right)$ টাকা।

৮৫. বর্তমানে তেল উৎপাদনকারী শীর্ষ দেশ কোনটি?
ⓚ ইরান ⓛ কুয়েত ⓜ কাতার ⓝ সৌদি আরব
[Note : বর্তমানে খনিজ তেল ও প্রাকৃতিক গ্যাস উৎপাদনে যুক্তরাষ্ট্র শীর্ষ অবস্থানে এবং সৌদি আরব আছে তেল উৎপাদনে বিশ্বে দ্বিতীয় অবস্থানে। কিন্তু তেল রপ্তানিতে সৌদি আরব শীর্ষ অবস্থানে আছে। বিশ্বে তেল আমদানিতে শীর্ষ অবস্থানে আছে চীন।]

৮৬. The Romantic Age in English Literature began in—
ⓚ 1698 ⓛ 1898
ⓜ 1598 ⓝ 1798
ব্যাখ্যা 1798 সালে William Wordsworth এবং S. T. Coleridge-এর Lyrical Ballads প্রকাশের মধ্য দিয়ে ইংরেজি সাহিত্যে Romantic Age-এর সূচনা হয়।

৮৭. Choose the verb from the options :
ⓚ ton ⓛ very ⓜ great ⓝ green
ব্যাখ্যা Ton- প্রচুর, very- খুব, great- বড়, মহান এবং green- সবুজ ও নবীন হওয়া, পুনর্জীবন লাভ করা। প্রদত্ত শব্দগুলোর মধ্যে green শব্দটি verb হিসেবে ব্যবহৃত হয়।

৮৮. 'মহাভারতের' অনুবাদকারী প্রথম মহিলা কবি চন্দ্রাবতীর বাড়ি কোথায়?
ⓚ বিক্রমপুর ⓛ গাজীপুর
ⓜ নরসিংদী ⓝ কিশোরগঞ্জ
[Note : মহাভারত নয়, রামায়ণ অনুবাদকারী প্রথম মহিলা কবি চন্দ্রাবতীর বাড়ি বৃহত্তর ময়মনসিংহের কিশোরগঞ্জ জেলার অন্তর্গত পাঠবাড়ি বা পাটুয়ারী গ্রামে। তিনি ১৬ শতকের উল্লেখযোগ্য মহিলা কবি এবং তিনি মনসামঙ্গলের কবি দ্বিজ বংশীদাসের কন্যা। দীনেশচন্দ্র সেনের মতে, কবি চন্দ্রাবতী ১৫৫০ সালে জন্মগ্রহণ করেন। দীনেশচন্দ্র সেন ১৯৩২ সালে চন্দ্রাবতীর রামায়ণ প্রকাশ করেন।]

৮৯. $ax - ab = a^2$ রাশিটিতে x-এর মান কত?
ⓚ $a - b$ ⓛ ab ⓜ $a + b$ ⓝ $\frac{1}{a+b}$
ব্যাখ্যা দেওয়া আছে,
$ax - ab = a^2$
$\Rightarrow a(x - b) = a^2$
$\Rightarrow x - b = a$ [উভয়পক্ষকে a দ্বারা ভাগ করে]
$\Rightarrow x = a + b$
∴ x-এর মান $= a + b$

৯০. খ্যাতিমান সাহিত্যিক প্রমথ চৌধুরীর ছদ্মনাম কোনটি?
ⓚ নীললোহিত ⓛ ভানুসিংহ
ⓜ বীরবল ⓝ সব্যসাচী
ব্যাখ্যা বাংলা গদ্যে চলিতরীতির প্রবর্তক প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম বীরবল। অন্যদিকে নীললোহিত ও ভানুসিংহ ছদ্মনাম যথাক্রমে সুনীল গঙ্গোপাধ্যায় ও রবীন্দ্রনাথ ঠাকুরের।

৯১. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার—
ⓚ জয়নুল আবেদীন ⓛ কামরুল হাসান
ⓜ হাসেম খান ⓝ হামিদুর রহমান
ব্যাখ্যা বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকার ডিজাইনার চিত্রশিল্পী কামরুল হাসান। বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকা গৃহীত হয় ১৯৭২ সালের ১৭ জানুয়ারি। উল্লেখ্য, বাংলাদেশের মানচিত্র খচিত জাতীয় পতাকার নকশা প্রথম তৈরি করেন শিব নারায়ণ দাস।

৯২. 'গীতাঞ্জলি' কাব্যের ইংরেজি অনুবাদ করেন কে?
ⓚ জীবনানন্দ দাশ ⓛ সত্যেন্দ্রনাথ দত্ত
ⓜ হেমচন্দ্র ⓝ রবীন্দ্রনাথ ঠাকুর
ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত কাব্যগ্রন্থ 'গীতাঞ্জলি' (১৯১০) এবং অন্যান্য কাব্যের কিছু কবিতার ইংরেজি অনুবাদ গ্রন্থ 'Song Offerings' (১৯১২)-এর জন্য ১৯১৩ সালে কবি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। গ্রন্থটির ভূমিকা লিখেন আইরিশ কবি W. B. Yeats।

উত্তর
৮২ ক
৮৩ ক
৮৪ খ
৮৫ Note
৮৬ ঘ
৮৭ ঘ
৮৮ Note
৮৯ গ
৯০ গ
৯১ খ
৯২ ঘ

CamScanner

[illegible]

[illegible]

[illegible]

১০. 'COP26' অনুষ্ঠিত হয়েছে—
ক Glasgow খ London
গ Paris ঘ Hague

ব্যাখ্যা জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন বা COP-26 (কনফারেন্স অব দ্য পার্টিজ) ৩১ অক্টোবর-১৩ নভেম্বর ২০২১ স্কটল্যান্ডের গ্লাসগো শহরে অনুষ্ঠিত হয়। ওই সম্মেলনে বাংলাদেশ চার দফা প্রস্তাব উত্থাপন করে। উল্লেখ্য, ৬-২০ নভেম্বর ২০২২ COP-27 সম্মেলন অনুষ্ঠিত হয়েছে মিশরের শারম-আল-শেখ শহরে।

১১. জাতিসংঘ কোন বছর প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৪১ সালে খ ১৯৪৫ সালে
গ ১৯৪৮ সালে ঘ ১৯৪৯ সালে

ব্যাখ্যা জাতিসংঘ ১৯৪৫ সালের ২৪ অক্টোবর ৫১টি সদস্য রাষ্ট্র নিয়ে প্রতিষ্ঠিত হয় এবং বর্তমানে এর সদস্য রাষ্ট্র ১৯৩টি। এটির অফিসিয়াল ভাষা ৬টি এবং এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থিত।

১২. ABC ত্রিভুজের AB ও AC বাহুর মধ্যবিন্দুদ্বয় যথাক্রমে E ও F, EBCF চতুর্ভুজটি একটি—
ক আয়তক্ষেত্র খ বর্গক্ষেত্র
গ রম্বস ঘ ট্রাপিজিয়াম

ব্যাখ্যা ΔABC-এর AB ও AC-এর মধ্যবিন্দুদ্বয়ের সংযোগ রেখা $EF \parallel BC$ $EF = \frac{1}{2}BC$



∴ EBCF একটি ট্রাপিজিয়াম।

১৩. $\sqrt{0.01} \times \sqrt{0.0001} =$ কত?
ক 0.001 খ 0.01
গ 0.1 ঘ 1.0

ব্যাখ্যা $\sqrt{0.01} \times \sqrt{0.0001}$
$= \sqrt{\frac{1}{100}} \times \sqrt{\frac{1}{10000}}$
$= \frac{1}{10} \times \frac{1}{100} = \frac{1}{1000} = 0.001$

১৪. $S = \{x \in R : x$ একটি মৌলিক সংখ্যা এবং $x^2 < 64\}$ একটি সেট। নিচের কোনটি সঠিক?
ক $s = \{2, 3, 5, 7\}$ খ $\{2, 3, 4, 5, 7\}$
গ $\{2, 3, 5, 6, 7\}$ ঘ $1, 2, 3, 4, 5\}$

ব্যাখ্যা $S = \{x = \in R : x$ একটি মৌলিক সংখ্যা এবং $x^2 < 64\}$
$x = 2$ হলে $x^2 = 4 < 64$
$x = 3$ " $x^2 = 9 < 64$
$x = 5$ " $x^2 = 25 < 64$
$x = 7$ " $x^2 = 49 < 64$
$x = 11$ " $x^2 = 121 \not< 64$
∴ $s = \{2, 3, 5, 7\}$

১৫. সৈয়দ শামসুল হক রচিত নাটক—
ক সুবচন নির্বাসনে খ রক্তাক্ত প্রান্তর
গ পায়ের আওয়াজ পাওয়া যায় ঘ হাত হদাই

ব্যাখ্যা সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক নাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। অন্যদিকে আবদুল্লাহ আল মামুন রচিত নাটক 'সুবচন নির্বাসনে'; মুনীর চৌধুরী রচিত নাটক 'রক্তাক্ত প্রান্তর' এবং সেলিম আল দীন রচিত নাটক 'হাত হদাই'।

১৬. I study hard — I should fail in the examination.
ক or খ so that
গ lest ঘ unless

ব্যাখ্যা শূন্যস্থানের পরে should + verb থাকায় শূন্যস্থানে lest বসবে।

১৭. Which word is incorrectly spelt?
ক headache খ miser
গ recommend ঘ resteurant

ব্যাখ্যা Resteurant বানানটি ভুল রয়েছে। সঠিক বানান 'restaurant'।

১৮. $9x^2 = 6x - 2$ হলে, $\frac{81x^4 + 4}{9x^2}$ এর মান—
ক −2 খ 0
গ 2 ঘ 3

ব্যাখ্যা $9x^2 = 6x - 2$ ..... (i)
বা, $81x^4 = (6x - 2)^2$ [বর্গ করে]
বা, $81x^4 = 36x^2 - 24x + 4$
তাহলে, $\frac{81x^4 + 4}{9x^2} = \frac{36x^2 - 24x + 4 + 4}{6x - 2}$
$= \frac{4(9x^2 - 6x + 2)}{6x - 2}$
$= \frac{4(6x - 2 - 6x + 2)}{6x - 2}$
$= \frac{4.0}{6x - 2} = 0$

১৯. মুজিবনগর সরকার কখন গঠিত হয়?
ক ১০ এপ্রিল ১৯৭১ খ ১০ এপ্রিল ১৯৭২
গ ১৭ এপ্রিল ১৯৭১ ঘ ১৬ এপ্রিল ১৯৭০

ব্যাখ্যা মুজিবনগর সরকার বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১ এবং একই দিনে স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয়। এ সরকার ১৯৭১ সালের ১৭ এপ্রিল কুষ্টিয়ার মেহেরপুরের বৈদ্যনাথতলার ভবেরপাড়া গ্রামের আমবাগানে শপথ গ্রহণ করে এবং অধ্যাপক এম ইউসুফ আলী স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন।

উত্তর
১০ ক
১১ খ
১২ ঘ
১৩ ক
১৪ ক
১৫ গ
১৬ গ
১৭ ঘ
১৮ খ
১৯ ক

২০. — Omar Khayyam is seldom born.
ক Only খ The
গ A ঘ An

ব্যাখ্যা 'ওমর খৈয়ামেরা কদাচিত জন্মান' এরূপ বুঝাতে Omar Khayyam-এর পূর্বে the বসে।

২১. নিচের কোনটি কম্পিউটারের প্রাইমারি মেমোরি?
ক RAM খ Hard Disk
গ Pen drive ঘ ROM

[Note : যে মেমোরির সঙ্গে সিপিইউর অন্তর্গত ALU-র প্রত্যক্ষ অ্যাকসেস থাকে তাকে প্রাইমারি বা প্রধান মেমোরি বলে। উল্লেখিত অপশনে RAM ও ROM উভয়ই প্রধান বা প্রাইমারি মেমোরি।]

২২. মৌলিক স্বরধ্বনি কয়টি?
ক ৫টি খ ৪টি
গ ৯টি ঘ ৭টি

ব্যাখ্যা বাংলা বর্ণমালায় মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা : অ, আ, ই, উ, এ, ও, অ্যা। বাংলা বর্ণমালায় মোট বর্ণ ৫০টি। স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জনবর্ণ ৩৯টি।

২৩. 'কারাগারের রোজনামচা' গ্রন্থটির প্রকাশক—
ক বাংলা একাডেমি
খ বাংলাদেশ আওয়ামী লীগ
গ শেখ মুজিবুর রহমান
ঘ কেন্দ্রীয় কারাগার কর্তৃপক্ষ

ব্যাখ্যা 'কারাগারের রোজনামচা' গ্রন্থটি ২০১৭ সালে বাংলা একাডেমি থেকে প্রকাশিত হয়। এটি বঙ্গবন্ধুর কারান্তরীণ জীবনের ডায়েরি সংকলন। বইটির ভূমিকা লিখেছেন বঙ্গবন্ধু কন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

২৪. Choose the correct sentence :
ক He is used to work hard.
খ He is used to working hard.
গ He used to working hard.
ঘ He has used to work hard.

ব্যাখ্যা Be used to-এর পরে verb + ing বসে। আর, used to -এর পরে verb-এর base form বসে।

২৫. ছয়দফা দাবী পেশ করা হয়—
ক ১৯৭০ সালে খ ১৯৬৬ সালে
গ ১৯৬৫ সালে ঘ ১৯৬৯ সালে

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লাহোর প্রস্তাবের ভিত্তিতে রচিত ঐতিহাসিক ৬ দফা কর্মসূচি ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত এক সম্মেলনে প্রথম উত্থাপন করেন। উল্লেখ্য, ছয় দফা আনুষ্ঠানিকভাবে ঘোষিত হয় ২৩ মার্চ ১৯৬৬।

২৬. 'শ্রী কৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা—
ক বড়ু চণ্ডীদাস খ দ্বিজ চণ্ডীদাস
গ শ্রী চৈতন্যদেব ঘ কাহ্নপা

ব্যাখ্যা 'শ্রী কৃষ্ণকীর্তন' মধ্যযুগের প্রথম কাব্য এবং বড় চণ্ডীদাস মধ্যযুগের আদি কবি। তিনি ভাগবতের কৃষ্ণলীলা সম্পর্কিত কাহিনি অবলম্বনে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য রচনা করেন। এ কাব্যের প্রধান চরিত্র তিনটি- কৃষ্ণ, রাধা ও বড়াই। এ কাব্যের মোট ১৩টি খণ্ড আছে।

২৭. একটি ঘনকের একটি ধারের দৈর্ঘ্য ৪ মিটার হলে, উহার তলগুলোর ক্ষেত্রফল—
ক ১৬ বর্গমিটার খ ২৪ বর্গমিটার
গ ৭২ বর্গমিটার ঘ ৯৬ বর্গমিটার

ব্যাখ্যা ঘনকের সমগ্র তলের ক্ষেত্রফল $= 6a^2$ [a = ধারের দৈর্ঘ্য]
$= 6 \times 4^2$
$= 96$ বর্গমিটার

২৮. What is the meaning of 'at one's fingertips'?
ক to take revenge খ matter of shame
গ complete knowledge ঘ injured finger

ব্যাখ্যা 'At one's fingertips' অর্থ নখদর্পণে। সুতরাং complete knowledge ই সঠিক উত্তর।

২৯. দুইটি সংখ্যার অনুপাত ২ : ৩ এবং তাদের ল.সা.গু. ২৪। সংখ্যা দুইটির যোগফল কত?
ক ২০ খ ১৬
গ ১৮ ঘ ১৫

ব্যাখ্যা সংখ্যা দুটি $2x$ এবং $3x$ হলে
∴ ল.সা.গু $= 6x$
প্রশ্নমতে, $6x = 24$
∴ $x = 8$
∴ সংখ্যা দুটির যোগফল $= 2x + 3x = 5x = 5 \times 8 = 20$

৩০. 'সঞ্চিতা' কোন কবির কাব্য সংকলন?
ক কাজী নজরুল ইসলাম
খ রবীন্দ্রনাথ ঠাকুর গ মহাকবি কায়কোবাদ
ঘ মাইকেল মধুসূদন দত্ত

ব্যাখ্যা 'সঞ্চিতা' বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থ। রবীন্দ্রনাথ ঠাকুরকে তিনি এ কাব্যগ্রন্থটি উৎসর্গ করেছিলেন। এ গ্রন্থে মোট ৭৮টি কবিতা ও ১৭টি গান সংকলিত হয়েছে। এর মধ্যে বিদ্রোহী, সর্বহারা, সাম্যবাদী, মানুষ, জীবনবন্দনা, চলচল উল্লেখযোগ্য।

৩১. The complex form of the sentence, 'But for your help, I could not prosper in life.' is—
ক Thought you did not help I could prosper in life.
খ Though you helped me I could not prosper in life.
গ If you did not help me I could not prosper in life.
ঘ Without your help I could not prosper in life.

ব্যাখ্যা বাক্যটিতে 'but' ব্যবহৃত হয়েছে without-এর মতো। সেক্ষেত্রে complex করতে if যুক্ত clause আনতে হবে ও negative sentence হবে।

উত্তর
২০ খ
২১ Note
২২ ঘ
২৩ ক
২৪ খ
২৫ খ
২৬ ক
২৭ ঘ
২৮ গ
২৯ ক
৩০ ক
৩১ গ

CamScanner

৩২. ভাষা আন্দোলন বিষয়ক উপন্যাস—
ক কবর খ আরেক ফাল্গুন
গ জীবন ঘষে আগুন ঘ হাঙর নদী গ্রেনেড

ব্যাখ্যা ভাষা আন্দোলনবিষয়ক উপন্যাস 'আরেক ফাল্গুন'-এর রচয়িতা জহির রায়হান। ১৯৪৮ থেকে ১৯৫২ হয়ে ১৯৫৫ সাল পর্যন্ত চলমান সমাজের অংশগ্রহণমূলক প্রেম-প্রণয়ন ইত্যাদি উপন্যাসটির মূল বিষয়। অন্যদিকে ভাষা আন্দোলনবিষয়ক নাটক হলো 'কবর'।


৩৩. Who does not belong to Romantic Period of English Literature?
ক William Wordsworth
খ John Keats
গ P.B. Shelley
ঘ William Shakespeare

ব্যাখ্যা William Wordsworth, John Keats, P.B. Shelly-এরা প্রত্যেকেই Romantic Period-এর কবি-সাহিত্যিক। William Shakespeare Elizabethan Period-এর সাহিত্যিক।

৩৪. $ax^2 + 4x + 3 = 0$ সমীকরণটির মূলদ্বয় বাস্তব ও অসমান হলে, a এর মান যে ব্যবধিতে অবস্থিত তা হলো—
ক $\left(-\infty, \frac{4}{3}\right)$ খ $\left(-\infty, \frac{3}{4}\right)$
গ $\left(\frac{4}{3}, \infty\right)$ ঘ $\left(\frac{3}{4}, \infty\right)$


ব্যাখ্যা $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় বাস্তব ও অসমান হওয়ার শর্ত $b^2 - 4ac > 0$
বা, $b^2 > 4ac$
$\therefore ax^2 + 4x + 3 = 0$ সমীকরণের জন্য
$4^2 > 4.a.3$
বা, $16 > 12a$
$\therefore a < \frac{4}{3}$
$\therefore$ a এর মান $(-\infty, \frac{4}{3})$

৩৫. যে চতুর্ভুজের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে তা হলো—
ক সামন্তরিক খ রম্বস
গ আয়তক্ষেত্র ঘ ট্রাপিজিয়াম

ব্যাখ্যা


প্রশ্নে প্রদত্ত অপশনগুলোর মধ্যে শুধুমাত্র রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

৩৬. ΔABC-এর AB ও BC বাহুর দৈর্ঘ্য 6 ও 8 একক। $\angle A = 45°, \angle C = 75°$ হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল—
ক $8\sqrt{3}$ বর্গ একক খ $12\sqrt{3}$ বর্গ একক
গ $24\sqrt{3}$ বর্গ একক ঘ $48\sqrt{3}$ বর্গ একক

ব্যাখ্যা


দেওয়া আছে,
ΔABC-এর $AB = 6$
$BC = 8$
$\angle A = 45°, \angle C = 75°$
$\therefore \angle B = (180° - (45 + 75))$
$= 60°$
$\therefore$ ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AB \times BC \sin B$
$= \frac{1}{2} \times 6 \times 8 \sin 60°$
$= 24 \times \frac{\sqrt{3}}{2}$
$= 12\sqrt{3}$

৩৭. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস নয় কোনটি?
ক হাঙর নদী গ্রেনেড খ স্টপ জেনোসাইড
গ শেষের কবিতা ঘ জোছনা ও জননীর গল্প

ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'শেষের কবিতা' মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস নয়। অন্যদিকে সেলিনা হোসেনের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'হাঙর নদী গ্রেনেড', জহির রায়হান পরিচালিত মুক্তিযুদ্ধের প্রামাণ্য চিত্র 'স্টপ জেনোসাইড' এবং হুমায়ুন আহমেদ রচিত 'জোছনা ও জননীর গল্প' মুক্তিযুদ্ধের উপর ভিত্তি করে রচিত।

৩৮. নিচের কোনটি সামঞ্জস্যপূর্ণ নয়?
ক ফেসবুক খ টুইটার
গ উইকিপিডিয়া ঘ ইউটিউব

ব্যাখ্যা উইকিপিডিয়া বহুভাষিক, মুক্ত কন্টেন্ট সংযুক্ত একটি ইন্টারনেটভিত্তিক বিশ্বকোষ বা তথ্যভাণ্ডার। ২০০১ সালে জিমি ওয়ালেস এবং ল্যারি স্যাঙ্গার উইকিপিডিয়া চালু করেন। ফেসবুক ও টুইটার দুটি জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম। ইউটিউব হলো ভিডিও দেখা ও শেয়ার করার প্লাটফর্ম। এটির প্রতিষ্ঠাতা বাংলাদেশি জাবেদ করিম, চ্যাড হারলি ও স্টিভ চেন।

৩৯. Black will take no other—.
ক cream খ dirt
গ hue ঘ form

ব্যাখ্যা 'Black will take no other hue' অর্থ কয়লা ধুলে ময়লা যায় না। সুতরাং শূন্যস্থানে hue বসবে।

৪০. বাংলাদেশের জাতীয় বাজেট ২০২১-২২-এ মোট ব্যয় ধরা হয়েছে—
ক ৪,০৩,৬৮১ কোটি টাকা
খ ৫,০৩,৬৮১ কোটি টাকা
গ ৬,০৩,৬৮১ কোটি টাকা
ঘ ৬,৬৮,৩৮১ কোটি টাকা

ব্যাখ্যা বাংলাদেশের ৫১তম (অন্তবর্তীকালীন একটি বাজেটসহ) ২০২১-২২ অর্থবছরে জাতীয় বাজেট-এ মোট ব্যয় ধরা হয়েছে ৬,০৩,৬৮১ কোটি টাকা (জিডিপি'র ১৭.৫%)। উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরের বাজেটের পরিমাণ ৬, ৭৮,০৬৪ কোটি টাকা।

৪১. Which of the following is not a verb?
ক threaten খ worsen
গ flatter ঘ bounden

ব্যাখ্যা Threaten, worsen ও flatter শব্দগুলো verb। যাদের অর্থ যথাক্রমে হুমকি হওয়া, অধিকতর খারাপ করা ও তোষামোদ করা। আর bounden হলো adjective যার অর্থ অবশ্যপালনীয়। এটি bind শব্দের past participle হিসেবে old English-এ ব্যবহৃত হতো।

৪২. জহির রায়হানের 'আরেক ফাল্গুন' গ্রন্থে বর্ণিত হয়েছে—
ক মুক্তিযুদ্ধের কথা খ বসন্তকালের কথা
গ শীতকালের কথা ঘ ভাষা আন্দোলনের কথা

ব্যাখ্যা জহির রায়হানের 'আরেক ফাল্গুন' গ্রন্থে বর্ণিত হয়েছে ভাষা আন্দোলনের কথা। বাঙালি জাতীয়তাবাদী আন্দোলন ও ১৯৫৫ সালের ২১ ফেব্রুয়ারি পালনের অভিজ্ঞতায় তিনি এ উপন্যাস রচনা করেন। তার উল্লেখযোগ্য উপন্যাস : হাজার বছর ধরে, বরফ গলা নদী।

৪৩. যদি $a^b = c$, $b^c = a$ এবং $c^a = b$ হয় তবে নিচের কোনটি সঠিক?
ক $abc = 0$ খ $bc = a$
গ $ab = \frac{1}{c}$ ঘ $b^2 = ac$

ব্যাখ্যা $a^b = c$; $b^c = a$ এবং $c^a = b$
বা, $(b^c)^b = c$
বা, $b^{bc} = c$
বা, $(b^{bc})^a = c^a$
বা, $b^{abc} = b^1$
বা, $abc = 1$
$\therefore ab = \frac{1}{c}$

৪৪. রাতকানা রোগ হয় কোন ভিটামিনের অভাবে?
ক ভিটামিন-এ খ ভিটামিন-সি
গ ভিটামিন-ডি ঘ ভিটামিন-বি

ব্যাখ্যা ভিটামিন 'এ'-এর অভাবে রাতকানা রোগ হয়। এছাড়া ভিটামিন 'সি'-এর অভাবে স্কার্ভি, ভিটামিন 'ডি'-এর অভাবে রিকেটস রোগ, ভিটামিন 'বি'-এর অভাবে বেরিবেরি রোগ হয়।

৪৫. 'Frailty, thy name is woman.' Here 'Frailty' is—.
ক a symbol খ a metaphor
গ a conceit ঘ a personification

ব্যাখ্যা Personification দ্বারা নিশ্প্রাণ বস্তু বা গুণগত ধারণাকে জীবন্ত ব্যক্তিরূপে বিবেচনা করা হয়। প্রদত্ত বাক্যে Frialty-কে নারীরূপে কল্পনা করা হচ্ছে। তাই, এখানে এটি personification।

৪৬. 'হাঙর নদী গ্রেনেড' উপন্যাসটি লিখেছেন—
ক হুমায়ূন আহমেদ খ শামসুর রাহমান
গ আমজাদ হোসেন ঘ সেলিনা হোসেন

ব্যাখ্যা মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'হাঙর নদী গ্রেনেড' লিখেছেন সেলিনা হোসেন। তার আরও কয়েকটি উপন্যাস : জলোচ্ছ্বাস, নীল ময়ূরের যৌবন, যাপিত জীবন, যুদ্ধ, কাঁটা তারে প্রজাপতি।

৪৭. 'Narcissism' means —.
ক arrogance খ graceful
গ self-effacing ঘ dignity

ব্যাখ্যা Narcissism অর্থ আত্মমুগ্ধতা, স্বকাম। Arrogance অর্থ ঔদ্ধত্য, graceful অর্থ মাধুর্যমণ্ডিত, self-effacing অর্থ নিজেকে অন্তরুত্বপূর্ণরূপে হাজির করা যাতে অন্যেরা লক্ষ্য না করে অর্থাৎ নিজেকে লোকচক্ষুর অন্তরালে রাখা, dignity অর্থ মর্যাদা। যেহেতু naricissism (আত্মমুগ্ধতা) থেকে arrogance (ঔদ্ধত্য) উৎপত্তি লাভ করে, তাই এক্ষেত্রে narcissism-এর সমার্থক অর্থ হিসেবে arrogance গ্রহণ করা যায়।

৪৮. $x + y + 3 = 0$ রেখাটির ঢাল হবে—
ক -2 খ -1
গ 0 ঘ 1

ব্যাখ্যা প্রদত্ত সমীকরণ $x + y + 3 = 0$
বা, $y = -x - 3$ ..... (i)
(i) নং সমীকরণকে $y = mx + c$-এর সাথে তুলনা করলে পাই $m = -1$ যা নির্ণেয় ঢাল।

৪৯. কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস নয় কোনটি?
ক মৃত্যু ক্ষুধা খ জীবন-ক্ষুধা
গ বাঁধন-হারা ঘ কুহেলিকা

ব্যাখ্যা জীবন-ক্ষুধা আবুল মনসুর আহমদ রচিত উপন্যাস। অন্যদিকে কাজী নজরুল ইসলাম রচিত তিনটি উপন্যাস হলো– মৃত্যুক্ষুধা, বাঁধনহারা এবং কুহেলিকা।

৫০. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত পত্রিকার নাম—
ক বাংলা বাজার খ বঙ্গবাসী
গ সবুজপত্র ঘ বঙ্গদর্শন

উত্তর	
৩২	খ
৩৩	ঘ
৩৪	ক
৩৫	খ
৩৬	ঘ
৩৭	গ
৩৮	গ
৩৯	গ
৪০	গ
৪১	ঘ
৪২	ঘ
৪৩	গ
৪৪	ক
৪৫	ঘ
৪৬	ঘ
৪৭	ক
৪৮	খ
৪৯	খ
৫০	ঘ

ব্যাখ্যা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত পত্রিকার নাম 'বঙ্গদর্শন'। অন্যদিকে 'সবুজপত্র' পত্রিকাটির সম্পাদক ছিলেন প্রমথ চৌধুরী।

৫১. $a+b+c=6$ এবং $ab+bc+ca=11$ হলে $a^2+b^2+c^2$ = কত?
ⓚ 12 ⓛ 14
ⓜ 9 ⓝ 10

ব্যাখ্যা $(a+b+c)^2=(a^2+b^2+c^2)+2(ab+bc+ca)$
বা, $a^2+b^2+c^2=(a+b+c)^2-2(ab+bc+ca)$
$=6^2-2\times11$
$=14$

৫২. যে রক্তনালীর মাধ্যমে রক্ত হৃৎপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে বাহিত হয় তাকে বলে?
ⓚ শিরা ⓛ ধমনী
ⓜ কৈশিক জালিকা ⓝ উপশিরা

ব্যাখ্যা যেসব রক্তনালীর মাধ্যমে রক্ত হৃৎপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে বাহিত হয় তাদেরকে ধমনী বলে। যেসব রক্তনালীর মাধ্যমে কার্বন ডাই-অক্সাইড যুক্ত রক্ত দেহের বিভিন্ন অঙ্গ থেকে হৃৎপিণ্ডে বহন করে নিয়ে আসে তাদেরকে শিরা বলে।

৫৩. নিচের কোনটি গ্রিনহাউজ গ্যাস নয়?
ⓚ মিথেন ⓛ কার্বন ডাই-অক্সাইড
ⓜ অক্সিজেন ⓝ নাইট্রাস অক্সাইড

ব্যাখ্যা বায়ুমণ্ডলের যে সকল গ্যাস তাপীয় অবলোহিত সীমার মধ্যে বিকিরিত শক্তি শোষণ ও নির্গত করে সে সকল গ্যাসকে গ্রিন হাউস গ্যাস বলে। প্রধান গ্রিন হাউস গ্যাস হলো– কার্বন ডাই-অক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড, ওজোন এবং জলীয় বাষ্প।

৫৪. মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত নাম—
ⓚ হরিহর বন্দ্যোপাধ্যায় ⓛ রতন বন্দ্যোপাধ্যায়
ⓜ প্রবোধ কুমার বন্দ্যোপাধ্যায় ⓝ জ্যোতিভূষণ বন্দ্যোপাধ্যায়

ব্যাখ্যা মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত নাম প্রবোধ কুমার বন্দ্যোপাধ্যায়। তার রচিত কয়েকটি উপন্যাসের নাম : জননী, পরানদীর মাঝি, দিবারাত্রির কাব্য, শহরতলী, শহরবাসের ইতিকথা, অহিংসা।

৫৫. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটির রচয়িতা কে?
ⓚ ফজল-এ খুদা ⓛ আলতাফ মাহমুদ
ⓜ আবদুল গাফফার চৌধুরী ⓝ খান আতাউর রহমান

ব্যাখ্যা 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটির রচয়িতা সাংবাদিক আব্দুল গাফফার চৌধুরী। বিখ্যাত এ গানটির প্রথম সুরকার ছিলেন আবদুল লতিফ। বর্তমান সুরকার আলতাফ মাহমুদ। প্রথমে এটি কবিতা আকারে প্রকাশিত হয় হাসান হাফিজুর রহমান সম্পাদিত 'একুশে ফেব্রুয়ারি' গ্রন্থে। পরে এটি গানে রূপ নেয়।

৫৬. Who is the author of 'India Wins Freedom'?
ⓚ Jawaharlal Nehru ⓛ Abul Kalam Azad
ⓜ Muhammad Ali Jinnah
ⓝ Liaquat Ali Khan

ব্যাখ্যা 'India Wins Freedom' বইটির লেখক বিখ্যাত কংগ্রেস নেতা মাওলানা আবুল কালাম আজাদ। অন্যদিকে, ভারতের স্বাধীনতা আন্দোলনের নেতা জওহরলাল নেহেরুর লেখা একটি বিখ্যাত বই হলো 'The Discovery of India'।

৫৭. মঙ্গলকাব্যের শেষ কবি—
ⓚ দ্বিজ বংশীদাস ⓛ চন্দ্রাবতী
ⓜ ভারতচন্দ্র রায়গুণাকর ⓝ কানাহরি দত্ত

ব্যাখ্যা মঙ্গল কাব্যের শেষ কবি ভারতচন্দ্র রায়গুণাকর। তার শ্রেষ্ঠ নিদর্শন 'অন্নদামঙ্গল'। অন্যদিকে দ্বিজ বংশীদাস মনসামঙ্গল-এর অন্যতম শ্রেষ্ঠ কবি। বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি চন্দ্রাবতী এবং মঙ্গল কাব্যের আদিকবি কানাহরি দত্ত।

৫৮. 'প্রাতরাশ' শব্দের সন্ধি—
ⓚ প্রাত + রাশ ⓛ প্রাতঃ + রাশ
ⓜ প্রাতঃ + আশ ⓝ প্রাত + আশ

ব্যাখ্যা 'প্রাতরাশ' শব্দের সন্ধি বিচ্ছেদ প্রাতঃ + আশ। অ-ধ্বনির সঙ্গে বিসর্গ এবং পরে অ, আ, উ ধ্বনি থাকলে বিসর্গ ও অ-ধ্বনি মিলে র হয়। যেমন– পুনঃ + আবৃত্তি = পুনরাবৃত্তি, পুনঃ + উক্ত = পুনরুক্ত।

৫৯. 'Antonym of 'benign' is —.
ⓚ beneficial ⓛ peaceful
ⓜ blessed ⓝ malignant

ব্যাখ্যা Benign–অর্থ সদাশয়, অমায়িক। Beneficial অর্থ লাভজনক, উপকারী, peaceful অর্থ শান্তিপূর্ণ, শান্তিপ্রিয়, blessed অর্থ ধন্য, আশীর্বাদপুষ্ট, malignant অর্থ মারাত্মক, অতি ক্ষতিকর। সুতরাং benign-এর antonym হলো malignant।

৬০. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?
ⓚ জয়নুল আবেদীন ⓛ কামরুল হাসান
ⓜ হাসেম খান ⓝ হামিদুর রহমান

ব্যাখ্যা বাংলাদেশের জাতীয় পতাকা এবং জাতীয় প্রতীকের ডিজাইনার চিত্রশিল্পী কামরুল হাসান। বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার এ এন সাহা। উল্লেখ্য, বাংলাদেশের মানচিত্র খচিত জাতীয় পতাকার নকশা প্রথম তৈরি করেন শিব নারায়ণ দাস।

৬১. রবীন্দ্রনাথ ঠাকুর তার রচিত কোন নাটকটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেন?
ⓚ বিসর্জন ⓛ ডাকঘর
ⓜ বসন্ত ⓝ অচলায়তন

উত্তর
৫১ খ
৫২ খ
৫৩ গ
৫৪ গ
৫৫ গ
৫৬ খ
৫৭ গ
৫৮ গ
৫৯ ঘ
৬০ খ
৬১ গ

ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর তার রচিত 'বসন্ত' নাটকটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেছিলেন। 'বসন্ত' একটি গীতিনাট্য। এ নাটকের বিষয়বস্তু ঋতুরাজ বসন্তের জয়গান।

৬২. $1+6x-7x^2$-এর উৎপাদক—
ⓚ $(1-x)(1-7x)$ ⓛ $(1-x)(1+7x)$
ⓜ $(1+x)(1-7x)$ ⓝ $(1+x)(1+7x)$

ব্যাখ্যা $1+6x-7x^2$
$=-(7x^2-6x-1)$
$=-(7x^2-7x+x-1)$
$=-[7x(x-1)+1(x-1)]$
$=-(x-1)(7x+1)$
$=(1-x)(7x+1)$
$\therefore (1-x)(1+7x)$

৬৩. দুইটি সংখ্যার গুণফল ৬০ এবং ভাগফল $3\frac{3}{8}$। সংখ্যা দুইটির যোগফল কত?
ⓚ ২০ ⓛ $21\frac{3}{8}$
ⓜ ১৯ ⓝ ১৮

ব্যাখ্যা সংখ্যা দুটি x ও y হলে $xy=60$ .....(i)
এবং $\frac{x}{y}=3\frac{3}{4}=\frac{15}{4}$
বা, $x=\frac{15y}{4}$ ..... (ii)
(i) নং সমীকরণে $x=\frac{15y}{4}$ বসিয়ে পাই,
$\frac{15}{4}y^2=60$
বা, $y^2=60\times\frac{4}{15}$
বা, $y^2=4^2$
$\therefore y=4$
(ii) নং হতে, $x=\frac{15}{4}\times4=15$
$\therefore$ সংখ্যা দুটির যোগফল $x+y=15+4=19$

৬৪. $x+y=4, x-y=2$ হলে xy-এর মান—
ⓚ 1 ⓛ 2
ⓜ 3 ⓝ 4

ব্যাখ্যা $xy=\left(\frac{x+y}{2}\right)^2-\left(\frac{x-y}{2}\right)^2$
$=\left(\frac{4}{2}\right)^2-\left(\frac{2}{2}\right)^2$
$=2^2-1^2$
$=4-1=3$

৬৫. 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়' এর রচয়িতা—
ⓚ ঈশ্বরচন্দ্র গুপ্ত ⓛ মধুসূদন দত্ত
ⓜ রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ⓝ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

ব্যাখ্যা 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়-এর রচয়িতা রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়। তার রচিত অন্যান্য কাব্য : কর্মদেবী, শূরসুন্দরী, কাঞ্চীকাবেরী।

৬৬. একটি রাশি অপর একটি রাশির ১১৩$\frac{১}{৩}$% হলে রাশিদ্বয়ের অনুপাত—
ⓚ ১৫ : ১৭ ⓛ ১৭ : ১৫
ⓜ ১৭ : ১৯ ⓝ ১৯ : ১৭

ব্যাখ্যা ধরি, একটি রাশি x
$\therefore$ অপর রাশি x এর ১১৩$\frac{১}{৩}$%
$=x\times\frac{৩৪০}{১০০\times৩}$
$=\frac{৩৪x}{১০\times৩}=\frac{১৭x}{১৫}$
$\therefore$ অনুপাত $=\frac{x}{\frac{১৭x}{১৫}}=১৫:১৭$

৬৭. বাণিজ্যিকভাবে মৌমাছি পালনকে বলা হয়—
ⓚ পিসিকালচার ⓛ এপিকালচার
ⓜ মেরিকালচার ⓝ সেরিকালচার


ব্যাখ্যা বাণিজ্যিকভাবে মৌমাছি পালন করাকে বলা হয় এপিকালচার এবং মৎস্য চাষকে বলা হয় পিসিকালচার। রেশম চাষবিষয়ক বিদ্যা, ভাসমান সামুদ্রিক প্রাণি চাষ ও পাখি পালন করাকে যথাক্রমে বলা হয়; সেরিকালচার মেরিকালচার ও এভিকালচার।

৬৮. নুরুল মোমেন রচিত নাটক কোনটি?
ⓚ নবান্ন ⓛ নেমেসিস
ⓜ কৃষ্ণকুমারী ⓝ জমিদার দর্পণ

ব্যাখ্যা নুরুল মোমেন রচিত নাটক 'নেমেসিস'। অন্যদিকে– মাইকেল মধুসূদন দত্ত রচিত নাটক 'কৃষ্ণকুমারী', মীর মশাররফ হোসেন রচিত নাটক 'জমিদার দর্পণ' এবং বিজন ভট্টাচার্য রচিত নাটক 'নবান্ন'।

৬৯. ABC ত্রিভুজের BC বাহুকে E বিন্দু পর্যন্ত এমনভাবে বর্ধিত করা হলো যেন $\angle ACE=100°, \angle ABC=40°$ হলে $\angle A$ সমান হবে—
ⓚ 0° ⓛ 60°
ⓜ 70° ⓝ 80°

ব্যাখ্যা $\angle A+\angle B=\angle ACE$
বা, $\angle A=\angle ACE-\angle B$
$=100-40$
$=60°$



৭০. Give me a pen to write —.
ⓚ with ⓛ to
ⓜ for ⓝ on

উত্তর
৬২ খ
৬৩ গ
৬৪ গ
৬৫ গ
৬৬ ক
৬৭ খ
৬৮ খ
৬৯ খ
৭০ ক

CamScanner

ব্যাখ্যা কলমের সাহায্য নিয়ে লেখা হয়। তাই write-এর পরে with বসে।

৭১. A burnt child dreads the fire. Here 'burnt' is a/an—.
ⓚ finite verb ⓛ gerund
ⓜ present participle ⓝ past participle

ব্যাখ্যা Burn-এর past participle হলো burnt। Burnt অর্থ পুড়ে গেছে এমন।


৭২. The adjective form of the word 'people' is—.
ⓚ popularity ⓛ popularly
ⓜ popularize ⓝ populous

ব্যাখ্যা Populous অর্থ জনবহুল (জায়গা) অর্থাৎ যেখানে বিপুল সংখ্যক লোক বাস করে। People বা জনতার সাথে সরাসরি সম্পর্কিত। Popular অর্থ জনপ্রিয় যেটা লোকজনের পছন্দের সাথে কিংবা লোকজনের মাঝে পরিচয়-পরিচিতি বা প্রভাব বিস্তারের সাথে সম্পর্কিত। Popularity অর্থ জনপ্রিয়তা, এটি একটি noun। Popularize শব্দটি verb, যার অর্থ মানুষের মাঝে কোনো বিষয়কে পরিচিতি ও উপভোগ করানো।

৭৩. $2\sin\theta=\sqrt{3}$ হলে $\cot\left(\frac{p}{2}-q\right)$ এর মান—
ⓚ $\frac{1}{\sqrt{3}}$ ⓛ $\frac{2}{\sqrt{3}}$
ⓜ $\sqrt{3}$ ⓝ 2

ব্যাখ্যা $2\sin\theta=\sqrt{3}$

বা, $\sin\theta=\frac{\sqrt{3}}{2}=\frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$



ΔABC সমকোণী ত্রিভুজের জন্য $\Rightarrow BC^2=AC^2-AB^2$
$=2^2-\left(\sqrt{3}\right)^2$
$=4-3$
$\therefore BC=1$

তাহলে, $\cot\left(\frac{\pi}{2}-\theta\right)=\tan\theta=\frac{AB}{BC}=\frac{\sqrt{3}}{1}=\sqrt{3}$

৭৪. 'আমার দেখা নয়াচীন' কোন ধরনের গ্রন্থ?
ⓚ অর্থনীতি ভিত্তিক ⓛ ভ্রমণ কাহিনি
ⓜ গল্পগ্রন্থ ⓝ উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা 'আমার দেখা নয়াচীন' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভ্রমণ কাহিনিমূলক গ্রন্থ। ২০২০ সালে বাংলা একাডেমি থেকে গ্রন্থটি প্রকাশিত হয়। বইটির ভূমিকা লিখেছেন বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ কন্যা ও বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

৭৫. The verb form of the word 'milk' is—.
ⓚ milky ⓛ milk
ⓜ milker ⓝ mikshake

ব্যাখ্যা Milk শব্দটি noun। এটি verb হিসেবেও কাজ করতে পারে। তখন অর্থ দাঁড়ায়– দুধ দোহন করা।

৭৬. কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ—
ⓚ বিদ্রোহী ⓛ অগ্নি-বীণা
ⓜ বিষের বাঁশী ⓝ দোলন চাঁপা

ব্যাখ্যা কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ 'অগ্নি-বীণা' (১৯২২)। এ গ্রন্থে মোট ১২টি কবিতা আছে। 'প্রলয়োল্লাস' এ কাব্যগ্রন্থের প্রথম কবিতা। এই কাব্যগ্রন্থের অন্যতম ও জনপ্রিয় কবিতা 'বিদ্রোহী'।

৭৭. The problem is anything but easy. Here 'but' is a/an—.
ⓚ preposition ⓛ adjective
ⓜ conjunction ⓝ adverb

ব্যাখ্যা কোনো বাক্যে but যদি except (ছাড়া) apart from (বাদে/ব্যতিরেকে)-এর অর্থ প্রদান করে। তখন but টিকে preposition রূপে গণ্য করা হয়।

৭৮. $2^2.3^{2n+1}-9^{n+1}$ এর সরল মান কোনটি?
ⓚ 2.3^{2n+1} ⓛ -5.3^{2n+1}
ⓜ 9^{n+2} ⓝ 3^{2n+3}
[Note : Option-এ সঠিক উত্তর নেই।

$2^2.3^{2n+1}-9^{n+1}$
$=2^2.3^{2n+1}-(3^2)^{n+1}$
$=2^2.3^{2n+1}-3^{2n+2}$
$=2^2.3^{2n+1}-3^{2n+1}.3$
$=3^{2n+1}(2^2-3)$
$=3^{2n+1}$]

৭৯. 'কাশবনের কন্যা' উপন্যাসের লেখক—
ⓚ শামসুদ্দীন আবুল কালাম ⓛ আবুল কালাম শামসুদ্দীন
ⓜ শওকত ওসমান ⓝ আবু ইসহাক

ব্যাখ্যা 'কাশবনের কন্যা' উপন্যাসটির লেখক শামসুদ্দীন আবুল কালাম। অন্যদিকে আবু ইসহাকের উপন্যাস 'সূর্য-দীঘল বাড়ী' এবং শওকত ওসমানের উপন্যাস 'ক্রীতদাসের হাসি'।

৮০. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করার মাধ্যমে বাংলাদেশ বিশ্বে স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় কততম দেশ হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে?
ⓚ ৪৭তম ⓛ ৫৭তম
ⓜ ৬৭তম ⓝ ৫১তম

ব্যাখ্যা ২০১৮ সালের ১১ মে (বাংলাদেশের সময় ১২ মে) বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করার মাধ্যমে, বাংলাদেশ বিশ্বে স্যাটেলাইট উৎক্ষেপণকারী ৫৭তম দেশের তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। ফ্রান্সের কোম্পানি থ্যালেস অ্যালেনিয়া স্যাটেলাইটটি নির্মাণ করে এবং ইলন মাস্কের প্রতিষ্ঠান স্পেস এক্স, যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টার হতে, ফালকন-৯ রকেটের মাধ্যমে উৎক্ষেপণ করে।

৮১. Look— the word in the dictionary.
ⓚ after ⓛ up
ⓜ into ⓝ for

ব্যাখ্যা Dictionary-তে word খোঁজা বুঝাতে Look (sth) up বসে। Look after অর্থ দেখাশোনা করা। Look into অর্থ তদন্ত করা, Look for অর্থ অনুসন্ধান করা।

৮২. 'উপসর্গ' বসে শব্দের—
ⓚ আগে ⓛ মাঝখানে
ⓜ শেষে ⓝ আগে ও শেষে

ব্যাখ্যা 'উপসর্গ' শব্দের আগে বসে। বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা : বাংলা, তৎসম (সংস্কৃত) এবং বিদেশি। এর মধ্যে বাংলা উপসর্গ ২১টি, সংস্কৃত উপসর্গ ২০টি এবং বিদেশি উপসর্গ অসংখ্য।

৮৩. নির্মাণাধীন পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?
ⓚ ৬.০১ কি.মি. ⓛ ৬.১৯ কি.মি.
ⓜ ৬.০৫ কি.মি. ⓝ ৬.১৫ কি.মি.

ব্যাখ্যা বিশ্বের দীর্ঘতম ট্রাস ও গভীরতম পাইলের পদ্মা বহুমুখী সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কিমি. এবং প্রস্থ ১৮.১০ মিটার (৫৯.৩৮ ফুট) সংযোগ সড়কসহ সেতুর মোট দৈর্ঘ্য ৯.৩০ কিমি। পদ্মা সেতুর স্প্যান ৪১টি, পিলার ৪২টি ও পাইল ২৯৪ টি। উল্লেখ্য, ২৫ জুন ২০২২ পদ্মা সেতু উদ্বোধন করা হয়।

৮৪. Paradise Lost is —.
ⓚ a satire ⓛ a tragedy
ⓜ a ballad ⓝ an epic

ব্যাখ্যা 'Paradise Lost' হলো John Milton কর্তৃক লেখা একটি epic poem.

৮৫. Choose the correct indirect speech of the sentence :
My friend said to me, 'Let's leave the place.'
ⓚ My friend proposed to me that they should leave the place.
ⓛ My friend wished me that we might leave the place.
ⓜ My friend suggested that I should leave the place.
ⓝ My friend proposed to me that we should leave the place.

ব্যাখ্যা 'Lets Leave the place' দ্বারা প্রস্তাব বুঝানোর ফলে said-এর পরিবর্তে proposed হবে। Let's থাকলে reporting verb-এর পরে that বসাতে হয় ও we should বসিয়ে বাক্য complete করতে হয়।

৮৬. Choose the correct passive form of, 'Don't make a mistake about me.'
ⓚ Let a mistake be not made about me.
ⓛ A mistake is not made about me.
ⓜ I should not be made a mistake.
ⓝ Let not a mistake be made about me.


ব্যাখ্যা Imperative Sentence-এর passive-এ প্রথমে let বসে, negative হলে let এর পরে not বসে। এর পরে object বসে ও verb-এর passive form অর্থাৎ be + v_3 বসে + অতিরিক্ত অংশ।

৮৭. $\frac{1}{|x-2|}>\frac{1}{3}$ এর ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
ⓚ $x\in[-1,3)$ ⓛ $x\in[-1,3]$
ⓜ $x\in(-1,3)$ ⓝ $x\in(-1,3]$
[Note : Option-এ সঠিক উত্তর নেই। $x\in(-1,5)$ হবে।

$\frac{1}{|x-2|}>\frac{1}{3}$
বা, $|x-2|<3$
বা, $-3<x-2<3$
বা, $-3+2<x<3+2$
বা, $-1<x<5$]

৮৮. নিচের কোনটি বৃহত্তম ভগ্নাংশ—
ⓚ $\frac{২}{৫}$ ⓛ $\frac{২}{৩}$
ⓜ $\frac{১}{২}$ ⓝ $\frac{১}{৩}$

ব্যাখ্যা



৮৯. কোনটি শুদ্ধ বানান?
ⓚ সমীচীন ⓛ সমিচিন
ⓜ সমীচিন ⓝ সমিচীন

ব্যাখ্যা 'সমীচীন' বানানটি শুদ্ধ। এরূপ আরও কিছু গুরুত্বপূর্ণ বানান– আকাঙ্ক্ষা, আবিষ্কার, সন্ন্যাসী, বাল্মীকি, ইন্দু, ব্যতীত।

৯০. দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকের বিষয়বস্তু কী?
ⓚ নীল আয়না ⓛ জল দস্যুদের অত্যাচার
ⓜ নীল সাগর
ⓝ নীল চাষ ও নীলকরদের অত্যাচার

উত্তর
৭১ খ
৭২ ঘ
৭৩ গ
৭৪ খ
৭৫ খ
৭৬ খ
৭৭ ক
৭৮ Note
৭৯ ক
৮০ খ

উত্তর
৮১ খ
৮২ ক
৮৩ ঘ
৮৪ ঘ
৮৫ ঘ
৮৬ ঘ
৮৭ Note
৮৮ খ
৮৯ ক
৯০ ঘ

CamScanner

ব্যাখ্যা: উনবিংশ শতাব্দীর মধ্যভাগে নীলকরদের অত্যাচারে পীড়িত সাধারণ কৃষক জীবনের মর্মন্তুদ ছবি 'নীলদর্পণ' নাটকে প্রকাশিত হয়। এটি ইংরেজি অনুবাদ করেন মধুসূদন দত্ত এবং তা প্রকাশ করেন রেভারেন্ড জেমস লঙ। উল্লেখযোগ্য চরিত্র: পেলক বসু, নবীন মাধব, তোরাপ, সাবিত্রী।

৯১. 'বলাকা' কাব্য লিখেছেন—
ক ঈশ্বরচন্দ্র গুপ্ত খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা: 'বলাকা' কাব্য লিখেছেন রবীন্দ্রনাথ ঠাকুর। তার আরও কয়েকটি বিখ্যাত কাব্যগ্রন্থ চিত্রা, কল্পনা, সোনার তরী, গীতাঞ্জলি, মানসী। তার প্রকাশিত প্রথম কাব্যগ্রন্থ 'কবিকাহিনি'।

৯২. বিশ্বকাপ ফুটবলে সবচেয়ে বেশি চ্যাম্পিয়ন হয়েছে কোন দেশ?
ক আর্জেন্টিনা খ ব্রাজিল
গ ইতালি ঘ ফ্রান্স

ব্যাখ্যা: বিশ্বকাপ ফুটবলে সবচেয়ে বেশি চ্যাম্পিয়ন হয়েছে ব্রাজিল, পাঁচবার (১৯৫৮, ১৯৬২, ১৯৭০, ১৯৯৪ ও ২০০২)। ফুটবল খেলার জন্ম চীনে এবং বিশ্বকাপ ফুটবল খেলা শুরু হয় ১৯৩০ সালে। উল্লেখ্য, কাতারে ২০২২ সালে ২২তম বিশ্বকাপ ফুটবলের উদ্বোধনী ম্যাচ অনুষ্ঠিত হয়েছে আল-বায়েত স্টেডিয়ামে এবং এই বিশ্বকাপের অফিসিয়াল বল ও মাসকটের নাম যথাক্রমে Al Rihla ও La'eeb।

৯৩. Everyone — to prevent COVID-19.
ক Vaccinates খ Should be vaccinated
গ Should vaccinate ঘ Must vaccinate

ব্যাখ্যা: টিকা কার্যক্রম সরকার বা কর্তৃপক্ষ পরিচালনা করে। আর জনগণ তা গ্রহণ করে। তাই বাক্যের subject 'everyone' থাকায় বাক্যটি passive হবে। সুতরাং (খ) should be vaccianted সঠিক উত্তর।

৯৪. 'সংশপ্তক' গ্রন্থটি কার রচনা?
ক মুনীর চৌধুরী খ শহীদুল্লাহ কায়সার
গ জহির রায়হান ঘ শওকত ওসমান

ব্যাখ্যা: শহীদুল্লাহ কায়সার রচিত বিখ্যাত উপন্যাস 'সংশপ্তক'। অন্যদিকে- মুনীর চৌধুরীর বিখ্যাত নাটক 'কবর'। জহির রায়হানের বিখ্যাত উপন্যাস 'হাজার বছর ধরে' এবং শওকত ওসমানের আলোচিত উপন্যাস 'ক্রীতদাসের হাসি'।

৯৫. একটি ক্রমিক সমানুপাতের ১ম ও ৩য় রাশি যথাক্রমে ৯ ও ১৬ হলে, মধ্যসমানুপাতী হবে—
ক ৯ খ ১২
গ ১৬ ঘ ১৮

ব্যাখ্যা: সমানুপাতের জন্য
$b^2 = ac$
$= 9 \times 16$
$= 144$
$\therefore b = 12$
এখানে,
b = মধ্যরাশি
a = ১ম "
a = ৩য় "

৯৬. Choose the apropriate preposition : Seven government colleges are affiliated — the University of Dhaka.
ক for খ with
গ under ঘ in

ব্যাখ্যা: কোনো গোষ্ঠী, কোম্পানি বা প্রতিষ্ঠান অন্য কোনো প্রতিষ্ঠান বা কোম্পানি বা গোষ্ঠীর সাথে সম্পৃক্ত হলে be affiliated-এর পরে with বসে।

৯৭. বাংলা একাডেমি কোন সালে প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৫৫ খ্রি. খ ১৩৫৫ বঙ্গাব্দ
গ ১৯৫২ খ্রি. ঘ ১৩৫২ বঙ্গাব্দ

ব্যাখ্যা: ভাষা আন্দোলনের পরিপ্রেক্ষিতে ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়। বাংলা একাডেমি ভবনের পূর্বনাম বর্ধমান হাউস। প্রথম পরিচালক ড. মুহম্মদ এনামুল হক এবং মহাপরিচালক মযহারুল ইসলাম। বাংলা একাডেমির বর্তমান সভাপতি ঔপন্যাসিক সেলিনা হোসেন।

৯৮. 'নির্জনতম কবি' বলে পরিচিত—
ক বিষ্ণু দে খ বুদ্ধদেব বসু
গ জীবনানন্দ দাশ ঘ অমিয় চক্রবর্তী

ব্যাখ্যা: কবি জীবনানন্দ দাশ তার কবিতায় ব্যক্তি মানুষের নিঃসঙ্গতা, আধুনিক জীবনের বিচিত্র যন্ত্রণা ও হাহাকার এবং সর্বোপরি জীবন ও জগতের রহস্য ও মাহাত্ম্য সন্ধানে এক অতুলনীয় কবি ভাষা সৃষ্টি করেছেন। এজন্য তাকে বুদ্ধদেব বসু 'নির্জনতম কবি' বলে আখ্যায়িত করেছেন। জীবনানন্দ রচিত কয়েকটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ- ঝরা পালক, ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, রূপসী বাংলা, মহাপৃথিবী।

৯৯. WHO-এর সদর দপ্তর কোন শহরে অবস্থিত?
ক প্যারিস খ টোকিও
গ জেনেভা ঘ নিউইয়র্ক

ব্যাখ্যা: ৭ এপ্রিল ১৯৪৮ প্রতিষ্ঠিত হওয়া World Health Organization (WHO) জাতিসংঘের একটি বিশেষায়িত সংস্থা এবং এর সদর দপ্তর অবস্থিত সুইজারল্যান্ডের জেনেভায়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার বর্তমান ও অষ্টম মহাপরিচালক ইথিওপিয়ার নাগরিক টেডরস আধানম গ্যাব্রিয়াসেস।

১০০. একটি বাড়ির বিক্রয়মূল্য তার ক্রয়মূল্যের $\frac{৩}{৫}$ অংশের সমান। বাড়িটি বিক্রয় করলে শতকরা লাভ বা ক্ষতি—
ক ২০% ক্ষতি খ ২৫% ক্ষতি
গ ২০% লাভ ঘ ২৫% লাভ
[Note: অপশনে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর: ক্ষতি ৪০%]

ব্যাখ্যা: ধরি, ক্রয়মূল্য = ১০০ টাকা
$\therefore$ বিক্রয়মূল্য $= \left(\frac{৩}{৫} \times ১০০\right)$ টাকা
$= ৬০$ টাকা
$\therefore$ শতকরা ক্ষতি $= (১০০ - ৬০) = ৪০\%$

উত্তর
৯১ গ
৯২ খ
৯৩ খ
৯৪ খ
৯৫ খ
৯৬ খ
৯৭ ক
৯৮ গ
৯৯ গ
১০০ Note

শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার ২০২২

পরীক্ষার তারিখ : ০৩.০২.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট : ০২; কোড : মধুমতি

[মোট প্রশ্ন ১০০ (একশত)। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।। এখানে টেকনিক্যাল বাদে প্রশ্ন সমাধান দেওয়া হলো।]

০১. 'আমরা' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য—
ক তুমি ও আমি খ সে, তুমি ও আমি
গ সে ও আমি ঘ আমি, তুমি ও সে

ব্যাখ্যা: 'আমরা' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য 'আমি, তুমি ও সে'। এটি নিত্য সমাসের উদাহরণ। এরূপ আরো কিছু নিত্য সমাস : অন্য গ্রাম = গ্রাম্যান্তর, অন্য গৃহ = গৃহান্তর, দুই এবং নব্বই = নিরানব্বই।

০২. সুলতানী আমলে বাংলার রাজধানী ছিল—
ক মুর্শিদাবাদ খ ঢাকা গ গৌড় ঘ জাহাঙ্গীর নগর

ব্যাখ্যা: সুলতানী আমলে বাংলার রাজধানী ছিল গৌড় (১৪১৮-১৫৬৫ খ্রি.) পর্যন্ত। এছাড়াও সুলতানী আমলে সোনারগাঁও ১৩৩৮ থেকে ১৩৫২ পর্যন্ত ফখরুদ্দীন মোবারক শাহ প্রতিষ্ঠিত স্বাধীন রাজ্যের রাজধানী ছিল।

০৩. Identify the same of clause in the underlined sentence : Your body digests whatever you eat.
ক noun clause খ adjective clause
গ adverbial clause ঘ coordinate clause

ব্যাখ্যা: Underlined অংশটি digest verb-এর object হিসেবে তথা noun-এর ন্যায় কাজ করছে, তাই এটি noun clause।

০৪. 'সে গত মাসেও কাজে যোগদান করেনি'– কোন কালের উদাহরণ?
ক সাধারণ অতীত খ সাধারণ বর্তমান
গ নিত্যবৃত্ত অতীত ঘ নিত্যবৃত্ত বর্তমান

ব্যাখ্যা: সাধারণ বর্তমান কালের বিশেষ প্রয়োগে অতীতকালের ক্রিয়ার শেষে নেই, নাই বা নি শব্দ যোগ হয়। যেমন– তিনি গতকাল হাটে যাননি, সে গত মাসেও কাজে যোগদান করেনি।

০৫. Choose the correct indirect speech. He remarked, 'Two and two makes four'.
ক He remarked that two and two would make four.
খ He remarked that two and two made four.
গ He remarked that two and two makes four.
ঘ He remarked that two and two make four.

ব্যাখ্যা: Direct speech-এ universal truth জাতীয় উক্তি থাকলে তা অপরিবর্তিত থাকে।

০৬. Which one is antonym of 'fundamental'
ক trivial খ important গ enential ঘ basic

ব্যাখ্যা: Fundamental অর্থ প্রধান, অপরিহার্য ইত্যাদি। Trivial অর্থ তুচ্ছ। এটি Fundamental-এর antonym হিসেবে গণ্য করা যায়। বাকি শব্দগুলোর মধ্যে important ও basic fundamental-এর synonym বা সমার্থক হিসেবে ব্যবহৃত হয়। Enential বলে কোনো শব্দ হয় না।

০৭. আমার দেখা নয়াচীন' গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় কোন সনে?
ক ২০২১ খ ২০২০ গ ১৯৫৪ ঘ ১৯৫২

ব্যাখ্যা: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'আমার দেখা নয়াচীন' গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় ২০২০ সালে। এটি তার তৃতীয় গ্রন্থ। বইটি ইংরেজি ভাষায় অনুবাদ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. ফকরুল আলম।

০৮. 'Fill in the blank with tag question. We should obey our parents — ?
ক should we খ don't we
গ shouldn't we ঘ ought we

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যটি affirmative হওয়ায় tag question negative হবে। Auxiliary verb 'should' ও 'we' বসবে।

০৯. 'Speak the truth'. This is an — sentence.
ক assertive খ interrogative
গ imperative ঘ optative

ব্যাখ্যা: Imperative sentence-এর শুরু হয় verb দিয়ে যা আদেশ, নিষেধ, অনুরোধ ইত্যাদি বোঝায়।

১০. Choose the correct form of verb : The doctor suggested that the patient — weight.
ক should lose খ lose গ would lose ঘ loss

ব্যাখ্যা: Subjunctive-এর rule অনুযায়ী suggested that-এর পরে verb-এর base form বসে।

১১. 'মজলুম আদিব' কোন কবির ছদ্মনাম?
ক বিষ্ণু দে খ বুদ্ধদেব বসু
গ সিকদার আমিনুল হক ঘ শামসুর রাহমান

ব্যাখ্যা: 'মজলুম আদিব' কবি শামসুর রাহমানের ছদ্মনাম। অন্যদিকে, বিষ্ণু দে'র উপাধি 'মার্কসবাদী কবি'।

১২. রেফ্রিজারেটরের কম্প্রেসারের মধ্যে যে তরল পদার্থ ব্যবহার করা হয় তার নাম—
ক নিয়ন খ ফ্রেয়ন গ অক্সিজেন ঘ হাইড্রোজেন

ব্যাখ্যা: মিথেন এবং ইথেনের ক্লোরোফ্লোরো কার্বন যৌগসমূহকে একত্রে ফ্রেয়ন বলে। এগুলো বর্ণহীন, স্থিতিশীল, কম বিষাক্ত বা অদাহ্য বলে রেফ্রিজারেটরের রেফ্রিজারেন্ট বা শীতলক এবং এরোসল প্রোপেল্যান্ট হিসেবে ব্যবহৃত হয়।

১৩. নিচের কোন শব্দটি বিসর্গসন্ধি সাধিত?
ক মনোরম খ তস্কর গ পরস্পর ঘ সংরক্ষণ

ব্যাখ্যা: 'মনোরম' শব্দটি বিসর্গ সাধিত সন্ধি। পূর্বপদের বিসর্গের সঙ্গে পরপদের ব্যঞ্জনধ্বনি কিংবা স্বরধ্বনি যুক্ত হওয়াকে বিসর্গসন্ধি বলা হয়। যেমন : মনঃ + রম = মনোরম, তপঃ + বন = তপোবন, দুঃ + লোভ = দুর্লোভ ইত্যাদি।

১৪. 'স্বাধীনতা তুমি' কবিতা শামসুর রাহমান কোন সনে লিখেছিলেন?
ক ১৯৭১ খ ১৯৭৫ গ ১৯৮১ ঘ ১৯৮৬

উত্তর
০১ ঘ
০২ গ
০৩ ক
০৪ খ
০৫ গ
০৬ ক
০৭ খ
০৮ গ
০৯ গ
১০ খ
১১ ঘ
১২ খ
১৩ ক
১৪ ক

CamScanner

ব্যাখ্যা: 'হার্বার্ট কুপি' কবিতাটি শক্তির রায়ের ১৯৭১ সালে লিখেন। তাঁর লিখি থেকে তার মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যগ্রন্থ। হার্বার্ট কুপি কবিতাটি এ কাব্যগ্রন্থেই অন্তর্ভুক্ত।

২৫. 'পীতাঞ্জলি' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদক কে?
ক টি. এস. এলিয়ট খ উইলি. বি. ইয়েটস
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ সুভাষ বসু

ব্যাখ্যা: 'পীতাঞ্জলি' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ করেন রবীন্দ্রনাথ ঠাকুর নিজেই এবং পরবর্তীতে Song Offerings নামে গ্রন্থটি প্রকাশ করেন। এই গ্রন্থের ভূমিকা লিখেছিলেন আইরিশ কবি উইলি বি. ইয়েটস।

২৬. The idiom 'Crocodile tears' means—
ক false show of emotion
খ sincere emotions গ large raptile
ঘ showing sympathy with tears

ব্যাখ্যা: 'Crocodile tears' idiom-টির অর্থ মায়াকান্না, মিথ্যা আবেগ প্রকাশ। তাই সঠিক উত্তর (ক) false show of emotion।

২৭. 'চশমা' শব্দ বাংলায় এসেছে কোন ভাষা থেকে?
ক আরবি খ ফারসি গ তুর্কি ঘ সিংহলি

ব্যাখ্যা: 'চশমা' শব্দটি ফারসি ভাষা থেকে আগত। ফারসি ভাষা থেকে আগত আরও কয়েকটি শব্দ- আসমান, বন্দর, নমুনা, নালিশ, রসদ। আরবি শব্দ- মহকুমা, নকল, রদ, কলম। তুর্কি শব্দ- কুলি, কোর্মা, চমচম, বন্দুক, লাশ। সিংহলি শব্দ- সিল্ক, বেরিবেরি।

২৮. রাশিয়ার সেন্টপিটার্সবার্গ শহরের বর্তমান নাম কি?
ক সেন্ট পিটার্সবার্গ খ মস্কো গ বাকু ঘ ভলগাগ্রাড

ব্যাখ্যা: রাশিয়ার সেন্টপিটার্সবার্গ শহরের বর্তমান নাম সেন্ট পিটার্সবার্গ, যা নেভা নদীর তীরে অবস্থিত। ১৯১৮ সাল পর্যন্ত সেন্ট পিটার্সবার্গ রুশ সম্রাজ্যের রাজধানী ছিল, পরে তা মস্কোতে সরিয়ে নেওয়া হয়। রাশিয়ার সম্রাট জার পিটার ১৭০৩ সালে শহরটি প্রতিষ্ঠা করেন। উল্লেখ্য, ১৯৯১ সালে লেনিনগ্রাদের পরিবর্তে পুনরায় সেন্ট পিটার্সবার্গ নামটি ফিরিয়ে আনা হয়।

২৯. বাংলাদেশের স্বাধীনতার ইশতেহার ঘোষণা করা হয়—
ক ২ মার্চ ১৯৭১ খ ৩ মার্চ ১৯৭১
গ ৪ মার্চ ১৯৭১ ঘ ৭ মার্চ ১৯৭১

ব্যাখ্যা: ৩ মার্চ ১৯৭১ বাংলাদেশের স্বাধীনতার ইশতেহার ঘোষণা করে ছয় সদস্য পরিষদ। ৩ মার্চ ১৯৭১ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির জনক ঘোষণা করা হয় এবং 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' পূর্ব পাকিস্তানের জাতীয় সঙ্গীত হিসেবে নির্ধারিত হয়।

৩০. STATUE OF LIBERTY-এর মূর্তির নাম কি?
ক দ্য গড্ডেস খ গ্রেসড গ বার্থোলডি ঘ দ্য জেড দে

ব্যাখ্যা: ফ্রান্স তার বিপ্লবে এর মূর্তির ৱ নকশাকার হিসেবে ফ্রেডরিক অগাস্ট বার্থোলডি এবং এর গঠন কাঠামো নির্মাণ করেন গুস্তাভ আইফেল। এটি যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরের লিবার্টি দ্বীপে অবস্থিত। উল্লেখ্য, আমেরিকার স্বাধীনতার একশত বছর পূর্তি উপলক্ষে ফ্রান্স, আমেরিকাকে এটি উপহার দেয়।

২১. Choose appropriate preposition to fill in the blank: 'I can't make — my mind where to take my vacation
ক for খ of গ over ঘ up

ব্যাখ্যা: 'Make up one's mind' phrase-টির অর্থ কোনো সিদ্ধান্ত নেওয়া। তাই শূন্যস্থানে up বসবে।

২২. Select the correct sentence.
ক If I was a bird, I would fly খ If I were a bird, I will fly
গ If I were a bird, I can fly ঘ If I were a bird, I could fly

ব্যাখ্যা: If-যুক্ত unreal clause-এ subject-এর পরে be (am, is, are, was, were) verb হলে were বসে ও পরে clause-টি past modal (would/could + v_1) হয়।

২৩. Which one of the correct expression?
ক The thief ran away otherwise he should be arrested.
খ The thief ran away as he should be arrested.
গ The thief ran away lest he should be arrested.
ঘ The thief ran away because he should be arrested.

ব্যাখ্যা: Lest যুক্ত clause-টিই সঠিক। কারণ lest-এর পরে should বসে। বাকি বাক্যগুলোতে সঠিক conjunction ব্যবহৃত হয়নি।

২৪. বাংলাদেশ সংবিধান প্রণয়ন কমিটির সদস্য সংখ্যা ছিল—
ক ৩২ জন খ ৩৪ জন গ ৪২ জন ঘ ৪৪ জন

ব্যাখ্যা: ১৯৭২ সালের ১১ এপ্রিল ড. কামাল হোসেনকে প্রধান করে ৩৪ সদস্য বিশিষ্ট করমুক্ত সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয়। এ সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য ছিলেন বেগম রাজিয়া বানু।

২৫. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা নাটক?
ক চতুরঙ্গ খ মুক্তধারা গ পুনশ্চ ঘ শেষের কবিতা

ব্যাখ্যা: 'মুক্তধারা' রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা সাংকেতিক নাটক। অন্যদিকে 'চতুরঙ্গ' ও 'শেষের কবিতা' উপন্যাস এবং 'পুনশ্চ' কবিতা।

২৬. 'খুমি' উপজাতির বাস কোন জেলায়?
ক রাঙ্গামাটি খ বান্দরবন গ কক্সবাজার ঘ খাগড়াছড়ি

ব্যাখ্যা: বাংলাদেশে 'খুমি' উপজাতির বান্দরবন জেলায় বসবাস করে। বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৫০টি। বাংলাদেশের বৃহত্তম উপজাতি চাকমা এবং একমাত্র মুসলমান উপজাতি গারো। পূর্বতন চট্টগ্রামে মোট ১১টি উপজাতি বসবাস করে।

২৭. Choose the correct linking word : He wasn't able to finish his work — he tried as hard as he could.
ক if খ besides গ but ঘ even though

ব্যাখ্যা: Even though অর্থ সত্ত্বেও। শূন্যস্থানে even though বসলে বাক্যটি অর্থপূর্ণ হয়।

২৮. Today he is in high spirits. Here high spirits means—
ক gloomy খ grieved গ joyful ঘ hopeful

ব্যাখ্যা: High spirits অর্থ very lively and active অর্থাৎ উদ্যমী ও কর্মঠ অবস্থা উৎফুল্ল। তাই সঠিক উত্তর joyful।

২৯. 'হাতহদাই' নাটকটি কে লিখেছেন?
ক শিবরাম যোশী খ উৎপল দত্ত গ মুনির চৌধুরী ঘ রফিক আজাদ

ব্যাখ্যা: 'হাতহদাই' নাটকটি লিখেছেন মেরিল আল্ল দীন। তার রচিত আরো কয়েকটি নাটক- ঘুম নেই, চাকা, হরণজ, একটি মায়না রূপকথা, কীর্তনখোলা, চর্যাবরল।

৩০. Change the voice : 'Do not laugh at the lame man'
ক Let not the lame man be laughed at
খ Let the lame man not laughed at
গ Let the lame man not laughed at by someone
ঘ The lame man is not to be laughed at

ব্যাখ্যা: Imperative sentence-কে passive করতে let দিয়ে বাক্য শুরু করতে হয় ও negative-এর ক্ষেত্রে let-এর পরে not বসে। এরপরে active-এর object subject হিসেবে বসে ও মূল verb-এর passive (be + v_3) হয়।

৩১. কোয়ান্টাম তত্ত্বের প্রবক্তা হলেন—
ক নিউটন খ ম্যাক্সপ্ল্যাঙ্ক গ হাইগেন ঘ ম্যাক্সওয়েল

ব্যাখ্যা: 'আলোকরশ্মি' কোনো উৎস থেকে অনবরত বের না হয়ে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র প্যাকেট আকারে বের হয়। যা আলোর কোয়ান্টাম তত্ত্ব হিসেবে পরিচিত। ১৯০০ সালে জার্মান বিজ্ঞানী ম্যাক্সপ্ল্যাঙ্ক কোয়ান্টাম তত্ত্ব প্রদান করেন।

৩২. 'Under The Greenwood Tree' by William Shakespeare is a—
ক Poem খ Sonnet গ Drama ঘ Story

ব্যাখ্যা: 'Under The Greenwood Tree' William Shakespeare-এর লেখা একটি কবিতা।

৩৩. Pick out the clause in the following sentence : Neha played when evening came.
ক Neha played খ played when evening
গ when evening came ঘ evening came

ব্যাখ্যা: 'When evening came' অংশটি পূর্ববর্তী verb played-কে modify করায় এটি adverbial clause।

৩৪. BRICS-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক সাংহাই খ মস্কো গ নয়াদিল্লী ঘ প্রিটোরিয়া
[Note : পাঁচ সদস্যবিশিষ্ট সংস্থা BRICS-এর কোনো সদর দপ্তর নেই। আর এর সদস্য দেশগুলো হলো- ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা। এটি ১৬ মে ২০০৮ গঠিত হয় এবং এর পূর্ব নাম ছিল BRIC। BRICS-এর উদ্যোগে গঠিত ব্যাংকের নাম NDB, যার সদর দপ্তর চীনের সাংহাই শহরে অবস্থিত।]

৩৫. Select the correct connector. Scarcely had I thought of having ice cream — my mother bought one for me.
ক while খ because গ before ঘ when

ব্যাখ্যা: Scarcely had দিয়ে শুরু হওয়া বাক্যের ২য় clause-এ when থাকে। তাই শূন্যস্থানে when বসবে।

৩৬. Length of an individual span of Padma Bridge is—
ক 100m খ 150 m গ 140m ঘ 160m

ব্যাখ্যা: পদ্মা সেতুর স্প্যানের দৈর্ঘ্য ১৫০ মিটার এবং মোট স্প্যান ৪১টি। পদ্মা সেতুর পিলার ও পাইল সংখ্যা যথাক্রমে ৪২টি ও ২৯৪টি। আর পদ্মা সেতু উদ্বোধন করা হয় ২৫ জুন ২০২২।

৩৭. জাতিসংঘের পরিবেশ রক্ষাকারী সংগঠন কোনটি?
ক UNEP খ UNDP গ UNHCR ঘ WHO

ব্যাখ্যা: জাতিসংঘের পরিবেশ কর্মসূচি বা পরিবেশ রক্ষাকারী সংগঠন UNEP-এর পূর্ণরূপ United Nations Environment programme। UNEP ১৯৭২ সালে প্রতিষ্ঠিত হয় এবং এর সদর দপ্তর কেনিয়ার নাইরোবিতে অবস্থিত।

৩৮. 'কুহেলিকা' কাজী নজরুল ইসলামের কোন ধরনের গ্রন্থ?
ক গল্পগ্রন্থ খ উপন্যাস গ প্রবন্ধগ্রন্থ ঘ কাব্যগ্রন্থ

ব্যাখ্যা: 'কুহেলিকা' (১৯৩১) কাজী নজরুল ইসলামের উপন্যাস। এটি তার তৃতীয় এবং সর্বশেষ উপন্যাস। তার অন্য দুটি উপন্যাস হলো- 'বাঁধন হারা' (১৯২৭) এবং 'মৃত্যুক্ষুধা' (১৯৩০)।

৩৯. Choose the correct spelling.
ক Sycologikal খ Psychological
গ Sychological ঘ Pshycelogical

ব্যাখ্যা: সঠিক বানানটি রয়েছে অপশন (খ)-তে। ,Psychological অর্থ মনস্তাত্ত্বিক।

৪০. Complete the sentence : '— said than done'.
ক better খ easier গ worse ঘ difficult

ব্যাখ্যা: 'করার চেয়ে বলা সহজ' এটির ইংরেজি translation 'easier said than done'। তাই শূন্যস্থানে easier বসবে।

৪১. Which one of the following words means the similar of 'Diversity'
ক difference খ uniformity গ identity ঘ similarity

ব্যাখ্যা: Diversity (ভিন্নতা) এর similar হলো difference (ভিন্নতা, পার্থক্য)। অন্যদিকে uniformity, identity ও similarity অর্থ অভিন্নতা, একই, সঙ্গতি ইত্যাদি।

৪২. 'ভাড়ুদত্ত কোন কাব্যের চরিত্র?
ক অন্নদামঙ্গল খ চণ্ডীমঙ্গল গ মনসামঙ্গল ঘ ধর্মমঙ্গল

ব্যাখ্যা: 'চণ্ডীমঙ্গল' কাব্যের অন্যতম চরিত্র ভাড়ুদত্ত। চণ্ডীমঙ্গল কাব্য ধারার প্রধান কবি মুকুন্দরাম চক্রবর্তী। 'অন্নদামঙ্গল' কাব্যের প্রধান চরিত্র- হীরামালিনী, ঈশ্বরী পাটনী, বিদ্যা ও সুন্দর। 'মনসামঙ্গল' কাব্যের প্রধান চরিত্র চাঁদ সওদাগর, বেহুলা এবং ধর্মমঙ্গল কাব্যের অন্যতম চরিত্র লাউসেন ও হরিশচন্দ্র।

৪৩. 'ঢোঁড়াই চরিতমানস' উপন্যাসের লেখক কে?
ক দেবেশ রায় খ ভবভূতি
গ সতীনাথ ভাদুড়ী ঘ কৃত্তিবাস

ব্যাখ্যা: সতীনাথ ভাদুড়ীর অন্যতম উপন্যাস 'ঢোঁড়াই চরিতমানস'। তার আরো কয়েকটি উল্লেখযোগ্য উপন্যাস- জাগরী, অচিনরাগিনী, সংকট।

৪৪. 'দেয়া' শব্দের সমার্থক শব্দ—
ক সমুদ্র খ সলিল গ মেঘ ঘ আকাশ
[Note : বাংলা একাডেমির অভিধান অনুযায়ী গ ও ঘ দুটো উত্তরই সঠিক।]

৪৫. ২০২০ সালে কত জন মহিলা নোবেল পুরস্কার পেয়েছেন?
ক ৪ জন খ ৫ জন গ ৭ জন ঘ ৩ জন

ব্যাখ্যা: ২০২০ সালে ৪ জন মহিলা নোবেল পুরস্কার লাভ করেন। উল্লেখ্য, ২০২২ সালে দুজন নারী নোবেল পুরস্কার লাভ করেন। তারা হলেন ফ্রান্সের অ্যানি আর্নক্স (সাহিত্য) ও যুক্তরাষ্ট্রের ক্যারোলিন আর. বার্তোজ্জি (রসায়ন)।

উত্তর

২৫ খ	৩০ ক
২৬ ক	৩১ খ
২৭ খ	৩২ ক
২৮ ক	৩৩ গ
২৯ খ	৩৪ Note
৩০ গ	৩৫ ঘ
৩১ ঘ	৩৬ খ
৩২ খ	৩৭ ক
৩৩ ঘ	৩৮ খ
৩৪ ক	৩৯ খ
৩৫ খ	৪০ খ
৩৬ ক	৪১ ক
৩৭ ঘ	৪২ খ
৩৮ খ	৪৩ গ
৩৯ খ	৪৪ Note
৪০ খ	৪৫ ক
৪১ ক	
৪২ খ	
৪৩ গ	
৪৪ Note	
৪৫ ক	

CamScanner

৪৬. কোন বানানটি শুদ্ধ?
ⓚ দিগ্‌ভ্রান্ত ⓛ পুরষ্কার ⓜ পূর্ণমুদ্রণ ⓝ ষ্টেশনারী
ব্যাখ্যা 'দিগ্‌ভ্রান্ত' বানানটি শুদ্ধ। অন্যদিকে পুরষ্কার, পূর্ণমুদ্রণ এবং ষ্টেশনারী বানানের শুদ্ধরূপ যথাক্রমে– পুরস্কার, পূনর্মুদ্রণ এবং স্টেশনারি।

৪৭. 'আকুঞ্চন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ⓚ কুঞ্চন ⓛ প্রসারণ ⓜ বিকুঞ্চন ⓝ প্রসারিত
ব্যাখ্যা 'আকুঞ্চন' শব্দের বিপরীতার্থক শব্দ প্রসারণ। অন্যদিকে, 'কুঞ্চন' শব্দের বিপরীত শব্দও প্রসারণ।

৪৮. HIV হলো এক প্রকার—
ⓚ ভাইরাস ⓛ ব্যাকটেরিয়া ⓜ কীট ⓝ কোনোটিই নয়
ব্যাখ্যা HIV (Human Immunodeficiency Virus) এমন একটি ভাইরাস যেটা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা ধ্বংস করে মানবদেহে মরণব্যধি এইডস রোগের সৃষ্টি করে। আরও কিছু ভাইরাসজনিত রোগ হলো– জন্ডিস, হাম, জলাতঙ্ক ইত্যাদি।

৪৯. কোন বিরামচিহ্নে থামার প্রয়োজন নেই?
ⓚ ড্যাস ⓛ হাইফেন ⓜ কোলন ⓝ সেমিকোলন
ব্যাখ্যা 'হাইফেন' বিরামচিহ্নে থামার প্রয়োজন নেই। অন্যদিকে, ড্যাস ও কোলনে এক সেকেন্ড বিরতিকাল এবং সেমিকোলনে এক বলার দ্বিগুণ সময় থামতে হবে।

৫০. করোনা ভাইরাস রোগের প্রাদুর্ভাবে দ্বিতীয় সর্বোচ্চ মৃত্যুবরণ করেছে কোন দেশে?
ⓚ ব্রাজিল ⓛ যুক্তরাষ্ট্র ⓜ ভারত ⓝ রাশিয়া
ব্যাখ্যা করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে দ্বিতীয় সর্বোচ্চ মৃত্যুবরণ করেছে ব্রাজিলে। করোনা ভাইরাসে সর্বোচ্চ মৃত্যুবরণ করেছে মার্কিন যুক্তরাষ্ট্রে। ভারত করোনা ভাইরাস সংক্রমণে দ্বিতীয় এবং মৃত্যুবরণে তৃতীয় অবস্থানে। (৩১ মে ২০২২ WHO রিপোর্ট)

৫১. 'ন্যায়সঙ্গত' কোন ধরনের সমাস-সাধিত পদ?
ⓚ তৎপুরুষ ⓛ কর্মধারয় ⓜ বহুব্রীহি ⓝ অব্যয়ীভাব
ব্যাখ্যা 'ন্যায়সঙ্গত' তৎপুরুষ সমাস। পূর্বপদে তৃতীয়া বিভক্তির (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপে যে সমাস হয় তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে। যেমন– ন্যায় দ্বারা সঙ্গত = ন্যায়সঙ্গত, বিবেক দ্বারা হীন = বিবেকহীন, দেশ কর্তৃক বরেণ্য = দেশবরেণ্য।

৫২. অর্ধমাত্রার স্বরবর্ণ কয়টি?
ⓚ ১টি ⓛ ২টি ⓜ ৩টি ⓝ ৪টি
ব্যাখ্যা বাংলা ভাষায় অর্ধমাত্রার স্বরবর্ণ ১টি। যথা– ঋ। অন্যদিকে, স্বরবর্ণে মাত্রাহীন বর্ণ ৪টি। যথা– এ, ঐ, ও, ঔ এবং পূর্ণমাত্রার বর্ণ ৬টি। যথা– অ, আ, ই, ঈ, উ, ঊ।

৫৩. 'ব্রিসবেন' কোন দেশের সমুদ্র বন্দর?
ⓚ যুক্তরাজ্য ⓛ জার্মানি ⓜ অস্ট্রেলিয় ⓝ বেলজিয়াম
ব্যাখ্যা ব্রিসবেন শহরটি অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড রাজ্যের রাজধানী এবং একটি গুরুত্বপূর্ণ সমুদ্র বন্দর। দেশটির আরও কয়েকটি সমুদ্রবন্দর– সিডনি, মেলবোর্ন, ডারউইন। যুক্তরাজ্যের কয়েকটি সমুদ্র বন্দর– কারডিফ, ব্রিস্টল, গ্লাসগো, লিভারপুল, ম্যানচেস্টার।

৫৪. বাংলাদেশে বৃহত্তম জাহাজ নির্মাণ ও মেরামত কারখানা কোনটি?
ⓚ আনন্দ শিপইয়ার্ড লি: ⓛ ওয়েস্টার্ন মেরিন শিপইয়ার্ড লি:
ⓜ খুলনা শিপইয়ার্ড ⓝ কোনোটিই নয়
ব্যাখ্যা বাংলাদেশের সর্ববৃহৎ জাহাজ নির্মাণ ও মেরামত কারখানা খুলনা শিপইয়ার্ড লিমিটেড। এটি খুলনার লবণচরায় অবস্থিত। উল্লেখ্য, বাংলাদেশের আনন্দ শিপইয়ার্ড কর্তৃক নির্মিত জাহাজ টেলা মেরিস ডেনমার্কে প্রথম রপ্তানি করা হয়।

৫৫. রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মিত হলে ঐ বিদ্যুৎ কেন্দ্র থেকে সর্বোচ্চ কি পরিমাণ বিদ্যুৎ উৎপাদন হবে?
ⓚ ১৫০০ মে. ও. ⓛ ১৯০০ মে. ও.
ⓜ ২০০০ মে. ও. ⓝ ২৪০০ মে.ও.
ব্যাখ্যা পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের দুই ইউনিট হতে মোট ২৪০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে। এই বিদ্যুৎকেন্দ্র নির্মাণে রাশিয়ার রোসাটম কোম্পানি সহযোগিতা করছে। ২০১৩ সালে এই বিদ্যুৎকেন্দ্র নির্মাণের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় এবং ২০২৩ সালে প্রথম ইউনিট ও ২০২৪ সালে দ্বিতীয় ইউনিট হতে বিদ্যুৎ উৎপাদন শুরু হবে।

৫৬. Choose the correct article : Can you please help me pick out — birthday present for my father?
ⓚ a ⓛ an ⓜ the ⓝ no article
ব্যাখ্যা Birthday gift নির্দিষ্ট না হওয়ায় শূন্যস্থানে a বসবে।

৫৭. যুক্তরাষ্ট্রের ডেট্রয়েট শহর কোনটির জন্য বিখ্যাত?
ⓚ পিপিং ⓛ অটোমোবাইল
ⓜ ঘড়ি ⓝ তেল ও প্রাকৃতিক সম্পদ
ব্যাখ্যা যুক্তরাষ্ট্রের ডেট্রয়েট শহর পৃথিবীর বৃহত্তম মোটরগাড়ি নির্মাণ কেন্দ্র। ডেট্রয়েটকে পৃথিবীর মোটরগাড়ির শহর বলা হয়। পৃথিবীর বিখ্যাত ফোর্ড গাড়ির নির্মাতা হেনরি ফোর্ড ১৯০৪ সালে ডেট্রয়েটে ফোর্ড মোটর কোম্পানি প্রতিষ্ঠা করেন।

৫৮. বাংলা উপসর্গ কয়টি?
ⓚ ১৯টি ⓛ ২০টি ⓜ ২১টি ⓝ ২২টি
ব্যাখ্যা বাংলা উপসর্গ ২১টি। বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা : ১. বাংলা, ২. সংস্কৃত এবং ৩. বিদেশি। সংস্কৃত উপসর্গ ২০টি এবং বিদেশি উপসর্গ অসংখ্য।

৫৯. সবচেয়ে বেশি বৈদেশিক সাহায্য গ্রহণকারী দেশ কোনটি?
ⓚ নেপাল ⓛ বাংলাদেশ ⓜ আফগানিস্তান ⓝ ইথিওপিয়া
ব্যাখ্যা বিভিন্ন দেশ থেকে প্রাপ্ত অর্থের ভিত্তিতে সবচেয়ে বেশি বৈদেশিক সাহায্য গ্রহণকারী দেশ আফগানিস্তান। বিশ্বে বৈদেশিক সাহায্য প্রদানে যুক্তরাষ্ট্র প্রথম অবস্থানে আছে।

৬০. আফ্রিদি' উপজাতি কোন দেশে বাস করে?
ⓚ আফগানিস্তান ⓛ অস্ট্রেলিয়া ⓜ পাকিস্তান ⓝ উজবেকিস্তান
ব্যাখ্যা পাকিস্তানের উত্তর পশ্চিম সীমান্তের ওয়াজিরিস্থানে প্রধানত 'আফ্রিদি' উপজাতিরা বসবাস করে। আফ্রিদি উপজাতিরা পশতু ভাষায় কথা বলে। উল্লেখ্য, পাকিস্তানের বিখ্যাত ক্রিকেটার শহীদ আফ্রিদি এই উপজাতি গোষ্ঠীর।

উত্তর

৪৬	ক
৪৭	খ
৪৮	ক
৪৯	খ
৫০	ক
৫১	ক
৫২	ক
৫৩	গ
৫৪	গ
৫৫	ঘ
৫৬	ক
৫৭	খ
৫৮	গ
৫৯	গ
৬০	গ

দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক ২০২০

পরীক্ষার তারিখ : ২৮.০২.২০২০; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : A

[প্রতিটি প্রশ্নের পূর্ণমান ০১, প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ নম্বর কাটা যাবে।]

১. কোনটি পর্তুগিজ শব্দ নয়?
ⓚ আনারস ⓛ কামরা
ⓜ অজুহাত ⓝ আচার
ব্যাখ্যা 'অজুহাত' আরবি শব্দ। আরও কয়েকটি আরবি শব্দ– আদালত, উকিল, মহকুমা, নগদ, বাকি, এজলাস, রায়, কলম, এলেম, হাদিস, হালাল, হারাম। আনারস, কামরা ও আচার ছাড়াও আরও কয়েকটি পর্তুগিজ শব্দ– আলপিন, আলমারি, গির্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদরি, বালতি।

২. তৎসম শব্দের ব্যবহার কোথায় বেশি?
ⓚ চলিত রীতিতে ⓛ আঞ্চলিক রীতিতে
ⓜ মিশ্র রীতিতে ⓝ সাধু রীতিতে
ব্যাখ্যা যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে বলা হয় তৎসম শব্দ। যেমন— চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য ইত্যাদি। সাধুরীতিতে তৎসম শব্দের ব্যবহার বেশি হয়।

৩. 'ব্যাকরণ মঞ্জরী' কার রচনা?
ⓚ ড. মুহাম্মদ শহীদুল্লাহ ⓛ ড. মুহম্মদ এনামুল হক
ⓜ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ⓝ মুহম্মদ আবদুল হাই
ব্যাখ্যা ড. মুহম্মদ এনামুল হক রচিত ব্যাকরণ গ্রন্থ 'ব্যাকরণ মঞ্জরী'। তার রচিত আরও কয়েকটি গ্রন্থ—মনীষা মঞ্জুষা, বঙ্গে সুফীপ্রভাব, বুলগেরিয়া ভ্রমণ, মুসলিম বাঙ্গালা সাহিত্য।

৪. 'কাজটি ভালো দেখায় না' এই বাক্যের 'দেখায়' ক্রিয়াটি কোন ধাতুর উদাহরণ?
ⓚ মৌলিক ধাতুর ⓛ কর্মবাচ্যের ধাতুর
ⓜ নাম ধাতুর ⓝ প্রযোজক ধাতুর
ব্যাখ্যা মৌলিক ধাতুর সঙ্গে 'আ' প্রত্যয় যোগে কর্মবাচ্যের ধাতু সাধিত হয়। এটি বাক্যমধ্যস্থ কর্মপদের অনুসারী ক্রিয়ার ধাতু। যেমন—
দেখ্ + আ = দেখা
যথা : কাজটি ভালো দেখায় না।
হার্ + আ = হারা
যথা : যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর।

৫. 'মুখচন্দ্র' কোন সমাস?
ⓚ উপমিত কর্মধারয় ⓛ উপমান কর্মধারয়
ⓜ রূপক কর্মধারয় ⓝ মধ্যপদলোপী কর্মধারয়
ব্যাখ্যা সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। যেমন– মুখ চন্দ্রের ন্যায় = মুখচন্দ্র, পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ, কর পল্লবের ন্যায় = করপল্লব।

৬. 'আমার পরিচয়' কার লেখা?
ⓚ শামসুর রাহমান ⓛ সৈয়দ শামসুল হক
ⓜ রফিক আজাদ ⓝ হাসান হাফিজুর রহমান
ব্যাখ্যা 'আমার পরিচয়' কবিতার রচয়িতা সৈয়দ শামসুল হক। এটি তার 'কিশোর কবিতা সমগ্র' গ্রন্থের অন্তর্ভুক্ত। এ কবিতার মধ্যে আমাদের বিপুল বাংলাদেশ অনবদ্যরূপ লাভ করেছে। এ কবিতার উল্লেখযোগ্য দুটি চরণ,— 'আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি,/আমি বাংলার আলপথ দিয়ে হাজার বছর চলি।' শামসুর রাহমানের বিখ্যাত দুটি কবিতা 'স্বাধীনতা তুমি' ও 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা'।

৭. 'স্বাধীনতা তুমি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
ⓚ বাংলাদেশ স্বপ্ন দেখে ⓛ বন্দী শিবির থেকে
ⓜ বিধ্বস্ত নীলিমা ⓝ নিজ বাসভূমে
ব্যাখ্যা শামসুর রাহমান রচিত মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যগ্রন্থ 'বন্দি শিবির থেকে'। এ কাব্যের প্রতিটি কবিতায় স্বাধীনতা যুদ্ধকালীন আবেগ ও প্রত্যাশা ব্যক্ত হয়েছে। এ কাব্যের উল্লেখযোগ্য কবিতা—স্বাধীনতা তুমি, মধুস্মৃতি, তুমি বলেছিলে, রক্তাক্ত প্রান্তরে, গেরিলা, তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা।

৮. 'বৃত্তি' অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত কোন শব্দে?
ⓚ জমিদারি ⓛ পোদ্দারি ⓜ উমেদারি ⓝ সরকারি
ব্যাখ্যা বিভিন্ন অর্থে ই/ঈ প্রত্যয় যোগে শব্দ গঠিত হয়। যেমন— বৃত্তি বা ব্যবসায় অর্থে : পোদ্দার-পোদ্দারি, ডাক্তার-ডাক্তারি, মোক্তার-মোক্তারি। মালিক অর্থে : জমিদার-জমিদারি, দোকান-দোকানি। ভাব অর্থে : উমেদার-উমেদারি, বাহাদুর-বাহাদুরি। জাত, আগত বা সম্বন্ধ অর্থে : সরকার-সরকারি, ভাগলপুর-ভাগলপুরি, রেশম-রেশমি।

৯. 'বাবা' কোন ভাষা থেকে আগত শব্দ?
ⓚ সংস্কৃত ⓛ হিন্দি ⓜ তুর্কি ⓝ পর্তুগিজ
ব্যাখ্যা 'বাবা' তুর্কি শব্দ। আরও কয়েকটি তুর্কি শব্দ— উজবুক, কুর্নিশ, কুলি, লাশ, সওগাত, তোপ, বারুদ।

১০. 'আমি বাংলায় গান গাই, আমি বাংলার গান গাই ....' গানের সুরকার ও গীতিকার কে?
ⓚ নচিকেতা ঘোষ ⓛ মাহমুদুর রহমান
ⓜ গৌরিপ্রসন্ন মজুমদার ⓝ প্রতুল মুখোপাধ্যায়
ব্যাখ্যা সৃজনশীল শিল্পী ও গীতিকার প্রতুল মুখোপাধ্যায় ১৯৪২ সালে বরিশালে জন্মগ্রহণ করেন। দেশ বিভাগের সময় তিনি পরিবারের সাথে ভারত চলে যান। তার লেখা ও সুর করা বিখ্যাত এ গানটি ২০০৬ সালে বিবিসি বাংলার শ্রোতা জরিপে সর্বকালের সর্বাধিক জনপ্রিয় বিশটি বাংলা গানের একটি মনোনীত হয়।

উত্তর

১	গ
২	ঘ
৩	খ
৪	খ
৫	ক
৬	খ
৭	খ
৮	খ
৯	গ
১০	ঘ

CamScanner

১১. ছারা, দিয়া, কর্তৃক— বাংলা ব্যাকরণ অনুযায়ী কোন বিভক্তি?
ⓚ তৃতীয়া ⓛ প্রথমা ⓜ দ্বিতীয়া ⓝ শূন্য
ব্যাখ্যা বাক্যস্থিত একটি শব্দের সঙ্গে অন্য শব্দের অন্বয় সাধনের জন্য শব্দের সঙ্গে যে সকল বর্ণ যুক্ত হয়, তাদের বিভক্তি বলে। বাংলা শব্দ-বিভক্তি সাত প্রকার। যথা– প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী এবং সপ্তমী। করণ কারকে তৃতীয়া বিভক্তির একটি উদাহরণ– লাঙ্গল দ্বারা জমি চাষ করা হয়।

১২. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যগ্রন্থ?
ⓚ যখন উদ্যত সঙ্গীন ⓛ একাত্তরের ডায়েরী
ⓜ চৌচির ⓝ নিষিদ্ধ লোবান
ব্যাখ্যা হাসান হাফিজুর রহমান রচিত মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যগ্রন্থ 'যখন উদ্যত সঙ্গীন'। আরও কয়েকটি মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যগ্রন্থ—বন্দী শিবির থেকে (শামসুর রাহমান), আর্তনাদে বিবর্ণ (ড. মযহারুল ইসলাম), আমার প্রতিদিনের শব্দ (সৈয়দ আলী আহসান)। সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'নিষিদ্ধ লোবান'। সুফিয়া কামাল রচিত মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিকথা 'একাত্তরের ডায়েরী'। 'চৌচির' উপন্যাসের রচয়িতা আবুল ফজল। এ উপন্যাসে নরনারীর অন্তর্জীবন ও বহির্জীবনের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে।

১৩. 'শরতের শিশির' বাগধারার অর্থ—
ⓚ সুসময়ের বন্ধু ⓛ সুসময়ের সঞ্চয়
ⓜ শরতের শোভা ⓝ কোনোটিই নয়
ব্যাখ্যা 'শরতের শিশির' বাগধারার অর্থ সুসময়ের বন্ধু। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা : গোঁফ খেজুরে— নিতান্ত অলস, একাদশে বৃহস্পতি— সৌভাগ্যের বিষয়, এসপার ওসপার—মীমাংসা, কেউকেটা—সামান্য।

১৪. 'সর্বাঙ্গীন' শব্দের প্রকৃতি প্রত্যয়—
ⓚ সর্ব + ইন ⓛ সর্ব + অঙ্গীন ⓜ সর্বাঙ্গ + ইন ⓝ সর্ব + ইন
ব্যাখ্যা 'ইন' প্রত্যয় যোগে গঠিত 'সর্বাঙ্গীণ' শব্দের প্রকৃতি প্রত্যয় সর্বাঙ্গ + ইন্। এরূপ—অভ্যন্তর + ইন্ = অভ্যন্তরীণ, সর্বজন + ইন্ = সর্বজনীন, কুল + ইন্ = কুলীন, নব + ইন্ = নবীন।

১৫. কোন শব্দযুগল বিপরীতার্থক নয়?
ⓚ ঐচ্ছিক–অনাবশ্যিক ⓛ কুটিল–সরল
ⓜ কম–বেশি ⓝ কদাচার–সদাচার
ব্যাখ্যা ঐচ্ছিক—অনাবশ্যিক শব্দযুগলের সঠিক বিপরীতার্থক হলো ঐচ্ছিক—আবশ্যিক।

১৬. 'প্রোষিতভর্তৃকা'-এর অর্থ—
ⓚ যে নারীকে বর্জন করা হয়েছে ⓛ যে নারীর স্বামী বিদেশে থাকে
ⓜ ভূমিতে প্রোথিত তরু ⓝ যে বিবাহিত নারী পিত্রালয়ে থাকে
ব্যাখ্যা এককথায় প্রকাশ : যে নারীর স্বামী বিদেশে থাকে— প্রোষিতভর্তৃকা, যে পুরুষের স্ত্রী বিদেশে থাকে—প্রোষিতপত্নীক।

১৭. নিচের কোনটি বাগধারা?
ⓚ চৈত্র সংক্রান্তি ⓛ পৌষ সংক্রান্তি
ⓜ শিব সংক্রান্তি ⓝ শিরে সংক্রান্তি
ব্যাখ্যা 'শিরে সংক্রান্তি' বাগধারার অর্থ আসন্ন বিপদ, সামনেই বিপদ। চৈত্র সংক্রান্তি, পৌষ সংক্রান্তি এবং শিব সংক্রান্তি বাগধারা নয়। চৈত্র সংক্রান্তি হলো চৈত্র মাসের শেষ দিন। এ দিনে বাঙালি হিন্দুরা শিবের পূজা করে এবং এ উপলক্ষ্যে বিভিন্ন ধরনের উৎসব অনুষ্ঠান ও মেলা হয়। পৌষ সংক্রান্তি হলো পৌষ মাসের শেষ দিন।

১৮. 'ইত্যাকার' শব্দটির সন্ধি বিচ্ছেদ—
ⓚ ইতি + আকার ⓛ ইত্যা + কার
ⓜ ইতি + কার ⓝ ইত + আকার
ব্যাখ্যা ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে 'য' বা য-ফলা হয়। য-ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। যেমন– ইতি + আকার = ইত্যাকার, অতি + আচার = অত্যাচার, ইতি + আদি = ইত্যাদি, মসী + আধার = মস্যাধার।

১৯. নিচের কোন বানানটি শুদ্ধ?
ⓚ পসারিণী ⓛ পসারিনি ⓜ পসারিনী ⓝ পসারীনী
ব্যাখ্যা শুদ্ধ বানান পসারিণী। পসারি শব্দের অর্থ পণ্যবিক্রেতা; যার স্ত্রীবাচক শব্দ পসারিণী।

২০. 'মাতৃভাষায় যার ভক্তি নাই, সে মানুষ নহে'-কার উক্তি?
ⓚ মীর মশাররফ হোসেন ⓛ মাইকেল মধুসূদন দত্ত
ⓜ রবীন্দ্রনাথ ঠাকুর ⓝ কাজী নজরুল ইসলাম
ব্যাখ্যা মাতৃভাষা সম্পর্কে মীর মশাররফ হোসেনের বিখ্যাত উক্তি– 'মাতৃভাষায় যাহার ভক্তি নাই, সে মানুষ নহে।' এ সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত উক্তি–'শিক্ষায় মাতৃভাষাই মাতৃদুগ্ধ।' মাতৃভাষা সম্পর্কে সতেরো শতকের কবি আবদুল হাকিমের বিখ্যাত পঙ্‌ক্তিদ্বয়– 'যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী/ সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।'

২১. Who is the author of 'Istanbul'?
ⓚ Orhan Pamuk ⓛ Elif Shafak
ⓜ Nazim Hikmet ⓝ Samiha Ayverdi
[Note : Istanbul : Memories and the City গ্রন্থটি Orhan Pamuk-এর লেখা আর The Bastard of Istanbul গ্রন্থটি Elif Shafak-এর লেখা। Orhan Pamuk একজন তুর্কি লেখক, যিনি ২০০৬ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান। Orhan Pamuk-এর আরও কিছু সাহিত্যকর্ম হলো— Silent House, The White Castle, The Black Book, The New Life, Snow ইত্যাদি। Elif Shafak একজন তুর্কি বংশোদ্ভূত ব্রিটিশ লেখিকা ও নারী অধিকার কর্মী।]

22. Which one of the following is not the synonym of 'Corruption'?
ⓚ Bribery ⓛ Extortion
ⓜ Nepotism ⓝ Despotism

উত্তর	
১১	ক
১২	ক
১৩	ক
১৪	গ
১৫	ক
১৬	খ
১৭	ঘ
১৮	ক
১৯	ক
২০	ক
২১	Note
২২	ঘ

ব্যাখ্যা Corruption (দুর্নীতি)-এর synonym গুলো হলো bribery (ঘুষ লেনদেন), extortion (চাঁদাবাজি), nepotism (স্বজনপ্রীতি)। অন্যদিকে despotism অর্থ স্বৈরতন্ত্র যা corruption-এর synnonym নয়। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

২৩. 'A place for keeping bees' is —
ⓚ Apiary ⓛ Nest ⓜ Den ⓝ Acrie
ব্যাখ্যা Apiary— মৌমাছি রাখার স্থান, Nest—পাখির বাসা, Den—জন্তুর সুপ্ত আবাস, Acrie—উঁচু পর্বতচূড়ায় নির্মিত শিকারী পাখির বাসা। তাই সঠিক উত্তর 'ক'।

২৪. Which word is correct?
ⓚ Lieutenant ⓛ Leiutenant
ⓜ Lieutanent ⓝ Leiutanent
ব্যাখ্যা এখানে প্রদত্ত শব্দগুলোর মধ্যে Lieutenant (লেফটেন্যান্ট) বানানটিই সঠিক। তাই সঠিক উত্তর 'ক'।

২৫. Verb of the word 'Simplification' is —
ⓚ Simply ⓛ Simple ⓜ Simplify ⓝ Similar
ব্যাখ্যা Simplification (সরলীকরণ)-এর verb form simplify (সরল করা)। অন্যদিকে simply ও simple যথাক্রমে simplification এর adverb ও adjective form. Similar (অনুরূপ) একটি adjective, যা ভিন্ন একটি শব্দ। উল্লিখিত কারণে সঠিক উত্তর 'গ'।

২৬. Choose the correct meaning of 'Greek to'.
ⓚ গ্রিস দেশে ⓛ অজানা ⓜ বীর ⓝ যোদ্ধা
ব্যাখ্যা Greek to একটি phrase, যার প্রকৃত অর্থ দুর্বোধ্য অথবা পাঠযোগ্য নয়। তবে অজানা বা অপরিচিত অর্থেও 'Greek to' ব্যবহৃত হয়। তাই সঠিক উত্তর 'খ'।

২৭. The Nobel Prize of Literature in 2019 is awarded to—
ⓚ V. S Naipaul ⓛ Svetlana Alexivich
ⓜ Peter Handke ⓝ Orhan Pamuk
ব্যাখ্যা ২০১৯ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান Peter Handke, যিনি অস্ট্রিয়ার নাগরিক। তার কিছু সাহিত্যকর্ম হলো—A Sorrow Beyond Dreams; Short Letter, Long Farewel; The Long Way Round; Offending the Audience; The Absence; My Foot My Tutor ইত্যাদি। অন্যদিকে VS Naipaul ২০০১ সালে, Svetlana Alexievich ২০১৫ সালে এবং Orhan Pamuk ২০০৬ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

২৮. You must adhere ..... your principle.
ⓚ Of ⓛ With ⓜ To ⓝ For
ব্যাখ্যা Adhere-এর পর prepositon 'to' বসে। Adhere এর সাথে of/with/for-এর ব্যবহার হয় না। তাই সঠিক উত্তর 'গ'।

২৯. 'Theocracy' is the rule of—
ⓚ Milltary ⓛ Nobility
ⓜ Aristocrats ⓝ Church
ব্যাখ্যা Military (সামরিক বাহিনী) দ্বারা শাসন হলো Stratocracy (সামরিক শাসন); Privileged nobility বা aristocrats দ্বারা শাসন হলো aristocracy (অভিজাততন্ত্র), Church বা priests দ্বারা শাসন হলো theocracy (ধর্মরাষ্ট্র)। অর্থানুসারে সঠিক উত্তর 'ঘ'।

৩০. Which of the following is incorrect?
ⓚ Tallest ⓛ Largest ⓜ Biggest ⓝ Hugest
ব্যাখ্যা Huge-এর superlative form হিসেবে hugest-এর ব্যবহার সাধারণত দেখা যায় না। তাই 'Hugest' এর ব্যবহার ভুল।

৩১. The Meaning of 'Posterity' is—
ⓚ Prosperity ⓛ Present Time
ⓜ Later Generation ⓝ Possession
ব্যাখ্যা Posterity (ভবিষ্যৎ প্রজন্মপরম্পরা) অর্থ generation (পরবর্তী প্রজন্ম)। অন্যদিকে prosperity অর্থ সমৃদ্ধি। Present time অর্থ বর্তমান সময় এবং possession অর্থ স্বত্ব। উল্লিখিত অর্থানুসারে সঠিক উত্তর 'গ'।

৩২. Choose the synonym for 'Stubborn'.
ⓚ Deceitful ⓛ Obdurate ⓜ Sly ⓝ Swindler
ব্যাখ্যা Stubborn (একগুঁয়ে)-এর synonym obdurate (একগুঁয়ে)। অন্যদিকে (ক) deceitful অর্থ প্রতারণাপূর্ণ, (গ) sly অর্থ— প্রতারণাপূর্ণ, (ঘ) swindler অর্থ প্রতারক। তাই সঠিক উত্তর 'খ'।

৩৩. Which one is correctly spelt?
ⓚ Sunami ⓛ Tsunami ⓜ Tsuname ⓝ Tsanme
ব্যাখ্যা Option-এ প্রদত্ত শব্দগুলোর মধ্যে tsunami (সুনামি) বানানটি সঠিক। তাই সঠিক উত্তর 'খ'।

৩৪. 'আমার ক্ষুধা নেই'— translate into English—
ⓚ I'm full. ⓛ I have no appetite.
ⓜ I have no hunger. ⓝ I'm not hungry.
ব্যাখ্যা আমার পেট ভরা অর্থে 'I am full' ব্যবহৃত হয়। I have no hunger-এর ব্যবহার সাধারণত দেখা যায় না। I am not hungry অর্থ আমি ক্ষুধার্ত নই। I have no appetite অর্থ আমার ক্ষুধা নেই।

৩৫. The meaning of 'feel at home' —
ⓚ Calm & Quiet ⓛ Free & Easy
ⓜ Familiar & Known ⓝ Proficient & Expert
ব্যাখ্যা Feel at home (নিজের বাড়ির মত স্বচ্ছন্দ বোধ করা) অর্থ Free and easy (অনাড়ম্বর, সৌকিকতাবর্জিত)। অন্যদিকে (ক) calm and quiet অর্থ শান্ত ও নীরব, (গ) familiar and known অর্থ পরিচিত এবং (ঘ) proficient and expert অর্থ দক্ষ ও বিশেষজ্ঞ। তাই সঠিক উত্তর 'খ'।

৩৬. A place where everything is perfect—
ⓚ Cosmos ⓛ Platoon ⓜ Utopia ⓝ Utilatarian
ব্যাখ্যা যেখানে সবকিছু নিখুঁত সে জায়গাকে utopia (কল্পরাজ্য) বলে। অন্যদিকে (ক) cosmos অর্থ বিশ্বব্রহ্মাণ্ড,

উত্তর	
২৩	ক
২৪	ক
২৫	গ
২৬	খ
২৭	গ
২৮	গ
২৯	ঘ
৩০	ঘ
৩১	গ
৩২	খ
৩৩	খ
৩৪	খ
৩৫	খ
৩৬	গ

CamScanner

(খ) platoon অর্থ—একজন লেফটেন্যান্টের অধীনে সেনাবাহিনীর এককরূপে সক্রিয় সৈন্যদল; প্লাটুন, (ঘ) Utilitarian অর্থ উপযোগবাদী। তাই সঠিক উত্তর 'গ'।

৩৭. 'Howl' is the sound of—
ক Apes খ Dogs গ Jackals ঘ Tigers

ব্যাখ্যা কুকুরের ডাক/নেকড়ের হুঙ্কারকে howl বলে। অন্যদিকে ape (উল্লুক)-এর ডাককে gibber বলে, lion বা বৃহৎ বন্য জন্তুর গর্জনকে roar বলে। তাই সঠিক উত্তর 'খ'।

৩৮. A place for keeping dogs is known as—
ক Hutch খ Kennel গ Sty ঘ Stable

ব্যাখ্যা কুকুর রাখার স্থানকে Kennel (কুকুরশালা) বলে। অন্যদিকে (ক) hutch হলো খরগোশের খাঁচা, (গ) sty অর্থ (শূকরের) খোঁয়াড় এবং (ঘ) stable অর্থ আস্তাবল। তাই সঠিক উত্তর 'খ'।

৩৯. Which one is correctly spelt?
ক Superstitius খ Superstitioas
গ Superstitious ঘ Superstitias

ব্যাখ্যা এখানে সঠিক বানানের শব্দটি হলো superstitious (কুসংস্কারাচ্ছন্ন)।

৪০. What is the meaning of 'Draw up'?
ক Draft খ Finish গ Interpret ঘ Final

ব্যাখ্যা Draw (তৈরি বা প্রস্তুত করা) অর্থ draft (খসড়া প্রস্তুত করা)। অন্যদিকে (খ) finish অর্থ শেষ করা, (গ) interpret অর্থ ব্যাখ্যা করা এবং (ঘ) final অর্থ চূড়ান্ত।

৪১. মুক্তিযুদ্ধ-পূর্ব যুদ্ধভিত্তিক চলচ্চিত্র কোনটি?
ক রক্তাক্ত বাংলা খ জীবন থেকে নেয়া
গ ওরা এগারো জন ঘ ধীরে বহে মেঘনা

ব্যাখ্যা মুক্তিযুদ্ধের পূর্বে ভাষা আন্দোলনকেন্দ্রিক ও যুদ্ধের মেজাজে নির্মিত চলচ্চিত্র হলো 'জীবন থেকে নেয়া'। ১৯৭০ সালে মুক্তিপ্রাপ্ত এ বিখ্যাত চলচ্চিত্রের পরিচালক প্রখ্যাত সাহিত্যিক ও চলচ্চিত্রকার জহির রায়হান।

৪২. সংবিধানের কোন অনুচ্ছেদে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে?
ক ১নং খ ৩নং গ ৫নং ঘ ৮নং

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩নং অনুচ্ছেদে প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা হিসেবে বাংলাকে স্বীকৃতি দেয়া হয়েছে। সংবিধানের ১নং অনুচ্ছেদে প্রজাতন্ত্র, ৫নং অনুচ্ছেদে রাজধানী এবং ৮নং অনুচ্ছেদে মূলনীতিসমূহ সম্পর্কে বলা হয়েছে।

৪৩. অর্থ মন্ত্রণালয়ের বিভাগ কয়টি?
ক ৪টি খ ২টি
গ ৩টি ঘ কোনো বিভাগ নেই

ব্যাখ্যা অর্থ মন্ত্রণালয় চারটি বিভাগ নিয়ে গঠিত। যথা– (i) অর্থ বিভাগ, (ii) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, (iii) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং (iv) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

৪৪. 'আইনের দৃষ্টিতে সবাই সমান' এটি সংবিধানের কোন অনুচ্ছেদের অন্তর্ভুক্ত?
ক ২৮ খ ২৭ গ ৩০ ঘ ৩২

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৭নং অনুচ্ছেদে বলা হয়েছে 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী'। ২৮ অনুচ্ছেদে ধর্ম প্রভৃতি কারণে বৈষম্য, ৩০ অনুচ্ছেদে বিদেশী খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ এবং ৩২ অনুচ্ছেদে জীবন ও ব্যক্তি স্বাধীনতার অধিকার রক্ষণ সম্পর্কে বলা হয়েছে।

৪৫. [illegible]নের কোন অনুচ্ছেদে অনুপার্জিত আয় সম্পর্কে বলা আছে?
ক ১৫ খ ২০ গ ২৫ ঘ ২৭

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫ অনুচ্ছেদে মৌলিক প্রয়োজনের ব্যবস্থা, ২০(২) অনুচ্ছেদে অনুপার্জিত আয়, ২৫ অনুচ্ছেদে আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন এবং ২৭ অনুচ্ছেদে আইনের দৃষ্টিতে সমতা সম্পর্কে বলা হয়েছে।

৪৬. জাতীয় যুবনীতি অনুসারে যুবদের বয়সসীমা কত?
ক ১৮-৩৫ বৎসর খ ২২-৩০ বৎসর
গ ২০-৩৮ বৎসর ঘ ১৮-৩০ বৎসর

ব্যাখ্যা জাতীয় যুবনীতি ২০১৭ অনুযায়ী যুবদের বয়সসীমা ১৮-৩৫ বছর।

৪৭. ২০১৯ সালে স্বাধীনতা পদক পেয়েছেন কতজন?
ক ৯ খ ১০ গ ১২ ঘ ১৫

[Note : ২০১৯ সালে স্বাধীনতা পদক পেয়েছেন ১৩ জন বিশিষ্ট ব্যক্তি ও ১টি প্রতিষ্ঠান (বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট)। ২০২২ সালে ৯ বিশিষ্ট ব্যক্তি ও ২টি প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কার দেওয়া হয়।

৪৮. মুজিব শতবর্ষের লোগোর ডিজাইনার—
ক সব্যসাচী হাজরা খ মুস্তাফা মনোয়ার
গ হাশেম খান ঘ শিল্পী শাহাবুদ্দীন

ব্যাখ্যা ১০ জানুয়ারি ২০২০ মুজিববর্ষের লোগো উন্মোচন করা হয়। মুজিব শতবর্ষের লোগোর ডিজাইনার হলেন সব্যসাচী হাজরা। মুজিববর্ষের সময়কাল ১৭ মার্চ ২০২০ – ৩১ মার্চ ২০২২।

৪৯. বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী?
ক হরিকেল খ গৌড় গ পুণ্ড্র ঘ তাম্রলিপি

ব্যাখ্যা বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম হলো পুণ্ড্র। খ্রিস্টপূর্ব ৩০০০ অব্দে লিখিত বৈদিক সাহিত্য ও মহাভারতে পুণ্ড্র জাতির উল্লেখ আছে। এ জাতিই বর্তমানের বগুড়া, দিনাজপুর ও রাজশাহী জেলা জুড়ে বিস্তৃত পুণ্ড্র জনপদ গড়ে তুলেছিল। যার রাজধানী ছিল পুণ্ড্র নগর।

৫০. বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত নারীর সংখ্যা কতজন?
ক ১ খ ২ গ ৩ ঘ ৪

ব্যাখ্যা বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অসামান্য অবদান রাখার জন্য ২ জন মহিলা– ডা. সিতারা বেগম ও তারামন বিবিকে বীরপ্রতীক খেতাবে ভূষিত করা হয়। তারা দুজন যথাক্রমে ২ ও ১১নং সেক্টরে যুদ্ধ করেন।

উত্তর	
৩৭	খ
৩৮	খ
৩৯	গ
৪০	ক
৪১	খ
৪২	খ
৪৩	ক
৪৪	খ
৪৫	খ
৪৬	ক
৪৭	Note
৪৮	ক
৪৯	গ
৫০	খ

৫১. বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ ছিল—
ক ১৯৭২-১৯৭৭ খ ১৯৭৪-১৯৭৯
গ ১৯৭৩-১৯৭৮ ঘ ১৯৭৫-১৯৭৯

ব্যাখ্যা এ পর্যন্ত বাংলাদেশে আটটি পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। স্বাধীনতার পর বঙ্গবন্ধুর আমলে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করা হয়, যার মেয়াদ ছিল ১৯৭৩-১৯৭৮ সাল। বর্তমানে বাস্তবায়নাধীন অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ ২০২১-২০২৫ সাল।

৫২. নজরুল মঞ্চ কোথায় অবস্থিত?
ক বাংলা একাডেমিতে খ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে
গ চারুকলা ইনস্টিটিউটে ঘ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে

ব্যাখ্যা বাংলা একাডেমি প্রাঙ্গনে বটতলায় অবস্থিত 'নজরুল মঞ্চ'। এ স্থানটি লেখক, প্রকাশক ও পাঠকের মিলনস্থল। এখানেই মূলত বই মেলার সময় নতুন বইয়ের মোড়ক উন্মোচন করা হয়।

৫৩. 'মহাসেন' কার সাথে সম্পর্কিত?
ক সাইক্লোন খ টর্নেডো গ ভূমিকম্প ঘ বন্যা

ব্যাখ্যা সাইক্লোন মহাসেন ঘণ্টায় ১০০ কিমি গতি নিয়ে ১৬ মে ২০১৩ নোয়াখালী ও চট্টগ্রাম উপকূলে আঘাত হানে। ২৭৭-৩০৪ খ্রিস্টাব্দ পর্যন্ত সিংহল দ্বীপ (বর্তমানে শ্রীলংকা) শাসন করা বৌদ্ধ রাজা মহাসেনের নামে নামকরণ করা হয় এ ঘূর্ণিঝড়টির।

৫৪. 'তিতাস' উপজেলা কোন জেলায় অবস্থিত?
ক ব্রাহ্মণবাড়িয়া খ কুমিল্লা
গ চাঁদপুর ঘ ফেনী

ব্যাখ্যা 'তিতাস' কুমিল্লা জেলার একটি উপজেলা। ২০০৪ সালে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার গোমতী নদীর উত্তরাংশের ৯টি ইউনিয়ন নিয়ে এ উপজেলা গঠিত হয়।

৫৫. বাংলাদেশের অন্তর্গত সুন্দরবনের আয়তন কত?
ক ৭৫৫০ বর্গকিমি খ ৬৫৫০ বর্গকিমি
গ ৯৫৭৫ বর্গকিমি ঘ ৫৫৭৫ বর্গকিমি

[Note : বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন সুন্দরবনের মোট আয়তন ১০,০০০ বর্গ কিমি। এর মধ্যে বাংলাদেশের অন্তর্গত অংশের আয়তন ৬০১৭ বর্গকিমি (সূত্র : বন অধিদপ্তর)। বাকি অংশ ভারতের পশ্চিমবঙ্গের অন্তর্গত।]

৫৬. বাংলাদেশের সবচেয়ে বড় জেলা কোনটি?
ক রাঙ্গামাটি খ চট্টগ্রাম গ খাগড়াছড়ি ঘ ময়মনসিংহ

ব্যাখ্যা বাংলাদেশের সর্ববৃহৎ জেলা হলো রাঙামাটি। জেলাটির আয়তন প্রায় ৬,১১৬ বর্গ কিমি। আর সবচেয়ে ছোট জেলা হলো নারায়ণগঞ্জ, যার আয়তন প্রায় ৬৮৪ বর্গ কিমি।

৫৭. ছয়দফা ঘোষিত হয়—
ক লাহোরে খ পেশোয়ারে গ করাচিতে ঘ ইসলামাবাদে

ব্যাখ্যা ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর এক সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক 'ছয়দফা' কর্মসূচি ঘোষণা করেন।

৫৮. মুক্তিযুদ্ধের কোন সেক্টরটি ছিল ব্যতিক্রমধর্মী?
ক ১০ নং খ ৯নং গ ১নং ঘ ৭নং

ব্যাখ্যা মুক্তিযুদ্ধের একমাত্র ব্যতিক্রমধর্মী সেক্টর হলো ১০নং সেক্টর, যার কোনো নিয়মিত কমান্ডার ছিল না। এটি তিনটি সাব-সেক্টরে বিভক্ত ছিল। অভ্যন্তরীণ নৌপথ, সমুদ্র উপকূলীয় অঞ্চল, চট্টগ্রাম ও চালনা বন্দর ১০নং সেক্টরের আওতাধীন ছিল।

৫৯. 'একাত্তরের দিনগুলো' লিখেছেন—
ক সেলিনা হোসেন খ সুফিয়া কামাল
গ এম আর আখতার মুকুল ঘ জাহানারা ইমাম

ব্যাখ্যা মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিকথা 'একাত্তরের দিনগুলি'-এর রচয়িতা শহিদ জননী জাহানারা ইমাম। আর সুফিয়া কামালের লেখা স্মৃতিকথা হলো 'একাত্তরের ডায়েরী'।

৬০. বালিয়াটি জমিদার বাড়ি কোথায় অবস্থিত?
ক গাজীপুর খ মানিকগঞ্জ গ ঢাকা ঘ টাংগাইল

ব্যাখ্যা বালিয়াটি জমিদার বাড়ি মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলার বালিয়াটি গ্রামে অবস্থিত। মোট সাতটি স্থাপনা সম্বলিত এ জমিদার বাড়িটি উনিশ শতকে নির্মিত।

৬১. গ্রিসের পূর্বনাম কী ছিল?
ক থালাস খ মেসিডোনিয়া
গ হেলাস ঘ থামাস

ব্যাখ্যা ভূমধ্যসাগরের তীরে অবস্থিত অনিন্দ্য সুন্দর দেশ গ্রিসের পূর্ব নাম ছিল হেলাস বা হেলাডা। রোমানরা 'হেলাস'কে 'গ্রিস' নামে রূপান্তরিত করে। গ্রিসের রাষ্ট্রীয় নাম Hellenic Republic।

৬২. UNESCO'র কততম নির্বাহী সভায় বাংলাদেশের সাথে একসাথে 'মুজিববর্ষ' উদযাপনের সিদ্ধান্ত পৃহীত হয়?
ক ৩৯তম খ ৪০তম গ ২০৬তম ঘ ২০৭তম

ব্যাখ্যা ৩-১৭ এপ্রিল ২০১৯ প্যারিসে ইউনেস্কোর ২০৬তম নির্বাহী বোর্ড সভায় যৌথভাবে 'মুজিববর্ষ' উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। মুজিববর্ষের সময়কাল ১৭ মার্চ ২০২০ – ৩১ মার্চ ২০২২।

৬৩. 'Dead Heart of Africa' কোন দেশ?
ক সুদান খ বুরুন্ডি গ উগান্ডা ঘ শাদ

ব্যাখ্যা মধ্য আফ্রিকার স্থলবেষ্টিত ও সাহারা মরুভূমির আওতাভুক্ত দেশ শাদকে 'Dead Heart of Africa' বলা হয়। সমুদ্র থেকে দূরে অবস্থিত বলে এবং মরু জলবায়ুর কারণে শাদকে 'Dead Heart of Africa' বা 'আফ্রিকার মৃত হৃদয়' বলে অভিহিত করা হয়।

৬৪. 'ব্ল্যাক ফরেস্ট' কোন দেশে অবস্থিত?
ক জার্মানি খ সুইডেন গ নাইজেরিয়া ঘ মালি

ব্যাখ্যা 'ব্ল্যাক ফরেস্ট' জার্মানির দক্ষিণ-পশ্চিমে অবস্থিত বৃক্ষাচ্ছাদিত পার্বত্য অঞ্চল, যার দক্ষিণ ও পশ্চিমে রাইন উপত্যকা অবস্থিত। এটি দৈর্ঘ্য-প্রস্থে যথাক্রমে ১৬০ ও ৫০ কিমি।

উত্তর	
৫১	গ
৫২	ক
৫৩	ক
৫৪	খ
৫৫	Note
৫৬	ক
৫৭	ক
৫৮	ক
৫৯	ঘ
৬০	খ
৬১	গ
৬২	গ
৬৩	ঘ
৬৪	ক

CamScanner

৬৫. সম্প্রতি জাতিসংঘে ভোটাধিকার বাতিল হয় কোন দেশের?
ⓚ ইরান ⓛ মালি
ⓜ সিরিয়া ⓝ ভেনিজুয়েলা
ব্যাখ্যা নির্ধারিত বার্ষিক অনুদান না দেয়ায় জাতিসংঘ সনদের ১৯ অনুচ্ছেদ অনুযায়ী ১০ জানুয়ারি ২০২০ জাতিসংঘ যে সাতটি দেশের ভোটাধিকার কেড়ে নেয় তার মধ্যে ভেনিজুয়েলা একটি। জাতিসংঘে ভোটাধিকার বাতিল হওয়া অন্য ছয়টি দেশ হলো লেবানন, সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক, গাম্বিয়া, লেসেথো, টোঙ্গা ও ইয়েমেন।

৬৬. 'Green Deal' চুক্তি স্বাক্ষরিত হয়েছে কোন দেশে?
ⓚ ফ্রান্স ⓛ নরওয়ে ⓜ পর্তুগাল ⓝ ফিনল্যান্ড
[Note: 'Green Deal' ইউরোপীয় কমিশন কর্তৃক গৃহীত একটি কর্মপদ্ধতি, যেখানে ২০৫০ সালের মধ্যে ইউরোপকে সম্পূর্ণরূপে দূষণমুক্ত করার কথা বলা হয়েছে। এ পরিকল্পনায় ২০৩০ সালের মধ্যে গ্রিনহাউস গ্যাসের নির্গমন ৫০% কমানোর কথাও বলা হয়েছে।]

৬৭. কলকাতা নদীবন্দরের নতুন নাম কী?
ⓚ জ্যোতিবসু বন্দর ⓛ শ্যামাপ্রসাদ বন্দর
ⓜ সুভাষ বোস বন্দর ⓝ নলিনী বিহার বন্দর
ব্যাখ্যা ১৮৭০ সালে প্রতিষ্ঠিত কলকাতা বন্দরের ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে ১২ জানুয়ারি ২০২০ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এর নাম পরিবর্তন করে নতুন নামকরণ করেন 'শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় বন্দর'।

৬৮. 'রেইডার' শব্দটি কোন খেলার সাথে সম্পর্কিত?
ⓚ হাডুডু ⓛ কাবাডি ⓜ রাগবি ⓝ ফুটবল
ব্যাখ্যা 'রেইডার' শব্দটি বাংলাদেশের জাতীয় খেলা কাবাডির সাথে জড়িত। কাবাডি খেলায় প্রতিপক্ষের কোর্টে যে খেলোয়াড় রেইড করতে যায় তাকে রেইডার বলে।

৬৯. নোবেল বিজয়ী অভিজিৎ ব্যানার্জি কততম বাঙালি?
ⓚ ২য় ⓛ ৩য় ⓜ ৪র্থ ⓝ ৫ম
ব্যাখ্যা ২০১৯ সালে অর্থনীতিতে নোবেল বিজয়ী অভিজিৎ ব্যানার্জি হলেন চতুর্থ বাঙালি। অপর তিনজন নোবেল বিজয়ী বাঙালি হলেন রবীন্দ্রনাথ ঠাকুর, অমর্ত্য সেন ও ড. মুহাম্মদ ইউনূস।

৭০. কোন দেশের পতাকায় চাঁদ ও সূর্য আছে?
ⓚ সোমালিয়া ⓛ ব্রুনাই ⓜ তুরস্ক ⓝ নেপাল
ব্যাখ্যা দক্ষিণ এশিয়ার স্থলবেষ্টিত দেশ নেপালের পতাকায় চাঁদ ও তারা রয়েছে। এ দেশের পতাকা বিশ্বের একমাত্র পতাকা যা আয়তকার বা চৌকোনো নয়।

৭১. 'Wall Street' কোথায়?
ⓚ নিউ জার্সি ⓛ ক্যালিফোর্নিয়া
ⓜ নিউইয়র্ক ⓝ ওয়াশিংটন
ব্যাখ্যা 'Wall Street' নিউইয়র্ক সিটির ম্যানহাটন বারো-এর একটি বিখ্যাত সড়ক। বিশ্ববিখ্যাত শেয়ার মার্কেট 'নিউইয়র্ক স্টক এক্সচেঞ্জ' এ সড়কে অবস্থিত।

৭২. 'City of Love & Lights' কোথায়?
ⓚ বার্লিন ⓛ হেগ ⓜ প্যারিস ⓝ লাস ভেগাস
ব্যাখ্যা নান্দনিক সৌন্দর্য, অনেক সংখ্যক রোমান্টিক রেস্টুরেন্ট, যাদুকরি সব গঠনবিন্যাস এবং আঠার শতকের মাঝামাঝিতেই সড়ক বাতি স্থাপনের জন্য ফ্রান্সের রাজধানী প্যারিস শহর 'City of Love & Lights' নামে বিশ্বব্যাপী বিখ্যাত।

৭৩. পরবর্তী ওয়ানডে বিশ্বকাপ ক্রিকেট কোথায় অনুষ্ঠিত হবে?
ⓚ ভারত ⓛ অস্ট্রেলিয়া
ⓜ নিউজিল্যান্ড ⓝ দক্ষিণ আফ্রিকা
ব্যাখ্যা পরবর্তী ১৩তম ওয়ানডে বিশ্বকাপ ক্রিকেট ২০২৩ সালের অক্টোবর ও নভেম্বরে ভারতে অনুষ্ঠিত হবে।

৭৪. ইউরোপের প্রবেশদ্বার কোনটি?
ⓚ ভিয়েনা ⓛ বুদাপেস্ট ⓜ রোম ⓝ লিসবন
ব্যাখ্যা ইউরোপের প্রবেশদ্বার বলা হয় অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনাকে। পূর্ব ইউরোপের কয়েকটি দেশের পশ্চিম ইউরোপে গমনাগমনের জন্য এই ভিয়েনা শহরকেই ব্যবহার করতে হয়।

৭৫. ২০১৯ সালে নিরাপদ নগরী সূচকে শ্রেষ্ঠ নগরী—
ⓚ টোকিও ⓛ হেলসিংকি ⓜ স্টকহোম ⓝ ওসাকা
ব্যাখ্যা The Economist Intelligence Unit (EIU) প্রকাশিত নিরাপদ নগরী সূচকে ২০১৯ সালে শ্রেষ্ঠ নগরী হলো জাপানের রাজধানী টোকিও। এক্ষেত্রে ঢাকার অবস্থান ৫৬তম। উল্লেখ্য, ২০২১ সালের সূচকে শ্রেষ্ঠ নগরী ডেনমার্কের রাজধানী কোপেনহেগেন এবং সূচকে অন্তর্ভুক্ত ৬০টি শহরের মধ্যে ঢাকার অবস্থান ৫৪তম। ৬০তম শহর মিয়ানমারের ইয়াঙ্গুন।

৭৬. What is 'Cloud Computing'?
ⓚ Online Game ⓛ Internet Based Service
ⓜ Online Banking ⓝ None
ব্যাখ্যা আধুনিক কম্পিউটার ব্যবস্থায় একজন ইন্টারনেট ব্যবহারকারী অনেক রিসোর্স ক্রয় না করেও তা ব্যবহার করতে পারে। যেমন— মেমোরি (HDD), দামি কোনো সফটওয়্যার। এক্ষেত্রে কোনো বিশেষ প্রতিষ্ঠান সুবিধাগুলো Network-এর মাধ্যমে এবং স্বল্প মূল্যে সরবরাহ করে এবং চাহিদা মোতাবেক সেবা দেয়। এভাবে নেটওয়ার্ক ব্যবস্থায় শেয়ারিং-এর মাধ্যমে যে সুবিধা পাওয়া যায়, তাকে Cloud Computing বলে।

৭৭. The client of computer server is known as—
ⓚ Terminal ⓛ Work Station
ⓜ Subscriber ⓝ Desktop
ব্যাখ্যা ক্লায়েন্ট কম্পিউটার হলো নেটওয়ার্কের প্রান্তিক ইউজার কর্তৃক ব্যবহৃত কম্পিউটার, যারা নেটওয়ার্কের বিভিন্ন রিসোর্স ব্যবহার করে। ক্লায়েন্ট সার্ভার নেটওয়ার্কে সকল রিসোর্স রক্ষিত থাকে একটি কেন্দ্রীয় কম্পিউটারে, সেখানে ক্লায়েন্টরা তাদের প্রয়োজন অনুযায়ী রিসোর্সসমূহ শেয়ার করে সার্ভার থেকে। এ ক্লায়েন্ট কম্পিউটারকেই অন্যভাবে বলা যায় ওয়ার্ক স্টেশন।

উত্তর
৬৫ ঘ
৬৬ Note
৬৭ খ
৬৮ খ
৬৯ গ
৭০ ঘ
৭১ গ
৭২ গ
৭৩ ক
৭৪ ক
৭৫ ক
৭৬ খ
৭৭ ঘ

৭৮. CPU-এর অন্তর্ভুক্ত নয়—
ⓚ RAM ⓛ ROM ⓜ Cache ⓝ Disc
ব্যাখ্যা CPU-এর পূর্ণরূপ হচ্ছে Central Processing Unit। CPU-এর অভ্যন্তরের সংগঠনকে তিনটি অংশে ভাগ করা যায়। যথা- ক. নিয়ন্ত্রণ অংশ, খ. গাণিতিক যুক্তি অংশ এবং গ. রেজিস্টার। RAM, ROM এবং Cache CPU-এর অন্তর্ভুক্ত। অপরদিকে কম্পিউটারের যাবতীয় তথ্য সংরক্ষণ করার আধারকে Disc বলে।

৭৯. কোনটি ইনপুট ডিভাইস নয়?
ⓚ স্ক্যানার ⓛ মাউস ⓜ কী-বোর্ড ⓝ প্রিন্টার
ব্যাখ্যা কম্পিউটারে ইনপুট প্রদানের জন্য যেসব যন্ত্র ব্যবহার করা হয়, তাদেরকে বলা হয় ইনপুট ডিভাইস। কী-বোর্ড, মাউস, স্ক্যানার, লাইটপেন, ওয়েবক্যাম, ওএমআর, ওসিআর ইত্যাদি ইনপুট ডিভাইসের উদাহরণ। অপরদিকে প্রিন্টার হচ্ছে বহুল ব্যবহৃত আউটপুট ডিভাইস।

৮০. বর্তমানে ব্যবহৃত কম্পিউটার কোন প্রজন্মের?
ⓚ ৩য় ⓛ ৪র্থ ⓜ ৫ম ⓝ ৬ষ্ঠ
ব্যাখ্যা কম্পিউটারের প্রযুক্তিগত বিবর্তনকে বলে কম্পিউটার প্রজন্ম। বর্তমানে ব্যবহৃত কম্পিউটার চতুর্থ প্রজন্মের। চতুর্থ প্রজন্মের কম্পিউটারের বৈশিষ্ট্য হলো মাইক্রোপ্রসেসর ব্যবহার। পঞ্চম প্রজন্মের কম্পিউটার কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগ করবে এবং মানুষের কণ্ঠস্বরের নির্দেশ পালন করতে পারবে।

৮১. একজন ব্যক্তি সম্পদের ১২% স্ত্রীকে, ৫৮% পুত্রকে ও অবশিষ্ট ৪,৮০,০০০/- টাকা কন্যাকে দান করেন। পুত্রের সম্পদের মূল্যমান কত?
ⓚ ৯,২৮,০০০/- ⓛ ৯,৮২,০০০/-
ⓜ ৯,৬৮,০০০/- ⓝ ৯,৮৮,০০০/-
ব্যাখ্যা অবশিষ্ট সম্পদ = ১০০% − (১২ + ৫৮)% = ৩০%
∴ ৩০% সম্পদের মূল্য = ৪,৮০,০০০ টাকা
∴ ৫৮% সম্পদের মূল্য = $\frac{৪,৮০,০০০ \times ৫৮}{৩০}$ "
= ৯,২৮,০০০ টাকা

৮২. কোন সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের পার্থক্য ২০ ডিগ্রি হলে ক্ষুদ্রতম কোণের মান কত ডিগ্রি?
ⓚ ৩৫ ডিগ্রি ⓛ ৪০ ডিগ্রি ⓜ ৪৫ ডিগ্রি ⓝ ৫৫ ডিগ্রি
ব্যাখ্যা ধরি, সমকোণী ত্রিভুজটির সূক্ষ্মকোণদ্বয় x এবং $x+২০$
∴ $x + x + ২০ = ৯০°$
⇒ $২x = ৯০° - ২০°$
⇒ $২x = ৭০°$
∴ $x = ৩৫°$

৮৩. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ৪ মিটার বেশি। ঘরটির পরিসীমা ৩২ মিটার হলে এর ক্ষেত্রফল কত?
ⓚ ৬০ বর্গ মিটার ⓛ ৪৮ বর্গ মিটার
ⓜ ১০ বর্গ মিটার ⓝ ৪২ বর্গ মিটার
ব্যাখ্যা ধরি, প্রস্থ x মি. এবং দৈর্ঘ্য = $(x+৪)$ মি.
প্রশ্নমতে, $২(x + ৪ + x) = ৩২$
⇒ $২x + ৪ = ১৬$
⇒ $২x = ১২$
⇒ $x = ৬$
∴ প্রস্থ = ৬ মিটার এবং দৈর্ঘ্য = $(৬ + ৪) = ১০$ মি.
∴ ক্ষেত্রফল = (১০×৬) মি. = ৬০ ব. মি.

৮৪. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘুরে। এক সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে?
ⓚ ১৮০ ডিগ্রি ⓛ ৩৬০ ডিগ্রি ⓜ ৫৪০ ডিগ্রি ⓝ ২৭০ ডিগ্রি
ব্যাখ্যা ৬০ সেকেন্ডে ঘুরে = ৯০ বার
∴ ১ " " = $\frac{৯০}{৬০}$ " = $\frac{৩}{২}$ "
চাকাটি একবার ঘুরে অতিক্রম করে ৩৬০°
∴ $\frac{৩}{২}$ " " " $৩৬০° \times \frac{৩}{২}$ "
= ৫৪০°

৮৫. সবচেয়ে বড় সংখ্যা কোনটি?
ⓚ ০.০০৯৯ ⓛ ০.১০০ ⓜ ৯/১০০ ⓝ ৯/১০০০
ব্যাখ্যা $০.১০০ > ০.০৯ > ০.০০৯৯ > ০.০০৯$

৮৬. $১^২ + ২^২ + ৩^২ + \ldots \ldots + ৫০^২ = ?$
ⓚ ৩৫৭২৫ ⓛ ৪২৯২৫ ⓜ ৪৫৫০০ ⓝ ৪৭২২৫
ব্যাখ্যা ক্রমিক বর্গসংখ্যার সমষ্টি = $\frac{n(n+১)(২n+১)}{৬}$
= $\frac{৫০(৫০+১)(২\times৫০+১)}{৬}$
= $\frac{৫০\times৫১\times১০১}{৬}$
= ৪২৯২৫

৮৭. ৯, ৩৬, ৮১, ১৪৪, ... এর পরবর্তী সংখ্যা—
ⓚ ২২৫ ⓛ ১৬৯ ⓜ ২৫৬ ⓝ ৩১৯
ব্যাখ্যা
৯, ৩৬, ৮১, ১৪৪, ...
$৩^২$ $৬^২$ $৯^২$ $১২^২$ $১৫^২ = ২২৫$

৮৮. $a + b + c = 35$ এবং $a^২ + b^২ + c^২ = 825$ হলে $ab + bc + ca = ?$
ⓚ 100 ⓛ 200 ⓜ 125 ⓝ 225
ব্যাখ্যা $2(ab + bc + ca) = (a + b + c)^২ - (a^২ + b^২ + c^২)$
⇒ $ab + bc + ca = \frac{35^2 - 825}{2} = \frac{400}{2}$
∴ $ab + bc + ca = 200$

৮৯. কোনো বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য ৫০% বৃদ্ধি করলে ক্ষেত্রফল বৃদ্ধি পাবে—
ⓚ ৫০% ⓛ ১০০% ⓜ ১২৫% ⓝ ১৫০%
ব্যাখ্যা ধরি, বর্গের একবাহু = x একক
∴ " ক্ষেত্রফল = $x^২$ বর্গ একক
৫০% বৃদ্ধি পাওয়ায় বাহুর দৈর্ঘ্য হয় x এর ৫০% = $\frac{x}{২}$ একক

উত্তর
৭৮ ঘ
৭৯ ঘ
৮০ খ
৮১ ক
৮২ ক
৮৩ ক
৮৪ গ
৮৫ খ
৮৬ খ
৮৭ ক
৮৮ খ
৮৯ গ

Recent Job Solution-প্র A
CamScanner

$\therefore$ নতুন দৈর্ঘ্য $= \left(x + \frac{x}{2}\right)$ একক $= \frac{3x}{2}$ একক

$\therefore$ নতুন দৈর্ঘ্যের ক্ষেত্রফল $= \left(\frac{3x}{2}\right)^2 = \frac{9x^2}{8}$ বর্গ একক

ক্ষেত্রফল বৃদ্ধি $= \frac{9}{8}x^2 - x^2$

$= \frac{9x^2}{8}$ বর্গ একক

$\therefore$ শতকরা ক্ষেত্রফল বৃদ্ধি $= \left(\frac{9x^2}{8} \times \frac{100}{x^2}\right)\% = 125\%$

বিকল্প নিয়ম :

বর্গক্ষেত্রের দৈর্ঘ্য ৫০% বৃদ্ধি পেলে প্রস্থও ৫০% বৃদ্ধি পাবে

দৈর্ঘ্য (বৃদ্ধি/হ্রাস) + প্রস্থ (বৃদ্ধি/হ্রাস) + $\frac{\text{দৈর্ঘ্য (বৃদ্ধি/হ্রাস)} \times \text{প্রস্থ (বৃদ্ধি/হ্রাস)}}{100}$

$\therefore 50 + 50 + \frac{50 \times 50}{100} = 125\%$

[Note : হ্রাস হলে মান (–) হবে।]

৯০. একটি রম্বসের কর্ণদ্বয় ৪০ সেমি ও ৬০ সেমি। এর ক্ষেত্রফল—

ⓚ ২৪০০ বর্গ সেমি ⓛ ১২০০ বর্গ সেমি
ⓜ ৬০০ বর্গ সেমি ⓝ ৮০০ বর্গ সেমি

ব্যাখ্যা রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল

$= \frac{1}{2} \times 40 \times 60$

$= 1200$ ব. সে. মি.

৯১. ডুবোজাহাজ কোন যন্ত্রের সাহায্যে পানির নিচ থেকে উপরের দৃশ্য দেখে?

ⓚ পেরিস্কোপ ⓛ পেরিমিটার ⓜ টেলিস্কোপ ⓝ মাইক্রোস্কোপ

ব্যাখ্যা *সাবমেরিন থেকে সমুদ্রের উপরের জাহাজ দেখার যন্ত্রের নাম পেরিস্কোপ। পেরিমিটার (পরিধি) একটি পথ, যা দ্বি-মাত্রিক আকারকে ঘিরে থাকে। টেলিস্কোপ এমন একটি যন্ত্র, যা দূরবর্তী লক্ষ্যবস্তু দর্শনের জন্য ব্যবহার করা হয়। যে সকল বস্তু খালি চোখে দেখা যায় না মাইক্রোস্কোপের সাহায্যে তাদের দেখা যায়।*

৯২. উদ্ভিদ মূলরোমের সাহায্যে পানিশোষণ করে কোন প্রক্রিয়ায়?

ⓚ শ্বসন ⓛ ব্যাপন ⓜ ইমবাইবিশন ⓝ অভিস্রবণ

ব্যাখ্যা *উদ্ভিদ মূলরোমের সাহায্যে পানি ও খনিজ লবণ শোষণ করে অভিস্রবণ প্রক্রিয়ায়। ব্যাপন হলো সর্বত্র ছড়িয়ে পড়া বা সর্বত্র ব্যাপ্ত হওয়া। কলয়েডধর্মী বিভিন্ন পদার্থ যে প্রক্রিয়ায় নানা ধরনের তরল পদার্থ শোষণ করে তাকে ইমবাইবিশন বলে। শ্বসন হলো শক্তি নির্গমনকারী কতিপয় জারণ-বিজারণ বিক্রিয়ার সমষ্টি, যেখানে জৈবযৌগে সঞ্চিত স্থিতিশক্তি রূপান্তরিত হয়ে রাসায়নিক গতিশক্তিতে পরিণত হয়।*

৯৩. কাঠের প্রধান রাসায়নিক উপাদান কোনটি?

ⓚ সেলুলোজ ⓛ স্টার্চ ⓜ হাইড্রোকার্বন ⓝ হাইড্রোজেন

ব্যাখ্যা *সেলুলোজ উদ্ভিদের একটি প্রধান গাঠনিক পদার্থ। উদ্ভিদের কোষ প্রাচীর সেলুলোজ দিয়ে গঠিত। নির্মাণ সামগ্রী ও আসবাবপত্র তৈরিতে সেলুলোজ প্রধান উপাদান হিসেবে যান্ত্রিক সাহায্য প্রদান করে থাকে।*

৯৪. কোন রঙ বেশি দূর থেকে দেখা যায়?

ⓚ সাদা ⓛ লাল ⓜ কালো ⓝ হলুদ

ব্যাখ্যা *লাল রঙের তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি এবং বিক্ষেপণ সবচেয়ে কম। তাই লাল রঙ বেশি দূর থেকে দেখা যায়। অন্যদিকে সবগুলো রঙ যেখান থেকে প্রতিফলিত হয় তাকে সাদা দেখা যায় এবং যেখানে সবগুলো রঙ শোষিত হয় তাকে কালো দেখা যায়। হলুদ রঙের তরঙ্গদৈর্ঘ্য লাল ও কমলা রঙের তরঙ্গদৈর্ঘ্য থেকে কম।*

৯৫. লেবু গাছ কোন জাতীয় উদ্ভিদ?

ⓚ বৃক্ষ ⓛ গুল্ম ⓜ বিরুৎ ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা *শাখা-প্রশাখা বিস্তার করে ঝোপের সৃষ্টি করে গুল্ম। লেবু গুল্ম জাতীয় উদ্ভিদ। এছাড়াও জবা, রঙ্গন, গন্ধরাজ গুল্ম জাতীয় উদ্ভিদ। নরম কাণ্ডবিশিষ্ট উদ্ভিদকে বলে বীরুৎ বা হার্ব। ধান, গম, সরিষা, ঘাস, কচু ইত্যাদি হলো বীরুৎ।*

৯৬. কোন শ্রেণির উদ্ভিদে ক্লোরোফিল নেই?

ⓚ শৈবাল ⓛ মস ⓜ ফার্ণ ⓝ ছত্রাক

ব্যাখ্যা *ক্লোরোফিলবিহীন, অসবুজ, সালোকসংশ্লেষণে অক্ষম, অপুষ্পক উদ্ভিদকে ছত্রাক বলে। ক্লোরোফিলযুক্ত স্বতোজী উদ্ভিদকে শৈবাল বলে। ফার্ন জাতীয় উদ্ভিদ টেরিডোফাইটা বিভাগের অন্তর্গত। এরা অপুষ্পক ও অবীজী উদ্ভিদ। মস উদ্ভিদের মূল নেই। মূলের পরিবর্তে রাইজয়েড থাকে।*

৯৭. উচ্চতা নির্ণয়ের যন্ত্রের নাম—

ⓚ অলটিমিটার ⓛ গ্যালভানোমিটার
ⓜ এমিটার ⓝ ভোল্টামিটার

ব্যাখ্যা *উচ্চতা পরিমাপক যন্ত্রের নাম অলটিমিটার। বিদ্যুৎ প্রবাহ মাপক যন্ত্র এমিটার। ক্ষুদ্র মাপের বিদ্যুৎ প্রবাহের অস্তিত্ব নির্ণায়ক যন্ত্র গ্যালভানোমিটার। বৈদ্যুতিক বিভব বা চাপ পরিমাপক যন্ত্র ভোল্টামিটার।*

৯৮. আলোর কোয়ান্টাম তত্ত্বের প্রবক্তা কে?

ⓚ নিউটন ⓛ হাইগেন ⓜ প্ল্যাঙ্ক ⓝ রনজেন

ব্যাখ্যা *আলোর কোয়ান্টাম তত্ত্বের প্রবর্তক প্ল্যাঙ্ক। অপরদিকে আলোর কণা তত্ত্ব ও তরঙ্গ তত্ত্বপ্রদান করেন স্যার আইজ্যাক নিউটন ও হাইগেন। এক্সরে আবিষ্কার করেন রনজেন।*

৯৯. কোনটি আমাদের জীবনের অত্যাবশ্যকীয় পদার্থ?

ⓚ আলো ⓛ তাপ ⓜ লবণ ⓝ বিদ্যুৎ

ব্যাখ্যা *সূর্য আমাদের জীবনে অত্যাবশ্যকীয় বিষয়। সকল শক্তির উৎস সূর্য। কিন্তু পদার্থ হিসেবে অপশনে শুধু লবণ আছে। তাপ, আলো ও বিদ্যুৎ পদার্থ নয়। সুতরাং টেকনিক্যাল দিক থেকে উত্তর হবে লবণ।*

১০০. পানিতে কার্বন ডাই অক্সাইডের দ্রবণকে বলা হয়—

ⓚ সোডা ওয়াটার ⓛ লাইম ওয়াটার
ⓜ মিল্ক অব লাইম ⓝ হেভি ওয়াটার

ব্যাখ্যা *পানিতে কার্বন ডাই অক্সাইডের দ্রবণকে বলা হয় সোডা ওয়াটার। পানিতে ক্যালসিয়াম হাইড্রোক্সাইডের সম্পৃক্ত দ্রবণকে লাইম ওয়াটার বলে। পানি ও ক্যালসিয়াম হাইড্রোক্সাইডের তৈরি পেস্টকে বলে মিল্ক অব লাইম। ভারি পানি (D_2O) হলো পানির একটি গঠন, যাতে হাইড্রোজেন আইসোটোপ ডিউটেরিয়াম স্বাভাবিকের চেয়ে অধিক পরিমাণে থাকে।*

দুর্নীতি দমন কমিশনের কোর্ট পরিদর্শক ২০২২

পরীক্ষার তারিখ : ২৬.১১.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ১০০

[প্রতিটি প্রশ্নের মান সমান। প্রতিটি ভুল উত্তরের জন্য .৫০ নম্বর কাটা যাবে।]

০১. 'মুজিব-লেনিন-ইন্দিরা' কাব্যগ্রন্থের লেখক কে?

ⓚ শওকত আলী ⓛ আসাদ চৌধুরী
ⓜ নির্মলেন্দু গুণ ⓝ মহাদেব সাহা

ব্যাখ্যা *'মুজিব-লেনিন-ইন্দিরা' নির্মলেন্দু গুণ রচিত একটি কাব্যগ্রন্থ। এ কাব্যগ্রন্থে মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস উঠে এসেছে। ১৯৮৪ সালে কাব্যগ্রন্থটি প্রকাশিত হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে রচিত তার বিখ্যাত কবিতা 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো' এ কাব্যগ্রন্থের অন্তর্গত।*

০২. কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত কবিতার নাম কী?

ⓚ বাউণ্ডেলের আত্মকাহিনী ⓛ মুক্তি
ⓜ পরগোধরা ⓝ বিদ্রোহী

ব্যাখ্যা *কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত কবিতা 'মুক্তি'। কবিতাটি সত্য ঘটনা অবলম্বনে রচিত হয়েছিল। ১৯১৬ সালে আসানসোলের রাণীগঞ্জে অর্ডুলপট্টির বাঁকে, নিমগাছের তলায় হাত বাঁধা এক ফকির দরবেশের মৃত্যুতে কবি অত্যন্ত শোকাহত হয়ে এ কবিতাটি লেখেন।*

০৩. বাংলা কবিতায় আধুনিকতার প্রবর্তক কে?

ⓚ বিহারীলাল চক্রবর্তী ⓛ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓜ মাইকেল মধুসূদন দত্ত ⓝ ঈশ্বরচন্দ্র গুপ্ত

ব্যাখ্যা *মাইকেল মধুসূদন দত্ত বাংলা কবিতায় আধুনিকতার জনক। তার মাধ্যমেই মধ্যযুগের বৈশিষ্ট্য থেকে বেরিয়ে বাংলা কবিতা আধুনিকতা লাভ করে। তিনি একই সাথে অনেক পরিবর্তন আনেন বাংলা কবিতায়। তিনি বাংলা অমিত্রাক্ষর ছন্দের জনক। তিনি প্রথম সার্থক মহাকাব্য, প্রথম পত্রকাব্য এবং বাংলা কবিতায় প্রথম সনেট রচয়িতা। এ মৌলিকত্বের জন্যই তাকে বাংলা কবিতায় আধুনিকতার প্রবর্তক বলা হয়।*

০৪. 'লালসালু' উপন্যাসের চরিত্র নয় কোনটি?

ⓚ জমিলা ⓛ মাজেদা
ⓜ মজিদ ⓝ আমেনা

ব্যাখ্যা *'লালসালু' সৈয়দ ওয়ালীউল্লাহর বিখ্যাত উপন্যাস। ১৯৪৮ সালে এটি প্রকাশিত হয়। এ উপন্যাসের জন্য তিনি ১৯৬১ সালে বাংলা একাডেমি পুরস্কার পান। উপন্যাসটি একাধিক বিদেশি ভাষায় অনূদিত হয়েছে। এর প্রধান চরিত্র– মজিদ, আমেনা, জমিলা, আক্কাস, খালেক ব্যাপারী ও রহিমা।*

০৫. 'পিশাচ > পিচাশ' এরূপ পরিবর্তনকে কী বলে?

ⓚ স্বরভক্তি ⓛ অভিশ্রুতি
ⓜ ধ্বনি বিপর্যয় ⓝ সমীভবন

ব্যাখ্যা *শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমন– পিশাচ → পিচাশ, রিক্সা → রিসকা, লাফ → ফাল।*

০৬. 'রবীন্দ্র'-এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?

ⓚ রবী + ঈন্দ্র ⓛ রবি + ইন্দ্র
ⓜ রবি + ঈন্দ্র ⓝ রবী + ইন্দ্র

ব্যাখ্যা *স্বরধ্বনির সাথে স্বরধ্বনির মিলনকে স্বরসন্ধি বলে। 'রবীন্দ্র' স্বরসন্ধির উদাহরণ। যেহেতু দুটি 'ই' যুক্ত হয়ে 'ঈ'-কার হয়। সেহেতু 'রবীন্দ্র'-র সন্ধিবিচ্ছেদ 'রবি + ইন্দ্র'।*

০৭. একটি অপূর্ণ বাক্যের শেষে অন্য বাক্যের অবতারণা করতে কী চিহ্ন বসে?

ⓚ ড্যাশ ⓛ কোলন
ⓜ সেমিকোলন ⓝ কমা

ব্যাখ্যা *একটি অপূর্ণ বাক্যের শেষে অন্য বাক্যের অবতারণা করতে কোলন চিহ্ন বসে। যেমন– শপথ করছি : কাজটি শেষ করবই।*

০৮. 'মৌমাছি' কোন সমাস?

ⓚ তৎপুরুষ ⓛ দ্বন্দ্ব
ⓜ বহুব্রীহি ⓝ কর্মধারয়

ব্যাখ্যা *'মৌমাছি' মধ্যপদলোপী কর্মধারয় সমাস। যে কর্মধারয় সমাসের মধ্যপদ লোপ পায় তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন– মৌ আশ্রিত মাছি – মৌমাছি।*

০৯. 'জানালা' শব্দটি যে ভাষা থেকে আগত—

ⓚ পর্তুগিজ ⓛ হিন্দি ⓜ ফরাসি ⓝ তুর্কি

ব্যাখ্যা *'জানালা' পর্তুগিজ শব্দ। এরূপ আরো কয়েকটি পর্তুগিজ শব্দ– আনারস, পেয়ারা, পেঁপে। ফরাসি শব্দ– রেস্তোরাঁ, কুপন। হিন্দি শব্দ– আলবত, পানি। তুর্কি শব্দ– বাবা, দারোগা।*

১০. 'চর্যাপদ'-এর আদি পদ রচয়িতা—

ⓚ শবরপা ⓛ ভুসুকুপা ⓜ লুইপা ⓝ কাহ্নপা

ব্যাখ্যা *লুইপা চর্যাপদের আদি পদ রচয়িতা। তিনি ভারতীয় চুরাশিজন মহাসিদ্ধের একজন। তিনি চর্যাপদের প্রথম ও ঊনত্রিশতম পদের পদকর্তা।*

১১. মাইকেল মধুসূদন দত্তের বাড়ি যশোর জেলার কোন উপজেলায়?

ⓚ মনিরামপুর ⓛ চৌগাছা
ⓜ কেশবপুর ⓝ অভয়নগর

ব্যাখ্যা *মাইকেল মধুসূদন দত্ত বাংলা কবিতায় আধুনিকতার জনক। তিনি প্রথম সার্থক মহাকাব্য রচয়িতা, প্রথম সার্থক পত্রকাব্য রচয়িতা, সার্থক ট্র্যাজেডি নাটকের রচয়িতা, বাংলা অমিত্রাক্ষর ছন্দের জনক এবং সার্থক সনেট রচয়িতা। তার জন্ম যশোর জেলার কেশবপুর উপজেলার সাগরদাঁড়ি গ্রামে।*

উত্তর

০১	গ
০২	ঘ
০৩	গ
০৪	খ
০৫	গ
০৬	খ
০৭	ঘ
০৮	খ
০৯	ক
১০	গ
১১	গ

CamScanner

১২. 'বীরবল' কার ছদ্মনাম?
ক প্রমথ চৌধুরী খ সুধীন্দ্রনাথ দত্ত
গ নবীনচন্দ্র সেন ঘ বিনয় মুখোপাধ্যায়
ব্যাখ্যা প্রমথ চৌধুরী বাংলা চলিত গদ্যরীতির জনক এবং বিখ্যাত 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক ছিলেন। তিনি 'বীরবল' ছদ্মনামে লিখতেন। তার উদ্ভাবিত গদ্যকে 'বীরবলী গদ্য' বলা হতো।

১৩. 'গিন্নি' কোন শ্রেণির শব্দ?
ক তৎসম খ অর্ধ-তৎসম
গ তদ্ভব ঘ বিদেশি
ব্যাখ্যা যেসব শব্দ মূল সংস্কৃত থেকে কিছুটা বিকৃত হয়ে বাংলা ভাষায় মিশেছে তাদের অর্ধ-তৎসম শব্দ বলে। যেমন– গৃহিনী → গিন্নী, চন্দ্র → চন্দ, হস্ত → হাত।

১৪. 'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?
ক বিপরীত খ নিকৃষ্ট গ অভাব ঘ বিকৃতি
ব্যাখ্যা শব্দ বা শব্দমূলের সামনে বসে নতুন শব্দ গঠন করে এমন শব্দাংশকে উপসর্গ বলে। 'অপ' একটি তৎসম উপসর্গ; যার অর্থ বিপরীত কোনো কিছুকে বোঝায়। যেমন– অপমান, অপযশ, অপকীর্তি।

১৫. 'একাদশে বৃহস্পতি'-এর অর্থ কী?
ক আশার কথা খ আনন্দের বিষয়
গ সৌভাগ্যের বিষয় ঘ মজা পাওয়া
ব্যাখ্যা 'একাদশে বৃহস্পতি' বাগধারার অর্থ সৌভাগ্যের বিষয়। বাক্যে প্রয়োগ : ঘরে নতুন অতিথি আসার সাথে সাথেই নয়নের নতুন চাকরি হলো এ যেন একাদশে বৃহস্পতি অবস্থা।

১৬. নিচের কোনটি শিশুতোষ গ্রন্থ?
ক অভিযাত্রিক খ ইতল বিতল
গ মায়াকাজল ঘ মোর জাদুদের সমাধি পরে
ব্যাখ্যা কবি সুফিয়া কামাল রচিত শিশুতোষ গ্রন্থ 'ইতল বিতল'। অন্যদিকে, অভিযাত্রিক, মায়াকাজল, মোর জাদুদের সমাধি পরে তার কাব্যগ্রন্থ। তাকে 'জননী সাহসিকা' বলা হয়।

১৭. বাক্যের মৌলিক উপাদান কোনটি?
ক শব্দ খ বর্ণ গ ভাষা ঘ ধ্বনি
ব্যাখ্যা কতকগুলো অর্থবোধক শব্দ মিলে একটি পরিপূর্ণ বাক্য তৈরি হয়। তাই বাক্যের মৌলিক উপাদান হচ্ছে শব্দ।

১৮. A to Z কথাটি কোন অর্থে ব্যবহৃত হয়?
ক শেষ পর্যন্ত খ সম্পূর্ণভাবে
গ সারাক্ষণ ঘ সবসময়
ব্যাখ্যা 'A to Z' কথাটি সম্পূর্ণভাবে কোনো কিছু শেষ হওয়া বা পূর্ণ কোনো অবস্থাকে বোঝাতে ব্যবহৃত হয়।

১৯. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক ধ্বনিতত্ত্ব খ শব্দতত্ত্ব গ রূপতত্ত্ব ঘ পদক্রম
ব্যাখ্যা পাশাপাশি দুটি ধ্বনি মিলিত হয়ে সন্ধি হয়। সন্ধি অর্থ ধ্বনির মিলন। তাই এটি ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।

২০. Co-opted-এর পরিভাষা কোনটি?
ক সহযোজিত খ যোজিত
গ সংযোজিত ঘ সংযুক্ত
ব্যাখ্যা 'Co-opted'-এর পরিভাষা 'সহযোজিত'। co-এর আরো কয়েকটি পরিভাষা co-education-সহ-শিক্ষা, co-production-সহ-প্রযোজনা, co-host-সহ-উপস্থাপক।

২১. Which one is correct : The river has — its banks.
ক overflown খ overflowed
গ overflew ঘ overloaded
ব্যাখ্যা Overflow অর্থ হলো প্লাবিত করা। বাক্যটি present perfect tense-এ হওয়ায় verb-টির v_3 form (overflowed) ব্যবহৃত হয়েছে। অন্যদিকে, overfly অর্থ ওপর দিয়ে উড়ে যাওয়া। এর v_3 form হলো overflown.

২২. Choose the correct sentence :
ক I wish I am dead. খ I wish I were dead.
গ I wish I was dead. ঘ I wish I will dead.
ব্যাখ্যা Unreal past বা অসত্য কল্পনা বোঝাতে I wish + sub + were... ব্যবহৃত হয়। যেমন– I wish I were a bird. (আমি যদি পাখি হতাম)। I wish-এর পরের clause-এ মূলত simple past tense হয়।

২৩. I don't like coffee — do I.
ক nor খ yes
গ either ঘ neither
[Note : প্রশ্নোক্ত বাক্যটি মূলত এরকম হবে– You don't like coffee neither do I. (তুমি কফি পছন্দ করো না তাই আমিও পছন্দ করি না)। সুতরাং I don't-এর স্থলে You don't থাকলে উত্তর হতো (ঘ) neither I]

২৪. 'One fine morning' is—
ক an idiom খ a phrase
গ a clause ঘ a verb phrase
ব্যাখ্যা Phrase হচ্ছে একটি শব্দগুচ্ছ। একের অধিক শব্দ মিলে phrase হয়। phrase-এ finite verb থাকে না।

২৫. I must do it. (Make it negative)
ক I cannot but doing this. খ I cannot help do this.
গ I cannot but do this. ঘ I cannot help doing this.
[Note : বাক্য পরিবর্তনে শুধু গঠন পরিবর্তন হয় কিন্তু অর্থ একই রকম থাকে। must-যুক্ত বাক্যকে negative করার জন্য must-এর জায়গায় cannot but + v_1 অথবা cannot help + verb (ing) বসে। (গ, ঘ) দুটি অপশনই সঠিক। দুটি অর্থ হলো– আমি এটা না করে পারি না মানে আমি অবশ্যই করব।]

২৬. If you read, you will learn. The sentence is a—
ক simple খ complex
গ compound ঘ negative

উত্তর	
১২	ক
১৩	খ
১৪	ক
১৫	গ
১৬	খ
১৭	ক
১৮	খ
১৯	ক
২০	ক
২১	খ
২২	খ
২৩	Note
২৪	খ
২৫	Note
২৬	খ

ব্যাখ্যা If, though, although, as, since, so that, so...that ইত্যাদি দ্বারা গঠিত sub-ordinate clause-এর সাথে একটি principal clause থাকলে বাক্যটি complex হয়।

২৭. Which one is correct : I don't care how much—.
ক does cost the car খ does the car cost
গ cost the car ঘ the car costs
ব্যাখ্যা How much-সহ-এর পরের অংশটি একটি sub-ordinate clause। এটি কখনো interrogative হয় না। সেক্ষেত্রে how much the car costs-ই সঠিক উত্তর।

২৮. The opposite gender of 'teacher' is—
ক miss খ madam
গ sir ঘ none
ব্যাখ্যা Teacher দ্বারা শিক্ষক, শিক্ষিকা উভয়কেই বোঝায়। Sir-এর opposite gender হলো madam। Master-এর opposite gender হলো miss।

২৯. If you study hard, you will have no trouble—
ক in খ at গ into ঘ to
ব্যাখ্যা Trouble in/in trouble-বিপন্ন, বিপদ, ঝামেলা।

৩০. When Rumana — back tonight, she will cook dinner.
ক will come খ comes
গ shall come ঘ come
ব্যাখ্যা When-যুক্ত বাক্যটি conditional হওয়ায় ২য় clause-টি future indefinite tense-এ থাকায় প্রথম clause-টি present indefinite tense হবে।

৩১. It is high time we — the matter.
ক will discuss খ would discuss
গ discussed ঘ should discuss
ব্যাখ্যা It is high time, it is time, wish, fancy ইত্যাদির পর verb-এর past form (v_2) হয়।

৩২. 'Neera went home.' The correct response is—
ক me neither খ so am I
গ neither am I ঘ so did I
ব্যাখ্যা Neera went home so did I-নীরা বাড়ি গিয়েছিল তাই আমিও (গিয়েছিলাম)। এ ধরনের হ্যাঁ-বোধক বাক্যে so বসে। না-বোধক বাক্যে neither বসে। এরকম আরো বাক্য– You are laughing so am I. তুমি হাসছো তাই আমিও (হাসছি)।

৩৩. He made me — the unpleasant thing.
ক to do খ of doing
গ do ঘ doing
ব্যাখ্যা Causative verb (প্রযোজক ক্রিয়া)-এর ক্ষেত্রে make-এর পর অন্য verb-এর base form বসে। তাই সঠিক উত্তর হবে do।

৩৪. He is quite — with my progress.
ক satisfy খ satisfied
গ satisfaction ঘ satisfactory
ব্যাখ্যা Satisfied হলো adjective যার সাথে with বসে। Quite একটি adverb যা adjective-কে modify করছে। Satisfied with-সন্তুষ্ট।

৩৫. Technology will play a key role in —.
ক shaping খ to shape গ shape of ঘ shaped
ব্যাখ্যা Preposition-এর পর verb থাকলে তাতে ing যুক্ত হয়ে gerund হয়। Preposition-এর কাজই হলো noun/pronoun-এর সাথে অন্য পদের সম্পর্ক তৈরি করা। এজন্য preposition-এর পর সবসময় noun বা noun সমতুল্য কিছু বসে।

৩৬. Try hard lest you — fail.
ক may খ might গ would ঘ should
ব্যাখ্যা 'পাছে লোকে কিছু বলে', 'নইলে', 'পরে না আবার' এ ধরনের expression বোঝাতে Lest + sub + should + v_1 বসে।

৩৭. The word 'deliberately' is closest in meaning to—
ক slowly খ accurately
গ randomly ঘ intentionally
ব্যাখ্যা Deliberately-উদ্দেশ্যপ্রণোদিতভাবে, সুচিন্তিতভাবে। এর closest meaning হলো intentionally-ইচ্ছাকৃতভাবে, স্বেচ্ছায়। Accurately- যথাযথভাবে এবং randomly-এলোমেলোভাবে।

৩৮. The word 'exotic' could best be replaced by—
ক improper খ foreign
গ outdoor ঘ formal
ব্যাখ্যা Exotic অর্থ বিদেশি, উদ্ভট, বহিরাগত। Foreign অর্থ বিদেশি এবং improper- অযথার্থ, অনুপযুক্ত।

৩৯. Opposite word of 'permanent' is—
ক evanescent খ temporal
গ persistent ঘ short
ব্যাখ্যা Permanent-স্থায়ী এবং evanescent-বিলীয়মান, ক্ষণস্থায়ী, persistent-নাছোড়বান্দা, short-বাটো, অল্প এবং temporal-পার্থিব (secular)।

৪০. Synonymous word of 'intermittent' is—
ক continuous খ irregular
গ immediate ঘ constant
ব্যাখ্যা Intermittent-সবিরাম, থেকে থেকে, অনিয়মিত নয়। Irregular-অনিয়মিত। Continuous-চলমান, ধারাবাহিক; constant-ধ্রুবক, স্থির এবং immediate-তাৎক্ষণিক।

৪১. বাংলাদেশ ডেল্টা প্লান-২১০০ বাস্তবায়নে সহায়তাকারী দেশ কোনটি?
ক যুক্তরাষ্ট্র খ যুক্তরাজ্য
গ জার্মানি ঘ নেদারল্যান্ডস

উত্তর	
২৭	ঘ
২৮	ঘ
২৯	ক
৩০	খ
৩১	গ
৩২	ঘ
৩৩	গ
৩৪	খ
৩৫	ক
৩৬	ঘ
৩৭	ঘ
৩৮	খ
৩৯	ক
৪০	খ
৪১	ঘ

CamScanner

৪১. বঙ্গীপ রাষ্ট্র নেদারল্যান্ডের আদলে এবং প্রত্যক্ষ সহযোগিতায় বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত শতবর্ষী উন্নয়ন পরিকল্পনা হলো ডেল্টা প্লান ২১০০। বন্যা, নদী ভাঙন, নদী ব্যবস্থাপনা, নগর ও গ্রামে পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা, বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন এ ছয়টি অভীষ্ট নিয়ে ২০১৮ সালের ৪ সেপ্টেম্বর অনুমোদিত হয় এ প্রকল্প।

৪২. '৭১'-এর মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম ভাস্কর্য কোনটি?

ⓐ সংশপ্তক ⓑ অপরাজেয় বাংলা
ⓒ জাগ্রত চৌরঙ্গী ⓓ সাবাস বাংলাদেশ

ব্যাখ্যা ১৯৭১ সালের ১৯ মার্চ গাজীপুরে পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধে শহিদদের স্মরণে ১৯৭৩ সালে নির্মিত ভাস্কর্য 'জাগ্রত চৌরঙ্গী'। স্থপতি আব্দুর রাজ্জাক নির্মিত এ ভাস্কর্যটি ৭১-এর প্রথম ভাস্কর্য হিসেবে স্বীকৃত।

৪৩. 'September on Jessore Road' কবিতার রচয়িতা অ্যালেন গিন্সবার্গ কোন দেশের নাগরিক?

ⓐ যুক্তরাষ্ট্র ⓑ যুক্তরাজ্য ⓒ কানাডা ⓓ ফ্রান্স

ব্যাখ্যা 'September on Jessore Road' কবিতার রচয়িতা খ্যাত অ্যালেন গিন্সবার্গ ১৯২৬ সালের ৩ জুন যুক্তরাষ্ট্রের নিউজার্সিতে জন্মগ্রহণ করেন। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে বাঙালি শরণার্থী শিবিরে দুর্ভোগের চিত্র দেখে এ কবিতাটি রচনা করেন।

৪৪. বাংলাদেশের সীমান্তবর্তী কোন জেলার সাথে ভারতের কোনো সংযোগ নেই?

ⓐ ঝালকাঠি ⓑ কক্সবাজার ⓒ রাঙামাটি ⓓ বান্দরবান

[Note : বাংলাদেশের সীমান্তবর্তী জেলা মোট ৩২টি। যার মধ্যে ভারতের সাথে ৩০টি জেলা এবং ৩টি (কক্সবাজার, রাঙামাটি, বান্দরবান) জেলা মিয়ানমারের সীমান্তবর্তী। এদের মধ্যে রাঙামাটির সাথে উভয় দেশের সীমানা রয়েছে। অর্থাৎ কক্সবাজার এবং বান্দরবান উভয় জেলার সাথে ভারতের কোনো সংযোগ নেই।]

৪৫. বাংলাদেশের জাতীয় সংসদে সর্বপ্রথম কোন বিদেশি রাষ্ট্রপ্রধান ভাষণ প্রদান করেন?

ⓐ ভারতের রাষ্ট্রপ্রধান ⓑ যুগোস্লাভিয়ার রাষ্ট্রপ্রধান
ⓒ শ্রীলঙ্কার রাষ্ট্রপ্রধান ⓓ ভুটানের রাষ্ট্রপ্রধান

ব্যাখ্যা ১৯৭৪ সালের ৩১ জানুয়ারি প্রথম কোনো বিদেশি রাষ্ট্রপ্রধান হিসেবে যুগোস্লাভিয়ার রাষ্ট্রপ্রধান মার্শাল টিটো জাতীয় সংসদে ভাষণ প্রদান করেন। ঐ বছরের জুন মাসেই দ্বিতীয় বিদেশি রাষ্ট্রপ্রধান হিসেবে ভারতের রাষ্ট্রপ্রধান ভিভি গিরি জাতীয় সংসদে ভাষণ প্রদান করেন।

৪৬. বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কোন মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত?

ⓐ মন্ত্রিপরিষদ বিভাগ ⓑ জনপ্রশাসন
ⓒ পরিবেশ ⓓ স্বরাষ্ট্র

ব্যাখ্যা সংবিধানের ১৩৭নং অনুচ্ছেদের আলোকে গঠিত সড়ক পরিবহন কর্তৃপক্ষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা সাপেক্ষে বিভিন্ন পদে চাকরির সুপারিশ করে থাকে।

৪৭. মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী কে ছিলেন?

ⓐ তাজউদ্দীন আহমেদ ⓑ নৈয়ম নজরুল ইসলাম
ⓒ ক্যাপ্টেন এম মনসুর আলী ⓓ এ. এইচ. এম. কামারুজ্জামান

ব্যাখ্যা ১৯৭১ সালের ১০ এপ্রিল গঠিত মুজিবনগর সরকারের স্বরাষ্ট্র, সরবরাহ, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী ছিলেন এ. এইচ. এম. কামারুজ্জামান।

৪৮. 'তমদুন মজলিশ'-এর রচয়িতা কে?

ⓐ হাজী শরিয়তউল্লাহ
ⓑ শেরে বাংলা এ. কে. ফজলুল হক
ⓒ অধ্যাপক আবুল কাশেম
ⓓ তিতুমীর

ব্যাখ্যা ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক আবুল কাশেমের নেতৃত্বে গঠিত হয় তমদুন মজলিস।

৪৯. বাঙালির মুক্তির সনদ 'ছয় দফা' কোন তারিখে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়েছিল?

ⓐ ২১ ফেব্রুয়ারি ১৯৫৪ ⓑ ২৩ মার্চ ১৯৬৬
ⓒ ২৬ মার্চ ১৯৬৬ ⓓ ২০ এপ্রিল ১৯৬২

ব্যাখ্যা ১৯৬৬ সালের ৫ ও ৬ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত সম্মেলনে শেখ মুজিবুর রহমান প্রথম ৬ দফা দাবি পেশ করেন। এরপর ১৮ মার্চ আওয়ামী লীগ কাউন্সিলে এ সংক্রান্ত পুস্তিকা প্রকাশিত হয় এবং ২৩ মার্চ আনুষ্ঠানিকভাবে তিনি এ দাবি উত্থাপন করেন।

৫০. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থ অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র কোনটি?

ⓐ মুজিব একটি জাতির রূপকার
ⓑ চিরঞ্জীব মুজিব
ⓒ শেখ মুজিব আমার পিতা
ⓓ খোকা থেকে বঙ্গবন্ধু জাতির পিতা

ব্যাখ্যা 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) অবলম্বনে নির্মিত চলচ্চিত্র 'চিরঞ্জীব মুজিব'-এর পরিচালক জুয়েল মাহমুদ। যা প্রথম মুক্তি পায় ৩১ ডিসেম্বর ২০২১ সালে বড়পর্দায়।

৫১. 'আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস' কোনটি?

ⓐ ৯ ডিসেম্বর ⓑ ২৭ ফেব্রুয়ারি
ⓒ ৩১ অক্টোবর ⓓ ২৩ সেপ্টেম্বর

ব্যাখ্যা জাতিসংঘ ২০০৩ সালে ৯ ডিসেম্বরকে 'আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস' হিসেবে ঘোষণা করে। ২০২১ সালে-এর প্রতিপাদ্য ছিল 'আপনার অধিকার, আপনার দায়িত্ব : দুর্নীতিকে না বলুন'।

৫২. কোনটি জাপান সাগর ও পীত সাগরের মাঝে অবস্থিত?

ⓐ বাহরাইন দ্বীপ ⓑ জাভা দ্বীপ
ⓒ কোরীয় দ্বীপ ⓓ সুমাত্রা দ্বীপ

ব্যাখ্যা পীত সাগর জাপান সাগর থেকে বিভক্ত হয়েছে জেজু দ্বীপ সীমানা দ্বারা। তাছাড়া কোরীয় উপদ্বীপ জাপান সাগর ও পীত সাগরের মাঝে অবস্থিত।

৫৩. পৃথিবীর গভীরতম খাল কোনটি?

ⓐ সুয়েজ খাল ⓑ পানামা খাল
ⓒ গ্রান্ড খাল ⓓ আমাজন

ব্যাখ্যা বিশ্বের দীর্ঘতম খাল গ্রান্ড খাল, গভীরতম খাল পানামা খাল, কৃত্রিম দীর্ঘতম খাল সুয়েজ খাল। পানামা খাল প্রশান্ত ও আটলান্টিক মহাসাগরকে যুক্ত করেছে।

৫৪. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন দেশের নাগরিক?

ⓐ চীন ⓑ মায়ানমার
ⓒ সুইজারল্যান্ড ⓓ পর্তুগাল

ব্যাখ্যা জাতিসংঘের বর্তমান (নবম) মহাসচিব আন্তোনিও গুতেরেস ১৯৯৫ থেকে ২০০২ সালে পর্তুগালের প্রধানমন্ত্রী ছিলেন। ২০২২ থেকে ২০২৬ সাল পর্যন্ত দ্বিতীয় মেয়াদে তিনি মহাসচিবের দায়িত্ব পালন করবেন।

৫৫. ভারতের প্রথম নারী রাষ্ট্রপতির নাম কী?

ⓐ ইন্দিরা গান্ধী ⓑ প্রতিভা পাটিল
ⓒ দ্রৌপদী মুর্মু ⓓ সোনিয়া গান্ধী

ব্যাখ্যা ভারতের প্রথম নারী রাষ্ট্রপতি প্রতিভা পাটিল (১২তম)। অন্যদিকে, বর্তমান রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু প্রথম আদিবাসী নারী রাষ্ট্রপতি।

৫৬. ব্রিটিশ অর্থমন্ত্রীর বাসভবনের নাম কী?

ⓐ ১১ নং ডাউনিং স্ট্রিট ⓑ ১০ নং ডাউনিং স্ট্রিট
ⓒ ট্রুথ স্ট্রিট ⓓ হোয়াইট হল

ব্যাখ্যা প্রধানমন্ত্রীর বাসভবন হিসেবে পরিচিত ১০ নং ডাউনিং স্ট্রিট এবং অর্থমন্ত্রীর বাসভবন ১১নং ডাউনিং স্ট্রিটে। ব্রিটিশ অর্থমন্ত্রীর অন্য নাম 'চ্যান্সেলর অব দ্যা এক্সচেকার'।

৫৭. 'মন্ট্রিল প্রটোকল' কোন বিষয়ের সাথে সম্পর্কিত?

ⓐ ভূমিক্ষয় ⓑ পানিদূষণ
ⓒ ওজোনস্তর ⓓ সাদাবাঘ

ব্যাখ্যা ১৯৮৭ সালের ১৬ সেপ্টেম্বর কানাডার মন্ট্রিলে ওজোনস্তর রক্ষা বিষয়ক চুক্তি গৃহিত হয় এবং ১৯৮৯ সালের ১ জানুয়ারি তা কার্যকর হয়।

৫৮. নিচের কোন দেশে সর্বাধিক ম্যানগ্রোভ বন রয়েছে?

ⓐ বাংলাদেশ ⓑ ইন্দোনেশিয়া
ⓒ ব্রাজিল ⓓ ভারত

ব্যাখ্যা বিশ্বের সর্বাধিক ম্যানগ্রোভ বন রয়েছে ইন্দোনেশিয়ায় (১৯%)। দ্বিতীয় সর্বাধিক ম্যানগ্রোভ বন রয়েছে অস্ট্রেলিয়ায় (১০%)। ব্রাজিল ও নাইজেরিয়ায় রয়েছে ৭% করে ম্যানগ্রোভ বন।

৫৯. জ্বালানি তেল উৎপাদনে কোন দেশ শীর্ষে?

ⓐ ইরাক ⓑ কাতার
ⓒ যুক্তরাষ্ট্র ⓓ রাশিয়া

ব্যাখ্যা জ্বালানি তেল উৎপাদনে শীর্ষ দেশ যুক্তরাষ্ট্র। ২০২১ সালে দৈনিক তেল উৎপাদনকারী দেশের মধ্যে প্রায় ১৮.৫% তেল উৎপাদন করে যুক্তরাষ্ট্র। অন্যদিকে, রাশিয়া গ্যাস মজুদের দিকে শীর্ষ দেশ।

৬০. কাতার বিশ্বকাপ ফিফার কততম আসর?

ⓐ ২০ ⓑ ২১
ⓒ ২২ ⓓ ২৪

ব্যাখ্যা ১৯৩০ সালে শুরু হওয়া ফিফা বিশ্বকাপ ফুটবলের ২২তম আসর ২০ নভেম্বর - ১৮ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হয় কাতারে। এতে ৩২টি দল অংশ নেয় এবং অতিরিক্ত হয় 'আল রিহলা'।

৬১. 'আমাজন' কোন দেশভিত্তিক ই-কমার্স সাইট?

ⓐ ব্রাজিল ⓑ চীন
ⓒ যুক্তরাষ্ট্র ⓓ যুক্তরাজ্য

ব্যাখ্যা ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত যুক্তরাষ্ট্রভিত্তিক ই-কমার্স প্রতিষ্ঠান আমাজনের প্রতিষ্ঠাতা জেফ বেজোস। অনলাইনে বই বিক্রির মাধ্যমে যাত্রা শুরু করলেও বর্তমানে প্রতিষ্ঠানটি সকল ধরনের পণ্য বিক্রি করে।

৬২. কোনটি ইনপুট ডিভাইস?

ⓐ MICR ⓑ PRINTER
ⓒ PLOTTER ⓓ MONITOR

ব্যাখ্যা ব্যাংকিং শিল্পে ব্যবহৃত অধিক নিরাপত্তাভিত্তিক MICR একটি ইনপুট ডিভাইস। MICR-এর পূর্ণরূপ Magnetic Ink Character Reader/Recognition। MICR চৌম্বক ইঙ্কের (কালির) লেখা বুঝতে পারে।

৬৩. LAN-এর অপর নাম কী?

ⓐ মডেম ⓑ নেটওয়ার্ক ইন্টারফেস কার্ড
ⓒ ইন্টারনেট কার্ড ⓓ রাউটার

ব্যাখ্যা NIC বা Network Interface Card-কে LAN কার্ড বা Local Area Network Card বলা হয়।

৬৪. ১ নিবল = কত বিট?

ⓐ ৪ ⓑ ৮
ⓒ ১৬ ⓓ ৩২

ব্যাখ্যা এক বাইটের অর্ধেককে নিবল বলে। ১ নিবল = ৪ বিট।

৬৫. সার্ভারের সাথে সংযুক্ত কম্পিউটারকে কী বলা হয়?

ⓐ হোস্ট ⓑ সিপি
ⓒ ওয়ার্কস্টেশন ⓓ ক্লায়েন্ট

ব্যাখ্যা সার্ভারের সাথে সংযুক্ত কম্পিউটারগুলোকে ওয়ার্কস্টেশন বলা হয়। এটি সাধারণত নেটওয়ার্কযুক্ত এবং ব্যক্তিগত কম্পিউটারের চেয়ে বেশি শক্তিশালী।

৬৬. পরপর তিনটি সংখ্যার গুণফল ১২০ হলে, তাদের যোগফল কত?

ⓐ ১৫ ⓑ ২০
ⓒ ২৫ ⓓ ৩০

ব্যাখ্যা মনে করি,
সংখ্যা তিনটি x, (x + 1), (x + 2)
প্রশ্নমতে,
x (x + 1) (x + 2) = 120
⇒ (x² + x) (x + 2) = 120
⇒ x³ + 3x² + 2x - 120 = 0

উত্তর

৪১	খ
৪২	ঘ
৪৩	ঘ
৪৪	ক
৪৫	ঘ
৪৬	ঘ
৪৭	খ
৪৮	গ
৪৯	খ
৫০	খ
৫১	ক
৫২	গ
৫৩	ক
৫৪	ক
৫৫	খ
৫৬	খ
৫৭	গ
৫৮	গ
৫৯	গ
৬০	গ
৬১	গ
৬২	ক
৬৩	খ
৬৪	ক
৬৫	গ
৬৬	ক

$\Rightarrow x^3-4x^2+7x^2-28x+30x-120=0$
$\Rightarrow x^2(x-4)+7x(x-4)+30(x-4)=0$
$\Rightarrow (x-4)(x^2+7x+30)=0$
$x-4=0$
$\therefore x=4$
$x^2+7x+30=0$
$\Rightarrow x^2+7x=-30$
$\Rightarrow x^2+7x+\frac{49}{4}=-\frac{71}{4}$
$\Rightarrow \left(x+\frac{7}{2}\right)^2=-\frac{71}{4}$
যা গ্রহণযোগ্য নয়।
$\therefore$ সংখ্যা তিনটি = 4, (4 + 1) = 5, (4 + 2) = 6
$\therefore$ যোগফল = 15

৬৭. ৫০-এর ৬% কত?
ক ৩০০ খ ৩০ গ ৩ ঘ ০.০৩
ব্যাখ্যা ৫০-এর ৬%
$= ৫০ \times \frac{৬}{১০০}$
$= ৩$

৬৮. ০.৫ × ০.৭ × ২ = কত?
ক ০.০০৭ খ ০.০৭ গ ৭০ ঘ ০.৭
ব্যাখ্যা ০.৫ × ০.৭ × ২
$= \frac{৫}{১০} \times \frac{৭}{১০} \times ২$
$= \frac{৭০}{১০০} = ০.৭$

৬৯. ১ শতকে কত বর্গফুট?
ক ৭২০ খ ৪৩৫.৬
গ ৮৩৫.৫ ঘ ১০০
ব্যাখ্যা ১ শতক = ৪৩৫.৬ বর্গফুট
১ কাঠা = ৭২০ বর্গফুট

৭০. দুইটি সংখ্যার যোগফল ৫৫। বড় সংখ্যাটির ৫ গুণ ছোট সংখ্যাটির ৬ গুণের সমান। সংখ্যা দুইটি কত?
ক ২৫ ও ৩০ খ ৩৫ ও ২০
গ ৫০ ও ৫ ঘ ৪০ ও ১৫
ব্যাখ্যা মনে করি, বড় সংখ্যাটি x
$\therefore$ ছোট সংখ্যাটি = $(৫৫ - x)$
প্রশ্নমতে, $৫x = ৬(৫৫ - x)$
বা, $৫x + ৬x = ৩৩০$
বা, $১১x = ৩৩০$
$\therefore x = ৩০$
$\therefore$ বড় সংখ্যাটি = ৩০
এবং ছোট সংখ্যাটি = $(৫৫ - ৩০) = ২৫$

৭১. ৩ + ৬ + ৯ + ... + ৩৬ = কত?
ক ২৩০ খ ২৩১ গ ২৩২ ঘ ২৩৪
ব্যাখ্যা প্রথম পদ, $a = ৩$
সাধারণ অন্তর, $d = ৬ - ৩ = ৩$
$a + (n-১)d = ৩৬$
$\Rightarrow ৩ + (n-১)৩ = ৩৬$
$\Rightarrow (n-১)৩ = ৩৩$
$\Rightarrow n - ১ = ১১$
$\therefore n = ১১ + ১ = ১২$
সমষ্টি, $S_n = \frac{n}{২}\{২a + (n-১)d\}$
$= \frac{১২}{২}\{২ \times ৩ + (১২-১)৩\}$
$= ৬\{৬ + ৩৩\}$
$= ৬ \times ৩৯ = ২৩৪$

৭২. শতকরা বার্ষিক ৫ টাকা হারে সরল সুদে ৬৪০ টাকার ২ বছর ৬ মাসের সুদ কত?
ক ৭০ টাকা খ ৬০ টাকা গ ৮০ টাকা ঘ ৫০ টাকা
ব্যাখ্যা এখানে, $p = ৬৪০$ টাকা
$n = ২$ বছর ৬ মাস $= ২\frac{১}{২}$ বছর
$r = ৫\%$
আমরা জানি,
সুদ, $I = pnr$
$= ৬৪০ \times ২\frac{১}{২} \times \frac{৫}{১০০}$
$= ৬৪০ \times \frac{৫}{২} \times \frac{৫}{১০০}$
$= ৮০$ টাকা

৭৩. পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩৭ বছর। আবার পিতা ও পুত্রের বয়সের গড় ৩৫ বছর। মাতার বয়স কত?
ক ৩৮ বছর খ ৪৫ বছর গ ৪১ বছর ঘ ৪৮ বছর
ব্যাখ্যা পিতা, মাতা ও পুত্রের মোট বয়স = (৩৭×৩) বছর
$= ১১১$ বছর
পিতা ও পুত্রের মোট বয়স = $(৩৫ \times ২) = ৭০$ বছর
$\therefore$ মাতার বয়স = $(১১১ - ৭০)$ বছর
$= ৪১$ বছর

৭৪. একটি সংখ্যা থেকে সংখ্যাটির ৪০% বিয়োগ করলে ৩০ অবশিষ্ট থাকে। সংখ্যাটি কত?
ক ৫০ খ ৫৬
গ ৬০ ঘ কোনোটিই নয়
ব্যাখ্যা মনে করি, সংখ্যাটি = x
প্রশ্নমতে, $x - x$ এর ৪০% = ৩০
$\Rightarrow x - \frac{৪০x}{১০০} = ৩০$
$\Rightarrow \frac{১০০x - ৪০x}{১০০} = ৩০০০$
$\Rightarrow ৬০x = ৩০০০$
$\therefore x = ৫০$
$\therefore$ সংখ্যাটি = ৫০

উত্তর
৬৭ গ
৬৮ ঘ
৬৯ খ
৭০ ক
৭১ ঘ
৭২ গ
৭৩ গ
৭৪ ক

৭৫. নিচের কোনটি অমূলদ সংখ্যা?
ক $\sqrt{২}$ খ $\sqrt{১৬}$
গ $\sqrt{৯}$ ঘ $\sqrt{২৫}$
ব্যাখ্যা $\sqrt{১৬} = ৪$; যা একটি মূলদ সংখ্যা
$\sqrt{৯} = ৩$; যা একটি মূলদ সংখ্যা
$\sqrt{২৫} = ৫$; যা একটি মূলদ সংখ্যা
$\therefore \sqrt{২}$ একটি অমূলদ সংখ্যা।

৭৬. $2x + \frac{2}{x} = 3$ হলে, $x^2 + \frac{1}{x^2}$-এর মান কত?
ক 1/9 খ 1/4 গ 1/16 ঘ 1/3
ব্যাখ্যা দেওয়া আছে,
$2x + \frac{2}{x} = 3$
$\Rightarrow 2\left(x + \frac{1}{x}\right) = 3$
$\Rightarrow \left(x + \frac{1}{x}\right)^2 = \left(\frac{3}{2}\right)^2$ [উভয় পক্ষকে বর্গ করে]
$\Rightarrow x^2 + 2.x.\frac{1}{x} + \left(\frac{1}{x}\right)^2 = \frac{9}{4}$
$\Rightarrow x^2 + \left(\frac{1}{x}\right)^2 = \frac{9}{4} - 2$
$\Rightarrow x^2 + \frac{1}{x^2} = \frac{9-8}{4}$
$\therefore x^2 + \frac{1}{x^2} = \frac{1}{4}$

৭৭. দুইটি সংখ্যার যোগফল ৪৮ এবং তাদের গুণফল ৪৩২। বড় সংখ্যাটি কত?
ক ৩৬ খ ৩৭ গ ৩৮ ঘ ৩৯
ব্যাখ্যা ধরি, সংখ্যা দুটি a ও b
$\therefore a + b = 48$ ..... (i) এবং $ab = 432$
আমরা জানি, $(a-b)^2 = (a+b)^2 - 4ab$
$\Rightarrow (a-b)^2 = (48)^2 - 4.432$
$\Rightarrow (a-b)^2 = 576$
$\therefore a - b = 24$ ..... (ii)
(i) + (ii) করে, $2a = 72$
$\therefore a = 36$
(i) – (ii) করে, $2b = 24$
$\therefore b = 12$

৭৮. $a + b = 7$, $ab = 10$ হলে, $(a-b)^2$-এর মান কত?
ক ৯ খ ১২ গ ১৫ ঘ ২০
ব্যাখ্যা $(a-b)^2 = (a+b)^2 - 4ab$
$= (7)^2 - 4.10$
$= 49 - 40 = 9$

৭৯. ১.১, ১.০১ ও ০.০০১১ এর সমষ্টি কত?
ক ০.০১১১১ খ ১.১১১১
গ ১.১০১১১ ঘ ১১.১১০১
ব্যাখ্যা ১.১
০.০১
০.০০১১
১.১১১১

৮০. কোন ক্লাসে ৪০ জন ছাত্রের মধ্যে ২৪ জন পাশ করল। ঐ ক্লাসে শতকরা কতজন ছাত্র ফেল করল?
ক ৪০ জন খ ৫০ জন গ ৬০ জন ঘ ৮০ জন
ব্যাখ্যা ফেল করল = $(৪০ - ২৪) = ১৬$ জন
৪০ জনে ফেল করে ১৬ জন
১ " " " $\frac{১৬}{৪০}$ "
১০০ " " " $\frac{১৬ \times ১০০}{৪০}$ "
$= ৪০$ জন।

৮১. ৬০ থেকে ৮০-এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার বিয়োগফল হবে—
ক ৮ খ ১৮ গ ৫০ ঘ ১৪০
ব্যাখ্যা বিয়োগফল = ৭৯ – ৬১
$= ১৮$

৮২. দুটি সংখ্যার গুণফল ৩৩৮০ এবং গ.সা.গু. ১৩। সংখ্যা দুটির ল.সা.গু. কত?
ক ২৬০ খ ৭৮০ গ ৬৮০ ঘ ১৯০
ব্যাখ্যা সংখ্যা দুটির ল.সা.গু. = $\frac{\text{গুণফল}}{\text{গ.সা.গু.}}$
$= \frac{৩৩৮০}{১৩}$
$= ২৬০$

৮৩. ২-এর কত শতাংশ ৮ হবে?
ক ২০০ খ ৪০০ গ ৩০০ ঘ ৩৪৫
ব্যাখ্যা মনে করি, ২-এর $x\%$ = ৮
$\Rightarrow ২ \times \frac{x}{১০০} = ৮$
$\Rightarrow \frac{x}{৫০} = ৮$
$\therefore x = ৫০ \times ৮ = ৪০০$

৮৪. ০.৭৫ + ০.৫ = কত?
ক ১.৫ খ ০.৩৭৫ গ ১.০৫ ঘ ০.০০০৫
ব্যাখ্যা $\frac{০.৭৫}{০.৫} = \frac{০.৭৫ \times ১০}{০.৫ \times ১০০} = \frac{৭৫}{৫০} = \frac{৩}{২} = ১.৫$

৮৫. একটি পঞ্চভুজের সমষ্টি—
ক ৪ সমকোণ খ ৬ সমকোণ
গ ৮ সমকোণ ঘ ১০ সমকোণ
ব্যাখ্যা এক পঞ্চভুজের অন্তর্গত কোণের সমষ্টি = $৫৪০°$
$= \frac{৫৪০}{৯০}$
= ৬ সমকোণ

উত্তর
৭৫ ক
৭৬ খ
৭৭ ক
৭৮ ক
৭৯ খ
৮০ ক
৮১ খ
৮২ ক
৮৩ খ
৮৪ ক
৮৫ খ

CamScanner

৮৬. দুদক আইন কত সালে প্রণীত হয়?
ক ২০০৫ খ ২০০৪
গ ২০০৩ ঘ ২০০২

ব্যাখ্যা: দুর্নীতি দমন ব্যুরো থেকে ২০০৪ সালের ৯ মে দুর্নীতি দমন আইন কার্যকরের মাধ্যমে দুদকের আত্মপ্রকাশ ঘটে। এছাড়া দুর্নীতি দমন কমিশনের বিধিমালা জারি হয় ২০০৭ সালে।

৮৭. দুদকের কমিশনারগণ কার সুপারিশের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হন?
ক স্পিকার খ মাননীয় প্রধানমন্ত্রী
গ মহামান্য রাষ্ট্রপতি ঘ দুদক চেয়ারম্যান

ব্যাখ্যা: দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪-এর ৬(১) ধারা অনুযায়ী কমিশনারগণ রাষ্ট্রপতি কর্তৃক ধারা ৭ অনুসারে গঠিত বাছাই কমিটির সুপারিশক্রমে নিয়োগপ্রাপ্ত হবেন।

৮৮. দুদকের হেল্পলাইনের নম্বর কত?
ক ৯৯৯ খ ১১১
গ ১০৬ ঘ ৩৩৩

ব্যাখ্যা: দুদকের হেল্পলাইন নম্বর ১০৬, যার চার্জ ফ্রি। এছাড়া ৩৩৩ সরকারি তথ্য সেবা এবং ৯৯৯ জরুরি সেবার হেল্পলাইন।

৮৯. দুদক কী ধরনের প্রতিষ্ঠান?
ক স্বাধীন ও নিরপেক্ষ খ সাংবিধানিক
গ স্বায়ত্তশাসিত ঘ সরকারি

ব্যাখ্যা: দুদক আইন ২০০৪-এর ৩(২) ধারা অনুযায়ী কমিশন একটি স্বাধীন ও নিরপেক্ষ কমিশন হবে।

৯০. বাংলাদেশের সংবিধানের মোট কতটি অনুচ্ছেদ রয়েছে?
ক ১৫৭ খ ২০৩
গ ১৫৩ ঘ ১৮৮

ব্যাখ্যা: ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর কার্যকর হওয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১১টি ভাগ, ১৫৩টি অনুচ্ছেদ, ৭টি তফসিল রয়েছে। উল্লেখ্য, সংবিধান দিবস ৪ নভেম্বর।

৯১. সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি কতটি?
ক ১০ খ ৭ গ ৪ ঘ ৫

ব্যাখ্যা: রাষ্ট্র পরিচালনার মূলনীতি চারটি। সংবিধানের ৮নং অনুচ্ছেদ অনুযায়ী জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলে পরিচিত হবে।

৯২. 'জনগণ সর্বময় ক্ষমতার উৎস' সংবিধানের কত অনুচ্ছেদে উল্লেখ রয়েছে?
ক ১০ খ ৭ গ ১১ ঘ ২২

ব্যাখ্যা: সংবিধানের ৭(১) অনুচ্ছেদ অনুসারে প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ; যা সর্বময় ক্ষমতার উৎস হিসেবে কাজ করে।

৯৩. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ সংবিধানের কোথায় সংযোজন করা হয়েছে?
ক ৪র্থ তফসিল খ ৫ম তফসিল
গ ১৯ অনুচ্ছেদ ঘ ৪(ক) অনুচ্ছেদ

ব্যাখ্যা: সংবিধানের ৭টি তফসিলের মধ্যে ৫ম তফসিলে ১৯৭১ সালের ৭ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ অন্তর্ভুক্ত করা হয়েছে।

৯৪. ক্লিনিক্যাল থার্মোমিটারে কত পর্যন্ত দাগ কাটা থাকে?
ক ৯০° – ৯৫° খ ৯৫° – ১১০°
গ ৯৮° – ১০৪° ঘ ৯৫° – ১০৫°

ব্যাখ্যা: ক্লিনিক্যাল থার্মোমিটারে ফারেনহাইট স্কেলে ৯৫° থেকে ১১০° পর্যন্ত দাগ কাটা থাকে। পারদের ভ্রাম্যমাণ মাধ্যমে তাপমাত্রা পরিমাপ করা হয়।

৯৫. বায়োগ্যাসের কোন উপাদান জ্বালানির কাজ ব্যবহৃত হয়?
ক কার্বন ডাই-অক্সাইড খ নাইট্রোজেন
গ হাইড্রোজেন ঘ মিথেন

ব্যাখ্যা: বিভিন্ন পচনশীল জৈব পদার্থ বা বর্জ্য পদার্থ পচনের ফলে যে গ্যাস তৈরি হয় তাকে বায়োগ্যাস বলে। বায়োগ্যাসের অধিকাংশ উপাদান (৬০-৭০ ভাগ) মিথেন; যা মূলত জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়।

৯৬. COP-27 সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
ক কাতার খ মিসর
গ স্কটল্যান্ড ঘ ব্রাজিল

ব্যাখ্যা: ৬ নভেম্বর – ২০ নভেম্বর ২০২২ সালে মিসরের শারম আল শেখ নগরীতে অনুষ্ঠিত হয় কপ-২৭ সম্মেলন। পরবর্তী কপ-২৮ সম্মেলন অনুষ্ঠিত হবে সংযুক্ত আরব আমিরাতে।

৯৭. সর্বজনীন দাতা বলা হয় কোন ব্লাড গ্রুপকে?
ক A^{+ve} খ B^{+ve} গ AB^{+ve} ঘ O^{+ve}

ব্যাখ্যা: O^{+ve} ব্লাড গ্রুপে কোনো অ্যান্টিজেন না থাকায় এরা যেকোনো গ্রুপের বাহককে রক্ত দিতে পারে। তাই O^{+ve} ব্লাড গ্রুপকে Universal Donor বা সর্বজনীন দাতা গ্রুপ বলা হয়।

৯৮. বিলিরুবিন তৈরি হয় কোথায়?
ক অন্ত্রে খ যকৃতে
গ প্লীহায় ঘ প্যারাইটাল কোষে

ব্যাখ্যা: বিলিরুবিন তৈরি হয় যকৃতে এবং তা সঞ্চিত থাকে প্লীহায়।

৯৯. ভূ-পৃষ্ঠের নিকটতম বায়ুস্তরকে কী বলা হয়?
ক ট্রপোস্ফিয়ার খ স্ট্র্যাটোস্ফিয়ার
গ ফটোস্ফিয়ার ঘ এক্সোস্ফিয়ার

ব্যাখ্যা: বায়ুমণ্ডলের ৫টি স্তরের মধ্যে নিকটতম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ বায়ুর স্তর ট্রপোস্ফিয়ার। পৃথিবীর প্রায় ৯৯ শতাংশ জলীয় বাষ্প এই স্তরে রয়েছে।

১০০. মাছ উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান কততম?
ক ২য় খ ৩য় গ ৪র্থ ঘ ৫ম

ব্যাখ্যা: জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও)-এর মতে, সামগ্রিকভাবে মাছ উৎপাদনে বাংলাদেশ ভারত ও চীনের পর তৃতীয় অবস্থানে রয়েছে। তবে স্বাদু পানির মাছ উৎপাদনে দ্বিতীয়; যা বিশ্বের মোট উৎপাদনের ১১ শতাংশ এবং পরিমাণ হিসেবে ১৩ লাখ টন।

উত্তর
৮৬ ঘ
৮৭ খ
৮৮ গ
৮৯ ক
৯০ গ
৯১ গ
৯২ ক
৯৩ খ
৯৪ খ
৯৫ ঘ
৯৬ খ
৯৭ ঘ
৯৮ খ
৯৯ ক
১০০ খ

দুর্নীতি দমন কমিশনের কনস্টেবল ২০২২

পরীক্ষার তারিখ : ২৩.০৯.২০২২; সময় : ৩০ মিনিট; পূর্ণমান : ৭০

[প্রতিটি প্রশ্নের পূর্ণমান ০১]

০১. দুর্নীতি দমন কমিশন কতজন সদস্য নিয়ে গঠিত?
ক ২ খ ৪
গ ৫ ঘ ৩

ব্যাখ্যা: বাংলাদেশে দুর্নীতি দমন, নিয়ন্ত্রণ ও দুর্নীতি প্রতিরোধে গঠিত একটি কমিশন হলো দুর্নীতি দমন কমিশন বা দুদক। এটি ২০০৪ সালের ৯ মে দুর্নীতি দমন আইন অনুসারে কার্যকর হয়। একজন চেয়ারম্যান ও দুজন কমিশনার নিয়ে গঠিত দুর্নীতি দমন কমিশনের কার্যালয় ঢাকার সেগুনবাগিচায় অবস্থিত।

০২. 'আইনের চোখে সকলেই সমান।'– বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে বলা আছে?
ক ২৭ খ ২৮
গ ২৯ ঘ ৩০

ব্যাখ্যা: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৭নং অনুচ্ছেদে বলা হয়েছে 'আইনের দৃষ্টিতে সবাই সমান'। উল্লেখ্য, ২৮নং অনুচ্ছেদে ধর্ম প্রভৃতি কারণে বৈষম্য, ২৯নং অনুচ্ছেদে সরকারি নিয়োগ লাভে সুযোগের সমতা, ৩০নং অনুচ্ছেদে বিদেশি খেতাব প্রভৃতি গ্রহণ, নিষিদ্ধকরণ নিয়ে আলোকপাত করা হয়েছে।

০৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি কখন প্রদান করা হয়?
ক ২৩.০২.১৯৬৯ খ ১৩.০৩.১৯৬৯
গ ৭.০৩.১৯৭১ ঘ ১০.০১.১৯৭২

ব্যাখ্যা: কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি শেখ মুজিবুর রহমানের সম্মানে ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) এক জনসভার আয়োজন করে। সেখানে তৎকালীন ছাত্রনেতা তোফায়েল আহমেদ শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেছিলেন।

০৪. সাম্প্রতিক সময়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফরকালে দুই দেশের মধ্যে সম্পাদিত চুক্তি কোনটি?
ক তিস্তা'র পানি প্রত্যাহার চুক্তি
খ কুশিয়ারা'র পানি প্রত্যাহার চুক্তি
গ সুরমা'র পানি প্রত্যাহার চুক্তি
ঘ সাংগু'র পানি প্রত্যাহার চুক্তি

ব্যাখ্যা: কুশিয়ারার পানি বণ্টন চুক্তি হলো কুশিয়ারা নদীকে কেন্দ্র করে ২০২২ সালের ৬ সেপ্টেম্বর বাংলাদেশ ও ভারতের মধ্যে স্বাক্ষরিত একটি সমঝোতা চুক্তি। এই চুক্তি অনুযায়ী বাংলাদেশ সিলেটে কুশিয়ারা নদীর রহিমপুর খাল পয়েন্টে ১৫৩ কিউসেক পানি উত্তোলন করবে।

০৫. বর্তমানে জাতিসংঘের কততম সাধারণ সভা অনুষ্ঠিত হচ্ছে?
ক ৭০ খ ৭৫
গ ৭৬ ঘ ৭৭

[Note : ২৪ সেপ্টেম্বর ২০২২ অনুষ্ঠিত জাতিসংঘের ৭৭তম সাধারণ সভায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলায় ভাষণ প্রদান করেন। ভাষণে তিনি রোহিঙ্গা সংকট সমাধানের পাশাপাশি রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধের আহ্বান জানান।]

০৬. 'বাংলার মিল্টন' কোন কবির উপাধি?
ক জসীমউদ্দীন খ হেমচন্দ্র চট্টোপাধ্যায়
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ সুকান্ত ভট্টাচার্য

ব্যাখ্যা: হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের (চট্টোপাধ্যায় নয়) ছদ্মনাম 'বাংলার মিল্টন'। অন্যদিকে, সুকান্ত ভট্টাচার্য- কিশোর কবি, রবীন্দ্রনাথ ঠাকুর 'বিশ্বকবি' এবং জসীমউদ্দীন 'পল্লীকবি' উপাধিতে ভূষিত ছিলেন।

০৭. মুক্তিযুদ্ধবিষয়ক নাটক কোনটি?
ক সুবচন নির্বাসনে
খ রক্তাক্ত প্রান্তর
গ নূরলদীনের সারাজীবন
ঘ পায়ের আওয়াজ পাওয়া যায়

ব্যাখ্যা: সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক নাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়' (১৯৭৬)। তাঁর আরও তিনি উল্লেখযোগ্য কাব্যনাট্য- গণনায়ক (১৯৭৬), নূরলদীনের সারাজীবন (১৯৮২), এখানে এখন (১৯৮৮)।

০৮. 'কাকনিদ্রা' শব্দটির অর্থ কী?
ক অগভীর সতর্ক নিদ্রা
খ অনিদ্রা
গ কপট নিদ্রা
ঘ কাকের নিদ্রার মতো

উত্তর
০১ খ
০২ ক
০৩ ক
০৪ খ
০৫ Note
০৬ খ
০৭ খ
০৮ ক

CamScanner

ব্যাখ্যা 'কাকনিদ্রা' শব্দটির অর্থ 'অগভীর সতর্ক নিদ্রা'। আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা : দুই নৌকায় পা দেওয়া– দুটি ভিন্ন কাজ একই সময়ে শুরু করা, ইতর বিশেষ– পার্থক্য, আমড়াগাছি– তোষামোদ, উনপাঁজুরে– মন্দভাগ্য, ঘটিরাম– অপদার্থ।

০৯. 'অপমান' শব্দে 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?
ক বিপরীত খ নিকৃষ্ট
গ অভাব ঘ বিকৃত

ব্যাখ্যা 'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি বিপরীত অর্থে ব্যবহৃত হয়েছে। এরূপ আরও কয়েকটি উপসর্গ– অপকার, অপচয়, অপবাদ।

১০. 'Co-opted'-এর পরিভাষা কোনটি?
ক যোজিত খ সহযোজিত
গ সংযোজিত ঘ সংযুক্ত

ব্যাখ্যা Co-opted-এর পারিভাষিক শব্দ সহযোজিত। আরও কিছু গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ– post office– ডাকঘর, existentialism– অস্তিত্ববাদ, code– সংকেত, notification– প্রজ্ঞাপন, neutral– নিরপেক্ষ।

১১. 'লেক্সিকোগ্রাফি' কোন বিষয় নিয়ে আলোচনা করে?
ক ধ্বনিতত্ত্ব খ অর্থতত্ত্ব
গ শব্দতত্ত্ব ঘ অভিধানতত্ত্ব

ব্যাখ্যা লেক্সিকোগ্রাফি 'অভিধানতত্ত্ব' নিয়ে আলোচনা করে। অন্যদিকে, ধ্বনিতত্ত্ব- phonology, অর্থতত্ত্ব- semantics এবং শব্দতত্ত্ব-morphology।

১২. 'আলপিন' কোন ভাষার শব্দ?
ক ইংরেজি খ ওলন্দাজ
গ পর্তুগিজ ঘ তুর্কি

ব্যাখ্যা 'আলপিন' পর্তুগিজ শব্দ। আরও কিছু পর্তুগিজ শব্দ– আনারস, চাবি, গুদাম, পেরেক, পাউরুটি, তামাক, বালতি।

১৩. বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার স্বরবর্ণ কয়টি?
ক ১টি খ ৩টি
গ ৬টি ঘ ৭টি

ব্যাখ্যা বাংলা বর্ণমালায় স্বরবর্ণ ১১টি। এর মধ্যে পূর্ণমাত্রার ৬টি (অ, আ, ই, ঈ, উ, ঊ), মাত্রাহীন ৪টি (এ, ঐ, ও, ঔ) এবং অর্ধমাত্রার স্বরবর্ণ ১টি (ঋ)।

১৪. কোনটি 'উচাটন' শব্দের সমার্থক শব্দ?
ক উৎকণ্ঠা খ উদ্দীপন
গ বন্ধনহীন ঘ উৎপাটিত

ব্যাখ্যা 'উচাটন' শব্দের অর্থ উৎকণ্ঠা। এরূপ আরও কিছু সমার্থক শব্দ– উদ্গ্রীব, আত্মাহুতি, অস্তিপয়, ব্যগ্র।

১৫. $a+b=৩$, $ab=১$ হয়, তবে $a-b$ এর মান কত?
ক $\sqrt{৫}$ খ $\sqrt{৭}$
গ ০ ঘ ৫

ব্যাখ্যা $a+b=৩$, $ab=১$
আমরা জানি, $(a-b)^২=(a+b)^২-৪ab$
$=৩^২-৪\times১$
$=৯-৪$
বা, $(a-b)^২=৫$
$\therefore a-b=\sqrt{৫}$ (উভয়পক্ষকে বর্গমূল করা

১৬. বার্ষিক ১২% মুনাফায় কত বছরে ১০,০০০ টাকার মুনাফা ৪৮০০ টাকা হবে?
ক ৮ বছর খ ৫ বছর
গ ৩ বছর ঘ ৪ বছর

ব্যাখ্যা এখানে,
মূলধন, $P=১০,০০০$ টাকা
মুনাফার হার, $r\%=১২\%$
মুনাফা, $I=৪,৮০০$ টাকা
সময় $=n$ বছর
সরল মুনাফার ক্ষেত্রে $I=\frac{npr}{১০০}$
বা, $৪,৮০০=\frac{n\times১০,০০০\times১২}{১০০}$
বা, $৪,৮০০=n\times১,২০০$
বা, $n=\frac{৪,৮০০}{১,২০০}$
$\therefore n=৪$

১৭. ১ হতে ১০০ পর্যন্ত সংখ্যাগুলোর সমষ্টি কত?
ক ৪১৯৯ খ ৫৫০১
গ ৫০৫০ ঘ ৫০০১

ব্যাখ্যা n সংখ্যক স্বাভাবিক সংখ্যার সমষ্টি $=\frac{n(n+১)}{২}$
$\therefore ১+২+৩+...+১০০=\frac{১০০\times(১০০+১)}{২}$
$=\frac{১০০\times১০১}{২}$
$=৫০৫০$

১৮. দুইটি সংখ্যার গুণফল ৩৩৮০ এবং গ.সা.গু. ১৩। সংখ্যা দুইটির ল.সা.গু. কত?
ক ২৬০ খ ৭৮০ গ ১৩০ ঘ ৪৯

ব্যাখ্যা আমরা জানি,
দুইটি সংখ্যার গুণফল = সংখ্যা দুইটির ল.সা.গু. × গ.সা.গু.
বা, ৩৩৮০ = ল.সা.গু. × ১৩
বা, ল.সা.গু. $=\frac{৩৩৮০}{১৩}$
$=২৬০$

১৯. ত্রিভুজ ABC-এর $A=৪৫^\circ$, $B=৪৫^\circ$ হলে, ত্রিভুজ ABC হলো–
ক সমবাহু ত্রিভুজ খ সমদ্বিবাহু ত্রিভুজ
গ সমকোণী ত্রিভুজ ঘ খ ও গ উভয়ই

ব্যাখ্যা যেকোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি $=১৮০^\circ$
$\therefore$ তৃতীয় কোণটি, $\angle C=১৮০^\circ-(৪৫^\circ+৪৫^\circ)$
$=১৮০^\circ-৯০^\circ$
$=৯০^\circ$
$\therefore$ একটি কোণ ৯০° হওয়ায় ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।

২০. He divided the money—the two children.
ক among খ between
গ of ঘ over

ব্যাখ্যা কোনো কিছু দুজনের মধ্যে ভাগ করে দেওয়া বোঝালে between হয়। দুয়ের অধিক বোঝালে among বসে।

২১. Which one is both noun and verb?
ক water খ rice
গ fish ঘ cat

Note : Water ও fish দুটো শব্দই noun এবং verb উভয়ের কাজ করে। যেমন– I need some water to drink. (noun) He is watering the plants. (verb) Hilsha is our natinal fish. (noun) Let's go fishing in the next weekend. (verb)

২২. Which one is singular number?
ক women খ vegetables
গ child ঘ mice

ব্যাখ্যা Child একবচন। এর বহুবচন হলো children এবং mice-এর একবচন হলো mouse (ইঁদুর)।

২৩. Which one is superlative degree?
ক the beautiful
খ more beautiful
গ most beautiful
ঘ best beautiful

ব্যাখ্যা একের অধিক syllable-বিশিষ্ট শব্দগুলোকে superlative করার জন্য most বসে।

২৪. Milk is preferred—tea.
ক the খ than
গ to ঘ above

ব্যাখ্যা Comparison বোঝাতে than না হয়ে prefer-এর সাথে to বসে। বাক্যটির অর্থ হলো– চায়ের চেয়ে দুধ অধিক পছন্দনীয়। এরূপ আরো কিছু শব্দ– Senior to, junior to, inferior to, superior to ইত্যাদি।

২৫. Verb of 'false' is—.
ক faulty খ fallacy
গ falsehood ঘ falsify

ব্যাখ্যা False শব্দটি adjective। এর verb form হলো falsify (জাল করা, মিথ্যাভাবে বর্ণনা করা)। এর noun form হলো falsehood– মিথ্যা বিবরণ, falsification– জালকরণ।

২৬. Your handwriting is—.
ক illegal খ eligible
গ illegible ঘ inexact

ব্যাখ্যা Illegible-দুষ্পাঠ্য, অস্পষ্টাক্ষর। তাহলে বাক্যটির অর্থ দাঁড়ায়– আপনার হাতের লেখা দুষ্পাঠ্য। Eligible-যোগ্য, inexact- অযথাযথ, সঠিক নয়।

২৭. Which one is the antonym of 'jovial'?
ক cheerful খ delighted
গ angry ঘ gloomy

ব্যাখ্যা Jovial-হাসিখুশি এবং gloomy-বিষণ্ণ, মনমরা ভাব। অন্যদিকে, cheerful এবং delighted হলো শব্দটির সমার্থক।

২৮. The word 'French' refers to—
ক language খ society
গ manner ঘ people

ব্যাখ্যা French শব্দটি দ্বারা ফ্রেঞ্চ ভাষাকে বোঝায়। কিন্তু যদি শব্দটির আগে the বসে তাহলে জাতি বোঝাবে। যেমন– He speaks French like the French-তিনি ফরাসিদের মতো ফরাসি বলেন। He speaks English like the English– তিনি ইংরেজদের মতো ইংরেজি বলেন।

২৯. Find out the correct relationship :
ক egg : chicken খ bite : candle
গ book : sea ঘ cat : water

ব্যাখ্যা Chicken দ্বারা ছোট মুরগি বোঝায়। মুরগির সাথে egg-এর সম্পর্ক স্পষ্ট বোঝা যাচ্ছে। কিন্তু candle– মোমবাতি : bite– কামড়ে দেওয়া, book– বই : sea– সমুদ্র, cat : water– বিড়াল/পানি, এসব জোড়া শব্দগুলো পরস্পর সম্পর্কহীন।

৩০. ভবদহ কোথায়?
ক যশোর খ রাজশাহী
গ সুনামগঞ্জ ঘ চট্টগ্রাম

ব্যাখ্যা ভবদহ বিল যশোরের অভয়নগরে অবস্থিত। যশোর জেলার অন্যান্য বিলগুলো হলো : জলেশ্বর, বিল বকর, হরিনা, অরল, ইছামতি, বিল কেদারিয়া, বিল নুকশিয়া ও বিল পাজিয়া পাত্রা।

উত্তর
১৯ গ
২০ খ
২১ Note
২২ গ
২৩ গ
২৪ গ
২৫ ঘ
২৬ গ
২৭ ঘ
২৮ ক
২৯ ক
৩০ ক

উত্তর
০৯ ক
১০ খ
১১ ঘ
১২ গ
১৩ ক
১৪ ক
১৫ ক
১৬ ঘ
১৭ গ
১৮ ক

৩১. স্থানীয় সরকার নয় কোনটি?
ⓐ জেলা পরিষদ
ⓑ উপজেলা প্রশাসন
ⓒ ইউনিয়ন পরিষদ
ⓓ সিটি কর্পোরেশন

ব্যাখ্যা স্থানীয় সরকার শহরে-ক্ষুদ্র ক্ষুদ্র ইউনিটে (বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসনে) ভাগ করে সুষ্ঠুভাবে শাসনকার্য পরিচালনা করে থাকে। এটি সরকারের নির্দেশে নিয়ন্ত্রিত ও পরিচালিত হয়। এটি সিদ্ধান্ত গ্রহণ করতে পারে না।

৩২. বর্তমান প্রেক্ষিত পরিকল্পনার সময়কাল–
ⓐ ২০২০-২০২৪
ⓑ ২০২১-২০৩০
ⓒ ২০২১-২০৪১
ⓓ ২০৩০-২০৪১

ব্যাখ্যা ২৫ ফেব্রুয়ারি, ২০২০ দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা জাতীয় অর্থনৈতিক পরিষদের (NEC) সভায় অনুমোদিত হয়। ২০২১ সালে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনার বাস্তবায়ন শুরু হয়।

৩৩. বর্গের কোন বর্ণসমূহের ধ্বনি মহাপ্রাণ ধ্বনি?
ⓐ ১ম ও ৩য় ⓑ ২য় ও ৪র্থ
ⓒ ১ম ও ৩য় ⓓ ২য় ও ৩য়

ব্যাখ্যা কোনো কোনো ধ্বনি উচ্চারণের সময় নিঃশ্বাস জোরে সহযোজিত হয়। এরূপ ধ্বনিকে মহাপ্রাণ ধ্বনি বলা হয়। বর্গের ২য় (খ, ছ, ঠ, থ, ফ) ও ৪র্থ (ঘ, ঝ, ঢ, ধ, ভ) ধ্বনি মহাপ্রাণ। উল্লেখ্য, বর্গের ১ম ও ৩য় ধ্বনি অল্পপ্রাণ। প্রত্যেক বর্গের ৫ম ধ্বনিটি নাসিক্য ঘোষ ধ্বনি।

৩৪. ১৬ কোটির ১% = কত?
ⓐ ১ কোটি ৬০ লাখ ⓑ ১৬ লাখ
ⓒ ১৬ হাজার ⓓ কোনোটিই নয়

ব্যাখ্যা ১৬,০০,০০,০০০ এর ১%

$$= ১৬,০০,০০,০০০ \times \frac{১}{১০০}$$

$$= ১৬,০০,০০০$$

৩৫. 'হলিয়া' কবিতাটি কার লেখা?
ⓐ মোহন রায়হান
ⓑ নির্মলেন্দু গুণ
ⓒ মহাদেব সাহা
ⓓ শামসুর রাহমান

ব্যাখ্যা নির্মলেন্দু গুণ রচিত 'প্রেমাংশুর রক্ত চাই' (১৯৭০) কাব্যগ্রন্থের অন্তর্গত কবিতা 'হলিয়া'। তার উল্লেখযোগ্য আরও কিছু কাব্যগ্রন্থ– দীর্ঘ দিবস দীর্ঘ রজনী (১৯৭৪), না প্রেমিক না বিপ্লবী (১৯৭২), চাষাভুষার কাব্য (১৯৮১) চৈত্রের ভালবাসা (১৯৭৫), ও বন্ধু আমার (১৯৭৫), শান্তির ভিক্ষি (১৯৮৪)।

উত্তর
৩১ ঘ
৩২ গ
৩৩ ঘ
৩৪ ঘ
৩৫ ঘ

জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)-এর সহকারী পরিচালক, রিসার্চ অফিসার ও সহকারী প্রোগ্রামার ২০২১

পরীক্ষার তারিখ : ০৮.১০.২০২১; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ১০০

[প্রত্যেকটি প্রশ্ন সমমানের। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে।]

1. 'ক্ষুৎপিপাসা' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?
ⓐ ক্ষুদ্ + পিপাসা ⓑ ক্ষুধ্ + পিপাসা
ⓒ ক্ষুত্ + পিপাসা ⓓ ক্ষুৎ + পিপাসা

ব্যাখ্যা আগে দ্ বা ধ্ এবং পরে ক্, প্, স্ ধ্বনি থাকলে দ্ বা ধ্ স্থানে ৎ হয়। যেমন— ক্ষুধ্ + পিপাসা = ক্ষুৎপিপাসা, ক্ষুধ্ + কাতর = ক্ষুৎকাতর, হৃদ্ + কম্প = হৃৎকম্প।

2. সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓐ মনঃ + কষ্ট = মনোকষ্ট ⓑ চক্ষু + রোগ = চক্ষুরোগ
ⓒ পরি + কার = পরিষ্কার ⓓ ইতঃ + মধ্যে = ইতিমধ্যে

[Note : প্রদত্ত অপশনে সঠিক সন্ধি বিচ্ছেদ নেই। সঠিক সন্ধি বিচ্ছেদ– মনঃ + কষ্ট = মনঃকষ্ট, চক্ষুঃ + রোগ = চক্ষুরোগ, পরি + কার = পরিষ্কার, ইতঃ + মধ্যে = ইতোমধ্যে।]

3. 'কানে-কলম' কোন সমাসের উদাহরণ?
ⓐ উপপদ তৎপুরুষ ⓑ অলুক দ্বন্দ্ব
ⓒ প্রত্যয়ান্ত বহুব্রীহি ⓓ অলুক বহুব্রীহি

ব্যাখ্যা যে বহুব্রীহি সমাসে পূর্ব বা পরপদের কোনো পরিবর্তন হয় না, তাকে অলুক বহুব্রীহি বলে। যেমন— কানে কলম যার = কানে-কলম, মাথায় পাগড়ি যার = মাথায়পাগড়ি। এরূপ— হাতে-ছড়ি, গায়ে-পড়া, হাতে-বেড়ি, মাথায়-ছাতা, কানে-খাটো, গলায়-গামছা, মুখে-ভাত ইত্যাদি।

4. 'চৌরাস্তা' কোন সমাসের উদাহরণ?
ⓐ দ্বিগু কর্মধারয় ⓑ সংখ্যাবাচক বহুব্রীহি
ⓒ অলুক বহুব্রীহি ⓓ সমানাধিকরণ বহুব্রীহি

ব্যাখ্যা সমাহার বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। যেমন— চৌ (চার) রাস্তার সমাহার = চৌরাস্তা, তিন মাথার সমাহার = তেমাথা। এরূপ– ত্রিকাল, শতাব্দী, পঞ্চবটী, চতুর্ভুজ, চতুরঙ্গ, চৌমাথা, পঞ্চভূত, ত্রিরত্ন, সাতসমুদ্র।

5. 'Every man is for himself'-এর সঠিক বাংলা অনুবাদ কী?
ⓐ ইচ্ছা থাকলে উপায় হয় ⓑ চাচা আপন প্রাণ বাঁচা
ⓒ প্রত্যেকে আমরা পরের তরে ⓓ সবার উপরে মানুষ সত্য

ব্যাখ্যা Every Man is for himself-এর সঠিক বাংলা অনুবাদ— চাচা আপন প্রাণ বাঁচা। অন্যদিকে Where there is a will, there is a way— ইচ্ছা থাকলে উপায় হয়। We are for each other— প্রত্যেকে আমরা পরের তরে। Man is the measure of all things— সবার উপরে মানুষ সত্য।

6. 'Graphic'-এর বাংলা পরিভাষা কী?
ⓐ নকশা ⓑ রৈখিক ⓒ খসড়া ⓓ অঙ্কন

ব্যাখ্যা Graphic-এর বাংলা পরিভাষা রৈখিক। অন্যদিকে diagram—নকশা, চিত্র; draft— খসড়া; drawing— অঙ্কন।

7. কোন শব্দগুচ্ছের বানান শুদ্ধ?
ⓐ কল্প, শিহরণ, বাল্মীকি ⓑ অন্যাবধি, তিরস্কার, ধরণ
ⓒ দারুন, দৈন্যতা, বৈচিত্র ⓓ জাত্যাভিমান, বৃষ্ণপুর, প্রবেশ

[Note : প্রদত্ত প্রশ্নের a. কল্প, শিহরণ। b. তিরস্কার, ধরণ। c. দারুন, দৈন্যতা, বৈচিত্র। d. জাত্যাভিমান বানানগুলো অশুদ্ধ। বানানগুলোর শুদ্ধরূপ যথাক্রমে কল্পণ, শিহরন, তিরস্কার, ধরন, দারুণ, দৈন্য/দীনতা, বৈচিত্র্য, জাত্যভিমান।]

8. 'বিমলা-কুমুদিনী' কোন দুটি উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র?
ⓐ ঘরে-বাইরে, যোগাযোগ ⓑ চতুরঙ্গ, যোগাযোগ
ⓒ ঘরে-বাইরে, শেষের কবিতা ⓓ চোখের বালি, শেষের কবিতা

ব্যাখ্যা 'ঘরে-বাইরে' ও 'যোগাযোগ' উপন্যাসের রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর। ঘরে-বাইরে উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র— বিমলা, নিখিলেশ, সন্দীপ। 'যোগাযোগ' উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র— কুমুদিনী, মধুসূদন। 'শেষের কবিতা' উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র— অমিত, লাবণ্য, শোভনলাল। 'চোখের বালি' উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র— মহেন্দ্র, বিনোদিনী, আশা।

9. কারক ও বিভক্তি নির্ণয় করুন। 'কাননে কুসুমকলি সকলি ফুটিল'—
ⓐ কর্তায় শূন্য ⓑ কর্মে শূন্য
ⓒ করণে দ্বিতীয়া ⓓ অপাদানে দ্বিতীয়া

ব্যাখ্যা কর্তা যাকে অবলম্বন বা আশ্রয় করে ক্রিয়া সম্পাদন করে, তাকে কর্মকারক বলে। যেমন— কাননে কুসুমকলি সকলি ফুটিল। আমাকে একখানা বই দাও। এ দুই বাক্যে 'কুসুমকলি' ও 'বই' শূন্য বিভক্তি।

10. 'প্রিয়জনে যাহা দিতে চাই তাই দিই দেবতারে।' কারক ও বিভক্তি নির্ণয় করুন—
ⓐ কর্তায় সপ্তমী ⓑ কর্মে সপ্তমী
ⓒ সম্প্রদানে ষষ্ঠী ⓓ অপাদানে ষষ্ঠী

[Note : যাকে কিছু ত্যাগ করে দান, অর্পণ, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে সম্প্রদান কারক বলে। যেমন— প্রিয়জনে যাহা দিতে চাই তাই দিই দেবতারে। দেবতার ধন কে যায় ফিরায়ে লয়ে। এখানে প্রথম বাক্যে 'দেবতারে' সপ্তমী বিভক্তি ও দ্বিতীয় বাক্যে 'দেবতার' ষষ্ঠী বিভক্তি। উল্লেখ্য, প্রশ্নে সপ্তমী বিভক্তির স্থলে ষষ্ঠী বিভক্তি ছিল।]

11. এককথায় প্রকাশ করুন। অক্ষির অভিমুখে—
ব্যাখ্যা ১৯৪৭ সালে ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান হয়। ব্রিটিশ পার্লামেন্টে 'ভারতীয় স্বাধীনতা আইন' পাশ হয় ১৮ জুলাই ১৯৪৭। এ আইনের ভিত্তিতে পাকিস্তান স্বাধীনতা লাভ করে ১৪ আগস্ট ১৯৪৭ এবং ভারত স্বাধীনতা লাভ করে ১৫ আগস্ট ১৯৪৭। উল্লেখ্য, দ্বি-জাতিতত্ত্বের ভিত্তিতে পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয়।

৬৭. বাংলাদেশের উপর দিয়ে কোন রেখাটি গিয়েছে?

ⓐ বিষুব রেখা ⓑ আন্তর্জাতিক তারিখ রেখা
ⓒ মকরক্রান্তি রেখা ⓓ কর্কটক্রান্তি রেখা

ব্যাখ্যা বাংলাদেশের উপর দিয়ে কর্কটক্রান্তি রেখা বা ট্রপিক অব ক্যান্সার এবং ৯০° পূর্ব দ্রাঘিমা রেখা অতিক্রম করেছে। বাংলাদেশের ফরিদপুর জেলা কর্কটক্রান্তি রেখা ও ৯০° দ্রাঘিমাংশের ছেদ বিন্দুতে অবস্থিত। 'ট্রপিক অব ক্যান্সার' হলো ২৩.৫° উত্তর অক্ষাংশ।

৬৮. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাম্প্রতিক সময়ে কোন সেক্টরে জাতিসংঘ কর্তৃক অ্যাওয়ার্ড পান?

ⓐ SDG Progress Award
ⓑ MDG Progress Award
ⓒ নারীর ক্ষমতায়ন ⓓ দারিদ্র্য বিমোচন

ব্যাখ্যা সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনে ২০১৫-২০২০ সাল পর্যন্ত বিভিন্ন সূচকে এগিয়ে থাকায় 'এসডিজি প্রোগ্রেস অ্যাওয়ার্ড' লাভ করেন। ২০ সেপ্টেম্বর ২০২১ SDG'র নবম বার্ষিক আন্তর্জাতিক সম্মেলনে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে তিনি এ সম্মাননা গ্রহন করেন।

৬৯. বাংলাদেশে বর্তমানে কতটি আন্তর্জাতিক বিমানবন্দর আছে?

ⓐ ১টি ⓑ ২টি
ⓒ ৩টি ⓓ ৪টি

ব্যাখ্যা বাংলাদেশে বর্তমানে আন্তর্জাতিক বিমানবন্দর ৩টি। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা; ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট; শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম। উল্লেখ্য, স্বাধীনতার পর রাষ্ট্রপতি অধ্যাদেশ নং ১২৬ অনুসারে ১৯৭২ সালের ৪ জানুয়ারি বিমান বাংলাদেশ এয়ারলাইন্স গঠিত হয়। এর প্রধান কার্যালয়ের নাম বলাকা ভবন, যা ঢাকার কুর্মিটোলায় অবস্থিত।

৭০. রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের রাজনৈতিক দল কোনটি?

ⓐ ইউনাইটেড রাশিয়া ⓑ ন্যাশনাল ইউনাইটেড ফ্রন্ট
ⓒ কমিউনিস্ট পার্টি ⓓ ন্যাশনাল ফ্রন্ট

ব্যাখ্যা রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের রাজনৈতিক দল ইউনাইটেড রাশিয়া। উল্লেখ্য, রাশিয়ার আইনসভার নাম ফেডারেল অ্যাসেম্বলি। দ্বিকক্ষবিশিষ্ট আইনসভার নিম্নকক্ষের নাম স্টেট ডুমা এবং উচ্চ কক্ষের নাম ফেডারেল কাউন্সিল।

৭১. কত সালে প্রথম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হয়?

ⓐ ১৮৯৬ ⓑ ১৯১৪
ⓒ ১৯৩০ ⓓ ১৯৭০

ব্যাখ্যা বিশ্বকাপ ফুটবল খেলা শুরু হয় ১৯৩০ সালে এবং প্রতি ৪ বছর পর পর অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, ২০২২ সালে ২২তম ফিফা বিশ্বকাপ অনুষ্ঠিত হয় কাতারের রাজধানী দোহায়। ২০২৬ সালের ২৩তম ফিফা বিশ্বকাপ হবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে।

৭২. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কোন স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়?

ⓐ কেপ ক্যানাভেরাল স্পেস লাঞ্চ সেন্টার
ⓑ কেনেডি স্পেস সেন্টার
ⓒ জন্সন স্পেস সেন্টার ⓓ কেনেডি স্পেস সেন্টার

উত্তর	
৬৪	c
৬৫	c
৬৬	d
৬৭	d
৬৮	a
৬৯	c
৭০	a
৭১	c
৭২	d

CamScanner

ব্যাখ্যা বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেপ কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয় ১১ মে ২০১৮ (বাংলাদেশ সময় ১২ মে ২০১৮)। উল্লেখ্য, বঙ্গবন্ধু স্যাটেলাইট-০১ এর উৎক্ষেপণকারী রকেট ফ্যালকন-৯ মার্কিন যুক্তরাষ্ট্র তৈরি করা হয়েছিল। এটি তৈরি করেছিল মার্কিন মহাকাশযান ও রকেট প্রযুক্তকারক এবং উৎক্ষেপণকারী প্রতিষ্ঠান স্পেসএক্স। বাংলাদেশ মহাকাশে স্যাটেলাইট প্রেরণকারী ৫৭তম দেশ।

৭৩. ASEAN ন্যাশনালের সদস্য সংখ্যা—
ⓐ 10 ⓑ 11
ⓒ 12 ⓓ 13

ব্যাখ্যা ASEAN (Association of Southeast Asian Nations)-এর সদস্য দেশ ১০টি। আসিয়ানের সদস্য দেশগুলো হলো মালয়েশিয়া, থাইল্যান্ড, ফিলিপাইন, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, ব্রুনাই, ভিয়েতনাম, লাওস, মিয়ানমার ও কম্বোডিয়া। উল্লেখ্য, আসিয়ান প্রতিষ্ঠিত হয় ৮ আগস্ট ১৯৬৭।

৭৪. AUKUS জোটের সদস্য কারা?
ⓐ চীন, রাশিয়া, পাকিস্তান
ⓑ জাপান, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, ভারত
ⓒ যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য
ⓓ অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য, ভারত

ব্যাখ্যা ইন্দো-প্যাসিফিক অঞ্চলে চীনের ক্রমবর্ধমান আধিপত্য মোকাবিলায় সম্প্রতি যুক্তরাষ্ট্রের নেতৃত্বে ত্রিদেশীয় সামরিক জোট গঠিত হয়। ১৫ সেপ্টেম্বর ২০২১ এক যৌথ বিবৃতিতে এই জোটের ঘোষণা দেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন। Australia, UK ও US তিন দেশের আদ্যাক্ষর নিয়ে নতুন এই জোটের নাম দেয়া হয় 'অকাস' (AUKUS)। চুক্তি অনুযায়ী জোটের সদস্য দেশগুলো কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম প্রযুক্তি ও সাইবার সংক্রান্ত বিষয়গুলোর তথ্য একে অপরের মধ্যে ভাগাভাগি করবে।

৭৫. 'RAM' কী?
ⓐ Random Access Memory
ⓑ Read Only Memory
ⓒ Readable Memory
ⓓ Random Adaptive Memory

ব্যাখ্যা RAM-এর পূর্ণরূপ Random Access Memory। RAM এক ধরনের volatile memory। অপরদিকে ROM হলো Read Only Memory, যা Non-volatile memory।

৭৬. 'LAN' কী?
ⓐ Local Action Network
ⓑ Local Apple Network
ⓒ Local Action News
ⓓ Local Area Networking

ব্যাখ্যা ভৌগোলিক বিস্তৃতির উপর ভিত্তি করে Network-কে বিভিন্ন ভাবে ভাগ করা যায়। যথা—
ক. PAN বা Personal Area Networking
খ. LAN বা Local Area Networking
গ. MAN বা Metropolition Area Networking.
ঘ. WAN বা Wide Area Networking.
ঙ. CAN বা Campus Area Networking

৭৭. 'Blue economy' কোন বিষয়ের সাথে জড়িত?
ⓐ সমুদ্র মাছ এর ব্যবসা এর সাথে
ⓑ সমুদ্র গবেষণার সাথে
ⓒ সমুদ্রের সম্পদ নির্ভর অর্থনীতির সাথে
ⓓ সমুদ্র ভ্রমণ এর সাথে

ব্যাখ্যা 'ব্লু ইকোনমি' (Blue Economy)-এর প্রচলিত বাংলা প্রতিশব্দ সমুদ্র অর্থনীতি। অন্য কথায়, সমুদ্রের জলরাশি, সমুদ্র সম্পদ ও সমুদ্রকে ঘিরে গড়ে ওঠা অর্থনীতিকে বলা হয় 'ব্লু ইকোনমি' বা সমুদ্র অর্থনীতি।

৭৮. বাংলা ভাষায় প্রথম সংবাদপত্রের নাম কী?
ⓐ আজাদ ⓑ বঙ্গদর্শন
ⓒ বেঙ্গল গেজেট ⓓ সমাচার দর্পণ

ব্যাখ্যা বাংলা ভাষার প্রথম সাপ্তাহিক সংবাদপত্র সমাচার দর্পণ প্রকাশিত হয় ২৩ মে ১৮১৮। উপমহাদেশের বাংলা ভাষার প্রথম সংবাদপত্র দিগ্‌দর্শন প্রকাশিত হয় এপ্রিল ১৮১৮। দিগ্‌দর্শন ছিল মাসিক পত্রিকা। উল্লেখ্য, উপমহাদেশের প্রথম সংবাদপত্র বেঙ্গল গেজেট প্রকাশিত হয় ২৯ জানুয়ারি ১৭৮০। অপশন অনুসারে সমাচার দর্পণ সঠিক।

৭৯. 'A Daughters Tale' কী?
ⓐ চলচ্চিত্র ⓑ নাটক
ⓒ গান ⓓ গ্রন্থ

ব্যাখ্যা Hasina : A Daughter's Tale বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওপর নির্মিত ৭০ মিনিটের একটি চলচ্চিত্র। এর নির্মাতা রেজাউর রহমান খান পিপলু। ১৫ নভেম্বর ২০১৮ চলচ্চিত্রটি মুক্তি পায়।

৮০. তাপ ইঞ্জিনের কাজ কী?
ⓐ যান্ত্রিকশক্তিকে তাপশক্তিতে রূপান্তর
ⓑ তাপশক্তিকে যান্ত্রিকশক্তিতে রূপান্তর
ⓒ বিদ্যুৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর
ⓓ তাপশক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তর

ব্যাখ্যা তাপ ইঞ্জিন (Heat Engine)-এর কাজ হলো তাপশক্তিকে যান্ত্রিকশক্তিতে রূপান্তরিত করা। অন্যদিকে বৈদ্যুতিক মোটর বিদ্যুৎশক্তিকে যান্ত্রিকশক্তিতে, হাতে হাত ঘষলে যান্ত্রিক শক্তি তাপশক্তিতে এবং দুটি ভিন্ন ধাতব পদার্থের সংযোস্থলে তাপ প্রয়োগ করলে তাপশক্তি বিদ্যুৎশক্তিতে রূপান্তরিত হয়।

উত্তর

৭৩	a
৭৪	c
৭৫	a
৭৬	d
৭৭	c
৭৮	d
৭৯	a
৮০	b

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০২২

পরীক্ষার তারিখ : ১৪.১০.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট : ক

[প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে]

০১. 'বীরপ্রতীক' খেতাবপ্রাপ্ত একজন মহিলা মুক্তিযোদ্ধা হলেন—
ⓐ জাহানারা ইমাম ⓑ ঝর্ণা বিবি
ⓒ ফেরদৌসী প্রিয়াভাষিণী ⓓ তারামন বিবি

ব্যাখ্যা বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্বসূচক অবদানের জন্য বাংলাদেশ সরকার দুজন মহিলাকে বীরপ্রতীক খেতাবে ভূষিত করে। তারা হচ্ছেন : ক্যাপ্টেন ডা. সেতারা বেগম (সেনাবাহিনী, ২নং সেক্টর) এবং তারামন বিবি (গণবাহিনী, ১১নং সেক্টর।)

০২. ভৌগোলিকভাবে বাংলাদেশের কোন জেলার ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা অতিক্রম করেছে?
ⓐ নাটোর ⓑ ফরিদপুর ⓒ গোপালগঞ্জ ⓓ মুন্সিগঞ্জ

[Note : বাংলাদেশের ওপর দিয়ে যে ২৩.৫° উত্তর অক্ষরেখা অতিক্রম করেছে তাকে কর্কটক্রান্তি রেখা বলে। এ রেখাটি ফরিদপুর, মুন্সীগঞ্জ, কুমিল্লা, খাগড়াছড়ি ও রাঙামাটির ভেতর দিয়ে অতিক্রম করেছে।]

০৩. বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য কয়টি?
ⓐ ৩টি ⓑ ৪টি ⓒ ৫টি ⓓ ৬টি

ব্যাখ্যা বাংলাদেশের সীমান্তবর্তী দেশ ২টি। ভারত ও মিয়ানমার। ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত ৪,১৫৬ কিমি এবং সীমান্তবর্তী ভারতের রাজ্য ৫টি। এগুলো হলো : পশ্চিমবঙ্গ, আসাম, মেঘালয়, ত্রিপুরা ও মিজোরাম।

০৪. 'গভোয়ানাল্যান্ড' কোন স্থানের পূর্বনাম?
ⓐ দিনাজপুর ⓑ বাগেরহাট ⓒ কক্সবাজার ⓓ বান্দরবান

ব্যাখ্যা দিনাজপুরের পূর্বনাম ছিল গভোয়ানাল্যান্ড। অন্যদিকে, বাগেরহাট ও বান্দরবানের পূর্বনাম ছিল যথাক্রমে খলিফাতাবাদ ও বোমাং থং। কক্সবাজার জেলার নাম ছিল প্যানোয়া, পালংকি ও বাকুলিয়া।

০৫. ঘূর্ণিঝড় ও দুর্যোগের ক্ষেত্রে বাংলাদেশের একমাত্র পূর্বাভাস কেন্দ্র কোনটি?
ⓐ স্পারসো ⓑ নাসা
ⓒ হু ⓓ আই.ইউ.সি.এন

ব্যাখ্যা ঘূর্ণিঝড় ও দুর্যোগের ক্ষেত্রে বাংলাদেশের একমাত্র পূর্বাভাস কেন্দ্র স্পারসো (SPARRSO)। এটি ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন সরকারি স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান। এটি ১৯৮০ সালে প্রতিষ্ঠিত হয়।

০৬. বাংলাদেশে অর্গানিক চা উৎপাদন শুরু হয়েছে—
ⓐ পঞ্চগড়ে ⓑ রাজশাহীতে
ⓒ মৌলভীবাজারে ⓓ সিলেটে

ব্যাখ্যা বাংলাদেশে অর্গানিক চা উৎপাদন শুরু হয় ২০০০ সালে, পঞ্চগড়ে কাজী অ্যান্ড কাজী টি এস্টেট লিমিটেড এর মাধ্যমে। আর বাংলাদেশের সর্বপ্রথম চা উৎপাদন শুরু হয় ১৮৪০ সালে (চট্টগ্রাম ক্লাব এলাকায়) এবং বাংলাদেশে প্রথম বাণিজ্যিক চা উৎপাদন শুরু হয় সিলেটের মালনিছড়ায় (১৮৪৭ সালে, মতান্তরে ১৮৫৪ সালে)। অন্যদিকে, বাংলাদেশে সবচেয়ে বেশি চা উৎপন্ন হয় মৌলভীবাজার জেলায়।

০৭. বাংলাদেশের সর্ববৃহৎ সার কারখানাটি কোথায় অবস্থিত?
ⓐ ফেঞ্চুগঞ্জ ⓑ সিদ্ধিরগঞ্জ
ⓒ আশুগঞ্জ ⓓ ঘোড়াশাল

[Note : বাংলাদেশের বৃহত্তম সার কারখানা যমুনা ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, জামালপুর। জামালপুর জেলার সরিষাবাড়ির তাড়াকান্দিতে ১৯৯২ সালে নির্মিত এই সার কারখানাটি বাংলাদেশের একমাত্র দানাদার ইউরিয়া সার প্রস্তুতকারী কারখানা। অন্যদিকে, দেশের প্রথম সার কারখানা ফেঞ্চুগঞ্জ সার কারখানা সিলেটে অবস্থিত, যা ১৯৬১ সালে প্রতিষ্ঠিত হয়।]

০৮. বাংলাদেশের কোথায় প্রথম আর্সেনিক ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপিত হয়?
ⓐ বগুড়া ⓑ চট্টগ্রাম ⓒ টুঙ্গিপাড়া ⓓ বানারিপাড়া

ব্যাখ্যা বাংলাদেশের প্রথম আর্সেনিক ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন করা হয় গোপালগঞ্জের টুঙ্গিপাড়া উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে। দেশের প্রথম আর্সেনিক শনাক্ত করা হয় ১৯৯৩ সালে চাঁপাইনবাবগঞ্জ জেলার বারঘরিয়াতে। এ পর্যন্ত দেশের মোট ৬১টি জেলায় আর্সেনিক শনাক্ত হয়েছে।

০৯. বাংলাদেশের পাহাড়শ্রেণির ভূতাত্ত্বিক যুগের ভূমিরূপ হচ্ছে—
ⓐ প্লাইস্টোসিন যুগের ⓑ টারশিয়ারি যুগের
ⓒ মায়োসিন যুগের ⓓ ডেবোনিয়ান যুগের

ব্যাখ্যা বাংলাদেশের পাহাড়শ্রেণির ভূতাত্ত্বিক যুগের ভূমিরূপ হচ্ছে টারশিয়ারি যুগের পাহাড়সমূহ, যা বাংলাদেশের দক্ষিণ-পূর্ব, উত্তর ও উত্তর-পূর্বাঞ্চল নিয়ে গঠিত। এ যুগের পাহাড়সমূহে বেলে পাথর, মোল ও কর্দমের উপস্থিতি লক্ষ্য করা যায়।

১০. বাংলাদেশের সবচেয়ে বড় মধ্যযুগীয় মসজিদ কোনটি?
ⓐ কুসুম্বা ⓑ বড় সোনা মসজিদ
ⓒ ষাট গম্বুজ মসজিদ ⓓ সাত গম্বুজ মসজিদ

ব্যাখ্যা বাংলাদেশের সবচেয়ে বড় মধ্যযুগীয় মসজিদ হলো বাগেরহাট জেলায় অবস্থিত ষাট গম্বুজ মসজিদ। এটি প্রাক-মুঘল আমলে পীর খানজাহান আলী (র.) নির্মাণ করেন। মসজিদটি ৮১টি গম্বুজবিশিষ্ট। 'কুসুম্বা মসজিদ' বাংলাদেশের সবচেয়ে বড় এক গম্বুজবিশিষ্ট প্রাচীনতম মসজিদ।

উত্তর

০১	ঘ
০২	Note
০৩	গ
০৪	ক
০৫	ক
০৬	ক
০৭	Note
০৮	গ
০৯	খ
১০	গ

CamScanner

১১. বাংলাদেশ কোন অলিম্পিক গেমসে প্রথম অংশগ্রহণ করে?
ⓐ লস এঞ্জেলেস ⓑ আটলান্টা
ⓒ মস্কো ⓓ মেক্সিকো সিটি
ব্যাখ্যা বাংলাদেশ ১৯৮৮ সালে যুক্তরাষ্ট্রের লস এঞ্জেলেসে অনুষ্ঠিত ২৩তম অলিম্পিক গেমসে প্রথম অংশগ্রহণ করে। বাংলাদেশ ১৯৮০ সালের ১২ ফেব্রুয়ারি বিশ্ব অলিম্পিক এসোসিয়েশনের সদস্যপদ লাভ করে। উল্লেখ্য, ২০২৪ সালে ৩৩তম অলিম্পিক গেমস ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত হবে।

১২. প্রথম প্রথম কোন শিক্ষা কমিশন প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক, সর্বজনীন ও বাধ্যতামূলক করার জন্য সুপারিশ করে?
ⓐ সাত্তার কমিশন, ১৯৯৭
ⓑ সাপ্রু কমিশন, ১৯৬৪
ⓒ শরীফ কমিশন, ১৯৫৯
ⓓ কুদরত-ই-খুদা কমিশন, ১৯৭৪
ব্যাখ্যা বাংলাদেশ প্রথম ১৯৭৪ সালে কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন বা জাতীয় শিক্ষা কমিশন ১৯৮৩ সালের মধ্যে প্রথম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষাকে সর্বজনীন, বাধ্যতামূলক ও অবৈতনিক প্রাথমিক শিক্ষার সুপারিশ করেন। উল্লেখ্য, ২৬ জুলাই ১৯৭২ বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন গঠন করা হয়।

১৩. ইসিডাই কর্মসূচির মাধ্যমে প্রতিরোধযোগ্য রোগের সংখ্যা কতটি?
ⓐ ৭টি ⓑ ৬টি ⓒ ৯টি ⓓ ১০টি
ব্যাখ্যা বাংলাদেশ সরকারের সফলতার চিকন কর্মসূচি (ইসিডাই) একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ১৯৭৯ সালের ৭ এপ্রিল মোট ৬টি রোগের বিরুদ্ধে ইসিডাই কার্যক্রম শুরু হয়, যা বর্তমানে ১০টি রোগের ক্ষেত্রে সম্প্রসারিত হয়েছে।

১৪. বাংলার প্রাচীনতম লিপিলিপি 'ব্রাহ্মীলিপি' কোথায় পাওয়া যায়?
ⓐ মহাস্থানী ⓑ উয়ারী বটেশ্বর
ⓒ পাহাড়পুর ⓓ মহাস্থানগড়
ব্যাখ্যা বাংলার প্রাচীনতম লিপিলিপি 'ব্রাহ্মীলিপি' বগুড়া জেলার করতোয়া নদীর তীরে অবস্থিত মহাস্থানগড়ে পাওয়া যায়। ব্রাহ্মীলিপি হচ্ছে বাংলার প্রাচীনতম লিপিতাত্ত্বিক নমিল। সাত লাইনের এ নমিল উৎকীর্ণ করা হয়েছে একটি পোড়ামাটির পাথরের ওপর। এটি মৌর্য যুগের বলে ধরা হয়।

১৫. ছিন বিঘা করিডোর কোন জেলায়?
ⓐ রংপুর ⓑ নীলফামারী
ⓒ কুড়িগ্রাম ⓓ লালমনিরহাট
ব্যাখ্যা ছিন বিঘা করিডোর বাংলাদেশের ছিটমহলবেষ্টিত জেলা হিসেবে খ্যাত লালমনিরহাটে অবস্থিত। ছিন বিঘা করিডোর টিকা নদীর তীরে অবস্থিত। এটির আয়তন ১৭৮ মিটার × ৮৫ মিটার। ছিন বিঘা করিডোরের বিনিময়ে বাংলাদেশ ভারতের নিকট থেকেপাটি ছিটমহল হস্তান্তর করে।

১৬. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মনোগ্রামে কতটি তারকা চিহ্ন রয়েছে?
ⓐ ৪টি ⓑ ৬টি ⓒ ৫টি ⓓ ২টি
ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মনোগ্রামে ৪টি তারকা চিহ্ন রয়েছে। বাংলাদেশের মনোগ্রামে রয়েছে লাল বৃত্তের মধ্যে হলুদ রঙের বাংলাদেশের মানচিত্র। বৃত্তের ওপর দিকে লেখা 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' লিখে লেখা 'সরকার'। লেখার দুপাশে দুটি করে মোট ৪টি তারকা চিহ্ন রয়েছে।

১৭. বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার কে?
ⓐ কাজী খসরু ⓑ কামরুল হাসান
ⓒ স্বপন কুমার ⓓ এসএম সুলতান
ব্যাখ্যা বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার এসএম সুলতান। তিনি চুয়াডাঙ্গা জেলার একজন কারিগর ছিলেন। উল্লেখ্য, বাংলাদেশের জাতীয় প্রতীকের ডিজাইনার কামরুল হাসান।

১৮. ঢাকা শহরের গোড়াপত্তন হয়—
ⓐ ব্রিটিশ আমলে ⓑ সুলতানি আমলে
ⓒ মুঘল আমলে ⓓ স্বাধীন নবাবী আমলে
ব্যাখ্যা ঢাকা শহরের গোড়াপত্তন হয় মুঘল আমলে। সুবাদার ইসলাম খান চিশতী সর্বপ্রথম ১৬১০ সালে ঢাকাকে বাংলার রাজধানীতে রূপান্তর করেন। সব মিলিয়ে এ পর্যন্ত ঢাকা পাঁচবার (১৬১০, ১৬৬০, ১৯০৫, ১৯৪৭ ও ১৯৭১) রাজধানী হয়েছে।

১৯. জাতিসংঘের নিরাপত্তা পরিষদে অস্থায়ী সদস্যরা কয় বছরের জন্য নির্বাচিত হন?
ⓐ ১ বছর ⓑ ২ বছর ⓒ ৪ বছর ⓓ ৫ বছর
ব্যাখ্যা ২৪ অক্টোবর ১৯৪৫ প্রতিষ্ঠিত জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য ১৫টি রাষ্ট্র। তন্মধ্যে ৫টি স্থায়ী এবং ১০টি অস্থায়ী সদস্য। নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য ২ বছরের জন্য নির্বাচিত হয়।

২০. কার্ল মার্কস নিম্নের কোন বইটির রচয়িতা?
ⓐ Das Capital ⓑ Economics
ⓒ Democracy ⓓ The Theory of Economics
ব্যাখ্যা ১৮১৮ সালে জার্মানিতে জন্মগ্রহণকারী, সমাজতন্ত্র প্রবর্তক কার্ল মার্কসের বিখ্যাত গ্রন্থ 'Das Capital'। তার আরো কয়েকটি বিখ্যাত গ্রন্থ: The Good Life, The Poverty of Philosophy, Justice, The Communist Manifesto।

২১. পানামা খাল কোন কোন মহাসাগরকে যুক্ত করেছে?
ⓐ আটলান্টিক ও ভূমধ্যসাগর
ⓑ আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর
ⓒ ভারত ও প্রশান্ত মহাসাগর
ⓓ ভূমধ্যসাগর ও প্রশান্ত মহাসাগর
ব্যাখ্যা পানামা খাল আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে। ১৯১৩ সালে যুক্তরাষ্ট্র বনভূমি কেটে এই খাল তৈরি করে। পানামা খাল পৃথিবীর গভীরতম খাল। উল্লেখ্য, মিসরের সুয়েজ খাল ভূমধ্যসাগরকে লোহিত সাগরের সঙ্গে যুক্ত করেছে।

২২. গ্রেট ব্যারিয়ার রিফ কোথায় অবস্থিত?
ⓐ কানারিয়ান দ্বীপপুঞ্জ ⓑ অস্ট্রেলিয়া
ⓒ ইন্দোনেশিয়া ⓓ জাপান
ব্যাখ্যা বিশ্বের সবচেয়ে বড় প্রবাল প্রাচীর 'গ্রেট ব্যারিয়ার রিফ' অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড রাজ্যের উপকূল সংলগ্ন প্রশান্ত মহাসাগরের অভ্যন্তরে কোরাল সাগরে অবস্থিত। উল্লেখ্য, গ্রেট ডিভাইডিং রেঞ্জ ও Ayers Rock অস্ট্রেলিয়ায় অবস্থিত।

২৩. Adam's Peak তীর্থস্থানটি কোথায় অবস্থিত?
ⓐ ইন্দোনেশিয়া ⓑ ভিয়েতনাম
ⓒ শ্রীলঙ্কা ⓓ ফিলিস্তিন
ব্যাখ্যা Adam's Peak বা আদমের পাহাড় নামক তীর্থস্থানটি শ্রীলঙ্কার শ্রীপাডা প্রদেশের রত্নাপুর জেলায় অবস্থিত। এ পাহাড় একটি পাথরখণ্ডের ওপরে যে পদচিহ্ন রয়েছে তা হজরত আদম (আ.)-এর পায়ের চিহ্ন বলে বিশ্বাস করা হয়।

২৪. 'তাসখন্দ চুক্তি' কোন দুটি রাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয়?
ⓐ পাকিস্তান ও আফগানিস্তান ⓑ ভারত ও আফগানিস্তান
ⓒ পাকিস্তান ও ভারত
ⓓ সোভিয়েত ইউনিয়ন ও আফগানিস্তান
ব্যাখ্যা ১০ জানুয়ারি ১৯৬৬ তৎকালীন সোভিয়েত প্রজাতন্ত্রের অন্তর্ভুক্ত উজবেকিস্তানের তাসখন্দ শহরে পাকিস্তান ও ভারতের মধ্যে তাসখন্দ চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির উদ্দেশ্য ছিল কাশ্মীরকে কেন্দ্র করে সংঘটিত পাকিস্তান ও ভারতের মধ্যকার যুদ্ধ বন্ধ করা।

২৫. ইউফ্রেটিস নদীর অন্য নাম কী?
ⓐ ফোরাত ⓑ নীলনদ ⓒ দজলা ⓓ টাইগ্রিস
ব্যাখ্যা ইরাকে অবস্থিত ইউফ্রেটিস নদীর অন্য নাম ফোরাত। নদীটি আর্মেনিয়ার উচ্চভূমি থেকে উৎপত্তি হয়ে পারস্য উপসাগরে পতিত হয়েছে। ফোরাত নদী ইরাক, সিরিয়া ও তুরস্কের মধ্যদিয়ে প্রবাহিত হয়েছে।

২৬. বর্তমান বৃহত্তর ঢাকা জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?
ⓐ সমতট ⓑ পুণ্ড্র ⓒ বঙ্গ ⓓ হরিকেল
ব্যাখ্যা বর্তমান বৃহত্তর ঢাকা জেলা প্রাচীনকালে বঙ্গ জনপদের অন্তর্ভুক্ত ছিল। ঋগ্বেদের 'ঐতরেয় আরণ্যক'-এ সর্বপ্রথম 'বঙ্গ' নামের উল্লেখ পাওয়া যায়। প্রাচীনকালে বঙ্গ জনপদের অন্তর্ভুক্ত জেলাগুলো হলো– কুষ্টিয়া, যশোর, ঢাকা, নদীয়া, শান্তিপুর, ফরিদপুর এবং বৃহত্তর ময়মনসিংহ।

২৭. বঙ্গভঙ্গ রদ হয় কত সালে?
ⓐ ১৯০৫ ⓑ ১৯১৬ ⓒ ১৯২৩ ⓓ ১৯১১
ব্যাখ্যা হিন্দুদের তীব্র আন্দোলনের প্রেক্ষিতে ভারতবর্ষে ব্রিটিশ বাণিজ্যে অচলাবস্থার সৃষ্টি হলে, লর্ড হার্ডিঞ্জের সুপারিশে ১২ ডিসেম্বর ১৯১১ রাজা পঞ্চম জর্জ দিল্লি দরবারে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন। এ ঘোষণা কার্যকর হয় ১৯১২ সালের ২০ জানুয়ারি।

২৮. WTO-এর সদর দপ্তর কোন শহরে?
ⓐ প্যারিস ⓑ টোকিও ⓒ জেনেভা ⓓ লিটলস্টার্ড
ব্যাখ্যা ১৯৯৫ সালের ১ জানুয়ারি GATT (General Agreement on Tariffs and Trade) রূপান্তরের মাধ্যমে WTO (World Trade Organization) প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভা শহরে অবস্থিত। উল্লেখ্য, WTO-এর বর্তমান ও প্রথম নারী মহাপরিচালক এনোগোজি ওকোনজো আইওয়েলা (নাইজেরিয়া)।

২৯. NATO কোন বছর প্রতিষ্ঠিত হয়?
ⓐ ১৯৪৫ ⓑ ১৯৪৮ ⓒ ১৯৪৯ ⓓ ১৯৫১
ব্যাখ্যা সামরিক জোট North Atlantic Treaty Organization (NATO) ১৯৪৯ সালের ৪ এপ্রিল প্রতিষ্ঠিত হয়। এর প্রতিষ্ঠাকালীন সদর দপ্তর ছিল ব্রিটেনের লন্ডনে। বর্তমানে বেলজিয়ামের ব্রুসেলসে এর সদর দপ্তর অবস্থিত। ন্যাটোর বর্তমান সদস্য সংখ্যা ৩০টি। উল্লেখ্য, ২০২২ সালে সুইডেন ও ফিনল্যান্ড ন্যাটোয় যোগ দিতে আবেদন করেছে।

৩০. 'সোয়াচ অব নো গ্রাউন্ড' বলতে কী বুঝায়?
ⓐ একটি খেলার মাঠ ⓑ একটি প্রবল ভূমির নাম
ⓒ বঙ্গোপসাগরের একটি খাদের নাম
ⓓ বঙ্গোপসাগরের একটি দ্বীপের নাম
ব্যাখ্যা 'সোয়াচ অব নো গ্রাউন্ড' বঙ্গোপসাগরের একটি খাদের নাম। এটি 'গঙ্গা খাদ' নামেও পরিচিত। সোয়াচ অব নো গ্রাউন্ডের প্রস্থ ৫ থেকে ৭ কিলোমিটার। মধ্যোপসাগরের কিনারায় খাদের গভীরতা প্রায় ১,২০০ মিটার।

৩১. আধুনিক অলিম্পিকের প্রবর্তক বা জনক—
ⓐ ব্যারন পিয়ারে দ্য কুবার্তা ⓑ ব্যারন পিয়ারে দ্য কুবার্তা
ⓒ প্যারেজ দ্য কুবেলার ⓓ জোয়ান এন্টনিও সামারাঞ্চ
ব্যাখ্যা ব্যারন পিয়ারে দ্য কুবার্তা-এর প্রচেষ্টায় ১৮৯৬ সালে এথেন্সে প্রথম আধুনিক অলিম্পিক গেমস শুরু হয়। এজন্য তাকে আধুনিক অলিম্পিকের প্রবর্তক বা জনক বলা হয়।

৩২. নিম্নে কোন দেশটি Group of Seven (G-7)-এর সদস্য নয়?
ⓐ কানাডা ⓑ ইতালি ⓒ সুইডেন ⓓ জাপান
ব্যাখ্যা বিশ্বের শিল্পোন্নত দেশসমূহের সংগঠন G-7 (Group of 7) ১৫ নভেম্বর ১৯৭৫ প্রতিষ্ঠিত হয়। সুইডেন জি-৭ এর সদস্য নয়। জি-৭ এর ৭টি সদস্য রাষ্ট্র হলো : যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান ও কানাডা।

৩৩. Sustainable Development Goals (SDG)'র মোট সংখ্যা?
ⓐ ১৩ ⓑ ১৫ ⓒ ১৭ ⓓ ৩১
ব্যাখ্যা জাতিসংঘ কর্তৃক ২৫ সেপ্টেম্বর ২০১৫ পৃষ্ঠীত হয় 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)'। ১৭টি অভীষ্ট এবং ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা এবং ২৩২টি বৈশ্বিক সূচক সংবলিত এ পরিকল্পনা বাস্তবায়নের সময়কাল ধরা হয়েছে ১ জানুয়ারি ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০৩০ পর্যন্ত, মোট ১৫ বছর।

উত্তর
১১ ক
১২ খ
১৩ খ
১৪ খ
১৫ ক
১৬ খ
১৭ খ
১৮ গ
১৯ খ
২০ ক
২১ খ
২২ খ
২৩ গ
২৪ গ
২৫ ক
২৬ গ
২৭ খ
২৮ গ
২৯ গ
৩০ গ
৩১ খ
৩২ গ
৩৩ গ

CamScanner

৩৪. 'বঙ্গবন্ধু দ্বীপ' কোথায় অবস্থিত?
ⓚ মেঘনার মোহনায় ⓛ সুন্দরবনের দক্ষিণে
ⓜ পদ্মা এবং যমুনার সংযোগস্থলে
ⓝ টেকনাফের দক্ষিণে
ব্যাখ্যা 'বঙ্গবন্ধু দ্বীপ' বাগেরহাট জেলার মংলা উপজেলার সুন্দরবনের হিরণ পয়েন্ট থেকে দক্ষিণে বঙ্গোপসাগরে অবস্থিত। এটি স্থানীয়ভাবে পুটনির দ্বীপ নামেও পরিচিত। এই দ্বীপের প্রধান আকর্ষণ লাল কাঁকড়া।

৩৫. 'সীমান্ত গান্ধী' নামে পরিচিত কে?
ⓚ রাজীব গান্ধী ⓛ ইন্দিরা গান্ধী
ⓜ মহাত্মা গান্ধী ⓝ আব্দুল গাফফার খান
ব্যাখ্যা 'সীমান্ত গান্ধী' নামে পরিচিত আব্দুল গাফফার খান। তৎকালীন ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে বিশৃঙ্খলা ও সাম্প্রদায়িক দাঙ্গা প্রতিরোধে মহাত্মা গান্ধীর অহিংস নীতি প্রচার ও ধারণ করার জন্য তাকে 'সীমান্ত গান্ধী' উপাধি দেওয়া হয়।

৩৬. বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ কী ধরনের স্যাটেলাইট হবে?
ⓚ কমিউনিকেশন স্যাটেলাইট ⓛ ওয়েদার স্যাটেলাইট
ⓜ আর্থ অবজারভেশন স্যাটেলাইট
ⓝ ন্যাভিগেশন স্যাটেলাইট
ব্যাখ্যা 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' আর্থ অবজারভেশন ক্যাটাগরির স্যাটেলাইট হবে। সাধারণত আবহাওয়া পর্যবেক্ষণ করতে এ ধরনের স্যাটেলাইট ব্যবহার করা হয়। এতে থাকবে অপটিক্যাল ভিএইচআর SAR (Synthetic Aperture Radar), যার মূল কাজ বিশ্বের বিভিন্ন অঞ্চলের ভূমি ও সমুদ্র এলাকার ছবি তোলা। উল্লেখ্য, বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ নির্মাণ ও উৎক্ষেপণ করবে রাশিয়ার মহাকাশ সংস্থা 'গ্লবকসমস'-এর অঙ্গ প্রতিষ্ঠান 'গ্লাভকসমস'।

৩৭. কোন ধরনের শিলায় জীবাশ্ম থাকার সম্ভাবনা রয়েছে?
ⓚ আগ্নেয় শিলা ⓛ রূপান্তরিত শিলা
ⓜ পাললিক শিলা ⓝ কোনোটিই নয়
ব্যাখ্যা পাললিক শিলা একটি অন্যটির ওপর পলির স্তূপের স্তর হিসেবে তৈরি হয় এবং একসাথে সংকুচিত হয়। এই প্রক্রিয়ার মাঝে কোনো জীব থেকে গেলে মৃত্যুর পর জীবাশ্ম পরিণত হবে। তাই এই শিলায় জীবাশ্ম পাওয়া যেতে পারে।

৩৮. কোনটি অক্ষয়যোগ্য সম্পদ?
ⓚ প্রাকৃতিক গ্যাস ⓛ চুনাপাথর
ⓜ বায়ু ⓝ কয়লা
ব্যাখ্যা বায়ু হলো অক্ষয়যোগ্য সম্পদ। কারণ এটি অফুরন্ত। একবার ব্যবহার করলে ক্ষয়প্রাপ্ত বা শেষ হয়ে যায় না; পুনরায় ব্যবহার করা যায়। অপরদিকে চুনাপাথর, প্রাকৃতিক গ্যাস ও কয়লা একবার ব্যবহার করলেই ফুরিয়ে যায়।

৩৯. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো—
ⓚ হাইড্রোজেন ⓛ নাইট্রোজেন
ⓜ মিথেন ⓝ ইথেন
ব্যাখ্যা প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো মিথেন যা কার্বন ও হাইড্রোজেন সংযোগে তৈরি জৈব যৌগ। সিলিভার গ্যাসের প্রধান উপাদান বিউটেন।

৪০. হৃদযন্ত্রের সংকোচন হওয়াকে বলা হয়—
ⓚ ডায়াস্টোল ⓛ সিস্টোল
ⓜ ডায়াসিস্টোল ⓝ কোনোটিই নয়
ব্যাখ্যা হৃৎপিণ্ডের সংকোচনকে সিস্টোল এবং প্রসারণকে ডায়াস্টোল বলে।

৪১. নিচের কোন প্রযুক্তি Face Recognition System-এ সহায়ক ভূমিকা পালন করে?
ⓚ Applied Artificial Intelligence (AI)
ⓛ Applied Internet of Things (IoT)
ⓜ Virtual Reality ⓝ কোনোটিই নয়
ব্যাখ্যা Face Recognition System-এ মূলত মেশিন লার্নিং প্রযুক্তি ব্যবহৃত হয়; যা Artificial Intelligence (AI)-এর একটি ফলিত বা Applied শাখা।

৪২. মানবদেহে লোহিত কণিকার আয়ুকাল কতদিন?
ⓚ ৭ দিন ⓛ ৩০ দিন
ⓜ ১৮০ দিন ⓝ কোনোটিই নয়
ব্যাখ্যা মানবদেহে লোহিত কণিকার আয়ুকাল প্রায় ১১০ থেকে ১২০ দিন।

৪৩. কোন পানিতে অক্সিজেনের পরিমাণ বেশি?
ⓚ পুকুরের পানিতে ⓛ লেকের পানিতে
ⓜ নদীর পানিতে ⓝ সাগরের পানিতে
ব্যাখ্যা আবদ্ধ জলাশয়ের তুলনায় প্রবহমান জলাধারে তুলনামূলকভাবে বেশি পরিমাণে অক্সিজেন দ্রবীভূত থাকে। যেমন- প্রবাহমান পাহাড়ি ঝরনা, বড় নদী ইত্যাদি। প্রবহমান পানি বায়ুর সাথে বেশি মিশ্রিত হতে পারে; যা পানিতে অক্সিজেনের পরিমাণ বাড়িয়ে দেয়।

৪৪. ওজোন স্তর বায়ুমণ্ডলের কোন স্তরে অবস্থিত?
ⓚ স্ট্রাটোমণ্ডল ⓛ ট্রপোমণ্ডল
ⓜ মেসোমণ্ডল ⓝ তাপমণ্ডল
ব্যাখ্যা বায়ুমণ্ডলের স্ট্রাটোমণ্ডল স্তরে নিচের অংশে পৃথিবী পৃষ্ঠ হতে 15-35 কি.মি. (9-22 মাইল) এর মধ্যে ওজন স্তর অবস্থিত।

৪৫. বিদ্যুৎশক্তিকে শব্দশক্তিতে রূপান্তরিত করা হয় কোন যন্ত্রের মাধ্যমে?
ⓚ লাউড স্পিকার ⓛ অ্যামপ্লিফায়ার
ⓜ জেনারেটর ⓝ মাল্টিমিটার
ব্যাখ্যা লাউড স্পিকারে বিদ্যমান ইলেক্ট্রোমেকানিক্যাল ট্রান্সডিউসার বিদ্যুৎ শক্তিকে শব্দশক্তিতে পরিণত করে। আবার এটি মাইক্রোফোন থেকে শব্দশক্তিকে বিদ্যুৎ শক্তিতে পরিণত করে।

৪৬. বাতাসের আর্দ্রতা মাপার যন্ত্রের নাম কী?
ⓚ মাইক্রোমিটার ⓛ হাইগ্রোমিটার
ⓜ ব্যারোমিটার ⓝ এ্যাভিমিটার

ব্যাখ্যা হাইগ্রোমিটার বায়ুর আপেক্ষিক আর্দ্রতা পরিমাপক যন্ত্র। মাইক্রোমিটার অতি সূক্ষ্ম দূরত্ব এবং নির্ভুল মৌলিক দূরত্ব পরিমাপক যন্ত্র। ব্যারোমিটার বায়ুর চাপ মাপার যন্ত্র। এ্যাভিমিটার পানির তলায় তেলের সঞ্চয় নির্ণয়ক যন্ত্র।

৪৭. কোথায় সাঁতার কাটা সহজ?
ⓚ পুকুরে ⓛ খালে ⓜ নদীতে ⓝ সাগরে
ব্যাখ্যা তরল বস্তুর ঘনত্ব বাড়লে প্লবতা বাড়ে। ফলে অন্য কোনো বস্তু এতে সহজে ভেসে থাকতে পারে। সমুদ্রের পানিতে লবণের পরিমাণ বেশি হওয়ায় এর ঘনত্ব বেশি। ফলে সমুদ্রে সাঁতার কাটা তুলনামূলকভাবে সহজ।

৪৮. কোনটির জন্য পুষ্প রঙিন ও সুন্দর হয়?
ⓚ ক্রোমোপ্লাস্ট ⓛ ক্লোরোপ্লাস্ট
ⓜ ক্রোমোটোপ্লাস্ট ⓝ লিউকোপ্লাস্ট
ব্যাখ্যা প্লাস্টিডের মধ্যে ক্লোরোপ্লাস্ট সবুজ বর্ণের এবং ক্রোমোপ্লাস্ট সবুজ ব্যতীত অন্যান্য বর্ণের (যেমন : লাল, হলুদ ইত্যাদি) বর্ণকণিকা ধারণ করে। লিউকোপ্লাস্ট বর্ণহীন হয়। তাই ক্রোমোপ্লাস্ট পুষ্প রঙিন ও সুন্দর করে।

৪৯. Social Networking Site-এ যোগাযোগে কোন Media ব্যবহৃত হয়?
ⓚ Image/Video ⓛ Audio
ⓜ Text ⓝ সবগুলো
ব্যাখ্যা Social Networking Site-এ text, audio, image/video ইত্যাদি সবগুলোই ব্যবহৃত হয়। কতগুলো Social Networking Site হলো WhatsApp, Messenger, imo ইত্যাদি।

৫০. চন্দ্রে কোনো বস্তুর ওজন পৃথিবীর ওজনের—
ⓚ দশ ভাগের এক ভাগ ⓛ ছয় ভাগের এক ভাগ
ⓜ তিন ভাগের এক ভাগ ⓝ চার ভাগের এক ভাগ
ব্যাখ্যা চাঁদের মাধ্যাকর্ষণ শক্তি পৃথিবীর তুলনায় ছয় ভাগ কম। ফলে কোনো বস্তুর পৃথিবীতে যা ওজন হবে চন্দ্রে তার তুলনায় ছয় ভাগের এক ভাগ হবে। অর্থাৎ, কস্তুর ওজন পৃথিবীতে ১২ নিউটন হলে চন্দ্রে ২ নিউটন হবে।

৫১. .১×.০১×.০০১ = ?
ⓚ ১.০০০১ ⓛ .১০০০১ ⓜ .০০০১ ⓝ .০০০০০১
ব্যাখ্যা $0.1 \times 0.01 \times 0.001 = 0.000001$

৫২. জনাব রেজা তার সম্পদের ১২% স্ত্রীকে, ৫৮% ছেলেকে, অবশিষ্ট ৭,২০,০০০ টাকা মেয়েকে দিলেন। তার মোট সম্পদের মূল্য কত?
ⓚ ২৪,০০,০০০ টাকা ⓛ ২০,০০,০০০ টাকা
ⓜ ১৬,০০,০০০ টাকা ⓝ ১২,০০,০০০ টাকা
ব্যাখ্যা মেয়েকে দিলেন = ১০০% − (১২ + ৫৮)%
= ১০০% − ৭০% = ৩০%
৩০% = ৭,২০,০০০ টাকা
$\therefore 1\% = \frac{৭,২০,০০০}{৩০}$ টাকা
$\therefore ১০০\% = \frac{৭,২০,০০০ \times ১০০}{৩০}$ টাকা
= ২৪,০০,০০০ টাকা

৫৩. $\sqrt{0.09}$ = কত?
ⓚ .০৩ ⓛ ০.৩ ⓜ ০.০০৩ ⓝ ০.০০০৩
ব্যাখ্যা $\sqrt{0.09}$
$= \sqrt{\frac{9}{100}}$
$= \frac{3}{10} = 0.3$

৫৪. কোনটি বড়?
ⓚ $\frac{1}{2}$ ⓛ $\frac{4}{5}$ ⓜ $\frac{5}{7}$ ⓝ $\frac{5}{9}$
ব্যাখ্যা $\frac{1}{2} = 0.5$
$\frac{4}{5} = 0.8$ [বৃহত্তম]
$\frac{5}{7} = 0.714$
$\frac{5}{9} = 0.556$

৫৫. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৪, ৫, ৬ দ্বারা ভাগ করলে প্রত্যেকবার ৩ অবশিষ্ট থাকবে?
ⓚ ৩৩ ⓛ ৬৩ ⓜ ৪৩ ⓝ ৫৩
ব্যাখ্যা ক্ষুদ্রতম সংখ্যাটি হবে ৪, ৫ ও ৬ এর ল.সা.গু.-এর সাথে ৩ যোগ।
২ | ৪, ৫, ৬
২, ৫, ৩
ল.সা.গু. = ২ × ২ × ৫ × ৩ = ৬০
∴ নির্ণেয় সংখ্যাটি = ৬০ + ৩ = ৬৩

৫৬. কোন সংখ্যার দ্বিগুণের সাথে ৫ যোগ করলে যোগফল সংখ্যাটি অপেক্ষা ৭ বেশি হবে?
ⓚ ১ ⓛ ৩ ⓜ ২ ⓝ ৪
ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $2x + 5 = x + 7$
বা, $2x - x = 7 - 5$
$\therefore x = 2$

৫৭. একটি ট্রেনের গতি ৬০ কিমি/ঘণ্টা। ১০০ মিটার যেতে কত সেকেন্ড সময় লাগবে?
ⓚ ৬০ ⓛ ১ ⓜ ৭ ⓝ ৬
ব্যাখ্যা গতিবেগ, $v = ৬০$ কি.মি./ঘণ্টা
$= \left(৬০ \times \frac{৫}{১৮}\right)$ মিটার/সেকেন্ড
এখানে, ১ কি.মি./ঘণ্টা $= \frac{১০০০}{৩৬০০}$ মিটার/সেকেন্ড $= \frac{৫}{১৮}$ মিটার/সেকেন্ড
$= \frac{৫০}{৩}$ মিটার/সেকেন্ড
দূরত্ব, $S = ১০০$ মিটার

যথাক্রমে,

যথা = $\frac{\text{মূলধন}}{\text{শতকরা}}$

বা, $\frac{১}{৫}$

$= \frac{১৯৫}{\frac{৫}{৫}} = ১৯৫ \times \frac{৫}{৫}$

$\therefore$ ৫ = ৯৭৫ টাকা

৫৮. $\frac{১}{৫}$-এর শতকরা = কত?

ⓚ ১২ ⓛ ১.২ ⓜ ০.১ ⓝ ০.১২

সমাধান $\frac{১}{৫}$-এর শতকরা

$= \frac{১}{৫}$ এর $\frac{১০০}{১০০}$

$= \frac{১}{১০} = ০.১$

৫৯. যদি সংখ্যার বর্গের ১৪৪ ও বর্গের ১২। একটি সংখ্যা ৬২ হয়, অপরটি কত?

ⓚ ৮ ⓛ ৭২ ⓜ ৩৬ ⓝ ৪২

[Note: প্রশ্ন ভুল আছে।]

ধরি, একটি সংখ্যা $\frac{১}{৬২}$ এর পরিবর্তে

অপর ছানি, দুটি সংখ্যার গুণফল = সংখ্যা দুটির বর্গের ১ বর্গের

বা, ৪২ × অপর সংখ্যা = ১৪৪ × ১২

$\therefore$ অপর সংখ্যা = ৩৬

৬০. ৯০ ও ১০০ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?

ⓚ ১ ⓛ ২ ⓜ ৩ ⓝ ৪

সমাধান ৯০ ও ১০০ এর মধ্যে মৌলিক সংখ্যা ৩টি এরা হলো ৯৭।

এখানে, ৯৭ = ১ × ৯৭

৯৭ এর ১ ও ৯৭ ছাড়া অন্য কোনো গুণনীয়ক নেই।

কোনো মৌলিক সংখ্যার গুণনীয়ক ১ ও নিজে সংখ্যাটিই।

৬১. $a+b+c=0$ হলে, $a^3+b^3+c^3$-এর মান কত?

ⓚ abc ⓛ 3abc ⓜ 6abc ⓝ 9abc

সমাধান $a+b+c=0$

$\Rightarrow a+b=-c$

প্রদত্ত রাশি $= a^3+b^3+c^3$

$= (a+b)^3-3ab(a+b)+c^3$

$= (-c)^3-3ab(-c)+c^3$

$= -c^3+3abc+c^3$

$= 3abc$

৬২. $\frac{.1\times.01\times.001}{.2\times.02\times.002}$-এর মান কত?

ⓚ $\frac{1}{80}$ ⓛ $\frac{1}{800}$ ⓜ $\frac{1}{8000}$ ⓝ $\frac{1}{8}$

সমাধান $\frac{.1\times.01\times.001}{.2\times.02\times.002}$

$= \frac{1\times1\times1}{2\times2\times2} = \frac{1}{8}$

৬৩. একটি ট্রেনকে ১৭৫ কিমি. এবং একটি ট্রেনকে ২৫০ কিমি. অতিক্রম করতে হলে কোন ট্রেনের দৈর্ঘ্য কত কম হবে?

ⓚ ৫০ কিমি ⓛ ২০০ কিমি

ⓜ ৪৫০ কিমি ⓝ কোনোটিই নয়

সমাধান ট্রেনটিকে অতিক্রম করতে হবে = (১৭৫ + ২৫০) কিমি

= ৪২৫ কিমি

৬৪. কোন স্থানে বহু জন লোক প্রত্যেকে কত ৫ টাকা করে চাঁদা দেওয়ায় মোট ৪৫০০ টাকা সংগ্রহ হয়। ঐ স্থানে লোকসংখ্যা কত?

ⓚ ৩০ জন ⓛ ৪৫ জন ⓜ ৫০ জন ⓝ ৬০ জন

সমাধান ধরি, লোকসংখ্যা x

$\therefore$ মোট চাঁদার পরিমাণ = $(৫x \times x)$ টাকা

= $৫x^2$ টাকা

প্রশ্নমতে, $৫x^2 = ৪৫০০$

বা, $x^2 = ৯০০$

বা, $x^2 = (৩০)^2$

$\therefore x = ৩০$ [ভিন্নপক্ষকে বর্জন করে]

৬৫. কোনো ত্রিভুজের ৩ বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি হবে—

ⓚ ১৮০° ⓛ ২৪০° ⓜ ২৭০° ⓝ ৩৬০°

সমাধান কোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০°

কোণ তিনটি x, y, z হলে, $x+y+z = ১৮০°$

আবার, ১ সরলকোণ = ১৮০°

$\therefore$ বহু তিনটিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি হবে-

$= (১৮০° - x) + (১৮০° - y) + (১৮০° - z)$

$= ৫৪০° - (x+y+z)$

$= ৫৪০° - ১৮০° = ৩৬০°$

৬৬. Will you mind — the accounts one more time? Fill in the gap.

ⓚ checking ⓛ to check

ⓜ checked ⓝ check

ব্যাখ্যা *Mind, worth, cannot help, could not help, with a view to, look forward to, get used to-এর পর verb + ing বসে।*

৬৭. As this is his first job he will have to put up with the inconvenience. What is the meaning of the underlined word?

ⓚ endure ⓛ adapt ⓜ overcome ⓝ avoid

ব্যাখ্যা *Put up with অর্থ সহ্য করা। Endure অর্থ সহ্য করা, adapt অর্থ খাপ খাওয়ানো, overcome অর্থ জয় করা বা অতিক্রম করা এবং avoid অর্থ পরিত্যাগ করা।*

৬৮. What is all this noise? The underlined word is a/an—

ⓚ Adverb ⓛ Adjective

ⓜ Noun ⓝ Pronoun

ব্যাখ্যা *এখানে all এবং this শব্দ দুটো noun 'noise'-কে modify করেছে। তাই all এবং this দুটোই adjective।*

৬৯. —Nelson is a British warship. Put an article in the gap.

ⓚ A ⓛ The ⓜ No article ⓝ An

ব্যাখ্যা *Ship-এর নামের পূর্বে article 'the' বসে। যেমন– The Nelson, The Titanic etc.।*

৭০. The students — a protest march against the college authorities. Fill in the gap.

ⓚ carried on ⓛ staged

ⓜ caused ⓝ walked out

ব্যাখ্যা *সঠিক উত্তর carried on। যার অর্থ চালিয়ে যাওয়া। অন্যদিকে, stage– পরিবেশন করা, cause– ঘটানো এবং walk out– ধর্মঘট করা।*

৭১. What is the meaning of the word 'Emancipate'?

ⓚ Liberate ⓛ Complex

ⓜ Coordinate ⓝ Emulate

ব্যাখ্যা *Emancipate অর্থ মুক্ত করা। Liberate অর্থ মুক্ত করা, complex– জটিলতা, coordinate– সমশ্রেণিভুক্ত করা এবং emulate– অনুকরণ করা। অতএব সঠিক উত্তর liberate।*

৭২. Find the correct spelling—

ⓚ Secretariate ⓛ Secretariete

ⓜ Secretariat ⓝ Secretariet

ব্যাখ্যা *সঠিক বানান secretariat; যার অর্থ সচিবালয়।*

৭৩. Put the correct preposition in the blank : I am quite — home in Algebra.

ⓚ at ⓛ for ⓜ in ⓝ of

ব্যাখ্যা *At home in something অর্থ কোনো বিষয়ে দক্ষ। তাই সঠিক উত্তর হবে at।*

৭৪. কোন বানানটি শুদ্ধ?

ⓚ Embarrasment ⓛ Embarrassment

ⓜ Embarasment ⓝ Embarassment

ব্যাখ্যা *সঠিক বানান embarrassment; যার অর্থ অস্বস্তি, বিব্রতকর অবস্থা।*

৭৫. 'The bird sings sweetly'. বাক্যে 'sweetly' শব্দটি হচ্ছে—

ⓚ A verb ⓛ An adjective

ⓜ An adverb ⓝ A conjunction

ব্যাখ্যা *এখানে sweetly শব্দটি 'sings' verb-কে modify করেছে। তাই এটি adverb।*

৭৬. What is the antonym of the word 'indigenous'?

ⓚ Native ⓛ Local ⓜ Foreign ⓝ Ordinary

ব্যাখ্যা *Indigenous অর্থ দেশিয় যার antonym হচ্ছে foreign; যার অর্থ বিদেশি। Native- দেশিয়, local- স্থানীয় এবং ordinary- সাধারণ।*

৭৭. What is all this noise? The underlined word is a/an—.

ⓚ Adverb ⓛ Adjective ⓜ Noun ⓝ Pronoun

ব্যাখ্যা *All শব্দটি adjective কারণ এটি 'noise' noun-কে modify করছে।*

৭৮. 'The day is declining'– What is the Bengali meaning of the sentence?

ⓚ দিনকাল খারাপ যাচ্ছে ⓛ বেলা পড়ে আসছে

ⓜ সময় নষ্ট হচ্ছে ⓝ দিন অধঃপতনে যাচ্ছে

ব্যাখ্যা *The day is declining অর্থ 'বেলা পড়ে আসছে'। The days are getting worse মানে 'দিনকাল খারাপ যাচ্ছে'। The time is being wasted মানে 'সময় নষ্ট হচ্ছে'।*

৭৯. Which of the following sentence is correct?

ⓚ No news are good news.

ⓛ No news is good news.

ⓜ No news were good news.

ⓝ No news have been good news.

ব্যাখ্যা *News শব্দটি singular verb গ্রহণ করে। তাই 'is' বসবে।*

৮০. The word 'bounty' is closest in meaning to—.

ⓚ generosity ⓛ familiar

ⓜ dividing line ⓝ sympathy

ব্যাখ্যা *Bounty অর্থ দানশীলতা। Generosity অর্থ দানশীলতা, sympathy অর্থ সহানুভূতি এবং familiar অর্থ পরিচিত। সুতরাং সঠিক উত্তর generosity।*

৮১. Which one of the verb?

ⓚ Openly ⓛ Reopen ⓜ Openness ⓝ Closely

ব্যাখ্যা *Reopen শব্দটি verb। যার অর্থ পুনরায় খোলা, openly এবং closely শব্দ দুটো adverb আর openness হচ্ছে noun।*

৮২. Choose the indirect speech of the sentence- He said to me, "Thank you".

ⓚ He thanks you ⓛ He thanked you

ⓜ He thanks me ⓝ He thanked me

ব্যাখ্যা *Direct narration-এ "Thank you" থাকলে indirect-এ thank-এর p.p.p. হয় এবং reporting verb অনুযায়ী object বসাতে হয়। সেজন্য He thanked me সঠিক উত্তর।*

৮৩. 'To have an axe to grind' means—

ⓚ A selfish means to serve

ⓛ To fail to arouse interest

ⓜ To have no result

ⓝ To work for both sides

ব্যাখ্যা *To have an axe to grind means 'a selfish means to serve'.*

উত্তর

৫৮ গ	
৫৯ Note	
৬০ ক	
৬১ খ	
৬২ ঘ	
৬৩ গ	
৬৪ ক	
৬৫ ঘ	
৬৬ ক	
৬৭ ক	

উত্তর

৬৮ খ	
৬৯ খ	
৭০ ক	
৭১ ক	
৭২ গ	
৭৩ ক	
৭৪ খ	
৭৫ গ	
৭৬ গ	
৭৭ খ	
৭৮ খ	
৭৯ খ	
৮০ ক	
৮১ খ	
৮২ ঘ	
৮৩ ক	

CamScanner

৮৪. Choose the correct sentence :
ⓚ He prefers to read than to write
ⓛ He is comparatively better today
ⓜ He has scarcely any money
ⓝ He speaks fluent than I

ব্যাখ্যা সঠিক বাক্য হচ্ছে He has scarcely any money. অন্যান্য অপশনগুলোর সঠিক বাক্য He prefers read to write, He is better today এবং He speaks fluently than I।

৮৫. I wish I—a king. Fill in the gap.
ⓚ were ⓛ is ⓜ was ⓝ am

ব্যাখ্যা Unreal past বা conditional sentence-এর ক্ষেত্রে 'I wish'-এর পর auxiliary verb হিসেবে were বসে। সুতরাং সঠিক অপশন were।

৮৬. 'অনীক' শব্দের অর্থ কী?
ⓚ সূর্য ⓛ সমুদ্র ⓜ যুদ্ধক্ষেত্র ⓝ সৈনিক

ব্যাখ্যা 'অনীক' শব্দের অর্থ সৈনিক। অন্যদিকে, সূর্য শব্দের সমার্থক শব্দ– রবি, ভানু, আদিত্য, কিরণমালী, বিভাবসু; সমুদ্র– সাগর, রত্নাকর, জলধি, বারিধি, পারাবার।

৮৭. 'ক্ষীয়মাণ'-এর বিপরীত শব্দ কী?
ⓚ বৃহৎ ⓛ বর্ধিষ্ণু ⓜ বর্ধমান ⓝ বৃদ্ধিপ্রাপ্ত

ব্যাখ্যা ক্ষীয়মাণ–বর্ধমান। আরও কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ– দ্যুলোক-ভূলোক, নির্দয়-সদয়, প্রাচ্য-প্রতীচ্য, ঔম্র-সৌম্য, ঐহিক-পারত্রিক, ব্যক্ত-গূঢ়।

৮৮. 'Co-opted'-এর পরিভাষা কোনটি?
ⓚ সহযোজিত ⓛ যোজিত ⓜ সংযোজিত ⓝ সংযুক্ত

ব্যাখ্যা 'Co-opted'-এর পরিভাষা 'সহযোজিত'। আরও কিছু গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ– updated– হালনাগাদ, theory– তত্ত্ব, quotation– দরপত্র এবং refugee– শরণার্থী।

৮৯. 'কারাগারের রোজনামচা'—
ⓚ নাটক ⓛ কাব্য ⓜ উপন্যাস ⓝ দিনলিপি

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত দিনলিপি 'কারাগারের রোজনামচা'। ২০১৭ সালের ১৭ মার্চ বাংলা একাডেমি থেকে গ্রন্থটি প্রকাশিত হয়। তার লেখা প্রথম গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী' এবং তৃতীয় গ্রন্থ 'আমার দেখা নয়াচীন'।

৯০. বাক্য সংকোচন করুন : 'মৃত্তিকা দিয়ে তৈরি'—
ⓚ মৃন্ময় ⓛ মেটেল ⓜ চিন্ময় ⓝ মনুয়

ব্যাখ্যা মৃত্তিকা দিয়ে তৈরি– মৃন্ময়। আরও কিছু গুরুত্বপূর্ণ বাক্য সংকোচন : বীণার শব্দ– ঝংকার, যা গতিশীল– জঙ্গম, যা চুষে খেতে হয়– চোষ্য, মাছের মতো অক্ষি যার– মীনাক্ষী; বেঁচে থাকার ইচ্ছা– জিজীবিষা।

৯১. কোন বানানটি শুদ্ধ?
ⓚ শ্রুষা ⓛ শ্রুষা ⓜ সুশ্রুষা ⓝ শুশ্রুষা

ব্যাখ্যা শুশ্রুষা বানানটি শুদ্ধ। আরও কিছু শুদ্ধ বানান– ব্যুৎপত্তি, নিশীথিনী, মনঃকষ্ট, প্রৌজ্জ্বল, আবিষ্কার, পরিষ্কার, পুরস্কার, দারিদ্র্য, কল্যাণীয়েষু।

৯২. 'Handout'-এর বাংলা পরিভাষা কী?
ⓚ তথ্যপত্র ⓛ প্রচারপত্র ⓜ হস্তলিখিত পত্র ⓝ জ্ঞাপনপত্র

ব্যাখ্যা Handout-এর বাংলা পরিভাষা জ্ঞাপনপত্র। আরও কিছু পারিভাষিক শব্দ : Extension– সম্প্রসারণ, Human right–মানবাধিকার, mobile court– ভ্রাম্যমাণ আদালত এবং ordnance– সমরাস্ত্র।

৯৩. 'বাতাস' শব্দের সমার্থক কোনটি?
ⓚ ভূধর ⓛ মহোদর ⓜ গন্ধবহ ⓝ শিখা

ব্যাখ্যা বাতাস শব্দের সমার্থক শব্দ গন্ধবহ। এর আরও কিছু সমার্থক শব্দ– অনীল, মারুত, বাত, প্রভঞ্জন এবং গন্ধবহ।

৯৪. নিম্নের কোন বানানটি শুদ্ধ?
ⓚ কল্যাণীয়েসু ⓛ কল্যাণীয়েষু ⓜ কল্যাণিয়েষু ⓝ কল্যানিয়েসু

ব্যাখ্যা কল্যাণীয়েষু বানানটি শুদ্ধ। আরও কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান– বিভূতিভূষণ, বৈচিত্র্য, প্রতিদ্বন্দ্বিতা, বন্দ্যোপাধ্যায়, সমীচীন, গীতাঞ্জলি।

৯৫. 'বাংলাপিডিয়া' প্রকাশের উদ্যোক্তা—
ⓚ বাংলা একাডেমি ⓛ বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি
ⓜ মুক্তযুদ্ধ জাদুঘর ⓝ দি ইউনিভার্সিটি প্রেস লি.

ব্যাখ্যা বাংলা ও ইংরেজি ভাষায় প্রকাশিত জাতীয় জ্ঞানকোষ বাংলাপিডিয়া প্রকাশের উদ্যোক্তা বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি (১৯৫২)। প্রাচীনকাল থেকে সাম্প্রতিককাল পর্যন্ত ঐতিহাসিক বাংলা এবং বর্তমান বাংলাদেশ বিষয়ে এটি একটি সর্বাঙ্গীণ তথ্যভাণ্ডার।

৯৬. 'আ মরি বাংলা ভাষা'– এ চরণে 'আ' দ্বারা কী প্রকাশ পেয়েছে?
ⓚ আশাবাদ ⓛ আবেগ ⓜ আনুগত্য ⓝ আনন্দ

ব্যাখ্যা উক্ত চরণে 'আ' দ্বারা আনন্দ প্রকাশ করা হয়েছে। আনন্দ প্রকাশে আরও কিছু বাক্য– বেশ, খুব ভালো লাগছে, আজকে আমার বড়ই আনন্দের দিন।

৯৭. কোন শব্দের নারীবাচক শব্দ হয় না?
ⓚ শিক্ষক ⓛ গুরু ⓜ বাঘ ⓝ সভাপতি

ব্যাখ্যা সভাপতি শব্দের নারীবাচক শব্দ হয় না। অন্যদিকে, শিক্ষক-শিক্ষিকা, গুরু-গুরুপত্নী এবং বাঘ-বাঘিনী।

৯৮. নষ্ট হওয়া স্বভাব যার—
ⓚ অবিনশ্বর ⓛ নষ্ট স্বভাব ⓜ নশ্বর ⓝ বিনষ্ট

ব্যাখ্যা নষ্ট হওয়া স্বভাব যার-নশ্বর। আরও কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ : পা থেকে মাথা পর্যন্ত- আপাদমস্তক, আকাশে বেড়ায় যে– খেচর, যা দমন করা যায় না- দুর্দমনীয়, যা কখনো নষ্ট হয় না- অবিনশ্বর।

৯৯. বাংলাদেশের সঙ্গে সম্পৃক্ত রবীন্দ্র রচনা—
ⓚ মুকুট ⓛ ছিন্নপত্র ⓜ ভাঙার গান ⓝ রাজর্ষি

ব্যাখ্যা বাংলাদেশের সাথে সম্পৃক্ত রবীন্দ্র রচনা ছিন্নপত্র (১৩১৯)। রবীন্দ্রনাথ ঠাকুর বিলেতে থাকাকালীন ভ্রাতুষ্পুত্রী ইন্দিরা দেবীকে লেখা পত্রগুলো সংকলিত হয়েছে এই গ্রন্থে।

১০০. নিচের কোন শব্দটির কোনো লিঙ্গান্তর হয় না?
ⓚ ঢাকী ⓛ সেবিকা ⓜ মালী ⓝ সুন্দর

ব্যাখ্যা 'ঢাকী' শব্দটির কোনো লিঙ্গান্তর হয় না। অন্যদিকে, সেবিকা-সেবক, সুন্দর-সুন্দরী, মালী-মালিনী।

উত্তর

৮৪	গ
৮৫	ক
৮৬	ঘ
৮৭	গ
৮৮	ক
৮৯	ঘ
৯০	ক
৯১	খ
৯২	ঘ
৯৩	গ
৯৪	খ
৯৫	খ
৯৬	ঘ
৯৭	ঘ
৯৮	গ
৯৯	খ
১০০	ক

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এর সহকারী পরিচালক ২০২২

পরীক্ষার তারিখ : ২০.০৫.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট : D

[মোট প্রশ্ন ১০০ (একশত)। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।]

০১. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান কী?
ⓐ হাইড্রোজেন ⓑ নাইট্রোজেন
ⓒ মিথেন ⓓ ইথেন

ব্যাখ্যা প্রাকৃতিক গ্যাসে মিথেন (87% – 98%), ইথেন (1.5% – 9%), প্রপেন (0.1% – 1.5%), কার্বন ডাই-অক্সাইড (0.05% – 1%), নাইট্রোজেন (0.2% – 5.5%) ইত্যাদি মিশ্রিত অবস্থায় থাকে। এছাড়াও অল্প পরিমাণে বিভিন্ন প্যারাফিন হাইড্রোকার্বন বিদ্যমান।

০২. প্রোটিন তৈরি হয়—
ⓐ ফ্যাটি এসিড দিয়ে ⓑ সাইট্রিক এসিড দিয়ে
ⓒ অ্যামিনো এসিড দিয়ে ⓓ অক্সালিক এসিড দিয়ে

ব্যাখ্যা এক বা একাধিক পলিপেপটাইড সংবলিত বৃহদাকার সক্রিয় জৈব রাসায়নিক পদার্থকে প্রোটিন বা আমিষ বলে। প্রোটিনের মূল উপাদান হলো অ্যামিনো অ্যাসিড।

০৩. মানব দেহে লোহিত কণিকার আয়ুকাল কতদিন?
ⓐ ৭ দিন ⓑ ৩০ দিন
ⓒ ১৮০ দিন ⓓ কোনোটিই নয়

ব্যাখ্যা মানবদেহের পরিণত লোহিত রক্তকণিকা দ্বি-অবতল এবং এতে হিমোগ্লোবিন নামক রঞ্জক থাকায় দেখতে লাল বর্ণের হয়। মানুষের লোহিত কণিকার আয়ু প্রায় চার মাস বা ১২০ দিন।

০৪. ওজোন স্তর বায়ুমণ্ডলের কোন স্তরে অবস্থিত?
ⓐ স্ট্রাটোমণ্ডল ⓑ ট্রপোমণ্ডল
ⓒ মেসোমণ্ডল ⓓ তাপমণ্ডল

ব্যাখ্যা ট্রপোবিরতির উপরের দিকে প্রায় ৫০ কিমি পর্যন্ত স্ট্রাটোমণ্ডল নামে পরিচিত। এই স্তরেই ওজোন (O_3) গ্যাসের স্তর বেশি পরিমাণে আছে। এ ওজোন স্তর সূর্যের আলোর বেশিরভাগ অতিবেগুনি রশ্মি শোষণ করে।

০৫. খাদ্য তৈরির জন্য উদ্ভিদ বায়ু থেকে গ্রহণ করে—
ⓐ অক্সিজেন ⓑ কার্বন ডাই-অক্সাইড
ⓒ নাইট্রোজেন ⓓ জলীয় বাষ্প

ব্যাখ্যা বায়ু ছাড়া কোনো প্রাণী বা উদ্ভিদ কিছুই বাঁচতে পারে না। আমরা যে শুধু শ্বাসকার্যে বায়ু ব্যবহার করি তা নয়, বায়ু সমগ্র উদ্ভিদ ও প্রাণিকুলের জন্য খাদ্য যোগায়। আমাদের নিঃশ্বাস থেকে প্রতি মুহূর্তে বায়ুমণ্ডলে প্রচুর কার্বন ডাই-অক্সাইড যোগ হচ্ছে। উদ্ভিদ তাদের খাদ্য তৈরির জন্য বায়ু থেকে এই কার্বন ডাই-অক্সাইড গ্রহণ করছে এবং সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার মাধ্যমে নিজের খাদ্য নিজেই তৈরি করছে।

০৬. বাতাসের আর্দ্রতা মাপার যন্ত্রের নাম কী?
ⓐ মাইকোমিটার ⓑ অ্যামপ্রিফায়ার
ⓒ জেনারেটর ⓓ মাল্টিমিটার

[Note : বাতাসের আর্দ্রতা পরিমাপের যন্ত্রের নাম হাইগ্রোমিটার। বায়ুমণ্ডলের চাপ পরিমাপের যন্ত্র ব্যারোমিটার। অ্যামপ্রিফায়ার মূলত বিবর্ধক হিসেবে কাজ করে। জেনারেটর যান্ত্রিক শক্তিকে বৈদ্যুতিক শক্তিতে রূপান্তর করে।]

০৭. আকাশে রংধনু সৃষ্টির কারণ–
ⓐ ধূলিকণা ⓑ বায়ুস্তর
ⓒ বৃষ্টির কণা ⓓ অতিবেগুনি রশ্মি

ব্যাখ্যা আকাশে রংধনু সৃষ্টির প্রধান কারণ হলো বৃষ্টির কণা। বৃষ্টির কণা এখানে প্রিজমের কাজ করে। বৃষ্টির কণায় যখন আলোকরশ্মি পতিত হয়, তখন বৃষ্টির কণা ঐ আলোকরশ্মিকে ৭টি রঙে বিভক্ত করে, যাকে আমরা রংধনু বলি।

০৮. চন্দ্রে কোনো বস্তুর ওজন পৃথিবীর ওজনের—
ⓐ দশভাগের একভাগ ⓑ ছয়ভাগের একভাগ
ⓒ তিনভাগের একভাগ ⓓ চারভাগের একভাগ

ব্যাখ্যা কোনো বস্তুকে চাঁদে নিয়ে গেলে তার ওজন কমে যাবে। চন্দ্রে কোনো বস্তুর ওজন পৃথিবীর ওজনের ছয় ভাগের একভাগ।

০৯. ভাইরাসজনিত রোগ নয় কোনটি?
ⓐ জন্ডিস ⓑ এইডস
ⓒ নিউমোনিয়া ⓓ চোখ ওঠা

ব্যাখ্যা নিউমোনিয়া হলো ব্যাকটেরিয়াজনিত রোগ। এই রোগের জীবাণুর নাম হলো streptococcus pneumoniae। এই রোগ সাধারণত ফুসফুসে হয়ে থাকে। অন্যদিকে জন্ডিস, এইডস এবং চোখ ওঠা হলো ভাইরাসজনিত রোগ।

১০. মানবদেহে শক্তি উৎপাদনের প্রক্রিয়া কোনটি?
ⓐ পরিপাক ⓑ খাদ্যগ্রহণ ⓒ শ্বসন ⓓ রক্ত সংবহন

ব্যাখ্যা মানবদেহে শক্তি উৎপাদনের প্রধান উৎস হলো শ্বসন। শ্বসন প্রক্রিয়ায় শর্করা, আমিষ, চর্বি, জৈব এসিড ইত্যাদি খাদ্যদ্রব্য অক্সিজেন সহযোগে জারিত হয়ে শক্তি ও কার্বন ডাই-অক্সাইড উৎপন্ন করে।

১১. কোনটি মৌলিক পদার্থ?
ⓐ লোহা ⓑ ব্রোঞ্জ ⓒ পানি ⓓ ইস্পাত

ব্যাখ্যা লোহা (Fe) মৌলিক পদার্থ যা প্রকৃতিতে পাওয়া যায়। ব্রোঞ্জ হলো তামা ও টিনের সংকর, পানি হাইড্রোজেন ও অক্সিজেনের সমন্বয়ে গঠিত যৌগ এবং ইস্পাত হলো কার্বন ও লোহার সংকর।

১২. কোনটি নিষ্ক্রিয় গ্যাস নয়?
ⓐ নিয়ন ⓑ অক্সিজেন ⓒ রেডন ⓓ আর্গন

ব্যাখ্যা নিষ্ক্রিয় গ্যাসসমূহ হলো হিলিয়াম, নিয়ন, আর্গন, ক্রিপ্টন, জেনন, রেডন যাদের সর্বশেষ শক্তিস্তরে সুস্থিত ইলেকট্রন কাঠামো বিদ্যমান।

উত্তর

০১	c
০২	c
০৩	d
০৪	a
০৫	b
০৬	Note
০৭	c
০৮	b
০৯	c
১০	c
১১	a
১২	b

CamScanner

১৩. উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র—
ⓐ ওডোমিটার ⓑ ক্রনোমিটার
ⓒ ট্যাকোমিটার ⓓ ক্রেসকোগ্রাফ

ব্যাখ্যা উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র ক্রেসকোগ্রাফ। অন্যদিকে উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র ট্যাকোমিটার, সমুদ্রের দ্রাঘিমা নির্ণায়ক যন্ত্র ক্রনোমিটার এবং মোটর গাড়ির গতি নির্ণায়ক যন্ত্র ওডোমিটার।

১৪. ফল পাকানোর জন্য দায়ী কী?
ⓐ ইথিলিন ⓑ ইথেন
ⓒ লাইকোপেন ⓓ মিথিলিন

ব্যাখ্যা ফল পাকানোর জন্য দায়ী ইথিলিন ($CH_2 - CH_2$)। প্রাকৃতিক হরমোনকে ব্যবহার করে কৃত্রিমভাবে ফল সংরক্ষণ ও পচনের হাত থেকে রক্ষা করতে ইথিলিন ব্যবহার করা হয়।

১৫. কোনটি বায়ুর উপাদান নয়?
ⓐ নাইট্রোজেন ⓑ হাইড্রোজেন
ⓒ কার্বন ডাই-অক্সাইড ⓓ ক্লোরিন

ব্যাখ্যা বায়ুর প্রধান উপাদান নাইট্রোজেন ৭৮.০২ শতাংশ। অন্যান্য উপাদানের মধ্যে অক্সিজেন – ২০.৭১%, আর্গন – ০.৮০%, জলীয় বাষ্প – ০.৪১%, CO_2 – ০.০৩% এবং হাইড্রোজেন – ০.০০০০৫%।

১৬. প্রাচীন বাংলার 'সমতট' বর্তমান কোন অঞ্চল নিয়ে গঠিত ছিল?
ⓐ ঢাকা ও কুমিল্লা ⓑ ময়মনসিংহ ও নেত্রকোনা
ⓒ কুমিল্লা ও নোয়াখালী ⓓ ময়মনসিংহ ও জামালপুর

ব্যাখ্যা প্রাচীন বাংলার 'সমতট' বর্তমান কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল নিয়ে গঠিত ছিল। এ জনপদের কেন্দ্রস্থল ছিল কুমিল্লা জেলার বড় কামতায়। হিউয়েন সাঙ-এর বর্ণনা অনুসারে সমতট জনপদের অবস্থান ছিল কামরূপের দক্ষিণে। উল্লেখ্য, ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল 'বঙ্গ' জনপদের অংশ ছিল।

১৭. ল্যান্সনায়েক নূর মোহাম্মদ শেখ কোন সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন?
ⓐ ৬ নম্বর ⓑ ৭ নম্বর ⓒ ৮ নম্বর ⓓ ৯ নম্বর

ব্যাখ্যা ইপিআর-এর সদস্য ল্যান্সনায়েক নূর মোহাম্মদ শেখ ৮নং সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। তিনি নড়াইলের মহিষখোলায় জন্মগ্রহণ করেন। তাকে সমাহিত করা হয় যশোরের শার্শার কাশিপুরে।

১৮. বঙ্গবন্ধু কত সালে কোন শহরে জোট নিরপেক্ষ আন্দোলনের শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন?
ⓐ ১৯৭২, কায়রো ⓑ ১৯৭৪, নয়াদিল্লী
ⓒ ১৯৭৫, বেলগ্রেড ⓓ ১৯৭৩, আলজিয়ার্স

ব্যাখ্যা ১৯৭৩ সালের ৫-৯ সেপ্টেম্বর আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে চতুর্থ জোট নিরপেক্ষ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। উল্লেখ্য, বাংলাদেশ ৫ সেপ্টেম্বর ১৯৭৩ ন্যামের সদস্য পদ লাভ করে।

১৯. কৃষিক্ষেত্রে রবি মৌসুম কোনটি?
ⓐ কার্তিক-ফাল্গুন ⓑ চৈত্র- বৈশাখ
ⓒ ভাদ্র-অগ্রহায়ণ ⓓ শ্রাবণ- আশ্বিন

ব্যাখ্যা দেশের ফসল উৎপাদনের জন্য জলবায়ুর ভিত্তিতে সারা বছরকে দুটি মৌসুম তথা রবি ও খরিপ মৌসুমে ভাগ করা হয়েছে। সাধারণত আশ্বিন থেকে মতান্তরে কার্তিক মাস থেকে ফাল্গুন মাস পর্যন্ত সময়কে রবি মৌসুম এবং চৈত্র মাস থেকে ভাদ্র মাস পর্যন্ত সময়কে খরিপ মৌসুম বলা হয়।

২০. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের খসড়া সর্বপ্রথম গণপরিষদে ১৯৭২ সালের কোন তারিখে উত্থাপিত হয়?
ⓐ ১১ নভেম্বর ⓑ ১২ অক্টোবর
ⓒ ১৬ ডিসেম্বর ⓓ ৩ মার্চ

ব্যাখ্যা স্বাধীন বাংলাদেশের সংবিধান প্রণয়নের লক্ষ্যে ১১ এপ্রিল ১৯৭২ সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয়। উক্ত কমিটি খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করেন ১২ অক্টোবর ১৯৭২। ৪ নভেম্বর ১৯৭২ তা গণপরিষদে গৃহীত হয় এবং ১৬ ডিসেম্বর ১৯৭২ তা কার্যকর হয়।

২১. বাংলাদেশের প্রধানমন্ত্রী হওয়ার ন্যূনতম বয়স কত?
ⓐ ৩৫ বছর ⓑ ২৫ বছর ⓒ ২০ বছর ⓓ ৩০ বছর

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ৬৬(১) নং অনুচ্ছেদে জাতীয় সংসদের সদস্য নির্বাচিত হওয়ার জন্য ন্যূনতম বয়স ২৫ বছর হওয়ার কথা উল্লেখ আছে। বাংলাদেশের সরকার ব্যবস্থায় প্রধানমন্ত্রীকে প্রথমত নির্বাচনে অংশ নিয়ে সংখ্যাগরিষ্ঠ দলের সদস্য হিসেবে নির্বাচিত হতে হয় এবং এ সূত্রেই প্রধানমন্ত্রী হওয়ার ন্যূনতম বয়স পঁচিশ বছর ধরা হয়।

২২. বাংলাদেশের জাতীয় সংসদ কত কক্ষ বিশিষ্ট?
ⓐ এক কক্ষ ⓑ দুই বা দ্বি কক্ষ
ⓒ তিন কক্ষ ⓓ বহু কক্ষ

ব্যাখ্যা যে-কোনো দেশের আইন পরিষদ এক কক্ষ অথবা দ্বিকক্ষ বিশিষ্ট হয়ে থাকে। ৩৫০ আসন বিশিষ্ট বাংলাদেশের জাতীয় সংসদ এক কক্ষ বিশিষ্ট। আর পার্শ্ববর্তী দেশ ভারতের আইন সভা দ্বি-কক্ষ বিশিষ্ট।

২৩. পাকিস্তানের গণপরিষদের অধিবেশনে বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রথম দাবি কে উত্থাপন করেন?
ⓐ আব্দুল মতিন ⓑ ধীরেন্দ্র নাথ দত্ত
ⓒ শেরে বাংলা ফজলুল হক ⓓ হোসেন শহীদ সোহরাওয়ার্দী

ব্যাখ্যা পাকিস্তানের গণপরিষদের অধিবেশনে বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রথম দাবি উত্থাপন করেন কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত। ভাষা আন্দোলনের অগ্রদূত আব্দুল মতিন 'ভাষা মতিন' নামে পরিচিত। অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন এ. কে. ফজলুল হক এবং শেষ মুখ্যমন্ত্রী ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

২৪. এশিয়া ও আফ্রিকার মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত দেশগুলো কী নামে পরিচিত?
ⓐ দূর প্রাচ্য ⓑ মধ্যপ্রাচ্য ⓒ পাশ্চাত্য ⓓ বলকান

উত্তর

১৩	d
১৪	a
১৫	d
১৬	c
১৭	c
১৮	d
১৯	a
২০	b
২১	b
২২	a
২৩	b
২৪	b

CamScanner

৩৫. এল নিনো ও লা নিনো শব্দ দু'টি কিসের সাথে সম্পর্কিত?
ⓐ কৃষি কাজ ⓑ খেলাধুলা
ⓒ জলবায়ু সংক্রান্ত ⓓ রাজনীতি

ব্যাখ্যা আবহাওয়া প্রভাবিতকারী এল নিনো ও লা নিনো হলো সামুদ্রিক বায়ুমণ্ডলীয় সম্মিলনের ফলাফল। যা পূর্ব প্রশান্ত মহাসাগরের স্রোতের দুটি বিপরীত অবস্থাকে বুঝায়। স্প্যানিশ শব্দ এল নিনো অর্থ ছোট্ট বালক, যা উষ্ণ স্রোতকে বুঝায়। আর লা নিনো অর্থ ছোট্ট বালিকা, যা শীতল সমুদ্র স্রোত কে নির্দেশ করে।

৩৬. শক্তির প্রাথমিক উৎস কী?
ⓐ সূর্য ⓑ বায়ুপ্রবাহ ⓒ উদ্ভিদ ⓓ প্রাণি

ব্যাখ্যা সূর্য হলো শক্তির প্রাথমিক উৎস। শক্তির কয়েকটি রূপ হলো– যান্ত্রিক শক্তি, তাপ শক্তি, আলোক শক্তি, রাসায়নিক শক্তি ও বিদ্যুৎ শক্তি ইত্যাদি। শক্তি এক রূপ থেকে অন্য রূপে পরিবর্তিত হতে পারে। সূর্য থেকে পাওয়া শক্তি হলো সৌরশক্তি।

৩৭. ৩৩৩ নম্বরে কল করে কোন সেবা পাওয়া যায়?
ⓐ সরকারি তথ্য সেবা ⓑ কৃষি সেবা
ⓒ স্বাস্থ্য সেবা ⓓ দুর্যোগের আগাম বার্তা সেবা

ব্যাখ্যা দেশের নাগরিকেরা ৩৩৩ নম্বরে কল করে সরকারি সেবা প্রাপ্তির পদ্ধতি, জন প্রতিনিধি ও সরকারি কর্মচারীদের সঙ্গে যোগাযোগের সম্পর্কে তথ্য জানতে পারবে। 'সরকারি তথ্য ও সেবা সব সময়' এই স্লোগানে ৩৩৩ কল সেন্টার নম্বর আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় ১২ এপ্রিল ২০১৮।

৩৮. বাংলাদেশে ডাক বিভাগ পরিচালিত মোবাইল ব্যাংকিং সেবার নাম কী?
ⓐ বিকাশ ⓑ রকেট ⓒ পিওর ক্যাশ ⓓ নগদ

ব্যাখ্যা বাংলাদেশ ডাক বিভাগের মোবাইল ব্যাংকিং সেবা নগদ। 'ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' এর যাত্রা শুরু হয় ২৬ মার্চ ২০১৬। বিকাশ ও রকেট হলো যথাক্রমে ব্র্যাক ব্যাংক ও ডাচ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং সেবার নাম।

৩৯. রাশিয়ার মুদ্রার নাম—
ⓐ রুপিয়া ⓑ রুবল ⓒ রিংগিত ⓓ রিয়াল

ব্যাখ্যা রাশিয়ার মুদ্রার নাম রুবল। রাশিয়ার পার্শ্ববর্তী দেশ বেলারুশের মুদ্রার নামও রুবল। রিংগিত ও রুপিয়া যথাক্রমে মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ার মুদ্রার নাম।

৪০. EU থেকে পৃথক্যাপকারী একমাত্র দেশ—
ⓐ রাশিয়া ⓑ তুরস্ক ⓒ যুক্তরাজ্য ⓓ ডেনমার্ক

ব্যাখ্যা যুক্তরাজ্য একমাত্র দেশ হিসেবে ইউরোপীয় ইউনিয়নের সদস্যপদ ত্যাগ করে ৩১ জানুয়ারি ২০২০। আর ব্রিটেনের ইউনিয়ন হতে বেরিয়ে যাওয়াকে বলা হচ্ছে ব্রিটিশ এক্সিট বা ব্রেক্সিট। উল্লেখ্য, ইউরোপীয় ইউনিয়ন হলো ২৭টি দেশের অর্থনৈতিক ও রাজনৈতিক জোট।

৪১. $a+\frac{1}{a}=3$ হলে, $a^2+\frac{1}{a^2}=?$
ⓐ 27 ⓑ 7 ⓒ 9 ⓓ 4

ব্যাখ্যা $a+\frac{1}{a}=3$ হলে,

$a^2+\frac{1}{a^2}=\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}$

$=3^2-2=9-2=7$

৪২. জনাব মামুনকে মাসিক মূল বেতনের ৭.৫% বাড়ি ভাড়া দিতে হয়। বাড়ি ভাড়া কর্তনের পর তিনি প্রতি মাসে ৩,৬০০ টাকা পান। তার মাসিক মূল বেতন কত?
ⓐ ৩,৮৯৭ টাকা ⓑ ৩,৯২২ টাকা
ⓒ ৩,৮৯২ টাকা ⓓ ৪,০৮০ টাকা

ব্যাখ্যা মনে করি, মূল বেতন x টাকা

প্রশ্নানুসারে, $x-x$ এর ৭.৫% $=৩৬০০$

বা, $x-x\times\frac{৭.৫}{১০০}=৩৬০০$

বা, $\frac{১০০x-৭.৫x}{১০০}=৩৬০০$


বা, $x=\frac{৩৬০০\times১০০}{৯২.৫}$

$=৩৮৯১.৮৯$

$\approx$ ৩৮৯২ টাকা

৪৩. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড় গুণ। ঘরটির ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে এর পরিসীমা কত?
ⓐ ৬০ মিটার ⓑ ৪৫ মিটার
ⓒ ৬৮ মিটার ⓓ ৬৬ মিটার

ব্যাখ্যা মনে করি, প্রস্থ $=x$ মিটার



∴ দৈর্ঘ্য $=\frac{৩}{২}x$ মিটার

প্রশ্নমতে, $x\times\frac{৩}{২}x=২১৬$

বা, $\frac{৩}{২}x^2=২১৬$

বা, $x^2=২১৬\times\frac{২}{৩}$

বা, $x^2=১৪৪$

$\therefore x=১২$


সুতরাং প্রস্থ $=১২$ মিটার, দৈর্ঘ্য $=১২\times\frac{৩}{২}=১৮$ মিটার

অতএব, পরিসীমা $=2$(দৈর্ঘ্য + প্রস্থ)

$=2(১২+১৮)$ মিটার

$=৬০$ মিটার

৪৪. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ৫ মিটার এবং একটি বাহু ৩ মিটার হলে অপর বাহুটি কত?
ⓐ ২ মিটার ⓑ ৩ মিটার
ⓒ ৪ মিটার ⓓ ৫ মিটার



ব্যাখ্যা সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে,

$AC^2=AB^2+BC^2$

বা, $AB^2=AC^2-BC^2$

$=৫^2-৩^2=১৬$

$\therefore AB=৪$ মিটার

৪৫. সুদের হার ৭% থেকে কমে ৫% হওয়াতে জনাব জলিলের আয় ৫ বছরে ৭০ টাকা কমে গেল। জনাব জলিলের মূলধন কত ছিল?
ⓐ ৬০০ টাকা ⓑ ৭০০ টাকা
ⓒ ৭৩০ টাকা ⓓ ৬৫০ টাকা

ব্যাখ্যা ৫ বছরে কমে ৭০ টাকা

∴ ১ " " $(৭০\div৫)=১৪$ টাকা

সুদের হার কমে $(৭-৫)\%=২\%$

২ টাকা কমলে মূলধন ১০০ টাকা

∴ ১ " " $\frac{১০০}{২}$ "

∴ ১৪ " " $\frac{১০০\times১৪}{২}$ "

$=৭০০$ টাকা

৪৬. $x+1, x^2-1$ এর ল. সা. গু. কত?
ⓐ $(x+1)^2$ ⓑ x^2-4 ⓒ x^2-1 ⓓ x^4-1

ব্যাখ্যা ১ম পদ $=(x+1)$

২য় পদ $=x^2-1=(x+1)(x-1)$

∴ ল. সা. গু. $=(x+1)(x-1)=x^2-1$

৪৭. ১,৩৫০-এর ২০% কত?
ⓐ ২৭৫ ⓑ ২৯০ ⓒ ২৮৫ ⓓ ২৭০

ব্যাখ্যা ১৩৫০ এর ২০% $=১৩৫০\times\frac{২০}{১০০}=২৭০$

৪৮. একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত?
ⓐ ৩০° ⓑ ৩৫° ⓒ ৩৩° ⓓ ৩৮°

ব্যাখ্যা মনে করি, কোণটি $x°$

∴ পূরক কোণ $=(৯০-x)°$

প্রশ্নানুসারে, $x=\frac{১}{২}(৯০°-x)$

বা, $x=৪৫°-\frac{x}{২}$

বা, $x+\frac{x}{২}=৪৫°$

বা, $\frac{৩x}{২}=৪৫°$

বা, $x=৪৫\times\frac{২}{৩}=৩০°$

৪৯. নিচের কোনটি মৌলিক সংখ্যা নয়?
ⓐ ২৪১ ⓑ ২৫৩ ⓒ ২৩৩ ⓓ ২৬৩

ব্যাখ্যা ১ এবং ২৪১ ছাড়া ২৪১-এর আর কোনো গুণনীয়ক নেই। অপরদিকে ২৫৩, ১১ দ্বারা বিভাজ্য। অবশিষ্ট সংখ্যাদ্বয় ২৩৩ ও ২৬৩ মৌলিক সংখ্যা।

৫০. একটি পঞ্চভুজের সমষ্টি–
ⓐ ৫ সমকোণ ⓑ ৬ সমকোণ
ⓒ ৭ সমকোণ ⓓ ৮ সমকোণ

ব্যাখ্যা বহুভুজের ক্ষেত্রে, $=\frac{n-২}{n}\times১৮০°$

$=\frac{৩}{৫}\times১৮০°$

$=১০৮°$

∴ ৫টি কোণের পরিমাণ $=১৮০°\times৫$

$=\frac{৫৪০°}{৯০}$

$=৬$ সমকোণ

৫১. ১৩.৭৫% সমান কত?
ⓐ $\frac{১১}{২০}$ ⓑ $\frac{১}{৮}$ ⓒ $\frac{১}{৯}$ ⓓ $\frac{১১}{৮০}$

ব্যাখ্যা ১৩.৭৫% $=\frac{১৩.৭৫}{১০০}=\frac{১৩৭৫}{১০০\times১০০}=\frac{১১}{৮০}$

৫২. $x+y=12$, এবং $x-y=2$ হলে, xy-এর মান কত?
ⓐ 30 ⓑ 35 ⓒ 40 ⓓ 45

ব্যাখ্যা $x+y=12$

$x-y=2$

$(+)\ 2x=14$

$\therefore x=7$

এখন $x+y=12$

$\Rightarrow x+y=12$

$\Rightarrow y=12-x$

$=12-7=5$

$\therefore xy=7\times5=35$

৫৩. ৩, ৫, ১১, ৪, ৩, ৪, ৫, ১, ৫, ৪, ৩, ৫ সংখ্যাগুলোর প্রচুক কত?
ⓐ 8 ⓑ ১১ ⓒ ৩ ⓓ ৫

ব্যাখ্যা প্রদত্ত উপাত্তগুলোর মধ্যে
৩ আছে $=৩$ বার
৪ " $=৩$ বার
৫ " $=৪$ বার
∴ প্রচুরক ৫

৫৪. $x^0+5=?$
ⓐ 6 ⓑ 5 ⓒ 0 ⓓ 4

ব্যাখ্যা $x^0+5=1+5=6$

৫৫. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৮। ছোট সংখ্যাটি ৬৫ হলে, বড় সংখ্যাটি কত?
ⓐ ১০৪ ⓑ ১১৫ ⓒ ১১ ⓓ ১৬৯

ব্যাখ্যা মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে ৫ক এবং ৮ক

উত্তর

৩৫ c	৪৫ b
৩৬ a	৪৬ c
৩৭ a	৪৭ d
৩৮ d	৪৮ a
৩৯ b	৪৯ a
৪০ c	৫০ b
৪১ b	৫১ d
৪২ c	৫২ b
৪৩ a	৫৩ d
৪৪ c	৫৪ a
	৫৫ a

CamScanner

প্রশ্নমতে, ৫ক = ৬৫

বা, ক = $\frac{৬৫}{৫}$ = ১৩

∴ বড় সংখ্যাটি = ৮ক = ৮ × ১৩ = ১০৪

৫৬. What is the synonym of the word 'embezzle'—

ⓐ remunerate ⓑ misappropriate
ⓒ dazzle ⓓ clear

ব্যাখ্যা *Embezzle (আত্মসাৎ করা)-এর synonym হলো misappropriate (আত্মসাৎ করা)। অন্যদিকে, remunerate, dazzle ও clear-এর অর্থ যথাক্রমে পুরস্কৃত করা, ঝলসাইয়া যাওয়া ও স্পষ্ট বা পরিষ্কার।*

৫৭. What is the synonym of the word 'Stigma'—

ⓐ exaltation ⓑ benefit ⓒ esteem ⓓ stain

ব্যাখ্যা *Stigma (কলঙ্ক, পাপ)-এর synonym হলো stain (কলঙ্ক, দাগ)। অন্যদিকে exaltation অর্থ (উল্লাস), benefit অর্থ (উপকার, স্বার্থ) এবং esteem অর্থ (শ্রদ্ধা, সম্মান)।*

৫৮. The opposite of 'exonerate' is—

ⓐ convict ⓑ absolve ⓒ acquit ⓓ enthrall

ব্যাখ্যা *Exonerate (অভিযোগ হইতে মুক্তি দেওয়া)-এর opposite word হলো convict (অপরাধী সাব্যস্ত করা, দোষী সাব্যস্ত করা)। অন্যদিকে absolve (পাপ হইতে মুক্তি দেওয়া) ও acquit (নির্দোষ প্রমাণ করা), exonerate-এর synonym। অন্যদিকে enthrall অর্থ দাস বানানো।*

৫৯. The antonym of the word 'lunatic' —.

ⓐ sane ⓑ crazy ⓒ lunar ⓓ lazy

ব্যাখ্যা *Lunatic (উন্মাদ, পাগল)-এর antonym হলো sane (সুস্থ, বিবেকী)। অন্যদিকে crazy-পাগল, lunar-চন্দ্র সম্পর্কীয়, lazy-অলস।*

৬০. Which of the following word is in singular form—

ⓐ nuclei ⓑ agendum
ⓒ radii ⓓ formulae

ব্যাখ্যা

Singular	Plural
Agendum	Agenda
Nucleus	Nuclei
Radius	Radii
Formula	Formulae/Formulas

৬১. Identify the word which is spelt incorrectly :

ⓐ pauper ⓑ subservient
ⓒ rhapsody ⓓ sultry

[Note : *Pauper (নিঃস্ব ব্যক্তি), subservient (অধীন), rhapsody (মহাকাব্য), sultry (গুমোট) শব্দগুলোর বানান সঠিক।*]

৬২. The word olericulture means—

ⓐ technique of fish production
ⓑ a form of tissue culture
ⓒ branch of growing flower
ⓓ science of growing vegetables

ব্যাখ্যা *Olericulture হলো উদ্যান বিদ্যার ঐ শাখা যেখানে শাক-সবজির উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ এবং বাজারজাতকরণ প্রক্রিয়া সম্পন্ন হয়। তাই সঠিক উত্তর (d) science of growing vegetables।*

৬৩. Synonym of the word 'sui generis'—

ⓐ unique ⓑ sunken
ⓒ common ⓓ more frequent

ব্যাখ্যা *Sui generis (অনন্য, অদ্বিতীয়)-এর synonym হলো unique (অনন্য, অদ্বিতীয়)। অন্যদিকে sunken-নিমজ্জিত, common-সাধারণ, frequent-বারবার।*

৬৪. The plural form of 'criterion'—

ⓐ criterium ⓑ criterius
ⓒ criterii ⓓ criteria

ব্যাখ্যা *Criterion (মানদণ্ড)-এর plural হলো criteria.*

৬৫. Hydroponics means—

ⓐ adding hydrogen to oil
ⓑ treatment of disease with water
ⓒ growing crops in water
ⓓ fear of water

ব্যাখ্যা *Hydroponics হলো মাটি ছাড়া পানি থেকে শস্য উৎপাদন ব্যবস্থাপনা। সুতরাং অপশন (c) সঠিক উত্তর।*

৬৬. Adverb is a word that modifies a—

ⓐ preposition ⓑ adjectives
ⓒ pronoun ⓓ noun

ব্যাখ্যা *Adverb মূলত verb, adjective ও অন্য adverb-কে modify করে। অপশনে শুধু adjective থাকায় অপশন (b) সঠিক উত্তর।*

৬৭. Early rising is beneficial — health.

ⓐ for ⓑ on ⓒ to ⓓ of

ব্যাখ্যা *Beneficial শব্দটির সাথে appropriate preposition হিসেবে 'to' বসে। Beneficial to অর্থ উপকারী।*

Select the pair that best expresses the relationship similar to that expressed in the original pair (for Q. ৬৮-৬৯) :

৬৮. Seamstress : scissors

ⓐ farmer : plough ⓑ carpenter : saw
ⓒ surgeon : forceps ⓓ scientist and Microscope

ব্যাখ্যা *Seamstress (মহিলা দর্জি) scissors (কাঁচি) দিয়ে কাটে, তেমনি carpenter (কাঠমিস্ত্রি) saw (করাত) দিয়ে কাটে।*

৬৯. Event : memories

ⓐ water : waves ⓑ accident : delay
ⓒ water : wave ⓓ fire : ashes

ব্যাখ্যা *Event (ঘটনা) memory (স্মৃতি) হিসেবে রয়ে যায় তেমনি fire (আগুন)-এ পুড়ে যাওয়া জিনিস ashes (ছাই) হিসেবে রয়ে যায়।*

৭০. Which of the following words is adverb ?

ⓐ madden ⓑ madness
ⓒ madly ⓓ madman

ব্যাখ্যা *Madden (v)-পাগল করা/হওয়া, madness (n)-মাতাল, madly (adv)-ক্ষিপ্তবৎ, madman (n)-পাগল।*

৭১. Which is the adjective form of 'home' :

ⓐ homeage ⓑ homeless
ⓒ homely ⓓ homeland

ব্যাখ্যা *Home-এর adjective হলো homely (সাদামাটা, ঘরোয়া)।*

৭২. The word 'hearty' is a/an—

ⓐ adjective ⓑ adverb ⓒ noun ⓓ pronoun

ব্যাখ্যা *Hearty শব্দটি adjective যার অর্থ হাসিখুশি, আন্তরিক, দিলখোলা।*

৭৩. The child cried for — mother.

ⓐ his ⓑ its' ⓒ its ⓓ it's

ব্যাখ্যা *Child শব্দটি common noun এবং এর pronoun form হবে it এবং এর possessive হবে its। তাই অপশন (c) সঠিক।*

৭৪ Rule of thumb means —

ⓐ impression of thumb ⓑ rough estimate
ⓒ easy options ⓓ precise meaning

ব্যাখ্যা *Rule of thumb means rough estimate based on practical experience.*

৭৫. 'Fight shy of' means—

ⓐ quarrel of shy people
ⓑ war between weak nations
ⓒ trying to avoid a person
ⓓ helping the poor people

ব্যাখ্যা *Fight shy of অর্থ এড়িয়ে চলা অর্থাৎ trying to avoid a person.*

৭৬. Select the correct spelling—

ⓐ Lieutenent ⓑ Leitenant
ⓒ Leitenent ⓓ Lieutenant

ব্যাখ্যা *Lieutenant (মিথ্যা-তুমি-দশ-পিঁপড়া) হলো সঠিক বানান যা অপশন (d) তে আছে।*

৭৭. Would you please find out Bangladesh—the map.

ⓐ in ⓑ on ⓒ over ⓓ is

ব্যাখ্যা *ম্যাপের ওপর বোঝাতে on ব্যবহৃত হয়।*

৭৮. Wordsworth introduced the readers— a new kind of poetry.

ⓐ with ⓑ to ⓒ by ⓓ of

ব্যাখ্যা *Introduced শব্দটির সাথে appropriate preposition 'to' বসে।*

৭৯. Rizvi requested Rini— telephone to attend the meeting.

ⓐ over ⓑ through ⓒ with ⓓ by

ব্যাখ্যা *Telephone এবং phone-এর পূর্বে preposition বসার নিয়ম : i. on/over the phone, ii. Over the telephone, iii. by phone/telephone। তাই অপশন (d) সঠিক উত্তর।*

৮০. Water the plants. Here the word 'water' is a—

ⓐ noun ⓑ preposition
ⓒ verb ⓓ adjective

ব্যাখ্যা *Water the plants- গাছে পানি দাও। এখানে 'water' পানি দেওয়া অর্থে verb হিসেবে ব্যবহৃত হয়েছে।*

৮১. কোন বানানটি শুদ্ধ?

ⓐ সমীচীন ⓑ সমিচীন ⓒ সমীচিন ⓓ সমিচিন

ব্যাখ্যা *'সমীচীন' বানানটি শুদ্ধ। কিন্তু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান- ন্যায়তশাসন, স্বাপন, নিশীথিনী, দারিদ্র্য, কল্যাণীয়েষু, অপরাহ্ণ।*

৮২. বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণের সংখ্যা কয়টি?

ⓐ আটটি ⓑ নয়টি ⓒ দশটি ⓓ এগারোটি

ব্যাখ্যা *বাংলা বর্ণমালায় ৫০টি বর্ণের মধ্যে মাত্রাহীন বর্ণ ১০টি। এগুলো হলো : এ, ঐ, ও, ঔ, ঞ, ঙ, ৎ, ং, ঃ, ঁ।*

৮৩. কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ কোনটি?

ⓐ অগ্নিকোণ ⓑ মরুসূর্য ⓒ নরুশিখা ⓓ রাঙ্গাজবা

ব্যাখ্যা *কাজী নজরুল ইসলাম রচিত সঙ্গীতবিষয়ক গ্রন্থ 'রাঙ্গাজবা'। অন্যদিকে- 'অগ্নিকোণ' এবং 'নরুশিখা' গ্রন্থের রচয়িতা যথাক্রমে সুভাষ মুখোপাধ্যায় এবং যতীন্দ্রমোহন সেনগুপ্ত।*

৮৪. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?

ⓐ চিলেকোঠার সেপাই ⓑ আগুনের পরশমণি
ⓒ একাত্তরের দিনগুলো ⓓ পায়ের আওয়াজ পাওয়া যায়

ব্যাখ্যা *হুমায়ুন আহমেদ রচিত 'আগুনের পরশমণি' মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস। অন্যদিকে আখতারুজ্জামান ইলিয়াস রচিত উপন্যাস 'চিলেকোঠার সেপাই'-এর প্রেক্ষাপট '৬৯-এর গণআন্দোলন, সৈয়দ শামসুল হকের 'পায়ের আওয়াজ পাওয়া যায়' মুক্তিযুদ্ধভিত্তিক নাটক এবং জাহানারা ইমামের 'একাত্তরের দিনগুলি' মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিকথা।*

৮৫. কোনটি কাব্যগ্রন্থ?

ⓐ শেষ প্রশ্ন ⓑ শেষ লেখা
ⓒ শেষের কবিতা ⓓ শেষের পরিচয়

ব্যাখ্যা *'শেষ লেখা' রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ। অন্যদিকে, 'শেষ প্রশ্ন' এবং শেষের কবিতা উপন্যাসের রচয়িতা যথাক্রমে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় এবং রবীন্দ্রনাথ ঠাকুর।*

৮৬. 'কর্মে যার ক্লান্তি নাই'- এই বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কোনটি?

ⓐ ক্লান্তিহীন ⓑ অক্লান্ত
ⓒ অক্লান্তকর্মী ⓓ অবিশ্রাম

ব্যাখ্যা *কর্মে যার ক্লান্তি নাই- অক্লান্তকর্মী। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ : চিরকালস্থায়ী স্থায়ী- চিরস্থায়ী, যার এজ ক্রমান্বয়ে বৃদ্ধি হয়- ক্রমবর্ধমান, যা চিরস্থায়ী নয়- নশ্বর।*

৮৭. 'ড. আখতার হামিদ খান ছিলেন বাংলাদেশ পল্লী উন্নয়নের পথিকৃৎ' বাক্যটি নিম্নোক্ত একটি শ্রেণির-

ⓐ মিশ্র ⓑ যৌগিক ⓒ সরল ⓓ জটিল

ব্যাখ্যা *উক্তিটি সরল বাক্য। যে বাক্যে একটি মাত্র উদ্দেশ্য (কর্তা) ও একটি মাত্র বিধেয় (সমাপিকা ক্রিয়া) থাকে তাকে সরল বাক্য বলে। যেমন : রনি স্কুলে যায়।*

উত্তর	
৫৬	b
৫৭	d
৫৮	a
৫৯	a
৬০	b
৬১	Note
৬২	d
৬৩	a
৬৪	d
৬৫	c
৬৬	b
৬৭	c
৬৮	b
৬৯	d
৭০	c

উত্তর	
৭১	c
৭২	a
৭৩	c
৭৪	b
৭৫	c
৭৬	d
৭৭	b
৭৮	b
৭৯	d
৮০	c
৮১	a
৮২	c
৮৩	d
৮৪	b
৮৫	b
৮৬	c
৮৭	c

CamScanner

৮৮. 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'– এই উক্তিটি কোন পত্রিকার প্রতি সংখ্যায় লেখা থাকত?
ⓐ সওগাত ⓑ মোহাম্মদী
ⓒ সমকাল ⓓ শিখা

ব্যাখ্যা আবুল হুসেন সম্পাদিত মুসলিম সাহিত্য সমাজের মুখপত্র ছিল 'শিখা' পত্রিকা। এই পত্রিকার স্লোগান ছিল 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'।

৮৯. 'সব কটা জানালা খুলে দাও না' এই গানের গীতিকার কে?
ⓐ মরহুম আলতাফ মাহমুদ
ⓑ মরহুম নজরুল ইসলাম বাবু
ⓒ মরহুম ড. আবু হেনা মোস্তফা কামাল
ⓓ ড. মনিরুজ্জামান

ব্যাখ্যা মরহুম নজরুল ইসলাম বাবু রচিত 'সব কটা জানালা খুলে দাও না' একটি দেশাত্মবোধক সঙ্গীত। অন্যদিকে, আবদুল গাফফার চৌধুরী রচিত 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির দ্বিতীয় সুরকার আলতাফ মাহমুদ। ড. মনিরুজ্জামানের একটি বিখ্যাত গান 'তুমি কি দেখেছ কভু জীবনের পরাজয়'।

৯০. বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত গ্রন্থ কোনটি?
ⓐ পদ্মনদি ⓑ পদ্মাবতী
ⓒ পদ্মরাগ ⓓ পদ্মগোখরা

ব্যাখ্যা বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত দুটি উপন্যাস 'পদ্মরাগ' এবং 'সুলতানার স্বপ্ন'। তার রচিত প্রবন্ধ গ্রন্থ : মতিচূর, অবরোধ বাসিনী। অন্যদিকে, 'পদ্মাবতী' কাব্যের রচয়িতা মহাকবি আলাওল।

৯১. 'দূরবস্থা'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓐ দুর + বস্থা ⓑ দূর + বস্থা
ⓒ দুর + অবস্থা ⓓ দূঃ + অবস্থা

ব্যাখ্যা 'দূরবস্থা' শব্দের সন্ধিবিচ্ছেদে দূঃ + অবস্থা। পূর্বপদের বিসর্গের সঙ্গে পরপদের ব্যঞ্জনধ্বনি কিংবা স্বরধ্বনির সন্ধিকে বলা হয় বিসর্গ সন্ধি। যেমন– তিরস্কার = তিরঃ + কার, পুনশ্চ = পুনঃ + চ, সদ্যোজাত = সদ্যঃ + জাত।

৯২. বাক্যের ক্ষুদ্রতম একক কোনটি?
ⓐ চিহ্ন ⓑ বর্ণ ⓒ ধ্বনি ⓓ শব্দ

ব্যাখ্যা বাক্যের ক্ষুদ্রতম একক– শব্দ। অন্যদিকে– শব্দের ক্ষুদ্রতম একক– ধ্বনি। আর ধ্বনি নির্দেশক চিহ্নই বর্ণ।

৯৩. 'সিরাজাম মুনীরা' কাব্যের রচয়িতার নাম—
ⓐ আবদুল আজিজ ⓑ গোলাম মোস্তফা
ⓒ সৈয়দা হোসেন ⓓ মোঃ লুৎফর রহমান

ব্যাখ্যা 'সিরাজাম মুনীরা' কাব্যের রচয়িতা মুসলিম পুনর্জাগরণবাদী কবি আবদুল আজিজ। তার অন্যান্য কাব্যগ্রন্থ 'সাত সাগরের মাঝি', সৌরেন্দ্র ও হাতেম, হাতেমতায়ী'।

৯৪. যে জমিতে ফসল জন্মায় না—
ⓐ পতিত ⓑ অনুর্বর ⓒ উষর ⓓ বন্ধ্যা

ব্যাখ্যা যে জমিতে ফসল জন্মায় না– উষর। অন্যদিকে– পড়ে আছে এমন জমি– পতিত। যা উর্বর নয় – অনুর্বর। যে নারীর সন্তান হয় না– বন্ধ্যা।

৯৫. সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য—
ⓐ শব্দের কথা ও লেখ্য রূপে
ⓑ বাক্যের সরলতা ও জটিলতায়
ⓒ তৎসম ও অতৎসম শব্দের ব্যবহারে
ⓓ ক্রিয়া পদ ও সর্বনাম পদের রূপে

ব্যাখ্যা সাধু ও চলিত ভাষায় পার্থক্য– ক্রিয়া ও সর্বনাম পদের রূপে। বাংলা ভাষারীতির রূপ দুটি। যেমন– সাধু ভাষা রীতি ও চলিত ভাষা রীতি। যে ভাষা সুনির্ধারিত ও ব্যাকরণ অনুসরণ করে চলে সেটি সাধু ভাষা রীতি। অপরদিকে চলিত ভাষা সর্বদা পরিবর্তনশীল।

৯৬. 'ঠক চাচা' চরিত্রটি কোন উপন্যাসে পাওয়া যায়?
ⓐ আলালের ঘরের দুলাল ⓑ হাজার বছর ধরে
ⓒ মৃত্যুক্ষুধা ⓓ জোহরা

ব্যাখ্যা বাংলা উপন্যাসের পথিকৃৎ প্যারীচাঁদ মিত্রের উপন্যাস 'আলালের ঘরের দুলার'-এর অন্যতম চরিত্র 'ঠক চাচা'। তার আরও কিছু উল্লেখযোগ্য গ্রন্থ– মদ খাওয়া বড় দায় জাত থাকার কি উপায়, রামারঞ্জিকা, গীতাঙ্কুর, বামাতোষিণী। পদ্য সাহিত্যে তার রচনারীতিকে 'আলালী ভাষা' বলা হয়।

৯৭. 'সংশয়'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ⓐ দৃঢ় ⓑ প্রত্যয় ⓒ দ্বিধা ⓓ নির্ভর

ব্যাখ্যা 'সংশয়'-এর বিপরীত শব্দ প্রত্যয়। অন্যদিকে দৃঢ়-শিথিল এবং দ্বিধা–নির্দ্বিধা।

৯৮. কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
ⓐ ভাই-বোন ⓑ কানা-কানি
ⓒ গাছপালা ⓓ সিংহাসন

ব্যাখ্যা 'ভাই-বোন' দ্বন্দ্ব সমাস। যে সমাসে সমস্যমান প্রত্যেক পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন– বাবা-মা, সাদা-কালো, হাট-বাজার।

৯৯. মহাকবি আলাওল কোন যুগের কবি?
ⓐ প্রাচীন যুগের ⓑ মধ্যযুগের
ⓒ আদি মধ্যযুগের ⓓ আধুনিক যুগের

ব্যাখ্যা মধ্যযুগের শ্রেষ্ঠ মুসলমান কবি আলাওলের বিখ্যাত কাব্যগ্রন্থ 'পদ্মাবতী'। তার রচিত আরও কয়েকটি কাব্য– সয়ফুলমুলুক বদিউজ্জামাল, সপ্তপয়কর, তোহফা, সিকান্দরনামা, রাগাতালনামা।

১০০. প্রথম বাঙালি নারী কবি কে?
ⓐ তুলসী দেবী ⓑ স্বর্ণকুমারী দেবী
ⓒ কামিনী রায় ⓓ চন্দ্রাবতী

ব্যাখ্যা বাংলা সাহিত্যের প্রথম বাঙালি নারী কবি এবং 'রামায়ণ' অনুবাদক চন্দ্রাবতী। মনসামঙ্গল কাব্যের কবি দ্বিজ বংশীদাস ছিলেন তার পিতা।

পল্লী উন্নয়ন একাডেমী (RDA)-এর সহকারী পরিচালক ২০২১

পরীক্ষার তারিখ : ০৫.১১.২০২১; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ১০০; সেট : ১; কোড : শাপলা

বিষয় প্রশ্ন ১০০ (একশত)টি। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কর্তন করা যাবে।

১. ভাষার ক্ষুদ্রতম উপাদান কোনটি?
ⓐ ধ্বনি ⓑ অক্ষর ⓒ অর্থতত্ত্ব ⓓ বাক্যতত্ত্ব

ব্যাখ্যা ভাষার ক্ষুদ্রতম উপাদান ধ্বনি। বাগ্‌যন্ত্রের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনিগুচ্ছকে বলা হয় অক্ষর। ব্যাকরণের প্রধান আলোচ্য বিষয় চারটি। যথা : ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব।

২. 'আরেক ফাল্গুন' উপন্যাসটি কার লেখা?
ⓐ প্রমথ চৌধুরী ⓑ জহির রায়হান
ⓒ সেলিনা হোসেন ⓓ কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা জহির রায়হান রচিত ভাষা আন্দোলনভিত্তিক প্রথম উপন্যাস 'আরেক ফাল্গুন'। তার রচিত আরও কয়েকটি উপন্যাস— হাজার বছর ধরে, বরফ গলা নদী, শেষ বিকেলের মেয়ে, তৃষ্ণা, কয়েকটি মৃত্যু।

৩. কোনটি শুদ্ধ?
ⓐ দারিদ্র ⓑ দারিদ্রতা ⓒ দারিদ্র্য ⓓ দারিদ্য

ব্যাখ্যা শুদ্ধ বানান দারিদ্র্য। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান— দুরবস্থা, গড্ডলিকা, বিকিরণ, অনুকূল, মরীচিকা, ধূলিসাৎ, সান্ত্বনা, নিক্কণ, বিধান, গৃহস্থ, দূষণ, মূর্ধন্য।

৪. বাক্যে এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছাকে কী বলে?
ⓐ আসত্তি ⓑ যোগ্যতা ⓒ আকাঙ্ক্ষা ⓓ আসক্তি

ব্যাখ্যা বাক্যের গুণ তিনটি। যথা : আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা। বাক্যে এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছাকে বলে আকাঙ্ক্ষা। বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি। বাক্যস্থিত পদসমূহের অন্তর্গত এবং ভাবগত মিলবন্ধনের নাম যোগ্যতা।

৫. ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম—
ⓐ কারবর্ণ ⓑ অনুবর্ণ ⓒ ফলা ⓓ রেফ

ব্যাখ্যা ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম অনুবর্ণ। অনুবর্ণের মধ্যে রয়েছে ফলা, রেফ ও বর্ণসংক্ষেপ। স্বরবর্ণের ১০টি সংক্ষিপ্ত রূপকে বলা হয় কারবর্ণ।

৬. পূর্ণ স্বরধ্বনি ও অর্ধ স্বরধ্বনি একত্রে মিলে হয়?
ⓐ স্বরধ্বনি ⓑ মৌলিক স্বরধ্বনি
ⓒ স্বল্প স্বরধ্বনি ⓓ দ্বি-স্বরধ্বনি

ব্যাখ্যা পূর্ণ স্বরধ্বনি ও অর্ধস্বরধ্বনি একত্রে উচ্চারিত হলে দ্বিস্বরধ্বনি হয়। যেমন— 'লাউ' শব্দের /আ/ পূর্ণ স্বরধ্বনি এবং /ঊ/ অর্ধস্বরধ্বনি মিলে দ্বিস্বরধ্বনি /আ্ঊ/ তৈরি হয়েছে।

৭. 'পথের পাঁচালী' উপন্যাসটি কার লেখা?
ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর ⓑ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ⓒ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ⓓ সত্যজিৎ রায়

ব্যাখ্যা 'পথের পাঁচালী' উপন্যাসের রচয়িতা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়। তার রচিত আরও কয়েকটি উপন্যাস— অপরাজিত, দৃষ্টি প্রদীপ, আরণ্যক, ইছামতী, অশনি সংকেত, দেবযান, অনুবর্তন।

৮. 'নায়ক'-এর সন্ধি বিশ্লেষণ কোনটি?
ⓐ নৈ + অক ⓑ নো + অক
ⓒ নৈ + অক ⓓ নঃ + অক

ব্যাখ্যা এ, ঐ, ও, ঔ-কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমন— নৈ + অক = নায়ক, গৈ + অক = গায়ক, নে + অন = নয়ন, পৌ + অক = পাবক।

৯. যা দমন করা কষ্টকর—
ⓐ দুর্দমনীয় ⓑ দুর্নিবার ⓒ দুর্নিবার ⓓ দুর্দমনীয়

ব্যাখ্যা যা দমন করা কষ্টকর— দুর্দমনীয়। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ : যা নিবারণ করা কষ্টকর— দুর্নিবার, যা দমন করা যায় না— অদম্য, যা কষ্টে লাভ করা যায়— দুর্লভ।

১০. 'দৃঢ় সংকল্প' অর্থ কোন বাগধারার মধ্যে রয়েছে?
ⓐ একচোখা ⓑ এক কথার মানুষ
ⓒ উড়নচণ্ডী ⓓ কলে নামা

ব্যাখ্যা 'এক কথার মানুষ' বাগধারার অর্থ নুসংকল্প ব্যক্তি। অন্যদিকে একচোখা, উড়নচণ্ডী ও কলে নামা বাগধারার অর্থ যথাক্রমে পক্ষপাতিত্ব, অমিতব্যয়ী ও নির্মম আঘাত।

১১. যা পূর্বে দেখা যায়নি এমন—
ⓐ অপূর্ব ⓑ অদৃষ্ট ⓒ দৃষ্টপূর্ব ⓓ অদৃষ্টপূর্ব

ব্যাখ্যা যা পূর্বে দেখা যায়নি এমন— অদৃষ্টপূর্ব। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ : পূর্বে দেখা হয়েছে এমন— দৃষ্টপূর্ব, যা পূর্বে ছিল এখন নেই— ভূতপূর্ব, যা পূর্বে কখনো হয়নি— অভূতপূর্ব।

১২. উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?
ⓐ চাঁদমুখ ⓑ শশব্যস্ত ⓒ হাতঘড়ি ⓓ বিষাদসিন্ধু

ব্যাখ্যা সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। যেমন— চাঁদের ন্যায় মুখ = চাঁদমুখ। এরূপ চন্দ্রমুখ, চাঁদবদন, করপল্লব, করকমল, সিংহপুরুষ ইত্যাদি। শশের ন্যায় ব্যস্ত = শশব্যস্ত— উপমান কর্মধারয়, হাতে পরা হয় যে ঘড়ি = হাতঘড়ি— মধ্যপদলোপী কর্মধারয় ও বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু— রূপক কর্মধারয় সমাস।

১৩. মই হওয়া স্বভাব যার—
ⓐ অহিনকুল ⓑ নাইবাজ
ⓒ মক্কর ⓓ বিনীত

উত্তর	
০১	ক
০২	খ
০৩	গ
০৪	গ
০৫	খ
০৬	ঘ
০৭	খ
০৮	গ
০৯	ক
১০	খ
১১	ঘ
১২	ক
১৩	গ

CamScanner

ব্যাখ্যা নষ্ট হওয়াই স্বভাব যার— নশ্বর। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ : যা কখনো নষ্ট হয় না— অবিনশ্বর, যা মর্ম স্পর্শ করে— মর্মস্পর্শী, যা কোথাও উঁচু কোথাও নিচু— বন্ধুর।

১৪. 'পটল তোলা'-এর সমার্থক বাগধারা কোনটি?
ক অক্কা পাওয়া খ তালকানা গ ডুব মারা ঘ ভরাডুবি

ব্যাখ্যা 'পটল তোলা'-এর সমার্থক বাগধারা অক্কা পাওয়া। উভয় বাগধারার অর্থই মারা যাওয়া। অন্যদিকে 'তালকানা', 'ডুব মারা' ও 'ভরাডুবি' বাগধারার অর্থ যথাক্রমে বেতাল হওয়া, পালিয়ে যাওয়া ও সর্বনাশ।

১৫. বাগধারা অতীতকালের কোন ঘটনার স্মারক?
ক সামাজিক-অর্থনৈতিক খ সামাজিক-রাজনৈতিক
গ সামাজিক-মানসিক ঘ সামাজিক-সাংস্কৃতিক

ব্যাখ্যা বাক্যের বর্ণ যখন বাচ্যার্থ বা আক্ষরিক অর্থ ছাপিয়ে বিশেষ কোনো অর্থ প্রকাশ করে, তখন তাকে বাগধারা বলে। বাগধারা এক অর্থে অতীতকালের সামাজিক ও সাংস্কৃতিক ঘটনার স্মারক।

১৬. I'd rather have apple ..... orange. (Select the correct phrase for the blank)
ⓐ instead than ⓑ instead from
ⓒ instead to ⓓ instead of

ব্যাখ্যা 'পরিবর্তে বুঝাতে instead-এর সাথে appropriate preposition হিসেবে of বসে। Instead of অর্থ পরিবর্তে।

১৭. Which is the correct sentence of the following?
ⓐ Padma is the widest river in Bangladesh.
ⓑ The Padma is widest river in Bangladesh.
ⓒ The Padma is the widest river in Bangladesh.
ⓓ The Padma is a wider river in Bangladesh.

ব্যাখ্যা নদীর নামের আগে definite article হিসেবে 'the' ব্যবহৃত হয়। আর superlative degree-এর আগেও 'the' ব্যবহৃত হয়। তাই অপশন (c) 'The Padma is the widest river in Bangladesh' সঠিক।

১৮. Which one of the analogy 'Pardon : Offence' is correct?
ⓐ Repent : Sin ⓑ Detect : Violation
ⓒ Forgive : Wrong ⓓ Sentence : Crime

ব্যাখ্যা Pardon (ক্ষমা) করা হয় offence (অপরাধ) করলে তেমনি forgive (ক্ষমা করে দেয়া হয়) wrong (ভুল) করলে। অর্থাৎ pardon : offence, forgive : wrong হলো সমার্থক শব্দযুগল। অন্যদিকে repent (অনুতপ্ত হওয়া) হলো sin (পাপ) এর পরবর্তী ঘটনা, detect (শনাক্ত), violation (লঙ্ঘন) এবং sentence (দণ্ডাদেশ, শাস্তিদান), crime (অপরাধ) ইত্যাদি শব্দগুলো অপশনের প্রদত্ত শব্দযুগলের সমার্থক নয়।

১৯. Which parts of speech is 'in' in the sentence 'Please, come in'?
ⓐ Preposition ⓑ Adjective
ⓒ Adverb ⓓ Pronoun

ব্যাখ্যা যদি in বাক্যের মধ্যে বসে verb অথবা adjective কে modify করে তাহলে 'in' adverb হিসেবে পরিগণিত হবে।

২০. Sonia decided to set ..... some time every day for prayer. (Select correct word to fill in the gap)
ⓐ up ⓑ by ⓒ on ⓓ aside

ব্যাখ্যা Set aside অর্থ কোনো বিশেষ উদ্দেশ্যে কোনো সময়/টাকা-পয়সা/ জমি ইত্যাদি সরিয়ে রাখা বা save করা। Set aside বসিয়ে প্রদত্ত বাক্যটির অর্থ হলো 'সোনিয়া প্রার্থনার জন্য প্রতিদিন কিছু সময় আলাদা বা সরিয়ে রাখার সিদ্ধান্ত নিল'। তাই সঠিক উত্তর হলো অপশন (d)। অন্যদিকে set on অর্থ হঠাৎ করেই আক্রমণ করা, set up অর্থ স্থাপন করা বা কোনো কিছু শুরু করতে সহায়তা করা এবং set by অর্থ জমিয়ে রাখা।

২১. What is the antonym of the word 'Apposite'?
ⓐ Parallel ⓑ Synonymous
ⓒ Hostile ⓓ Inappropriate

ব্যাখ্যা Apposite (যথোপযুক্ত, প্রাসঙ্গিক)-এর antonym হলো inappropriate (অপ্রাসঙ্গিক)। অন্যদিকে parallel অর্থ সমান্তরাল, synonymous অর্থ সমার্থক এবং hostile অর্থ প্রতিকূল, শত্রুতাপূর্ণ।

২২. When one is pragmatic, he is being ..... . (what is the meaning of the word pragmatic)
ⓐ Wasteful ⓑ Productive ⓒ Practical ⓓ Spiritual

ব্যাখ্যা Pragmatic (বাস্তবিক)-এর সমার্থক শব্দ practical (বাস্তবিক, ব্যবহারিক)। অন্যদিকে wasteful, productive এবং spiritual-এর অর্থ যথাক্রমে অপব্যয়ী, উৎপাদনশীল এবং আধ্যাত্মিক/আত্মিক ইত্যাদি।

২৩. What is the verb of the word 'Peace'?
ⓐ Impeach ⓑ Peace-loving
ⓒ Pacify ⓓ Peaceful

ব্যাখ্যা Peace (শান্তি) শব্দটি noun-এর verb form হলো pacify (শান্ত করা, সান্ত্বনা দেওয়া)। অন্যদিকে impeach অর্থ আরোপ করা, peace loving অর্থ শান্তি প্রিয় এবং peaceful অর্থ শান্তিপূর্ণ।

২৪. Identify the adjective of the word 'community'.
ⓐ Common ⓑ Communal
ⓒ Committee ⓓ Communication

ব্যাখ্যা Community (সম্প্রদায়)-এর adjective form হবে communal (সাম্প্রদায়িক)। অন্যদিকে, common (সাধারণ) হলো commonality (জনসাধারণ)-এর adjective form। আর committee ও communication শব্দদ্বয় noun।

২৫. We want to take legal action against the hoodhan. (Here in this sentence 'to' is a/an—)
ⓐ Adverb ⓑ Infinitive maker
ⓒ Preposition ⓓ Conjunction

উত্তর	
১৪	ক
১৫	ঘ
১৬	d
১৭	c
১৮	c
১৯	c
২০	d
২১	d
২২	c
২৩	c
২৪	b
২৫	b

ব্যাখ্যা To + verb-এর base form অর্থাৎ verb-এর present form-এর পূর্বে to বসিয়ে infinitive গঠন করা হয়। এজন্য to কে infinitive maker বলা হয়। প্রদত্ত sentenceটির 'to' হলো infinitive maker।

২৬. 'We made her recite a poem'. (Which is the passive form of the sentence?)
ⓐ She was made to recite a poem.
ⓑ She was made recite a poem.
ⓒ A poem was made to be recited.
ⓓ A poem was made recite by her.

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটির মধ্যে causative verb হিসেবে made রয়েছে তাই এটি passive করতে হলে made verb-এর object-এর subjective form আগে বসাতে হবে। অর্থাৎ her-এর subj form + be verb (was) + v_3 + to + v_1 (causative verb made থাকায়) + বাকি অংশ।

২৭. Although he is poor, he is lazy. (Make simple sentence)
ⓐ In spite of his poverty, he is lazy.
ⓑ Despite his laziness, he is poor.
ⓒ Despite he is poor, he is lazy.
ⓓ In spite of having poor, he is lazy.

ব্যাখ্যা বাক্যে though, although থাকলে বাক্যটি complex sentence। এটিকে simple-এ রূপান্তরিত করতে হলে though, although-এর পরিবর্তে in spite of/despite + ব্যক্তিবাচক subject-এর possessive form + nounটির adjective form + কমার পরের বাকি অংশ বসিয়ে simple sentence করতে হবে। অপশন (a) সঠিক উত্তর।

২৮. Kamal said to me, 'What is your name?' (What is the indirect form of the sentence?)
ⓐ Kamal asked what was my name
ⓑ Kamal asked me my name.
ⓒ What my name is, Kamal asked.
ⓓ Kamal asked me what my name was.

ব্যাখ্যা Interrogative sentence-এর indirect narration করতে হলে প্রথমেই মনে রাখতে হবে যে, indirect narration-এ interrogative sentence আর interrogative থাকে না এটা assertive হয়ে যায় এবং WH থাকলে embedded question-এ হয়ে যায়। Embeded question হলো question-এর ভিতরে question। যেমন : Do you know where he lives (Where does he live হবে না)। কারণ ১ম question-এর পরে ২য় question interrogative form-এ হবে না। সেই হিসেবে অপশন (d) সঠিক উত্তর।

২৯. তুমি কার সাথে কথা বলছ? What is the translation of the sentence—
ⓐ Whom are you speaking?
ⓑ Whom are you speaking to?
ⓒ Whom are you speaking with?
ⓓ Who are speaking with you?

ব্যাখ্যা কোনো ব্যক্তির সাথে বুঝাতে preposition হিসেবে with বসে। যেমন— তুমি কার সাথে কথা বলছ? whom are you speaking with?

৩০. What is the correct passive form of the sentence 'I have to do it'?
ⓐ It has to be done with me.
ⓑ It has to be done by me.
ⓒ Let it be done by me.
ⓓ It will have to be done by me.

ব্যাখ্যা Have to, has to, had to, will, can, could ইত্যাদি হলো modal verb। Modal verb যুক্ত বাক্যের passive করতে হলে প্রথমেই obj আসবে sub রূপে + modal verb + be + v_3 + by+ sub আসবে obj রূপে। তাই অপশন

(b) $\frac{\text{It}}{\text{sub}}$ $\frac{\text{has to}}{\text{model}}$ $\frac{\text{be}}{\text{be}}$ $\frac{\text{done}}{v_3}$ $\frac{\text{by}}{\text{by}}$ $\frac{\text{me}}{\text{obj}}$ সঠিক উত্তর।

৩১. Honorable prime Minister Sheikh Hasina, ..., is now staying in Scotland for COP26. (Use appositive from below)
ⓐ Currently
ⓑ daughter of the Father of the Nation
ⓒ In official tour ⓓ None of the above.

ব্যাখ্যা শূন্যস্থানের পর দেখা যাচ্ছে verb হিসেবে is রয়েছে অর্থাৎ verb singular এবং এর sub হলো Sheikh Hasina। তাই কমার পরে Sheikh Hasina-এর আরও একটা পরিচয় দরকার যা অপশন (b)-তে রয়েছে।

৩২. Bangabandhu expressed his utmost gratitude to the UN for standing beside the war-ravaged country. The meaning of the underline phrase is—
ⓐ Attracted by the war ⓑ Disturbed by the war
ⓒ Developed by the war ⓓ Damaged by the war

ব্যাখ্যা War-ravaged (যুদ্ধ-বিধ্বস্ত) বলতে damaged by the war কে বুঝানো হয়েছে। তাই অপশন (d) সঠিক উত্তর।

৩৩. The Sun .... about 10 million times the energy which human consumes across the world daily. (Fill in the gap with appropriate word given below)
ⓐ absorbs ⓑ radiates ⓒ reflects ⓓ affects

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটির subj হলো সূর্য, the sun যেটার সাথে radiate (কিরণ দেওয়া) শব্দটি appropriate। তাছাড়া absorb (শোষণ করা), reflect (প্রতিফলিত করা) এবং affect (প্রভাবিত করা) শব্দগুলো এখানে উপযুক্ত নয়।

৩৪. It never ..... my mind that Bangladesh might lose in the game. (Fill in the gap with word from below)
ⓐ Cross ⓑ crossing ⓒ dreamt ⓓ crossed

ব্যাখ্যা Cross someone's mind একটি idiom যার অর্থ মনে হওয়া বা মনে মনে ভাবা, কল্পনা ইত্যাদি। যেমন—It never crossed my mind that Bangladesh might lose in the game অর্থাৎ আমার এটা মনেই হয় নাই যে, বাংলাদেশ এই খেলায় হারতে পারে।

উত্তর	
২৬	a
২৭	a
২৮	d
২৯	c
৩০	b
৩১	b
৩২	d
৩৩	b
৩৪	d

CamScanner

৩৫. Choose the correct sentence from the following sentences—
ⓐ He fell down while he walked.
ⓑ He fell down while he was walking.
ⓒ He fell down while he walking.
ⓓ He fell down when he walks.
ব্যাখ্যা While-এর আগের অংশ past indefinite হলে, পরের অংশ past continuous হয়। তাই অপশন (b) সঠিক উত্তর।

৩৬. She does not know what I want. (What type of clause is the underlined part?)
ⓐ Subordinate clause ⓑ Adjective clause
ⓒ Adverbial clause ⓓ Noun clause
ব্যাখ্যা বাক্যে কোনো clause যদি noun-এর অবস্থানে বসে তবে এটি noun clause। প্রদত্ত বাক্যে 'she' হলো sub, 'does not know' হলো verb এবং 'what I want' হলো object। আর object সবসময় noun। তাই অপশন (d) সঠিক।

৩৭. He whom you call uncle has died. The under lined part is a/an—
ⓐ Adjective clause ⓑ Noun clause
ⓒ adverbial clause ⓓ co-ordinate clause
ব্যাখ্যা বাক্যে কোনো clause যদি noun বা pronoun-এর অবস্থান নির্দেশ করে তাহলে এটি adjective clause। 'Whom you call uncle' অংশটি 'he' কে modify করতেছে। তাই অপশন (a) সঠিক।

৩৮. Which one is a complex sentence?
ⓐ The water being hot, I could not drink.
ⓑ Since the water is hot, I cannot drink it.
ⓒ Having reached in London, He will attend the COP26
ⓓ Being very poor, Jim buy a gift for his wife.
ব্যাখ্যা Since, who, which, where, that ইত্যাদি যুক্ত বাক্য complex sentence। অন্যদিকে v + ing + adj + কমা + পূর্ণাঙ্গ একটি বাক্য হলো simple sentence।

৩৯. The word 'adore' means—
ⓐ glowing ⓑ reward
ⓒ love dearly ⓓ support strongly
ব্যাখ্যা Adore-(আদর করা, ভালোবাসা)-এর meaning হবে love dearly। অন্যদিকে glowing, reward এবং support strangly-এর অর্থ যথাক্রমে প্রদীপ্ত, পুরস্কার এবং ভালোভাবে সমর্থন দেয়া।

৪০. The adjective of Imitate is—
ⓐ Imitation ⓑ Imitator
ⓒ Imitative ⓓ Imitating
ব্যাখ্যা Imitate (অনুকরণ করা)-এর adjective form হলো imitative (অনুকরণমূলক, অনুকরণীয়)। তাছাড়া imitation, Imitator, imitating হলো noun form।

৪১. বাংলাদেশের গ্রামের সংখ্যা কত?
ⓚ ৬৮৫৭০টি ⓛ ৭৫৪৩৫টি
ⓜ ৮৭২২৮টি ⓝ ৯০২৩৪টি
[Note: পঞ্চম আদমশুমারি ২০১১ অনুযায়ী বাংলাদেশে মোট গ্রামের সংখ্যা ৮৭,১৯১টি। উল্লেখ্য, এশিয়ার বৃহত্তম গ্রাম বানিয়াচং (হবিগঞ্জ জেলায় অবস্থিত)]

৪২. বর্তমানে বাংলাদেশের জনগণের মাথাপিছু জাতীয় আয়—
ⓚ ১,৯৫৩ ডলার ⓛ ২,১৫৭ ডলার
ⓜ ২,২২৭ ডলার ⓝ ২,৩৭৩ ডলার
ব্যাখ্যা বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২২ অনুযায়ী ২০২১-২২ (সাময়িক) অর্থবছরে বাংলাদেশের জনগণের গড় মাথাপিছু জাতীয় আয় ২,৮২৪ মার্কিন ডলার।

৪৩. স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের জন্য বাংলাদেশ চূড়ান্ত সুপারিশ লাভ করে কোন তারিখে?
ⓚ ১৮ মার্চ ২০২১ ⓛ ৩১ জানুয়ারি ২০২১
ⓜ ১৮ এপ্রিল ২০২১ ⓝ ২৬ ফেব্রুয়ারি ২০২১
ব্যাখ্যা জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (CDP) কর্তৃক বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের সুপারিশ লাভ করে ২৬ ফেব্রুয়ারি ২০২১। প্রথা অনুযায়ী ২০২৪ সালে বাংলাদেশ উন্নয়নশীল দেশে উত্তরণের কথা থাকলেও বাংলাদেশকে ২০২২ থেকে ২০২৬ সাল পর্যন্ত প্রস্তুতিকালীন সময় প্রদান করা হয়। প্রস্তুতিকালীন সময় শেষে ২০২৬ সালে বাংলাদেশের উন্নয়নশীল দেশে আনুষ্ঠানিকভাবে উত্তরণ ঘটবে।

৪৪. বিবিএস পরিচালিত HIES ২০১৬ মোতাবেক পল্লী এলাকায় অতিদারিদ্র্যের হার—
ⓚ ১৩.৭% ⓛ ১৪.৯%
ⓜ ১৮.০৬% ⓝ ২৬.০৪%
ব্যাখ্যা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিচালিত Household Income and Expenditure Survey (HIES) ২০১৬ মোতাবেক পল্লী এলাকায় অতিদারিদ্র্যের হার ১৪.৯%। উল্লেখ্য, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুসারে বাংলাদেশে বর্তমানে দারিদ্র্যের হার ২০.৫% এবং চরম দারিদ্র্যের হার ১০.৫%।

৪৫. ১৯৯৫ সালে ১ম COP সম্মেলন অনুষ্ঠিত হয় কোন শহরে?
ⓚ ফ্রান্সের প্যারিস ⓛ জার্মানির বার্লিন
ⓜ যুক্তরাজ্যের গ্লাসগো ⓝ নেদারল্যান্ডের হেগ
ব্যাখ্যা ১৯৯৫ সালের মার্চে ১ম Conference of the parties (COP) সম্মেলন অনুষ্ঠিত হয় জার্মানির বার্লিন শহরে। সর্বশেষ ২৭তম সম্মেলন মিশরের শারম আল শেখ নগরীতে অনুষ্ঠিত হয় ০৬ -২০ নভেম্বর ২০২২।

উত্তর

৩৫	b
৩৬	d
৩৭	a
৩৮	b
৩৯	c
৪০	c
৪১	Note
৪২	গ
৪৩	ঘ
৪৪	খ
৪৫	খ

৪৬. নিচের কোনটি চতুর্থ শিল্প বিপ্লবের অংশ?
ⓚ শিল্পোৎপাদনে স্টীম ইঞ্জিনের ব্যবহার
ⓛ IOT Sensor-এর ব্যবহার
ⓜ ইলেক্ট্রিসিটি চালিত মেট্রোরেল ব্যবস্থা চালুকরণ
ⓝ ইন্টারনেট প্রযুক্তির ব্যবহার
ব্যাখ্যা চলমান চতুর্থ শিল্প বিপ্লবের ভিত্তি হলো তথ্য ও প্রযুক্তি। চতুর্থ শিল্প বিপ্লবের অংশ হলো Internet of Things (IOT) sensor-এর ব্যবহার। ক্ষুদ্র ও শক্তিশালী সেন্সর, মোবাইল ইন্টারনেট, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স বা মেশিন লার্নিং চতুর্থ শিল্প বিপ্লবের ভরশক্তি। এ বিপ্লবে মেশিনকে বুদ্ধিমান করে তৈরি করা হচ্ছে। মূলত ইন্টারনেট অব থিংস (IOT), কৃত্রিম বুদ্ধিমত্তা ও মেশিন লার্নিং, রোবোটিক্স, অটোমেশন, ব্লকচেইন প্রযুক্তি, থ্রিডি প্রিন্টিং, কোয়ান্টাম কম্পিউটিং, জিন প্রযুক্তি ও প্রকৌশল ইত্যাদির সমন্বয়ে আজকের বিশ্বে যে পরিবর্তন প্রত্যক্ষ করছি তাই চতুর্থ শিল্প বিপ্লব।

৪৭. 'Leave no one behind'– বক্তব্যটি—
ⓚ বিশ্ব খাদ্য দিবস ২০২১ এর প্রতিপাদ্য বিষয়
ⓛ MDGs-এর একটি লক্ষ্য
ⓜ SDGs এর একটি অঙ্গীকার
ⓝ বাংলাদেশের সংবিধানের একটি ধারার শিরোনাম
ব্যাখ্যা 'Leave no one behind' (কেউ পিছিয়ে থাকবে না) বক্তব্যটি হলো Sustainable Development Goals (SDGs)-এর একটি অঙ্গীকার। SDGs হলো সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য MDG'র মতো জাতিসংঘ কর্তৃক গৃহীত আরেকটি উন্নয়ন পরিকল্পনা, যা ২০১৫ সালের পর এমডিজি'র স্থলে প্রতিস্থাপিত হয়। ১ জানুয়ারি ২০১৬ থেকে এসডিজি'র বাস্তবায়ন শুরু হয় এবং তা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২০৩০ সাল। এ কর্মসূচির আওতায় ১৭টি লক্ষ্য (Goal) এবং ১৬৯টি সুনির্দিষ্ট উদ্দেশ্য (Target) রয়েছে।

৪৮. CIRDAP প্রতিষ্ঠিত হয়—
ⓚ ১৯৭২ সালে ⓛ ১৯৭৯ সালে
ⓜ ১৯৮৫ সালে ⓝ ১৯৮৭ সালে
ব্যাখ্যা খাদ্য ও কৃষি সংস্থার (FAO) উদ্যোগে ৬ জুলাই ১৯৭৯ সিরডাপ প্রতিষ্ঠিত হয়। CIRDAP-এর পূর্ণরূপ– Centre on Integrated Rural Development for Asia and the Pacific। সংস্থাটির সদর দপ্তর ঢাকায় সুপ্রিম কোর্টের সম্মুখে চামেলী হাউসে অবস্থিত।

৪৯. CIRDAP-এর সদস্য সংখ্যা—
ⓚ ১০ ⓛ ১৫ ⓜ ১৭ ⓝ ১৯
ব্যাখ্যা এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের পল্লীর জনগণের দারিদ্র্য বিমোচন ও ভাগ্যোন্নয়নের লক্ষ্যে সিরডাপ (CIRDAP) প্রতিষ্ঠিত হয় ৬ জুলাই ১৯৭৯। এর সদস্য সংখ্যা ১৫টি। সদস্য দেশগুলো হলো- বাংলাদেশ, ভারত, ইন্দোনেশিয়া, শ্রীলংকা, নেপাল, থাইল্যান্ড, ভিয়েতনাম, ফিলিপাইন, পাকিস্তান, ইরান, লাওস, মালয়েশিয়া, মিয়ানমার ও ফিজি।

৫০. Palma ratio কি?
ⓚ inflation পরিমাপের সূচক ⓛ কর্মসংস্থানের হার পরিমাপের সূচক
ⓜ আয় বৈষম্য পরিমাপের সূচক ⓝ Ease of Doing Business
ব্যাখ্যা আয় বৈষম্য পরিমাপের একটি গ্রহণযোগ্য মাধ্যম হলো 'পালমা অনুপাত' (Palma ratio)। 'পালমা অনুপাত' হলো জনসংখ্যার সবচেয়ে ধনী ১০ শতাংশের দেশের মোট আয়ের শেয়ার ও সবচেয়ে নিচের ৪০ শতাংশের মোট আয়ের শেয়ারের অনুপাত। আয় বৈষম্য পরিমাপের আরেকটি গ্রহণযোগ্য মাধ্যম হলো জিনি সহগ (Gini index)। জিনি সহগের মান কম হলে তা অপেক্ষাকৃত বেশি আয় সমতা বোঝায় আর জিনি সহগের মান বেশি হলে তা কম আয় সমতা বোঝায়।

৫১. 'একটি বাড়ি একটি খামার'-কার চিন্তা প্রসূত প্রকল্প?
ⓚ জনাব ফজলে হাসান আবেদ
ⓛ ড. মুহাম্মদ ইউনূস
ⓜ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা
ⓝ ড. আখতার হামিদ
ব্যাখ্যা 'একটি বাড়ি, একটি খামার'- প্রকল্প বাংলাদেশ সরকারের গৃহীত সমবায় সমিতিভিত্তিক একটি দীর্ঘমেয়াদি সামাজিক পরিকল্পনা। এটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিন্তা প্রসূত প্রকল্প। এ প্রকল্পের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানোর উদ্যোগ নেয়া হয়েছে। দারিদ্র্য বিমোচনে ২০০৯ সালে শুরু হওয়া প্রকল্পটি ২০১৪ সালের জুনে শেষ হওয়ার কথা থাকলেও তা এখনও চলমান রয়েছে। প্রকল্পটির বর্তমান নাম 'আমার বাড়ি, আমার খামার'।

৫২. রূপকল্প ২০২১-৪১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ উচ্চ মধ্যম আয়ের দেশে পরিণত হবে—
ⓚ ২০২৭ সালে ⓛ ২০৩১ সালে ⓜ ২০৩৭ সালে ⓝ ২০৪১ সালে
ব্যাখ্যা রূপকল্প ২০২১-এর সাফল্যের ধারাবাহিকতার আওতায় রূপকল্প ২০৪১ গ্রহণ করা হয়। রূপকল্প ২০২১-৪১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ ২০৩১ সালে উচ্চ মধ্যম আয়ের দেশে পরিণত হবে। ২০৩১ সালের মধ্যে বাংলাদেশ থেকে চরম দারিদ্র্যের অবসানের কথাও উল্লেখ রয়েছে রূপকল্প ২০৪১-এ। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ থেকে দারিদ্র্যের অবলুপ্তিসহ উচ্চ আয়ের উন্নত দেশে আসীন হওয়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে এ রূপকল্পে।

৫৩. পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া প্রতিষ্ঠিত হয়—
ⓚ ১৯৭৪ সালে ⓛ ১৯৭৮ সালে
ⓜ ১৯৮২ সালে ⓝ ১৯৮৬ সালে
ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐকান্তিক প্রচেষ্টায় ১৯৭৪ সালে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়ায় প্রতিষ্ঠিত হয়। এটি প্রতিষ্ঠার জন্য বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় ২.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। পরবর্তীতে ১৯৯০ সালের ১০ নং আইনের দ্বারা পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া একটি জাতীয় প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি লাভ করে। একাডেমীর মূল দায়িত্ব প্রশিক্ষণ, গবেষণা, প্রায়োগিক পরিচালনা ও পরামর্শ সেবা প্রদান করা।

উত্তর

৪৬	খ
৪৭	গ
৪৮	খ
৪৯	খ
৫০	গ
৫১	গ
৫২	খ
৫৩	ক

CamScanner

৫৪. বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর প্রধান লক্ষ্য হলো—
ক ঘরে ঘরে কর্মসংস্থানের ব্যবস্থা করা
খ আধুনিক সড়ক যোগাযোগ নেটওয়ার্ক প্রতিষ্ঠা
গ জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা
ঘ সর্বত্র বিদ্যুতায়ন করা

ব্যাখ্যা জলবায়ু পরিবর্তনের ঝুঁকি ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করা বাংলাদেশের জন্য বড় চ্যালেঞ্জ। এ বাস্তবতায় পানি ব্যবস্থাপনা, কৃষি, মৎস্য, খাদ্য নিরাপত্তা, শিল্প, বনায়নসহ সংশ্লিষ্ট সব বিষয় বিবেচনায় রেখে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা করে দেশকে কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায়, তার সমন্বিত পরিকল্পনা হচ্ছে বাংলাদেশ ডেল্টা প্ল্যান বা বদ্বীপ পরিকল্পনা ২১০০। এ পরিকল্পনার প্রধান লক্ষ্য হলো জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা করা।

৫৫. স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের ব্যাপারে সুপারিশ দানকারী প্রতিষ্ঠান হলো—
ক CDP খ WB গ UNICEF ঘ IMF

ব্যাখ্যা স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের ব্যাপারে সুপারিশ দানকারী প্রতিষ্ঠান হলো জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (CDP)। ২২-২৬ ফেব্রুয়ারি ২০২১ জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (CDP) এর ত্রি-বার্ষিক পর্যালোচনায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের চূড়ান্ত সুপারিশ লাভ করে। উল্লেখ্য, বিশ্বব্যাংক বাংলাদেশকে নিম্ন মধ্যম আয়ের দেশের তালিকায় অন্তর্ভুক্ত করে ১ জুলাই ২০১৫।

৫৬. কোন সাল থেকে সারা বিশ্বে ২১শে ফেব্রুয়ারি দিনটি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হয়ে আসছে?
ক ১৯৯৭ খ ১৯৯৮ গ ১৯৯৯ ঘ ২০০০

ব্যাখ্যা ২০০০ সাল থেকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' পালিত হচ্ছে। উল্লেখ্য, ১৭ নভেম্বর ১৯৯৯ ফ্রান্সের রাজধানী প্যারিসে ইউনেস্কোর ৩০তম অধিবেশনে এবং নির্বাহী পরিষদের ১৫৭তম অধিবেশনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়া হয়।

৫৭. বাংলাদেশে পল্লী উন্নয়ন একাডেমী কয়টি?
ক ৫টি খ ২টি গ ৩টি ঘ ৭টি

ব্যাখ্যা বাংলাদেশে পল্লী উন্নয়ন একাডেমী ২টি। এগুলো হলো কুমিল্লায় বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (BARD) ও বগুড়ায় পল্লী উন্নয়ন একাডেমী (RDA)। বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) ১৯৫৯ সালের ২৭ মে পল্লী উন্নয়নের ক্ষেত্রে একটি প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা পরিচালনাকারী প্রতিষ্ঠান হিসেবে যাত্রা শুরু করে। এটির প্রতিষ্ঠাতা পরিচালক ড. আখতার হামিদ খান। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐকান্তিক প্রচেষ্টায় ১৯৭৪ সালে পল্লী উন্নয়ন একাডেমী (RDA) বগুড়ায় প্রতিষ্ঠিত হয়। বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (BAPARD) প্রতিষ্ঠিত হয় ১৬ নভেম্বর ২০১১।

৫৮. বাংলাদেশের জাতীয় বৃক্ষ কোনটি?
ক জাম খ আম
গ কাঁঠাল ঘ লিচু

ব্যাখ্যা ১৫ নভেম্বর ২০১০ আম গাছকে জাতীয় বৃক্ষ হিসেবে ঘোষণা করা হয়। উল্লেখ্য, বাংলাদেশের জাতীয় ফুল ও ফল যথাক্রমে শাপলা ও কাঁঠাল। বাংলাদেশের জাতীয় পশু ও পাখি যথাক্রমে রয়েল বেঙ্গল টাইগার ও দোয়েল। বাংলাদেশের জাতীয় মাছ ইলিশ।

৫৯. বঙ্গবন্ধু জন্মগ্রহণ করেন—
ক ১৬ মার্চ ১৯২০ খ ১৭ মার্চ ১৯২০
গ ১৮ মার্চ ১৯২০ ঘ ১৯ মার্চ ১৯২০

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ (৪ চৈত্র ১৩২৬) বুধবার গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ১৯৯৬ সাল থেকে তার জন্মদিন ১৭ মার্চকে জাতীয় শিশু দিবস হিসেবে পালনের ঘোষণা দেয়া হয়।

৬০. SDG-এর টার্গেট কয়টি?
ক ১৭৯টি খ ১৫৯টি
গ ১৫৮টি ঘ ১৬৯টি

ব্যাখ্যা Sustainable Development Goals (SDGs) বা টেকসই উন্নয়ন লক্ষ্য এর আওতায় ১৭টি লক্ষ্য (Goal) এবং ১৬৯টি সুনির্দিষ্ট উদ্দেশ্য (Target) রয়েছে। এটি সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য MDG'র মতো জাতিসংঘ কর্তৃক গৃহীত আরেকটি উন্নয়ন পরিকল্পনা, যা ২০১৫ সালের পর এমডিজি'র স্থলে প্রতিস্থাপিত হয়। ১ জানুয়ারি ২০১৬ থেকে এসডিজি'র বাস্তবায়ন শুরু হয় এবং তা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২০৩০ সাল।

৬১. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত কি. মি.?
ক ৬.২৫ কি.মি. খ ৬.১৫ কি.মি.
গ ৫.৫৫ কি.মি. ঘ ৬.৫৫ কি.মি.

ব্যাখ্যা পদ্মা সেতুর মোট দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ৬.১৫ কিমি ও ১৮.১০ মি.। পানির স্তর থেকে সেতুটির মোট উচ্চতা ৬০ ফুট। সেতুটির দুই প্রান্তের সংযোগ স্থান মাওয়া (লৌহজং, মুন্সিগঞ্জ) এবং জাজিরা (শরীয়তপুর)। সেতু নির্মাণকারী প্রতিষ্ঠান হলো চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লি. (চীন)। এটির আয়ুষ্কাল ১০০ বছর।

৬২. সোমপুর বিহার কোন জেলায় অবস্থিত?
ক জয়পুরহাট খ নওগাঁ
গ বগুড়া ঘ কুমিল্লা

ব্যাখ্যা বৌদ্ধ সভ্যতার সর্বশ্রেষ্ঠ নিদর্শন সোমপুর বিহার বা পাহাড়পুর বৌদ্ধ বিহার নওগাঁ জেলার পাহাড়পুরে অবস্থিত। অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকে পালবংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপাল দেব এটি নির্মাণ করেন। ১৮৭৯ সালে স্যার কানিংহাম এ বিশাল কীর্তি আবিষ্কার করেন। ১৯৮৫ সালে ইউনেস্কো এটিকে বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়।

উত্তর	
৫৪	গ
৫৫	ক
৫৬	ঘ
৫৭	খ
৫৮	খ
৫৯	খ
৬০	ঘ
৬১	খ
৬২	খ

৬৩. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?
ক ছোট যমুনা খ করতোয়া
গ নাগর নদী ঘ বাঙালী নদী

ব্যাখ্যা বাংলাদেশের প্রাচীনতম শহরের নাম পুণ্ড্রবর্ধন। প্রাচীন এই জনপদটির বর্তমান নাম মহাস্থানগড়। এটি বগুড়া জেলার করতোয়া নদীর তীরে অবস্থিত। খোদাই পাথর ভিটা, বৈরাগীর ভিটা এবং পরশুরামের প্রাসাদ অবস্থিত মহাস্থানগড়ে।

৬৪. ব্লু ইকোনমি কোন বিষয়ের সাথে সম্পর্কিত?
ক সবুজ অর্থনীতি খ সবুজ বিপ্লব
গ নীল অর্থনীতি ঘ সমুদ্র অর্থনীতি

ব্যাখ্যা 'ব্লু ইকোনমি' (Blue Economy)-এর প্রচলিত বাংলা প্রতিশব্দ সমুদ্র অর্থনীতি। অন্য কথায়, সমুদ্রের জলরাশি, সমুদ্র সম্পদ ও সমুদ্রকে ঘিরে গড়ে ওঠা অর্থনীতিকে বলা হয় 'ব্লু ইকোনমি' বা সমুদ্র অর্থনীতি। উল্লেখ্য, ১৯৯৪ সালে অধ্যাপক গুন্টার পাউলি ভবিষ্যৎ অর্থনীতির রূপরেখা প্রণয়নে একটি টেকসই ও পরিবেশবান্ধব মডেল হিসেবে সমুদ্র অর্থনীতির ধারণা প্রদান করেন।

৬৫. পদ্মা সেতুতে কতটি স্প্যান আছে?
ক ৪২টি খ ৪১টি গ ৪৩টি ঘ ৪০টি

ব্যাখ্যা পদ্মা সেতুর মোট স্প্যান সংখ্যা ৪১টি। প্রতিটি স্প্যানের দৈর্ঘ্য ১৫০ মিটার। ৩৭ ও ৩৮ নং পিলারের উপর পদ্মা সেতুর প্রথম স্প্যান বসানো হয় ৩০ সেপ্টেম্বর ২০১৭। ১২ ও ১৩ নং পিলারের উপর পদ্মা সেতুর সর্বশেষ বা ৪১তম স্প্যান বসানো হয় ১০ ডিসেম্বর ২০২০। উল্লেখ্য, ৪ লেন বিশিষ্ট পদ্মা সেতুর পিলার সংখ্যা ৪২টি এবং পাইল সংখ্যা ২৯৪টি।

৬৬. ০১.×০.০১×০.০০১ = কত?
ক ০.১১১ খ ০.০০০১১
গ ০.০০০০০১ ঘ ০.০০১০০

ব্যাখ্যা ০.১×০.০১×০.০০১
= ০.০০০০০১

৬৭. সেট প্রকাশের পদ্ধতি কয়টি?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

ব্যাখ্যা আমরা জানি, সেট প্রকাশের পদ্ধতি ২টি।
যথা : (i) সেট গঠন পদ্ধতি;
(ii) তালিকা পদ্ধতি।

৬৮. টাকায় ৫টি করে কলা ক্রয় করে টাকায় ৪টি করে বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হয়?
ক লাভ ২০% খ লাভ ২৫% গ ক্ষতি ২০% ঘ ক্ষতি ২৫%

ব্যাখ্যা ৫টি কলার ক্রয়মূল্য ১ টাকা

১টি " " $\frac{১}{৫}$ টাকা

৪টি কলার বিক্রয়মূল্য ১ টাকা

১টি " " $\frac{১}{৪}$ টাকা

∵ বিক্রয়মূল্য > ক্রয়মূল্য তাই লাভ হবে।

∴ লাভ $= \left(\frac{১}{৪} - \frac{১}{৫}\right)$ টাকা

$= \left(\frac{৫-৪}{২০}\right)$ "

$= \frac{১}{২০}$ টাকা

সুতরাং শতকরা লাভ $= \frac{\frac{১}{২০}}{\frac{১}{৫}} \times ১০০\%$

$= \frac{১}{২০} \times \frac{৫}{১} \times ১০০\%$

$= ২৫\%$

Shortcut :

শতকরা লাভ $= \frac{৫-৪}{৪} \times ১০০\%$

$= \frac{১}{৪} \times ১০০\%$

$= ২৫\%$।

৬৯. ১ থেকে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যার গড় কত?
ক ২৩ খ ২৫ গ ২৬ ঘ ২৭

ব্যাখ্যা আমরা জানি,

n সংখ্যক ক্রমিক সংখ্যার গড় $= \frac{n(n+১)}{২n}$

১ থেকে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যার গড় $= \frac{৪৯(৪৯+১)}{২ \times ৪৯}$

$= \frac{৫০}{২}$

$= ২৫$।

৭০. চারটি সমান বাহু দ্বারা সীমাবদ্ধ একটি ক্ষেত্র যার একটি কোণও সমকোণ নয়, এরূপ চিত্রকে বলা হয়—
ক সামান্তরিক খ ট্রাপিজিয়াম
গ রম্বস ঘ বর্গক্ষেত্র

ব্যাখ্যা আমরা জানি, চারটি সমান বাহু দ্বারা সীমাবদ্ধ একটি ক্ষেত্র যার একটি কোণও সমকোণ নয়, এরূপ চিত্রকে বলা হয় রম্বস।

৭১. কোনো সামান্তরিকের একটি কোণ সমকোণ হলে এটা একটি—
ক আয়তক্ষেত্র খ বর্গক্ষেত্র গ রম্বস ঘ ট্রাপিজিয়াম

ব্যাখ্যা আমরা জানি, কোনো সামান্তরিকের একটি কোণ সমকোণ হলে এটা একটি আয়তক্ষেত্র।

৭২. পিতা-পুত্রের বয়সের সমষ্টি ৮০ বছর। পিতার বয়স পুত্রের বয়সের তিন গুণ হলে পুত্রের বয়স কত?
ক ৪০ বছর খ ৫০ বছর
গ ২০ বছর ঘ ৩০ বছর

ব্যাখ্যা মনে করি, পুত্রের বয়স x বছর
এবং পিতার বয়স $৩x$ বছর

উত্তর	
৬৩	খ
৬৪	ঘ
৬৫	খ
৬৬	গ
৬৭	ক
৬৮	খ
৬৯	খ
৭০	গ
৭১	ক
৭২	গ

CamScanner

প্রশ্নমতে, $3x + x = 80$
$\Rightarrow 8x = 80$
$\therefore x = 20$
সুতরাং পুত্রের বয়স ২০ বছর।

৭৩. $2a^2 - 4ab + 4b^2$ রাশিটির সাথে কত যোগ বা বিয়োগ করলে রাশিটি একটি পূর্ণ বর্গ হবে?
ক $2a^2$ যোগ করলে খ $2b^2$ বিয়োগ করলে
গ a^2 বিয়োগ করলে ঘ $2ab$ যোগ করলে

ব্যাখ্যা প্রদত্ত রাশি : $2a^2 - 4ab + 4b^2$
$= a^2 - 2.a.2b + (2b)^2 + a^2$
$= (a - 2b)^2 + a^2$
সুতরাং $2a^2 - 4ab + 4b^2$ রাশিটির সাথে a^2 বিয়োগ করলে রাশিটি একটি পূর্ণ বর্গ হবে।

৭৪. ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪, ... ধারাটির পরবর্তী সংখ্যাটি কত?
ক ৫৫ খ ৪০ গ ৬৮ ঘ ৮৯

ব্যাখ্যা প্রদত্ত ধারা : ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪, ...
এটি একটি ফিবোনাক্কি ধারা। তাই আগের দুই সংখ্যার যোগফল হবে পরবর্তী সংখ্যা এবং এভাবে ক্রমবর্ধমান।
$\therefore$ নির্ণেয় সংখ্যা = ২১ + ৩৪ = ৫৫।

৭৫. কোনো বৃত্তের বৃত্তস্থ কোণের পরিমাপ ৬০° হলে কেন্দ্রস্থ কোণের পরিমাপ হবে—
ক ৩০° খ ৯০° গ ১২০° ঘ ১৫০°

ব্যাখ্যা আমরা জানি, একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।
$\therefore$ বৃত্তের বৃত্তস্থ কোণের পরিমাপ ৬০° হলে কেন্দ্রস্থ কোণের পরিমাপ হবে ($60° \times 2$) বা ১২০°।

৭৬. x একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা হলে, ১ থেকে ১০০ এর মধ্যে $x^3 + 1$ আকারের কয়টি মৌলিক সংখ্যা আছে?
ক ৪টি খ ৬টি গ ৭টি ঘ ৫টি

ব্যাখ্যা দেওয়া আছে, $x^3 + 1$ আকারে ১ থেকে ১০০ এর মধ্যে যতগুলো মৌলিক সংখ্যা পাওয়া যায়। নিচে তা দেখানো হলো :
$x = 1$ হলে, $1^3 + 1 = 1 + 1 = 2$; যা মৌলিক
$x = 2$ হলে, $2^3 + 1 = 8 + 1 = 5$; যা মৌলিক
$x = 3$ হলে, $3^3 + 1 = 9 + 1 = 10$; যা মৌলিক নয়
$x = 4$ হলে, $4^3 + 1 = 16 + 1 = 17$; যা মৌলিক
$x = 5$ হলে, $5^3 + 1 = 25 + 1 = 26$; যা মৌলিক নয়
$x = 6$ হলে, $6^3 + 1 = 36 + 1 = 37$; যা মৌলিক
$x = 7$ হলে, $7^3 + 1 = 89 + 1 = 50$; যা মৌলিক নয়
$x = 8$ হলে, $8^3 + 1 = 64 + 1 = 65$; যা মৌলিক নয়
$x = 9$ হলে, $9^3 + 1 = 81 + 1 = 82$; যা মৌলিক নয়
$x = 10$ হলে, $10^3 + 1 = 100 + 1 = 101$; যা মৌলিক কিন্তু ১ থেকে ১০০ এর বাইরের সংখ্যা।
সুতরাং $x^3 + 1$ আকারে ১ থেকে ১০০ এর মধ্যে মৌলিক সংখ্যা ৪টি।

৭৭. একটি থলিতে নীল বল ১২টি, সাদা বল ১৬টি এবং কালো বল ২০টি আছে। দৈবভাবে ১টি বল নেয়া হলো, বলটি সাদা না হওয়ার সম্ভাবনা কত?
ক ১/৩ খ ২/৩ গ ১/১৬ ঘ ১/৪৮

ব্যাখ্যা থলিতে মোট বল = (১২ + ১৬ + ২০)টি = ৪৮টি।
$\because$ ৪৮টি বলের মধ্যে ১২টি নীল, ১৬টি সাদা এবং ২০টি কালো।
$\therefore$ ১টি বল তুলে নিলে সাদা হওয়ার সম্ভাবনা $= \frac{16}{48} = \frac{1}{3}$
সুতরাং ১টি বল তুলে নিলে সাদা না হওয়ার সম্ভাবনা
$= 1 - \frac{1}{3} = \frac{3-1}{3} = \frac{2}{3}$।

৭৮. একটি প্লাটফরমের দৈর্ঘ্য ২০০ মিটার। ২৫০ মিটার লম্বা একটি ট্রেনকে উক্ত প্লাটফরম অতিক্রম করতে যে দূরত্ব অতিক্রম করতে হবে—
ক ২০০ মিটার খ ২৫০ মিটার গ ৩৫০ মিটার ঘ ৪৫০ মিটার

ব্যাখ্যা দেওয়া আছে, একটি প্লাটফরমের দৈর্ঘ্য ২০০ মিটার এবং ট্রেনের দৈর্ঘ্য ২৫০ মিটার।
$\because$ ট্রেনকে প্লাটফরম অতিক্রম করতে ট্রেনের নিজের দৈর্ঘ্যও অতিক্রম করতে হবে।
$\therefore$ ট্রেনটির নির্ণেয় অতিক্রান্ত দূরত্ব = (২০০ + ২৫০) মিটার
= ৪৫০ মিটার।

৭৯. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৮ কিমি. ও ৬ কি.মি.। নদীপথে ৪৮ কি.মি. অতিক্রম করে ফিরে আসতে লঞ্চটির সময় লাগবে—
ক ১০ ঘণ্টা খ ৫ ঘণ্টা গ ৬ ঘণ্টা ঘ ৮ ঘণ্টা

ব্যাখ্যা দেওয়া আছে, লঞ্চের গতিবেগ = ১৮ কি.মি./ঘণ্টা এবং স্রোতের গতিবেগ = ৬ কি.মি./ঘণ্টা।
$\therefore$ সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{অনুকূলে গতিবেগ}} + \frac{\text{দূরত্ব}}{\text{প্রতিকূলে গতিবেগ}}$
$= \left(\frac{48}{18+6} + \frac{48}{18-6}\right)$ ঘণ্টা
$= \left(\frac{48}{24} + \frac{48}{12}\right)$ ঘণ্টা
$= (2 + 4)$ ঘণ্টা = ৬ ঘণ্টা।

৮০. ৩টি ঘণ্টা যথাক্রমে ২ ঘণ্টা, ৪ ঘণ্টা, ৬ ঘণ্টা পর পর বাজে। কত ঘণ্টা পরে ৩টি ঘণ্টা একত্রে বাজবে?
ক ৬ ঘণ্টা খ ৮ ঘণ্টা গ ১২ ঘণ্টা ঘ ১৬ ঘণ্টা

ব্যাখ্যা দেওয়া আছে, ৩টি ঘণ্টা যথাক্রমে ২ ঘণ্টা, ৪ ঘণ্টা, ৬ ঘণ্টা পর পর বাজে। এদের ল.সা.গু. পরিমাণ সময় পর ৩টি ঘণ্টা একত্রে বাজবে।

$2 \mid 2, 4, 6$
$\quad\quad 1, 2, 3$

$\therefore$ ২, ৪, ৬ এর ল.সা.গু. = ($2 \times 2 \times 3$) ঘণ্টা
= ১২ ঘণ্টা।
সুতরাং ১২ ঘণ্টা পর ৩টি ঘণ্টা একত্রে বাজবে।

উত্তর	
৭৩	গ
৭৪	ক
৭৫	গ
৭৬	ক
৭৭	খ
৭৮	ঘ
৭৯	গ
৮০	গ

৮১. একটি হোস্টেলে ৫০০ জনের ২০ দিনের খাদ্য মজুদ আছে। ৫ দিন পর ২০০ জন ছাত্র চলে গেলে বাকি খাদ্য কতদিন চলবে?
ক ২০ খ ২২ গ ২৫ ঘ ৩০

ব্যাখ্যা অবশিষ্ট দিন = (২০ − ৫) দিন = ১৫ দিন
এবং অবশিষ্ট লোক = (৫০০ − ২০০) জন = ৩০০ জন।
হোস্টেলে ৫০০ জনের খাদ্য মজুদ আছে ১৫ দিনের
" ১ " " " " " (৫০০ × ১৫) দিনের
" ৩০০ " " " " $\left(\frac{500 \times 15}{300}\right)$ দিনের
= ২৫ দিনের
সুতরাং বাকি খাদ্য ২৫ দিন চলবে।

৮২. সর্বপ্রথম শূন্য ও দশভিত্তিক স্থানীয় মান পদ্ধতির প্রচলন করে কারা?
ক গ্রিক গণিতবিদগণ খ প্রাচীন ভারতবর্ষের গণিতবিদগণ
গ মিশরীয় গণিতবিদগণ ঘ রোমান গণিতবিদগণ

ব্যাখ্যা সর্বপ্রথম শূন্য ও দশ ভিত্তিক স্থানীয় মান পদ্ধতির প্রচলন করে প্রাচীন ভারতবর্ষের গণিতবিদগণ।

৮৩. গ্লাইকোজন একটি—
ক ডাই-স্যাকারাইড খ ডাই-পেপটাইড
গ পলি-স্যাকারাইড ঘ পলি-পেপটাইড

ব্যাখ্যা গ্লাইকোজেন হলো একটি পুষ্টিজাত পলিস্যাকারাইড। এটি প্রাণীদেহের প্রধান সঞ্চিত খাদ্য উপাদান হলেও নীলাভ সবুজ শৈবাল ও কতিপয় ছত্রাক-এর খাদ্য উপাদান হিসেবে বিরাজ করে। গ্লাইকোজেনের মূল গাঠনিক একক হলো α-D গ্লুকোজ।

৮৪. নিচের কোন ভিটামিন পানিতে দ্রবীভূত হয় না?
ক ভিটামিন এ খ থায়ামিন গ নিয়াসিন ঘ ভিটামিন বি

ব্যাখ্যা এ পর্যন্ত আবিষ্কৃত ভিটামিনসমূহকে তাদের দ্রবণ ক্ষমতার উপর নির্ভর করে ২টি ভাগে ভাগ করা হয়েছে। যথা : ১. চর্বিতে বা স্নেহে দ্রবণীয় ভিটামিন। তেল/চর্বি বা স্নেহে দ্রবণীয় ভিটামিনগুলো হলো ভিটামিন এ, ভিটামিন ডি, ভিটামিন ই এবং ভিটামিন কে। ২. পানিতে দ্রবণীয় ভিটামিন : পানিতে দ্রবণীয় ভিটামিনগুলো হলো বিভিন্ন প্রকারের বি ভিটামিন ও ভিটামিন সি বা এসকরবিক এসিড।

৮৫. কোনটি ভাইরাস জনিত রোগ?
ক যক্ষা খ ডিপথেরিয়া গ জলাতঙ্ক ঘ টাইফয়েড

ব্যাখ্যা ভাইরাস বলতে এক প্রকার অতি ক্ষুদ্র আণুবীক্ষণিক অকোষীয় রোগ সৃষ্টিকারী বস্তুকে বোঝায়। উদ্ভিদ ও প্রাণীর বহু রোগ সৃষ্টির কারণ হলো ভাইরাস। এসব রোগের মধ্যে উল্লেখযোগ্য ডেঙ্গুজ্বর, জন্ডিস, র‍্যাবিস, ইনফ্লুয়েঞ্জা, মাম্পস, জলাতঙ্ক, হাম, বসন্ত, হার্পিস ইত্যাদি।

৮৬. রক্তের হিমোগ্লোবিন গঠিত হয়—
ক জিংক এবং প্রোটিনের সমন্বয়ে
খ কপার এবং লিপিডের সমন্বয়ে
গ লৌহ এবং প্রোটিনের সমন্বয়ে
ঘ ম্যাঙ্গানিজ এবং প্রোটিনের সমন্বয়ে

ব্যাখ্যা হিমোগ্লোবিন রক্তের লাল রঞ্জক পদার্থ। এটি একপ্রকার সংযুক্ত প্রোটিন। এর প্রধান দুটি উপাদান হলো হিম বা আয়রণ ৪%) এবং গ্লোবিন বা হিস্টোন জাতীয় প্রোটিন ৯০%)। রক্তের লৌহঘটিত উপাদান হিমোগ্লোবিনের প্রধান কাজ হলো অক্সিজেন পরিবহন করা।

৮৭. উদ্ভিদের অত্যাবশ্যকীয় খাদ্যোপাদান কয়টি?
ক ৬টি খ ৯টি গ ১২টি ঘ ১৬টি

ব্যাখ্যা উদ্ভিদ পুষ্টি বিজ্ঞানী ডি, আই, আরনন এর মতে, সাধারণত, নিম্নলিখিত ১৬টি উপাদানকে গাছের অত্যাব্যশকীয় খাদ্য উপাদান বলা হয়। এই ১৬টি উপাদান হলো— কার্বন (C), হাইড্রোজেন (H), অক্সিজেন (O), ফসফরাস (P), পটাসিয়াম (CA), ম্যাগনেসিয়াম (Mg), সালফার (S), লৌহ (Fe), ম্যাঙ্গানিজ (Mn), জিংক (Zn), কপার (Cu), ক্লোরিন (Cl), বোরন (B) ও মলিবডেনাম (Mo)। উল্লেখ্য, ড. মোহাম্মদ আবুল হাসান রচিত জীববিজ্ঞান (প্রথমপত্র) অনুযায়ী উদ্ভিদের পুষ্টি উপাদান ১৭টি।

৮৮. উদ্ভিদের ম্যাক্রো খাদ্যোপাদান (Macro-nutrient) কোনটি?
ক জিংক খ পটাসিয়াম গ কার্বন ঘ ক্যালসিয়াম

[Note : গাছের পুষ্টি গ্রহণের পরিমাণের উপর নির্ভর করে পুষ্টি উপাদানকে মোট ২ ভাগে ভাগ করা যায়।
১. মুখ্য উপাদান (Macro nutrient) : কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন নাইট্রোজেন, ফসফরাস, পটাসিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম ও সালফার।
২. গৌণ উপাদান (Micro nutrient) : আয়রণ, ম্যাঙ্গানিজ, জিঙ্ক, কপার, মলিবডেনাম, বোরণ ও ক্লোরিন।]

৮৯. উদ্ভিদ কোন খাদ্যোপাদান মাটি থেকে নেয় না?
ক জিংক খ পটাসিয়াম গ কার্বন ঘ ক্যালসিয়াম

ব্যাখ্যা মাটি ও পরিবেশ থেকে স্বাভাবিক বৃদ্ধি, শারীরবৃত্তীয় কাজ এবং প্রজননের জন্য উদ্ভিদ যে সকল পুষ্টি উপাদান গ্রহণ করে তাই উদ্ভিদের পুষ্টি। এসব পুষ্টি উপাদানের অধিকাংশ উদ্ভিদ মাটি থেকে সংগ্রহ করে বলে এদেরকে খনিজ পুষ্টিও বলা হয়। কার্বন, হাইড্রোজেন এবং অক্সিজেন ব্যতীত অন্যান্য ১৩টি উপাদান গাছ মাটি হতে সংগ্রহ করে থাকে।

৯০. স্বাভাবিক মানবকোষে ক্রোমোজোম সংখ্যা—
ক ২১ জোড়া খ ২২ জোড়া গ ২৩ জোড়া ঘ ২৫ জোড়া

ব্যাখ্যা মানুষের দেহকোষে ৪৬টি বা ২৩ জোড়া ক্রোমোজোম বিদ্যমান। যার মধ্যে ২২ জোড়া অটোজোম আর ১ জোড়া সেক্স ক্রোমোজোম। এই জোড়াগুলোর একটি আসে মায়ের থেকে ও একটি আসে পিতার শরীর থেকে। সেক্স ক্রোমোজোমটি ছেলে হলে XY আর মেয়ে হলে XX হয়।

৯১. যে প্রক্রিয়ার মাধ্যমে কোনো দ্রব্যের অণু বেশি ঘনত্বের এলাকা থেকে কম ঘনত্বের এলাকায় ছড়িয়ে পড়ে তাকে বলা হয়—
ক ব্যাপন প্রক্রিয়া খ অভিস্রবণ প্রক্রিয়া
গ ইমবাইবিশন ঘ শ্বসন

ব্যাখ্যা তরল বা বায়বীয় পদার্থের স্বতঃস্ফূর্তভাবে অধিক ঘনত্বের অঞ্চল থেকে কম ঘনত্বের অঞ্চলে যাওয়াকে ব্যাপন

উত্তর	
৮১	গ
৮২	খ
৮৩	গ
৮৪	ক
৮৫	গ
৮৬	গ
৮৭	ঘ
৮৮	Note
৮৯	গ
৯০	গ
৯১	ক

CamScanner

বলে। বদ্ধ ঘরের কোনো স্থানে যদি কোনো সুগন্ধিযুক্ত বস্তু রাখা হয় তাহলে কিছুক্ষণ পরে দেখা যায় যে ঘরের সর্বত্র সুগন্ধি পাওয়া যাচ্ছে। কঠিন পদার্থের ব্যাপন ঘটে না।

৯২. সাইটোকাইনিন একটি—
ⓐ ভিটামিন ⓑ এনজাইম
ⓒ হরমোন ⓓ কার্বোহাইড্রেট

ব্যাখ্যা 'সাইটোকাইনেসিস' কথার অর্থ হলো সাইটোপ্লাজমের বিভাজন, যা কোনো বিভাজনের সময় নিউক্লিয়াস বিভাজনের পর সংঘটিত হয়। সাইটোকাইনিন নামক উদ্ভিদ হরমোনের নামের উৎপত্তি এই সাইটোকাইনেসিস শব্দ থেকে। 1956 খ্রিস্টাব্দে বিজ্ঞানী মিলার এবং ওকুমুরা ইস্টের DNA থেকে একটি বিশেষ প্রকারের হরমোনকে পৃথক করেন। তারা এর নামকরণ করেছিলেন কাইনেটিন। যেহেতু এই হরমোনটি উদ্ভিদের কোষ বিভাজনে সহায়তা করে তাই পরবর্তী সময়ে বৈজ্ঞানিকরা একে সাইটোকাইনিন নামকরণ করেন। এই হরমোনকে কাইনিন নামেও চিহ্নিত করা হয়।

৯৩. দুধ হলো—
ⓐ পানিতে ফ্যাটের দ্রবণ
ⓑ পানিতে ফ্যাটের ইমালশন
ⓒ পানিতে কার্বোহাইড্রেটের দ্রবণ
ⓓ পানিতে কার্বোহাইড্রেটের ইমালশন

ব্যাখ্যা কলয়েড কণা ও মাধ্যম অর্থাৎ ডিসপারসড ও ডিসপারশন উভয় দশাই যদি তরল হয় তবে সে দ্রবণকে ইমালশন বলা হয়। দুধ একটি ইমালশন, কারণ দুধে যে চর্বি থাকে সেটিও তরল আবার যে পানিতে চর্বি কণাগুলো থাকে সেটিও তরল চর্বি কণা হলো কলয়েড কণা। চর্বি কণা আর মাধ্যম পানি উভয়ই তরল হওয়ার কারণে দুধ এক প্রকার ইমালশন।

৯৪. ট্রিপসিন নামক এনজাইম থাকে এমন—
ⓐ মুখ গহ্বরের লালাতে ⓑ অগ্ন্যাশয় রসে
ⓒ গ্যাস্ট্রিক রসে ⓓ যকৃত রসে

ব্যাখ্যা অধিকাংশ প্রোটিন পাকস্থলীতে সক্রিয় পেপসিনের প্রভাবে পেপটোনে পরিণত হয়ে ক্ষুদ্রান্ত্রে প্রবেশ করে এবং অগ্ন্যাশয় রস ও আন্ত্রিক রসের সাহায্যে সম্পূর্ণ পাচিত হয়। অগ্ন্যাশয়িক এনজাইম দিয়ে পরিপাক : ট্রিপসিন নিষ্ক্রিয় ট্রিপসিনোজেন রূপে নিঃসৃত হয় এবং আন্ত্রিক রসের এন্টারোকাইনেজ এনজাইম দিয়ে অর্দ্রবিশ্লিষ্ট হয়ে সক্রিয় ট্রিপসিনে পরিণত হয়।

৯৫. এমাইলেজ এনজাইম শ্বেতসার ভেঙ্গে কি তৈরি করে?
ⓐ এমাইনো এসিড ⓑ ফ্যাটি এসিড
ⓒ গ্লুকোজ ⓓ পেপটাইড

ব্যাখ্যা এমাইলেজ এনজাইম শ্বেতসার ভেঙে তৈরি করে গ্লুকোজ। কার্বোহাইড্রেট জাতীয় খাদ্যের পরিপাকে যেসব এনজাইম অংশ নেয় সেসব এনজাইমের ক্রিয়ায় কার্বোহাইড্রেট ভেঙে সরল গ্লুকোজে পরিণত হয়।

৯৬. 'ভিটামিন ডি'-এর অভাবজনিত রোগ কোনটি?
ⓐ রাতকানা ⓑ রিকেটস
ⓒ রক্তশূন্যতা ⓓ গয়টার

ব্যাখ্যা ভিটামিন ডি-এর অভাবে রিকেটস রোগ হয়। ভিটামিন-ডি'র কাজ হলো দেহের ক্যালসিয়াম ও ফসফরাসকে তাদের কাজ সুষ্ঠুভাবে করতে সাহায্য করা। এ কারণে ভিটামিন-ডি'র অভাব হলে দাঁত ও হাড়ে ক্যালসিয়াম ও ফসফরাসের অবক্ষেপণ হতে পারে না। ফলে দাঁত ও হাড়ে এদের পরিমাণ বেশ কমে যায়।

৯৭. সালোকসংশ্লেষণ সংঘটিত হয় কোষের—
ⓐ মাইটোকন্ড্রিয়াতে ⓑ ক্রোমোজোমে
ⓒ ক্লোরোপ্লাস্টে ⓓ রাইবোজোমে

ব্যাখ্যা সালোকসংশ্লেষণ হলো একটি জৈব রাসায়নিক প্রক্রিয়া, যার মাধ্যমে উদ্ভিদ কার্বন ডাই-অক্সাইড, পানি ও সূর্যের আলোর সাহায্যে খাদ্য তৈরি করে। তবে এই প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পেছনে অন্যতম প্রভাবক হলো ক্লোরোফিল। এর অবস্থান ক্লোরোপ্লাস্ট নামক সবুজ প্লাস্টিডের অভ্যন্তরে।

৯৮. দুধ থেকে দই তৈরির জন্য কোন অণুজীব ব্যবহার করা হয়?
ⓐ ভাইরাস ⓑ ছত্রাক
ⓒ অ্যামিবা ⓓ ব্যাকটেরিয়া

ব্যাখ্যা দই একটি দুগ্ধজাত দ্রব্য। দুধের সাথে *Lactobacillus* বা *Streptococcus* নামক ব্যাকটেরিয়ার জৈবনিক বিক্রিয়ার মাধ্যমে দুধ থেকে দই উৎপাদন হয়। এরা দুধের ল্যাকটোজকে ভেঙ্গে ল্যাকটিক এসিড উৎপন্ন করে যা দুধকে দইয়ে পরিণত করে।

৯৯. গ্রানাইট একটি—
ⓐ পাললিক শিলা ⓑ রূপান্তরিত শিলা
ⓒ আগ্নেয়শিলা ⓓ মিনারেল

ব্যাখ্যা উত্তপ্ত তরল অবস্থা থেকে পৃথিবী ধীরে ধীরে তাপ বিকিরণ করে শীতল ও কঠিন হয়ে যে শক্ত আবরণ সৃষ্টি করে তাকে আগ্নেয়শিলা বলে। আবার ভূগর্ভস্থ ম্যাগমা ভূপৃষ্ঠের ফাটল বা আগ্নেয়গিরির মাধ্যমে বাইরে বেরিয়ে এসে শীতল হয়েও আগ্নেয়শিলার সৃষ্টি হয়। যেমন— গ্রানাইট, ব্যাসল্ট প্রভৃতি।

১০০. রাইজোবিয়াম কি?
ⓐ ব্যাকটেরিয়া ⓑ ভাইরাস
ⓒ ছত্রাক ⓓ পরগাছা

ব্যাখ্যা রাইজোবিয়াম এক ধরনের ব্যাকটেরিয়া। এই ব্যাকটেরিয়া শিম ও ডাল জাতীয় উদ্ভিদের শিকড়ের কাছে অবস্থান নিয়ে বায়ু থেকে নাইট্রোজেন গ্রহণ করে শিকড়ে গুটি তৈরি করে। এ ব্যাকটেরিয়া বায়ুমণ্ডল থেকে নাইট্রোজেন সংযোজন করে নিজের প্রয়োজন মিটায় এবং উদ্ভিদে সরবরাহ করে।

উত্তর

৯২	গ
৯৩	খ
৯৪	খ
৯৫	গ
৯৬	খ
৯৭	গ
৯৮	ঘ
৯৯	গ
১০০	ক

রাজউক-ইমারত পরিদর্শক পরীক্ষা-২০২২

পরীক্ষার তারিখ : ২১.০৫.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৮০

[মোট প্রশ্ন ৮০ (আশি)। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।]

1. নিচের কোনটি 'পৃথিবী' শব্দের বিশেষণ?
ⓐ পৃথ্বী ⓑ পার্থিব ⓒ বসুন্ধরা ⓓ ধরণী
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা পৃথিবী শব্দের বিশেষণ 'পার্থিব'। আরও কিছু গুরুত্বপূর্ণ শব্দের বিশেষণ : ঘর-ঘরোয়া, স্নায়ু-স্নায়ুবিক, সীমা-সীমিত।

2. এক কথায় প্রকাশ করুন : 'যে বিষয়ে কোনো বিরোধ নেই'।
ⓐ অবিরোধী ⓑ নির্বিরোধী
ⓒ অসংবৃত ⓓ অবিসংবাদী
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা যে বিষয়ের কোনো বিরোধ নেই– অবিসংবাদী। আরও কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ : যা দমন করা কষ্টকর– দুর্দমনীয়, যা দমন করা যায় না– অদম্য। যা নিবারণ করা কষ্টকর– দুর্নিবার।

3. নিচের কোন বানানটি শুদ্ধ?
ⓐ অশরীরি ⓑ অশরিরী ⓒ অশরিরি ⓓ অশরীণী
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা শুদ্ধ শব্দটি হলো 'অশরীরী'। আরো কিছু শুদ্ধ বানান— ত্রিভুজ, মনঃকষ্ট, যন্ত্রণা, প্রাণী, সমীচীন, সরস্বতী, ন্যূনতম, তিতিক্ষা।

4. 'নন্দন' শব্দের অর্থ কোনটি?
ⓐ বাতাস ⓑ ছেলে ⓒ নতুন ⓓ নীল
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা 'নন্দন' শব্দের অর্থ নতুন। শব্দটির আরও কিছু সমার্থক শব্দ– নব্য, নয়া, সদ্যোজাত, আধুনিক, তাজা।

5. 'তামার বিষ' বাগধারার অর্থ-
ⓐ গভীর আঘাত ⓑ ধাতব পদার্থের আঘাত
ⓒ অর্থের কুপ্রভাব ⓓ পুরানো ক্ষত
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা তামার বিষ বাগধারাটির অর্থ— অর্থের কুপ্রভাব। আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা : অহি-নকুল সম্বন্ধ– ভীষণ শত্রুতা, নেই আঁকড়া-একগুঁয়ে, তাসের ঘর– ক্ষণস্থায়ী বস্তু।

6. 'নীর' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ⓐ অগ্নি ⓑ চন্দ্র ⓒ গৃহ ⓓ বারি
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা 'নীর' শব্দের সমার্থক শব্দ বারি। 'নীর' শব্দের আরও কিছু গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ– পানি, জীবন, অর্ণ, সলিল।

7. 'মন্বন্তর'-এর সন্ধিবিচ্ছেদ কোনটি?
ⓐ মন + অন্তর ⓑ মনু + অন্তর
ⓒ মনন + অন্তর ⓓ মনুন + অন্তর
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা মন্বন্তর শব্দের সন্ধিবিচ্ছেদ 'মনু + অন্তর'। স্বরধ্বনির সাথে স্বরধ্বনি মিলে যে সন্ধি হয় তাকে বলা হয় স্বরসন্ধি। যেমন– পবন = পো + অন, মহেন্দ্র = মহা + ইন্দ্র, রমেশ = রমা + ঈশ।

8. 'বালতি' কোন ধরনের শব্দ?
ⓐ আরবি শব্দ ⓑ ফরাসি শব্দ
ⓒ দেশি শব্দ ⓓ ফারসি শব্দ
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা 'বালতি' শব্দটি পর্তুগিজ। আরও কিছু পর্তুগিজ শব্দ : বোমা, বোতাম, পাউরুটি, গির্জা, আলকাতরা, পিতা, টুপি।

9. নিচের কোনটি নিপাতনে সন্ধি?
ⓐ গায়ক ⓑ কুলটা ⓒ পবিত্র ⓓ ভাবুক
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা 'কুলটা' শব্দটি নিপাতনে সন্ধি যার সঠিক সন্ধি বিচ্ছেদ— কুল + অটা। কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমন : গো + অক্ষ = গবাক্ষ, অন্য + অন্য = অন্যান্য, শুদ্ধ + ওদন = শুদ্ধোদন।

10. শওকত ওসমানের আসল নাম কী?
ⓐ শেখ আজিজুর রহমান ⓑ শেখ রহমত রহমান
ⓒ শেখ ফজলুল রহমান ⓓ শেখ বজলুর রহমান
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা শওকত ওসমানের আসল নাম শেখ আজিজুর রহমান। তার বিখ্যাত রচনা 'ক্রীতদাসের হাসি'। এছাড়া তিনি 'জননী', 'নেকড়ে অরণ্য', 'জলাঙ্গী' উপন্যাস রচনা করেন।

11. 'বঙ্গভাষা' কবিতাটির রচয়িতা কে?
ⓐ সুনীল গঙ্গোপাধ্যায় ⓑ সমরেশ মজুমদার
ⓒ হুমায়ূন আহমেদ ⓓ মাইকেল মধুসূদন দত্ত
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা 'বঙ্গভাষা' কবিতাটির রচয়িতা মাইকেল মধুসূদন দত্ত। তার রচিত এই কবিতাটি বাংলা সাহিত্যের প্রথম সনেটজাতীয় কবিতা। সনেটে অষ্টক এবং ষষ্টক নামে দুটি অংশ থাকে।

12. নিচের কোনটি উপন্যাস নয়?
ⓐ দিবারাত্রির কাব্য ⓑ শেষের কবিতা
ⓒ মহাশ্মশান ⓓ লালসালু
ⓔ কোনোটিই নয়

উত্তর

01	b
02	d
03	e
04	c
05	c
06	d
07	b
08	e
09	b
10	a
11	d
12	c

CamScanner

ব্যাখ্যা কায়কোবাদ রচিত মহাকাব্য 'মহাশ্মশান'। অন্যদিকে 'দিবারাত্রির কাব্য', 'শেষের কবিতা' এবং 'লালসালু' উপন্যাসের রচয়িতা যথাক্রমে- মানিক বন্দ্যোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর এবং সৈয়দ ওয়ালীউল্লাহ।

13. 'পাতায় পাতায় পড়ে নিশির শিশির' এখানে 'পাতায় পাতায়' কী বোঝাতে ব্যবহৃত হয়েছে?
ⓐ আধিক্য ⓑ ধারাবাহিকতা
ⓒ নির্দিষ্টতা ⓓ স্বল্পতা
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা বাংলা ভাষায় কোনো শব্দ, পদ বা অনুকার শব্দ দুইবার হয়ে যখন অন্য কোনো সম্প্রসারিত অর্থ প্রকাশ করে তাকে দ্বিরুক্ত শব্দ বলে। 'পাতায় পাতায় পড়ে নিশির শিশির' এখানে 'পাতায় পাতায়' পদের দ্বিরুক্তি দ্বারা ধারাবাহিকতা প্রকাশ পায়। ধারাবাহিকতা বোঝায় এরকম আরো কিছু দ্বিরুক্তি শব্দের প্রয়োগ— তুমি দিন দিন রোগা হয়ে যাচ্ছ, তুমি বাড়ি বাড়ি হেটে চাঁদা তুলেছ।

14. ইতর প্রাণীর বহুবচনে ব্যবহৃত হয় —
ⓐ গণ ⓑ বৃন্দ ⓒ পাল ⓓ রা
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা 'ইতর' প্রাণীর বহুবচন 'রা' উপসর্গ ব্যবহৃত হয়। যেমন : পাখিরা আকাশে উড়ে দেখিয়া হিংসায় পিপীলিকারা বিধাতার কাছে পাখা চায়।

15. 'নিলাজ' শব্দের 'নি' উপসর্গটি —
ⓐ বাংলা ⓑ তৎসম ⓒ বিদেশি ⓓ ফারসি
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা 'নিলাজ' এর 'নি' বাংলা উপসর্গ। বাংলা উপসর্গ মোট ২১টি। যথা : অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (ঊনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

16. নিচের কোনটি দ্বন্দ্ব সমাসবদ্ধ নয়?
ⓐ দম্পতি ⓑ রাজপথ ⓒ সৌরভ ⓓ দুধেভাতে
ⓔ কোনোটিই নয়

[Note : এখানে 'জায়া ও পতি' = 'দম্পতি'— দ্বন্দ্ব সমাস, 'দুধে ও ভাতে' = 'দুধেভাতে'—দ্বন্দ্ব সমাস, 'পথের রাজা' = 'রাজপথ'—তৎপুরুষ সমাস এবং 'সুন্দর গন্ধ যার' = 'সৌরভ'—কর্মধারয় সমাস। সুতরাং সঠিক উত্তর 'রাজপথ' এবং 'সৌরভ'।]

17. 'জাহান' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ⓐ ত্রিশল ⓑ বিশ্ব ⓒ অগ্নি ⓓ সূর্য
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা 'জাহান' শব্দের সমার্থক শব্দ 'বিশ্ব'। এরূপ 'জাহান'-এর আরও কিছু সমার্থক শব্দ- ধরা, ধরণী, মহী, মেদিনী, বসুমতি, উর্বী, ক্ষিতি, অখিল।

18. Quack-এর পরিভাষা কোনটি?
ⓐ ভূমিকম্প ⓑ দ্রুতগামী ⓒ হাতুড়ে ⓓ ভূমিধস
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা Quack-এর পরিভাষা হাতুড়ে (ডাক্তার)। কিছু গুরুত্বপূর্ণ পরিভাষা manifesto-ইশতেহার, philosophy-দর্শনবিদ্যা, code-সংকেত।

19. জ্ঞানী লোক সকলের সম্মান পান – এটি কোন ধরনের বাক্য?
ⓐ সরল ⓑ মিশ্র ⓒ যৌগিক ⓓ জটিল
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা যে বাক্যে একটি মাত্র উদ্দেশ্য (কর্তা) ও একটি মাত্র বিধেয় (সমাপিকা ক্রিয়া) থাকে, তাকে সরল বাক্য বলে। সুতরাং 'জ্ঞানী লোক সকলের সম্মান পান'— বাক্যটি সরল বাক্য।

20. 'রক্তাক্ত প্রান্তর' রচনাটি একটি —।
ⓐ উপন্যাস ⓑ নাটক ⓒ প্রবন্ধ ⓓ গীতিনাট্য
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা নাট্যকার মুনীর চৌধুরীর 'রক্তাক্ত প্রান্তর' রচনাটি একটি নাটক। তার আরও কিছু গুরুত্বপূর্ণ নাটক 'কবর', 'দণ্ডকারণ্য', 'পলাশী ব্যারাক ও অন্যান্য'।

Questions 21 to 25 : Select the word (s) phrase (s) that appropriately fill (s) in the gap (s).

21. I wonder whether I —— ever see him.
ⓐ shall ⓑ will ⓒ should ⓓ would
ⓔ None of these

ব্যাখ্যা ভবিষ্যতে ঘটবে এমন সম্ভাব্য কোনো ঘটনা বর্ণনা করতে সাধারণত would ব্যবহার করা হয়। আদৌ সেই ঘটনাটি ঘটবে কিনা সেটা বলা যাচ্ছে না। যেমন— I wonder whether I would ever see him অর্থাৎ আমি আর তাকে দেখতে পাব কিনা ভাবছি।

22. Only — people are —— after death.
ⓐ vicious, condemned ⓑ virile, forgsillan
ⓒ virtuous, remembered ⓓ virulent, gratified
ⓔ None of these

ব্যাখ্যা Vicious-দুশ্চরিত্র, condemned-নিন্দিত; virile-বীর্যবান, বলিষ্ঠ, forgotten-বিস্মৃত; virtuous-পুণ্যবান, ধার্মিক, remembered-স্মরণীয়; virulent-জঘন্য, তীব্র, gratified-তৃপ্ত। অপশন (c) সঠিক কারণ শুধু পুণ্যবান ব্যক্তিরাই মৃত্যুর পরে স্মরণীয় হন।

23. It is not possible to —— the suffering.
ⓐ instigate ⓑ masticate
ⓒ propitiate ⓓ mitigate
ⓔ None of these

ব্যাখ্যা বাক্যটির অর্থগত দিক বিবেচনা করে mitigate (উপশম করা) বসবে। বাকি শব্দগুলো instigate (বাড়িয়ে দেয়া) masticate (চর্বণ করা), propitiate (শান্ত করা) বাক্যটির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

24. Cholesterol has long been indetified as a silent killer because the patient has no —— of this danger of freely —— his system.
ⓐ idea, infecting ⓑ thought, attacking
ⓒ information, invading ⓓ notion, ravishing
ⓔ None of these

ব্যাখ্যা এখানে cholesterol-কে silent killer বলা হচ্ছে যার সম্পর্কে রোগীর কাছে আগে থেকেই কোনো information থাকে না এবং সেটা সহজেই রোগীর শরীরে হানা দেয়। তাই সঠিক উত্তর (c) information, invading (হানা দেওয়া)।

25. Rajib shifted to his late parent's house not because of the —— it provided bad for purely —— reasons.
ⓐ convenience, sentimental
ⓑ grace, aesthetic
ⓒ value, monetary
ⓓ benefit, extraneous ⓔ None of these

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটির অর্থ করলে বুঝা যাচ্ছে যে, রাজীব তার মৃত বাবা-মার বাড়িতে স্থানান্তরিত হয়েছে বাড়িটির সুযোগ-সুবিধার জন্য নয়, বরং বাড়িটির প্রতি তার একটা আবেগ-ভালোবাসা রয়েছে সে জন্য। তাই অপশন (a) convenience (সুযোগ-সুবিধা), sentimental (আবেগতাড়িত) সঠিক উত্তর।

Questions 26 to 30 : In each of the following sentences, One part is underlined. Beneath the sentence you will find five ways of phrasing the underlined part. Select the answer that produces the most correct sentence :

26. If he would have revised his first draft, he would have received a better grade.
ⓐ would have revised ⓑ had revised
ⓒ could of revised ⓓ had of revised
ⓔ have revised

ব্যাখ্যা 3rd conditional-এর নিয়ম অনুযায়ী if-যুক্ত অংশটুকু past perfect হলে, কমার পরের অংশে sub + would have + v_3 হয়। তাই underlined করা অংশে had revised অর্থাৎ past perfect হবে।

27. The terminal 3 of the Hazrat Shahjalal International Ariport is under construction and likely to operational in two years.
ⓐ likely to ⓑ likely will
ⓒ will be likely ⓓ in all likelihood being
ⓔ likely to be

ব্যাখ্যা likely to সম্ভাবনা অর্থে ব্যবহৃত হয়। sub + am/is/are/was/were + likely to + v_1 (base form) + extention। সেই হিসেবে অপশন (e) likely to be সঠিক।

28. Samia claims that cats made the best pets.
ⓐ made the best pets ⓑ would be the best pets
ⓒ had the best pets ⓓ make the best pets
ⓔ make of the best pets.

ব্যাখ্যা 'Make the best pets' একটি idiom যার অর্থ হলো যার যেটা হওয়া দরকার সে বা উক্ত প্রাণীটি সেরকমই। যেমন— cats make the best pets, the people of Mymensingh make the best lovers, Women make the worst drivers, sea voyages make the best holidays।

29. We were all surprised at his success in the competition.
ⓐ were all surprised ⓑ were surprised at all
ⓒ had all surprised at ⓓ had all surprised by
ⓔ had been all surprised on

ব্যাখ্যা বাক্যটি ঠিক আছে। We were all surprised বসালেই বাক্যটি সঠিক হয়।

30. Man's accidents at the road are caused of people not read warning of traffic signs.
ⓐ are caused of ⓑ is the cause of
ⓒ are caused by ⓓ are a cause of
ⓔ are caused because

ব্যাখ্যা Subject plural হওয়ায় are caused হবে এবং দুর্ঘটনা যেহেতু মানুষের দ্বারা ঘটে। তাই by হবে। সুতরাং অপশন (c) সঠিক।

Questions 31 to 35 : In each sentence, there is one word missing. Find the missing word (article/preposition) in the sentence :

31. Tangail is famous Jamdani Saree.
ⓐ by ⓑ for ⓒ of ⓓ about
ⓔ after

ব্যাখ্যা famous for-বিখ্যাত।

32. Rashed hung the phone.
ⓐ off ⓑ on ⓒ to ⓓ up
ⓔ am

ব্যাখ্যা Hung up অর্থ টেলিফোনে কথোপকথন শেষ করা।

33. Jannat's height is the same my height.
ⓐ with ⓑ as ⓒ a ⓓ beside
ⓔ except

ব্যাখ্যা The same as-একই।

34. That's hard story to believe!
ⓐ a ⓑ an ⓒ the ⓓ for ⓔ of

ব্যাখ্যা a hard story সঠিক। কারণ অনির্দিষ্ট কোনো কিছুর আগে indefinite article a/an বসে।

35. We've been working this morning.
ⓐ for ⓑ upto ⓒ on ⓓ since
ⓔ am

ব্যাখ্যা Present perfect continous tense-এ যদি নির্দিষ্ট সময় নিয়ে কোনো কাজ হয় তাহলে ঐ নির্দিষ্ট সময়ের আগে since বসে।

Questions 35 to 40 : For each word written in UPPERCASE select a word having the opposite meaning :

36. VULNERABLE
ⓐ Frantic ⓑ Feeble ⓒ secure ⓓ simple
ⓔ complicated

উত্তর

13	b
14	d
15	a
16	Note
17	b
18	c
19	a
20	b
21	d
22	c
23	d
24	c
25	a
26	b
27	e
28	d
29	a
30	c
31	b
32	d
33	b
34	a
35	d
36	c

CamScanner

ব্যাখ্যা Vulnerable (দুর্বল, সুরক্ষিত নয় এমন)-এর বিপরীত শব্দ secure (সুরক্ষিত, নিরাপদ) । Frantic-ক্ষিপ্ত, feeble-দুর্বল, simple-সহজ, complicated-জটিল ।

37. INITIAL
ⓐ Crisis ⓑ First ⓒ Right ⓓ Final
ⓔ Invent

ব্যাখ্যা Initial (প্রাথমিক)-এর opposite হলো Final (চূড়ান্ত) । Crisis-সংকট, First-প্রথম, Right-সঠিক, Invent-আবিষ্কার ।

38. DEFICIENT
ⓐ Necessary ⓑ Adequate
ⓒ Flawless ⓓ Impecceable
ⓔ Simple

ব্যাখ্যা Deficient (ঘাটতি, ন্যূন)-এর opposite হলো Adequate (পর্যাপ্ত) । Necessary-প্রয়োজনীয়, Flawless-নিখুঁত, Impeccable-নিষ্পাপ, Simple-সহজ ।

39. UNITY
ⓐ Discord ⓑ Rarify
ⓒ consent ⓓ Neglect
ⓔ Ignore

ব্যাখ্যা Unity (ঐক্য)-এর Opposite হলো discord (অনৈক্য) । Rarify-জটিল করা, Consent-সম্মতি, Neglect-অবহেলা করা, Ignore-উপেক্ষা করা ।

40. COMMENCE
ⓐ Initiate ⓑ Adapt
ⓒ Harass ⓓ Terminate
ⓔ Begin

ব্যাখ্যা Commence (আরম্ভ করা, শুরু করা)-এর Opposite হলো Terminate (শেষ করা) । Initiate-শুরু করা, Adapt-খাপ খাওয়ানো, Harass-হয়রানি করা, Begin-শুরু করা ।

41. যদি চারটি ক্রমিক পূর্ণসংখ্যার যোগফল ২৩০ হয়, শেষ দুটি সংখ্যার গড় কত?
ⓐ ৫৬.৫ ⓑ ৫৮ ⓒ ৫৮.৫ ⓓ ৫৯
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা মনে করি, চারটি ক্রমিক সংখ্যা যথাক্রমে
$x-২, x-১, x, x+১$
প্রশ্নমতে, $x-২+x-১+x+x+১=২৩০$
বা, $৪x-২=২৩০$
$\therefore x=৫৮$
$\therefore$ শেষ দুটি সংখ্যার গড় $=\frac{x+x+১}{২}=\frac{৫৮+৫৯}{২}$
$=৫৮.৫$

42. যদি $x>0$ এবং $x^2+৭+৬=২২$ হয়, তাহলে $x+৩$ এর মান কত?
ⓐ ২ ⓑ ৪ ⓒ ৬ ⓓ ৮
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা দেওয়া আছে,
$x^2+৭+৬=২২$
বা, $x^2=৯$
বা, $x=৩$
$\therefore x+৩$-এর মান $=৩+৩=৬$

43. রাজু ও তার বন্ধুরা একটি রেস্টুরেন্টে খেয়ে ১২০০ টাকার বিল দিল। এর মধ্যে শুধু খাবারের মূল্যের উপর মোট ১৫% ভ্যাট এবং ১০% সার্ভিস চার্জ। শুধু খাবারের মূল্য কত?
ⓐ ৯৯০ টাকা ⓑ ১০০০ টাকা
ⓒ ১০৫০ টাকা ⓓ ১১০০ টাকা
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা মনে করি, খাবারের মূল্য x টাকা
প্রশ্নমতে, $x+x$-এর ১৫% $+x$-এর ১০% $=১২০০$
বা, $x+\frac{১৫x}{১০০}+\frac{১০x}{১০০}=১২০০$
বা, $\frac{১০০x+১৫x+১০x}{১০০}=১২০০$
বা, $\frac{১২৫x}{১০০}=১২০০$
বা, $x=\frac{১২০০\times১০০}{১২৫}=৯৬০$

44. x কে ৭ দ্বারা ভাগ করা হলে ভাগশেষ ১ হয়। যদি y কে ৭৭ দ্বারা ভাগ করা হয়, তাহলে ভাগশেষ ২ হয়। $x+y$ কে ৭ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?
ⓐ ১ ⓑ ২ ⓒ ৩ ⓓ ৪
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা $x=q_1\times৭+১$ [$\because$ ভাজ্য = ভাজক $\times$ ভাগফল + ভাগশেষ]
$Y=q_2\times৭+২$
$x+y=৭(q_1+q_2)+৩$
$\therefore$ ভাগশেষ $=৩$

45. বিপিএল এ মোট পাঁচ ম্যাচের সিরিজে তিন ম্যাচে মুশফিকুর রহিমের গড় রান ২২ এবং অন্য দুটি ম্যাচে গড় রান ১৭। পাঁচটি ম্যাচে তার গড় রান কত?
ⓐ ২০ ⓑ ২১ ⓒ ২১.৫ ⓓ ২২
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ৩ ম্যাচে মোট রান $=২২\times৩=৬৬$
২ " " " $=১৭\times২=৩৪$
$\therefore$ ৫ ম্যাচে মোট রান $=১০০$
$\therefore$ ৫ ম্যাচে গড় রান $=\frac{১০০}{৫}$
$=২০$ রান

46. একটি কারখানায় পুরুষ ও মহিলা শ্রমিকের অনুপাত ১ : ২ এবং কারখানায় ৩৬ জন শ্রমিক রয়েছে। অনুপাত ১ : ১ করতে কত জন পুরুষকে যোগদান করতে হবে?
ⓐ ৬ ⓑ ৭ ⓒ ১০ ⓓ ১২
ⓔ কোনোটিই নয়

উত্তর

37	d
38	b
39	a
40	d
41	c
42	c
43	e
44	c
45	a
46	d


ব্যাখ্যা মনে করি, পুরুষ শ্রমিক x জন
$\therefore$ মহিলা শ্রমিক $২x$ জন
প্রশ্নমতে, $x+২x=৩৬$
বা, $৩x=৩৬$
$\therefore x=১২$ জন
$\therefore$ পুরুষ $=১২$ জন
এবং মহিলা $=২\times১২$ জন $=২৪$ জন ।
অতএব অনুপাত ১ : ১ করতে ১২ জন পুরুষকে যোগদান করতে হবে ।

47. একটি বৃত্তের ব্যাস ৫০% কমে গেলে, বৃত্তের ক্ষেত্রফল কত শতাংশ কমে যাবে?
ⓐ ৮০% ⓑ ১০০% ⓒ ৪০০% ⓓ ৫০০%
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা মনে করি, বৃত্তের ব্যাস $=2r$
50% হ্রাসে ব্যাস $=২r\times\frac{50}{100}=r$
পূর্বে ক্ষেত্রফল $=\pi r^2$
50% হ্রাসে " $=\pi\left(\frac{r}{2}\right)^2=\frac{\pi r^2}{4}$
$\therefore$ ক্ষেত্রফল হ্রাস পেয়েছে $=\pi r^2-\frac{\pi r^2}{4}=\frac{3\pi r^2}{4}$
$\therefore$ শতকরা হ্রাস পেয়েছে $=\frac{\frac{3\pi r^2}{4}}{\pi r^2}\times100\%$
$=\frac{3\pi r^2}{4\pi r^2}\times100\%$
$=\frac{3}{4}\times100\%=75\%$

48. একটি আয়তাকার জমির প্লটের চার পাশের তিনটি বরাবর একটি বেড়া রয়েছে। বেড়াবিহীন দিক এবং বেড়াবিহীন দিকের বিপরীত দিকের দৈর্ঘ্য অন্য দুটি বাহুর দৈর্ঘ্যের তিনগুণ। প্লটের ক্ষেত্রফল ৪৩২ বর্গফুট হলে বেড়ার মোট দৈর্ঘ্য কত ফুট?
ⓐ ৬০ ⓑ ৭২ ⓒ ৮০ ⓓ ৯০
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা মনে করি, অন্য দুই বাহুর প্রত্যেকটির দৈর্ঘ্য $=x$
$\therefore$ বেড়াহীন এবং তার বিপরীত দিকের দৈর্ঘ্য $=3x$
প্রশ্নমতে, $৩x^2=৪৩২$
বা, $x^2=১৪৪$
$\therefore x=১২$



$\therefore$ বেড়ার দৈর্ঘ্য $=৩x+x+x$
$=৫x$
$=৫\times১২=৬০$

49. একটি গ্রামের জনসংখ্যা ৫৫০০। যদি পুরুষের সংখ্যা ১১% বৃদ্ধি পায় এবং মহিলার সংখ্যা ২০% বৃদ্ধি পায়, তবে জনসংখ্যা ৬৩৩০ হয়। ঐ গ্রামে মহিলার সংখ্যা কত?
ⓐ ২৫০০ ⓑ ৩০০০ ⓒ ৩৫০০ ⓓ ৪০০০
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ধরি, মহিলার সংখ্যা $=x$ জন
$\therefore$ পুরুষের সংখ্যা $=৫৫০০-x$ জন ।
প্রশ্নমতে, $x\times\frac{১২০}{১০০}+(৫৫০০-x)\times\frac{১১১}{১০০}=৬৩৩০$
বা, $\frac{১২০x}{১০০}+৬১০৫-\frac{১১১x}{১০০}=৬৩৩০$
বা, $\frac{১২০x}{১০০}-\frac{১১১x}{১০০}=২২৫$
বা, $\frac{৯x}{১০০}=২২৫$
বা, $x=২২৫\times\frac{১০০}{৯}$
$\therefore x=২৫০০$

50. অমিত একটি সংখ্যাকে ৫ দ্বারা গুণ করার পরিবর্তে ভুলবশত ৫ দ্বারা ভাগ করে ফেলেছে। এই ভুলের কারণে ফলাফল কত শতাংশ পরিবর্তিত হয়েছে?
ⓐ ৯৫% ⓑ ৯৬% ⓒ ৯৮% ⓓ ১০০%
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি $=১০০$
৫ দ্বারা গুণ করলে $=৫\times১০০=৫০০$
৫ দ্বারা ভাগ করলে $=\frac{১০০}{৫}=২০$
শতকরা ভুলের পরিমাণ $=\frac{৫০০-২০}{৫০০}\times১০০\%$
$=৯৬\%$

51. একজন খুচরা দোকানদার একটি ঘড়ি ক্রয় করে ৪৯৫ টাকায় ঘড়িটি বিক্রয় করলে ১০% ক্ষতি হয়। দোকানদারের জন্য ঘড়িটির ক্রয়মূল্য কত?
ⓐ ৫০০ ⓑ ৫৫০ ⓒ ৬০০ ⓓ ৬৬০
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ধরি, ক্রয়মূল্য $=১০০$ টাকা
১০% ক্ষতিতে বিক্রয়মূল্য $=(১০০-১০)=৯০$ টাকা
বিক্রয় ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
$\therefore$ " ১ " " " $\frac{১০০}{৯০}$ "
$\therefore$ " ৪৯৫ " " " $\frac{১০০\times৪৯৫}{৯০}$ "
$=৫৫০$ টাকা

উত্তর

47	e
48	a
49	e
50	b
51	b

CamScanner

52. ৩টি সংখ্যার গড় ১৭ এবং প্রথম দুটির ১৬। তৃতীয় সংখ্যাটি কত?
ⓐ ১৫ ⓑ ১৬ ⓒ ১৯ ⓓ ২০
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা তিনটি সংখ্যার যোগফল = $১৭ \times ৩ = ৫১$
প্রথম দুইটি সংখ্যার যোগফল = $১৬ \times ২ = ৩২$
∴ তৃতীয় সংখ্যাটি = $৫১ - ৩২ = ১৯$

53. রাসেল একটি ব্যাংক থেকে ১২০০ টাকা ৩ বছরের জন্য বার্ষিক ৫% সরল সুদে ধার নেয়। ৩ বছর পর তাকে সুদাসলে মোট কত টাকা ফেরত দিতে হবে?
ⓐ ১৮০ ⓑ ১২৮০ ⓒ ১৩০০ ⓓ ১৩৮০
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা $I = pnr$

$= ১২০০ \times ৩ \times \frac{৫}{১০০}$

$= ১৮০$

∴ সুদাসল $A = P + I$

$= ১২০০ + ১৮০ = ১৩৮০$

54. রাতুল ও তার বাবার ওজন ৩৫০ পাউন্ড; বাবার ওজন রাতুলের ওজনের আড়াই গুণ। রাতুলের ওজন কত পাউন্ড?
ⓐ ৮০ ⓑ ৯০ ⓒ ১০০ ⓓ ১৫০
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ধরি, রাতুলের ওজন x পাউন্ড

∴ " বাবার " $(২.৫ \times x)$ "

প্রশ্নানুসারে, $২.৫x + x = ৩৫০$

বা, $৩.৫x = ৩৫০$

বা, $x = \frac{৩৫০}{৩.৫}$

∴ $x = ১০০$

55. ১ : ৩ : ৪ : ৭ অনুপাতে চারটি সংখ্যা যোগ করলে যোগফল হয় ১০৫। সবচেয়ে বড় সংখ্যাটির মান নির্ণয় করুন।
ⓐ ৪৮ ⓑ ৪৯ ⓒ ৫০ ⓓ ৬৯
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা সংখ্যাগুলো যথাক্রমে x, $৩x$, $৪x$ এবং $৭x$

প্রশ্নমতে, $x + ৩x + ৪x + ৭x = ১০৫$

বা, $১৫x = ১০৫$

বা, $x = \frac{১০৫}{১৫}$

∴ $x = ৭$

∴ সবচেয়ে বড় সংখ্যা = $৭x = ৭ \times ৭ = ৪৯$

56. আরিফিন এবং নীলা ১০ দিনে একটি কাজ করতে পারে এবং আরিফিন একা ১২ দিনে কাজটি করতে পারে। নীলা কত দিনে কাজটি একা শেষ করতে পারবে?
ⓐ ৩০ ⓑ ৪৫ ⓒ ৬০ ⓓ ১৫০
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা আরিফিন ১২ দিনে করে কাজের ১ অংশ

∴ " ১ " " " " $\frac{১}{১২}$ "

∴ " ১০ " " " " $\frac{১ \times ১০}{১২}$ "

$= \frac{১০}{১২}$

∴ অবশিষ্ট কাজ $= \left(১ - \frac{১০}{১২}\right)$ অংশ

$= \frac{১}{৬}$ অংশ

নীলা $\frac{১}{৬}$ অংশকাজ করে ১০ দিনে
∴ " ১ "

আসল, $p = ১২০০$ টাকা
বছর, $n = ৩$ "
সুদের হার $r = \frac{৫}{১০০}$ "
সুদ, $I = ?$ $= ৬০$ দিনে

57. জসিম ৬ কিমি/ঘণ্টা গতিতে অফিসে যায় এবং ৪ কিমি/ঘণ্টা বেগে তার বাড়িতে ফিরে আসে। যদি তার সব মিলিয়ে ১০ ঘণ্টা লাগে, তার অফিস এবং বাড়ির মধ্যে দূরত্ব কত?
ⓐ ১২ কিমি ⓑ ১৬ কিমি
ⓒ ২০ কিমি ⓓ ২৪ কিমি
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ধরি, অফিস ও বাসার মধ্যবর্তী দূরত্ব = x কিমি

প্রশ্নমতে, $\frac{x}{৬} + \frac{x}{৪} = ১০$ $[\because s = vt \Rightarrow t = \frac{s}{v}]$

বা, $\frac{৪x + ৬x}{২৪} = ১০$

বা, $\frac{১০x}{২৪} = ১০$

∴ $x = ২৪$ কিমি

58. একটি সংখ্যার ২৫% হলো ৭৫। সংখ্যাটি কত?
ⓐ ৮০ ⓑ ১০০ ⓒ ২০০ ⓓ ২৫০
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা x-এর $২৫\% = ৭৫$

বা, $x \times \frac{২৫}{১০০} = ৭৫$

বা, $x = ৭৫ \times \frac{১০০}{২৫}$

∴ $x = ৩০০$

59. দুটি ধনাত্মক সংখ্যার মধ্যে পার্থক্য ১০ এবং তাদের মধ্যে অনুপাত ৫ : ৩। দুটি সংখ্যার গুণফল কত?
ⓐ ১২৫ ⓑ ১৭৫ ⓒ ২৮৫ ⓓ ৩৭৫
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা একটি সংখ্যা $৫x$ এবং অপর সংখ্যা $৩x$

পার্থক্য = $৫x - ৩x = ২x$

প্রশ্নমতে, $২x = ১০$

∴ $x = ৫$

∴ সংখ্যা দুটির গুণফল = $৫x \times ৩x$

$= ১৫x^২ = ১৫ \times ৫^২ = ৩৭৫$

60. আলম সাহেবের মাসিক বেতন ৩৫,০০০ টাকা। বেতনের ওপর ১৫% হারে অগ্রিম কর কর্তন করা হয়। কর কর্তন করার পর উনি কত টাকা বেতন পান?
ⓐ ২৮,০০০ ⓑ ২৯,০০০ ⓒ ২৯,৭৫০ ⓓ ৩০,০০০
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ৩৫,০০০ এর ১৫%

$= ৩৫,০০০ \times \frac{১৫}{১০০} = ৫২৫০$

∴ অবশিষ্ট = $৩,৫০০০ - ৫,২৫০$

$= ২৯,৭৫০$ টাকা

61. জাতিসংঘ দিবস কোনটি?
ⓐ ২৮ অক্টোবর ⓑ ২৪ অক্টোবর
ⓒ ২১ অক্টোবর ⓓ ১৮ অক্টোবর
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ১৯৪৫ সালের ২৪ অক্টোবর আনুষ্ঠানিকভাবে জাতিসংঘের কার্যক্রম শুরু হওয়ায় ১৯৭২ সাল থেকে ঐ দিনটি 'জাতিসংঘ দিবস' হিসেবে পালিত হয়ে আসছে। বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় কাজ করে যাওয়া এ প্রতিষ্ঠানের বর্তমান সদস্যদেশ ১৯৩টি এবং সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটিতে অবস্থিত।

62. বাংলাদেশের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর নাম কী?
ⓐ সাইফুজ্জামান চৌধুরী ⓑ কামরুজ্জামান চৌধুরী
ⓒ মোঃ মোস্তাফিজুর রহমান ⓓ শরীফ আহমেদ
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এম.পি। শরীফ আহমেদ বর্তমানে ময়মনসিংহ-২ আসনের নির্বাচিত সংসদ সদস্য।

63. রাজউকের পূর্ববর্তী নাম কী ছিল?
ⓐ রাজধানী উন্নয়ন ট্রাস্ট ⓑ ঢাকা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট
ⓒ রাজধানী উন্নয়ন বোর্ড ⓓ ঢাকা উন্নয়ন বোর্ড
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ১৯৫৩ সালে প্রণীত The town Impovement Act, 1953 আইনের আওতায় ১৯৫৬ সালে 'ঢাকা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট' (ডিআইটি) প্রতিষ্ঠিত হয়। তৎকালীন ডিআইটি পরবর্তীতে ১৯৮৭ সালে উপর্যুক্ত আইন সংশোধনের মাধ্যমে 'রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ' বা রাজউক হিসেবে পরিবর্তিত হয়।

64. পূর্বাচল প্রকল্পে কত নম্বর সেক্টরে শেখ হাসিনা আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে বিসিবিকে জমি বরাদ্দ প্রদান করা হয়েছে?
ⓐ ১ ⓑ ৪ ⓒ ৭ ⓓ ১৯
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা পূর্বাচল নতুন শহর প্রকল্পের ১নং সেক্টরে শেখ হাসিনা আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে বিসিবিকে জমি বরাদ্দ করা হয়েছে। এছাড়া প্রকল্পের ৪নং সেক্টরে ২৬ একর জমিতে বাংলাদেশ চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার নির্মাণ করা হয়েছে।

65. বাংলাদেশের রাষ্ট্রীয় প্রতীকের ডিজাইনার কে?
ⓐ এএন সাহা ⓑ কামরুল হাসান
ⓒ রফিকুন্নবী ⓓ জয়নুল আবেদীন
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা বাংলাদেশের রাষ্ট্রীয় বা জাতীয় প্রতীকের ডিজাইনার কামরুল হাসান, যেখানে রয়েছে উভয় পাশে ধানের শীষবেষ্টিত পানিতে ভাসমান জাতীয় ফুল শাপলা, তার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরস্পরযুক্ত পাতা, তার উভয় পার্শ্বে দুটি করে তারকা। এছাড়া রাষ্ট্রীয় বা জাতীয় মনোগ্রামের ডিজাইনার এএন সাহা।

66. বাংলাদেশের জাতীয় স্লোগান কোনটি?
ⓐ জয় বাংলা ⓑ বাংলাদেশ জিন্দাবাদ
ⓒ বাংলাদেশ চিরজীবী হোক ⓓ জয় বঙ্গবন্ধু
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ২ মার্চ ২০২২ 'জয় বাংলা'কে জাতীয় স্লোগান হিসেবে ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করা হয়। সাংবিধানিক পদাধিকারীগণ ও অন্যান্য কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ সকল জাতীয় দিবস উদ্‌যাপন এবং সরকারি অনুষ্ঠানে বক্তব্যের শেষে এই 'জয় বাংলা' স্লোগান উচ্চারণ করবেন।

67. পায়রা তাপ বিদ্যুৎকেন্দ্র কোথায় অবস্থিত?
ⓐ ময়মনসিংহ ⓑ নেত্রকোনা
ⓒ রংপুর ⓓ পটুয়াখালী
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র হলো বাংলাদেশের পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার পায়রায় নির্মিত দেশের বৃহত্তম বিদ্যুৎ কেন্দ্র (১৩২০ মেগাওয়াট ক্ষমতার)। চীনের চায়না মেশিনারিজ কোম্পানি ও বাংলাদেশের নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি কর্তৃক নির্মিত আল্ট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তি (১৩তম বিশ্বে) ব্যবহার করে স্থাপিত বিদ্যুৎকেন্দ্রটি ২১ মার্চ, ২০২২ প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করেন।

68. কোথায় বাংলাদেশের স্বাধীনতার ইশতেহার ঘোষণা করা হয়?
ⓐ সোহরাওয়ার্দী উদ্যান ⓑ মুজিবনগর
ⓒ পল্টন ময়দান ⓓ প্রেস ক্লাব
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ১৯৭১ সালের ৩ মার্চ পল্টন ময়দানে ছাত্রলীগ ও শ্রমিক লীগের উদ্যোগে আয়োজিত জনসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপস্থিতিতে স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়। জনসভায় ছাত্রসমাজ বঙ্গবন্ধুকে স্বাধীকার আন্দোলনের সর্বাধিনায়ক ঘোষণা করে।

উত্তর

52	c
53	d
54	c
55	b
56	c
57	d
58	e
59	d
60	c
61	b
62	d
63	b
64	a
65	b
66	a
67	d
68	c

CamScanner

69. ২০২২ সালের বিশ্ব সুখ প্রতিবেদনে শীর্ষ সুখী দেশ কোনটি?
ⓐ ডেনমার্ক ⓑ ফিনল্যান্ড ⓒ অস্ট্রেলিয়া ⓓ নিউজিল্যান্ড
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ২০২২ সালে জাতিসংঘের প্রকাশিত ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্টে পঞ্চমবারের মতো শীর্ষ সুখী দেশ হয় ফিনল্যান্ড। সবচেয়ে কম সুখের দেশ আফগানিস্তান। বাংলাদেশ ১৪৬টি দেশের তালিকায় ৯৪ নম্বরে রয়েছে।

70. একুশে পদক-২০২১ এর বিজয়ী — জন।
ⓐ ৮ ⓑ ১০ ⓒ ১২ ⓓ ২১
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ২০২১ সালের একুশে পদক প্রাপ্ত হন ২১ জন বিশিষ্ট নাগরিক। পদক পাওয়া বিশিষ্টজনেরা হলেন— (মরণোত্তর) মোতাহার হোসেন তালুকদার (ভাষা আন্দোলন), সাংবাদিকতায় অজয় দাশগুপ্ত, গবেষণায় অধ্যাপক সমীর সাহা প্রমুখ। উল্লেখ্য, ২০২২ সালে ২৪ জন বিশিষ্ট ব্যক্তিকে এ পদকে ভূষিত করা হয়।

71. লুহানস্ক ও দোনেৎস্ক ইউক্রেনের — অঞ্চলে অবস্থিত।
ⓐ দনবাস ⓑ ক্রিমিয়া ⓒ কিয়েভ ⓓ তাতার
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা লুহানস্ক ও দোনেৎস্ক দনবাস অঞ্চলে অবস্থিত, যেটি ১৯২২ সালে ইউক্রেনের সাথে যুক্ত হয়েছিল। আন্তর্জাতিকভাবে এলাকাগুলো ইউক্রেনের অংশ হলেও ২১ ফেব্রুয়ারি ২০২২ রাশিয়া দুইটি অঞ্চলকে একতরফাভাবে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিলে তা নতুন করে আলোচনায় আসে।

72. ২০২২ সালের জি-৭ শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
ⓐ দুবাই ⓑ কাতার ⓒ জার্মানি ⓓ ফ্রান্স
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ২০২২ সালের ২৬-২৮ জুন ৪৮তম জি-৭ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় জার্মানিতে। উল্লেখ্য, ২০২৩ সালের ৪৯তম জি-৭ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে জাপানে।

73. বাংলাদেশের শেয়ারবাজারে ইসলামী শরীয়াভিত্তিক বন্ডের নাম কী?
ⓐ মুদারাবা ⓑ মুসারাকা ⓒ সুকুক ⓓ শুরুক
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা বাংলাদেশের পুঁজিবাজারে শরিয়াভিত্তিক প্রথম বন্ড 'বেক্সিমকো গ্রিন-সুকুক আল ইসতিসনা'। সুকুক আরবি শব্দ, যার অর্থ সিলমোহর লাগিয়ে কাউকে অধিকার ও দায়িত্ব দেয়ার বৈধ আইনি দলিল।

74. ইন্দোনেশিয়ার প্রস্তাবিত রাজধানীর নাম কী?
ⓐ কালিমান্তান ⓑ জাভা ⓒ বালি ⓓ নুসানতারা
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা জাকার্তার বদলে ইন্দোনেশিয়া নুসানতারাকে নতুন রাজধানী হিসেবে প্রস্তাব করেছে। জাভা দ্বীপে অবস্থিত বর্তমান রাজধানী জাকার্তা দূষিত হচ্ছে এবং ভূ-গর্ভস্থ পানির মাত্রাতিরিক্ত উত্তোলনের ফলে শহরটি আশঙ্কাজনক হারে ডেবে যাচ্ছে। তাই চাপ কমানোর জন্য বোর্নিও দ্বীপের নুসানতারায় রাজধানী স্থাপনের প্রস্তাব করা হয়।

75. কোন দেশের মহিলারা সর্বপ্রথম ভোটাধিকার লাভ করে?
ⓐ ইংল্যান্ড ⓑ নিউজিল্যান্ড ⓒ জার্মানি ⓓ ইতালি
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা বিশ্বের প্রথম দেশ হিসেবে ১৮৯৩ সালে নিউজিল্যান্ডের নারীরা ভোটাধিকার লাভ করে। এছাড়া অস্ট্রেলিয়া ১৯০১ সালে, যুক্তরাজ্যে ১৯১৮ সালে, আমেরিকায় ১৯২০ সালে নারী ভোটাধিকার স্বীকৃত হয়।

76. 'Regional comprehensive Economic Partnership' চুক্তির আওতায় অন্তর্ভুক্ত দেশের সংখ্যা কয়টি?
ⓐ ৮ ⓑ ১৫ ⓒ ২০ ⓓ ২৫
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা বাণিজ্য চুক্তি RCEP বা Regional Comprehensive Economic Partnership-এর আওতায় ১৫টি দেশ অন্তর্ভুক্ত হয়েছে যার ১০টি হলো আসিয়ানের সদস্য দেশ। বৈশ্বিক উৎপাদন ও বাণিজ্যের ৩০ শতাংশই আরসিইপি'র আওতাধীন মুক্ত বাণিজ্য এলাকায় সম্পন্ন হয়।

77. WHO অনুমোদিত কোভিড-১৯ এর দশম টিকা কোনটি?
ⓐ Sputnik-V ⓑ Novavax
ⓒ Covovax ⓓ Nuvaxovid
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা ২১ ডিসেম্বর ২০২১ জরুরি ভিত্তিতে ব্যবহারের জন্য নোভাভ্যাক্সকে কোভিড-১৯ এর দশম টিকা হিসেবে অনুমোদন দেয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)। মার্কিন ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান নোভার তৈরিকৃত টিকা হলো নোভাভ্যাক্স।

78. আড়িয়াল বিল বাংলাদেশের কোথায় অবস্থিত?
ⓐ মুন্সিগঞ্জ ⓑ কুমিল্লা ⓒ মানিকগঞ্জ ⓓ চাঁদপুর
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা মুন্সিগঞ্জের শ্রীনগর উপজেলার পদ্মা ও ধলেশ্বরী নদীর মাঝে অবস্থিত আড়িয়াল বিল। বাংলাদেশের মধ্যাঞ্চলে অবস্থিত সবচেয়ে বড় ও প্রাচীন এ বিলের বিস্তৃতি প্রায় ১৩৬ বর্গ কিলোমিটার।

79. প্রবাসী আয়ে বর্তমানে বিশ্বে শীর্ষ দেশ কোনটি?
ⓐ বাংলাদেশ ⓑ ভারত ⓒ পাকিস্তান ⓓ ফিলিপাইন
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা প্রবাসী আয়ে শীর্ষ দেশ ভারত। শীর্ষে থাকা অন্যান্য দেশ হলো— মেক্সিকো, চীন, ফিলিপাইন, মিসর ও পাকিস্তান। বাংলাদেশ প্রবাসী আয়ে সপ্তম।

80. 'রাফায়েল নাদাল' কোন খেলার সঙ্গে সম্পৃক্ত?
ⓐ টেনিস ⓑ ফুটবল ⓒ ক্রিকেট ⓓ ভলিবল
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা স্পেনের একজন পেশাদার টেনিস খেলোয়াড় হলেন রাফায়েল নাদাল। সবচেয়ে বেশি গ্র্যান্ড স্লাম (২২বার) জয়ী খেলোয়াড় রাফায়েল নাদাল।

উত্তর	
69	b
70	d
71	a
72	c
73	c
74	d
75	b
76	b
77	b
78	a
79	b
80	a

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি.-এর ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্ট ২০২২

পরীক্ষার তারিখ : ২৬.০৮.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৮০

০১. The Perthenon is said — erected in the Age of Pericles.
ⓐ to have become ⓑ to have begun
ⓒ to have been ⓓ to have had begun

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটির অর্থ হলো 'বলা হয়ে থাকে যে, The Perthenon (প্রাচীন গ্রিসের একটি মন্দির) রাজা পেরিক্লেসের সময়ে নির্মিত হয়েছিল।' বাক্যটি passive ও infinitive যুক্ত। তাই 'to have been + v_3' এভাবে গঠিত হবে।

০২. Is Submissive is to Disobedient, then which of the followings is correct?
ⓐ company-conform ⓑ heed-acquiesce
ⓒ observe-defy ⓓ obey-hearken to

ব্যাখ্যা Submissive (বাধ্য, বশীভূত)-এর বিপরীত disobedient (অবাধ্য)। তেমনি observe (পালন করা, মেনে চলা)-এর বিপরীত defy (অগ্রাহ্য করা, অমান্য করা) বাকি শব্দ জোড়াগুলো পরস্পর synonyms।

০৩. The moment to bridge the chasms that divide us has come. Here the underlined word means—
ⓐ Hollowness ⓑ Cleft
ⓒ Depth ⓓ Joint

ব্যাখ্যা 'Chasm' শব্দের অর্থ চিড়, ফাটল, ছিদ্র। অপশনে এটির synonyms হলো cleft (ফাটল, চিড়) । hollowness – অসারতা, depth – গভীরতা এবং joint – যুক্ত, মিলিত।

০৪. Which one is a literary work of William Wordsworth?
ⓐ The Excursion ⓑ To Daffodils
ⓒ The Prejudice ⓓ Runaway

ব্যাখ্যা The Excursion (প্রমোদভ্রমণ) William Wordsworth-এর একটি দীর্ঘ কবিতা। তার অন্যান্য বিখ্যাত কবিতাগুলোর মধ্যে Tintern Abbey, The Solitary Reaper, Michael, Rainbow, Lucy poems অন্যতম।

০৫. What is the meaning of the phrase 'more than meets the eyes'?
ⓐ again and again ⓑ clear and visible
ⓒ appearance can be deceiving
ⓓ more than once

ব্যাখ্যা 'More than meets the eyes' phrase-টির অর্থ হলো : 'আপাতদৃষ্টিতে যা মনে হয় তার চেয়েও গভীরে অর্থ নিহিত।' অর্থাৎ যার বাহ্যিক অর্থ গ্রহণ করলে প্রতারিত হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই অপশন (গ) সঠিক উত্তর।

০৬. Fill in the appropriate preposition : Are you still brooding — what he said?
ⓐ in ⓑ for ⓒ over ⓓ at

ব্যাখ্যা কোনো বিষয়ে গভীরভাবে চিন্তা করা বুঝাতে brood over ব্যবহৃত হয়।

০৭. The closest meaning of XENOPHOBIA is—
ⓐ fear of inert gas
ⓑ prejudice against foreigners
ⓒ fear of closed place
ⓓ repulsion to love

ব্যাখ্যা XENOPHOBIA অর্থ বিদেশাতঙ্ক। অর্থাৎ বিদেশিদের নিয়ে অহেতুক ভয় ও আতঙ্ক (prejudice against foreigners)।

০৮. What is the antonym of 'gălore'?
ⓐ profuse ⓑ păramour
ⓒ coherence ⓓ meager

ব্যাখ্যা Galore (প্রচুর পরিমাণে)-এর antonym হলো meager (অল্প পরিমাণ)। তাছাড়া profuse– প্রচুর paramour– প্রণয়িনী ও coherence– সঙ্গতি, মিল।

০৯. Which one on the noun form of 'revolt'?
ⓐ revolting ⓑ revoltness
ⓒ revolt ⓓ revulsion

ব্যাখ্যা Revolt (বিদ্রোহ, বিদ্রোহ করা) শব্দটি noun ও verb উভয় রূপে ব্যবহৃত হয়।

১০. 'Such people are not found now' the determiner in this sentence is—
ⓐ such ⓑ people ⓒ are ⓓ not

ব্যাখ্যা যেসব শব্দ noun/pronoun-এর নির্দিষ্টতা, অনির্দিষ্টতা, সংখ্যা ও পরিমাণ নির্দেশ করে তাদেরকে determiner বলে। যেমন : a, an, such, many, few, little ইত্যাদি। প্রদত্ত বাক্যে such একটি determiner।

১১. George Eliot was the pen name of—
ⓐ Eric Arthur Blair ⓑ Mary Anne Evans
ⓒ Samuel Clemens ⓓ William Sydney Porter

ব্যাখ্যা George Eliot ইংরেজি সাহিত্যের Victorian Period-এর বিখ্যাত ঔপন্যাসিক, কবি ও সাংবাদিক। George Eliot তার ছদ্মনাম। তার আসল নাম ছিল Mary Anne Evans।

১২. Change the speech to active : Why was he punished by the teacher?
ⓐ Why the teacher punished him?
ⓑ By whom was he punished?
ⓒ Why did the teacher punish him?
ⓓ Who punished him?

উত্তর	
০১	গ
০২	গ
০৩	খ
০৪	ক
০৫	গ
০৬	গ
০৭	খ
০৮	ঘ
০৯	গ
১০	ক
১১	খ
১২	গ

CamScanner

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটি interrogative ও passive। তাই active করতে হলে প্রথমেই WH + did (যেহেতু past indefinite) + obj-টি sub + v_1 + sub-টি obj। তাই (গ) Why did the teacher punish him? সঠিক উত্তর।

১৩. What is the opposite gender for 'Roe'?
ক Buck খ Drake
গ Drone ঘ Hart

ব্যাখ্যা Roe (হরিণী) হলো feminine gender। এর opposite gender হবে hart (হরিণ)। তাছাড়া buck (হরিণ), doe (হরিণী), drone (পুরুষ মৌমাছি), bee (স্ত্রী মৌমাছি), drake (পাতিহাঁস), duck (পাতিহাঁসী)।

১৪. I opened the door as soon as I—the bell.
ক have heard খ was hearing
গ heard ঘ disastrous

ব্যাখ্যা As soon as-এর আগের ও পরের sentence-টি past indefinite হয়।

১৫. The synonym of the word 'slothful' is—
ক plebeian খ indolent
গ slavery ঘ disastrous

ব্যাখ্যা Slothful (অলস)-এর synonym হবে indolent (অলস)। তাছাড়া, 'plebeian', 'slavery' ও 'disastrous' -এর অর্থ হলো যথাক্রমে 'সুবিধা বঞ্চিত সাধারণ মানুষ', 'দাসত্ব' ও 'দুর্ঘটনামূলক'।

১৬. Which of the following is written is blank verse?
ক The Rape of the Lock
খ Absalom & Achitophel
গ Paradise Lost
ঘ In Memoriam

ব্যাখ্যা ইংরেজি সাহিত্যের ইতিহাসে 'Paradise Lost'' মহাকাব্যটির writing style হলো blank verse। Blank verse (অমিত্রাক্ষর ছন্দ) হলো Iambic pentameter-এর লিখিত verse, কিন্তু শেষে rhyme থাকবে না।

১৭. Which spelling is correct?
ক Exaggeration খ Exeggaration
গ Manouvre ঘ Maneuvre

ব্যাখ্যা শুদ্ধ বানান হলো Exaggeration; যার অর্থ- অতিরঞ্জন, অত্যধিক।

১৮. The word 'Cartographer' means—
ক A person who draws map
খ A car pulling animal
গ A person who makes cart
ঘ A person who rides a cart

ব্যাখ্যা A person who draws map অর্থাৎ যে ব্যক্তি মানচিত্র আঁকে তাকে এক কথায় Cartographer বলা হয়।

১৯. When did the Romantic Period of English Literature start?
ক 1625 খ 1702 গ 1798 ঘ 1832

ব্যাখ্যা 1798 সালে William Wordsworth ও S.T Coleridge কর্তৃক 'Lyrical Ballads' প্রকাশের মধ্যদিয়ে Romantic Period শুরু হয়।

২০. Could he explain why he turned it down? the underlined is a/an—
ক Principal clause খ Noun clause
গ Adjective clause ঘ Adverb clause

ব্যাখ্যা প্রদত্ত বাক্যে explain verb-টির পরে object-এর জায়গায় clause-টি বসায় এটি noun clause হবে। কারণ sub ও obj-এর জায়গায় clause বসলে সেটি noun clause হয়।

২১. $a^2 - 8a - 8b + 16 + b^2$ এর সাথে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ হবে?
ক 2ab খ 8ab গ 6ab ঘ 2ab

ব্যাখ্যা $a^2 - 8a - 8b + 16 + b^2$
$= (-a)^2 + (-b)^2 + 4^2 + 2(-a)(-b) + 2(-b).4 + 2.4(-a) - 2ab$
$= \{(-a) + (-b) + 4\}^2 - 2ab$
$\therefore$ 2ab যোগ করতে হবে।

২২. ৬০০ টাকার ৮ মাসের মুনাফা এবং ১২০০ টাকার ৬ মাসের মুনাফা একত্রে ৫০ টাকা হলে বার্ষিক মুনাফার হার কত?
ক ৩% খ ৪% গ ৫% ঘ ৬%

ব্যাখ্যা ধরি, বার্ষিক মুনাফার হার r%
প্রশ্নমতে,
$$\frac{r}{১০০}\left(৬০০ \times \frac{৮}{১২} + ১২০০ \times \frac{৬}{১২}\right) = ৫০$$
বা, $\frac{r}{১০০}(৪০০ + ৬০০) = ৫০$
বা, $\frac{r}{১০০} \times ১০০০ = ৫০$
বা, $r = ৫\%$

২৩. কোন সমান্তর ধারার ৩য় পদ ১১ এবং ৬ষ্ঠ পদ ২৩ হলে ধারাটির প্রথম ৭টি পদের সমষ্টি কত হবে?
ক ২৭ খ ৬৫ গ ৮৭ ঘ ১০৫

ব্যাখ্যা সমান্তর ধারার ১ম পদ a এবং সাধারণ অন্তর b হলে-
n-তম পদ $= a + (n-১)d$
$\therefore$ ৩য় পদ $= a + (৩-১)d = a + ২d$
এবং ৬ষ্ঠ পদ $= a + (৬-১)d = a + ৫d$
প্রশ্নমতে, $a + ২d = ১১$ ..... (i)
এবং $a + ৫d = ২৩$ ..... (ii)
(ii) – (i) $\Rightarrow ৩d = ১২$; [ii নং থেকে i নং বিয়োগ করে]
$\therefore d = ৪$
(i) $\Rightarrow a = ১১ - ২ \times ৪ = ৩$
আবার, n-পদের সমষ্টি $= \frac{n}{২}\{২a + (n-১)d\}$

উত্তর
১৩ ঘ
১৪ গ
১৫ খ
১৬ গ
১৭ ক
১৮ ক
১৯ গ
২০ খ
২১ ঘ
২২ গ
২৩ ঘ

$\therefore$ ৭টি পদের সমষ্টি $= \frac{৭}{২}\{২ \times ৩ + (৭-১) \times ৪\}$
$= \frac{৭}{২}\{৬ + ২৪\}$
$= \frac{৭}{২} \times ৩০$
$= ১০৫$

২৪. $11^{4x+12} = 5^{4x+12}$ হলে, x-এর মান কত?
ক -4 খ 3
গ -3 ঘ 4

ব্যাখ্যা $4x + 12 = 0$ হলে, $11^\circ = 5^\circ \Rightarrow 1 = 1$, যা সত্য।
$\therefore 4x = -12$
$\Rightarrow x = \frac{-12}{4}$
$\therefore x = -3$

২৫. $pq > 0$, $pr < 0$ এবং $r > 0$ হলে, নিচের কোনটি সত্য?
ক $qr > 0$ খ $qr < 0$
গ $q > 0$ ঘ $p > 0$

ব্যাখ্যা $pq > 0$, $pr < 0$ এবং $r > 0$
যেহেতু $r > 0$ এবং $pr < 0$
$\therefore p < 0$
আবার, যেহেতু $p < 0$, $pq > 0$
$\therefore q < 0$
$\therefore qr < 0$

২৬. $6m^2 - 13m + 6$ এই সমীকরণটির মূলদ্বয়ের প্রকৃতি কেমন?
ক বাস্তব, অসমান ও মূলদ খ বাস্তব ও সমান
গ বাস্তব, অসমান ও অমূলদ ঘ অবাস্তব

ব্যাখ্যা দ্বিঘাত সমীকরণ $ax^2 + bx + c = 0$ এর নিশ্চায়ক,
i. $b^2 - 4ac = 0$ হলে, মূল দুইটি পরস্পর সমান, বাস্তব সংখ্যা এবং মূলদ হবে।
ii. $b^2 - 4ac > 0$ হলে, মূল দুইটি বাস্তব সংখ্যা এবং অসমান হবে।
iii. $(b^2 - 4ac)$ পূর্ণবর্গ হলে, মূল দুইটি বাস্তব, মূলদ এবং অসমান হবে।
iv. $b^2 - 4ac < 0$ হলে, মূল দুটির উভয়ই জটিল সংখ্যা হবে।
v. একটি মূল অমূলদ হলে, অপর মূলটি অনুবন্ধী (conjugate) অমূলদ সংখ্যা হবে।
$\therefore 6m^2 - 13m + 6 = 0$ সমীকরণে
$b^2 - 4ac = (-13)^2 - 4 \times 6 \times 6$
$= 169 - 144$
$= 25$
$= (5^2)$, যা পূর্ণবর্গ
$\therefore$ মূলদ্বয় বাস্তব, অসমান ও মূলদ হবে।

২৭. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ৬ সেমি হলে, ত্রিভুজের উচ্চতা কত?
ক $\sqrt{৩}$ সেমি খ $২\sqrt{৩}$ সেমি
গ $৩\sqrt{৩}$ সেমি ঘ $৪\sqrt{৩}$ সেমি

ব্যাখ্যা ধরি, উচ্চতা $= h$ সেমি
$\therefore$ পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী,
$৬^২ = ৩^২ + h^২$
$\Rightarrow h^২ = ৩৬ - ৯$
$= ২৭$
$= ৩ \times ৯$
$\Rightarrow h^২ = \left(৩\sqrt{৩}\right)^২$
$\therefore h = \left(৩\sqrt{৩}\right)$ সেমি [উভয়পক্ষকে বর্গমূল করে]



২৮. ৩৬ গ্রাম ওজনের সোনার গয়নায় সোনা ও খাদের অনুপাত ৭ : ৫। এতে কী পরিমাণ সোনা মেশালে অনুপাত ৪ : ১ হবে?
ক ২৪ গ্রাম খ ২৯ গ্রাম
গ ৩৪ গ্রাম ঘ ৩৯ গ্রাম

ব্যাখ্যা সোনা ও খাদের অনুপাত $= ৭ : ৫$
$\therefore$ সোনার পরিমাণ $= \left(\frac{৭}{৭+৫} \times ৩৬\right)$ গ্রাম
$= \left(\frac{৭}{১২} \times ৩৬\right)$ গ্রাম
$= ২১$ গ্রাম
এবং খাদের পরিমাণ $= (৩৬ - ২১)$ গ্রাম
$= ১৫$ গ্রাম
ধরি, x গ্রাম সোনা মেশাতে হবে।
$\therefore \frac{২১ + x}{১৫} = \frac{৪}{১}$
বা, $২১ + x = ৬০$
$\therefore x = ৩৯$ গ্রাম

২৯. একটি বাক্সে ৩টি লাল, ৪টি সবুজ ও ৫টি নীল বল আছে। নিরপেক্ষভাবে ৩টি বল তোলা হলে অন্তত ১টি নীল বল পাওয়ার সম্ভাবনা কত?
ক ৭/১২ খ ৫/১২
গ ৩৭/৪৪ ঘ ৭/৪৪

ব্যাখ্যা নীল বল $= ৫$টি; বাকি বল $= (৩ + ৪)$ বা ৭টি
$\therefore$ অন্তত ১টি নীল বল পাওয়ার সম্ভাবনা = ১টি নীল বল পাওয়ার সম্ভাবনা + ২টি নীল বল পাওয়ার সম্ভাবনা + ৩টি নীল বল পাওয়ার সম্ভাবনা।
$$= \frac{{}^{৫}C_১ \times {}^{৭}C_২}{{}^{১২}C_৩} + \frac{{}^{৫}C_২ \times {}^{৭}C_১}{{}^{১২}C_৩} + \frac{{}^{৫}C_৩}{{}^{১২}C_৩}$$
$$= \frac{\frac{\lfloor ৫}{\lfloor ১ \lfloor ৪} \times \frac{৭}{\lfloor ২ \lfloor ৫}}{\frac{১২}{\lfloor ৩ \lfloor ৯}} + \frac{\frac{\lfloor ৫}{\lfloor ২ \lfloor ৩} \times \frac{৭}{\lfloor ১ \lfloor ৬}}{\frac{১২}{\lfloor ৩ \lfloor ৯}} + \frac{\frac{\lfloor ৫}{\lfloor ৩ \lfloor ২}}{\frac{১২}{\lfloor ৩ \lfloor ৯}}$$
$$= \frac{\frac{৫ \times ৭ \times ৬}{২ \times ১}}{\frac{১২ \times ১১ \times ১০}{৩ \times ২ \times ১}} + \frac{\frac{৫ \times ৪}{২ \times ১} \times ৭}{\frac{১২ \times ১১ \times ১০}{৩ \times ২ \times ১}} + \frac{\frac{৫ \times ৪}{২ \times ১}}{\frac{১২ \times ১১ \times ১০}{৩ \times ২ \times ১}}$$

উত্তর
২৪ গ
২৫ খ
২৬ ক
২৭ গ
২৮ ঘ
২৯ গ

CamScanner

$= \frac{১০৫}{২২০} + \frac{৭০}{২২০} + \frac{১০}{২২০}$

$= \frac{১০৫ + ৭০ + ১০}{২২০}$

$= \frac{১৮৫}{২২০}$

$= \frac{৩৭}{৪৪}$

৩০. $|2x-5| < 7$ অসমতাটির সমাধান কত?

ক $-3 < x < 3$ খ $-2 < x < 4$

গ $1 < x < 5$ ঘ $-1 < x < 6$

ব্যাখ্যা $|2x-5| < 7$

$\Rightarrow -7 < 2x-5 < 7$

$\Rightarrow -7+5 < 2x-5+5 < 7+5$ [+5 যোগ করে]

$\Rightarrow -2 < 2x < 12$

$\Rightarrow \frac{-2}{2} < \frac{2x}{2} < \frac{12}{2}$ [2 দিয়ে ভাগ করে]

$\therefore -1 < x < 6$

৩১. একটি মিটিংয়ে উপস্থিত সদস্যবৃন্দ মিটিংয়ের শুরুতে এবং শেষে একে অপরের সাথে করমর্দন করে। মোট করমর্দনের সংখ্যা ২০ হলে, মিটিংয়ের সদস্য কত ছিল?

ক ৪ জন খ ৫ জন

গ ৬ জন ঘ ৭ জন

[Note: প্রদত্ত প্রশ্নে ভুল রয়েছে]

মোট করমর্দনের সংখ্যা ১০ হলে এবং মিটিংয়ে উপস্থিত সদস্য সংখ্যা x হলে,

$\frac{x(x-১)}{২} = ১০$

বা, $x^2 - x = ২০$

বা, $x^2 - x - ২০ = ০$

বা, $x^2 - ৫x + ৪x - ২০ = ০$

বা, $x(x-৫) + ৪(x-৫) = ০$

বা, $(x-৫)(x+৪) = ০$

$x + ৪ = ০$ [গ্রহণযোগ্য নয়]

$\therefore x - ৫ = ০$

$\therefore x = ৫$ জন]

৩২. দুটি সংখ্যার পার্থক্য বড় সংখ্যাটির ২০%। ছোট সংখ্যাটি ২০ হলে, বড় সংখ্যাটি কত?

ক ২৫ খ ৪৫ গ ৫০ ঘ ৮০

ব্যাখ্যা বড় সংখ্যাটি x হলে,

$x - ২০ = ২০\%$ এর x

বা, $x - ২০ = \frac{২০}{১০০} \times x$

বা, $x - ২০ = \frac{১}{৫} \times x$

বা, $৫x - ১০০ = x$

বা, $৪x = ১০০$

$\therefore x = ২৫$

৩৩. $S = \{X \in N : x^2 > 8, x^3 < 30\}$ হলে, S সেটের প্রকৃত উপসেট কোনটি?

ক {3} খ {4} গ {3, 4} ঘ { }

ব্যাখ্যা $S = \{x \in N : x^2 > 8, x^3 < 30\}$

এখানে, N = স্বাভাবিক সংখ্যার সেট

$= \{1, 2, 3, \ldots\}$

$x = 1$ হলে, $1^2 = 1 \not> 8$ এবং $1^3 = 1 < 30$

$x = 2$ হলে, $2^2 = 4 \not> 8$ এবং $2^3 = 8 < 30$

$x = 3$ হলে, $3^2 = 9 > 8$ এবং $3^3 = 27 < 30$

$x = 4$ হলে, $4^2 = 16 > 8$ এবং $4^3 = 64 \not< 30$

$\therefore S = \{3\}$


$\therefore S$-এর প্রকৃত উপসেট $= \{3\}$

৩৪. ABCD রম্বসের কর্ণদ্বয় O বিন্দুতে ছেদ করলে ΔBOC কোন ধরনের ত্রিভুজ?

ক সমবাহু খ সমকোণী

গ সমদ্বিবাহু ঘ সমকোণী সমদ্বিবাহু

ব্যাখ্যা আমরা জানি, রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।



$\therefore \angle BOC = \angle COD = \angle AOD = \angle AOB = 90^\circ$

$\therefore \Delta BOC, \Delta COD, \Delta AOD$ ও ΔAOB সমকোণী ত্রিভুজ।

৩৫. ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রি করায় একটিতে ২০% লাভ ও অপরটিতে ২০% ক্ষতি হলো। মোট কত টাকা লাভ বা ক্ষতি হলো?

ক ৩০০ টাকা লাভ খ ৪০০ টাকা লাভ

গ ৪০০ টাকা ক্ষতি ঘ ৩০০ টাকা ক্ষতি

ব্যাখ্যা ২০% লাভ হওয়ায় ক্রয়মূল্য $= \left(\frac{১০০}{১২০} \times ৩৬০০\right)$ টাকা

$= ৩০০০$ টাকা

২০% ক্ষতি হওয়ায় ক্রয়মূল্য $= \left(\frac{১০০}{৮০} \times ৩৬০০\right)$ টাকা

$= ৪৫০০$ টাকা

মোট ক্রয়মূল্য $= (৩০০০ + ৪৫০০)$ টাকা

$= ৭৫০০$ টাকা

$\therefore$ মোট ক্ষতি হলো $= (৭৫০০ - ২ \times ৩৬০০)$ টাকা

$= (৭৫০০ - ৭২০০)$ টাকা

$= ৩০০$ টাকা

৩৬. ৪০ জন লোকের মাঝে ৩০ জন ইংরেজি, ২৫ জন বাংলা ও ইংরেজি এবং প্রত্যেকেই দুইটি ভাষার অন্তত একটি ভাষায় কথা বলতে পারে। শুধু বাংলায় কতজন কথা বলতে পারে?

ক ১০ জন খ ১৫ জন গ ১৮ জন ঘ ২০ জন

ব্যাখ্যা মোট = ইংরেজিতে কথা বলতে পারে + বাংলায় কথা বলতে পারে − উভয় ভাষায় কথা বলতে পারে

বা, ৪০ = ৩০ + ২৫ − উভয় ভাষায় কথা বলতে পারে

$\therefore$ উভয় ভাষায় কথা বলতে পারে = ১৫ জন

$\therefore$ শুধু বাংলায় কথা বলতে পারে $= (২৫ - ১৫)$ জন

$= ১০$ জন।

৩৭. $\log_7\left(\sqrt[5]{7}.\sqrt{7}\right) - \log_3\left(\sqrt[3]{3}\right) + \log_4 2$-এর মান কত?

ক $\frac{12}{19}$ খ $\frac{13}{17}$

গ $\frac{13}{15}$ ঘ $\frac{11}{13}$

ব্যাখ্যা $\log_7\left(\sqrt[5]{7}.\sqrt{7}\right) - \log_3\left(\sqrt[3]{3}\right) + \log_4 2$

$= \log_7\left(7^{\frac{1}{5}}.7^{\frac{1}{2}}\right) - \log_3\left(3^{\frac{1}{3}}\right) + \log_4\left(4^{\frac{1}{2}}\right)$

$= \log_7\left(7^{\frac{1}{5}+\frac{1}{2}}\right) - \frac{1}{3}\log_3 3 + \frac{1}{2}\log_4 4$

$= \log_7 7^{\frac{7}{10}} - \frac{1}{3} \times 1 + \frac{1}{2} \times 1; [\because \log_a a = 1]$

$= \frac{7}{10}\log_7 7 - \frac{1}{3} + \frac{1}{2}$

$= \frac{7}{10} \times 1 - \frac{1}{3} + \frac{1}{2}$

$= \frac{7}{10} - \frac{1}{3} + \frac{1}{2}$

$= \frac{21 - 10 + 15}{30}$

$= \frac{26}{30}$

$= \frac{13}{15}$

৩৮. $m = 7 - 4\sqrt{3}$ হলে, $\sqrt{m} + \frac{\sqrt{1}}{\sqrt{m}}$-এর মান কত হবে?

ক 3 খ 4

গ 8 ঘ 9

ব্যাখ্যা $m = 7 - 4\sqrt{3}$

$= 4 - 4\sqrt{3} + 3$

$= 2^2 - 2.2.\sqrt{3} + (\sqrt{3})^2$

$\Rightarrow m = (2 - \sqrt{3})^2$

$\therefore \sqrt{m} = (2 - \sqrt{3})$ [উভয়পক্ষকে বর্গমূল করে]

আবার,

$\frac{1}{\sqrt{m}} = \frac{1}{2 - \sqrt{3}}$

$= \frac{2 + \sqrt{3}}{(2+\sqrt{3})(2-\sqrt{3})}$ [$(2+\sqrt{3})$ দ্বারা উভয়পক্ষকে লব করে]

$= \frac{2 + \sqrt{3}}{2^2 - (\sqrt{3})^2}$

$= \frac{2 + \sqrt{3}}{4 - 3}$

$= \frac{2 + \sqrt{3}}{1}$

$\therefore \frac{1}{\sqrt{m}} = 2 + \sqrt{3}$

$\therefore \sqrt{m} + \frac{1}{\sqrt{m}} = 2 - \sqrt{3} + 2 + \sqrt{3}$

$= 4$

৩৯. ৮ জন লোক একটি বৃত্তাকার টেবিলের চারপাশে কতভাবে বসতে পারে?

ক ২৫২০ খ ৫০৪০ গ ২০১৬০ ঘ ৪০৩২০

ব্যাখ্যা ৮ জন লোক একটি বৃত্তাকার টেবিলে বসতে পারে

$= \frac{|৮}{৮}$ উপায়ে

$= \frac{৮ \times ৭ \times ৬ \times ৫ \times ৪ \times ৩ \times ২ \times ১}{৮}$

$= ৫০৪০$ উপায়ে।

৪০. ১২, ৯, ১৫, ৫, ২০, ৮, ১৫, ১৭, ২১, ২৩, ১১, উপাত্তগুলোর মধ্যক কত?

ক ১২ খ ১৩ গ ১৪ ঘ ১৫

ব্যাখ্যা উপাত্তগুলোকে মানের ক্রমানুসারে সাজিয়ে পাই,

৫, ৮, ৯, ১১, ১২, ১৫, ১৫, ১৭, ২০, ২১, ২৩

এখানে, পদ সংখ্যা = ১১

$\therefore$ মধ্যক = ১৫

[পদসংখ্যা বিজোড় হলে মধ্যপদের মান-ই মধ্যক, আর পদসংখ্যা জোড় হলে মাঝের দুটি পদের গড় হলো মধ্যক।]

৪১. দেহের হাড় বৃদ্ধি নির্ণয়ে কোনটি ব্যবহৃত হয়?

ক আয়োডিন ১৩১ খ কোবাল্ট ৬০

গ টেকনিশিয়াম ঘ ফসফরাস ৩২

ব্যাখ্যা দেহের হাড় বৃদ্ধি নির্ণয় কিংবা হাড়ের কোথায় ব্যথা হচ্ছে তা জানার জন্যে টেকনেশিয়াম ($T_c - 99m$) ব্যবহৃত হয়। থাইরয়েড চিকিৎসায় ^{131}I, টিউমারের চিকিৎসায় ^{60}Co, রক্তের লিউকোমিয়া রোগের চিকিৎসায় ^{32}P আইসোটোপ ব্যবহৃত হয়।

৪২. নিচের কোন দেশটির রেডিও ক্রিকোয়েন্সি রেঞ্জ ব্যতিক্রম?

ক জাপান খ আয়ারল্যান্ড

গ নামিবিয়া ঘ মেক্সিকো

ব্যাখ্যা উল্লিখিত অপশনগুলোর মধ্যে জাপানের রেডিও ফ্রিকোয়েন্সি রেঞ্জ ব্যতিক্রম। কারণ পৃথিবীতে রেডিও স্পেক্ট্রাম রিসোর্স খুবই সীমিত হলেও জাপানের নিয়ন্ত্রক সংস্থা স্বাধীনভাবে এটিকে নিয়ন্ত্রণ করে এবং এর সাথে পদার্থবিজ্ঞানের সূত্র সরাসরি সম্পর্কিত নয়।

উত্তর

৩০	ঘ
৩১	Note
৩২	ক
৩৩	ক
৩৪	খ
৩৫	ঘ
৩৬	ক
৩৭	গ
৩৮	খ
৩৯	খ
৪০	ঘ
৪১	গ
৪২	ক

৪৩. 'ফাইলমেকার প্রো' প্রোগ্রামটি তৈরি করেছে–
ⓐ আইবিএম ⓑ বেল ল্যাবরেটরি
ⓒ মাইক্রোসফট ⓓ ক্লারিস

ব্যাখ্যা Claris International Inc. ১৯৮৫ সালের ফাইলমেকার প্রো সর্বপ্রথম উন্মুক্ত করে। ফাইল মেকার মূলত এক প্রকার রিলেশনাল ডাটাবেস প্রোগ্রাম।

৪৪. নিচের কোনটিকে মাইক্রো নিউট্রিয়েন্ট বলা হয়?
ⓐ আমিষ ⓑ ভিটামিন
ⓒ শর্করা ⓓ ক + খ

ব্যাখ্যা উদ্ভিদের স্বাভাবিক বৃদ্ধির জন্য যেসব উপাদান অত্যন্ত সামান্য পরিমাণে প্রয়োজন হয় তাদের মাইক্রো নিউট্রিয়েন্ট বলে। বিভিন্ন ভিটামিন; যেমন– জিংক, ম্যাঙ্গানিজ, বোরন, ক্লোরিন ইত্যাদি মাইক্রো উপাদান হিসেবে পরিচিত।

৪৫. $(101101)_2$ এর দশমিক মান নিচের কোনটি?
ⓐ 43 ⓑ 34
ⓒ 45 ⓓ 54

ব্যাখ্যা এখানে,
$1\times2^5+0\times2^4+1\times2^3+1\times2^2+0\times2^1+1\times2^0$
$=32+0+8+4+0+1$
$=45$

৪৬. কোন যৌগটি কাপড়ের দাগ তুলতে সাহায্য করে?
ⓐ সোডিয়াম কার্বনেট ⓑ ক্যালসিয়াম বাইকার্বনেট
ⓒ সোডিয়াম বাইকার্বনেট ⓓ ক্যালসিয়াম কার্বনেট

ব্যাখ্যা সোডিয়াম কার্বনেট (Na_2CO_3) একটি অজৈব রাসায়নিক যৌগ যা ওয়াশিং সোডা, সোডা অ্যাশ এবং সোডা ক্রিস্টাল নামেও পরিচিত; যা কাপড়ের দাগ তুলতে সক্ষম।

৪৭. নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য কোনটি ব্যবহার করা হয়?
ⓐ ফাইবার অপটিক ক্যাবল ⓑ মডেম
ⓒ সুইচ ⓓ গেটওয়ে

ব্যাখ্যা ভিন্ন প্রোটোকলবিশিষ্ট একাধিক নেটওয়ার্ককে কানেক্ট করার জন্য গেটওয়ে ব্যবহৃত হয়।

৪৮. কোন রঙের আলোতে সালোকসংশ্লেষণ সবচেয়ে ভালো হয়?
ⓐ নীল ⓑ সবুজ
ⓒ হলুদ ⓓ বেগুনি

[Note : সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি হয় লাল আলোতে। সালোকসংশ্লেষণ কম হয় বেগুনি ও নীল আলোতে। সালোকসংশ্লেষণ হয় না সবুজ ও হলুদ আলোতে।]

৪৯. কোনটি আউটপুট ডিভাইস?
ⓐ কী-বোর্ড ⓑ প্রিন্টার
ⓒ স্ক্যানার ⓓ কোনোটিই নয়

ব্যাখ্যা কী-বোর্ড, OCR বা Optical Character Reader, ইনপুট ডিভাইস। অপরদিকে, প্রিন্টার একটি আউটপুট ডিভাইস।

৫০. মানবদেহে অত্যাবশ্যকীয় এমাইনো এসিড কয়টি?
ⓐ ৬টি ⓑ ৭টি
ⓒ ৮টি ⓓ ৯টি

ব্যাখ্যা মানবদেহে অত্যাবশ্যকীয় এমাইনো এসিড ৯টি। যেমন– ফিনাইল এলানিন, লাইসিন, ভ্যালিন, ট্রিপটোফেনন ইত্যাদি।

৫১. নিচের কোনটি বর্ণভিত্তিক অপারেটিং সিস্টেম নয়?
ⓐ Linux ⓑ MS DOS
ⓒ Unix ⓓ Windows

ব্যাখ্যা মাইক্রোসফটের Windows একটি চিত্রভিত্তিক ও জনপ্রিয় অপারেটিং সিস্টেম। এর সর্বশেষ ভার্সন 11.0।

৫২. আলোর কোন ঘটনাটি মরীচিকা সৃষ্টির পেছনে কাজ করে?
ⓐ প্রতিফলন ⓑ বিক্ষেপণ
ⓒ পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ⓓ প্রতিসরণ

ব্যাখ্যা মরুভূমিতে আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের জন্য মরীচিকা সৃষ্টি হয়। ক্রান্তি কোণের চেয়ে বড় কোণে আপতিত আলোকরশ্মি আগের মাধ্যমে ফিরে আসলে পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের সৃষ্টি হয়।

৫৩. ডাটাবেইজ ল্যাঙ্গুয়েজের উদাহরণ–
ⓐ X Query ⓑ OQL
ⓒ LINQ ⓓ সবগুলোই

ব্যাখ্যা X Query একটি ফাংশনাল কুয়েরি ল্যাঙ্গুয়েজ। OQL-এর পূর্ণরূপ Object Query Language। LINQ-এর পূর্ণরূপ Language Integrated Query। সঠিক উত্তর (খ)।

৫৪. কোন মৌলটি রাসায়নিক বিক্রিয়ায় বিজারক হিসেবে কাজ করে?
ⓐ হাইড্রোজেন ⓑ অক্সিজেন
ⓒ ক্লোরিন ⓓ ব্রোমিন

ব্যাখ্যা যে উপাদান ইলেক্ট্রন গ্রহণকারী পরমাণুর জন্য ইলেক্ট্রন ত্যাগ করে তাকে বিজারক পদার্থ বলে। সাধারণত ধাতুসমূহ বিজারক। তাই হাইড্রোজেন বিজারক এবং অক্সিজেন, ক্লোরিন, ব্রোমিন জারক পদার্থ।

৫৫. কোন গেইটের দুইটি ইনপুট সমান না হলে আউটপুট ১ হয়, অন্যথায় আউটপুট ০ হয়?
ⓐ AND ⓑ NOR
ⓒ EX-OR ⓓ OR

ব্যাখ্যা

A	B	$A \oplus B$
0	0	0
0	1	1
1	0	1
1	1	0

৫৬. করোনার কোন ভ্যারিয়েন্ট ওমিক্রন নামে পরিচিত?
ⓐ B.1.1.7 ⓑ B.1.351
ⓒ B.1.1.529 ⓓ B.1.617.2

ব্যাখ্যা ২০২১ সালের ২৪ নভেম্বর দক্ষিণ আফ্রিকায় প্রথম করোনা ভাইরাসের ভ্যারিয়েন্ট 'ওমিক্রন' ধরা পড়ে, যার বৈজ্ঞানিক নাম B.1.1.529।

উত্তর

৪৩	ঘ
৪৪	খ
৪৫	গ
৪৬	ক
৪৭	ঘ
৪৮	Note
৪৯	খ
৫০	ঘ
৫১	ঘ
৫২	গ
৫৩	ঘ
৫৪	ক
৫৫	গ
৫৬	গ

৫৭. সাধারণ ট্রানজিস্টর কী হিসেবে কাজ করে?
ⓐ পরিবাহি হিসেবে ⓑ স্পন্দক হিসেবে
ⓒ ফিল্টারিং হিসেবে ⓓ বিবর্ধক হিসেবে

ব্যাখ্যা ট্রানজিস্টর এক প্রকার অর্ধপরিবাহী যা সাধারণ অ্যামপ্লিফায়ার বা বিবর্ধক হিসেবে এবং সুইচ হিসেবে ব্যবহৃত হয়।

৫৮. নিচের কোনটি অষ্টাল নাম্বার?
ⓐ 368 ⓑ 1001
ⓒ 963 ⓓ 15A

ব্যাখ্যা 1001 মূলত বাইনারি (0, 1) সংখ্যা। অষ্টাল সংখ্যা ৮ ভিত্তিক; যার অঙ্কগুলো হলো ০, ১, ২, ৩, ৪, ৫, ৬ এবং ৭।

৫৯. উড়োজাহাজের গতি নির্ণয়ে কোন যন্ত্র ব্যবহার হয়?
ⓐ ওডোমিটার ⓑ ক্রনোমিটার
ⓒ ট্যাকোমিটার ⓓ ক্রেসকোমিটার

ব্যাখ্যা ট্যাকোমিটার দ্বারা উড়োজাহাজের গতি নির্ণয় করা হয়। ওডোমিটার মোটরগাড়ির গতি নির্ণায়ক, ক্রেসকোগ্রাফ (ক্রেসকোমিটার) দ্বারা উদ্ভিদের বৃদ্ধি নির্ণয় করা হয়।

৬০. বুলিয়ান যোগের জন্য কোনটি সত্য নয়?
ⓐ 0 + 0 = 0 ⓑ 1 + 1 = 1
ⓒ 1 + 0 = 1 ⓓ কোনোটিই নয়

ব্যাখ্যা

বুলিয়ান যোগ	বাইনারি যোগ
0 + 0 = 0	0 + 0 = 0
0 + 1 = 1	0 + 1 = 1
1 + 0 = 1	1 + 0 = 1
1 + 1 = 1	1 + 1 = 10

৬১. 'মাল্যবান' উপন্যাসের রচয়িতা কে?
ⓐ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓑ জীবনানন্দ দাশ
ⓒ মানিক বন্দ্যোপাধ্যায় ⓓ বুদ্ধদেব বসু

ব্যাখ্যা 'নির্জনতম কবি' হিসেবে খ্যাত জীবনানন্দ দাশের উপন্যাস 'মাল্যবান'। তার অন্যান্য উপন্যাস 'সতীর্থ' এবং 'কল্যাণী'।

৬২. 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ কী?
ⓐ কাণ্ডজ্ঞানহীন ⓑ নির্বোধ
ⓒ নিরেট মূর্খ ⓓ নিষ্ক্রিয় দর্শক

ব্যাখ্যা 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ 'নিষ্ক্রিয় দর্শক'। অন্যদিকে, 'গোমূর্খ' বাগধারাটির অর্থ 'নিরেট মূর্খ' বা 'কাণ্ডজ্ঞানহীন'।

৬৩. এখন গোল্লায় যাও– বাক্যটিতে কোন ধরনের ক্রিয়াপদ ব্যবহৃত হয়েছে?
ⓐ যৌগিক ক্রিয়া ⓑ মিশ্র ক্রিয়া
ⓒ দ্বিকর্মক ক্রিয়া ⓓ নামধাতু

ব্যাখ্যা 'এখন গোল্লায় যাও'– বাক্যটি মিশ্র ক্রিয়া। বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে কর, দে, পা, যা, কাট্, গা, ছাড়্, ধর্, মার্ প্রভৃতি ধাতু যোগে গঠিত ক্রিয়াপদ বিশেষ বিশেষ অর্থে মিশ্র ক্রিয়া গঠন করে। যেমন– তোমাকে দেখে প্রীত হলাম।

৬৪. 'চিড়িয়াখানা' শব্দটি কোন দুটি ভাষার শব্দের সংমিশ্রণ?
ⓐ তুর্কি ও ফারসি ⓑ হিন্দি ও তুর্কি
ⓒ ফারসি ও বাংলা ⓓ হিন্দি ও ফারসি

ব্যাখ্যা 'চিড়িয়াখানা' শব্দটি হিন্দি 'চিড়িয়া' ও ফারসি 'খানা' তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত হয়; যার অর্থ 'জীবজন্তুর প্রদর্শনশালা'।

৬৫. ঈশ্বরচন্দ্রকে 'বিদ্যাসাগর' উপাধি দেওয়া হয় কোন প্রতিষ্ঠান থেকে?
ⓐ হিন্দু কলেজ ⓑ সংস্কৃত কলেজ
ⓒ ফোর্ট উইলিয়াম কলেজ ⓓ স্কটিশ চার্চ কলেজ

ব্যাখ্যা বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে সংস্কৃত কলেজে অধ্যয়নকালে ১৮৩৯ সালে বিশেষ পরীক্ষায় সাফল্য অর্জন করার জন্য 'বিদ্যাসাগর' উপাধিতে ভূষিত করা হয়। তার কয়েকটি বিখ্যাত গদ্যগ্রন্থ 'বেতালপঞ্চবিংশতি, 'ভ্রান্তিবিলাস', 'শকুন্তলা', 'সীতার বনবাস'।

৬৬. কাজী নজরুল ইসলামের রচনায় কোন চলচ্চিত্র নির্মিত হয়?
ⓐ পাতালপুরী ⓑ গ্রহের ফের
ⓒ বিদ্যাপতি ⓓ চৌরঙ্গী

ব্যাখ্যা ১৯৩৭ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র 'বিদ্যাপতি'। এ সিনেমার গল্প, সংলাপ ও চিত্রনাট্য যৌথভাবে কাজী নজরুল ইসলাম ও দেবকী বসু রচনা করেন। তবে মূল গল্প কাজী নজরুল ইসলামের ছিল বলেই জানা যায়।

৬৭. 'ঠাকুর বাড়ির আঙিনায়' কার আত্মকথামূলক রচনা?
ⓐ জসীমউদ্দীন ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓒ মৃণালিনী দেবী ⓓ শওকত ওসমান

ব্যাখ্যা 'ঠাকুর বাড়ির আঙিনায়' (১৯৬১) পল্লীকবি জসীমউদ্দীনের আত্মকথামূলক রচনা। তার আরেকটি স্মৃতিকথামূলক গ্রন্থ 'যাঁদের দেখেছি' (১৯৫২)। 'জীবন কথা' (১৯৬৪) তার আত্মজীবনীমূলক রচনা।

৬৮. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ⓐ পরোপকার মানুষত্বের পরিচায়ক
ⓑ আবশ্যক ব্যয়ে কার্পণ্যতা করা উচিত নয়
ⓒ দীনতা প্রশংসনীয় নয়
ⓓ বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে

ব্যাখ্যা দীনতা প্রশংসনীয় নয়– বাক্যটি শুদ্ধ। অপশনের অন্যান্য বাক্যসমূহের শুদ্ধ রূপ- পরোপকার মনুষ্যত্বের পরিচায়ক। আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত। বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে।

৬৯. 'পঞ্চত্বপ্রাপ্তি' বলতে কী বোঝায়?
ⓐ বিবাহ ⓑ মৃত্যু
ⓒ অনুগ্রহ ⓓ পুত্র লাভ

ব্যাখ্যা 'পঞ্চত্বপ্রাপ্তি' শব্দের অর্থ 'মৃত্যু'। মৃত্যুর আরও কিছু সমার্থক শব্দ- 'ইন্তেকাল', 'স্বর্গলাভ', 'দেহত্যাগ', 'মহাপ্রস্থান', 'লোকান্তর'।

উত্তর

৫৭	ঘ
৫৮	খ
৫৯	গ
৬০	ঘ
৬১	খ
৬২	ঘ
৬৩	খ
৬৪	ঘ
৬৫	খ
৬৬	গ
৬৭	ক
৬৮	গ
৬৯	খ

CamScanner

৭০. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস নয়?
ক জোছনা ও জননীর গল্প
খ জনক ও জননীর গল্প
গ নেকড়ে অরণ্য
ঘ যে অরণ্যে আলো নেই

ব্যাখ্যা বাংলা একাডেমির প্রথম নারী মহাপরিচালক নীলিমা ইব্রাহীম (১৯২১-২০০২) রচিত নাটক 'যে অরণ্যে আলো নেই'। অন্যদিকে, জোছনা ও জননীর গল্প- হুমায়ূন আহমেদ, জনক ও জননীর গল্প- মোস্তফা কামাল এবং নেকড়ে অরণ্য- শওকত ওসমান রচিত উপন্যাস।

৭১. 'ন্যাশনাল গার্ড' কোন দেশের নিরাপত্তা বাহিনী?
ক হংকং
খ ভ্যাটিকান সিটি
গ ইরান
ঘ যুক্তরাষ্ট্র

ব্যাখ্যা 'ন্যাশনাল গার্ড' যুক্তরাষ্ট্রের একটি নিরাপত্তা বাহিনী। এটি সেনা ও বিমান বাহিনীর দ্বারা গঠিত একটি বিশেষ বাহিনী।

৭২. আগ্নেয় পদার্থ সঞ্চিত হয়ে গঠিত পর্বত কোনটি?
ক ব্ল্যাক ফরেস্ট
খ হেনরি
গ কিলিমানজারো
ঘ রকি

ব্যাখ্যা আগ্নেয়গিরি থেকে উদগিরিত লাভা সঞ্চিত ও জমাট বেঁধে আগ্নেয় পর্বত সৃষ্টি হয়। একে সঞ্চিত পর্বতও বলা হয়। এ ধরনের পর্বতের উদাহরণ হলো- ইতালির ভিসুভিয়াস, তানজানিয়ার কিলিমানজারো, জাপানের ফুজিয়ামা এবং ফিলিপাইনের পিনাটুবো পর্বত।

৭৩. সম্প্রতি কোন বাংলাদেশি জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল নিযুক্ত হন?
ক ফাতিমা ইয়াসমিন
খ আমিরা হক
গ রাবাব ফাতিমা
ঘ আনোয়ার উল করিম

ব্যাখ্যা প্রথম বাংলাদেশি হিসেবে ২০০২ সালে জাতিসংঘের আন্ডার সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করেন আনোয়ার-উল করিম চৌধুরী। সম্প্রতি দ্বিতীয় বাংলাদেশি হিসেবে রাবাব ফাতিমা উক্ত পদে নিযুক্ত হন।

৭৪. মুক্তিযুদ্ধের প্রথম ভাস্কর্য কোনটি?
ক জাগ্রত চৌরঙ্গী
খ অপরাজেয় বাংলা
গ সংশপ্তক
ঘ সাবাশ বাংলাদেশ

ব্যাখ্যা গাজীপুরের জয়দেবপুর চৌরাস্তায় নির্মিত 'জাগ্রত চৌরঙ্গী' মুক্তিযুদ্ধের প্রেরণায় নির্মিত প্রথম ভাস্কর্য। ১৯৭৩ সালে নির্মিত এ ভাস্কর্যের শিল্পী আব্দুর রাজ্জাক।

৭৫. সর্বশেষ কোন দেশে বিমান যাত্রী পরিবহণ শুরু হয়?
ক কানাডা
খ চীন
গ আরব আমিরাত
ঘ যুক্তরাজ্য

ব্যাখ্যা সর্বশেষ ২৬ মার্চ ২০২২ ঢাকা-টরেন্টো (কানাডা)-ঢাকা রুটে বাংলাদেশ বিমানের যাত্রী পরিবহন শুরু হয়। এ ফ্লাইট পরিচালিত হবে বোয়িং ৭৮৭-৯ ড্রিমলাইনার বিমানের মাধ্যমে।

৭৬. বিশ্বের সর্ববৃহৎ মুক্ত বাণিজ্য চুক্তি RCEP-তে অন্তর্ভুক্ত এশিয়ার দেশ কয়টি?
ক ১০টি
খ ১২টি
গ ১৩টি
ঘ ১৫টি

ব্যাখ্যা RCEP-এর পূর্ণরূপ Regional Comprehensive Economic Partnership। এটি বিশ্বের বৃহত্তম মুক্ত বাণিজ্য চুক্তি। ২০২০ সালের ১৫ নভেম্বর চুক্তিটি স্বাক্ষরিত হয় এবং ১ জানুয়ারি ২০২২ এটি কার্যকর হয়। এটির সদস্য দেশ ১৫টি। এর মধ্যে এশিয়ার দেশ ১৩টি।

৭৭. ১৫তম এশিয়া কাপ ক্রিকেট কোথায় অনুষ্ঠিত হবে?
ক আফগানিস্তান
খ সংযুক্ত আরব আমিরাত
গ পাকিস্তান
ঘ ভারত

ব্যাখ্যা ১৫তম এশিয়া কাপ ক্রিকেট ২০২২ সালে সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠিত হয়। শ্রীলংকা এই টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়। পরবর্তী ১৬তম এশিয়া কাপ ২০২৩ সালে পাকিস্তানে অনুষ্ঠিত হবে।

৭৮. কোন ক্ষেত্রে অবদানের জন্য শান্তিতে সর্বশেষ নোবেল পুরস্কার প্রদান করা হয়?
ক জলবায়ু পরিবর্তন
খ পারমাণবিক শক্তি ব্যবহার
গ মত প্রকাশের স্বাধীনতা
ঘ শরণার্থীদের সুরক্ষা

[Note : বেলারুশ, রাশিয়া ও ইউক্রেনে মানবাধিকার, গণতন্ত্র ও শান্তিপূর্ণ সহাবস্থানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য ২০২২ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন অ্যালেস বিয়ালিয়াৎস্কি এবং মানবাধিকার সংস্থা মেমোরিয়াল ও সেন্টার ফর সিভিল লিবার্টিস।]

৭৯. ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ মোতাবেক বাংলাদেশের মোট সাক্ষরতার হার কত?
ক ৭১.৬৫%
খ ৭২.৮২%
গ ৭৪.৬৬%
ঘ ৭৬.৫৬%

ব্যাখ্যা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) পরিচালিত ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয় ১৫–২১ জুন ২০২২। উক্ত জনশুমারি অনুযায়ী দেশের মোট জনসংখ্যা ১৬,৫১,৫৮,৬১৬ জন। জনসংখ্যা বৃদ্ধির হার ১.২২%। জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গকিলোমিটারে ১,১১৯ জন এবং মোট সাক্ষরতার হার ৭৪.৬৬%।

৮০. রাশিয়া ও ইউক্রেনের নিরাপদ শস্য রপ্তানি চুক্তিতে মধ্যস্থতা করে কোন দেশ?
ক ইউরোপীয় ইউনিয়ন
খ সৌদি আরব
গ বেলারুশ
ঘ তুরস্ক

ব্যাখ্যা কৃষ্ণসাগরে অবস্থিত ইউক্রেনের বন্দরগুলো দিয়ে বিশ্ববাজারে শস্য রপ্তানির জন্য রাশিয়া ও ইউক্রেনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয় ২২ জুলাই ২০২২। জাতিসংঘ ও তুরস্কের মধ্যস্থতায় এ চুক্তিটি ইস্তানবুলে স্বাক্ষরিত হয়।

উত্তর
৭০ ঘ
৭১ ঘ
৭২ গ
৭৩ গ
৭৪ ক
৭৫ ক
৭৬ গ
৭৭ খ
৭৮Note
৭৯ গ
৮০ ঘ

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-এর গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট ২০২২

পরীক্ষার তারিখ : ২৩.০৪.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৮০

[বিষয় ভিত্তিক প্রশ্ন ১০০ (একশত)। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।]

০১. ৩.৩৩ × ০.৩৩-এর গুণফলের সাথে ০.৯৯ যোগ করলে কত হয়?
ক ০.০০১৮৯
খ ২.০৮৮৯
গ ৩.০৯৯৮
ঘ ২.৯৯৯৯

ব্যাখ্যা প্রদত্ত রাশি : ৩.৩৩ × ০.৩৩ + ০.৯৯
= ১.০৯৮৯ + ০.৯৯
= ২.০৮৮৯

০২. ৫ ডজন কলা ও ২ হালি ডিমের দাম ৬৭২ টাকা ও ১টি ডিমের দাম ৯ টাকা হলে এক হালি কলার দাম কত টাকা?
ক ৫০
খ ৬০
গ ৪০
ঘ ৮০

ব্যাখ্যা আমরা জানি, ১ হালি = ৪টি
২ " = (৪ × ২)টি = ৮টি
এবং ১ ডজন = ১২টি
৫ " = (১২ × ৫)টি
= ৬০টি
১টি ডিমের দাম ৯টাকা
৮টি " " (৯ × ৮) টাকা = ৭২ টাকা
৬০টি বা ৫ ডজন কলার দাম (৬৭২ − ৭২) টাকা
= ৬০০ টাকা
১টি কলার দাম $\frac{৬০০}{৬০}$ টাকা
১ হালি বা ৪টি কলার দাম $\left(\frac{৬০০ \times ৪}{৬০}\right)$ টাকা
= ৪০ টাকা

০৩. একটি সমকোণী ত্রিভুজের ভূমি ৮ সেমি ও উচ্চতা ১০ সেমি হলে তার ক্ষেত্রফল কত?
ক ৮০ সেমি
খ ৪০ বর্গ সেমি
গ ৮০ বর্গ সেমি
ঘ ১২০ বর্গ সেমি

ব্যাখ্যা আমরা জানি,
ত্রিভুজের ক্ষেত্রফল = $\left(\frac{১}{২} \times \text{ভূমি} \times \text{উচ্চতা}\right)$ বর্গএকক
এখানে, সমকোণী ত্রিভুজের ভূমি ৮ সেমি ও উচ্চতা ১০ সেমি
∴ নির্ণেয় ত্রিভুজের ক্ষেত্রফল = $\left(\frac{১}{২} \times ৮ \times ১০\right)$ বর্গ সেমি
= ৪০ বর্গ সেমি

০৪. একটি উড়োজাহাজের গতি ঘণ্টায় ৯০০ কিলোমিটার হলে ১ কিলোমিটার যেতে কত সময় লাগবে?
ক ১০ সেকেন্ড
খ ৮ সেকেন্ড
গ ৪ সেকেন্ড
ঘ ২ সেকেন্ড

ব্যাখ্যা ৯০০ কিলোমিটার যায় ১ ঘণ্টায় বা (৬০ × ৬০) সেকেন্ডে
১ " " $\frac{৬০ \times ৬০}{৯০০}$ "
= ৪ সেকেন্ডে

০৫. $x^2 + x - 20 = ?$
ক $(x-5)(x+4)$
খ $(x+5)(x-4)$
গ $(x-10)(x-2)$
ঘ $(x-10)(x+2)$

ব্যাখ্যা $x^2 + x - 20$
$= x^2 + 5x - 4x - 20$
$= x(x+5) - 4(x+5)$
$= (x+5)(x-4)$

০৬. $0.1 \times 0.2 \times 0.3 \times 0.4 = ?$
ক 0.24
খ .0024
গ .3
ঘ 2.4

ব্যাখ্যা $0.1 \times 0.2 \times 0.3 \times 0.4$
$= 0.0024$

০৭. সমকোণী ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য ৪ সেমি ও ৩ সেমি। অতিভুজের দৈর্ঘ্য কত?
ক ৭ সেমি
খ ১২ সেমি
গ ১ সেমি
ঘ ৫ সেমি

ব্যাখ্যা আমরা জানি, সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে (অতিভুজ)^২
= (ভূমি)^২ + (উচ্চতা)^২
∴ (অতিভুজ)$^২ = ৩^২ + ৪^২$
⇒ (অতিভুজ)$^২ = ৯ + ১৬$
⇒ (অতিভুজ)$^২ = ২৫$
∴ অতিভুজ = ৫ সেমি

০৮. সরল কোণের পরিমাণ কত?
ক ৯০°
খ ১৯০°
গ ৪৫°
ঘ ১৮০°

ব্যাখ্যা আমরা জানি, এক সরল কোণ = ১৮০°।

০৯. $(x+1) + (x+2) + (x+3) = ?$
ক $x + 6$
খ x^3
গ $2x + 6$
ঘ $3x + 6$

ব্যাখ্যা $(x+1) + (x+2) + (x+3)$
$= 3x + 6$

উত্তর
০১ খ
০২ গ
০৩ খ
০৪ গ
০৫ খ
০৬ খ
০৭ ঘ
০৮ ঘ
০৯ ঘ

CamScanner

১০. সরল মুনাফার ক্ষেত্রে I = Pnr। এখানে P কি নির্দেশ করে?
ক মুনাফা খ মুনাফার মূলধন
গ লভ্যাংশ ঘ মূলধন

ব্যাখ্যা দেওয়া আছে, I = Pnr
এখানে, P হলো মূলধন বা আসল।

১১. বৃত্তের ব্যাসার্ধ π হলে পরিধি কত?
ক πr^2 খ πr
গ $2\pi r^2$ ঘ $2\pi r$
[Note : আমরা জানি, বৃত্তের ব্যাসার্ধ π হলে বৃত্তের পরিধি $2\pi \times \pi = 2\pi^2$ ।]

১২. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির সুরকার কে?
ক আব্দুল গাফফার চৌধুরী খ আলতাফ মাহমুদ
গ আব্দুল লতিফ ঘ সমর দাস

ব্যাখ্যা আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির বর্তমান সুরকার আলতাফ মাহমুদ। গানটির প্রথম সুরকার ছিলেন আব্দুল লতিফ। অন্যদিকে গানটির রচয়িতা আব্দুল গাফফার চৌধুরী।

১৩. 'কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি'– এই কবিতাটির রচয়িতা কে?
ক জহির রায়হান খ শামসুর রাহমান
গ মাহবুব-উল-আলম ঘ সৈয়দ শামসুল হক

ব্যাখ্যা মাহবুব-উল-আলম রচিত ভাষা আন্দোলনভিত্তিক প্রথম কবিতা 'কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি'। অন্যদিকে জহির রায়হানের 'আরেক ফাল্গুন' ভাষা আন্দোলনভিত্তিক প্রথম উপন্যাস এবং সৈয়দ শামসুল হকের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস– 'নিষিদ্ধ লোবান', 'নীল দংশন', 'ত্রাহী'।

১৪. Which is incorrect?
ক Grammer খ Sugar
গ Colonel ঘ Psychology

ব্যাখ্যা Grammar সঠিক বানান। এখানে শব্দটির বানানে ভুল থাকায় সঠিক অপশন (ক)।

১৬. মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর কোন সেক্টরের অধীন ছিল?
ক ১নং সেক্টর খ ২নং সেক্টর
গ ৪নং সেক্টর ঘ ৯নং সেক্টর

ব্যাখ্যা মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর ২নং সেক্টরের অধীনে ছিল এবং ঢাকা জেলা ২ ও ৩নং সেক্টরের অধীনে ছিল। ২নং সেক্টরের সদর দপ্তর ছিল আগরতলার মেলাঘর, ত্রিপুরা। চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম এলাকা ১নং সেক্টরের অধীনে ছিল এবং সিলেটের পূর্বাঞ্চল ৪নং সেক্টরের অধীনে ছিল। মুক্তিযুদ্ধের ব্যতিক্রমধর্মী সেক্টর ছিল ১০নং সেক্টর (নৌ সেক্টর)।

১৭. 'কনসার্ট ফর বাংলাদেশ' কবে কোথায় অনুষ্ঠিত হয়?
ক ২৭ আগস্ট, লন্ডন খ জুলাই, ভারত
গ ১ আগস্ট, নিউইয়র্ক ঘ ২১ আগস্ট, নিউইয়র্ক

ব্যাখ্যা ১ আগস্ট ১৯৭১ নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ার গার্ডেনে 'কনসার্ট ফর বাংলাদেশ' অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। 'কনসার্ট ফর বাংলাদেশ' মুক্তিযুদ্ধকালে বাংলাদেশ শরণার্থীদের পক্ষে জনমত গঠন ও তহবিল সংগ্রহের জন্য আয়োজিত অনুষ্ঠানটির উদ্যোক্তা ছিলেন জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবিশঙ্কর।

১৮. ২০২১ সালে COP-26 সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
ক প্যারিস খ লন্ডন
গ গ্লাসগো ঘ জেনেভা

ব্যাখ্যা ২০২১ সালে COP-26 সম্মেলন স্কটল্যান্ডের গ্লাসগো শহরে অনুষ্ঠিত হয়। ওই সম্মেলনে বাংলাদেশের প্রধানমন্ত্রী ৪ দফা প্রস্তাব তুলে ধরেন। উল্লেখ্য, ২০২২ সালের ৬-২০ নভেম্বর COP-27 সম্মেলন মিসরের বন্দর নগরী শারম-আল-শেখে অনুষ্ঠিত হয়।

১৯. বিমানের যাত্রা শুরু হয় কোন উড়োজাহাজ নিয়ে?
ক বোয়িং ৭০৭ খ ডাকোটা
গ এফ ২৭ ঘ এটিপি

ব্যাখ্যা ১৯৭২ সালে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স যাত্রা শুরু করে বোয়িং ৭০৭ মডেলের উড়োজাহাজ নিয়ে। ৪ জানুয়ারি ১৯৭২ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স প্রতিষ্ঠিত হয় এবং এটির প্রতীক বলাকা'র ডিজাইনার শিল্পী কামরুল হাসান। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সদর দপ্তর বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।

২০. মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে দ্বিতীয় খেতাব কোনটি?
ক বীরবিক্রম খ বীরশ্রেষ্ঠ
গ বীরউত্তম ঘ বীরপ্রতীক

ব্যাখ্যা মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে দ্বিতীয় খেতাব বীরউত্তম প্রদান করা হয় ৬৮ জনকে। তৃতীয় বীরত্বসূচক খেতাব বীরবিক্রম ১৭৫ জনকে এবং চতুর্থ বীরত্বসূচক খেতাব বীরপ্রতীক ৪২৬ জনকে প্রদান করা হয়। প্রথম বীরত্বসূচক খেতাব বীরশ্রেষ্ঠ ৭ জনসহ মুক্তিযুদ্ধে খেতাব প্রাপ্ত মোট সদস্য ৬৭৬ জন। উল্লেখ্য, ৬ জুন ২০২১ 'বঙ্গবন্ধু হত্যায় জড়িত থাকার জন্য' ৪ জনের খেতাব বাতিল করে সরকার।

২১. 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি' গানটির গীতিকার কে?
ক রমজান আলী খ গোবিন্দ হালদার
গ মো. মনিরুজ্জামান ঘ নজরুল ইসলাম বাবু

ব্যাখ্যা 'মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি' গানটির গীতিকার ও শিল্পী যথাক্রমে গোবিন্দ হালদার ও আপেল মাহমুদ। অন্যদিকে নজরুল ইসলাম বাবু রচিত বিখ্যাত গান 'সব ক'টা জানালা খুলে দাও না।'

২২. বাংলাদেশে এ পর্যন্ত কতগুলো পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?
ক ৪ খ ৭
গ ৮ ঘ ৯

ব্যাখ্যা বাংলাদেশে এ পর্যন্ত ৮টি পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ ছিল ১৯৭৩-১৯৭৮ এবং সর্বশেষ ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ ২০২১-২০২৫ সাল পর্যন্ত। সরকারের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করে পরিকল্পনা কমিশন। উল্লেখ্য, পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রবর্তক রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট যোসেফ স্ট্যালিন (১৯২১ সালে)।

২৩. বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত বেকার হোস্টেল কোথায় অবস্থিত?
ক টুঙ্গিপাড়া খ মেহেরপুর
গ কোলকাতা ঘ সাভার

ব্যাখ্যা বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৪২ সাল থেকে তৎকালীন কোলকাতার ইসলামিয়া কলেজে অধ্যয়নকালে আবাসিক ছাত্র হিসেবে বেকার হোস্টেলের ২৪ নম্বর কক্ষে থাকতেন। বর্তমানে বেকার হোস্টেলের ২৩ ও ২৪ নম্বর কক্ষকে 'বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর'-এ রূপ দিয়েছে পশ্চিমবঙ্গ সরকার।

২৪. মহান মুক্তিযুদ্ধের প্রথম ভাস্কর্য কোনটি?
ক সংশপ্তক খ অপরাজেয় বাংলা
গ স্বাধীনতার সোপান ঘ জাগ্রত চৌরঙ্গী

ব্যাখ্যা মহান মুক্তিযুদ্ধের প্রথম ভাস্কর্য 'জাগ্রত চৌরঙ্গী'। এটির স্থপতি আব্দুর রাজ্জাক এবং এই ভাস্কর্যটি জয়দেবপুর চৌরাস্তা, গাজীপুরে অবস্থিত। 'অপরাজেয় বাংলা' ভাস্কর্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত এবং এটির ভাস্কর সৈয়দ আবদুল্লাহ খালেদ। বাংলাদেশের কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি হামিদুর রহমান এবং জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন।

২৫. বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত ধানমন্ডির বাসভবনকে কত সালে যাদুঘরে রূপান্তর করা হয়?
ক ১৯৯৬ সালে খ ১৯৯৭ সালে
গ ১৯৯৮ সালে ঘ ১৯৯৯ সালে
[Note : বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত ধানমন্ডির বাসভবনকে ১৯৯৪ সালের ১৪ আগস্ট 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর' হিসেবে উদ্বোধন করা হয়। এক সময়ের ধানমন্ডি-৩২ নম্বর রোডের ৬৭৭ নম্বর বাড়িটির বর্তমান ঠিকানা ১০ নম্বর বাড়ি, রোড নম্বর-১১, ধানমন্ডি-ঢাকা।]

২৬. ভারতের কোন রাজ্যের সাথে বাংলাদেশের সীমানা নেই?
ক আসাম খ মিজোরাম
গ ত্রিপুরা ঘ নাগাল্যান্ড

ব্যাখ্যা ভারতের নাগাল্যান্ড রাজ্যের সাথে বাংলাদেশের কোনো সীমানা নেই। বাংলাদেশের সাথে ভারতের সীমান্তবর্তী রাজ্য ৫টি। যথা : পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা, মিজোরাম ও মেঘালয়। বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা ৩২টি, ভারতের সাথে ৩০টি এবং মিয়ানমারের সাথে ৩টি। ভারত ও মিয়ানমারের সাথে সীমান্তবর্তী বাংলাদেশের একমাত্র জেলা রাঙামাটি।

২৭. ম্যানগ্রোভ কী?
ক কেওড়া বন খ শালবন
গ উপকূলীয় বন ঘ চিরহরিৎ বন

ব্যাখ্যা ম্যানগ্রোভ বন হচ্ছে সমুদ্র উপকূলবর্তী বন, যেখানে জোয়ারের সময় পানি ওঠে এবং ভাটার সময় নেমে যায়। বাংলাদেশে অবস্থিত সুন্দরবন পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন। সুন্দরবনের মোট আয়তন ১০,০০০ বর্গ কিমি এবং বাংলাদেশ অংশের আয়তন ৬,০১৭ বর্গকিমি। সুন্দরবনের অন্য নাম বনবন।

২৮. জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে?
ক সৈয়দ মাইনুল হোসেন খ নিতুন কুণ্ডু
গ হামিদুজ্জামান খান ঘ মর্তুজা বশীর

ব্যাখ্যা জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। এটি নবীনগর, সাভার, ঢাকাতে অবস্থিত। ১৬ ডিসেম্বর ১৯৭২ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় স্মৃতিসৌধের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। স্মৃতিসৌধটির উচ্চতা ১৫৩ ফুট বা ৪৫.৭২ মিটার এবং ফলকের সংখ্যা ৭টি। জাতীয় স্মৃতিসৌধের অপর নাম 'সম্মিলিত প্রয়াস'।

২৯. অপরাজেয় বাংলার ভাস্কর কে?
ক হামিদুজ্জামান খান খ সৈয়দ আব্দুল্লাহ খালেদ
গ রাফিউদ্দীন আহমেদ ঘ আরিফুল ইসলাম

ব্যাখ্যা অপরাজেয় বাংলার ভাস্কর সৈয়দ আব্দুল্লাহ খালেদ। এটির অবস্থান ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে। আজিজুল জলিল পাশা দোয়েল চত্বর ও শাপলা চত্বরের স্থপতি। শামীম সিকদার ষোপার্জিত রাষ্ট্রীয়ভার স্থপতি।

৩০. বাংলাদেশ বিমান কবে প্রতিষ্ঠিত হয়েছিল?
ক ৪ জানুয়ারি, ১৯৭১ খ ৪ জানুয়ারি, ১৯৭২
গ ১৪ জানুয়ারি, ১৯৭২ ঘ ১৭ জানুয়ারি, ১৯৭২

ব্যাখ্যা বাংলাদেশ বিমান প্রতিষ্ঠিত হয় ৪ জানুয়ারি ১৯৭২ এবং আন্তর্জাতিক ফ্লাইট শুরু করে ৪ মার্চ ১৯৭২ (ঢাকা-লন্ডন-ঢাকা)। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রতীক উড়ন্ত বলাকা। উল্লেখ্য, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের স্থপতি লারোস এবং নির্মাণাধীন তৃতীয় টার্মিনালের নকশা করেছেন বিশ্বখ্যাত স্থপতি রোহানি বাহরিন (সিঙ্গাপুর)।

উত্তর	
১০	ঘ
১১	ঘ
১২	খ
১৩	গ
১৪	ক
১৬	খ
১৭	গ
১৮	গ
১৯	ক
২০	গ
২১	খ
২২	গ
২৩	গ
২৪	ঘ
২৫	Note
২৬	ঘ
২৭	গ
২৮	ক
২৯	খ
৩০	খ

CamScanner

৩১. সোনারগাঁয়ের প্রাচীন নাম কী?
ক নারায়ণগঞ্জ খ লাভনবন্দ
গ সুবর্ণগ্রাম ঘ পুন্ড্রনগর

ব্যাখ্যা সোনারগাঁয়ের প্রাচীন নাম ছিল সুবর্ণগ্রাম এবং সোনারগাঁও ১৩৩৮ থেকে ১৩৫২ পর্যন্ত ফখরুদ্দীন মোবারক শাহ প্রতিষ্ঠিত স্বাধীন রাজ্যের রাজধানী ছিল। বরিশাল জেলার পূর্বনাম চন্দ্রদ্বীপ। চট্টগ্রামের প্রাচীন নাম ইসলামাবাদ, খুলনার প্রাচীন নাম জাহানাবাদ, নোয়াখালীর প্রাচীন নাম সুধারাম বা ভুলুয়া। সিলেট পূর্বে শ্রীহট্ট ও জালালাবাদ নামে পরিচিত ছিল।

৩২. 'Blue Economy' কোন বিষয়ের সাথে সম্পর্কিত?
ক বাজার অর্থনীতি খ সবুজ অর্থনীতি
গ সমুদ্র অর্থনীতি ঘ বিশ্বায়ন

ব্যাখ্যা Blue Economy বা সুনীল অর্থনীতি হচ্ছে সমুদ্রের সম্পদনির্ভর অর্থনীতি। সমুদ্রের বিশাল জলরাশি ও এর তলদেশের বিভিন্ন প্রকার সম্পদকে কাজে লাগানোর অর্থনীতি। ১৯৯৪ সালে অধ্যাপক গুন্টার পাউলি সমুদ্র সম্পদনির্ভর টেকসই ও পরিবেশবান্ধব অর্থনীতি সম্পর্কে তার বিখ্যাত বই 'The Blue Economy'-তে বিস্তারিত আলোচনা করেন।

৩৩. 'Covid-19' রোগের ভাইরাসের নাম কী?
ক SARS-Cov-1 খ SARS-Cov-2
গ Corona Virus ঘ Covid-19 Virus

ব্যাখ্যা Covid-19 রোগের ভাইরাসের নাম SARS-Cov-2। Covid-19 হলো RNA ভাইরাস। চীনের হুবেই প্রদেশের উহান নগরীতে করোনা ভাইরাস গোত্রের সপ্তম প্রজাতি শনাক্ত হয় ৩১ ডিসেম্বর ২০১৯। বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক অনুমোদিত করোনা ভাইরাসের প্রথম টিকা ফাইজার ও বায়োএনটেকের Comirnaty।

৩৪. RT-PCR-এর পূর্ণরূপ কী?
ক Real Time Chain Reaction
খ Real Time Critical Reaction
গ Reverse Transcription Polymerase Chain Reaction
ঘ Reverse Time Palhogene Chain Reaction

ব্যাখ্যা RT-PCR-এর পূর্ণরূপ– Reverse Transcription Polymerase Chain Reaction। পরীক্ষাগারে পলিমারেজ চেইন বিক্রিয়ার মাধ্যমে টার্গেট DNA বা RNA-কে amplification বা বৃদ্ধি করে অণুজীবের গতি ও উপস্থিতি প্রমাণ করা হয়।

৩৫. ১৬ ডিসেম্বর, ১৯৭১ এ ঢাকার রেসকোর্সে আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করেন—
ক জেনারেল মানেকশ ও জেনারেল নিয়াজী
খ জেনারেল জ্যাকব ও জেনারেল নিয়াজী
গ জেনারেল জগজিৎ সিং অরোরা ও জেনারেল নিয়াজী
ঘ জেনারেল দলবীর সিং অরোরা ও জেনারেল নিয়াজী

ব্যাখ্যা ১৬ ডিসেম্বর, ১৯৭১-এ ঢাকার রেসকোর্সে আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করেন পূর্ব রণাঙ্গনে ভারতীয় ও বাংলাদেশি যৌথ বাহিনীর সেনাধ্যক্ষ জেনারেল জগজিৎ সিং অরোরা এবং পাকিস্তানি বাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডের অধিনায়ক লে. জেনারেল আমির আব্দুল্লাহ খান নিয়াজী। মুক্তিযুদ্ধে বিজয়ের দিন আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন গ্রুপ ক্যাপ্টেন এ. কে খন্দকার।

৩৬. বাংলাদেশে কত শ্রেণির ব্যাংক রয়েছে?
ক ৩ শ্রেণি খ ২ শ্রেণি
গ ৪ শ্রেণি ঘ ৫ শ্রেণি

ব্যাখ্যা বাংলাদেশে প্রধানত ২টি শ্রেণির ব্যাংক রয়েছে, তালিকাভুক্ত বা তফসিলভুক্ত ব্যাংক এবং অ-তালিকাভুক্ত বা তফসিল বহির্ভূত ব্যাংক। ব্যাংক কোম্পানি অ্যাক্ট ১৯৯১ সালে প্রণয়ন করা হয়। বর্তমানে বাংলাদেশে তফসিলভুক্ত ব্যাংক রয়েছে ৬১টি।

৩৭. বাংলাদেশে কত প্রকারের স্থানীয় সরকার প্রতিষ্ঠান রয়েছে?
ক ৪ প্রকারের খ ৫ প্রকারের
গ ৬ প্রকারের ঘ ৬ প্রকারের

ব্যাখ্যা বাংলাদেশে স্থানীয় সরকার প্রতিষ্ঠান আছে মোট ৫ প্রকারের। গ্রামভিত্তিক তিন স্তরের– ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও জেলা পরিষদ আর শহরভিত্তিক দুই স্তরের– পৌরসভা ও সিটি কর্পোরেশন। বাংলাদেশে স্থানীয় শাসন অর্ডিন্যান্স জারি হয় ১৯৭৬ সালে। বাংলাদেশে প্রথমবারের মতো জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয় ২৮ ডিসেম্বর ২০১৬।

৩৮. ছয় দফার কয়টি দফা অর্থনীতি সংশ্লিষ্ট?
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অর্থনৈতিক বৈষম্য থেকে মুক্তির জন্য ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে ঐতিহাসিক 'ছয় দফা' কর্মসূচি উত্থাপন করেন। ছয় দফার মধ্যে অর্থনীতি বিষয়ক দফা ছিল ৩টি। দফা ৩টি হলো— মুদ্রা ও অর্থ সম্বন্ধীয় ক্ষমতা; রাজস্ব, কর বা শুল্ক সম্বন্ধীয় ক্ষমতা এবং বৈদেশিক বাণিজ্যবিষয়ক ক্ষমতা। উল্লেখ্য, ছয় দফা আনুষ্ঠানিকভাবে ঘোষিত হয় ২৩ মার্চ ১৯৬৬।

৩৯. বাংলাদেশে এখন পর্যন্ত কত জনকে দুই ডোজ কোভিড-১৯ টিকা দেয়া হয়েছে?
ক ১১.৫০ কোটি খ ১২.৫০ কোটি
গ ২২.০০ কোটি ঘ ১৬.০০ কোটি

[Note : ৫ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বাংলাদেশে কোভিড-১৯ টিকার দুই ডোজ করে টিকা গ্রহণকারীর সংখ্যা ১২,৫৬,৭০,৬২৭ জন যা মোট জনসংখ্যার প্রায় ৭৩.৭৯%। (স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট)। বাংলাদেশে Covishield টিকার মাধ্যমে করোনার টিকাদান কর্মসূচি উদ্বোধন করা হয় ২৭ জানুয়ারি ২০২১ (৫৪তম দেশ হিসেবে) এবং প্রথম করোনার টিকা গ্রহণকারী রুণু ভেরোনিকা কস্তা। সারাদেশে করোনা ভাইরাসের গণটিকাদান কর্মসূচি চালু হয় ৭ ফেব্রুয়ারি ২০২১।]

উত্তর
৩১ গ
৩২ গ
৩৩ খ
৩৪ গ
৩৫ গ
৩৬ খ
৩৭ খ
৩৮ গ
৩৯ Note

৪০. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কখন ঘোষিত হয়?
ক ৭ মার্চ, ১৯৭১ খ ১০ এপ্রিল, ১৯৭১
গ ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ ২৬ মার্চ, ১৯৭১

ব্যাখ্যা বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র ঘোষিত হয় ১৭ এপ্রিল, ১৯৭১ এবং ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক এম ইউসুফ আলী। বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় ১০ এপ্রিল, ১৯৭১। বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১ এবং ঐ সরকার আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১ মেহেরপুরের বৈদ্যনাথতলায়। স্বাধীনতার ঘোষণাপত্র সংবিধানের সপ্তম তফসিলে সংযোজিত হয়, পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে।

৪১. বাংলাদেশের সংবিধান কখন থেকে কার্যকর হয়?
ক ১২ অক্টোবর, ১৯৭২ খ ১৬ ডিসেম্বর, ১৯৭২
গ ৪ নভেম্বর, ১৯৭২ ঘ ১ জানুয়ারি, ১৯৭৩

ব্যাখ্যা বাংলাদেশের সংবিধান কার্যকর হয় ১৬ ডিসেম্বর, ১৯৭২ এবং ১১ এপ্রিল ১৯৭২ ৩৪ সদস্য বিশিষ্ট সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয়। উক্ত কমিটি খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করেন ১২ অক্টোবর ১৯৭২ এবং ৪ নভেম্বর ১৯৭২ তা গণপরিষদে গৃহীত হয়, এজন্য ৪ নভেম্বর বাংলাদেশে সংবিধান দিবস। বাংলাদেশের প্রথম হস্তলিখিত সংবিধানের মূল লেখক আব্দুর রউফ।

৪২. কর্ণফুলী নদীর উৎপত্তিস্থল?
ক আসামের বরাক নদী খ মানস সরোবর
গ আরাকান পাহাড় ঘ লুসাই পাহাড়

ব্যাখ্যা কর্ণফুলী বাংলাদেশের খরস্রোতা নদী এবং এটির উৎপত্তিস্থল মিজোরামের লুসাই পাহাড়ের লংতোহ হতে। এর উপনদী হলো হালদা, কাসালং, সাহনী। পদ্মা নদীর উৎপত্তিস্থল হিমালয়ের গঙ্গোত্রী হিমবাহ হতে এবং মেঘনা নদীর উৎপত্তি হয়েছে আসামের নাগা মনিপুরের দক্ষিণের লুসাই পাহাড় থেকে, তিস্তা নদীর উৎপত্তি সিকিমের পার্বত্য অঞ্চল হতে। বাংলাদেশের বৃহত্তম, দীর্ঘতম, প্রশস্ততম ও গভীরতম নদী মেঘনা ও ক্ষুদ্রতম নদী গোবরা।

৪৩. পৃথিবীর সবচেয়ে ধনী ব্যক্তি কে?
ক বিল গেটস খ ইলন মাস্ক
গ জেফ বেজোস ঘ ওয়ারেন বাফেট


ব্যাখ্যা ব্লুমবার্গ বিলিওনিয়ার্স ইনডেক্স ২০২২ অনুসারে বিশ্বের শীর্ষ ধনী ইলন মাস্ক। তিনি মহাকাশ সংস্থা স্পেস এক্সের প্রধান নির্বাহী, বৈদ্যুতিক গাড়ি প্রস্তুতকারী প্রতিষ্ঠান টেসলা মোটরস, সোলারসিটি, নিউরালিংক এবং পেপালের মতো বিখ্যাত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা ও সহ-প্রতিষ্ঠাতা হিসেবে সম্পৃক্ত আছেন। বিশ্ব ধনীর তালিকায় তৃতীয় স্থানে আছেন আদানি গ্রুপের প্রতিষ্ঠাতা গৌতম আদানি (ভারত)।

৪৪. প্রথম ১০ কেজি পরিবহনের জন্য প্রতি কেজিতে ৫ টাকা এবং ১০ কেজির উপরে প্রতি কেজিতে ৪ টাকা ফি নেওয়া হয়। ২৭ কেজি পরিবহনের জন্য কত ফি দিতে হবে?
ক ১০২ টাকা খ ১০৬ টাকা
গ ১১০ টাকা ঘ ১১৮ টাকা

ব্যাখ্যা প্রথম ১০ কেজি পরিবহনের জন্য প্রতি কেজিতে ৫ টাকা ফি
অর্থাৎ প্রথম ১০ কেজিতে খরচ = (১০ × ৫) টাকা
= ৫০ টাকা।
১০ কেজির উপরে প্রতি কেজিতে ৪ টাকা ফি
১০ কেজির উপরে ১৭ কেজিতে খরচ = (১৭ × ৪) টাকা
= ৬৮ টাকা
∴ ২৭ কেজি পরিবহনে ফি = (৫০ + ৬৮) টাকা
= ১১৮ টাকা

৪৫. ৫ সেমি ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের অন্তর্নিহিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত?
ক ৬০ বর্গ সেমি খ ৭০ বর্গ সেমি
গ ৪০ বর্গ সেমি ঘ ৫০ বর্গ সেমি

ব্যাখ্যা বৃত্তের ব্যাসার্ধ r = ৫ সেমি
∴ " ব্যাস = ২r = ১০সেমি = অন্তর্নিহিত বর্গের কর্ণ



অর্থাৎ যদি বর্গের বাহু দৈর্ঘ্য a তবে, $\sqrt{2}a = ১০$ সেমি
বা, $a = \frac{১০}{\sqrt{২}}$
∴ বর্গের ক্ষেত্রফল = $a^২$
$= \left(\frac{১০}{\sqrt{২}}\right)^২$
$= \frac{১০০}{২}$
= ৫০ বর্গ সে.মি.

উত্তর
৪০ গ
৪১ খ
৪২ ঘ
৪৩ খ
৪৪ ঘ
৪৫ ঘ

CamScanner

৪৬. 'π'-এর মান কত?
ক বৃত্তের পরিধি/ব্যাসার্ধ খ বৃত্তের পরিধি/জ্যা
গ বৃত্তের পরিধি/ব্যাস ঘ ব্যাস/বৃত্তের পরিধি

ব্যাখ্যা আমরা জানি, $\frac{\text{বৃত্তের পরিধি}}{\text{বৃত্তের ব্যাস}}$

$= \frac{2\pi r}{2r} = \pi$

৪৭. চারটি সরল রেখা একবিন্দুতে ছেদ করলে কয়টি সরল কোণ উৎপন্ন হয়?
ক ২ খ ৪
গ ৬ ঘ ৮

ব্যাখ্যা চারটি সরলরেখা এক বিন্দুতে ছেদ করলে ৮টি সরল কোণ উৎপন্ন হয়। নিম্নের চিত্রে দেখানো হলো :



৪৮. ৬টি ক্রমিক পূর্ণ সংখ্যার প্রথম তিনটির যোগফল ৩৯ হলে শেষ তিনটি সংখ্যার যোগফল কত?
ক ৪৫ খ ৪৮
গ ৫৪ ঘ ৬৪

ব্যাখ্যা মনে করি, ৬টি ক্রমিক সংখ্যা
$x, x+১, x+২, x+৩, x+৪, x+৫$
প্রশ্নমতে, $x + x+১ + x+২ = ৩৯$
$\Rightarrow ৩x + ৩ = ৩৯$
$\Rightarrow ৩x = ৩৬$
$\therefore x = ১২$
$\therefore$ শেষ তিনটি সংখ্যার যোগফল $= x+৩ + x+৪ + x+৫$
$= ৩x + ১২$
$= ৩ \times ১২ + ১২$
$= ৪৮$

৪৯. ২, ৯, ২৩, ৪৪ এর পরবর্তী সংখ্যাটি কত?
ক ৮৮ খ ৬৮
গ ৭২ ঘ ৪৬

ব্যাখ্যা প্রদত্ত ধারা : ২, ৯, ২৩, ৪৪
$\therefore$ অন্তর : ৭×১, ৭×২, ৭×৩, ৭×৪
$\therefore$ নির্ণেয় সংখ্যা : $৭ \times ৪ + ৪৪ = ২৮ + ৪৪ = ৭২$

৫০. ৮ এর বর্গমূল কত?
ক ৩.২৮৬ খ ২.৮২৮
গ ৪.০২ ঘ ১.৪২৯

ব্যাখ্যা ৮ এর বর্গমূল $= \sqrt{৮} = ২\sqrt{২}$
$= ২ \times ১.৪১৪$
$= ২.৮২৮$

৫৩. Author-এর স্ত্রীলিঙ্গ কী?
ক authoress খ authorn
গ authora ঘ authorize

ব্যাখ্যা Author অর্থ লেখক। Author-এর feminine gender authoress, যার অর্থ লেখিকা।

৫৪. Phenomena শব্দের একবচন কী?
ক Pheno খ Phenomenon
গ Phenomeno ঘ Phenomena

ব্যাখ্যা Phenomena অর্থ ঘটনা, এটি plural number হিসেবে রয়েছে। এটির singular হলো phenomenon।

৫৫. 'Data' শব্দটি নিচের কোনটির বহুবচন?
ক Data খ Datum
গ Dates ঘ Dato

ব্যাখ্যা Data অর্থ উপাত্ত। এটির singular form হলো- datum.

৫৬. 'Take aback' meaning—
ক to be surprised খ to push back
গ to return back ঘ to allow

ব্যাখ্যা Take aback একটি phrasal verb। এটির অর্থ কাউকে অত্যন্ত হতবিহ্বল করে দেওয়া বা চমকে দেওয়া। আর চমকে যাওয়া বোঝাতে taken aback ব্যবহৃত হয়। তাই সঠিক উত্তর (ক) to be surprised।

৫৭. কোনটি Noun?
ক Cute খ Acute
গ Flute ঘ Mute

ব্যাখ্যা Flute অর্থ বাঁশি। এটি একটি বস্তু হওয়ায় এটি noun। অন্যদিকে cute, acute, mute শব্দগুলোর অর্থ যথাক্রমে আকর্ষণীয়, তীব্র, মূক বা অনুচ্চারিত। এগুলো কোনো noun-এর পূর্বে বসে noun-কে modify করে। তাই এগুলো adjective।

৫৮. HTTP-এর পূর্ণরূপ কী?
ক High Transfer Protocol
খ Hyper Text Transfer Protocol
গ High Definition Protocol
ঘ Hypertext Transition Protocol

ব্যাখ্যা HTTP-এর পূর্ণরূপ হলো– Hyper Text Transfer Protocol; যা World Wide Web-এর জন্য আদর্শ প্রটোকল। HTTP-এর কাজ হচ্ছে সার্ভারের সাথে ব্রাউজারের সংযোগসাধন করা ও ব্রাউজারের যেকোনো অনুরোধ সার্ভারে পৌঁছে দেওয়া।

৫৯. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান কী?
ক ইথেন খ মিথেন
গ প্রোপেন ঘ বিউটেন

ব্যাখ্যা প্রাকৃতিক গ্যাসে মিথেন (৮৭% – ৯৮%), ইথেন (১.৫% – ৯%), প্রোপেন (০.১% – ১.৫%), কার্বন

ডাই-অক্সাইড (০.০৫% – ১%), নাইট্রোজেন (০.২% – ৫.৫%) ইত্যাদি মিশ্রিত অবস্থায় থাকে। এছাড়াও অল্প পরিমাণে বিভিন্ন প্যারাফিন হাইড্রোকার্বন বিদ্যমান।

৬০. CNG-এর পূর্ণরূপ কী?
ক Compact Natural Gas
খ Composite Natural Gas
গ Compressed Natural Gas
ঘ Cold Neutral Gas

ব্যাখ্যা CNG-এর পূর্ণরূপ Compressed Natural Gas। প্রাকৃতিক গ্যাসকে সংকুচিত করে জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়।

৬১. পিতল কোন ধাতুর সংকর?
ক লোহা ও কার্বন খ কপার ও টিন
গ কপার ও জিংক ঘ অ্যালুমিনিয়াম ও জিংক

ব্যাখ্যা পিতল বা কাঁসা (Brass) হলো তামা (Cu) ও দস্তা (Zn)-এর সংমিশ্রণে তৈরি এক প্রকার সংকর ধাতু। অন্যদিকে ব্রোঞ্জ হলো তামা ও টিনের (Sn) সংকর।

৬২. ১ ঘনমিটার = কত সেন্টিমিটার?
ক ১০০০ ঘন সে.মি. খ ১০০০০ ঘন সে.মি.
গ ১০০০০০ ঘন সে. মি. ঘ ১০০০০০০ ঘন সে. মি.

ব্যাখ্যা ১ মিটার = ১০০ সেন্টিমিটার
তাহলে, ১ ঘনমিটার = $(১০০)^৩$ ঘনসেন্টিমিটার
$= ১০০০০০০$ "

৬৩. ১ বিলিয়ন = কত?
ক ১০ কোটি খ ১০০ মিলিয়ন
গ ১০০০ মিলিয়ন ঘ ১০০০ কোটি

ব্যাখ্যা ১ বিলিয়ন = ১০০ কোটি
১ কোটি = ১০ মিলিয়ন
১০০ কোটি = ১০০০ মিলিয়ন।
তাহলে, ১ বিলিয়ন = ১০০০ মিলিয়ন।

৬৪. দোলকের ঘূর্ণন কে আবিষ্কার করেন?
ক গ্যালিলিও গ্যালিলি খ গ্যালিলিও
গ জন নেপিয়ার ঘ আর্কিমিডিস

ব্যাখ্যা 'সরল দোলকের দোলনকাল তার বিস্তারের উপর নির্ভর করে না, একটি পূর্ণ দোলনের জন্য একই সময় লাগে'– সরল দোলকের সূত্রটি আবিষ্কার করেন ইতালীয় বিজ্ঞানী গ্যালিলিও গ্যালিলি। পরবর্তীতে তিনি আরও দুইটি সূত্র আবিষ্কার করেন। তার এ সূত্রের ওপর ভিত্তি করে যান্ত্রিক ঘড়ি আবিষ্কার করেন বিজ্ঞানী হাইগেন্স।

৬৫. Lenient means—
ক Biased খ Bankrupt
গ Merciful ঘ Soft

ব্যাখ্যা Lenient অর্থ ক্ষমাশীল, সহনশীল, নরম প্রকৃতির। Biased অর্থ পক্ষপাতদুষ্ট, bankrupt অর্থ দেউলিয়া, merciful অর্থ ক্ষমাশীল, সদয়, soft অর্থ কোমল, নরম। Lenient-এর সমার্থক হিসেবে merciful-ই অধিক যুক্তিযুক্ত যদিও soft-ও lenient-এর synonym হিসেবে কাজ করতে পারে ক্ষেত্রবিশেষে।

৬৬. 'Affidavit' means—
ক First offense খ Star witness
গ Certificate ঘ Written statement

ব্যাখ্যা Affidavit হলো— কোনো লিখিত বক্তব্য (যে সত্য হিসেবে শপথ নেওয়া হয় ও আদালতে প্রমাণ হিসেবে হাজির করা হয়)।

৬৭. নিউমোনিয়ার ইংরেজি সঠিক বানান কোনটি?
ক Pueumonia খ Newmonia
গ Pneumonia ঘ Neumonia

ব্যাখ্যা নিউমোনিয়ার সঠিক বানান Pneumonia। এটি এক ধরনের মারাত্মক রোগ যা ফুসফুসকে আক্রান্ত করে শ্বাস-প্রশ্বাসে জটিলতা তৈরি করে।

৬৮. The climate is congenial — health.
ক for খ at
গ to ঘ in

ব্যাখ্যা Congenial-এর পরে appropriate preposition হিসেবে to বসে।

৬৯. I am entitled — a share of the profit.
ক to খ for
গ from ঘ into

ব্যাখ্যা Be (am, is, are, was, were) entitled-এর পরে to বসে।

৭০. Which word is closest in meaning to 'abettor'?
ক encourager খ gambler
গ accomplice ঘ aggressive

ব্যাখ্যা Abettor অর্থ কুকর্মে সাহায্যকারী। Accomplice অর্থ অনুচর বা দুষ্কর্মে সাহায্যকারী। এটিই abettor-এর কাছাকাছি শব্দ। Encourager, gambler, aggressive-এর অর্থ যথাক্রমে উৎসাহদানকারী, জুয়াড়ি, আক্রমণাত্মক।

৭১. 'Sherlock Holmes' was written by—
ক William Shakespeare
খ Dylan Thomas
গ John Galsworthy
ঘ Sir Arthur Conan Doyle

ব্যাখ্যা 'Sherlock Holmes' একটি fictional detective, যেটির স্রষ্টা ব্রিটিশ লেখক Sir Arthur Conan Doyle।

উত্তর

৪৬	গ
৪৭	ঘ
৪৮	খ
৪৯	গ
৫০	খ
৫৩	ক
৫৪	খ
৫৫	খ
৫৬	ক
৫৭	গ
৫৮	খ
৫৯	খ
৬০	গ
৬১	গ
৬২	ঘ
৬৩	গ
৬৪	ক
৬৫	গ
৬৬	ঘ
৬৭	গ
৬৮	গ
৬৯	ক
৭০	গ
৭১	ঘ

CamScanner

৭২. 'Bona fide' means—
ⓚ nice journey ⓛ false accusation
ⓜ meal ⓝ real

ব্যাখ্যা *Bona fide অর্থ প্রকৃত, বিশ্বস্ত। সুতরাং সঠিক উত্তর (ঘ) real।*

৭৩. Synonym of the word 'comply'—
ⓚ refuse ⓛ reject
ⓜ discord ⓝ accede

ব্যাখ্যা *Comply অর্থ সম্মত হওয়া বা রাজি হওয়া। অপশনসমূহ থেকে accede অর্থ সম্মত হওয়া। বাকি অপশনসমূহ refuse, reject, discord অর্থ যথাক্রমে অস্বীকার করা, প্রত্যাখ্যান করা, মতানৈক্য বা বৈসাদৃশ্য।*

৭৪. BMI কি নির্দেশ করে?
ⓚ মানবদেহের গড়ন ও চর্বির সূচক নির্দেশ করে
ⓛ পেশি ও চর্বির সূচক নির্দেশ করে
ⓜ উচ্চতা ও স্থূলতার সূচক নির্দেশ করে
ⓝ শক্তির খরচের সূচক নির্দেশ করে

ব্যাখ্যা *BMI বা Body Mass Index হলো দেহের ওজন এবং দৈর্ঘ্য বা উচ্চতার বর্গের অনুপাত। কোনো ব্যক্তির ওজন ও উচ্চতার ভিত্তিতে স্থূলতা নির্ণয়ের পদ্ধতি হলো BMI। BMI মূলত মানবদেহের গড়ন ও চর্বির সূচক নির্দেশ করে।*

৭৫. থাইরয়েড গ্রন্থি থেকে নিঃসরণ হয়—
ⓚ Thyroxin Hormone
ⓛ Thymuses Hormone
ⓜ Hormone
ⓝ Insulin Hormone

ব্যাখ্যা *থাইরয়েড গ্রন্থি থেকে থাইরক্সিন হরমোন নিঃসৃত হয়। থাইরয়েড গ্রন্থিটি গ্রীবাদেশে ট্রাকিয়ার দু'পাশে দ্বিতীয় থেকে চতুর্থ ট্রাকিয়ার রিং-এর সামনে অবস্থিত। থাইরয়েড গ্রন্থি থেকে নিঃসৃত আরও দুইটি হরমোন হলো– ট্রাইআয়োডোথাইরোনিন এবং ক্যালসিটোনিন।*

৭৬. কোন ভিটামিন পানিতে দ্রবণীয়?
ⓚ Vitamin-A ⓛ Vitamin-D
ⓜ Vitamin-B ⓝ Vitamin-E

ব্যাখ্যা *'ভিটামিন 'বি' ও 'ভিটামিন 'সি' পানিতে দ্রবণীয়। অন্যদিকে ভিটামিন 'এ', 'ডি', 'ই', ও 'কে' স্নেহে বা চর্বিতে দ্রবণীয়।*

৭৭. The meaning of 'terrain'—
ⓚ river ⓛ ocean
ⓜ geographical area ⓝ air space

ব্যাখ্যা *Terrain বলতে কোনো ভৌগোলিক এলাকাকে বোঝায়।*

৭৮. What is the antonym of 'concurrence'—
ⓚ agreement ⓛ consent
ⓜ rejection ⓝ union

ব্যাখ্যা *Concurrence অর্থ সম্মতি, ঐকমত্য। Agreement, consent, union শব্দগুলো concurrence-এর synonym। Concurrence-এর antonym হলো rejection (প্রত্যাখ্যান/অস্বীকার)।*

৭৯. William Shakespeare was born at—
ⓚ London ⓛ Kent
ⓜ Stratford Upon Avon ⓝ Leeds

ব্যাখ্যা *ইংল্যান্ডের জাতীয় কবি William Shakespeare 1564 খ্রিস্টাব্দে Stratford Upon Avon-এ জন্মগ্রহণ করেন। এজন্য তাকে Bard (চারণকবি) of Avon বলা হয়।*

৮০. 'Autobiography of an Unknown Indian' was written by—
ⓚ J. Nehru ⓛ Nirad C. Chaudhury
ⓜ V.S Napaul ⓝ Arundhuty Roy

ব্যাখ্যা *'The Autobiography of an Unknown Indian' নামের আত্মজীবনীমূলক বিখ্যাত বইটির লেখক Nirad C. Chaudhury। যিনি বর্তমান বাংলাদেশের কিশোরগঞ্জে জন্মেছিলেন।*

উত্তর
৭২ ঘ
৭৩ ঘ
৭৪ ক
৭৫ ক
৭৬ গ
৭৭ গ
৭৮ গ
৭৯ গ
৮০ খ

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB)-এর সিনিয়র অফিসার ২০২১

পরীক্ষার তারিখ : ২২.১০.২০২১; সময় : ৫০ মিনিট; পূর্ণমান : ৮০

১. বাংলা সাহিত্যের প্রথম গদ্যগ্রন্থ—
ⓐ কৃপার শাস্ত্রের অর্থভেদ ⓑ মঙ্গল সমাচার
ⓒ কথোপকথন ⓓ রাজা প্রতাপাদিত্য চরিত্র

ব্যাখ্যা *১৫৫৫ সালে আসামরাজকে লেখা কোচবিহারের রাজার একটি পত্রকে বাংলা গদ্যের প্রাপ্ত প্রাচীনতম নিদর্শন বলে মনে করা হয়। পর্তুগিজ পাদ্রি মনোএল দা আসসুম্পসাঁও কর্তৃক ১৭৩৪ সালে রচিত এবং ১৭৪৩ সালে প্রকাশিত 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' বাংলা সাহিত্যের প্রথম গদ্যগ্রন্থ। 'কথোপকথন' ও 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' গদ্যগ্রন্থের রচয়িতা যথাক্রমে উইলিয়াম কেরী ও রামরাম বসু।*

২. 'আইন-ই-আকবরী' গ্রন্থের রচয়িতা—
ⓐ টোডরমল ⓑ বীরবল
ⓒ আবুল ফজল ⓓ তানসেন

ব্যাখ্যা *'আইন-ই-আকবরী' গ্রন্থের রচয়িতা আবুল ফজল। তার রচিত আরেকটি বিখ্যাত গ্রন্থ 'আকবরনামা'। মোগল সম্রাট আকবরের মন্ত্রিসভার প্রধানমন্ত্রী ছিলেন আবুল ফজল। অন্যদিকে টোডরমল, বীরবল ও তানসেন ছিলেন যথাক্রমে অর্থমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী ও সংস্কৃতিমন্ত্রী।*

৩. 'বাংলাপিডিয়া' প্রকাশের উদ্যোক্তা—
ⓐ বাংলা একাডেমি
ⓑ বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি
ⓒ মুক্তিযুদ্ধ জাদুঘর
ⓓ দি ইউনিভার্সিটি প্রেস লি.

ব্যাখ্যা *'বাংলাপিডিয়া' প্রকাশের উদ্যোক্তা বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি। ২০০৩ সালে দশ খণ্ডে এর প্রথম সংস্করণ প্রকাশিত হলেও বর্তমানে চৌদ্দ খণ্ডে প্রকাশিত হয়। এটি বাংলাদেশ বিষয়ক প্রথম জাতীয় জ্ঞানকোষ। 'বাংলাপিডিয়া' সম্পাদনা পরিষদের সভাপতি অধ্যাপক সিরাজুল ইসলাম।*

৪. ভাষা আন্দোলনভিত্তিক প্রথম পত্রিকার সম্পাদকের নাম—
ⓐ মুনীর চৌধুরী ⓑ হাসান হাফিজুর রহমান
ⓒ শামসুর রাহমান ⓓ গাজীউল হক

[Note : *ভাষা আন্দোলনভিত্তিক প্রথম সংকলন 'একুশে ফেব্রুয়ারী'-এর সম্পাদক হাসান হাফিজুর রহমান। ভাষা আন্দোলনভিত্তিক প্রথম নাটক 'কবর'-এর রচয়িতা মুনীর চৌধুরী। ভাষা আন্দোলনের অন্যতম সংগঠক ভাষাসৈনিক হিসেবে পরিচিত গাজীউল হক। কবি শামসুর রাহমান তার সাংবাদিকতা শুরু করেন ১৯৫৭ সালে ইংরেজি দৈনিক 'দ্য মর্নিং নিউজ'-এর সহসম্পাদক হিসেবে। পরবর্তী সময়ে তিনি 'দৈনিক বাংলা' এবং 'সাপ্তাহিক বিচিত্রা'র সম্পাদকের দায়িত্ব পালন করেন।*]

৫. কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি?
ⓐ আলেয়া ⓑ ঝিলিমিলি
ⓒ মধুমালা ⓓ কুহেলিকা

ব্যাখ্যা *কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস তিনটি। যথা : বাঁধনহারা (১৯২৭), মৃত্যুক্ষুধা (১৯৩০) ও কুহেলিকা (১৯৩১)। 'কুহেলিকা' উপন্যাস প্রথম 'নওরোজ' পত্রিকায় প্রকাশিত হয়। এটির পটভূমি সশস্ত্র বিপ্লব। উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র— জাহাঙ্গীর, তাহমিনা, চম্পা। অন্যদিকে আলেয়া, ঝিলিমিলি ও মধুমালা তার রচিত নাটক।*

৬. উপন্যাস কোন যুগের সৃষ্টি?
ⓐ সর্ব যুগের ⓑ আধুনিক যুগের
ⓒ প্রাচীন যুগের ⓓ মধ্যযুগের

ব্যাখ্যা *বাংলা সাহিত্যে যুগ বিভাগ তিনটি। যথা : প্রাচীন যুগ (৬৫০–১২০০), মধ্যযুগ (১২০১–১৮০০) ও আধুনিক যুগ (১৮০১–বর্তমান)। বাংলা সাহিত্যে উপন্যাস আধুনিক যুগের সৃষ্টি। অবাঙালি হ্যানা ক্যাথরিন ম্যালেন্স রচিত বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস 'ফুলমণি ও করুণার বিবরণ' (১৮৫২) এবং বাঙালি প্যারীচাঁদ মিত্র রচিত বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস 'আলালের ঘরের দুলাল' (১৮৫৮)।*

৭. কথাসাহিত্য বলতে বুঝায়—
ⓐ ছোটগল্প ও উপন্যাস
ⓑ কথা নিয়ে সাহিত্য
ⓒ নাটক ও আবৃত্তি
ⓓ সাহিত্যের কথা

ব্যাখ্যা *সাধারণভাবে কাহিনি বা আখ্যায়িকা যুক্ত সাহিত্যকে কথাসাহিত্য বলা হয়। কথাসাহিত্য কথাটি এসেছে ইংরেজি 'ফিকশন' থেকে। Fiction শব্দের আভিধানিক অর্থ মিথ্যা, অলীক বা বানানো কাহিনি। এখন সাহিত্যের ক্ষেত্রে ফিকশন বা কথাসাহিত্য বোঝতে উপন্যাস ও ছোটগল্পকে বোঝানো হয়।*

৮. 'নেমেসিস' নাটকের মূল উপজীব্য বিষয়—
ⓐ গ্রাম বাংলার দুর্ভিক্ষ
ⓑ ২য় বিশ্বযুদ্ধের কাহিনি
ⓒ সামাজিক অবিচার ও লাঞ্ছনা
ⓓ নির্যাতন ও শোষণ

[Note : *'নেমেসিস' নাটকের পটভূমি বা প্রেক্ষাপট দ্বিতীয় বিশ্বযুদ্ধ। দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলে সৃষ্ট সামাজিক অবক্ষয় নাটকের মূল উপজীব্য বিষয়। নাটকে সমকালীন দুর্ভিক্ষ, মজুতদারদের পিশাচবৃত্তি ও নিরন্নদের হাহাকারের বাস্তব চিত্র ওঠে এসেছে।*]

উত্তর
১ a
২ c
৩ b
৪ Note
৫ d
৬ b
৭ a
৮ Note

CamScanner

৯. 'কিংবদন্তি' শব্দের সঠিক অর্থ—
ⓐ অলৌকিক ব্যক্তি ⓑ লোকশ্রুতি
ⓒ লোকপরম্পরা ⓓ রাজকাহিনি
ব্যাখ্যা 'কিংবদন্তি' সংস্কৃত শব্দ, বিশেষ্য পদ। যার অর্থ লোকশ্রুতি, জনশ্রুতি, লোকপরম্পরায় শ্রুত কাহিনি।

১০. 'নৈসর্গিক'-এর বিপরীতার্থক শব্দ—
ⓐ প্রাকৃতিক ⓑ কৃত্রিম
ⓒ রাত্রিকালীন ⓓ দিবাকালীন
ব্যাখ্যা নৈসর্গিক-এর বিপরীত শব্দ কৃত্রিম/অনৈসর্গিক। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ : দিবা — রাত্রি, তাপ — শৈত্য, আবির্ভাব — তিরোধান/তিরোভাব, আদিষ্ট — নিষিদ্ধ, অর্বাচীন — প্রাচীন।

১১. ভাষার পরিবর্তন কিসের সাথে সম্পর্কযুক্ত?
ⓐ শব্দের পরিবর্তনের সাথে ⓑ বাক্যের পরিবর্তনের সাথে
ⓒ ধ্বনির পরিবর্তনের সাথে ⓓ পদ পরিবর্তনের সাথে
ব্যাখ্যা অর্থবোধক ধ্বনিসমষ্টি হলো ভাষা। ভাষারও পরিবর্তন ঘটে থাকে। ভাষার পরিবর্তন ধ্বনির পরিবর্তনের সাথে সম্পৃক্ত।

১২. বাংলা বর্ণমালায় যৌগিক স্বর—
ⓐ ৩টি ⓑ ২টি ⓒ ৪টি ⓓ ১টি
ব্যাখ্যা বাংলা বর্ণমালায় মোট ৫০টি বর্ণ রয়েছে। তার মধ্যে স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জনবর্ণ ৩৯টি। ১১টি স্বরবর্ণের মধ্যে যৌগিক স্বর ২টি। তা হলো ঐ (অ + ই), ঔ (অ + উ)।

১৩. 'চশমা' শব্দটি যে ভাষা থেকে এসেছে—
ⓐ ফারসি ⓑ আরবি ⓒ ফরাসি ⓓ পর্তুগিজ
ব্যাখ্যা ফারসি শব্দ— চশমা, কারখানা, নালিশ, নমুনা, হাঙ্গামা, রসদ, মেথর, দরবার। আরবি শব্দ— উকিল, রায়, কলম, হাদিস, এজলাস, নগদ, তসবি, খারিজ, মহকুমা। ফরাসি শব্দ— কার্তুজ, কুপন, ডিপো, রেস্তোরাঁ, আঁতাত, পিস্তল, ট্রেনেসাঁস। পর্তুগিজ শব্দ— আনারস, চাবি, বালতি, জানালা, আলপিন, গুদাম, পাউরুটি, গির্জা।

১৪. 'তন্বী' শব্দের সন্ধি বিচ্ছেদ—
ⓐ তম্ + বি ⓑ তনু + ই
ⓒ তনু + ঈ ⓓ তনু + বি
ব্যাখ্যা ঊ-কার কিংবা ঊ-কারের পর উ-কার ও ঊ-কার ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয় এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন- তনু + ঈ = তন্বী, অনু + ইত = অন্বিত, অনু + এষণ = অন্বেষণ।

১৫. 'শোক দূর হয়েছে যার'-এর বাক্য সংকোচন—
ⓐ ঔতশোক ⓑ শোকদূর
ⓒ নিঃশোক ⓓ বীতশোক
ব্যাখ্যা শোক দূর হয়েছে যার— বীতশোক। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাক্য সংকোচন : যে সকল অত্যাচারই সয়ে যায়— সর্বংসহা, সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা— প্রত্যুদ্গমন, জীবিত থেকেও যে মৃত— জীবন্মৃত।

১৬. 'ঝির ঝির করে বাতাস বইছে'। এখানে 'ঝির ঝির' দ্বারা বোঝানো হয়েছে—
ⓐ ভাবের গভীরতা ⓑ ধ্বনিব্যঞ্জনা
ⓒ পৌনঃপুনিকতা ⓓ সামান্যতা
ব্যাখ্যা ঝির ঝির করে বাতাস বইছে। এ বাক্যে 'ঝির ঝির' অব্যয়ের দ্বিরুক্তি, যা দ্বারা ধ্বনিব্যঞ্জনা বোঝানো হয়েছে। এরূপ— বৃষ্টি পড়ে টাপুর টুপুর।

১৭. জাতিবাচক বিশেষ্যের উদাহরণ—
ⓐ সমাজ ⓑ পানি ⓒ মিছিল ⓓ নদী
ব্যাখ্যা যে পদ দ্বারা কোনো এক জাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন— নদী, মানুষ, গরু, পাখি, গাছ, পর্বত। অন্যদিকে সমাজ, মিছিল— সমষ্টিবাচক এবং পানি— বস্তু বা দ্রব্যবাচক বিশেষ্য।

১৮. 'বাড়ি গিয়ে তাকে পাওয়া যায়নি'– এ বাক্যে 'গিয়ে' কোন ক্রিয়া?
ⓐ অসমাপিকা ⓑ সমাপিকা
ⓒ দিকর্মক ⓓ প্রযোজক
ব্যাখ্যা যে পদের দ্বারা কোনো কার্য সম্পাদন করা বোঝায়, তাকে ক্রিয়াপদ বলে। ক্রিয়াপদ দুই প্রকার। যথা : সমাপিকা ক্রিয়া ও অসমাপিকা ক্রিয়া। যে ক্রিয়াপদ দ্বারা বাক্যের পরিসমাপ্তি জ্ঞাপিত হয়, তাকে সমাপিকা ক্রিয়া বলে। যেমন— ছেলেরা খেলা করছে। যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন— বাড়ি গিয়ে তাকে পাওয়া যায়নি। এখানে 'গিয়ে' অসমাপিকা ক্রিয়া।

১৯. 'বুঝে শুনে উত্তর দাও নতুবা ভুল হবে'– বাক্যটি কোন শ্রেণির?
ⓐ জটিল ⓑ মিশ্র ⓒ যৌগিক ⓓ সরল
ব্যাখ্যা পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। যেমন— বুঝে শুনে উত্তর দাও নতুবা ভুল হবে। সত্য কথা স্বীকার কর নতুবা শাস্তি পাবে।

২০. 'আ মরি বাংলা ভাষা'– এ চরণে 'আ' দ্বারা কী প্রকাশ পেয়েছে?
ⓐ আশাবাদ ⓑ আবেগ
ⓒ আনুগত্য ⓓ আনন্দ
ব্যাখ্যা 'আ মরি বাংলা ভাষা'– এ বাক্যে 'আ' অব্যয় দ্বারা আনন্দ প্রকাশ পেয়েছে।

২১. Hurry up! We have to go— five minutes.
ⓐ in ⓑ on ⓒ by ⓓ at
ব্যাখ্যা নির্দিষ্ট সময়ের মধ্যে বুঝাতে in/within ব্যবহৃত হয়। অন্যদিকে, একেবারে সঠিক সময় অর্থাৎ আগেও না পরেও না এই রকম কোনো সময়ের আগে on বসে। কাছাকাছি সময় বুঝাতে by ব্যবহৃত হয়। যেমন— He will come by 4 P.M. আর for ব্যবহৃত হয় সময়ের ব্যাপ্তি বা 'জন্য' বুঝাতে। সুতরাং সঠিক উত্তর অপশন (a)।

উত্তর

৯	b
১০	b
১১	c
১২	b
১৩	a
১৪	c
১৫	d
১৬	b
১৭	d
১৮	a
১৯	c
২০	d
২১	a

২২. She was sliding— depression.
ⓐ of ⓑ on
ⓒ into ⓓ at
ব্যাখ্যা Slide into অর্থ ধীরে ধীরে খারাপ অবস্থার দিকে যাওয়া। যেমন— She was sliding into depression অর্থাৎ সে দিন দিন হতাশায় নিমজ্জিত হচ্ছিল।

২৩. The work was finished— time and — budget.
ⓐ off, on ⓑ in, with
ⓒ within, with ⓓ on, within
ব্যাখ্যা প্রদত্ত বাক্যটিতে বলা হচ্ছে 'কাজটি সঠিক সময়ে বাজেটের মধ্যেই শেষ হয়েছে'। সঠিক সময়ের আগে on ব্যবহৃত হয় এবং কোনো কিছুর মধ্যেই বুঝাতে within ব্যবহৃত হয়। তাই সঠিক উত্তর অপশন (d)।

২৪. — your sincerest cooperation I would have failed.
ⓐ Only for ⓑ But for
ⓒ But also ⓓ Due to
ব্যাখ্যা প্রদত্ত বাক্যের অর্থ দ্বারা বুঝা যাচ্ছে but for বসালে বাক্যটি সঠিক হয়। বলা হচ্ছে 'তোমার সহযোগিতা ছাড়া আমি হয়তবা ব্যর্থ হতে পারতাম।' এখানে but for ব্যতীত, ছাড়া অর্থ দিচ্ছে। Only for, due to, but also বসালে বাক্যটি সঠিক হচ্ছে না। তাই সঠিক উত্তর অপশন (b)।

২৫. I always take an umbrella— it rains.
ⓐ incase ⓑ incase of
ⓒ if ⓓ unless
ব্যাখ্যা কোনো শর্তহীন ঘটনা হঠাৎ করেই ঘটতে পারে এরকম কিছু বুঝাতে incase ব্যবহৃত হয়। যেমন— I always take an umbrella incase it rains। অপশন (খ) হবে না, কারণ incase of হলো preposition, যার পরে noun ব্যবহৃত হয় কিন্তু incase হলো conjunction, যা দুটো বাক্যকে যুক্ত করতে ব্যবহৃত হয়। আর if এবং unless হবে না। কারণ দুটোই শর্তযুক্ত বাক্যের ক্ষেত্রে ব্যবহৃত হয়। সঠিক উত্তর অপশন (a)।

২৬. Build up your career — you — repent.
ⓐ lest, must ⓑ or, should be
ⓒ lest, should ⓓ and, must
ব্যাখ্যা Lest অর্থ 'এই ভয়ে যে'। সাধারণত বাক্যে lest-এর পরে sub-এর পর should বসে এবং তারপর v_1 বসে। সুতরাং সঠিক উত্তর অপশন (c)।

২৭. Prices for bicycles can run— Tk. 30,000.
ⓐ as high to ⓑ as high as
ⓒ so high as ⓓ as high for
ব্যাখ্যা As + adj + as ব্যবহৃত হয় positive sentence structure-এ। আর so + adj + as ব্যবহৃত হয় negative sentence structure-এ। বাক্যটি যেহেতু positive তাই অপশন (b) as high as সঠিক উত্তর।

২৮. I visit Cox's Bazar frequently, However, I have never— Teknaf.
ⓐ went to ⓑ visited to ⓒ gone ⓓ been to
ব্যাখ্যা সাধারণত কোথাও ভ্রমণের অভিজ্ঞতা অর্থাৎ কোথাও কখনো যাওয়া না যাওয়া বুঝাতে বাক্যে ever been, never been ব্যবহৃত হয়। যেমন— I have never been to Teknaf অর্থাৎ আমি কখনো টেকনাফ যাইনি। অপশন (d) সঠিক উত্তর।

২৯. Although she— apart of the excavation team, she was not allowed to actively — in the field.
ⓐ is, working ⓑ was, work
ⓒ was, working ⓓ in, worked
ব্যাখ্যা বাক্যটির দ্বিতীয় অংশ দ্বারা বুঝা যাচ্ছে বাক্যটি past indefinite। তাই was হবে এবং not allowed to এর পরে v_1 হবে। তাই অপশন (b) সঠিক উত্তর।

৩০. Neela — her hand when she was cooking dinner.
ⓐ burnt ⓑ is burning
ⓒ will burn ⓓ was burning
ব্যাখ্যা Simple past + when + past continuous এই নিয়মে অপশন (a) সঠিক। (b) ও (c) হবে না, কারণ present ও future tense আছে। অপশন (d) হবে না কারণ sequence of tense অনুযায়ী প্রথমে continuous হবে না।

৩১. Would you mind— a cup of tea with me?
ⓐ having to drink ⓑ having
ⓒ drink ⓓ to take
ব্যাখ্যা With a view to, look forward to, mind, would you mind ইত্যাদির পরে $v + ing$ হবে। অপশন (ক) হবে না কারণ having-এর পরে আবার infinitive হবে না। সঠিক উত্তর অপশন (b)।

৩২. I wish I — your shoes.
ⓐ were in ⓑ was in
ⓒ put on ⓓ get into
ব্যাখ্যা As if, as though, it is time, it is high time, wish, fancy ইত্যাদির পর sub-এর পর v_2 হবে। উল্লেখ্য, aux verb-এর ক্ষেত্রে sub যদি third person singular বা I ও হয়, সেক্ষেত্রেও were বসবে। অপশন (a) সঠিক উত্তর।

৩৩. Passive voice of 'whom were you calling'? is—
ⓐ Who are you called?
ⓑ Who were you being called?
ⓒ Who was being called by you?
ⓓ Who called by you?
ব্যাখ্যা Active-এ whom থাকলে passive voice-এ Who বসে + aux + be/being/been + v_3 + by + obj। সেক্ষেত্রে অপশন (c) সঠিক উত্তর।

উত্তর

২২	c
২৩	d
২৪	b
২৫	a
২৬	c
২৭	b
২৮	d
২৯	b
৩০	a
৩১	b
৩২	a
৩৩	c

CamScanner

৩৪. They reached home safe and sound. This is a/an—
ⓐ Adjective phrase ⓑ Noun phrase
ⓒ Proverb ⓓ Idiom
[Note : প্রশ্নে সঠিক উত্তর নেই। বাক্যটিতে 'safe and sound' phrase টি adverbial phrase হিসেবে কাজ করছে। কোনো phrase যদি verb-কে modify করে তাহলে এটি adverbial phrase হবে।]

৩২. I know you. (make it complex)
ⓐ I know who you are. ⓑ I know you.
ⓒ I know who are you. ⓓ I know what are you.
ব্যাখ্যা Embedded question (বাক্যের মাঝে প্রশ্ন জুড়ে দেওয়া) থাকলে WH-এর পরে sub + verb + obj এভাবে বসবে, কারণ sub-ordinate clause কখনোই interrogative হয় না। সব সময়ই assertive sentence-এ হয়ে থাকে। যেমন— I know who you are।

৩৩. Synonyms of 'vituperate' is—
ⓐ Copy ⓑ Appreciate
ⓒ Encourage ⓓ Abuse
ব্যাখ্যা Vituperate (গালাগালি করা, অপব্যবহার করা)-এর সমার্থক শব্দ হলো abuse (গাল দেয়া, অপব্যবহার করা, খারাপ ব্যবহার করা)। অন্যদিকে, copy অর্থ নকল করা, appreciate অর্থ প্রশংসা করা এবং encourage অর্থ উৎসাহিত করা।

৩৭. Find out the odd word from the options—
ⓐ Rush ⓑ Expedite ⓒ Impede ⓓ Hasten
ব্যাখ্যা Rush, expedite এবং hasten অর্থ যথাক্রমে বেগে ধাবিত হওয়া, ত্বরান্বিত করা এবং তাড়াহুড়া করা। অন্যদিকে impede (বাধা দেওয়া) হলো এখানে ব্যতিক্রম। সুতরাং এটিই সঠিক উত্তর।

৩৮. Water : Flood =
ⓐ Rain : River ⓑ Wind : Sleet
ⓒ Ice : Floe ⓓ Snow : Blizzard
ব্যাখ্যা পানির পরিমাণ বৃদ্ধি পেলে যেমন বন্যা হয় তেমনি Snow (বরফ বা তুষারপাত) বৃদ্ধি পেলে Blizzard (প্রবল তুষারঝড়) হয়। তাই সঠিক উত্তর অপশন (ঘ)।

৩৯. Who wrote 'The Taming of the Shrew'?
ⓐ William Shakespeare ⓑ G.B. Shaw
ⓒ W.B. Yeats ⓓ John Dryden
ব্যাখ্যা 'The Taming of the Shrew' হলো William Shakespeare-এর বিখ্যাত Comedy। ১৫৯০-১৫৯২ এর মধ্যে এটি লিখিত। নাটকটি মূলত একজন কলহপ্রিয় বা রুক্ষ স্বভাবের মেয়েকে কিভাবে psychological torment-এর মাধ্যমে বশীভূত করা যায় সে বিষয় নিয়ে রচিত। নাটকটির শুরুতে দেখা যায় Katherina একজন অবাধ্য মেয়েলোক পরে সেই হয়ে যায় Petruchio-এর বাধ্য ছিলোক।

৪০. Who is an essayist?
ⓐ J.S. Mill ⓑ Charles Dickens
ⓒ W.H. Newman ⓓ Francis Bacon
ব্যাখ্যা Francis Bacon ইংরেজি সাহিত্যের বিখ্যাত essayist। তার বিখ্যাত কয়েকটি essay হলো Of Love, Of Marriage and Single Life, Of Truth, Novum Organum ইত্যাদি। Charles Dickens হলো Victorian যুগের বিখ্যাত ঔপন্যাসিক।

৪১. বার্ষিক ১০% মুনাফায় ৮০০০ টাকার ৩ বছরে চক্রবৃদ্ধি মূলধন কত হবে?
ⓐ ১০৬৫০ ⓑ ১০৫৪৬
ⓒ ১০৬৪৮ ⓓ ১০৭৪৮
ব্যাখ্যা আমরা জানি,
চক্রবৃদ্ধি মূলধন, $C = P(1+r)^n$
এখানে P = প্রারম্ভিক মূলধন = ৮০০০ টাকা
r = সুদের হার $= 10\% = \frac{10}{100} = \frac{1}{10}$
n = সময় = ৩ বছর
$\therefore C = 8000\left(1+\frac{1}{10}\right)^3$
$= 8000 \times \left(\frac{11}{10}\right)^3$
$= 8000 \times \frac{11}{10} \times \frac{11}{10} \times \frac{11}{10}$
= ১০৬৪৮ টাকা।

৪২. ৬০ লিটারে কেরোসিন ও পেট্রোলের অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মিশালে অনুপাত ৩ : ৭ হবে?
ⓐ ৭৫ ⓑ ৮০
ⓒ ৮২ ⓓ ৭২
ব্যাখ্যা কেরোসিনের পরিমাণ $= 60 \times \frac{7}{(7+3)}$
$= 60 \times \frac{7}{10}$
= ৪২ লিটার
এবং পেট্রোলের পরিমাণ $= 60 \times \frac{3}{(7+3)}$
$= 60 \times \frac{3}{10}$
= ১৮ লিটার
ধরি, মিশ্রণে পেট্রোল মিশাতে হবে x লিটার।
প্রশ্নমতে, $\frac{42}{18+x} = \frac{3}{7}$
$\Rightarrow 42 + 3x = 294$
$\Rightarrow 3x = 294 - 42$
$\Rightarrow 3x = 280$
$\therefore x = 80$

উত্তর
৩৪ Note
৩৫ a
৩৬ d
৩৭ c
৩৮ d
৩৯ a
৪০ d
৪১ c
৪২ b

৪৩. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত?
ⓐ ১৮০° ⓑ ১৭০°
ⓒ ২৭০° ⓓ ৩৬০°
ব্যাখ্যা আমরা জানি, ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি ৩৬০°।

৪৪. একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য ৮ সে.মি. ও ৯ সে.মি.। ঐ রম্বসের ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফল বিশিষ্ট বর্গক্ষেত্রের পরিসীমা কত সে.মি.?
ⓐ ২০ ⓑ ৩৬
ⓒ ২৪ ⓓ ৪৪
ব্যাখ্যা দেওয়া আছে, রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য ৮ সে.মি. ও ৯ সে.মি.।
$\therefore$ রম্বসের ক্ষেত্রফল $= \left(\frac{1}{2} \times \text{কর্ণদ্বয়ের গুণফল}\right)$ বর্গ একক
$= \left(\frac{1}{2} \times 8 \times 9\right)$ বর্গ সে.মি.
= ৩৬ বর্গ সে.মি.।
প্রশ্নমতে, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = ৩৬ বর্গ সে.মি.
$= (6)^2$ বর্গ সে.মি.
$\therefore$ বর্গক্ষেত্রের একবাহু = ৬ সেমি
সুতরাং বর্গক্ষেত্রের পরিসীমা = ৪ × এক বাহু
= (৪ × ৬) সে.মি.
= ২৪ সে.মি.।

৪৫. ১ থেকে ৪৯ পর্যন্ত সংখ্যাগুলোর গড় কত?
ⓐ ২৫ ⓑ ৩০
ⓒ ৩৫ ⓓ ৪৯
ব্যাখ্যা আমরা জানি, ক্রমিক সংখ্যার ক্ষেত্রে n সংখ্যক সংখ্যার যোগফল $= \frac{n(n+1)}{2}$ এবং গড় $= \frac{n(n+1)}{2n}$
$\therefore$ ১ থেকে ৪৯ পর্যন্ত সংখ্যাগুলোর গড় $= \frac{49(49+1)}{2 \times 49}$
$= \frac{50}{2}$
= ২৫।

৪৬. ৪১ হতে ৯০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?
ⓐ ৯ ⓑ ১১
ⓒ ১২ ⓓ ১০
ব্যাখ্যা ৪১ থেকে ৯০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে মৌলিক সংখ্যা হলো ৪১, ৪৩, ৪৭, ৪৯, ৫১, ৫৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯ অর্থাৎ মোট ১২টি।

৪৭. ২০ জন শ্রমিক কোনো কাজ ১২ দিনে সম্পূর্ণ করতে পারে। কাজ শুরু করার ৮ দিন পর ১০ জন শ্রমিক অন্যত্র চলে গেলে বাকি শ্রমিক কতদিনে কাজটি শেষ করতে পারবে?
ⓐ ৬ ⓑ ৮
ⓒ ১২ ⓓ ১০
ব্যাখ্যা অবশিষ্ট দিন = ১২ − ৮ = ৪ দিন
এবং অবশিষ্ট শ্রমিক = ২০ − ১০ = ১০ জন।
২০ জন শ্রমিক করে ৪ দিনে কাজ শেষ করে
১ " " " 8×20 " " " "
১০ " " " $\frac{8 \times 20}{10}$ " " " "
= ৮ দিনে কাজ শেষ করে।

৪৮. $a^3 - 9b^3 + (a+b)^3$ এর একটি উৎপাদক $(a-b)$ হলে অপরটি কত?
ⓐ $2a^2 - 5ab - 8b^2$ ⓑ $2a^2 - 5ab + 8b^2$
ⓒ $2a^2 + 5ab + 8b^2$ ⓓ কোনোটিই নয়
ব্যাখ্যা $a^3 - 9b^3 + (a+b)^3$ এর উৎপাদক
$= a^3 - b^3 + (a+b)^3 - 8b^3$
$= a^3 - b^3 + (a+b)^3 - (2b)^3$
$= (a-b)(a^2+ab+b^2) + (a+b-2b)\{(a+b)^2 + (a+b)2b + (2b)^2\}$
$= (a-b)(a^2+ab+b^2) + (a-b)(a^2+2ab+b^2+2ab+2b^2+4b^2)$
$= (a-b)(a^2+ab+b^2+a^2+4ab+7b^2)$
$= (a-b)(2a^2+5ab+8b^2)$

৪৯. একটি নল দ্বারা ১২ মিনিটে একটি চৌবাচ্চা পূর্ণ হয়। অপর একটি নল দ্বারা ১ মিনিটে তা থেকে ১৫ লি. পানি বের হয়। চৌবাচ্চাটি খালি অবস্থায় ২টি নল এক সঙ্গে খুলে দিলে ৪৮ মিনিটে পূর্ণ হয়। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরে?
ⓐ ২২০ ⓑ ২৪০
ⓒ ২২৫ ⓓ ২৭২
ব্যাখ্যা মনে করি, চৌবাচ্চাটি খালি হয় x মিনিটে।
প্রশ্নমতে, $\frac{1}{12} - \frac{1}{x} = \frac{1}{48}$
$\Rightarrow \frac{1}{12} - \frac{1}{48} = \frac{1}{x}$
$\Rightarrow \frac{1}{x} = \frac{4-1}{48}$
$\Rightarrow \frac{1}{x} = \frac{3}{48}$
$\Rightarrow \frac{1}{x} = \frac{1}{16}$
$\therefore x = 16$ মিনিট
যেহেতু ১ মিনিটে চৌবাচ্চাটি বের করে ১৫ লিটার পানি
১৬ " " " 15×16 " "
= ২৪০ লিটার পানি
সুতরাং চৌবাচ্চার ধারণক্ষমতা ২৪০ লিটার।

৫০. $x - y = 8$, $xy = 5$ হলে $x^3 - y^3 + 8(x+y)^2 =$ কত?
ⓐ 1304 ⓑ 1034
ⓒ 1044 ⓓ 1372

উত্তর
৪৩ d
৪৪ c
৪৫ a
৪৬ c
৪৭ b
৪৮ c
৪৯ b
৫০ a

CamScanner

ব্যাখ্যা দেওয়া আছে, $x-y=8, xy=5$

$\therefore x^3-y^3+8(x+y)^2$

$=(x-y)^3+3xy(x-y)+8\{(x-y)^2+4xy\}$

$=8^3+3.5.8+8\{8^2+4.5\}$

$=512+120+672$

$=1304$

৫১. একটি চতুর্ভুজ আঁকতে হলে কয়টি অনন্য নিরপেক্ষ উপাত্ত জানা প্রয়োজন?

ⓐ ৩ ⓑ ৪

ⓒ ৫ ⓓ ৬

ব্যাখ্যা একটি চতুর্ভুজ আঁকতে হলে ৫টি অনন্য নিরপেক্ষ উপাত্ত জানা প্রয়োজন। এগুলো হলো :

i. চারটি বাহু ও একটি কোণ

ii. চারটি বাহু ও একটি কর্ণ

iii. তিন কোণ ও দুটি বাহু

iv. তিন বাহু ও দুটি কর্ণ

v. দুটি কর্ণের খণ্ডিত অংশ ও কর্ণ দুটির অন্তর্ভুক্ত একটি কোণ।

৫২. ৫, ৪, ৮, ১১, ৭, ৯, ১২, ১০, ১৩ রাশিগুলোকে ঊর্ধ্বক্রমে সাজালে কততম রাশিটি মধ্যম হবে?

ⓐ ৩য় ⓑ ৫ম

ⓒ ৪র্থ ⓓ ২য়

ব্যাখ্যা প্রদত্ত রাশিগুলি : ৫, ৪, ৮, ১১, ৭, ৯, ১২, ১০, ১৩।


ঊর্ধ্বক্রমে সাজিয়ে পাই, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩

সুতরাং ঊর্ধ্বক্রমে সাজিয়ে ৫ম রাশিটি মধ্যক হবে অর্থাৎ ৯।

৫৩. O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে D বিন্দু AB জ্যা-এর মধ্যবিন্দু হলে $\angle ODB = ?$

ⓐ ৪৫° ⓑ ৬০° ⓒ ৯০° ⓓ ১৮০°

ব্যাখ্যা দেওয়া আছে, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে D বিন্দু AB জ্যা-এর মধ্যবিন্দু। চিত্র দেখানো হলো :



সুতরাং $\angle ODB = 90°$।

৫৪. ১ শতক = কত বর্গফুট?

ⓐ ৪৫৩.৬ ⓑ ৪৩৫.৬

ⓒ ৩৪৫.৬ ⓓ ৪৫০.৫


ব্যাখ্যা আমরা জানি, ১ শতক ৪৩৫.৬ বর্গফুট।

৫৫. ৫০ মি. দৈর্ঘ্য ও ৪০ মি. প্রস্থ বিশিষ্ট একটি মাঠের ঠিক মাঝ দিয়ে আড়াআড়িভাবে ৩ মি. চওড়া দুইটি রাস্তা আছে। রাস্তা ২টির মোট ক্ষেত্রফল কত?

ⓐ ২৫১ ⓑ ২৬১

ⓒ ১৬১ ⓓ ১৬৫

ব্যাখ্যা দেওয়া আছে, মাঠের দৈর্ঘ্য ৫০ মি., প্রস্থ ৪০ মি. এবং মাঝ বরাবর রাস্তা ৩ মি.।



৫০ মিটার দৈর্ঘ্যের দিকে মাঠের ক্ষেত্রফল (৫০×৩) বর্গমিটার $= ১৫০$ বর্গমিটার

৪০ মিটার প্রস্থের দিকে মাঠের ক্ষেত্রফল $= (৪০ \times ৩)$ বর্গমিটার $= ১২০$ বর্গমিটার

রাস্তার ক্ষেত্রফল $= (৩ \times ৩)$ বর্গমিটার $= ৯$ বর্গমিটার

$\therefore$ দুই রাস্তার মোট ক্ষেত্রফল $= (১৫০ + ১২০ - ৯)$ বর্গমিটার $= ২৬১$ বর্গমিটার।

৫৬. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত কত?

ⓐ $\frac{২৫}{৯}$ ⓑ $\frac{৭}{২২}$

ⓒ $\frac{২২}{৭}$ ⓓ $\frac{৫}{৩}$

ব্যাখ্যা আমরা জানি, বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত $\frac{২২}{৭}$।

৫৭. ১২টি বাহুবিশিষ্ট একটি সমতল ক্ষেত্রের কৌণিক বিন্দুগুলোর সংযোগ রেখা দ্বারা কতগুলো ত্রিভুজ গঠন করা যায়?

ⓐ ২২০ ⓑ ১২০

ⓒ ২১০ ⓓ ১৮০

ব্যাখ্যা ১২টি বাহুবিশিষ্ট একটি সমতল ক্ষেত্রের কৌণিক বিন্দুগুলোর সংযোগ রেখা দ্বারা ${}^{১২}C_{৩}$ ত্রিভুজ গঠন করা যায়। কারণ ত্রিভুজ গঠন করতে তিনটি বিন্দুর প্রয়োজন।

$\therefore$ নির্ণেয় ত্রিভুজ $= {}^{১২}C_{৩} = ২২০$।

৫৮. ২টি ধনাত্মক সংখ্যার পার্থক্য ৬ এবং এদের বর্গের পার্থক্য ১০৮। সংখ্যা ২টির যোগফল কত?

ⓐ ৬ ⓑ ১৮

ⓒ ২৪ ⓓ ১২

ব্যাখ্যা মনে করি, দুটি ধনাত্মক সংখ্যা x ও y।

১ম শর্তানুসারে $x-y=৬$ ..... (i)

২য় শর্তানুসারে, $x^2-y^2=১০৮$ ..... (ii)

সমীকরণ (ii) হতে পাই,

$(x+y)(x-y)=১০৮$

$\Rightarrow ৬(x+y)=১০৮ \quad [\because x-y=৬]$

$\Rightarrow x+y=\frac{১০৮}{৬}$

$\therefore x+y=১৮$

৫৯. কোন সংখ্যার ৩৭% থেকে ৩৭ বিয়োগ করলে বিয়োগফল ৩৭ হবে?

ⓐ ৭৪ ⓑ ১১১ ⓒ ১৪৮ ⓓ ২০০

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, x এর ৩৭% $- ৩৭ = ৩৭$

$\Rightarrow \frac{৩৭x}{১০০} = ৩৭ + ৩৭$

$\Rightarrow \frac{৩৭x}{১০০} = ৭৪$

$\Rightarrow x = \frac{৭৪ \times ১০০}{৩৭}$

$\therefore x = ২০০$

৬০. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৭ : ২ এবং ৫ বছর পরে তাদের বয়সের অনুপাত ৮ : ৩ হবে। তাদের বর্তমান বয়স কত?

ⓐ ৩২, ৮ ⓑ ৩৫, ১০ ⓒ ৩৫, ১২ ⓓ ৩৬, ১০

ব্যাখ্যা মনে করি, পিতার বর্তমান বয়স $৭x$ বছর এবং পুত্রের বর্তমান বয়স $২x$ বছর।

প্রশ্নমতে, $\frac{৭x+৫}{২x+৫} = \frac{৮}{৩}$

$\Rightarrow ২১x + ১৫ = ১৬x + ৪০$

$\Rightarrow ২১x - ১৬x = ৪০ - ১৫$

$\Rightarrow ৫x = ২৫$

$\Rightarrow x = ৫$

$\therefore$ পিতার বর্তমান বয়স $= ৭x = ৭ \times ৫ = ৩৫$ বছর

এবং পুত্রের বর্তমান বয়স $= ২x = ২ \times ৫ = ১০$ বছর।

৬১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ আগরতলা ষড়যন্ত্র মামলায় মোট আসামির সংখ্যা ছিল কত জন?

ⓐ ৩৪ ⓑ ৩৫

ⓒ ৩৬ ⓓ ৩৭

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামি করে ৩ জানুয়ারি ১৯৬৮ আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়। আর এ মামলা প্রত্যাহার করা হয় ২২ ফেব্রুয়ারি ১৯৬৯। বঙ্গবন্ধুসহ এ মামলার আসামি ছিলেন ৩৫ জন।

৬২. বাংলাদেশ সরকার বীরশ্রেষ্ঠদের নাম কবে ঘোষণা করে?

ⓐ ১৫ ডিসেম্বর ১৯৭২ ⓑ ১৬ ডিসেম্বর ১৯৭২

ⓒ ১৫ ডিসেম্বর ১৯৭৩ ⓓ ১৬ ডিসেম্বর ১৯৭৩

ব্যাখ্যা ১৫ ডিসেম্বর ১৯৭৩ গেজেট নোটিফিকেশনের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযোদ্ধাদের সম্মানসূচক খেতাব প্রদান করেন। মুক্তিযোদ্ধাদের খেতাব বীরশ্রেষ্ঠ, বীরউত্তম, বীরবিক্রম ও বীরপ্রতীক এ চার স্তরে বিভক্ত।

৬৩. জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের শান্তিরক্ষীরা বর্তমানে দায়িত্ব পালন করছেন কয়টি দেশে?

ⓐ ১০ ⓑ ১১ ⓒ ১২ ⓓ ১৩

[Note : বাংলাদেশ ১৯৮৮ সালে জাতিসংঘের UNIIMOG মিশনে অংশগ্রহণের মাধ্যমে শান্তিরক্ষা বাহিনীতে কাজ শুরু করে। বর্তমানে (ডিসেম্বর ২০২২) বাংলাদেশ শান্তিরক্ষা মিশনে সর্বোচ্চ সংখ্যক সৈন্য প্রেরণকারী দেশ এবং ৯টি দেশের মিশনে এ সৈন্য মোতায়েন রয়েছে। উল্লেখ্য, জুন ২০২২ পর্যন্ত বাংলাদেশের শান্তিরক্ষী সদস্যরা ৪৩টি দেশের ৫৫টি মিশনে অংশগ্রহণ করেছে।

৬৪. আফগানিস্তানে রাজতন্ত্রের অবসান ঘটে কত সালে?

ⓐ ১৯৭০ ⓑ ১৯৭৩ ⓒ ১৯৭৬ ⓓ ১৯৭৭

ব্যাখ্যা ১৯৭৩ সালে রাজা জহির শাহকে ক্ষমতাচ্যুত করার মাধ্যমে আফগানিস্তানে রাজতন্ত্রের অবসান হয়। জহির শাহকে ক্ষমতা থেকে বিতাড়িত করে মোহাম্মদ দাউদ খান আফগানিস্তানে প্রজাতন্ত্র প্রতিষ্ঠা করেন।

৬৫. North Atlantic Treaty Organization (NATO)-এর প্রতিষ্ঠাকালীন সদর দপ্তর কোথায় ছিল?

ⓐ লন্ডন ⓑ প্যারিস

ⓒ ব্রাসেলস ⓓ মাদ্রিদ

ব্যাখ্যা NATO ১২টি দেশ নিয়ে ৪ এপ্রিল ১৯৪৯ যাত্রা শুরু করে। প্রতিষ্ঠাকালে সংস্থাটির সদর দপ্তর ছিল লন্ডনে। বর্তমানে ৩০ সদস্যবিশিষ্ট ন্যাটোর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত।

৬৬. বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটিতে মহিলা সদস্য ছিলেন কতজন?

ⓐ ১ ⓑ ২ ⓒ ৩ ⓓ ৪

ব্যাখ্যা বাংলাদেশের সংবিধান প্রণয়নের লক্ষ্যে ১৯৭২ সালের ১১ এপ্রিল ড. কামাল হোসেনকে প্রধান করে ৩৪ সদস্যবিশিষ্ট খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয়। এ সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য ছিলেন বেগম রাজিয়া বানু।

৬৭. মহামুনি বিহার কোথায় অবস্থিত?

ⓐ দিনাজপুরের ফুলবাড়িতে ⓑ চট্টগ্রামের রাউজানে

ⓒ জামালপুরের দেওয়ানগঞ্জে ⓓ কুমিল্লার ময়নামতিতে

ব্যাখ্যা মহামুনি বিহার চট্টগ্রামের রাউজানে অবস্থিত একটি ঐতিহ্যবাহী বৌদ্ধ বিহার। কুমিল্লার ময়নামতিতে অবস্থিত একটি বৌদ্ধ বিহার হলো আনন্দ বিহার।

৬৮. আজ ২২ অক্টোবর বাংলা ভাষার কোন অন্যতম প্রধান কবির প্রয়াণ দিবস?

ⓐ শামসুর রাহমান ⓑ বুদ্ধদেব বসু

ⓒ জীবনানন্দ দাশ ⓓ সমর সেন

ব্যাখ্যা 'রূপসী বাংলার কবি' খ্যাত জীবনানন্দ দাশের জন্ম ১৭ ফেব্রুয়ারি ১৮৯৯ এবং মৃত্যু ২২ অক্টোবর ১৯৫৪। বুদ্ধদেব বসু তাকে 'নির্জনতম কবি' বলে আখ্যায়িত করেছেন। তার বিখ্যাত কাব্যগ্রন্থগুলোর মধ্যে রয়েছে রূপসী বাংলা, বনলতা সেন, মহাপৃথিবী, বেলা অবেলা কালবেলা ইত্যাদি।

৬৯. বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার কত একর জমিতে নির্মিত হয়েছে?

ⓐ ১০ ⓑ ১৫ ⓒ ১৮ ⓓ ২০

উত্তর

৫১ c	৫২ b
৫৩ c	৫৪ b
৫৫ b	৫৬ c
৫৭ a	৫৮ b
৫৯ d	৬০ b
৬১ b	৬২ c
৬৩ Note	৬৪ b
৬৫ a	৬৬ a
৬৭ b	৬৮ c
৬৯ d	

ব্যাখ্যা চীনের আর্থিক ও কারিগরি সহায়তায় পূর্বাচলে ২০ একর জমিতে বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারের নির্মাণ কাজ শুরু হয় ২০১৭ সালে এবং উদ্বোধন করা হয় ২১ অক্টোবর ২০২১। এই এক্সিবিশন সেন্টারটির নির্মাতা প্রতিষ্ঠান চায়না স্টেট কন্সট্রাকশন ইঞ্জিনিয়ারিং করপোরেশন।

৭০. ইসলামী সহযোগিতা সংস্থা (ওআইসি) এর দাপ্তরিক ভাষা কয়টি?
ⓐ ২ ⓑ ৩ ⓒ ৪ ⓓ ৫

ব্যাখ্যা ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ প্রতিষ্ঠিত হওয়া মুসলমানদের বৈশ্বিক সংগঠন Organization of Islamic Cooperation বা OIC-এর দাপ্তরিক ভাষা তিনটি। যথা— আরবি, ইংরেজি ও ফরাসি। ৫৭ সদস্যবিশিষ্ট সংস্থাটির সদর দপ্তর সৌদি আরবের জেদ্দায় অবস্থিত।

৭১. কোন মহান দার্শনিক 'লাইসিয়াম' নামে একটি শিক্ষা কেন্দ্র স্থাপন করেছিলেন?
ⓐ সক্রেটিস ⓑ প্লেটো
ⓒ এরিস্টটল ⓓ ভলতেয়ার

ব্যাখ্যা গ্রিক দার্শনিক এরিস্টটল ৩৩৪ খ্রিষ্ট পূর্বাব্দে গ্রিসের এথেন্সে লাইসিয়াম নামে একটি দর্শনের স্কুল প্রতিষ্ঠা করেছিলেন।

৭২. রাজা ভূমিবল কত বছর থাইল্যান্ডের সিংহাসনে আসীন ছিলেন?
ⓐ ৩০ বছর ⓑ ৪০ বছর
ⓒ ৫০ বছর ⓓ ৭০ বছর

ব্যাখ্যা থাইল্যান্ডের সাবেক রাজা ভূমিবল আদুল্যাদেজ ৭০ বছর ধরে দেশটির রাজা ছিলেন। তিনি ১৯৪৬ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত আমৃত্যু রাজা ছিলেন। দেশটির বর্তমান রাজা হলেন তার পুত্র মহা ভাজিরালংকর্ন।

৭৩. যুক্তরাষ্ট্রের কংগ্রেসের উচ্চকক্ষের নাম কী?
ⓐ হাউস অব কমনস ⓑ হাউস অব সিনেট
ⓒ প্রতিনিধি সভা ⓓ হাউজ অব লর্ডস
[Note : যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের নাম কংগ্রেস। এটি দ্বিকক্ষ বিশিষ্ট, যার উচ্চকক্ষের নাম সিনেট আর নিম্নকক্ষের নাম হাউজ অব রিপ্রেজেন্টেটিভস। উচ্চকক্ষের আসন ১০০টি আর নিম্নকক্ষের আসন সংখ্যা ৫৩৫টি।]

৭৪. আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশে প্রতিষ্ঠিত হয় কোন সালে?
ⓐ ১৯৭৬ ⓑ ১৯৭৭ ⓒ ১৯৭৮ ⓓ ১৯৭৯
[Note : আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ (আইসিডিডিআর,বি) ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর ঢাকায় অবস্থিত। এই প্রতিষ্ঠানের সবচেয়ে গুরুত্বপূর্ণ অবদান হলো ওরস্যালাইন উদ্ভাবন।]

৭৫. দক্ষিণ এশিয়ার কোন দেশের পার্লামেন্টে নারী সদস্যের হার সর্বাধিক?
ⓐ নেপাল ⓑ ভুটান ⓒ বাংলাদেশ ⓓ ভারত

ব্যাখ্যা দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে নেপালের পার্লামেন্টে নারী সদস্যদের হার সর্বাধিক অর্থাৎ ৩২.৭ শতাংশ। আর এর পরেই রয়েছে বাংলাদেশের অবস্থান, ২০.৯ শতাংশ।

৭৬. বৈশ্বিক অস্ত্র ক্রয়ে শীর্ষ দেশ কোনটি?
ⓐ সৌদি আরব ⓑ মিশর
ⓒ অস্ট্রেলিয়া ⓓ তুরস্ক

ব্যাখ্যা SIPRI-এর প্রতিবেদন অনুযায়ী বৈশ্বিক অস্ত্র ক্রয়ে শীর্ষ দেশ হলো সৌদি আরব। এর পরেই রয়েছে যথাক্রমে ভারত, মিশর ও অস্ট্রেলিয়ার নাম।

৭৭. ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর বাংলাদেশের সাথে আর কোন দেশগুলো জাতিসংঘের সদস্যপদ লাভ করে?
ⓐ গ্রানাডা ও নাউরু ⓑ ফিজি ও গিনি বিসাউ
ⓒ নাউরু ও ফিজি ⓓ গ্রানাডা ও গিনি বিসাউ

ব্যাখ্যা ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ জাতিসংঘের ২৯তম অধিবেশন ৩টি দেশ সদস্যপদ লাভ করে। এগুলো হচ্ছে বাংলাদেশ, গ্রানাডা এবং গিনি বিসাউ। বর্ণক্রমানুসারে নাম আসায় বাংলাদেশ ১৩৬তম, গ্রানাডা ১৩৭তম এবং গিনি বিসাউ ১৩৮তম সদস্যপদ লাভ করে।

৭৮. বাংলাদেশের জাতীয় পর্যটন সংস্থা কোনটি?
ⓐ বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
ⓑ বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
ⓒ ট্যুর অপারেটর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ
ⓓ কোনোটিই নয়

ব্যাখ্যা বাংলাদেশ পর্যটন কর্পোরেশন ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত হয়। এটি বেসরকারি বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন দেশের একটি জাতীয় এবং স্বায়ত্তশাসিত পর্যটন সংস্থা। সংস্থাটির বর্তমান চেয়ারম্যান মো. হান্নান মিয়া।

৭৯. বাংলাদেশ রাইফেলস্-এর প্রতিষ্ঠাকালীন মহাপরিচালক কে ছিলেন?
ⓐ চিত্তরঞ্জন দত্ত ⓑ আবু ওসমান চৌধুরী
ⓒ আবু তাহের ⓓ খালেদ মোশাররফ

ব্যাখ্যা 'রামগড় লোকাল ব্যাটালিয়ান' গঠিত হয় ১৭৯৫ সালে। এর উত্তরসূরি প্রতিষ্ঠান 'বাংলাদেশ রাইফেলস'-এর যাত্রা শুরু হয় ১৯৭২ সালে, যার প্রতিষ্ঠাকালীন মহাপরিচালক ছিলেন চিত্তরঞ্জন দত্ত। উল্লেখ্য, বাংলাদেশ রাইফেলসের বর্তমান নাম বর্ডার গার্ড বাংলাদেশ (BGB)।

৮০. অলিম্পিক ইতিহাসে সবচেয়ে বেশি পদকধারী ফেলপসের স্বর্ণপদকের সংখ্যা কত?
ⓐ ১৫ ⓑ ২০
ⓒ ২২ ⓓ ২৩

ব্যাখ্যা অলিম্পিক ইতিহাসে সবচেয়ে বেশি পদকধারী মার্কিন সাঁতারু মাইকেল ফেলপস অলিম্পিকে স্বর্ণপদক পেয়েছেন ২৩টি। এর মধ্যে ১৩টি ব্যক্তিগত ইভেন্টে এবং ১০টি দলগত ইভেন্টে।

উত্তর
৭০ b
৭১ c
৭২ d
৭৩ Note
৭৪ Note
৭৫ a
৭৬ a
৭৭ d
৭৮ a
৭৯ a
৮০ d

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB) প্রকিউরমেন্ট অফিসার/ইন্সপেক্টর (অপস) ২০২১

পরীক্ষার তারিখ : ১০.০৯.২০২১; সময় : ৫০ মিনিট; পূর্ণমান : ৮০

১. কোনটি নির্দেশক নয়?
ⓐ টা ⓑ তম ⓒ খানা ⓓ জন

ব্যাখ্যা কয়েকটি অব্যয় বা প্রত্যয় কোনো না কোনো পদের অগ্রে বা পরে যুক্ত হয়ে নির্দিষ্টতা জ্ঞাপন করে, এগুলোকে পদাশ্রিত প্রত্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে। যেমন—টি, টা, খানা, খানি, জন ইত্যাদি। আর 'তম' হলো— প্রত্যয় বিশেষ; সংখ্যার পূরক। যেমন— সপ্ততিতম।

২. ক্রিয়ার প্রথম অংশকে কী বলে?
ⓐ শব্দ ⓑ শব্দমূল
ⓒ ধাতু ⓓ ক্রিয়া বিভক্তি

ব্যাখ্যা যে পদের দ্বারা কোনো কার্য সম্পাদন করা বোঝায় তাকে ক্রিয়াপদ বলে। ক্রিয়ামূল বা ধাতুর সঙ্গে পুরুষ অনুযায়ী কালসূচক ক্রিয়াবিভক্তি যোগ করে ক্রিয়াপদ গঠন করা হয়। যেমন—পড়ছে। এখানে প্রথম অংশ 'পড়্' ধাতু বা ক্রিয়ামূল আর 'ছে' ক্রিয়া বিভক্তি।

৩. বাংলা ভাষায় কারকের সংখ্যা কত?
ⓐ তিন ⓑ চার ⓒ পাঁচ ⓓ ছয়

ব্যাখ্যা বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে নামপদের যে সম্পর্ক, তাকে কারক বলে। কারক ছয় প্রকার। যথা : ১. কর্তৃকারক, ২. কর্মকারক, ৩. করণকারক, ৪. সম্প্রদান কারক, ৫. অপাদান কারক ও ৬. অধিকরণ কারক।

৪. নিচের কোনটি 'গোঁফ খেজুরে' অর্থ প্রকাশ করে?
ⓐ বেহায়া ⓑ বিশৃঙ্খলা
ⓒ খুব অলস ⓓ সামান্য ব্যক্তি

ব্যাখ্যা 'গোঁফ খেজুরে' বাগধারার অর্থ – নিতান্ত অলস। আর 'কানকাটা' বাগধারার অর্থ – বেহায়া, এলোপাতাড়ি – বিশৃঙ্খলা, কেউকেটা – সামান্য।

৫. 'সবিতা' শব্দের সঠিক প্রতিশব্দ কোনটি?
ⓐ পদ্ম ⓑ সূর্য ⓒ পৃথিবী ⓓ নদী

ব্যাখ্যা 'সবিতা' শব্দের প্রতিশব্দ – সূর্য, দিবাকর, প্রভাকর, দিনেশ, ভানু, বালার্ক, রবি, তপন, দিনমণি, দিননাথ ইত্যাদি। আর 'পদ্ম' অর্থ – পঙ্কজ, সরোজ, সরসিজ, কমল, উৎপল, সরোবর, রাজীব, অরবিন্দ ইত্যাদি। 'পৃথিবী' অর্থ – ধরা, ধরণি, মহি, মেদিনী, ক্ষিতি, অবনি, বসুধা ইত্যাদি। 'নদী' অর্থ – স্রোতঃস্বিনী, তটিনী, শৈবলিনী, প্রবাহিনী, কল্লোলিনী, গাঙ ইত্যাদি।

৬. দুটি শব্দের উচ্চারণ এক বা প্রায় এক কিন্তু অর্থ আলাদা, সেগুলোকে কী বলে?
ⓐ বর্গ ⓑ প্রবাদ ⓒ শব্দজোড় ⓓ শব্দদ্বৈত

ব্যাখ্যা বাংলা ভাষায় এমন কিছু শব্দ আছে, যেগুলোর উচ্চারণ এক অথবা প্রায় এক, কিন্তু অর্থ ভিন্ন; এমন যুগল শব্দকে শব্দজোড় বলে। যেমন— আপণ- দোকান, আপন- নিজ; অকূল- নীচ বংশ, অকূল- তীরহীন; অবদান- কীর্তি, অবধান- মনোযোগ।

৭. বাংলায় মৌলিক স্বরধ্বনি কয়টি?
ⓐ ৬ ⓑ ৭ ⓒ ১০. ⓓ ১১

ব্যাখ্যা একক স্বরধ্বনি বা একটিমাত্র মূল স্বরধ্বনিকে মৌলিক স্বরধ্বনি বলে। মৌলিক স্বরধ্বনি সাতটি। যথা— অ, আ, ই, উ, এ, ও, অ্যা। আর যৌগিক স্বরধ্বনি পাঁচটি। যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ দুটি। যথা— ঐ (অ + ই), ঔ (অ + উ)।

৮. নিচের কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ?
ⓐ গ্রামছাড়া ⓑ গাছপাকা ⓒ ধানক্ষেত ⓓ গরুরগাড়ি

ব্যাখ্যা যে তৎপুরুষ সমাসে পূর্বপদের দ্বিতীয়াদি বিভক্তি লোপ হয় না, তাকে অলুক তৎপুরুষ সমাস বলে। যেমন— গরুর গাড়ি, কলের গান, ঘিয়ে ভাজা ইত্যাদি। আর গ্রামছাড়া- গ্রাম থেকে ছাড়া = পঞ্চমী তৎপুরুষ সমাস; গাছপাকা- গাছে পাকা = সপ্তমী তৎপুরুষ সমাস; ধানক্ষেত- ধানের ক্ষেত = ষষ্ঠী তৎপুরুষ সমাস।

৯. পাশাপাশি ধ্বনির মিলনকে কী বলে?
ⓐ একত্রীকরণ ⓑ সন্নিবেশ
ⓒ সমাস ⓓ সন্ধি

ব্যাখ্যা পাশাপাশি বা সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন- শত + এক = শতেক, নর + অধম = নরাধম, মসী + আধার = মস্যাধার। আর অর্থ সম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক শব্দে পরিণত হওয়ার নাম সমাস। যেমন— রাজার কুমার = রাজকুমার।

১০. 'স্ত্রীবলিঙ্গ' শব্দ কোনটি?
ⓐ গাড়ি ⓑ মানুষ ⓒ পাখি ⓓ শিক্ষক

ব্যাখ্যা যে শব্দ দ্বারা স্ত্রী বা পুরুষ কিছুই বোঝায় না, তাকে ক্লীবলিঙ্গ বলে। যেমন : গাড়ি, কলম, খাতা, চেয়ার, গাছ ইত্যাদি। মানুষ, পাখি উভয়লিঙ্গ, শিক্ষক পুংলিঙ্গ।

১১. 'গণপ্রজাতন্ত্রী' কোন শ্রেণির শব্দ?
ⓐ তৎসম ⓑ তদ্ভব ⓒ দেশি ⓓ বিদেশি

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী (গণ + প্রজা + তন্ত্র + ঈ্য) শব্দটি সংস্কৃত বা তৎসম। শব্দটি বিশেষণ এবং অর্থ হলো— জনগণের নির্বাচিত প্রতিনিধি দ্বারা শাসিত, people's republic।

১২. 'লোকে কিনা বলে'-বাক্যের 'লোক' শব্দের আগে কোন বিভক্তি যুক্ত আছে?
ⓐ এ ⓑ কে ⓒ যে ⓓ তে

ব্যাখ্যা লোকে (লোক + এ) শব্দে 'এ' বিভক্তি যুক্ত হয়েছে। এ, (য়), য়, তে, এতে সপ্তমী বিভক্তির উদাহরণ। 'কে' দ্বিতীয়া বিভক্তি।

উত্তর
১ b
২ c
৩ d
৪ c
৫ b
৬ c
৭ b
৮ d
৯ d
১০ a
১১ a
১২ a

CamScanner

১৩. মেঘে বৃষ্টি হয়। মেঘে কোন কারক?
ⓐ কর্তৃকারক ⓑ কর্মকারক
ⓒ করণকারক ⓓ অপাদান কারক
ব্যাখ্যা যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকে অপাদান কারক বলে। যেমন— মেঘে (মেঘ থেকে) বৃষ্টি হয়, দুধ থেকে দই হয়, খেজুর রসে গুড় হয়।

১৪. বাঘের ভয়ে সকলে ভীত। বাঘের কোন কারক?
ⓐ কর্মকারক ⓑ অপাদান কারক
ⓒ অধিকরণ কারক ⓓ করণকারক
ব্যাখ্যা 'বাঘের ভয়ে সকলে ভীত'-বাক্যে 'বাঘের' অপাদান কারকে ষষ্ঠী বিভক্তি।

১৫. অর্থ অনর্থ ঘটায় : অনর্থ কোন কারক?
ⓐ কর্তৃকারক ⓑ অপাদান কারক
ⓒ অধিকরণ কারক ⓓ কর্মকারক
ব্যাখ্যা যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন— অর্থ অনর্থ ঘটায়, জিজ্ঞাসিব জনে জনে, তোমার দেখা পেলাম না।

১৬. নিজের চেষ্টায় বড় হও। চেষ্টায় কোন কারক?
ⓐ কর্মকারক ⓑ কর্তৃকারক
ⓒ করণকারক ⓓ অধিকরণ
ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণকারক বলে। যেমন— নিজের চেষ্টায় বড় হও, ফুলে ফুলে ঘর ভরেছে, লোকটা জাতিতে বৈষ্ণব, মন দিয়া কর সবে বিদ্যা উপার্জন।

১৭. গগণে গরজে মেঘ। মেঘ কোন কারক?
ⓐ কর্মকারক ⓑ কর্তৃকারক
ⓒ করণকারক ⓓ অপাদান কারক
ব্যাখ্যা বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক। যেমন— গগণে গরজে মেঘ। জল পড়ে পাতা নড়ে, বাঁশি বাজে, বাপে না জিজ্ঞাসে, মায়ে না সম্ভাষে।

১৮. অনুচ্ছেদ শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓐ অনু + ছেদ ⓑ অনু + ছেদ
ⓒ অণু + ছেদ ⓓ অণু + ছেদ
ব্যাখ্যা স্বরধ্বনির পর ছ থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব (চ্ছ) হয়। যেমন— অনু + ছেদ = অনুচ্ছেদ, পরি + ছদ = পরিচ্ছদ, বি + ছেদ = বিচ্ছেদ, এক + ছত্র = একচ্ছত্র, প্র + ছদ + প্রচ্ছদ ইত্যাদি।

১৯. উচ্চেঃ শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓐ উৎ + চেঃ ⓑ উদ্ + চেঃ
ⓒ উল + চেঃ ⓓ উচ্চ + চেঃ
ব্যাখ্যা ত্ ও দ্ এর পর চ্ থাকলে ত্ ও দ্ এর স্থলে চ্ উচ্চারিত হয়। যেমন— উৎ + চেঃ = উচ্চেঃ, উৎ + চাস = উচ্চাস, উৎ + চজন = উচ্চজন, উৎ + চিত = উচ্চিত ইত্যাদি।

২০. উন্নয়ন শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓐ উন + নয়ন ⓑ উৎ + নয়ন
ⓒ উন্ন + য়ন ⓓ উন + অয়ন
ব্যাখ্যা ব্যঞ্জনবর্ণে বর্গীয় পঞ্চম ধ্বনি বা নাসিক্য ধ্বনি যদি পরে থাকে, তাহলে পূর্ববর্তী বর্গীয় প্রথম ধ্বনির স্থানে তৃতীয় বা পঞ্চম ধ্বনি উচ্চারিত হয়। যেমন— উৎ + নয়ন = উন্নয়ন, তৎ + মধ্যে = তন্মধ্যে, চিৎ + ময় = চিন্ময়, দিক্ + নির্ণয় = দিগ্‌নির্ণয়, দিক্ + দর্শন = দিগ্‌দর্শন।

২১. Give me all— this pen.
ⓐ of ⓑ but ⓒ for ⓓ together
ব্যাখ্যা মূলত but একটা conjunction কিন্তু যখন এটি sentence-এ preposition হিসেবে ব্যবহৃত হয় তখন এটি except (ছাড়া)-এর অর্থ দেয়।

২২. Choose the indirect speech of the sentence.
He said to me, 'Thank you'.
ⓐ He thanks you. ⓑ He thanked you.
ⓒ He thanks me. ⓓ He thanked me.
ব্যাখ্যা Sub-এর পর said-এর পরিবর্তে thanked এবং reported verb-এর obj 'me' ও reported speech-এর obj 'you' একই ব্যক্তি হওয়ায় প্রদত্ত বাক্যটির indirect speech হবে He thanked me।

২৩. Select the correct sentence—
ⓐ The man was who stole my bag.
ⓑ The man stole my beg who was tell.
ⓒ The man who stole my bag was tell.
ⓓ The man was tall who is stealing tall my bag.
ব্যাখ্যা সাধারণত relative pronoun (who, which, that...) তার sub-এর পরপর বা immediate পরে বসে বাক্য তৈরি করে।

২৪. Identify the correct synonym for the word 'Magnanimous'.
ⓐ Generous ⓑ Unkind
ⓒ Revengeful ⓓ Friendly
ব্যাখ্যা Magnanimous (মহানুভব, সদাশয়, উদার)-এর সমার্থক শব্দ হলো Generous (উদার, মহানুভব)। তাছাড়া, Unkind অর্থ নির্দয়, Revengeful. অর্থ প্রতিহিংসাপরায়ণ এবং Friendly অর্থ বন্ধুত্বপূর্ণ।

২৫. What is the meaning of 'White Elephant'?
ⓐ A hoarder
ⓑ An elephant of white colour
ⓒ A very costly ⓓ A black marketers
ব্যাখ্যা White Elephant দ্বারা unused এবং very costly কোনো কিছু বুঝায়। সঠিক উত্তর হবে অপশন (c)।

২৬. The correct spelling is—
ⓐ Humorious ⓑ Humurious
ⓒ Humourious ⓓ Humorous
ব্যাখ্যা Humorous (রসবোধসম্পন্ন) সঠিক বানান।

উত্তর	
১৩	d
১৪	b
১৫	d
১৬	c
১৭	b
১৮	a
১৯	a
২০	b
২১	b
২২	d
২৩	c
২৪	a
২৫	c
২৬	d

২৭. A 'bull market' means that share prices are—
ⓐ Falling ⓑ Rising ⓒ Moving ⓓ Static
ব্যাখ্যা 'Bull market' দ্বারা share prices-এর উর্ধ্বা বা উত্থানকে নির্দেশ করে।

২৮. What is the masculine form of 'bee'?
ⓐ Drone ⓑ Hart ⓒ Colt ⓓ Stag
ব্যাখ্যা Bee (স্ত্রী মৌমাছি)-এর masculine form হলো drone (পুং মৌমাছি)। অন্যদিকে, hart (হরিণ), stag (হরিণ) হলো যথাক্রমে roe (হরিণী) ও hind (হরিণী)-এর masculine form, আর colt হলো অশ্বশাবক যা filly (বাচ্চা ঘোটকী)-এর masculine form।

২৯. An adverb does not modify—
ⓐ Nouns ⓑ Adjectives
ⓒ Verbs ⓓ Pronouns
[Note : Adverb modify করে না noun ও pronoun-কে।]

৩০. — among you are from class x?
ⓐ Who ⓑ Whose ⓒ Whom ⓓ Which
ব্যাখ্যা Pronoun যদি ব্যক্তিবাচক ও sub-এর Position-এ হয় তাহলে who বসে।

৩১. He struck me on— head.
ⓐ the ⓑ a ⓒ an ⓓ with
ব্যাখ্যা শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের আগে article 'the' ব্যবহৃত হয়।

৩২. 'Life is not a bed of roses' means—
ⓐ Life is a bed of merry gold.
ⓑ Life is a bed of flowers other than rose.
ⓒ Life is a painful journey.
ⓓ None of the above.
ব্যাখ্যা Life is not a bed of roses অর্থাৎ জীবন কোনো পুষ্পশয্যা নয়। এটি একটি প্রবাদ বাক্য এবং অর্থ হলো Life is painful journey।

৩৩. Please lean the ladder— the wall.
ⓐ with ⓑ on ⓒ against ⓓ by
ব্যাখ্যা কোনো জিনিস কোনো কিছুর বিপরীতে হেলান দিয়ে রাখা বুঝালে preposition হিসেবে against ব্যবহৃত হয়।

৩৪. Which one of the verb?
ⓐ Openly ⓑ Reopen
ⓒ Openness ⓓ Closely
ব্যাখ্যা Reopen (পুনরায় খোলা) শব্দটি verb। অন্যদিকে openly (খোলাখুলিভাবে), closely (ঘনিষ্ঠভাবে) হলো adverb আর openness (সরলতা) হলো noun।

৩৫. Which one is a material noun?
ⓐ Group ⓑ Meat
ⓒ Seriousness ⓓ Party
ব্যাখ্যা পদার্থ সংক্রান্ত কোনো নামকে material noun বলে। যেমন— meat (গো মাংস), oil, iron, gold, silver ইত্যাদি।

৩৬. Have you finished— the book?
ⓐ read ⓑ reading
ⓒ is reading ⓓ being reading
ব্যাখ্যা Finish, stop, enjoy, feel, like ইত্যাদি verb-এর পরে আরও একটি verb আসলে তার সাথে ing বসবে। যেমন— Have you finished reading the book।

৩৭. Which English poet is known as the poet of nature?
ⓐ William Wordsworth ⓑ John Milton
ⓒ Alexander Pope ⓓ J. S. Eliot
ব্যাখ্যা ১৭৯৮ সালে Lyricall Ballad-এর প্রকাশের মাধ্যমে William Wordsworth-এর জনপ্রিয়তা ছড়িয়ে পড়ে। এর মাধ্যমেই তিনি poet of nature এবং romantic poet হিসেবে খ্যাতি লাভ করেন।

৩৮. Have you ever— to London?
ⓐ been ⓑ went
ⓒ go ⓓ visit
ব্যাখ্যা কোথাও ভ্রমণের অভিজ্ঞতা থাকা অর্থে past perfect tense-এ 'been' ব্যবহৃত হয়। যেমন— Have you ever been to London? অর্থাৎ তুমি কি কখনো লন্ডন গিয়েছ?

৩৯. Which of the following is a strong verb?
ⓐ Run ⓑ Walk
ⓒ Make ⓓ Jog
[Note : Strong verb ও weak verb-এর মধ্যে পার্থক্য হলো strong verb গুলোর past form ও past participle form পরিবর্তন হওয়ার সময় vowel-এর পরিবর্তন ঘটে। যেমন— Run– Ran—Run, Make– Made– Made। আর weak verb গুলোর past ও past participle form পরিবর্তনের সময় মূল শব্দটির format-এ কোনো পরিবর্তন ঘটে না বরং ed যোগ হয় অথবা কোনো vowel পড়ে যায়। যেমন— Walk–Walked—Walked, Sleep–Slept–Slept ইত্যাদি। এখানে অপশন a ও c দুটোই সঠিক।]

৪০. He works by fits and starts in the office.
Here the words underlined means—
ⓐ Regularly ⓑ Slowly
ⓒ Irregularly ⓓ Quickly
ব্যাখ্যা By fits and starts একটি phrase and idiom। এর অর্থ অনিয়মিতভাবে। সুতরাং অপশন (c) সঠিক উত্তর।

৪১. সামান্তরিকের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র—
ⓐ $\frac{১}{২}$ (ভূমি × উচ্চতা) ⓑ দৈর্ঘ্য × প্রস্থ
ⓒ ২(দৈর্ঘ্য × প্রস্থ) ⓓ ভূমি × উচ্চতা
ব্যাখ্যা আমরা জানি, সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা।

৪২. $\frac{১}{৫}$ এর ২৫% সমান কত?
ⓐ ০.৩ ⓑ ০.২ ⓒ ০.১ ⓓ ০.৪

উত্তর	
২৭	b
২৮	a
২৯	Note
৩০	a
৩১	a
৩২	c
৩৩	c
৩৪	b
৩৫	b
৩৬	b
৩৭	a
৩৮	a
৩৯	Note
৪০	c
৪১	d
৪২	c

CamScanner

সমাধান: $\frac{1}{2}$ এর ২৫%

$= \frac{1}{2} \times \frac{25}{100}$

$= \frac{1}{8}$

$= 0.1$

৪৫. একটি পদার্থের ঘিনতা—

ⓐ ১ সমকাল ⓑ ২ সমকাল

ⓒ ৮ সমকাল ⓓ ৫ সমকাল

ব্যাখ্যা: ধরা যাক, x সংখ্যক ক্রমিক বহুভুজ অন্তর্ভুক্ত আছে।

তাহলে, বাহুর সংখ্যা $= 2x - 4 \times x = 2^x$ সমকাল।

∴ পদার্থের ঘিনতা $= 2 \times 5 - 4 \times$ সমকাল

$= 10 - 4 \times$ সমকাল

$= 6$ সমকাল।

৪৬. ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১ ... ধারার ১৩তম পদটি কত?

ⓐ ৩৪ ⓑ ৫৫ ⓒ ৪৮ ⓓ ৬৪

ব্যাখ্যা: এখানে ধারা ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ... ১৩তম পদ।

এটি একটি ফিবোনাক্কি ধারা, যার প্রথম দুই পদ যোগ করে তৃতীয় পদের এভাবে পরবর্তী পদ পাওয়া যায়।

১ম পদ = ১ম পদ + ২য় পদ = ১৩ + ২১ = ৩৪।

∴ ১৩তম পদ = ১২তম পদ + ১১তম পদ = ২১ + ৩৪ = ৫৫।

৪৭. একটি সংখ্যা ৩১ থেকে যত বেশি ৫৫ থেকে তত কম, সংখ্যাটি কত?

ⓐ ৩৯ ⓑ ৪৩ ⓒ ৪৫ ⓓ ৪১

সমাধান: ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, $x - 31 = 55 - x$

$\Rightarrow x + x = 55 + 31$

$\Rightarrow 2x = 86$

$\therefore x = 43$

Shortcut:

সংখ্যাটি $= \frac{31+55}{2} = \frac{86}{2} = 43$

৪৯. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ⓐ ৩/৪ ⓑ ২/৫ ⓒ ১/৩ ⓓ ৫/৮

সমাধান: প্রদত্ত ভগ্নাংশগুলো তুলনা করে পাই,

$\frac{3}{4} \times \frac{2}{5}$; $15 > 8$ ∴ $\frac{3}{4}$ বড়

$\frac{3}{4} \times \frac{1}{3}$; $18 > 4$ ∴ $\frac{3}{4}$ বড়

$\frac{3}{4} \times \frac{5}{8}$; $24 > 20$ ∴ $\frac{3}{4}$ বড়

সুতরাং ভগ্নাংশগুলোর মধ্যে $\frac{3}{4}$ বড়।

৪৭. $.2 \times .01 \times .0017 \times 2 = ?$

ⓐ .0000168 ⓑ 28

ⓒ .000028 ⓓ .00028

সমাধান: $.2 \times .01 \times .0017 \times 2 = \frac{2}{10} \times \frac{1}{100} \times \frac{17}{10000} \times 2$

$= \frac{68}{1000000}$

$= .000068$

৪৮. ২টি পরস্পর পূরক কোণের মধ্যে একটি অপর হতে ৩০° বড়। ছোট কোণটির মান কত?

ⓐ ৫৫° ⓑ ১২০°

ⓒ ১৮০° ⓓ ১৪৫°

ব্যাখ্যা: আমরা জানি, পূরক কোণের মান ৯০°। সুতরাং ২টি পরস্পর পূরক কোণের মধ্যে একটি অপর হতে ৩০° হলে অপরটি $(90° - 30°)$ বা ৫৫°।

৪৯. কোন ত্রিভুজের বহিস্থ ও অন্তস্থ সন্নিহিত কোণের সমষ্টি হয়?

ⓐ ৯০° ⓑ ১২০°

ⓒ ১৮০° ⓓ ২৭০°

ব্যাখ্যা: একটি ত্রিভুজের বহিস্থ ও অন্তস্থ সন্নিহিত কোণ মিলে একটি সরলকোণ উৎপন্ন হয় যা ১৮০°।

৫০. একটি বর্গক্ষেত্রের পরিসীমা এর কর্ণের কতগুণ?

ⓐ $\sqrt{2}/2$ ⓑ $\sqrt{2}$ ⓒ $2\sqrt{2}$ ⓓ 2

ব্যাখ্যা: আমরা জানি, বর্গক্ষেত্রের পরিসীমা $= 4a$

এবং বর্গক্ষেত্রের কর্ণ $= \sqrt{2}a$

সুতরাং বর্গক্ষেত্রের পরিসীমা $= 2\sqrt{2} \times \sqrt{2}a$

$= 2\sqrt{2} \times$ বর্গক্ষেত্রের কর্ণ।

৫১. $a^2 - 4a + 3 = 0$ হলে a এর মান কত?

ⓐ 3 ⓑ 1

ⓒ 2 ⓓ A এবং C

[Note: $a^2 - 4a + 3 = 0$

$\Rightarrow a^2 - 3a - a + 3 = 0$

$\Rightarrow a(a-3) - 1(a-3) = 0$

$\Rightarrow (a-3)(a-1) = 0$

$\therefore a = 3, 1$

সঠিক উত্তর a ও b।]

৫২. দুইটি সংখ্যার ল.সা.গু. ১৪৪ ও গ.সা.গু. ১২। একটি সংখ্যা ৪৮ হলে অপরটি কত?

ⓐ ৬০ ⓑ ৭২

ⓒ ৩৬ ⓓ ৪৮

ব্যাখ্যা: আমরা জানি, একটি সংখ্যা × অপর সংখ্যা = ল. সা. গু. × গ. সা. গু.

$\Rightarrow 48 \times$ অপর সংখ্যা $= 144 \times 12$

$\Rightarrow$ অপর সংখ্যা $= \frac{144 \times 12}{48}$

∴ অপর সংখ্যা = ৩৬।

৫৩. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে ১২, ১৮ ও ২৪ দ্বারা বিভাজ্য—

ⓐ ৮৯ ⓑ ৭২

ⓒ ৭০ ⓓ ১৪০

সমাধান: ১২, ১৮ ও ২৪ এর ল.সা.গু. থেকে ২ বিয়োগ করলে নির্ণেয় সংখ্যা পাওয়া যাবে।

2 | 12, 18, 24
2 | 6, 9, 12
3 | 3, 9, 6
1, 3, 2

ল. সা. গু. $= 2 \times 2 \times 3 \times 3 \times 2 = 72$

∴ নির্ণেয় সংখ্যা $= 72 - 2 = 70$

৫৪. পাঁচ অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার যোগফল হতে ১ কম কোনটি?

ⓐ ১০০০০৯ ⓑ ১০৯৯৯৯ ⓒ ১০৯৯৭৯ ⓓ ১০৯৯৯৮

সমাধান: পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা $= 99999$

পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা $= 10000$

যোগফল $= 109999$

এখন, $109999 - 1$

$= 109998$

৫৫. ৯০ ও ১০০ এর মধ্যে কয়টি মৌলিক সংখ্যা?

ⓐ ১ ⓑ ২ ⓒ ৩ ⓓ ৪

ব্যাখ্যা: ৯০ ও ১০০-এর মধ্যে মৌলিক সংখ্যা ১টি। সংখ্যাটি হলো ৯৭।

৫৬. একটি আয়তাকার ক্ষেত্রের বিস্তারের চেয়ে ৩ গুণ বড় ও ৪৮ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট ক্ষেত্রের পরিসীমা কত?

ⓐ ৯৬ ⓑ ৭২ ⓒ ১২৮ ⓓ ১২৪

ব্যাখ্যা: দেয়া আছে, দৈর্ঘ্য ৪৮ মিটার

এবং দৈর্ঘ্য = বিস্তার × ৩

$\Rightarrow$ বিস্তার $= \frac{\text{দৈর্ঘ্য}}{3}$

∴ বিস্তার $= \frac{48}{3} = 16$ মিটার

সুতরাং আয়তাকার ক্ষেত্রের পরিসীমা $= 2(48 + 16)$ মিটার

$= (2 \times 64)$ মিটার

$= 128$ মিটার

৫৭. $6x^2 - 7x + 5$ এর একটি উৎপাদক $3x - 5$ হলে অপরটি—

ⓐ $2x - 1$ ⓑ $2x + 1$ ⓒ $2x^2 + 1$ ⓓ $2x - 5$

[Note: ধরি, $f(x) = 6x^2 - 7x + 5$ এর একটি উৎপাদক $3x - 5$ হলে $3x - 5 = 0$ অর্থাৎ $x = \frac{5}{3}$ দ্বারা $f(x) = 0$ হবে।

সুতরাং $f\left(\frac{5}{3}\right) = 6.\left(\frac{5}{3}\right)^2 - 7.\frac{5}{3} + 5$

$= \frac{50}{3} - \frac{35}{3} + 5$

$= \frac{50 - 35 + 15}{3} = \frac{30}{3} = 10$

সুতরাং $6x^2 - 7x + 5$ রাশিটি ভুল আছে। যদি $6x^2 - 7x + 5$ হতো তবে $3x - 5$ ও $2x + 1$ উৎপাদক হতো।]

৫৮. পিতা ও পুত্রের বয়সের বর্তমান সমষ্টি ৮০। পিতার বয়স ৩ গুণ হলে পুত্রের বয়স ১০ বছর পরে কত হবে?

ⓐ ২০ ⓑ ৩০ ⓒ ১০ ⓓ ৪০

ব্যাখ্যা: ধরি, পুত্রের বয়স x বছর

এবং পিতার বয়স $3x$ বছর।

প্রশ্নমতে, $3x + x = 80$

$\Rightarrow 4x = 80$

$\Rightarrow x = \frac{80}{4}$

$\therefore x = 20$

৫৯. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ১২৩। ছোট সংখ্যাটি কত?

ⓐ ৩১ ⓑ ৪১ ⓒ ৪০ ⓓ ৫২

ব্যাখ্যা: দেয়া আছে, তিনটি ক্রমিক সংখ্যার যোগফল = ১২৩।

সংখ্যাটির গড় থেকে ২য় সংখ্যা অর্থাৎ $\frac{123}{3} = 41$ এবং ১ম সংখ্যা ৪০ এবং ৩য় সংখ্যা ৪২। সুতরাং ছোট সংখ্যাটি ৪০।

৬০. ১ বর্গমাইলে কত একর?

ⓐ ৬২০ ⓑ ৬৪০ ⓒ ৬৩০ ⓓ ৬২৫

ব্যাখ্যা: আমরা জানি, ১ বর্গমাইল = ৬৪০ একর।

৬১. ঐতিহাসিক 'ছয় দফায়' কোন বিষয়টি অন্তর্ভুক্ত ছিল না?

ⓐ শাসনতান্ত্রিক কাঠামো ⓑ কেন্দ্রীয় সরকারের ক্ষমতা

ⓒ স্বতন্ত্র মুদ্রাব্যবস্থা ⓓ বিচার ব্যবস্থা

ব্যাখ্যা: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষিত ঐতিহাসিক ছয়দফায় শাসনতান্ত্রিক কাঠামো, কেন্দ্রীয় সরকারের ক্ষমতা, স্বতন্ত্র মুদ্রা ব্যবস্থা, রাজস্ব ব্যবস্থা, বৈদেশিক বাণিজ্য, প্যারা মিলিটারী বাহিনী প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত থাকলেও বিচার ব্যবস্থা নিয়ে কোনো কথা অন্তর্ভুক্ত ছিল না।

৬২. ১৯৬৯ সালের কোন তারিখের জনসভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয়?

ⓐ ২১ ফেব্রুয়ারি ⓑ ২২ ফেব্রুয়ারি

ⓒ ২৩ ফেব্রুয়ারি ⓓ ২৪ ফেব্রুয়ারি

ব্যাখ্যা: ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ তৎকালীন রেসকোর্স ময়দানে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ কর্তৃক আয়োজিত সভায় তোফায়েল আহমেদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি প্রদান করেন।

৬৩. প্রাচীন পুন্ড্রবর্ধন নগর কোন স্থানে অবস্থিত?

ⓐ ময়নামতি ⓑ বিক্রমপুর

ⓒ মহাস্থানগড় ⓓ পাহাড়পুর

ব্যাখ্যা: প্রাচীন বাংলার জনপদ পুণ্ড্রের রাজধানী পুন্ড্রবর্ধন বা পুণ্ড্রনগর-এর বর্তমান নাম মহাস্থানগড়, যা বর্তমানে বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় অবস্থিত।

৬৪. মুক্তিযুদ্ধের সময় নৌ কমান্ড গঠিত হয় কোন সেক্টর নিয়ে?

ⓐ ১০ নং সেক্টর ⓑ ১১ নং সেক্টর

ⓒ ৮ নং সেক্টর ⓓ ৯ নং সেক্টর

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমগ্র দেশকে যে ১১টি সেক্টরে ভাগ করা হয়েছিল, তার একমাত্র ব্যতিক্রম সেক্টর ছিল ১০ নং সেক্টর, যা নৌ-কমান্ড নিয়ে গঠিত হয়েছিল। আর এ সেক্টরের নিয়মিত কোনো কমান্ডার ছিল না।

উত্তর

৪৩ b	৫৪ d
৪৪ b	৫৫ a
৪৫ b	৫৬ c
৪৬ a	৫৭ Note
৪৭ c	৫৮ a
৪৮ a	৫৯ c
৪৯ c	৬০ b
৫০ c	৬১ d
৫১ Note	৬২ c
৫২ c	৬৩ c
৫৩ c	৬৪ a

৬৫. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?
ⓐ জয়নুল আবেদিন ⓑ কামরুল হাসান
ⓒ হামিদুর রহমান ⓓ হাশেম খান

ব্যাখ্যা বাংলাদেশের সবুজক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্তের যে জাতীয় পতাকা তার ডিজাইনার হলেন পটুয়া কামরুল হাসান।

৬৬. বাংলাদেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চল কোনটি?
ⓐ আনোয়ারা ⓑ মিরসরাই
ⓒ সীতাকুণ্ড ⓓ কোনোটিই নয়

ব্যাখ্যা বাংলাদেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চল হলো বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগর, মিরসরাই (চট্টগ্রাম), যা ৩০ হাজার একর জায়গা জুড়ে বিস্তৃত।

৬৭. বাংলাদেশে আন্তর্জাতিক বিমানবন্দর কতটি?
ⓐ ২টি ⓑ ৬টি ⓒ ৫টি ⓓ ৩টি

ব্যাখ্যা বাংলাদেশের আন্তর্জাতিক বিমানবন্দর রয়েছে তিনটি। বিমানবন্দরগুলো হলো— হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা; শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর; সিলেট।

৬৮. বাংলাদেশে প্রথম আদমশুমারি হয় কোন সালে?
ⓐ ১৯৭৯ ⓑ ১৯৭২ ⓒ ১৯৭৩ ⓓ ১৯৭৪

ব্যাখ্যা স্বাধীনতার পর বাংলাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে। আর সর্বশেষ জনশুমারি অনুষ্ঠিত হয় ২০২২ সালের ১৫-২১ জুন। উল্লেখ্য, ২০১৩ সালের পরিসংখ্যান আইন অনুযায়ী 'আদমশুমারি ও গৃহগণনা' নাম পরিবর্তন করে 'জনশুমারি ও গৃহগণনা' করা হয়।

৬৯. বেনাপোল সংলগ্ন ভারতীয় স্থলবন্দর কোনটি?
ⓐ পেট্রাপোল ⓑ কৃষ্ণনগর ⓒ ডাউকি ⓓ মোহাদিপুর

ব্যাখ্যা বাংলাদেশের যশোর জেলার শার্শা উপজেলায় অবস্থিত বেনাপোল স্থলবন্দর সংলগ্ন ভারতীয় স্থলবন্দর হলো পেট্রাপোল, যা পশ্চিমবঙ্গের বনগাঁওয়ে অবস্থিত।

৭০. মাত্র ১টি সংসদীয় আসন কোন জেলার?
ⓐ মেহেরপুর ⓑ ঝালকাঠি ⓒ রাঙামাটি ⓓ লক্ষ্মীপুর

ব্যাখ্যা বাংলাদেশের জাতীয় সংসদের ৩০০টি আসনের মধ্যে শুধুমাত্র পার্বত্য চট্টগ্রামের রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলায় একটি করে সংসদীয় আসন রয়েছে।

৭১. ইউনেস্কোর প্রধান কার্যালয় কোথায়?
ⓐ নিউইয়র্ক ⓑ প্যারিস ⓒ রোম ⓓ জেনেভা

ব্যাখ্যা জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা ইউনেস্কোর প্রধান কার্যালয় বা সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত।

৭২. আন্তর্জাতিক নারী দিবস কবে?
ⓐ ৮ এপ্রিল ⓑ ৮ মার্চ ⓒ ৭ মার্চ ⓓ ৭ এপ্রিল

ব্যাখ্যা আন্তর্জাতিক নারী দিবস পালিত হয় ৮ মার্চ। ৭ এপ্রিল হলো বিশ্ব স্বাস্থ্য দিবস।

৭৩. বাইজানটাইন সাম্রাজ্যের রাজধানী ছিল কোন নগরী?
ⓐ লিসবন ⓑ কনস্ট্যান্টিনোপল
ⓒ প্যারিস ⓓ ভিয়েনা

ব্যাখ্যা পূর্ব রোমান সাম্রাজ্য তথা বাইজানটাইন সাম্রাজ্যের রাজধানী ছিল কনস্ট্যান্টিনোপল, যা বর্তমান তুরস্কের ইস্তানবুল শহর।

৭৪. Android অপারেটিং সিস্টেম কী ধরনের প্ল্যাটফর্ম?
ⓐ ক্লাউড সোর্স ⓑ ওপেন সোর্স
ⓒ উভয় ধরনের ⓓ কোনোটিই নয়

ব্যাখ্যা বর্তমান বিশ্বে সবচেয়ে জনপ্রিয় অপারেটিং সিস্টেম android একটি ওপেন সোর্স প্ল্যাটফর্ম। ওপেন সোর্স অপারেটিং সিস্টেমে সোর্স কোড উন্মুক্ত থাকে, ফলে ব্যবহারকারী বিনামূল্যে সংগ্রহ করে ইচ্ছেমত পরিবর্তন করে ব্যবহার করতে পারে। Android-এর বর্তমান মালিকানা গুগলের। এছাড়া UNIX, LINUX, Ubuntu প্রভৃতি ওপেন সোর্স সিস্টেম সফটওয়্যার।

৭৫. ডিজিটাল মুদ্রার উদাহরণ কোনটি?
ⓐ ডলার ⓑ বিটকয়েন
ⓒ ক্রেডিট কার্ড ⓓ কোনোটিই নয়

ব্যাখ্যা বর্তমান বিশ্বে বহুল আলোচিত একটি ক্রিপ্টোকারেন্সি হলো বিটকয়েন। বিটকয়েন এক ধরনের ডিজিটাল মুদ্রা। সাতোশি নাকামোতো নামক একজন বা একদল লোক বিটকয়েনের স্রষ্টা বলে পরিচিত।

৭৬. কোনটি তেজস্ক্রিয় পদার্থ নয়?
ⓐ লৌহ ⓑ ইউরেনিয়াম ⓒ প্লুটোনিয়াম ⓓ নেপচুনিয়াম

ব্যাখ্যা যে সকল মৌলের পারমাণবিক সংখ্যা ৮২-এর চেয়ে বেশি সেই সকল মৌল তেজস্ক্রিয় ধর্ম প্রদর্শন করে। ইউরেনিয়াম, প্লুটোনিয়াম, নেপচুনিয়াম প্রভৃতি মৌলগুলো তেজস্ক্রিয় পদার্থ। অপরদিকে লৌহ তেজস্ক্রিয় পদার্থ নয়।

৭৭. কোন গ্রহের তাপমাত্রা অধিক বেশি?
ⓐ শুক্র ⓑ মঙ্গল ⓒ পৃথিবী ⓓ বুধ

ব্যাখ্যা বর্তমানে সৌরজগতের গ্রহ ৮টি। গ্রহগুলোর মধ্যে সবচেয়ে বেশি গড় তাপমাত্রা সূর্যের দ্বিতীয় নিকটতম শুক্র গ্রহের। শুক্র গ্রহের গড় তাপমাত্রা ৮৮০ ডিগ্রি ফারেনহাইট (সূত্র : ওয়ার্ল্ড অ্যাটলাস)।

৭৮. টেস্ট ক্রিকেটে বাংলাদেশের পক্ষে কে প্রথম ডাবল সেঞ্চুরি করেন?
ⓐ মুশফিক ⓑ তামিম ⓒ সাকিব ⓓ লিটন

ব্যাখ্যা টেস্ট ক্রিকেটে ২০১৩ সালে গল টেস্টে শ্রীলংকার বিপক্ষে বাংলাদেশের পক্ষে প্রথম ডাবল সেঞ্চুরি করেন মুশফিকুর রহিম।'

৭৯. অলিম্পিক গেমসের প্রতীকে কয়টি রং ব্যবহার করা হয়?
ⓐ ৩টি ⓑ ৪টি ⓒ ৫টি ⓓ ৬টি

ব্যাখ্যা অলিম্পিক গেমসের প্রতীক বা ফ্ল্যাগ বা রিংয়ে পাঁচটি রং ব্যবহার করা হয়। রংগুলো হলো- লাল, নীল, সবুজ, হলুদ ও কালো।

৮০. আজকের বাংলা সনের কত তারিখ?
ⓐ ২৪ ভাদ্র, ১৪২৮ ⓑ ২৬ ভাদ্র, ১৪২৮
ⓒ ২৪ আশ্বিন, ১৪২৮ ⓓ ২৬ আশ্বিন, ১৪২৮

ব্যাখ্যা ১০ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দের শুক্রবারে বাংলা সনের তারিখ ছিল ২৬ ভাদ্র, ১৪২৮।

উত্তর

৬৫ b	৬৬ b
৬৭ d	৬৮ d
৬৯ a	৭০ c
৭১ b	৭২ b
৭৩ b	৭৪ b
৭৫ a	৭৬ a
৭৭ a	৭৮ a
৭৯ c	৮০ b

বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (BEPZA)-এর সহকারী ব্যবস্থাপক ২০২১

পরীক্ষার তারিখ : ০২.০৪.২০২১; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০

[Answer all the question by filling the OMR sheets using black ballpoint pen. For each wrong question answered 0.25 marks will be deducted]

01. 'রসিক নায়ক/ গুনীগণ তোষক/ শ্রীযুত মাগন দাতা' এই কবিতা চরণ কার রচনা?
ⓐ ফকির লালন ⓑ আলাওল
ⓒ কাজী নজরুল ইসলাম ⓓ পবন দাস বাউল

ব্যাখ্যা প্রশ্নোক্ত কবিতার চরণটি কবি আলাওলের 'পদ্মাবতী' (১৬৪৮) কাব্যগ্রন্থের 'জীবন-তত্ত্ব' অংশের শেষ চরণ। আলাওল 'পদ্মাবতী' কাব্যগ্রন্থটি কবি মালিক মুহম্মদ জায়সির হিন্দিকাব্য 'পদ্মাবৎ' অবলম্বনে রচনা করেন। এছাড়াও তিনি 'সয়ফুলমূলক বদিউজ্জামাল', 'হপ্তপয়কর', 'সিকান্দরনামা', 'তোহফা', 'রাগতালনামা' কাব্য রচনা করেন।

02. 'ইউসুফ জোলেখা' কাব্য রচনা করেন কে?
ⓐ গিয়াস উদ্দিন ⓑ ফকির গরীবুল্লাহ
ⓒ সৈয়দ হামজা ⓓ শাহ সগীর

ব্যাখ্যা বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবি শাহ মুহম্মদ সগীর। তার রচিত 'ইউসুফ জোলেখা' বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক প্রণয়োপাখ্যান। তিনি এ কাব্য রচনা করেন গৌড়ের সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের আমলে। ফকির গরীবুল্লাহ পুঁথি সাহিত্যের প্রথম সার্থক ও জনপ্রিয় কবি। তার রচিত বিখ্যাত কাব্য 'জঙ্গনামা'। সৈয়দ সুলতানের শ্রেষ্ঠ কাব্য 'নবীবংশ'।

03. 'Prothesis'-এর বাংলা প্রতিশব্দ কোনটি?
ⓐ অন্ত্য স্বরাগম ⓑ অপিনিহিতি
ⓒ আদি স্বরাগম ⓓ অসমীকরণ

ব্যাখ্যা Prothesis-এর বাংলা প্রতিশব্দ আদি স্বরাগম। অন্যদিকে apothesis – অন্ত্য স্বরাগম, apenthesis– অপিনিহিতি ও dissimilation– অসমীকরণ।

04. নিচের কোন গ্রন্থটি অন্যদের থেকে আলাদা?
ⓐ সোনার তরী ⓑ দোলন-চাঁপা
ⓒ মানসী ⓓ শেষের কবিতা

ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস 'শেষের কবিতা' (১৯২৯)। এটি ১৯২৮ সালে 'প্রবাসী' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র- অমিত, লাবণ্য, কেতকী, শোভনলাল। 'সোনার তরী' ও 'মানসী' তার রচিত কাব্যগ্রন্থ। 'দোলন-চাঁপা' কাজী নজরুল ইসলাম রচিত কাব্যগ্রন্থ।

05. 'আমমোক্তার' শব্দে ব্যবহৃত 'আম' কোন বিদেশি উপসর্গ?
ⓐ ফারসি ⓑ ইংরেজি
ⓒ আরবি ⓓ হিন্দি

ব্যাখ্যা বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা— ১. বাংলা (২১টি), ২. তৎসম বা সংস্কৃত (২০টি) ও ৩. বিদেশি উপসর্গ। 'আমমোক্তার' শব্দে 'আম' আরবি উপসর্গ, যা 'সাধারণ' অর্থে ব্যবহৃত হয়েছে। আরও কয়েকটি আরবি উপসর্গ— খাস, লা, গর। ফারসি উপসর্গ— কার্, দর্, না, নিম্, ফি, বদ্, বে, বর্, ব, কম্। ইংরেজি উপসর্গ— ফুল, হাফ, হেড, সাব। উর্দু-হিন্দি উপসর্গ— হর, হরেক।

06. 'কাক ভুশণ্ডি'-এর অর্থ কী?
ⓐ ষড়যন্ত্রকারী ⓑ বেজায় কালো
ⓒ দীর্ঘায়ু ব্যক্তি ⓓ কাক সর্বস্ব

ব্যাখ্যা 'কাক ভুশণ্ডি বাগধারার অর্থ দীর্ঘায়ু ব্যক্তি। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা হলো : কাক ভেজা– সম্পূর্ণ ভেজা, গৌরচন্দ্রিকা — ভূমিকা, জবরজং — এলোমেলো, পত্রপাঠ — তৎক্ষণাৎ, ভুঁইফোঁড় — হঠাৎ আবির্ভূত।

07. কোন বানানটি শুদ্ধ?
ⓐ শুশ্রুষা ⓑ শুশ্রূষা ⓒ সুশ্রুষা ⓓ শুশ্রুষা

ব্যাখ্যা শুদ্ধ বানান শুশ্রূষা; যার অর্থ পরিচর্যা। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান— শাশ্বত, শ্বশুর, আকাঙ্ক্ষা, স্বায়ত্তশাসন, নির্নিমেষ, দুরবস্থা, বিকিরণ, অতিথি, ধূলিসাৎ, অমাবস্যা, সরস্বতী।

08. 'অভিরাম' শব্দের অর্থ কী?
ⓐ সুন্দর ⓑ বিরামহীন
ⓒ বালিশ ⓓ চলন

ব্যাখ্যা সংস্কৃত উপসর্গ 'অভি' যোগে গঠিত শব্দ অভিরাম; যার অর্থ সুন্দর, মনোহর। বিরামহীন অর্থ বিশ্রাম নেই এমন, বিরতিহীন। বালিশ অর্থ উপাধান। চলন অর্থ গমন, ভ্রমণ।

09. 'Hand out'-এর শুদ্ধ বাংলা পরিভাষা হলো —
ⓐ তথ্যপত্র ⓑ প্রচার পত্র
ⓒ হস্তলিখিত পত্র ⓓ জ্ঞাপন পত্র

ব্যাখ্যা Hand out-এর পরিভাষা জ্ঞাপন পত্র। Hand-bill-এর পরিভাষা প্রচার পত্র।

10. 'গির্জা' কোন ভাষার অন্তর্গত শব্দ?
ⓐ পর্তুগিজ ⓑ ফারসি
ⓒ তুর্কি ⓓ আরবি

ব্যাখ্যা 'গির্জা' পর্তুগিজ ভাষার শব্দ। পর্তুগিজ ভাষার আরও কয়েকটি শব্দ — আনারস, আলপিন, চাবি, পাউরুটি, আলকাতরা, বোতাম, পেয়ারা, তামাক, টুপি, জানালা, ইস্পাত। ফারসি শব্দ — নামাজ, রোজা, নালিশ, রসদ, চশমা, নমুনা, হাঙ্গামা। তুর্কি শব্দ — উজবুক, কুর্নিশ, কুলি, বাবা, লাশ, সওগাত, মুচলেকা, তালাশ। আরবি শব্দ — জান্নাত, জাহান্নাম, হজ, আদালত, কলম, উকিল, মহকুমা, রায়।

উত্তর

01 b	02 d
03 c	04 d
05 c	06 c
07 b	08 a
09 d	10 a

CamScanner

11. Plagiarism-এর বাংলা প্রতিশব্দ কোনটি?
ⓐ বেতনবৃত্তি ⓑ প্রত্যক্ষবৃত্তি
ⓒ জলৌকাবৃত্তি ⓓ কুক্ষিলকবৃত্তি
ব্যাখ্যা অন্য কোনো ব্যক্তির মস্তিষ্কপ্রসূত ধারণা, বক্তব্য, কিংবা কাজ বা লেখা (চুরি করে) নিজের নামে চালিয়ে দেয়াকে Plagiarism বা 'কুক্ষিলকবৃত্তি' বলে।

12. নিচের কোনটি ভাববাচক বিশেষ্য?
ⓐ মাটি ⓑ হিমালয়
ⓒ সৌরভ ⓓ দর্শন
ব্যাখ্যা যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যেমন— দর্শন (দেখার কাজ), গমন, ভোজন, শয়ন, দেখা, শোনা ইত্যাদি। অন্যদিকে মাটি — বস্তু বা দ্রব্যবাচক বিশেষ্য, হিমালয় — সংজ্ঞা বা নামবাচক বিশেষ্য ও সৌরভ— গুণবাচক বিশেষ্য।

13. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধিবিচ্ছেদ?
ⓐ উৎ + স্থাপন = উত্থাপন ⓑ কৃষ্ + তি = কৃষ্টি
ⓒ তদ্ + কাল = তৎকাল ⓓ তৎ + কর = তস্কর
ব্যাখ্যা কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমন- তৎ + কর = তস্কর, কুল + অটা = কুলটা, গো + অক্ষ = গবাক্ষ, পর্ + পর = পরস্পর, মনস্ + ঈষা = মনীষা, ষট্ + দশ = ষোড়শ, এক + দশ = একাদশ, আ + চর্য = আশ্চর্য, প্র + উঢ় = প্রৌঢ়, বৃহৎ + পতি = বৃহস্পতি।

14. নিচের কোনটি অলুক দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
ⓐ দেশে-বিদেশে ⓑ মাতাপিতা
ⓒ নরাধম ⓓ ধোয়ামোছা
ব্যাখ্যা যে দ্বন্দ্ব সমাসে কোনো সমস্যমান পদের বিভক্তি লোপ হয় না, তাকে অলুক দ্বন্দ্ব সমাস বলে। যেমন— দেশে-বিদেশে, জলে-স্থলে, দুধে-ভাতে, হাতে-কলমে ইত্যাদি। মাতা ও পিতা = মাতাপিতা মিলনার্থক দ্বন্দ্ব সমাস। অধম যে নর = নরাধম, আগে ধোয়া পরে মোছা = ধোয়ামোছা কর্মধারয় সমাস।

15. নিচের কোন শব্দে স্বভাবগত নিয়মে 'ষ' বসেছে?
ⓐ কৃষক ⓑ ঋষি
ⓒ ষড়ঋতু ⓓ কাষ্ঠ
ব্যাখ্যা তৎসম শব্দের বানানে ষ-এর ব্যবহারের নিয়মকে ষত্ব বিধান বলে। ষত্ব বিধি অনুসারে ঋ এবং ঋ-কারের পর 'ষ' হয়। যেমন— কৃষক, ঋষি, উৎকৃষ্ট, দৃষ্টি, সৃষ্টি ইত্যাদি। ট-বর্গীয় ধ্বনির সঙ্গে 'ষ' যুক্ত হয়। যেমন— কাষ্ঠ, কষ্ট, স্পষ্ট, নষ্ট, ওষ্ঠ ইত্যাদি। তবে কতগুলো শব্দে স্বভাবতই 'ষ' হয়। যেমন— ষড়ঋতু, আষাঢ়, ভাষণ, উষা, পৌষ, মানুষ, ষড়যন্ত্র, ঔষধ, ছেষ, কোষ, ভাষা, পাষাণ, কলুষ, রোষ, ভূষণ ইত্যাদি।

16. 'April is the cruellest month' is written by—
ⓐ W. B. Yeats ⓑ T. S. Eliot
ⓒ Robert Frost ⓓ Auden
ব্যাখ্যা T. S. Eliot-এর পুরো নাম Thomas Stearns Eliot। তিনি আমেরিকায় জন্মগ্রহণ করেন কিন্তু ইংল্যান্ডে স্থায়ী হন। তার বিখ্যাত কবিতা The Waste Land-এর জন্য ১৯৪৮ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। এই কবিতার প্রথম কয়েকটি লাইন হলো—
'April is the cruellest month, breeding
Lilacs out of the dead land, mixing
Memory and desire, stirring
Dull roots with spring rain.'

17. 'Love and Friendship' is written by—
ⓐ Francis Bacon ⓑ Jane Austen
ⓒ Jonathan Swift ⓓ Charles Dickens
ব্যাখ্যা Jane Austen (1775-1817) ছিলেন একজন ব্রিটিশ ঔপন্যাসিক। তিনি রোমান্টিক যুগের লেখক হয়েও রোমান্টিক ছিলেন না। 'Love and Friendship' তার একটি বিখ্যাত গল্প, যা তিনি চৌদ্দ বছর বয়সে রচনা করেন। তার বিখ্যাত উপন্যাসগুলো হলো Sense and Sensibility (1811), Pride and Prejudice (1813), Mansfield Park (1814), Emma (1816), Northanger Abbey (1818) and Persuasion (1818)।

18. Love for the whole world is called—
ⓐ misogyny ⓑ benevolence
ⓒ misanthropy ⓓ philanthropy
ব্যাখ্যা পুরো বিশ্বের জন্য মঙ্গলকামনা বা ভালোবাসা হলো philanthropy, নারী-বিদ্বেষ হলো misogyny, মানব-বিদ্বেষ হলো misanthropy আর দানশীলতা বা বদান্যতা হলো benevolence।

19. The people who carry a coffin at funeral are called—
ⓐ undertakers ⓑ supporters
ⓒ pallbearers ⓓ mourners
ব্যাখ্যা যে ব্যক্তি অন্ত্যেষ্টিক্রিয়াকালে শবযান বহন করে তাকে pallbearer বলে। অন্যদিকে undertaker হলো যিনি মৃতদেহ সৎকারের ব্যবস্থা করেন। Supporter অর্থ সমর্থক এবং mourner অর্থ বিলাপকারী, শোকাহত ব্যক্তি।

20. The word 'electorate' means—
ⓐ Election office ⓑ A body of voters
ⓒ Election procedure ⓓ Polling agent
ব্যাখ্যা কোনো একটি দেশের বা এলাকার ঐ নাগরিকদের electorate বলে যারা ভোট দান বা প্রার্থী নির্বাচনের ক্ষমতা রাখে।

উত্তর

11	d
12	d
13	d
14	a
15	c
16	b
17	b
18	d
19	c
20	b

21. Select the meaning of the word 'Stagflation'.
ⓐ Controlled prices ⓑ A deteriorating governance
ⓒ Cultural dullness ⓓ Economic slow down
ব্যাখ্যা মূল্যস্ফীতি বা বেকারত্বের কারণে দেশের অর্থনৈতিক স্থবিরতা তৈরি হলে সেই অবস্থাকে stagflation বলে।

22. One who retires from society to live a solitary life is known as :
ⓐ Recluse ⓑ Teetotaler
ⓒ Iconoclast ⓓ Epicure
ব্যাখ্যা যে ব্যক্তি নির্জনে বসবাসের জন্য সমাজ ত্যাগ করে তিনি Recluse, যে ব্যক্তি কখনোই অ্যালকোহল পান করে না তাকে বলা হয় Teetotaler, একজন ব্যক্তি যিনি পুরতান বিশ্বাসে আঘাত হানে তাকে বলা হয় Iconoclast এবং সুস্বাদু খাবার ও পানীয়তে আসক্ত ব্যক্তিকে বলা হয় Epicure।

23. We should always be grateful to one who has suffered for a great cause. Find the substitute word for underlined words.
ⓐ Fanatic ⓑ Martyr
ⓒ Devotee ⓓ Patriot
ব্যাখ্যা একজন ব্যক্তি যিনি কোনো বিশ্বাস, নীতি বা কোনো কারণে দুঃখ ভোগ করেন বা মৃত্যুবরণ করেন তাকে Martyr বলা হয়। ধর্মান্ধ বা অতিশয় অনুরক্ত ব্যক্তিকে Fanatic বলে। কোনো ব্যক্তি ধর্ম বা ভালো কিছুর দিকে অনুরক্ত হলে তাকে বলে Devotee এবং দেশপ্রেমিককে বলা হয় Patriot।

24. 'To meet trouble halfway' means :
ⓐ to get nervous ⓑ to be puzzled
ⓒ to be disappointed ⓓ to bear up
ব্যাখ্যা 'To meet trouble halfway' phraseটির অর্থ to bee puzzled— হতবুদ্ধি হওয়া।

25. People who assume that no evil can befall them are foolishly.
ⓐ ardent ⓑ confident
ⓒ apprehensive ⓓ complacent
ব্যাখ্যা বোকার মতো আত্মতুষ্টিতে ভোগা এবং চিন্তা করা যে কোনো ক্ষতি হবে না এরকম অবস্থাকে বলা হয় complacent।

26. 'Conduit' is nearest meaning to—
ⓐ Water tape ⓑ Pipe
ⓒ Electrical cable
ⓓ Moisture on windows puns
ব্যাখ্যা Conduit (জল নির্গমনের প্রণালী/ টিউব)-এর সমার্থক শব্দ pipe (নল)।

27. The word 'imbibe' means—
ⓐ to tinge ⓑ to drink
ⓒ to acquire ⓓ to learn
ব্যাখ্যা Imbibe (পান করা)-এর অর্থ to drink— পান করা। অপরদিকে to linge অর্থ ঈষৎ রঞ্জিত করা, acquire অর্থ অর্জন করা এবং to learn অর্থ জ্ঞানার্জন করা।

28. 'To have an axe to grind' means—
ⓐ A selfish means to serve
ⓑ To fail to arouse interest
ⓒ To have no result
ⓓ To work for both sides
ব্যাখ্যা 'To have an axe to grind' phraseটি অর্থ নিজের স্বার্থে কাজ করা বা সেবা দেয়া। Phrase টির সঠিক উত্তর অপশন (a)-তে রয়েছে।

29. A Machiavellian character is :
ⓐ An honest person ⓑ Scheming person
ⓒ An adventurous person ⓓ A learned person
ব্যাখ্যা Niccolo Machiavelli ছিলেন একজন ইতালিয়ান philosopher। তার মতে, বৈধ হোক আর অবৈধ হোক যেকোনো ফন্দিতে ক্ষমতায় যাওয়া হলো মূল কথা। সেজন্য Machiavellian character দ্বারা ফন্দিবাজ, ধান্দাবাজ লোককে বুঝায়। অপশন (b)-তে scheming person দ্বারা ফন্দিবাজ লোক বুঝাচ্ছে।

30. 'Invidious' is opposite to—
ⓐ Offensive ⓑ Hateful
ⓒ Envious ⓓ Charitable
ব্যাখ্যা Invidious দ্বারা বাস্তব বা কাল্পনিক এমন কোনো অবস্থা বুঝায়, যা রাগের বা ক্ষোভের জন্ম দেয়। এর বিপরীত শব্দ charitable (দাতব্য, ক্ষমাশীল, বদান্য ইত্যাদি)। অন্যদিকে offensive অর্থ আক্রমণাত্মক, অপরাধমূলক, hateful অর্থ ঘৃণ্য এবং envious অর্থ পরশ্রীকাতর।

31. Who is the founder of electric cars manufacturing company 'Tesla'?
ⓐ Bill Gates ⓑ Larry Page
ⓒ Elon Musk ⓓ Jeff Bezos
ব্যাখ্যা এলন মাস্ক কর্তৃক প্রতিষ্ঠিত টেসলা ইনকর্পোরেশন একটি আমেরিকান বৈদ্যুতিক যান এবং ক্লিন এনার্জিভিত্তিক পণ্য নির্মাতা সংস্থা। এছাড়া 'স্পেসএক্স' নামক মার্কিন মহাকাশযান প্রস্তুতকারক সংস্থার প্রতিষ্ঠাতা ও সিইও হলেন এলন মাস্ক।

32. The 2020 Olympic are now postponed to 2021. These games will be hosted in—
ⓐ Beijing ⓑ Tokyo
ⓒ London ⓓ Moscow

উত্তর

21	d
22	a
23	b
24	b
25	d
26	b
27	b
28	a
29	b
30	d
31	c
32	b

CamScanner

ব্যাখ্যা বিশ্ব অলিম্পিকের ৩২তম আসর ২৪ জুলাই-৯ আগস্ট ২০২০ জাপানের টোকিওতে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও বিশ্বজুড়ে করোনা সংকটের কারণে তা স্থগিত হয়ে যায়। পরিবর্তিত সময় অনুযায়ী 'টোকিও-২০২০' নামে জাপানের টোকিওতে অনুষ্ঠিত হয় ২৩ জুলাই-৮ আগস্ট ২০২১।

33. Bangabandhu's historic speech on March 7 has been included in which schedule of the constitution?
ⓐ Fourth Schedule ⓑ Fifth Schedule
ⓒ Sixth Schedule ⓓ Seventh Schedule

ব্যাখ্যা বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ সংবিধানের পঞ্চম তফসিলে অন্তর্ভুক্ত করা হয়েছে। উল্লেখ্য, জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা UNESCO ৩০ অক্টোবর ২০১৭ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণকে 'ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ' (বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য) হিসেবে স্বীকৃতি দেয়। ৭ মার্চের ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৪ দফা দাবি পেশ করেন। ভাষণের মূল বক্তব্য ছিল স্বাধীনতা সংগ্রাম তথা মুক্তি সংগ্রামের ঘোষণা।

34. Which amendment to the Constitution of Bangladesh is termed as first distortion of constitution?
ⓐ 5th Amendment ⓑ 4th Amendment
ⓒ 3rd Amendment ⓓ 2nd Amendment

ব্যাখ্যা ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধুকে নৃশংসভাবে হত্যার পর সামরিক শাসক হিসেবে মেজর জেনারেল জিয়াউর রহমান ক্ষমতায় এসে নিজেকে প্রেসিডেন্ট হিসেবে প্রতিষ্ঠিত করেন। এজন্য তিনি ১৯৭৯ সালে সংবিধানে বেশ কিছু সংশোধনী আনেন যা পরবর্তীতে ব্যাপক বিতর্কের জন্ম দেয়। বিশেষ করে পঞ্চম সংশোধনীকে অনেকে First Distortion of Constitution বা সংবিধানের প্রথম বিকৃতি হিসেবে আখ্যায়িত করেন।

35. The geographic location of Bangladesh is on the line of—
ⓐ Trophic of Capricon ⓑ Trophic of Cancer
ⓒ Equator ⓓ Arctic Circle

ব্যাখ্যা ওরিয়েন্টাল ভৌগোলিক অঞ্চলের অন্তর্গত বাংলাদেশের ভৌগোলিক অবস্থান ট্রপিক অব ক্যান্সার বা কর্কটক্রান্তি রেখা এবং ৯০° পূর্ব দ্রাঘিমা রেখায়। 'ট্রপিক অব ক্যান্সার' হলো ২৩.৫° উত্তর অক্ষাংশ। উল্লেখ্য, বাংলাদেশের ফরিদপুর জেলা কর্কটক্রান্তি রেখা ও ৯০° দ্রাঘিমাংশের ছেদবিন্দুতে অবস্থিত। ঢাকার প্রতিপাদ স্থান চিলির নিকট প্রশান্ত মহাসাগরে।

36. The parliamentary system of Bangladesh was re-established through which amendment of the Constitution?
ⓐ Eighth ⓑ Ninth
ⓒ Eleventh ⓓ Twelfth

ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানের দ্বাদশ সংশোধনীর মাধ্যমে সংসদীয় ব্যবস্থা পুনঃপ্রবর্তিত এবং উপ-রাষ্ট্রপতির পদ বিলুপ্ত করা হয়। দ্বাদশ সংশোধনী সংসদে পাশ হয় ৬ আগস্ট ১৯৯১ এবং রাষ্ট্রপতি অনুমোদন দেন ১৮ সেপ্টেম্বর ১৯৯১। উল্লেখ্য, বাংলাদেশের সংবিধানে এ পর্যন্ত ১৭টি সংশোধনী আনা হয়েছে। সর্বশেষ বা ১৭তম সংশোধনী জাতীয় সংসদে পাশ হয় ৮ জুলাই ২০১৮।

37. The World Wide Web (WWW) was invented by:
ⓐ Tim Berners-Lee ⓑ Bob Kahn
ⓒ Steve Jobs ⓓ Bill Gates

ব্যাখ্যা সারা বিশ্বের সকল ওয়েবপেজের সংগ্রহকে World Wide Web সংক্ষেপে www বলে। CERN ল্যাবে সফটওয়্যার প্রকৌশলী থাকা অবস্থায় ১৯৮৯ সালে সর্বপ্রথম তিনি ওয়েবের ধারণা প্রস্তাব করেন। বর্তমানে তিনি World Wide Web Consortium (W3C)-এর ডিরেক্টর পদে আছেন। তিনি World Wide Web Foundation প্রতিষ্ঠা করেন।

38. Which of the following country does not hold veto power in the UN Security Council?
ⓐ China ⓑ France
ⓒ Germany ⓓ Russia

ব্যাখ্যা জার্মানি জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য না হওয়ায় ভেটো ক্ষমতা নেই। ভেটো ক্ষমতাপ্রাপ্ত ৫টি স্থায়ী সদস্য রাষ্ট্র হলো— যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, চীন, রাশিয়া ও ফ্রান্স। উল্লেখ্য, ২৪ অক্টোবর ১৯৪৫ প্রতিষ্ঠিত জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য রাষ্ট্র ১৫টি। তন্মধ্যে ৫টি স্থায়ী আর ১০টি অস্থায়ী সদস্য। নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচিত হয় ২ বছরের জন্য। জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা ১৯৩। সর্বশেষ বা ১৯৩তম সদস্য পদ লাভ করে দক্ষিণ সুদান (১৪ জুলাই ২০১১)।

39. North Atlantic Treaty Organization (NATO) is an international — alliance.
ⓐ geographical ⓑ military
ⓒ economical ⓓ regional

ব্যাখ্যা উত্তর আটলান্টিকের দেশগুলো নিয়ে যুক্তরাষ্ট্রের গড়ে তোলা সামরিক সংগঠন North Atlantic Treaty Organization (NATO) গঠিত হয় ৪ এপ্রিল ১৯৪৯। এর সদর দপ্তর অবস্থিত বেলজিয়ামের ব্রাসেলসে। উল্লেখ্য, ন্যাটোভুক্ত দুটি মুসলিম দেশ আলবেনিয়া ও তুরস্ক। ন্যাটোর বর্তমান সদস্য সংখ্যা ৩০। ২৭ মার্চ ২০২০ সর্বশেষ বা ৩০তম সদস্য পদ লাভ করে উত্তর মেসিডোনিয়া।

উত্তর

33	b
34	a
35	b
36	d
37	a
38	c
39	b

40. How many goals were set in The Sustainable Development 2030 Agenda?
ⓐ 15 ⓑ 16
ⓒ 18 ⓓ 17

ব্যাখ্যা Sustainable Development Goals (SDGs) বা টেকসই উন্নয়ন লক্ষ্য এর আওতায় ১৭টি লক্ষ্য এবং ১৬৯টি সুনির্দিষ্ট উদ্দেশ্য রয়েছে। এটি সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য MDG'র মতো জাতিসংঘ কর্তৃক গৃহীত আরেকটি উন্নয়ন পরিকল্পনা, যা ২০১৫ সালের পর এমডিজি'র স্থলে প্রতিস্থাপিত হয়। ১ জানুয়ারি ২০১৬ থেকে এসডিজি'র বাস্তবায়ন শুরু হয় এবং তা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২০৩০ সাল।

41. The South Pole of the Earth is located in—
ⓐ Norway ⓑ Antarctica
ⓒ Arctic Ocean ⓓ Pacific Ocean

ব্যাখ্যা পৃথিবীর দক্ষিণ ভাগে যে স্থানে পৃথিবীর আহ্নিক গতির অক্ষ ভূপৃষ্ঠকে ছেদ করে, সেই স্থান হলো পৃথিবীর দক্ষিণ মেরু বা কুমেরু। দক্ষিণ মেরু অ্যান্টার্কটিকা মহাদেশে অবস্থিত। এটি পৃথিবীর দক্ষিণতম বিন্দু। এই স্থান পৃথিবীর উত্তর প্রান্তে অবস্থিত উত্তর মেরুর ঠিক বিপরীতে। উত্তর মেরু বা দক্ষিণ মেরু দুটিই হিমশীতল।

42. The Komodo dragon are found in—
ⓐ Indonesia ⓑ Maldives
ⓒ South Africa ⓓ Bhutan

ব্যাখ্যা কোমোডো ড্রাগন (komodo dragon) হলো বিশ্বের সবচেয়ে বড় গুইসাপ, যা ইন্দোনেশিয়ার কোমোডো দ্বীপপুঞ্জ ও জাভা দ্বীপপুঞ্জের পূর্বে পাওয়া যায়। এদের অন্য নাম ভারান। এই প্রাণী ইন্দোনেশিয়ার জাতীয় প্রাণীদের মধ্যে অন্যতম। এর আকার ৩ মিটারের কাছাকাছি লম্বা হয়, ওজন প্রায় ৭০ কিলোগ্রাম পর্যন্ত হয়। এরা আঞ্চলিক পাখি, অমেরুদণ্ডী ও স্তন্যপায়ী প্রাণী আহার হিসেবে গ্রহণ করে থাকে।

43. What is the venue of 10th D-8 summit?
ⓐ Ankara ⓑ Kuala Lampur
ⓒ Dhaka ⓓ Islamabad

ব্যাখ্যা 'পরিবর্তনময় বিশ্বে অংশীদারিত্ব : যুবশক্তি ও প্রযুক্তির প্রস্তুতি' এই প্রতিপাদ্যে ১০ম ডি-৮ সম্মেলন ঢাকায় অনুষ্ঠিত হয় ৫-৮ এপ্রিল ২০২১। সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী দুই বছরের জন্য ডি-৮ এর চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করেন।

44. The headquarter of Transparency International is located in—
ⓐ Berlin ⓑ London
ⓒ Paris ⓓ New York

ব্যাখ্যা দুর্নীতিবিরোধী বেসরকারি আন্তর্জাতিক সংস্থা Transparency International (TI)-এর সদর দপ্তর অবস্থিত জার্মানির বার্লিনে। ১৯৯৩ সালে এটি প্রতিষ্ঠিত হয়। এর প্রতিষ্ঠাতা পিটার ইজেন। উল্লেখ্য, ১৯৯৬ সালে Transparency International Bangladesh (TIB) বাংলাদেশে কার্যক্রম শুরু করে।

45. Which country has currently paused legislation that allows millitary personnel to contest elections?
ⓐ China ⓑ Myanmar
ⓒ Pakistan ⓓ Egypt

ব্যাখ্যা সাধারণ নির্বাচনে সামরিক ব্যক্তিদের অন্তর্ভুক্তির জন্য সম্প্রতি মিয়ানমার সংবিধান স্থগিত করেছে। উল্লেখ্য, মিয়ানমারে সামরিক অভ্যুত্থান সংঘটিত হয় ১ ফেব্রুয়ারি ২০২১। সংবিধানের ৪১৭ অনুচ্ছেদ অনুযায়ী মিয়ানমারে ১ বছরের জন্য জরুরি অবস্থা জারি করা হয়। মিয়ানমারের সামরিক জান্তার প্রধান মিন অং হ্লাইং। লে. জেনারেল মিন্ট সুয়েকে ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট নিয়োগ দেয়া হয়।

46. If $f(x) = 10^x$, then $f^{-1}(x) = ?$
ⓐ e^x ⓑ $\ln x$
ⓒ $\log x$ ⓓ $10e^x$

ব্যাখ্যা দেয়া আছে, $f(x) = 10^x$
ধরি, $y = f(x) = 10^x$
$\Rightarrow \log y = \log 10^x$
$\Rightarrow \log y = x \log 10$
$\Rightarrow x.1 = \log y \ [\because \log 10 = 1]$
$\Rightarrow x = \log y$
$\Rightarrow f^{-1}(y) = \log y \ [\because y = f(x) \Rightarrow x = f^{-1}(y)]$
$\Rightarrow f^{-1}(x) = \log x$
$\therefore f^{-1}(x) = \log x.$

47. Find the value of x if $\log_x 324 = 4$
ⓐ $2\sqrt{3}$ ⓑ $3\sqrt{2}$
ⓒ $\sqrt{6}$ ⓓ 6

ব্যাখ্যা দেয়া আছে, $\log_x 324 = 4$
$\Rightarrow x^4 = 324$
$\Rightarrow x^4 = 81 \times 4$
$\Rightarrow x^4 = 3^4 \times (\sqrt{2})^4$
$\Rightarrow x^4 = (3\sqrt{2})^4$
$\Rightarrow x = 3\sqrt{2}$
$\therefore$ নির্ণেয় মান, $x = 3\sqrt{2}$ (Ans.)

48. If $x + y = 3$ and $x = \frac{2}{y}$, What is the value of $x^3 + y^3$?
ⓐ 19 ⓑ 18
ⓒ 27 ⓓ 9

উত্তর

40	d
41	b
42	a
43	c
44	a
45	b
46	c
47	b
48	d

CamScanner

সমাধান: দেয়া আছে, $x+y=3$

এবং $x=\frac{2}{y}$

$\Rightarrow xy=2$

আমরা জানি,

$x^3+y^3=(x+y)^3-3xy(x+y)$

$=(3)^3-3\times2\times3$

$=27-18$

$=9.$

$\therefore$ নির্ণেয় মান $=9$ ।

48. 50 persons can do a work in 12 day's by working 8 hours a day. Working how many hours per day can 60 persons finish the work in 16 day's?

ⓐ 8 hours ⓑ 6 hours

ⓒ 5 hours ⓓ 4 hours

ব্যাখ্যা

50 জন লোক 12 দিনে কাজটি করতে পারে 8 ঘণ্টায়

$\therefore 1$ " " 1 " " " $=50\times1\times8$ "

$\therefore 60$ " " 16 " " " " $\frac{50\times12\times8}{60\times16}$ "

$=5$ ঘণ্টায়

50. What is the profit of Tk. 650 in 6 years at the rate of profit Tk. 7.5 percent per annum?

ⓐ Tk. 273.50 ⓑ Tk. 292.50

ⓒ Tk. 302.25 ⓓ Tk. 283.50

ব্যাখ্যা এখানে, মূলধন, $p=$ Tk. 650

সময়, $n=6$ years

সুদের হার, $r=7.5\%=\frac{75}{1000}=\frac{3}{40}$

সুদ, $I=?$

আমরা জানি,

$I=pnr$

$\Rightarrow I=650\times6\frac{3}{40}$

$=292.5$ ।

$\therefore$ নির্ণেয় সুদের পরিমাণ $=$ Tk. 292.5 ।

51. If a/b = 1/3, b/c = 2, c/d = 1/2, d/e = 3 and e/f = 1/4, then what is the value of abc/def?

ⓐ 3/8 ⓑ 27/8

ⓒ 3/4 ⓓ 27/4

ব্যাখ্যা দেয়া আছে, $\frac{a}{b}=\frac{1}{3}, \frac{b}{c}=2, \frac{c}{d}=\frac{1}{2}, \frac{d}{e}=3$ এবং $\frac{e}{f}=\frac{1}{4}$

এখন, $\frac{a}{b}\times\frac{b}{c}\times\frac{c}{d}\times\frac{d}{e}\times\frac{e}{f}=\frac{1}{3}\times2\times\frac{1}{2}\times3\times\frac{1}{4}$

$\Rightarrow \frac{a}{f}=\frac{1}{4}$ ..... (1)

আবার,

$\frac{b}{c}\times\frac{c}{d}=2\times\frac{1}{2}$

$\Rightarrow \frac{b}{d}=1$ ..... (2)

এবং $\frac{c}{d}\times\frac{d}{e}=\frac{1}{2}\times3$

$\Rightarrow \frac{c}{e}=\frac{3}{2}$ .....(3)

(1), (2) ও (3) গুণ করে পাই,

$\frac{a}{f}\times\frac{b}{d}\times\frac{c}{e}=\frac{1}{4}\times1\times\frac{3}{2}$

$\Rightarrow \frac{abc}{def}=\frac{3}{8}$

52. A school has only four classes having 10, 20, 30 and 40 students respectively with pass percentage of 20%, 30%, 60%, and 100% respectively. Find the pass percentage of the entire school.

ⓐ 56% ⓑ 76%

ⓒ 34% ⓓ 66%

ব্যাখ্যা

প্রথম ক্লাসে পাশ করা শিক্ষার্থীর সংখ্যা $=10\times\frac{20}{100}=2$ জন

দ্বিতীয় " " " " " $=20\times\frac{30}{100}=6$ জন

তৃতীয় " " " " " $=30\times\frac{60}{100}=18$ জন

চতুর্থ " " " " " $=40\times\frac{100}{100}=40$ জন

মোট শিক্ষার্থীর সংখ্যা $=10+20+30+40=100$ জন

এবং মোট পাশ করা শিক্ষার্থীর সংখ্যা $=2+6+18+40=66$ জন

$\therefore$ নির্ণেয় পাশ করা শতকরা শিক্ষার্থীর সংখ্যা $=\frac{66}{100}\times100=66\%$ ।

53. What is the value of x in the equation $\log_x\frac{1}{81}=4$

ⓐ 2 ⓑ 1/2

ⓒ 3 ⓓ 1/3

ব্যাখ্যা দেয়া আছে, $\log_x\frac{1}{81}=4$

$\Rightarrow x^4=\frac{1}{81}$

$\Rightarrow x^4=\left(\frac{1}{3}\right)^4$

$\Rightarrow x=\frac{1}{3}$

$\therefore$ নির্ণেয় মান : $x=\frac{1}{3}$

54. If $a^2+b^2=5ab$, then the value of $\frac{a^2}{b^2}+\frac{b^2}{a^2}$ is—

ⓐ 16 ⓑ 23

ⓒ −16 ⓓ −23

ব্যাখ্যা দেয়া আছে, $a^2+b^2=5ab$

$\therefore \frac{a^2}{b^2}+\frac{b^2}{a^2}=\left(\frac{a}{b}+\frac{b}{a}\right)^2-2\frac{a}{b}\cdot\frac{b}{a}$

$=\left(\frac{a^2+b^2}{ab}\right)^2-2$

$=\left(\frac{5ab}{ab}\right)^2-2$

$=(5)^2-2$

$=25-2$

$=23$

সুতরাং নির্ণেয় মান $=23$ ।

55. Two numbers when divided by a certain divisor give remainder 35 and 30 respectively and when their sum is divided by the same divisor, the remainder is 20, then the divisor is :

ⓐ 40 ⓑ 45

ⓒ 50 ⓓ 55

ব্যাখ্যা ধরি, দুটি সংখ্যা x এবং y-কে একটি নির্দিষ্ট সংখ্যা p দ্বারা ভাগ করলে যথাক্রমে 35 এবং 30 ভাগশেষ পাওয়া যাবে।

$\therefore x=pa+35$ এবং $y=pb+30$

যেখানে a ও b হলো ভাগফল।

এখন,

$x+y=pa+35+pb+30$

$=p(a+b)+65$

প্রশ্নমতে, $p+20=65$

$\Rightarrow p=65-20=45.$

$\therefore$ নির্ণেয় ভাগশেষ $=45.$

56. Two dice are thrown simultaneously. What is the probability of getting the sum of the face number is odd?

ⓐ 1/2 ⓑ 2/3

ⓒ 3/4 ⓓ 1/3

ব্যাখ্যা মোট সম্ভাব্যতা $6\times6=36$

অনুকূল্যে সম্ভাব্যতা $=\{(1,2),(1,4),(1,6),(2,1),(2,3),(2,5),(3,2),(3,4),(3,6),(4,1),(4,3),(4,5),(5,2),(5,4),(5,6),(6,1),(6,3),(6,5)\}$

$=18$

$\therefore$ নির্ণেয় সম্ভাব্যতা $=\frac{18}{36}=\frac{1}{2}$ ।

57. If the square of the sum of two numbers is equal to 4 times of their product. Then the ratio of these numbers is :

ⓐ 2:1 ⓑ 1:3

ⓒ 1:1 ⓓ 1:2

ব্যাখ্যা ধরি, সংখ্যা দুটি হলো a এবং b ।

প্রশ্নমতে, $(a+b)^2=4ab$

$\Rightarrow a^2+2ab+b^2=4ab$

$\Rightarrow a^2+2ab+b^2-4ab=0$

$\Rightarrow a^2-2ab+b^2=0$

$\Rightarrow (a-b)^2=0$

$\Rightarrow a-b=0$

$\Rightarrow a=b$

$\Rightarrow \frac{a}{b}=\frac{1}{1}$

$\therefore$ নির্ণেয় অনুপাত $=1:1$

58. If the land of the isosceles triangle is 16 m and the other two sides are 10 m each, what is the area of the triangle?

ⓐ $36m^2$ ⓑ $42m^2$

ⓒ $48m^2$ ⓓ $50m^2$

ব্যাখ্যা

ধরি, সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য, $a=10m$

এবং " " " ভূমির দৈর্ঘ্য, $b=16m$

আমরা জানি,

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $=\frac{1}{2}\times b\times\sqrt{a^2-\frac{b^2}{4}}$

$=\frac{1}{2}16\sqrt{(10)^2-\frac{(16)^2}{4}}$

$=8\sqrt{100-\frac{256}{4}}$

$=8\sqrt{100-64}$

$=8\times\sqrt{36}$

$=8\times6$

$=48$

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $=48\ m^2$ ।

59. The line perpendicular to the tangent line is called—

ⓐ normal line ⓑ secant line

ⓒ limit ⓓ derivative

ব্যাখ্যা The line perpendicular to the tangent line is called the normal line. অর্থাৎ স্পর্শক রেখার উপর লম্ব রেখাকে অভিলম্ব বলা হয়।

60. If $\sin x=\frac{3}{4}$, then $\cos x=$?

ⓐ $\frac{2}{3}$ ⓑ $\frac{\sqrt{2}}{3}$

ⓒ $\frac{\sqrt{7}}{4}$ ⓓ $\frac{1}{2}$

উত্তর

49	c
50	b
51	a
52	d
53	d
54	b
55	b
56	a
57	c
58	c
59	a
60	c

CamScanner

ব্যাখ্যা দেয়া আছে, $\sin x = \frac{3}{4}$

আমরা জানি, $\sin^2 x + \cos^2 x = 1$

$\Rightarrow \left(\frac{3}{4}\right)^2 + \cos^2 x = 1$

$\Rightarrow \cos^2 x = 1 - \frac{9}{16}$

$\Rightarrow \cos^2 x = \frac{16-9}{16}$

$\Rightarrow \cos^2 x = \frac{7}{16}$

$\Rightarrow \cos x = \frac{\sqrt{7}}{4}$.

$\therefore$ নির্ণেয় মান $= \frac{\sqrt{7}}{4}$ ।

61. Which one of the following is a predecessor of EPZ?
ⓐ FTZ ⓑ Economic Zone
ⓒ SEZ ⓓ EOD

ব্যাখ্যা Special Economic Zone (SEZ) হলো Export Processing Zone (EPZ)-এর পূর্বসূরি। ১৯৮৩ সালে বাংলাদেশে EPZ-এর কার্যক্রম শুরু হয়। বাংলাদেশে সরকারি ও বেসরকারি ইপিজেডের সংখ্যা যথাক্রমে ৮টি ও ২টি। বাংলাদেশের প্রথম সরকারি ইপিজেড হলো চট্টগ্রাম ইপিজেড।

62. In which year the first EPZ of modern era was established?
ⓐ 1930 ⓑ 1934
ⓒ 1965 ⓓ 1970

ব্যাখ্যা ১৯৩০ সালে আধুনিক যুগের প্রথম Export Processing Zone (EPZ)-প্রতিষ্ঠিত হয়েছিল। আধুনিক যুগের প্রথম রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) প্রতিষ্ঠিত হয়েছিল মার্কিন যুক্তরাষ্ট্রে।

63. — is used to control all the parts of a manufacturing process?
ⓐ ATM ⓑ CAM
ⓒ CAD ⓓ MICR

64. Which of the following keyboard shortcuts is used to change the case?
ⓐ Ctrl + F3 ⓑ Alt + F3
ⓒ Shift + F3 ⓓ Ctrl + Shift + F3

ব্যাখ্যা MS word-এ Shift + F3 শর্টকাটের মাধ্যমে case পরিবর্তন করা হয়। অপরদিকে MS Excel-এ shift + F3 দ্বারা এক্সেলের ফর্মুলা উইন্ডো প্রদর্শন করা হয়।

65. Analog signal is measured in :
ⓐ Volt ⓑ Henz
ⓒ Digits ⓓ WATTS

ব্যাখ্যা Singnal দুই ধরনের হয়ে থাকে। যথা : Analog Signal এবং Digital Signal। Analog Signal পরিমাপ করা হয় Volt-এর মাধ্যমে।

66. The marginal revenue equation can be derived from the :
ⓐ Supply equation ⓑ Demand equation
ⓒ Cost equation ⓓ Price equation

ব্যাখ্যা Demand function তথা inverse demand function থেকে total revenue function এবং marginal revenue function বের করা যায়।

67. Product differentiation is the important features of :
ⓐ Monopoly ⓑ Perfect competition
ⓒ Monopolistic competition ⓓ Monogamy

ব্যাখ্যা একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার (monopolistic competition) বলতে এরূপ বাজার কাঠামোকে বোঝায় যেখানে অসংখ্য ক্রেতা এবং কিছু সংখ্যক বিক্রেতা দ্রব্য পৃথকীকরণের (product differenciation) মাধ্যমে উৎপাদিত সামগ্রী ক্রয়-বিক্রয়ে নিয়োজিত থাকে। এরূপ বাজারে প্রত্যেক বিক্রেতা ট্রেড মার্ক, ব্র্যান্ড নাম, প্যাকেজিং, স্টাইল, আকৃতি, রং, ঘ্রাণ ইত্যাদির পরিবর্তন এনে দ্রব্য পৃথকীকরণ করে থাকে।

68. What is called the process that initiates, guides and maintains goal-oriented behavior?
ⓐ Goal ⓑ Achievement
ⓒ Result ⓓ Motivation

ব্যাখ্যা প্রাতিষ্ঠানিক লক্ষ্যার্জনের জন্য প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীদের কার্যক্ষমতার পূর্ণ ব্যবহারের লক্ষ্যে অনুপ্রাণিত, উৎসাহিত ও প্ররোচিত করার প্রক্রিয়াকে প্রেষণা বলে। মানুষের ইচ্ছা ও আকাঙ্ক্ষাকে প্রভাবিত করে স্বতঃস্ফূর্তভাবে কাজ করার আগ্রহ সৃষ্টি করাই প্রেষণার উদ্দেশ্য। কর্মীদের প্রেষণাদানের লক্ষ্যে মাসলো ও হার্জবার্গ ভিন্ন ভিন্ন তত্ত্ব প্রদান করেন।

69. In — pricing fixed cost are excused.
ⓐ skimming ⓑ going rate
ⓒ administered ⓓ marginal cost

ব্যাখ্যা Full cost pricing-এ fixed cost component অন্তর্ভুক্ত করা হলেও marginal cost pricing-এর ক্ষেত্রে অন্তর্ভুক্ত করা হয় না। Marginal cost pricing স্বল্প মেয়াদে উপযোগী।

70. Higher the price of certain luxurious articles, higher will be the demand, this concept is called—
ⓐ Differ effects ⓑ Veblen effects
ⓒ Demonstration ⓓ Both a & c

উত্তর	
61	c
62	a
63	b
64	c
65	a
66	b
67	c
68	d
69	d
70	b

ব্যাখ্যা সাধারণত যখন কোনো দ্রব্য ব্যয়বহুল হয়ে যায় তখন তার চাহিদা হ্রাস পায়। কিন্তু কিছু কিছু বিলাসবহুল দ্রব্যের দাম বেড়ে গেলে চাহিদাও বৃদ্ধি পায়। একে ভেবলেন প্রভাব বলে। যেমন— বিলাসবহুল গাড়ি, ঘড়ি ইত্যাদি।

71. The time lag between indenting and receiving material is called :
ⓐ Lead time ⓑ Idle time
ⓒ Stock cost time ⓓ Cycle time

ব্যাখ্যা সাধারণত পণ্য আমদানি-রপ্তানিতে পণ্য ফরমায়েশ দেয়ার পর পণ্য সরবরাহ এবং পণ্য পৌঁছানোর সময়কে লিড টাইম বা অগ্রজ সময় বলে। এটি উৎপাদন ব্যবস্থাপনার অংশ। লিড টাইম বা অগ্রজ সময় দুই প্রকার। লিড টাইম বা অগ্রজ সময় = আদেশের সময় + সরবরাহের সময় + পৌঁছানোর সময়।

72. In the case of perfect elasticity, the demand curve is :
ⓐ Vertical ⓑ Horizontal
ⓒ Flat ⓓ Steep

ব্যাখ্যা দ্রব্যের দাম স্থির অবস্থায় যদি চাহিদার পরিমাণ পরিবর্তিত হয় তবে তাকে চাহিদার সম্পূর্ণ স্থিতিস্থাপকতা বলা হয়। এক্ষেত্রে চাহিদা রেখা আনুভূমিক হয়। আর সম্পূর্ণ অস্থিতিস্থাপকতার ক্ষেত্রে চাহিদা রেখা উল্লম্ব (খাড়া) হয়।

73. — is the base of marketing planning.
ⓐ Demand ⓑ Demand analysis
ⓒ Demand function ⓓ Demand forecasting

ব্যাখ্যা বাজারজাতকরণ পরিকল্পনার মূলভিত্তি চাহিদা বিশ্লেষণ। বাজার তথ্য ও গবেষণার মাধ্যমে বিপণনকারী পণ্য সামগ্রী উৎপাদন করে ভোক্তার চাহিদা মোতাবেক সরবরাহ নিশ্চিত করে। উদাহরণস্বরূপ, পেপসো গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ভোগ্যপণ্য বাংলাদেশের সর্বত্র চাহিদা রয়েছে। ফলে বাজারজাতকরণ পরিকল্পনার মাধ্যমে বাংলাদেশি ক্রেতাদের চাহিদা অনুসারে তাদের পণ্যগুলো সরবরাহ করা হয়।

74. The architect of the theory of monopolistic competition is :
ⓐ Robertian Radon ⓑ JR. Hicks
ⓒ Karl Marx ⓓ Chamberlain

ব্যাখ্যা একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার তত্ত্বের জনক বলা হয় আমেরিকান অর্থনীতিবিদ এডওয়ার্ড হাস্টিং চেম্বারলিনকে। তার একটি বিখ্যাত গ্রন্থ 'Theory of Monopolistic Competition' যা ১৯৩৩ সালে প্রকাশিত হয়।

75. Iso-cost line indicate the price of :
ⓐ Output ⓑ Input
ⓒ Finished goods ⓓ Raw material

ব্যাখ্যা যে রেখার বিভিন্ন বিন্দু, দুটি উপকরণ বা Input ব্যবহারে উৎপাদনকারীর নিকট সমান ব্যয় নির্দেশ করে তাকে সম খরচ রেখা বা Iso-Cost Line বলে।

76. Cinema, theater, telephone bill etc are following :
ⓐ Full cost pricing ⓑ Marginal cost pricing
ⓒ Differential pricing ⓓ Mark up pricing

ব্যাখ্যা Differential pricing হলো একটি মূল্য নির্ধারণ কৌশল, যাতে কোনো কোম্পানি/প্রতিষ্ঠান গ্রাহকের ধরন, ক্রয়ের সময় ও অর্থ পরিশোধের শর্ত ইত্যাদির ভিত্তিতে একই পণ্যের ভিন্ন ভিন্ন দাম নির্ধারণ করে থাকে। যেমন— সিনেমা দেখা বা টেলিফোন বিলের ক্ষেত্রে প্রথমে উচ্চ মূল্য এবং শেষের দিকে মূল্য কমিয়ে দেয়া।

77. The law of diminishing returns applies more to :
ⓐ agriculture ⓑ industry
ⓒ services ⓓ commerce

ব্যাখ্যা উৎপাদনে ব্যবহৃত অন্যান্য উপকরণ ও কলাকৌশল অপরিবর্তিত রেখে কোনো নির্দিষ্ট পরিমাণ উপকরণ যে হারে বৃদ্ধি করা হয়, মোট উৎপাদন যদি উপকরণ অপেক্ষা কম হারে বৃদ্ধি পায় তবে তাকে ক্রমহ্রাসমান উৎপাদন বিধি বা ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি বলা হয়। এ বিধিটি কৃষিক্ষেত্রে বিশেষভাবে প্রযোজ্য। কেননা কৃষি জমিতে যে হারে শ্রম ও মূলধন বৃদ্ধি করা হয় উৎপাদন তা অপেক্ষা কম হারে বৃদ্ধি পায়।

78. Accounting principles are generally based upon :
ⓐ Practicability ⓑ Subjectivity
ⓒ Convenience in recording
ⓓ Reliability

ব্যাখ্যা হিসাববিজ্ঞান নীতিমালা সাধারণত প্রয়োগ সিদ্ধতা বা ব্যবহারযোগ্যতার উপর নির্ভর করে। হিসাববিজ্ঞান নীতিমালা অনুসরণ করে প্রতিবেদন প্রস্তুত করা হয় বলে ব্যবহারকারীগণ ঐগুলো সাধারণভাবে ব্যবহার করে থাকে। হিসাববিজ্ঞান নীতিমালা সঠিকভাবে ব্যবহার বা প্রয়োগ করে আর্থিক প্রতিবেদন প্রস্তুত করে সম্পদ ও দায় দেখানো হয়।

79. GST stands for :
ⓐ General Systems Tariff
ⓑ General Service Tax
ⓒ Goods & Services Tax
ⓓ General System Topology

ব্যাখ্যা GST-এর পূর্ণরূপ Goods and Services Tax। এটি একটি পরোক্ষ কর, যা পণ্য ও সেবা সরবরাহের ওপর আরোপ করা হয়।

80. WTO is the successor organization of :
ⓐ GATT ⓑ IMF
ⓒ NAFTA ⓓ League of Nations

ব্যাখ্যা General Agreement on Tariffs and Trade (GATT)-এর উত্তরাধিকারী হিসেবে World Trade Organization (WTO) প্রতিষ্ঠিত হয় ১ জানুয়ারি ১৯৯৫। উল্লেখ্য, বিশ্বের বৃহত্তম বাণিজ্যিক জোট হলো বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) এবং এর সদর দপ্তর জেনেভা (সুইজারল্যান্ড)।

উত্তর	
71	a
72	b
73	b
74	d
75	b
76	c
77	a
78	a
79	c
80	a

CamScanner

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA)-এর সহকারী ব্যবস্থাপক ২০২০

পরীক্ষার তারিখ : ২৫.০৯.২০২০; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ৮০ × ১ = ৮০

English (Marks–20)

1. Choose the correct preposition. The table is .... the middle..... the room.
   ⓐ at, of ⓑ in, of
   ⓒ in, at ⓓ into, of

ব্যাখ্যা টেবিলটি কক্ষের মাঝখানে বোঝাতে in (in the middle-মধ্যে) এবং 'এর' (রুমের) বোঝাতে of ব্যবহৃত হয়।

2. Which of the following sentences is correct?
   ⓐ In the accident, a number of passengers were dead.
   ⓑ Everyone were pleased at the party.
   ⓒ The interviewer asked a number of question.
   ⓓ Each of the boys are suffering from corona virus.

ব্যাখ্যা Everyone এবং each থাকায় অপশন b ও d বাক্য দুটিতে plural verb যথাক্রমে 'were' এবং 'are' হবে না। c অপশনে a number of -এর পরে plural noun না থাকায় এটিও ভুল। কিন্তু a অপশনে subject ও verb-এর সঠিক রূপ থাকায় তা যথোপযুক্ত। সুতরাং সঠিক বাক্য In the accident, a number of passengers were dead।

3. Choose the correct synonym of the word : ASTUTE.
   ⓐ Ingenious ⓑ Perceptive
   ⓒ Naive ⓓ Unwise

ব্যাখ্যা Astute (বিচক্ষণ/চতুর/কৌশলী)-এর সমার্থক শব্দ ingenious (প্রতিভাধর), discreet (বিচক্ষণ), talented-(মেধাবী) ইত্যাদি। এছাড়া Perceptive (অনুভবক্ষম)-এর সমার্থক শব্দ sensible, conscious, sentient ইত্যাদি। Naive (সাদাসিধা)-এর সমার্থক শব্দ simple, artless, innocent ইত্যাদি এবং Unwise (অবিচক্ষণ)-এর সমার্থক শব্দ imprudent, injudicious ও audacious।

4. Choose the correct antonym of the word : EPIDEMIC.
   ⓐ Rampant ⓑ Endemic
   ⓒ Prevalent ⓓ Limited

ব্যাখ্যা Epidemic অর্থ মহামারি, বিস্তৃত অঞ্চলে একই সময়ে ছড়িয়ে পড়া সংক্রামক রোগে ব্যাপক প্রাণহানি। এর বিপরীত শব্দ endemic (নির্দিষ্ট এলাকায় সংক্রমিত রোগ, স্থানীয় রোগ, জাতিগত রোগ)। অন্যদিকে, rampant অর্থ ব্যাপক, প্রচণ্ড, বাধাহীন। Prevalent অর্থ নির্দিষ্ট সময়ে/স্থানে/দলে বিরাজমান, প্রচলন। Limited অর্থ সীমিত, সীমাবদ্ধ।

5. Choose the correct conversion into simple form of the sentence : Corona virus has attacked the world, Bangladesh has maintained a high growth rate of its economy.
   ⓐ Though Corona virus has attacked the world, Bangladesh has maintained a high economic growth rate.
   ⓑ Since Corona virus has attacked the world, Bangladesh has maintained a high economic growth rate.
   ⓒ Corona virus has attacked the world and Bangladesh has maintained a high economic growth rate.
   ⓓ In spite of Corona virus attack in the world, Bangladesh has maintained a high economic growth rate.

ব্যাখ্যা বাক্যে একটি মাত্র finite verb থাকলে তাকে simple sentence বলে। অপশনের চতুর্থ বাক্যটিতে একটিমাত্র finite verb থাকায় এটি simple sentence। এছাড়া প্রথম তিনটি বাক্যে complex sentence-এর though, since এবং compound sentence-এর and, or, but, as well as clause marker আছে তাই এগুলো সরল বাক্য নয়।

6. Choose the correct tag question of the sentence : Zahara knows how to swim, ...?
   ⓐ don't she ⓑ does she
   ⓒ doesn't she ⓓ do she

ব্যাখ্যা Tag questions-এর নিয়ম অনুযায়ী main clause হ্যাঁ-বোধক হলে না-বোধক এবং না-বোধক হলে হ্যাঁ-বোধক হয়। Main clause-এ helping verb না থাকলে tag করতে do, does ও did বসাতে হয়। এছাড়া tag question-এর শেষে main clause-এর subject-এর subjective pronoun হয়। সুতরাং doesn't she-ই সঠিক tag question।

7. Choose the correct translation of the proverb : চোরে চোরে মাসতুতো ভাই।
   ⓐ Two thieves are cousins.
   ⓑ Birds of the same feather flock together.
   ⓒ Morning shows the day.
   ⓓ Better late than never.

ব্যাখ্যা 'চোরে চোরে মাসতুতো ভাই' প্রবাদটির সঠিক অনুবাদ– Birds of the same feather flock together; Morning shows the day– উঠতি মূলো পত্তনেই চেনা যায়; Better late than never– একেবারে না হওয়ার চেয়ে দেরিতে হওয়াও ভালো। Two thieves are cousins বাক্যটি প্রবাদ বাক্য নয়।

উত্তর

English	
1	b
2	a
3	a
4	b
5	d
6	c
7	b

8. He loves himself. The underlined word is :
   ⓐ Personal pronoun ⓑ Relative pronoun
   ⓒ Demonstrative pronoun
   ⓓ Reflexive pronoun

ব্যাখ্যা প্রদত্ত বাক্যের himself হলো Reflexive pronoun। বাক্যটির Personal pronoun 'he'-এর object form 'him'-এর সঙ্গে self যুক্ত হয়ে subject এবং object একই ব্যক্তিকে নির্দেশ করায় 'himself' Reflexive pronoun।

9. Choose the correct words to complete the sentence. ..... in the field is feeling sick.
   ⓐ One of the player ⓑ One of the players
   ⓒ Most of the players ⓓ Most of the player

ব্যাখ্যা বাক্যটিতে singular verb (is) ব্যবহৃত হয়েছে, তাই 'one of' দিয়ে শুরু বাক্যে singular verb হয় কিন্তু 'one of'-এর পর noun-টি plural হয়। তাই (a)-তে 'player' থাকায় এটি ভুল। অন্যদিকে 'most of' দিয়ে শুরু বাক্যে 'most of'-এর পর noun countable হলে তা plural এবং verb ও plural হয়। তাই (c) এবং (d) ভুল। উল্লিখিত নিয়মে সঠিক উত্তর (b)।

10. The appropriate plural form of the word : STRATUM is—
    ⓐ Startles ⓑ Stratames
    ⓒ Strata ⓓ Stratumies

ব্যাখ্যা Stratum (layer-স্তর, tier-ধাপ) হলো singular number। এর plural number হলো strata।

11. Choose the correct sentence :
    ⓐ My friend is going to buy some new furniture.
    ⓑ My friend has got brown eye.
    ⓒ She has got short black hairs.
    ⓓ He is going to buy some new chair.

ব্যাখ্যা 'Eye' countable noun এবং মানুষের চোখ দুটি। তাই eyes হবে eye নয়। তাই (b) ভুল। 'Hair' একটি non-countable noun। তাই এর সাথে s/es হতে পারে না। অর্থাৎ plural হবে না। তাই (c) ভুল। (d)-তে some-এর পর singular countable noun (chair) ব্যবহৃত হয়েছে; কিন্তু some-এর পর plural countable noun হয়। তাই (d) ভুল। Some-এর পর non-countable noun ব্যবহৃত হয়। তাই সঠিক উত্তর (a)।

12. Antonym of RECONDITE is—
    ⓐ Hermetic ⓑ Manifest
    ⓒ Pedantic ⓓ Occult

ব্যাখ্যা Recondite (দুর্বোধ্য, গুপ্ত, নিগূঢ়) এর বিপরীত শব্দ manifest (সুস্পষ্ট, প্রতিভাত, স্পষ্টত প্রতীয়মান)। এ ছাড়া hermetic– রুদ্ধ, বন্ধ; pedantic– পোঁড়া, পাণ্ডিত্যাভিমানী এবং occult– গুপ্ত, লুক্কায়িত।

13. What is the correct meaning of the underlined word in the sentence? How are you getting on in your new job.
    ⓐ reaching ⓑ completing
    ⓒ managing ⓓ arriving

ব্যাখ্যা Getting on (চালিয়ে যাওয়া) বলতে managing (চালিয়ে যাওয়া) বোঝানো হচ্ছে। নতুন চাকরিতে deal বা manage করা বোঝাতে উপর্যুক্ত বাক্যটিতে getting on-এর পরিবর্তে managing বসবে। অন্যদিকে– completing– সম্পন্ন করা, arriving–পৌঁছা।

14. Choose the appropriate pair of words to fill in the blank : Though it's difficult to cross the river, don't.....
    ⓐ break down ⓑ wash up
    ⓒ give up ⓓ put out

ব্যাখ্যা প্রদত্ত বাক্যের অর্থ অনুযায়ী শূন্যস্থানে give up (ত্যাগ করা, ছেড়ে দেয়া) বসালে বাক্যটি যথার্থ হয়। 'Give up' বসিয়ে বাক্যটির অর্থ–যদিও নদী অতিক্রম করা কঠিন, তবু আশা ছেড়ে দিও না। এছাড়া break down– ভেঙে পড়া, বিকল হওয়া; wash up– ধোয়া, ধৌত করা; put out– নেভানো, নির্বাপণ করা।

15. The past participle form of the word 'BITE' is—
    ⓐ Bit ⓑ Biten
    ⓒ Beaten ⓓ Bitten

ব্যাখ্যা Bite অর্থ কামড়ানো বা দংশন করা। শব্দটির past ও past participle form যথাক্রমে bit ও bitten। অন্যদিকে beaten, beat (প্রহার করা)-এর past Participle form।

16. Choose the correct form of the verbs in the sentence. If we ... near Cox's Bazar, we would go there more often.
    ⓐ have lived ⓑ had lived
    ⓒ were living ⓓ lived

ব্যাখ্যা Conditional sentence-এর নিয়ম অনুযায়ী if clause simple past tense হয় যদি অপর clause-টির subject-এর পর would + মূল verb বসে। তাই প্রদত্ত বাক্যটির শূন্যস্থানে lived বসবে। কেননা বাক্যের অপর অংশে would + মূল verb 'go' ব্যবহৃত হয়েছে।

17. Choose the sentence with appropriate use of 'some' :
    ⓐ I want to buy some new shoe.
    ⓑ Would you like to buy some apples?
    ⓒ Rana has listened to some music.
    ⓓ He bought some piece of cheese.

উত্তর

8	d
9	b
10	c
11	a
12	b
13	c
14	c
15	d
16	d
17	Note

CamScanner

[Note : Some-এর পর countable noun হলে plural এবং non-countable noun ও ব্যবহার করা হয়। (a) ও (d)-তে 'piece' এবং 'shoe' দুটি singular countable noun, তাই ভুল। সুতরাং সঠিক উত্তর (b) ও (c)।]

18. Which of the following words is correctly spelled?
ⓐ Parlament ⓑ Pairlament
ⓒ Parliament ⓓ Parlaiment

ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক বানানযুক্ত শব্দ parliament। শব্দটির অর্থ সংসদ বা আইনসভা।

19. Choose the correct form of the underlined words : Sabotage came from the French saboter, which means 'to clatter with wooden shoes (sabots)'
ⓐ which means 'to ⓑ which means, 'to
ⓒ that means 'to ⓓ that means, 'to

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটিতে 'which' ব্যবহার করে 'saboter' সম্পর্কে অতিরিক্ত তথ্য প্রদান করছে এবং means-এর পরের বাক্যাংশটুকু দ্বারা পূর্বের শব্দের অর্থ বোঝানোই 'to'-এর পূর্বে উদ্ধৃতি চিহ্ন বসবে। বানান রীতি অনুসারে 'means' ও 'to'-এর মাঝে কোনো কমা (,) বসে না সে হিসেবে অপশন b ও d ভুল।

20. Select the sentence with appropriate form :
ⓐ If Salina had the money, she would buy a fast car.
ⓑ If I know the answer,'I would tell you.
ⓒ If I was you, I would put your jacket on.
ⓓ It would be nice if the weather is better.

ব্যাখ্যা 2nd conditional sentence-এর নিয়মানুযায়ী if clause যদি simple past tense হয়, তবে অপর clause-টির subject-এর পর would + মূল verb বসে।

Mathematics (Marks–20)

21. What is the slope of a line containing the points (1, 13) and (–3, 6) [(1, 13) and (–3, 6) বিন্দুগামী সরলরেখার ঢাল কত?]
ⓐ 0.14 ⓑ 0.57
ⓒ 1.75 ⓓ 1.83

ব্যাখ্যা আমরা জানি,

(x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুতে সরলরেখার ঢাল $= \frac{y_1 - y_2}{x_1 - x_2}$

এখানে, (1, 13) ও (–3, 6) বিন্দুতে সরলরেখার

ঢাল $= \frac{13-6}{1-(-3)}$

$= \frac{7}{4}$

$= 1.75$

22. If a + b + c = 12, a + b = 4, and a + c = 7, what is the value of a^2? [যদি a + b + c = 12, a + b = 4 এবং a + c = 7 হয় তবে a^2 এর মান কত?]
ⓐ 2 ⓑ 1
ⓒ 3/23 ⓓ 2

ব্যাখ্যা দেওয়া আছে,

$a + b + c = 12,\ a + b = 4$

এবং $a + c = 7$

$\therefore a + b + c = 12$

$\Rightarrow 4 + c = 12$

$\Rightarrow c = 12 - 4$

$\therefore c = 8$

আবার, $a + c = 7$

$\Rightarrow a + 8 = 7$

$\Rightarrow a = 7 - 8$

$\therefore a = -1$

অতএব, $a^2 = (-1)^2 = 1$

23. The set of points defined by the equation $x^2 + y^2 + z^2 = 4$ is— [$x^2 + y^2 + z^2 = 4$ দ্বারা নিচের কোনটি বোঝায়?]
ⓐ a point ⓑ a line
ⓒ a circle ⓓ sphere

ব্যাখ্যা এখানে, $x^2 + y^2 + z^2 = 4$ সমীকরণ দ্বারা গোলক (sphere) বুঝায়।

24. Which of the following is an equation whose graph is a set of points equidistant from the points (0, 0) and (6, 0)? [(0, 0) ও (6, 0) বিন্দুদ্বয়ের সমদূরবর্তী সরলরেখার সমীকরণ নিচের কোনটি?]
ⓐ x = 3 ⓑ y = 3
ⓒ x = 3y ⓓ y = 3x

ব্যাখ্যা এখানে, (0, 0) এবং (6, 0) বিন্দুদ্বয়ের মধ্যবিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{0+6}{2}, \frac{0+0}{2}\right)$ বা (3, 0)

সুতরাং $x = 3$ হবে নির্ণেয় সমীকরণ।

25. Which of the following is an is equivalent to a − b ≥ a + b? [নিচের কোনটি a − b ≥ a + b এর সমতাকৃত সমাধান?]
ⓐ a ≤ b ⓑ a ≤ 0
ⓒ b ≤ a ⓓ b ≤ 0

ব্যাখ্যা এখানে,

$a - b \geq a + b$

$\Rightarrow -b - b \geq a - a$

$\Rightarrow -2b \geq 0$

$\therefore b \leq 0$

উত্তর

18	c
19	a
20	a
Math	
21	c
22	b
23	d
24	a
25	d

26. If m and n are in the domain of a function g and g(m) ≥ g(n). Which of the following must be true? [যদি m ও n 'g' ফাংশনের ডোমেইন হয় এবং g(m) ≥ g(n) হয় তবে নিচের কোনটি অবশ্যই সত্য হবে?]
ⓐ mn ≠ 0 ⓑ m > n
ⓒ m < n ⓓ m ≠ n

ব্যাখ্যা m এবং n ডোমেইন হলো g ফাংশনের যা g(m) > g(n) হবে যখন m ≠ n হয়।

সুতরাং উত্তর হবে m ≠ n.

27. If $\log_n 2 = a$ and $\log_n 5 = b$, then $\log_n 50 =$ [যদি $Log_n 2 = a$ এবং $Log_n 5 = b$ হয় তাহলে $Log_n 50 = ?$]
ⓐ a + b ⓑ $a + b^2$ ⓒ ab^2 ⓓ a + 2b

ব্যাখ্যা এখানে, $\log_n 2 = a$ এবং $\log_n 5 = b$

$\therefore \log_n 50$

$= \log_n (2 \times 25)$

$= \log_n 2 + \log_n 25$

$= \log_n 2 + \log_n 5^2$

$= \log_n 2 + 2\log_n 5$

$= a + 2b$

28. In a certain office, the human resources department reports that 60% of the employees in the office commute over an hour on average each day, and that 25% of the those employees, who commute over an hour on average each day commute by train. If an employee at the officer is selected at random, what is the probability that the employee commutes over an hour an average by train? [একটি অফিসের মানবসম্পদ বিভাগের তথ্য অনুসারে 60% চাকরিজীবী প্রতিদিন গড়ে 1 ঘণ্টা ভ্রমণ করেন এবং এর মধ্য থেকে 25% চাকরিজীবী প্রতিদিন ট্রেনে ভ্রমণ করে। দৈবভাবে একজনকে বাছাই করলে ঐ চাকরিজীবীর ট্রেনে ভ্রমণ করার সম্ভাব্যতা কত?]
ⓐ 0.10 ⓑ 0.15 ⓒ 0.20 ⓓ 0.25

ব্যাখ্যা ধরি,

মোট চাকরিজীবী 100 জন


$\therefore$ ট্রেনে ভ্রমণ করেন = 60 এর 25%

= 15

$\therefore$ সম্ভাব্যতা $= \frac{15}{100} = 0.15$

29. To the nearest degree, what is the measure of the second smallest angle in a right triangle with sides 5, 12, and 13%? [একটি সমকোণী ত্রিভুজের তিনটি বাহু যদি 5, 12 এবং 13 হয় তবে দ্বিতীয় ক্ষুদ্রতম কোণ কত হবে?]
ⓐ 23 ⓑ 45 ⓒ 47 ⓓ 67

ব্যাখ্যা এখানে, সমকোণী ত্রিভুজের তিন বাহু যথাক্রমে 5, 12 এবং 13।



দ্বিতীয় সর্বনিম্ন কোণ, $\sin\theta = \frac{12}{13} = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$\Rightarrow \theta = \sin^{-1}\left(\frac{12}{13}\right)$

$= 67.38°$

সুতরাং উত্তর হবে 67°

30. Of the following list of numbers, which has the greatest standard deviation? [নিচের সংখ্যা তালিকাগুলোর মধ্যে কোনটির আদর্শ বিচ্যুতি (standard deviation) সবচেয়ে বেশি?]
ⓐ 1, 2, 3 ⓑ 6, 8, 10 ⓒ 2, 4, 6 ⓓ 4, 7, 10

ব্যাখ্যা এখানে, অপশন অনুযায়ী

4, 7, 10 এর গড় থেকে অন্যান্য সংখ্যাগুলোর ব্যবধান বেশি। তাই 4, 7, 10 সংখ্যাগুলোর Standard deviation সবচেয়ে বেশি।

31. If A is an integer, which of the following cannot be inferred from the statement above? [A যদি একটি পূর্ণ সংখ্যা হয় তবে নিচের কোনটি সত্য হবে না?]
ⓐ If A is a multiple of 5, then A is a multiple of 10
ⓑ If A is not a multiple of 5, then A is not a multiple of 10
ⓒ If A is a multiple of 10 implies that A is a multiple of 5
ⓓ A necessary condition for A to be a multiple of 10 is that A is a multiple of 5

ব্যাখ্যা এখানে, অপশন অনুযায়ী A সংখ্যাটি 5 এর গুণিতক, আবার 10 এরও গুণিতক যা পূর্ণসংখ্যা A এর জন্য সত্য নয়। সুতরাং উত্তর (A)।

32. In how many different orders can 8 different colors of flowers be arranged in a straight line? [8টি বিভিন্ন রঙের ফুলকে একটি সরলরেখায় কতভাবে সাজানো যাবে?]
ⓐ 8 ⓑ 64
ⓒ 40,320 ⓓ 80,640

ব্যাখ্যা 8টি বিভিন্ন রঙের ফুল দিয়ে সাজানো লাইন = $\lfloor 8$

= 40, 320

33. If the height of a right square pyramid is increased by 12%, by what percent must the side of the base be increased, so that the volume of the pyramid is increased by 28%? [বর্গভিত্তিবিশিষ্ট একটি পিরামিডের উচ্চতা যদি 12% বৃদ্ধি করা হয়, তাহলে এর ভূমি কত শতাংশ বৃদ্ধি পাবে যেখানে এর আয়তন 28% বৃদ্ধি পায়?]
ⓐ 3% ⓑ 7% ⓒ 10% ⓓ 36%

উত্তর

26	d
27	d
28	b
29	d
30	d
31	a
32	c
33	b

CamScanner

ব্যাখ্যা আমরা জানি,
পিরামিডের ভূমি (base) বর্গাকৃতি।

$$\therefore \frac{\frac{1}{3}\times base_2 \times h_2}{\frac{1}{3}\times base_1 \times h_1} = \frac{128}{100}$$

$$\Rightarrow \frac{base_2 \times 1.12h_1}{base_1 \times h_1} = \frac{128}{100}$$

$$\Rightarrow \frac{base_2}{base_1} = \frac{128}{100\times 1.12}$$

$$\Rightarrow \frac{x_2^2}{x_1^2} = \frac{128}{112}$$ [x_1, x_2 হলো বর্গাকৃতি ভূমি (base)]

$$\Rightarrow \frac{x_2}{x_1} = \sqrt{\frac{128}{112}} = 1.069$$

$\Rightarrow x_2 = 100\times 1.07$ [$x_1 = 100$]

$\therefore x^2 = 107$

সুতরাং ভূমি (base) বৃদ্ধি পায় $= (107-100)\% = 7\%$

34. If the second term in an arithmetic sequence is 4, and the tenth term is 15,what is the first term in the sequence? [একটি সমান্তর ধারার দ্বিতীয় পদ 4 এবং দশম পদ 15 হলে ধারাটির প্রথম পদ কত?]
ⓐ 1.18 ⓑ 1.27 ⓒ 1.38 ⓓ 2.63

ব্যাখ্যা আমরা জানি,
১ম পদ $= a$
$\therefore$ ২য় পদ $= 4$
সাধারণ অন্তর $= d$
$\therefore n$তম পদ $= a+(n-1)d$
২য় পদ $= a+(2-1)d$
$\Rightarrow 4 = a+d$
$\therefore a+d = 4$ ..... (i)
এবং, দশম পদ $= a+(10-1)d$
$\Rightarrow 15 = a+9d$
$\therefore a+9d = 15$ ..... (ii)
(i) নং কে 9 দ্বারা গুণ করে (ii) নং বিয়োগ করে

$$\begin{array}{r} 9a+9d = 36 \\ a+9d = 15 \\ (-)\ (-)\ \ (-) \\ \hline 8a = 21 \end{array}$$

$\Rightarrow a = 2.625$
$\therefore a = 2.63$

35. In country A, the first 1,000 dollar of any inheritance are untaxed. After the first 1,000 dollar, inheritances are taxed at a rate of 65%. How large must an inheritance be, to the nearest dollar, in order to amount to 2,500 dollar after the inheritance tax? [একটি দেশ A তে ১ম 1000 ডলারের জন্য কোনো কর দিতে হয় না। 1000 ডলারের পর 65% হারে কর দিতে হয়। ধার্যকৃত কর পরিশোধ করে 2500 টাকা থাকলে তার প্রকৃত আয় কত ছিল?]
ⓐ 7,143 ⓑ 5,286
ⓒ 4,475 ⓓ 3,475

ব্যাখ্যা এখানে,
প্রথম 1000 ডলার এর জন্য ট্যাক্স দিতে হয় না।
বাকি টাকা $= (2500-1000)$ টাকা
$= 1500$ টাকা
এখানে, $(100-65)\% = 35\%$
$35\% = 1500$

$$\therefore 1\% = \frac{1500}{35}$$

$$\therefore 100\% = \frac{1500\times 100}{35}$$

$= 4285.71$
$= 4286$

$\therefore$ নির্ণেয় টাকার পরিমাণ $= (4286+1000)$ টাকা
$= 5286$ টাকা

36. In an engineering test, a rocket sled is propelled into a target. If the sled's distance d in meters from the target is given by the formula $d = -1.5t^2 + 120$, where t is the number of seconds after rocket ignition, then how many seconds have passed since rocket ignition when the sled is 10 meters from the target? [একজন প্রকৌশলী পরীক্ষার মাধ্যমে রকেটের স্লেড থেকে লক্ষ্য নির্ধারণ করলেন। যদি লক্ষ্য থেকে স্লেডের দূরত্ব d মিটার হয় এবং $d = -1.5t^2 + 120$ সমীকরণের মাধ্যমে d কে প্রকাশ করা যায় যেখানে t হচ্ছে রকেট জ্বলনের পরের সময়। কতটুকু সময় অতিবাহিত হবে রকেট জ্বলনের পর থেকে লক্ষ্যবস্তুর দিকে 10 মিটার যেতে?]
ⓐ 2.58 ⓑ 8.56
ⓒ 8.95 ⓓ 9.31

ব্যাখ্যা দেয়া আছে,
$d = -1.5t^2 + 120$
যেহেতু $d = 10$
$\therefore 10 = -1.5t^2 + 120$
$\Rightarrow 1.5t^2 - 120 + 10 = 0$
$\Rightarrow 1.5t^2 - 110 = 0$
$\Rightarrow 1.5t^2 = 110$

$$\Rightarrow t^2 = \frac{110}{1.5}$$

$$\Rightarrow t = \sqrt{\frac{110}{1.5}}$$

$\therefore t = 8.56$


উত্তর	
34	d
35	b
36	b

37. If $e^x = 5$, then $x = ?$ [যদি $e^x = 5$ হয় তাহলে $x = ?$]
ⓐ 0.23 ⓑ 1.61
ⓒ 1.84 ⓓ 7.76

ব্যাখ্যা এখানে,
$e^x = 5$
$\Rightarrow \ln e^x = \ln 5$
$\Rightarrow x \ln e = 1.6094$
$\Rightarrow x\times 1 = 1.61$
$\therefore x = 1.61$

38. A right triangle has sides in the ratio of 5 : 12 : 13. What is the measure of the smallest angle in the triangle, in degrees? [একটি সমকোণী ত্রিভুজের বাহুগুলোর অনুপাত 5 : 12 : 13 হলে ত্রিভুজের সবচেয়ে ছোট কোণটি কত ডিগ্রি হবে?]
ⓐ 13.34 ⓑ 22.62
ⓒ 34.14 ⓓ 42.71

ব্যাখ্যা এখানে,
সমকোণী ত্রিভুজের বাহুগুলো 5 : 12 : 13.



সবচেয়ে ছোট কোণ, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{5}{13}$

$$\therefore \theta = \sin^{-1}\left(\frac{5}{13}\right)$$

$= 22.61986$
$= 22.62°$

39. If k is an integer and $k = 462/n$, then which of the following could be the value of n? [যদি k একটি পূর্ণ সংখ্যা হয় এবং $k = \frac{462}{n}$, তাহলে n এর মান কত হবে?]
ⓐ 4 ⓑ 5 ⓒ 9 ⓓ 22

ব্যাখ্যা দেওয়া আছে,
$K = \frac{462}{n}$; যেখানে K একটি পূর্ণসংখ্যা।
$\therefore n$ এর মান এমন হবে যা দ্বারা 462 কে ভাগ করা যাবে।
অপশন অনুযায়ী একমাত্র 22 দ্বারা 462 কে ভাগ করা যায়।
সুতরাং n এর মান 22.

40. How many positive integers less than 100 have a remainder of 2. When divided by 13? [100 এর ছোট কতকগুলো পূর্ণসংখ্যা আছে যাদেরকে 13 দিয়ে ভাগ করলে ভাগশেষ 2 অবশিষ্ট থাকবে?]
ⓐ 6 ⓑ 7 ⓒ 8 ⓓ 9

ব্যাখ্যা ধরি, ধনাত্মক পূর্ণ সংখ্যা n টি
প্রশ্নমতে, $13n + 2 < 100$
$\Rightarrow 13n < 100 - 2$
$\Rightarrow 13n < 98$
$\therefore n < 7.5$
সুতরাং পূর্ণ সংখ্যা 7টি।

General Knowledge & Computer (Marks-20)

41. What is the period of coverage under the present five year plan of Bangladesh?
ⓐ FY 2016-FY 2020 ⓑ FY 2017-FY 2021
ⓒ FY 2018-FY 2022 ⓓ FY 2020-FY 2024
[Note : অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ অর্থবছর। ৬৪ লক্ষ ৯৫ হাজার ৯৮০ কোটি টাকা ব্যয়ে এ পরিকল্পনার লক্ষ্য ছিল জিডিপির প্রবৃদ্ধি ৮.৫১%-এ উন্নীতকরণ, দারিদ্র্য দূরীকরণ, মানবসম্পদ উন্নয়ন, বিদ্যুৎ জ্বালানি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং বাংলাদেশকে উচ্চ আয়ের দেশে উন্নীতকরণ।]

42. Which movie won the best picture Oscar award 2020?
ⓐ Ford vs Ferrari ⓑ Joker
ⓒ Green Book ⓓ Parasite

ব্যাখ্যা ২০২০ সালে ৯২তম অস্কারে সেরা চলচ্চিত্র নির্বাচিত হয় দক্ষিণ কোরিয়ার 'প্যারাসাইট' চলচ্চিত্রটি। উল্লেখ্য, ২০২২ সালে ৯৪তম অস্কারে সেরা চলচ্চিত্র নির্বাচিত হয় 'কোডা'।

43. 'Zulu' is the prominent tribe of which country?
ⓐ East Malaysia ⓑ Zambia
ⓒ Congo ⓓ South Africa

ব্যাখ্যা 'জুলু' উপজাতি দক্ষিণ আফ্রিকার কাওয়াজুলু নাটাল প্রদেশে বসবাসকারী একটি উপজাতি, যারা দেশটির সর্ববৃহৎ নৃ-গোষ্ঠী। এদের সংখ্যা প্রায় ১ কোটি ১০ লক্ষ।

44. Which of the following is not an Olympic sport?
ⓐ Swimming ⓑ Badminton
ⓒ Cricket ⓓ Fencing

ব্যাখ্যা বিশ্বের সর্ববৃহৎ ক্রীড়া আসর অলিম্পিক গেমস। অলিম্পিকে সাঁতার, ব্যাডমিন্টন, টেনিস, ফুটবল, গলফ, ফেন্সিং, ভলিবল, হকি, বাস্কেট বল প্রভৃতি খেলা অন্তর্ভুক্ত থাকলেও ক্রিকেট এখনো অন্তর্ভুক্ত হয়নি।

45. Which Batsman is Ranked first in the ICC ODI player ranking of 2020?
ⓐ Rohit Sharma ⓑ Virat Kohli
ⓒ Babar Azam ⓓ Mushfiqur Rahim

ব্যাখ্যা ICC-এর ডিসেম্বর ২০২২ প্রকাশিত সর্বশেষ ODI র‍্যাংকিং অনুযায়ী শীর্ষে অবস্থানকারী ব্যাটসম্যান হলেন পাকিস্তান ক্রিকেট দলের অধিনায়ক বাবর আজম।

উত্তর	
37	b
38	b
39	d
40	b
G.K. Computer	
41	Note
42	d
43	d
44	c
45	b

CamScanner

46. Which party on the elections in Pakistan in 1970 in was not allowed to form government?
ⓐ Muslim League ⓑ Awami League
ⓒ Paskistan People's Party ⓓ Jamaat-e Islami Pakistan
ব্যাখ্যা ১৯৭০ সালে পাকিস্তানের জাতীয় পরিষদের নির্বাচনে ৩১৩ আসনের মধ্যে আওয়ামী লীগ ১৬৭ টি আসনে বিজয়ী হয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করলেও পশ্চিম পাকিস্তানি শাসক ও নেতাদের কারণে আওয়ামী লীগের সরকার গঠন করা হয়ে ওঠেনি।

47. What was the theme of 2020 International Women's Day?
ⓐ Men and Women should have equal right.
ⓑ I am Generation Equality : Realizing Women's Rights.
ⓒ Thank equal, build smart, innovate for change.
ⓓ Empowering Women and Empowering Humanity.
ব্যাখ্যা ২০২০ সালের ৮ মার্চ পালিত আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য ছিল 'I am Generation Equality : Realizing Women's Rights'। উল্লেখ্য, ২০২২ সালে আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য ছিল 'Gender equality today for a sustainable tomorrow's'।

48. Who was the top goal scorer in the UEFA Champions League 2019-20?
ⓐ Erling Braut Haaland ⓑ Lionel Messi
ⓒ Cristiano Ronaldo ⓓ Robert Lewandowski
ব্যাখ্যা উয়েফা চ্যাম্পিয়নস লিগ ২০১৯-২০-এ সর্বোচ্চ সংখ্যক গোল করেন বায়ার্ন মিউনিখ তারকা রবার্ট লেভাণ্ডভস্কি। এ পোলিশ স্ট্রাইকার সে গতবছর চ্যাম্পিয়নস লিগে ১৫টি গোল করেন। উল্লেখ্য, ২০২১-২২ এ সর্বোচ্চ গোল করেন রিয়াল মাদ্রিদের করিম বেনজেমা (১৫টি)।

49. Which chemical compound caused a huge explosion in Beirut, Lebanon on Aug 4, 2020?
ⓐ Ammonium Sulphate ⓑ Ammonium Nitrate
ⓒ Magnesium Sulphate ⓓ Magnesium Nitrate
ব্যাখ্যা ৪ আগস্ট ২০২০ লেবাননের বৈরুত বন্দরে অ্যামোনিয়াম নাইট্রেটের বিস্ফোরণে দেড় শতাধিক মানুষ নিহত এবং ছয় হাজারের অধিক মানুষ আহত হন। আর এতে দেশটির সার্বিক ক্ষতির পরিমাণ ১৫ বিলিয়ন মার্কিন ডলার।

50. Who was the winner of the Men's Singles in US Open Tennis 2020?
ⓐ Andy Murray ⓑ Novak Diokovic
ⓒ Dominic Thiem ⓓ Roger Federer
ব্যাখ্যা ২০২০ সালের US Open-এর পুরুষ বিজয়ী অস্ট্রিয়ান পেশাদার টেনিস তারকা ডমিনিক থিম। এটি থিমের প্রথম গ্র্যান্ড স্ল্যাম। ২০২২ সালের আসরে পুরুষ একক চ্যাম্পিয়ন স্পেনের কার্লোস আলকারাজ।

51. How much is the foreign exchange reserve of Bangladesh as of August 2020?
ⓐ $24,000 Million ⓑ $38,850 Million
ⓒ $27,450 Million ⓓ $45,895 Million
ব্যাখ্যা আগস্ট ২০২০ এ বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ দাঁড়ায় ৩৮,৮৫০ মিলিয়ন বা ৩৮.৮৫ বিলিয়ন মার্কিন ডলার। উল্লেখ্য, মে ২০২২-এ রিজার্ভের পরিমাণ ৩৩.৭৯ বিলিয়ন ডলার।

52. Which tennis tournament is played on a clay court?
ⓐ The U.S Open ⓑ The Australian Open
ⓒ The French Open ⓓ Wimbledon
ব্যাখ্যা বিশ্বের প্রধান চারটি টেনিস গ্র্যান্ড স্ল্যামের মধ্যে ফ্রেঞ্চ ওপেন অনুষ্ঠিত হয় ক্লে কোর্টে। অস্ট্রেলিয়ান ও ইউএস ওপেন হার্ড কোর্টে এবং উইম্বলডন অনুষ্ঠিত হয় গ্রাস কোর্টে।

53. Who is the author of the book 'Principia Mathematica'?
ⓐ Issac Newton ⓑ Albert Einstein
ⓒ Copernicus ⓓ Galileo
ব্যাখ্যা প্রকৃতপক্ষে স্যার আইজ্যাক নিউটনের লেখা বইয়ের নাম Philosophic Naturalis Principia Mathematica। যে বইয়ে নিউটন তার বিখ্যাত গতি সূত্রের অবতারণা করেছেন। অপরদিকে Principia Mathematica হলো আলফ্রেড নর্থ হোয়াইটহেড এবং বার্ট্রান্ড রাসেলের লেখা একটি বই।

54. International Day of Friendship is observed globally on—
ⓐ 29 July ⓑ 30 July
ⓒ 27 September ⓓ 31 July
ব্যাখ্যা ৩০ জুলাই 'আন্তর্জাতিক বন্ধুত্ব দিবস' পালিত হয়। আর ২৯ জুলাই পালিত হয় 'বিশ্ব বাঘ দিবস'।

55. The Head quarter of Apple, known as Apple Park, is located in—
ⓐ New York ⓑ Washington
ⓒ California ⓓ Toronto
ব্যাখ্যা অ্যাপলের সদর দপ্তর খ্যাত 'অ্যাপল পার্ক' অবস্থিত যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়াতে।

56. By pressing which key we can move to the beginning of a line in a MS Word document?
ⓐ Window ⓑ Shift Key
ⓒ Tab Key ⓓ Home key
ব্যাখ্যা কম্পিউটারের কী-বোর্ডে বিভিন্ন কাজের জন্য নানা ধরনের key থাকে। এগুলোর অন্যতম Home Key, যা ব্যবহার করে কার্সরকে MS Word document-এর লাইনের প্রথমে নিয়ে আসা হয়।

57. EDI is a (an)—
ⓐ Individual application software
ⓑ Workgroup application software
ⓒ Organizational application software
ⓓ Inter organizational application software

উত্তর

46	b
47	b
48	d
49	b
50	c
51	b
52	c
53	a
54	b
55	c
56	d
57	d

ব্যাখ্যা Electronic Data Interchange (EDI) হলো একটি সফটওয়্যার, যা অভ্যন্তরীণ বা বাহ্যিক দুটি সত্তার মধ্যে একটা ব্যবসায়িক কথোপকথনের প্রযুক্তিগত উপস্থাপনা হিসেবে ব্যবহৃত হয়। অর্থাৎ বিভিন্ন ধরনের ব্যবসায়ের সঙ্গে ব্যবসায়িক সম্পর্কের ক্ষেত্রে ইডিআই ব্যবহৃত হয়। সুতরাং EDI একটি Inter organizational application software।

58. Which of the following consists of one or more filaments of glass fiber wrapped in protective layers that carries data by means of pulse of light?
ⓐ Twisted pair ⓑ Coaxial cable
ⓒ Optical fiber ⓓ Satellite
ব্যাখ্যা এক ধরনের স্বচ্ছ বা পাতলা কাচ বা প্লাস্টিকের তৈরি তন্তু, যা কয়েকটি স্তর দ্বারা তৈরি নলের ভেতর দিয়ে এক প্রান্ত থেকে অন্য প্রান্তে পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের মাধ্যমে আলোকরশ্মি পরিবহনে সক্ষম, তাকে অপটিক্যাল ফাইবার (Optical fiber) বলে। বর্তমানে টেলিযোগাযোগ, কম্পিউটার নেটওয়ার্কিং, ইন্টারনেট সংযোগ প্রভৃতি কাজে অপটিক্যাল ফাইবার ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে।

59. Google's language 'Translator' is an example of the application of—
ⓐ internet ⓑ computer simulations
ⓒ debugging ⓓ machine learning
ব্যাখ্যা 'Google's Language Translator' এক ধরনের বহুভাষিক যান্ত্রিক অনুবাদ ব্যবস্থা। মেশিন লার্নিংয়ের জন্য বা এক ভাষা থেকে অন্য ভাষায় টেক্সট অনুবাদের জন্য 'Google's Language Translator' বর্তমানে বেশ জনপ্রিয় একটি অ্যাপ্লিকেশন।

60. A virus that replicates itself is called—
ⓐ Bug ⓑ Worm ⓒ Bomb ⓓ Hoax
ব্যাখ্যা একটি ভাইরাস, যা খুব সহজেই নিজের একাধিক অনুলিপি তৈরি করতে পারে, তাকে বলে Worm। এটি এমন একটি প্রোগ্রাম, যা নিজের প্রতিলিপি অন্য নেটওয়ার্কভুক্ত কম্পিউটারে পাঠানোর জন্য একটা নেটওয়ার্ক ব্যবহার করে এবং তা কোনো মধ্যবর্তী ব্যবহারকারী ছাড়াই।

বাংলা (নম্বর– ২০)

61. 'শবপোড়া' শব্দটির কী দোষ দেখা যায়?
ⓐ গুরুচণ্ডালী ⓑ দুর্বোধ্যতা
ⓒ উপমার ভুল প্রয়োগ ⓓ আকাঙ্ক্ষার প্রয়োগে ভুল
ব্যাখ্যা তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের প্রয়োগ কখনো কখনো গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে। এ দোষে দুষ্ট শব্দ তার যোগ্যতা হারায়। প্রদত্ত 'শবপোড়া' শব্দটি গুরুচণ্ডালী দোষে দুষ্ট। শবপোড়ার স্থলে শবদাহ অথবা মড়াপোড়া হলে শব্দটি সঠিক হবে।

62. 'দুঃখকে প্রাপ্ত' এটি কোন সমাস?
ⓐ দ্বিগু ⓑ বহুব্রীহি ⓒ তৎপুরুষ ⓓ কর্মধারয়
ব্যাখ্যা যে সমাসে পরপদের অর্থ প্রধান বলে বিবেচিত হয় এবং পূর্বপদের দ্বিতীয়া বিভক্তি লোপ পায়, তাকে তৎপুরুষ সমাস বলে। যেমন— দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত, বিপদকে আপন্ন = বিপদাপন্ন, আমকে কুড়ানো = আমকুড়ানো।

63. 'সূর্য'-এর প্রতিশব্দ–
ⓐ আদিত্য ⓑ সুধাংশু ⓒ শশাঙ্ক ⓓ বিধু
ব্যাখ্যা 'সূর্য'-এর প্রতিশব্দ আদিত্য। সূর্য-এর আরও কয়েকটি প্রতিশব্দ– রবি, তপন, সবিতা, অর্ক, ভানু, প্রভাকর, ভাস্কর, আফতাব, দিনেশ, মিহির। অন্যদিকে সুধাংশু, শশাঙ্ক এবং বিধু হলো চাঁদের সমার্থক শব্দ।

64. তুর্কি শব্দের উদাহরণ কোনটি?
ⓐ বাবুর্চি ⓑ লুঙ্গি ⓒ রিক্সা ⓓ চাকু
[Note : প্রদত্ত অপশনে 'বাবুর্চি' এবং 'চাকু' উভয়ই তুর্কি শব্দ। অন্যদিকে 'লুঙ্গি' বর্মি এবং 'রিকশা' জাপানি শব্দ।]

65. 'ডাকঘর' কোন ধরনের রচনা?
ⓐ নাটক ⓑ কবিতা ⓒ উপন্যাস ⓓ প্রবন্ধ
ব্যাখ্যা 'ডাকঘর' (১৯১২) কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের সাংকেতিক নাটক। তার রচিত আরও কয়েকটি নাটক বিসর্জন, রক্তকরবী, তাসের দেশ, চিত্রাঙ্গদা, অচলায়তন, রাজা, বসন্ত, চণ্ডালিকা। তার রচিত উল্লেখযোগ্য উপন্যাস– চোখের বালি, গোরা, শেষের কবিতা, ঘরে-বাইরে, চতুরঙ্গ, মালঞ্চ, যোগাযোগ।

66. কায়কোবাদের 'মহাশ্মশান' গ্রন্থটি কোন ধরনের রচনা?
ⓐ ইতিহাস ⓑ গীতিকাব্য
ⓒ মহাকাব্য ⓓ উপন্যাস
ব্যাখ্যা কায়কোবাদ রচিত মহাকাব্য 'মহাশ্মশান'। এটি পানিপথের তৃতীয় যুদ্ধের কাহিনি অবলম্বনে রচিত। মহাকাব্যটি তিনটি খণ্ডে এবং ৬০টি সর্গে বিভক্ত। তার রচিত বিখ্যাত গীতিকাব্য 'অশ্রুমালা'।

67. কোনটি শুদ্ধ বানান?
ⓐ নির্নিমেষ ⓑ নির্ণিমেষ
ⓒ ণির্নিমেষ ⓓ ণির্ণিমেষ
ব্যাখ্যা শুদ্ধ বানান নির্নিমেষ; যার অর্থ অপলক, নিমেষহীন।

68. কোনটি শুদ্ধ বানান?
ⓐ নিসুতী ⓑ নিসুতি ⓒ নিষুতী ⓓ নিষুতি
ব্যাখ্যা শুদ্ধ বানান নিষুতি; যার অর্থ গভীর রাত। অন্তত কয়েকটি গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান– মনীষী, পিপীলিকা, নিশীথিনী, সমীচীন, মুমূর্ষু, ন্যায়শাসন, মুহুর্মুহু, অতিথি, মরীচিকা, গোধূলি।

69. 'অঞ্চল' শব্দটি কোন শ্রেণির?
ⓐ তদ্ভব ⓑ তৎসম ⓒ ফারসি ⓓ ইংরেজি
ব্যাখ্যা যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সরাসরি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলা হয়। যেমন—অঞ্চল, গৃহ, অন্ন, অরণ্য, চন্দ্র, সূর্য, নক্ষত্র, বৃক্ষ, ভবন, পাত্র, ধর্ম, মনুষ্য ইত্যাদি।

উত্তর

58	c
59	d
60	b
Bangla	
61	a
62	c
63	a
64	Note
65	a
66	c
67	a
68	d
69	b

CamScanner

70. 'ক্ষীয়মাণ'-এর বিপরীত শব্দ কী?
ⓐ বৃহৎ ⓑ বর্ধিষ্ণু
ⓒ বর্ধমান ⓓ বৃদ্ধিপ্রাপ্ত

ব্যাখ্যা বিপরীত শব্দ : ক্ষীয়মাণ-বর্ধমান, ক্ষুদ্র-বৃহৎ, ক্ষয়িষ্ণু-বর্ধিষ্ণু, হ্রাসপ্রাপ্ত- বৃদ্ধিপ্রাপ্ত।

71. কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?
ⓐ বাক্ + দান = বাগদান ⓑ উৎ + ছেদ = উচ্ছেদ
ⓒ পর + পর = পরস্পর ⓓ সম + সার = সংসার

ব্যাখ্যা কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না। এগুলোকে বলা হয় নিপাতনে সিদ্ধ সন্ধি। পর + পর = পরস্পর নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি। আরও কয়েকটি নিপাতনে সিদ্ধ সন্ধি- আ + চর্য = আশ্চর্য, গো + পদ = গোষ্পদ, বন্ + পতি = বনস্পতি, বৃহৎ + পতি = বৃহস্পতি, ষট্ + দশ = ষোড়শ, মনস্ + ঈষা = মনীষা, এক্ + দশ = একাদশ।

72. নিচের কোনটিতে বিরামচিহ্ন যথাযথভাবে ব্যবহৃত হয়নি?
ⓐ ডিসেম্বর ১৬, ১৯৭১ ⓑ ২৬ মার্চ, ১৯৭১
ⓒ পয়লা বৈশাখ, চৌদ্দশত সাত ⓓ ঢাকা, ২১ ফেব্রুয়ারি ১৯৫২

ব্যাখ্যা বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝার জন্য বাক্যের মধ্যে বা শেষে কিংবা বাক্যে আবেগ (হর্ষ, বিষাদ), জিজ্ঞাসা ইত্যাদি প্রকাশ করার জন্য যেসব চিহ্ন ব্যবহার করা হয়, সেসব চিহ্নকে যতিচিহ্ন বা বিরামচিহ্ন বলে। প্রদত্ত 'ঘ' অপশনে বিরামচিহ্ন ঠিকভাবে ব্যবহৃত হয়নি। কেননা, তারিখ লিখতে মাসের (ফেব্রুয়ারি) পর এখানে 'কমা' ব্যবহৃত হয়নি।

73. ঁাটি বাংলা উপসর্গযোগে সৃষ্ট পদ কোনটি?
ⓐ আঁকড়া ⓑ অবেলা
ⓒ অপমান ⓓ অতিশয়

ব্যাখ্যা বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা : ঁাটি বাংলা (২১টি), তৎসম বা সংস্কৃত (২০টি) ও বিদেশি উপসর্গ। 'অবেলা' শব্দটি ঁাটি বাংলা 'অ' উপসর্গযোগে গঠিত। অবেলা শব্দে 'অ' উপসর্গটি অভাব অর্থে ব্যবহৃত হয়েছে। অন্যদিকে অপমান ও অতিশয় শব্দ দুটি তৎসম 'অপ' ও 'অতি' উপসর্গযোগে গঠিত। আঁকড়া-এর স্থলে আঁকাড়া হলে শব্দটি ঁাটি বাংলা 'আ' উপসর্গযোগে গঠিত হতো।

74. 'ডালে ডালে কুসুম ভার'-এখানে 'ভার' কোন অর্থ প্রকাশ করেছে?
ⓐ সমূহ ⓑ বোঝা
ⓒ গুরুত্ব ⓓ বিষাদ

ব্যাখ্যা 'ডালে ডালে কুসুম ভার'-এখানে 'ভার' প্রাণিবাচক ও অপ্রাণিবাচক উভয় শব্দের বহুবচনে ব্যবহৃত সমষ্টিবাচক শব্দ 'সমূহ' অর্থে ব্যবহৃত হয়েছে।

75. কৃষক হলেও তার আছে রাশি রাশি ধন—বাক্যে 'রাশি রাশি' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ⓐ সামান্য ⓑ গভীরতা
ⓒ আধিক্য ⓓ তীব্রতা

ব্যাখ্যা বাংলা ভাষায় একই পদ, শব্দ বা ধ্বনি দু'বার ব্যবহৃত হয়ে ভিন্ন একটি অর্থ প্রকাশ করাকেই দ্বিরুক্ত বা শব্দদ্বৈত বলে। যেমন— কৃষক হলেও তার আছে রাশি রাশি ধন। এ বাক্যে 'রাশি রাশি' বিশেষ্য পদযুগল বিশেষণরূপে ব্যবহৃত হয়ে 'আধিক্য' অর্থ প্রকাশ করছে।

76. 'তুলসী বনের বাঘ' প্রবাদটির অর্থ কী?
ⓐ ভণ্ড ⓑ সামান্য ছুটি
ⓒ অতিশয় পণ্ডিত ⓓ বহিগীর

ব্যাখ্যা 'তুলসী বনের বাঘ' বাগধারাটির অর্থ ভণ্ড, সুবেশে দুর্বৃত্ত, শয়তান।

77. কোনটি ভুল বাক্য?
ⓐ দীনতা সব সময় ভালো নয়
ⓑ দেশের দারিদ্র দূর করতে হবে
ⓒ সময় বড় সংক্ষিপ্ত ⓓ এখানে প্রবেশ নিষিদ্ধ

ব্যাখ্যা ব্যাকরণগত নানা ত্রুটি-বিচ্যুতির (সাধু ও চলিত রীতির মিশ্রণ, বানানগত ত্রুটি, পদের অপপ্রয়োগজনিত ত্রুটি) ফলে বাক্য অশুদ্ধ বা ভুল হতে পারে। প্রদত্ত 'খ' অপশনের বাক্যটিতে বানানগত ত্রুটি রয়েছে। বাক্যটির 'দারিদ্র' বানানের স্থলে 'দারিদ্র্য' হলে তা সঠিক হতো।

78. আসামির পক্ষে উকিল কে? –এখানে 'পক্ষে' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ⓐ প্রশ্ন অর্থে ⓑ আদেশ অর্থে
ⓒ প্রার্থনা অর্থে ⓓ সহায় অর্থে

ব্যাখ্যা বাংলা ভাষায় কতকগুলো অব্যয় কখনো স্বাধীন পদরূপে, আবার কখনো শব্দ বিভক্তির মতো বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে, এগুলোকে অনুসর্গ বা কর্মপ্রবচনীয় বলে। যেমন— আসামির পক্ষে উকিল কে? এ বাক্যে 'পক্ষে' একটি অনুসর্গ, যেটি 'সহায়' অর্থে ব্যবহৃত হয়েছে।

79. 'সর্বনাশ' বোঝাতে কোন বাগধারাটির প্রয়োজন?
ⓐ মগের মুল্লুক ⓑ পুকুর চুরি
ⓒ বালির বাঁধ ⓓ ভরাডুবি

ব্যাখ্যা সর্বনাশ বোঝাতে 'ভরাডুবি' বাগধারাটি ব্যবহৃত হয়। অন্যদিকে অরাজক দেশ বোঝাতে 'মগের মুল্লুক', বড় রকমের চুরি বোঝাতে 'পুকুরচুরি' এবং অস্থায়ী বস্তু বোঝাতে 'বালির বাঁধ' বাগধারাগুলো ব্যবহৃত হয়।

80. 'হাটে হাটে বিকিয়ে তোর ভরা আপণ'-এ বাক্যে কোন দ্বিরুক্তির প্রয়োগ ঘটেছে?
ⓐ যুগ্মরীতি ⓑ অব্যয়ের
ⓒ ধ্বন্যাত্মক ⓓ পদাত্মক

ব্যাখ্যা বাংলা ভাষায় বিভক্তিযুক্ত একটি পদের দুইবার ব্যবহারকে পদাত্মক দ্বিরুক্তি বলে। যেমন— হাটে হাটে বিকিয়ে তোর ভরা আপণ। ভয়ে ভয়ে এগিয়ে গেলাম। এ দুই বাক্যে পদাত্মক দ্বিরুক্তির প্রয়োগ ঘটেছে।

উত্তর

70	c
71	c
72	d
73	b
74	a
75	c
76	a
77	b
78	d
79	d
80	d

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (BCIC)-এর সহকারী প্রশাসনিক কর্মকর্তা ২০২১

পরীক্ষার তারিখ : ১০.০৯.২০২১; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৭০

Bangla (Marks-15)

01. জিভের উচ্চতা অনুযায়ী নিম্ন-মধ্য স্বরধ্বনি কোনগুলো?
ⓐ অ, আ ⓑ ই, উ
ⓒ এ,ও ⓓ অ্যা, অ

ব্যাখ্যা উচ্চারণের সময়ে জিভের উচ্চতা অনুযায়ী, জিভের সম্মুখ-পশ্চাৎ অবস্থান অনুযায়ী এবং ঠোঁটের উন্মুক্তি অনুযায়ী স্বরধ্বনিকে ভাগ করা হয়। নিচের ছকে তা দেখানো হলো—

জিভের উচ্চতা	জিভের অবস্থান			ঠোঁটের উন্মুক্তি
↓	সম্মুখ	মধ্য	পশ্চাৎ	↓
উচ্চ	ই		উ	সংবৃত
উচ্চ-মধ্য	এ		ও	অর্ধ-সংবৃত
নিম্ন-মধ্য	অ্যা		অ	অর্ধ-বিবৃত
নিম্ন	আ			বিবৃত

02. কোনটি কণ্ঠনালীয় ব্যঞ্জনধ্বনি?
ⓐ ক ⓑ শ
ⓒ হ ⓓ ড়

ব্যাখ্যা কণ্ঠনালীয় ব্যঞ্জন উচ্চারণের সময়ে ধ্বনিদ্বার থেকে বায়ু কণ্ঠনালি হয়ে সরাসরি বের হয়ে আসে। যেমন— হাতি শব্দের 'হ' কণ্ঠনালীয় ব্যঞ্জনধ্বনি। অন্যদিকে, 'ক' কণ্ঠ ব্যঞ্জনধ্বনি। 'শ' উষ্ম বা শিস ধ্বনি। 'ড়' তাড়িত বা তাড়নজাত ব্যঞ্জনধ্বনি।

03. 'যুগ্ম' শব্দের উচ্চারণ কোনটি?
ⓐ জুগনো ⓑ জুগমো ⓒ জুগঁমো ⓓ যুগমো

ব্যাখ্যা শব্দের মধ্যে ম-ফলা থাকলে সেই বর্ণ উচ্চারণে দ্বিত্ব হয় এবং সামান্য অনুনাসিক হয়। যেমন— আত্মীয় [আত্তিও]। তবে কিছু ক্ষেত্রে ম-ফলায় ম্-এর উচ্চারণ বজায় থাকে। যেমন— যুগ্ম [জুগ্মো], জন্ম [জন্মো], গুল্ম [গুল্মো]।

04. বলকযুক্ত শব্দের উদাহরণ কোনটি?
ⓐ আকাশে ⓑ যদিও
ⓒ চলন্ত ⓓ বাতাস

ব্যাখ্যা যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হলে বক্তব্য জোরালো হয়, সেগুলোকে বলক বলে। যদিও, এখনও, তখনই ইত্যাদি হলো বলকযুক্ত শব্দ। আর এসব শব্দে 'ও' বা 'ই' হলো বলক।

05. প্রত্যয় দিয়ে গঠিত হয়েছে কোন শব্দ?
ⓐ উত্তম ⓑ চতুর্ভুজ
ⓒ স্বল্প ⓓ দোকান

ব্যাখ্যা উত্তম (উৎ + √তম্ + অ) প্রত্যয়সাধিত শব্দ। অন্যদিকে চতুর্ভুজ (চতুঃ + ভুজ) ও স্বল্প (সু + অল্প) সন্ধিসাধিত শব্দ। দোকান ফারসি শব্দ, তবে দোকানি (দোকান + ই) প্রত্যয়সাধিত শব্দ।

06. পরপদে বিশেষণ থাকে এবং পরপদের অর্থ প্রাধান্য পায় কোন্ সমাসে?
ⓐ উপমান কর্মধারয় ⓑ উপমিত কর্মধারয়
ⓒ রূপক কর্মধারয় ⓓ তৎপুরুষ

ব্যাখ্যা পরপদে বিশেষণ থাকে এবং পরপদের অর্থের প্রাধান্য পায় উপমান কর্মধারয় সমাসে। যেমন— কুসুমের ন্যায় কোমল = কুসুমকোমল, তুষারের ন্যায় ধবল = তুষারধবল, শশকের ন্যায় ত্রস্ত = শশব্যস্ত।

07. 'বেগম' শব্দটির উৎস কোন ভাষা?
ⓐ পর্তুগিজ ⓑ তুর্কি
ⓒ ফারসি ⓓ হিন্দি

ব্যাখ্যা 'বেগম' তুর্কি শব্দ। আরও কয়েকটি তুর্কি শব্দ—উজবুক, কুলি, বাবা, বাবুর্চি, লাশ, সওগাত, চাকু, মুচলেকা, তলাশ। পর্তুগিজ শব্দ— আনারস, চাবি, আলপিন, জানালা, পেয়ারা, গির্জা, পাউরুটি। ফারসি শব্দ— চশমা, আমদানি, রফতানি, নমুনা, হাসানা, রসদ, জবানবন্দি। হিন্দি শব্দ— পানি, টহল, কাহিনি, দাবা, নানা, পাটোয়ারি। উচ্চমাধ্য, নবম-দশম শ্রেণির ব্যাকরণ গ্রন্থে 'বেগম' ফারসি শব্দ।

08. পারস্পরিক সর্বনাম কোনটি?
ⓐ যেমন-তেমন ⓑ নিজেরা-নিজেরা
ⓒ নিজে ⓓ সকলে

ব্যাখ্যা বিশেষ্যের পরিবর্তে ব্যবহৃত শব্দকে সর্বনাম শব্দ বা পদ বলে। সর্বনামকে কয়েকটি শ্রেণিতে ভাগ করা যায়। যথা : ব্যক্তিবাচক, আত্মবাচক, সাপেক্ষ, সকলবাচক, পারস্পরিক ইত্যাদি। দুই পক্ষের সহযোগিতা বা নির্ভরতা বোঝাতে পারস্পরিক সর্বনাম ব্যবহৃত হয়। যেমন— নিজেরা-নিজেরা, পরস্পর। অন্যদিকে 'যেমন-তেমন' সাপেক্ষ সর্বনাম। 'নিজে' আত্মবাচক সর্বনাম। 'সকলে' সকলবাচক সর্বনাম।

09. বহুবচনের যথার্থ প্রয়োগ ঘটেনি—
ⓐ কুসুমনিচয় ⓑ পুষ্পদাম
ⓒ কুসুমদাম ⓓ তারকাবলি

ব্যাখ্যা বচন অর্থ সংখ্যার ধারণা। বাংলা অব্যয় বচন দুই প্রকার। যথা : একবচন ও বহুবচন। প্রদত্ত অপশনে বহুবচনের যথার্থ প্রয়োগ ঘটেনি 'তারকাবলি' শব্দে। এর শুদ্ধ প্রয়োগ 'তারকরাজি'।

10. 'কর' ধাতুর পুরাঘটিত অতীতকালে প্রযোজক ক্রিয়ার উদাহরণ কোনটি?
ⓐ করেছিলে ⓑ করতে
ⓒ করিয়েছিলাম ⓓ করলাম

ব্যাখ্যা অতীতে যে ক্রিয়া সম্পন্ন হতো তাকে অতীতকাল বলে। অতীতকাল চার প্রকার। যথা : সাধারণ অতীত, ঘটমান অতীত, পুরাঘটিত অতীত ও নিত্যবৃত্ত অতীত। অতীতের যে ক্রিয়া বহু পূর্বেই ঘটে গেছে এবং পরে আরও কিছু ঘটনা ঘটেছে, তার কালকে পুরাঘটিত অতীতকাল বলে।

উত্তর

01	d
02	c
03	b
04	b
05	a
06	a
07	b
08	b
09	d
10	c

CamScanner

প্রদত্ত অপশনে 'করেছিলে' ও 'করিয়েছিলাম' দুটি শব্দই পুরাঘটিত অতীতকালের। তবে প্রয়োজক ক্রিয়া দ্বারা গঠিত শব্দ 'করিয়েছিলাম'। অন্যদিকে 'করলাম' সাধারণ অতীত ও 'করতে' নিত্যবৃত্ত অতীত কালের শব্দ।

11. 'নাছোড়বান্দা' অর্থ প্রকাশ করে কোন বাগধারা?
ⓐ খয়ের খাঁ ⓑ তীর্থের কাক
ⓒ চিনে জোঁক ⓓ মণিকাঞ্চন যোগ

ব্যাখ্যা 'চিনে জোঁক' বাগধারার অর্থ নাছোড়বান্দা। অন্যদিকে খয়ের খাঁ— চাটুকার, তীর্থের কাক— প্রতীক্ষারত, মণিকাঞ্চন যোগ— উপযুক্ত মিলন।

12. 'বলাহক' শব্দের যথার্থ প্রতিশব্দ কোনটি?
ⓐ রত্নাকর ⓑ দ্বিরদ
ⓒ মৃগেন্দ্র ⓓ জীমূত

ব্যাখ্যা বলাহক-এর সমার্থক শব্দ জীমূত। বলাহক-এর আরও কয়েকটি সমার্থক শব্দ— মেঘ, বারিদ, জলদ, অম্বুদ, তোয়দ, পয়োধর, পয়োদ, জলধর। রত্নাকর-এর সমার্থক শব্দ—সমুদ্র, সাগর, বারিধি, অর্ণব, পারাবার, পাথার। মৃগেন্দ্র-এর সমার্থক শব্দ— সিংহ, মৃগরাজ, কেশরী, হর্যক্ষ। দ্বিরদ-এর সমার্থক শব্দ— হাতি, হস্তী, দ্বিপ, গজ, দন্তী, কুঞ্জর, করী।

13. 'লোকমুখে এই কথা শুনেছি।'-কোন কারক?
ⓐ করণ ⓑ কর্ম
ⓒ অপাদান ⓓ অধিকরণ

ব্যাখ্যা যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন— লোকমুখে এই কথা শুনেছি। তিলে তৈল হয়।

14. মুসলিম সাহিত্য সমাজের মুখপত্রের নাম কী?
ⓐ মোসলেম ভারত ⓑ মোহাম্মদী
ⓒ শিখা ⓓ প্রগতি

ব্যাখ্যা সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন 'মুসলিম সাহিত্য সমাজ' ১৯২৬ সালে ঢাকায় প্রতিষ্ঠিত হয়। এ সংগঠনের মূলমন্ত্র ছিল বুদ্ধির মুক্তি। সংগঠনটি ১৯২৭ সালে 'শিখা' নামে একটি বার্ষিক মুখপত্র প্রকাশ করে। প্রথম বর্ষের সম্পাদক ছিলেন আবুল হুসেন। শিখার মুখবাণী ছিল— 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'। অন্যদিকে 'মোসলেম ভারত' পত্রিকার সম্পাদক মোজাম্মেল হক। 'মোহাম্মদী' পত্রিকার সম্পাদক মোহাম্মদ আকরম খাঁ। 'প্রগতি' পত্রিকার সম্পাদক বুদ্ধদেব বসু ও অজিত দত্ত।

15. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটি কোন সাহিত্য সংকলনে প্রথম প্রকাশিত হয়?
ⓐ নতুন কবিতা ⓑ একুশে ফেব্রুয়ারি
ⓒ সুচয়নী ⓓ কণ্ঠস্বর

ব্যাখ্যা 'একুশে ফেব্রুয়ারি' ভাষা আন্দোলনভিত্তিক প্রথম সাহিত্য সংকলনের সম্পাদক ছিলেন হাসান হাফিজুর রহমান। এ সংকলনটি প্রকাশের তিন সপ্তাহের মধ্যেই পাকিস্তান সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়। 'একুশে ফেব্রুয়ারি' সংকলনেই 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটি প্রথম প্রকাশিত হয়। এ গানটির গীতিকার আবদুল গাফফার চৌধুরী এবং প্রথম সুরকার আবদুল লতিফ ও বর্তমান সুরকার আলতাফ মাহমুদ।

উত্তর	
11	c
12	d
13	c
14	c
15	b
16	a
17	b
18	a
19	d
20	b

English (Marks-15)

Fill in the blanks (Question 16-20) :

16. The authorities, fearing a — of their power, called for a military state in the hopes of restoring order.
ⓐ subversion ⓑ premonition
ⓒ predilection ⓓ infusion

ব্যাখ্যা Subversion অর্থ ধ্বংস বা পরাভব। premonition অর্থ পূর্বানুমান বা আশংকা করা। predilection অর্থ প্রাধান্য প্রদান, infusion— কোনোকিছুর মধ্যে কোনোকিছুর প্রবাহ বাড়ানো যাতে বস্তুটি আরও শক্তিশালী হয়। অপশন a বসিয়ে বাক্যটির অর্থ হবে 'কর্তৃপক্ষ তাদের ক্ষমতা হারানো বা ধ্বংসের ভয়ে রাজ্যে সামরিক শাসন জারি করল যাতে তাদের ক্ষমতা দিকে থাকে।'

17. Phillip's— tone endeared him to his comical friends, but irritated his serious father—
ⓐ aloof ⓑ jesting
ⓒ grave ⓓ earnest

ব্যাখ্যা Aloof অর্থ আলাপচারিতায় অনাগ্রহী। jesting অর্থ হাস্যরসে ভরা, grave অর্থ রাশভারী, গুরুগম্ভীর, গভীর, earnest অর্থ আন্তরিক। অপশন b বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়। তখন অর্থ হবে, 'ফিলিপের রসবোধপূর্ণ সুর তার বন্ধুর কাছে প্রিয় মনে হয়, কিন্তু তা তার বাবার কাছে বিরক্তিকর।'

18. Mary became — at typing because she practiced every day for six months.
ⓐ proficient ⓑ reflective
ⓒ dormant ⓓ redundant

ব্যাখ্যা কোনো কিছু করতে দক্ষ বা পারদর্শী বোঝাতে proficient in/at বসে। অন্যদিকে, reflective অর্থ প্রতিফলিত করে এমন, চিন্তাশীল, dormant অর্থ সুপ্ত, গুপ্ত, নিহিত এবং redundant অর্থ অপ্রয়োজনীয়, অতিরিক্ত, অনাবশ্যক ইত্যাদি।

19. The teacher set some homework — the end of the lesson?
ⓐ above ⓑ in
ⓒ of ⓓ at

ব্যাখ্যা কোনো কিছুর শেষের দিকে বোঝাতে 'at the end of something' বসে। তাছাড়া, in the end হলে একেবারে শেষ বুঝায়, 'র' বা 'এর' বুঝালে of ব্যবহৃত হয় আর অস্পর্শ অবস্থায় উপরে বুঝাতে above ব্যবহৃত হয়।

20. The goods that had not been claimed were sold — the police Property Act.
ⓐ in ⓑ under
ⓒ of ⓓ about

ব্যাখ্যা কোনো কিছুর বা আইনের অধীনে বোঝাতে 'under' ব্যবহৃত হয়।

Choose the closest meaning to the underlined word in the sentence (Question 21-23)

21. The maidservant left the police station Contrite.
ⓐ Penitent ⓑ Sore
ⓒ Angry ⓓ Remorse

ব্যাখ্যা Contrite অর্থ অনুতপ্ত। অপশনগুলোর মধ্যে penitent অর্থ অনুতপ্ত বা অনুশোচনায় জর্জরিত, sore, angry, remorse-এর অর্থ যথাক্রমে যন্ত্রণাদায়ক, রাগান্বিত, অনুশোচনা বা অনুতাপ।

22. The resignation of the chief minister is intriguing.
ⓐ Curious ⓑ Interesting
ⓒ Secret ⓓ Diplomatic

ব্যাখ্যা Intriguing অর্থ অত্যন্ত মজাদার বা আকর্ষণীয়। curious অর্থ কৌতূহলী, interesting অর্থ মজাদার, secret অর্থ গোপনীয়, diplomatic— কূটনৈতিক। উল্লেখ্য, অপশন (a) ও (b) দুটোই হয়, তবে (a) বেশি যুক্তিযুক্ত।

23. Hossain asked Khan not to Meddle in his affairs.
ⓐ Intercede ⓑ Impose
ⓒ Interfere ⓓ Cross

ব্যাখ্যা Meddle অর্থ হস্তক্ষেপ করা বা অনধিকার চর্চা করা, intercede অর্থ কারো পক্ষ নিয়ে অন্যকে বুঝানো। impose অর্থ আরোপ করা, প্রয়োগ করা। interfere অর্থ হস্তক্ষেপ করা, cross অর্থ অতিক্রম করা।

24. Synonym of BONHOMIE is—
ⓐ Friendliness ⓑ Wrath
ⓒ Very ⓓ Greed

ব্যাখ্যা Bonhomie অর্থ বন্ধুত্বপূর্ণ আবেগ এবং friendliness অর্থ বন্ধুভাবাপন্নতা। wrath অর্থ ক্রোধ, very অর্থ খুব, greed অর্থ লোভ বা লিপ্সা।

25. Especially in the early years, new entrepreneurs may need to find resourceful ways, like renting temporary office space or using answering services, that make their company seem large and more firmly established than they may actually be.
ⓐ that make their company seem large
ⓑ to make their companies seem larger
ⓒ thus making their companies seem larger
ⓓ so that the companies seem larger

ব্যাখ্যা (a) company-এর জায়গায় companies (plural) হওয়া উচিত ছিল। (c) 'thus' দ্বারা শক্তিশালী কারণ বোঝানো হয়, যেন 'the companies become larger and established'। (d) 'so' তখনই ব্যবহার করা যায়, যখন কোনো কিছুর কারণ সুস্পষ্ট হয়। (b) to make দ্বারা উদ্দেশ্য বুঝাচ্ছে এবং underlined phrase-এর পরের and-এর পরে comparative degree থাকায় and এর পূর্বেও comparative হবে। কাজেই option (b) সঠিক।

26. Turtles, like other reptiles, can endure long fasts, in their ability to survive on weekly or even monthly feedings; however, when food is readily available, they may eat frequently and grow very fat.
ⓐ fasts, in their ability to survive
ⓑ fasts, having their ability to survive
ⓒ fasts, due to having the ability of surviving
ⓓ Fasts because they are able to survive

ব্যাখ্যা Turtles-এর টিকে থাকার পিছনে কারণ উল্লেখ করতে 'Because' শব্দটি থাকতে হবে এবং সক্ষমতা বোঝাতে, 'in their ability', 'having the ability' অথবা 'having their ability'-এর চেয়ে 'are able' বেশি শক্তিশালী অপশন।

27. Thai village crafts, as with other cultures, have developed through the principle that form follows function and incorporate readily available materials fashioned using traditional skills—
ⓐ as with ⓑ as did those of
ⓒ as they have in ⓓ like those of

ব্যাখ্যা Thai village craft-এর সাথে অন্য crafts-এর তুলনা করা বুঝাচ্ছে। noun-এর সাথে noun-এর comparison। তাই অপশন (d) সঠিক। crafts-এর নিজেদের কিছু করার ক্ষমতা নেই। তাই অপশন (b) 'as did those of' ভুল বা incorrect। অপশন (a) as with দ্বারা village crafts-এর সাথে এর সম্পর্ক বুঝাচ্ছে, যা ভুল। অপশন (c) appositive-এর ভেতরে clause-এর ব্যবহার না করে phrase-এর ব্যবহার যুক্তিযুক্ত।

28. A professor at the university has taken a sabbatical to research of James Baldwin's books that Baldwin wrote in France while he was living there.
ⓐ James Baldwin's book that Baldwin wrote in France while he was living there
ⓑ about the books Baldwin wrote in France
ⓒ into James Baldwin's books written while in France.
ⓓ the books that Baldwin wrote while he lived in France

ব্যাখ্যা To research-এর পরে কোনো preposition হবেই 'object' বসবে। এছাড়া 'while'-এর আগে ও পরে past indefinite tense হবে sentence-এর sequence ঠিক রাখতে।

29. Making things even more difficult has been general market inactivity lately, if not paralysis, which has provided little in the way of pricing guidance.
ⓐ has been general market inactivity lately, if not paralysis, which has provided
ⓑ there is general market inactivity, if not paralysis, lately it has provided
ⓒ general market inactivity, if not paralysis, has lately, provided
ⓓ lately, general market is activity, if not, paralysis, has provided

ব্যাখ্যা অপশন (d)-তে সঠিকভাবে modifier এবং 'non-essential phrase' ব্যবহৃত হয়েছে।

উত্তর	
21	a
22	a
23	c
24	a
25	b
26	d
27	d
28	d
29	d

CamScanner

30. Active voice of 'His comment hurt me deeply'—
ⓐ I was hurt deeply by his comment.
ⓑ I could be hurt deeply by his comment.
ⓒ his comment was hurtful.
ⓓ I should not be hurt by his comment.

ব্যাখ্যা Subject + was/were + v_3 + other agents + by + object।

Mathematics (Marks-15)

31. A and B can do a work in 12 days. B and C can do it in 15 days. A and C can do it in 20 days. If all of them work together, in how many days can they finish the work?
ⓐ 9 ⓑ 10 ⓒ 12 ⓓ 15

ব্যাখ্যা $(A+B)$ করে 12 দিনে 1টি কাজ

$(A+B)$ করে 1 দিনে $\frac{1}{12}$ অংশ কাজ

অনুরূপভাবে, $(B+C)$ করে 1 দিনে $\frac{1}{20}$ অংশ কাজ

এবং $(A+C)$ করে 1 দিনে $\frac{1}{15}$ অংশ কাজ

$2(A+B+C)$ করে 1 দিনে $= \left(\frac{1}{12}+\frac{1}{20}+\frac{1}{15}\right)$ অংশ কাজ

$= \left(\frac{5+3+4}{60}\right)$ অংশ কাজ

$= \frac{12}{60}$ অংশ কাজ

$= \frac{1}{5}$ অংশ কাজ

$\therefore (A+B+C)$ করে 1 দিনে $= \frac{1}{10}$ অংশ কাজ

সুতরাং $(A+B+C)$ একত্রে 1 অংশ বা সম্পূর্ণ কাজ করে 10 দিনে।

32. 10 men survive 24 days on 15 cans of food. How many cans are needed for 8 men to survive 36 days?
ⓐ 15 ⓑ 16 ⓒ 17 ⓓ 18

ব্যাখ্যা 10 জন লোক 24 দিনে খায় 15 ক্যান

1 " " 24 " " $\frac{15}{10}$ "

1 " " 1 " " $\frac{15}{10\times24}$ "

8 " " 36 " " $\frac{15\times8\times36}{10\times24}$ "

$= 18$ ক্যান।

33. Two trains are running in opposite directions with the same speed. If the length of each train is 120 meters and they cross each other in 12 seconds, then the speed of its train in km/hr is—
ⓐ 10 ⓑ 18 ⓒ 36 ⓓ 72

ব্যাখ্যা আমরা জানি, দূরত্ব = বেগ × সময়

$\therefore$ সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}}$

ধরি, বেগ $= x$ m/s

প্রশ্নমতে, $12 = \frac{120+120}{x+x}$ [$\because$ বিপরীত দিকে গতিশীল]

$\Rightarrow 12 = \frac{240}{2x}$

$\Rightarrow 24x = 240$

$\therefore x = 10m/s = \left(10\times\frac{18}{5}\right)$ km/hr $= 36$ km/hr

34. A train 150 meter long and running at a speed of 60 km per hour takes 30 seconds to cross a bridge. What is a length (in meter) of the bridge?
ⓐ 350 ⓑ 450 ⓒ 500 ⓓ 650

ব্যাখ্যা ট্রেনটির অতিক্রান্ত দূরত্ব $= \left(60\times\frac{5}{18}\times30\right)$ m

$= 500$ m

ধরি, ব্রিজটির দৈর্ঘ্য x হলে

$\therefore$ মোট অতিক্রান্ত দূরত্ব = ট্রেনের দৈর্ঘ্য + ব্রিজের দৈর্ঘ্য

$\Rightarrow 500 = 150 + x$

$\Rightarrow x = 500 - 150$

$\therefore x = 350$ m

35. A motorist travels to a place 150 km away at an average speed of 50 km and returns at 30 km per hour. His average speed for the whole journey in km per hour is :
ⓐ 35 ⓑ 37
ⓒ 37.5 ⓓ 40

ব্যাখ্যা গড় বেগ $= \frac{2\times50\times30}{50+30}$

$\left[\because \text{গড়বেগ} = \frac{২\times১\text{ম বেগ}\times২\text{য় বেগ}}{১\text{ম বেগ}+২\text{য় বেগ}}\right]$

$= \frac{2\times50\times30}{80}$

$= 37.5$ km/hr

36. A ferry can travel twice as fast when empty as when it is full. It travels 20 mile with full load, spends 1 hour for unloading and returns to its original port empty. It took 11 hours to complete the journey. What is the speed of the ferry when it is empty?
ⓐ 5 ⓑ 6
ⓒ 6.5 ⓓ 8

ব্যাখ্যা ধরি, ফেরি পূর্ণ থাকলে গতি x mile/hr
এবং ফেরি খালি থাকলে গতি $2x$ mile/hr

প্রশ্নমতে, $\frac{20}{x}+\frac{20}{2x} = 11-1$

$\Rightarrow \frac{20}{x}+\frac{10}{x} = 10$

$\Rightarrow \frac{20+10}{x} = 10$

$\Rightarrow \frac{30}{x} = 10$

$\therefore x = 3$

সুতরাং ফেরি খালি থাকলে গতি $= 2x = 2\times3 = 6$ mile/hr।

37. Two people start jogging at the same point and time but in opposite directions. If the rate of one jogger is 2 miles per hour faster than the other and after 3 hours they are 30 miles apart, what is the rate of the faster jogger?
ⓐ 3 ⓑ 4 ⓒ 5 ⓓ 6

ব্যাখ্যা ধরি, Faster jogger-এর গতি x mile/hr
এবং Another jogger-এর গতি $(x-2)$ mile/hr

প্রশ্নমতে, $3x + 3(x-2) = 30$

$\Rightarrow 3x + 3x - 6 = 30$

$\Rightarrow 6x = 30 + 6$

$\Rightarrow 6x = 36$

$\therefore x = 6$

সুতরাং Faster jogger-এর গতি 6 mile/hr।

38. A 10% monthly salary increase reached in a Tk. 9000 per year increment in salary for an employee. What was the monthly salary before the increase?
ⓐ 5000 ⓑ 7500 ⓒ 9000 ⓓ 12000

ব্যাখ্যা প্রতি বছর বা 12 মাসে বেতন বৃদ্ধি পায় 9000 টাকা।

1 মাসে বেতন বৃদ্ধি পায় $\frac{9000}{12}$ টাকা

$= 750$ টাকা

প্রশ্নমতে, $10\% = 750$

$\therefore 1\% = \frac{750}{10}$

$\therefore 100 = \frac{750\times100}{10} = 7500$

সুতরাং বেতন বৃদ্ধির পূর্বে মাসিক বেতন ছিল 7500 টাকা।

39. The price of a pen is 25% more than the price of a book. The price of a pen holder is 50% more than the price of the book. How much is the price of the pen holder more than the price of the pen?
ⓐ 20% ⓑ 25% ⓒ 37.5% ⓓ 50%

ব্যাখ্যা ধরি, বইয়ের দাম $100x$; কলমের দাম $125x$ এবং কলমদানির দাম $150x$। সুতরাং

কলমের চেয়ে কলমদানির দাম $= \left[\frac{(150x-125x)}{125x}\times100\right]\%$

$= \left(\frac{25x}{125x}\times100\right)\%$

$= 20\%$।

40. In an election a candidate who gets 84% of the votes is elected by a majority of 476 votes. What is the total number of votes polled?
ⓐ 672 ⓑ 700
ⓒ 749 ⓓ 848

ব্যাখ্যা নির্বাচিত প্রার্থী ভোট পায় $= 84\%$ এবং পরাজিত প্রার্থী পায় $= (100-84)\% = 16\%$

প্রশ্নমতে, $84\% - 16\% = 476$

$\Rightarrow 68\% = 476$

$\Rightarrow 1\% = \frac{476}{68}$

$\therefore 100\% = \frac{476\times100}{68} = 700$

41. A cricket team has won played 40 games out of 60 played. It has 32 more games to play. How many of the must the team win to make the 70% win for the season?
ⓐ 20 ⓑ 23
ⓒ 25 ⓓ 32

ব্যাখ্যা দেয়া আছে,

60টির মধ্যে 40 গেমস জিতে আরও 32 গেমস খেলে;

সুতরাং মোট গেমস $= 60 + 32 = 92$।

মৌসুমে রেকর্ডের জন্য জিততে হবে $= 92\times\frac{70}{100}$ গেমস

$= 64.4$ "

$= 65$ "

সুতরাং মৌসুমে $(65-40)$ বা 25 গেমস জিতলে 70% রেকর্ড হবে।

42. $2/0 = ?$
ⓐ 1 ⓑ 0
ⓒ 2 ⓓ undefined

ব্যাখ্যা আমরা জানি,

শূন্য দিয়ে যেকোনো সংখ্যাকে ভাগ করলে তা undefined অর্থাৎ অসংজ্ঞায়িত হয়। তাই $\frac{2}{0}$ = undefined।

43. If w is 10% less than x and y is 30% less than z, then wy what percentage less than xz?
ⓐ 10% ⓑ 20%
ⓒ 27% ⓓ 37%.

উত্তর

30	a
31	b
32	d
33	c
34	a
35	c
36	b
37	d
38	b
39	a
40	b
41	c
42	d
43	d

CamScanner

ব্যাখ্যা ধরি, $x = 100$ আবার, $z = 100$
$w = 90$ $y = 70$

$xz = 100 \times 100 = 10000$

$wy = 90 \times 70 = 6300$

$\therefore$ নির্ণেয় শতকরা $= \left[\frac{(10000 - 6300)}{10000} \times 100\right]\%$

$= \left(\frac{3700}{10000} \times 100\right)\%$

$= 37\%$ ।

44. The price of a leaf of bread was increased by 20%. How many leaves can be purchased now by the amount of money used to buy 300 leaves at the earlier price?
ⓐ 240 ⓑ 250
ⓒ 280 ⓓ 320

ব্যাখ্যা একটি পাউরুটির পূর্বমূল্য 100 টাকা হলে, 20% বৃদ্ধিতে বর্তমান মূল্য 120 টাকা। সুতরাং
একটির বর্তমান মূল্য 120 টাকা হলে পূর্বমূল্য 100 টাকা
" " " 1 " " " $= \frac{100}{120}$ টাকা
সুতরাং 300টির পূর্বমূল্যে বর্তমানে কেনা যাবে $= \left(300 \times \frac{100}{120}\right)$ টি
$= 250$টি।

45. A mixture of 20 kg of spirit and water contains 10% water. How much water must be added to this mixture to raise the percentage of water to 25%?
ⓐ 4 ⓑ 5
ⓒ 6 ⓓ 8

ব্যাখ্যা পানি $= 20 \times \frac{10}{100} = 2$kg
স্পিরিট $= (20 - 2)$ kg $= 18$kg
ধরি, পানি যোগ করতে হবে x kg।
প্রশ্নমতে, $\frac{2+x}{18} = \frac{25}{75}$
$\Rightarrow \frac{2+x}{18} = \frac{1}{3}$
$\Rightarrow 6 + 3x = 18$
$\Rightarrow 3x = 18 - 6$
$\Rightarrow 3x = 12$
$\therefore x = 4$

General Knowledge and ICT (Marks-25)

46. From which date was value added tax (VAT) introduced Bangladesh?
ⓐ 1st January 1991 ⓑ 1st July 1991
ⓒ 1st January 1992 ⓓ 1st July 1992

ব্যাখ্যা Value Added Tax বা মূল্য সংযোজন কর বাংলাদেশে চালু হয় ১ জুলাই ১৯৯১। এ সংক্রান্ত আইন জাতীয় সংসদে পাস হয় ১০ জুলাই ১৯৯১। মূসক একটি পরোক্ষ কর। এ উৎস থেকে বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয়। মূল্য সংযোজন কর মূলত বিক্রয় কর বা সেলস ট্যাক্সের মতো।

47. Which of the following is the world's biggest company in trade market competition?
ⓐ Apple ⓑ Facebook
ⓒ Microsoft ⓓ Walmart

ব্যাখ্যা বাণিজ্য বাজারের প্রতিযোগিতায় বিশ্বের সবচেয়ে বড় কোম্পানি হলো 'অ্যাপল'। ৩ ডিসেম্বর ২০২১ বিশ্বের প্রথম ট্রিলিয়ন মার্কিন ডলার বাজারমূল্যের মাইলফলক স্পর্শ করে অ্যাপল। উল্লেখ্য, স্টিভ জবস, স্টিভ ওজনিয়াক এবং রোনাল্ড ওয়েন মিলে যুক্তরাষ্ট্রের কুপারটিনোতে 'অ্যাপল' প্রতিষ্ঠা করেন। এর সদর দপ্তর ক্যালিফোর্নিয়ার সিলিকন ভ্যালিতে।

48. As an alternative to Facebook, Bangladesh is going to launch in own social media platform named—
ⓐ Jogajog ⓑ Alapon
ⓒ Pipilika ⓓ BD Community

ব্যাখ্যা ফেসবুকের বিকল্প হিসেবে বাংলাদেশ 'যোগাযোগ' নামের নতুন সামাজিক মিডিয়া প্লাটফর্ম তৈরি করতে যাচ্ছে। ফেসবুকের মতোই এটি একটি সামাজিক যোগাযোগ মাধ্যম হতে যাচ্ছে, যেখানে ব্যবহারকারীদের তথ্য এবং ব্যক্তিগত সুরক্ষা নিরাপদ থাকবে। উল্লেখ্য, এর মাধ্যমে উদ্যোক্তারা তথ্য ও যোগাযোগের জন্য নিজেদের একটি অনলাইন মার্কেটপ্লেস ও অনলাইন গ্রুপ তৈরি করে একে অন্যের সাথে যুক্ত হতে পারবে।

49. Bangladesh has recently been elected to which post in the 76th session of the UN General Assembly?
ⓐ President ⓑ Vice-President
ⓒ Treasurer ⓓ Keynote Speaker

ব্যাখ্যা সম্প্রতি বাংলাদেশ জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশনের সহ-সভাপতি নির্বাচিত হয়। নিউইয়র্কে জাতিসংঘের সদর দপ্তরের সাধারণ পরিষদের হলে অনুষ্ঠিত নির্বাচনে বাংলাদেশ সর্বসম্মতিক্রমে এশিয়া-প্যাসিফিক অঞ্চল থেকে সহ-সভাপতি নির্বাচিত হয় ৭ জুন ২০২১। এক বছর মেয়াদের এই দায়িত্ব সেপ্টেম্বর ২০২১ থেকে শুরু হয়। উল্লেখ্য, এর আগে বাংলাদেশ ২০১৬-১৭ মেয়াদে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনে সহ-সভাপতি হিসেবে নেতৃত্ব দেয়।

50. Which is the host country of Copa America 2021?
ⓐ Brazil ⓑ Argentina
ⓒ Italy ⓓ Colombia

ব্যাখ্যা কোপা আমেরিকা ২০২১-এর আয়োজক দেশ ছিল ব্রাজিল। এটি ছিল কোপা আমেরিকা'র ৪৭তম আসর। এ আসরে চ্যাম্পিয়ন ও রানার্সআপ হয় যথাক্রমে আর্জেন্টিনা ও ব্রাজিল। উল্লেখ্য, ২০২৪ সালে ৪৮তম কোপা আমেরিকা অনুষ্ঠিত হবে ইকুয়েডরে।

51. Which Bangladesh Scientist has won the Ramon Magsaysay Award 2021?
ⓐ Firdausi Qadri ⓑ Jesmin Firdausi
ⓒ Jafar Iqbal ⓓ Mahmudul Haque

ব্যাখ্যা এশিয়ার নোবেলখ্যাত র‍্যামন ম্যাগসেসে পুরস্কার ২০২১ লাভ করেন আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিআর,বি) জ্যেষ্ঠ বিজ্ঞানী ড. ফেরদৌসী কাদরী। নিরাপদ পানি, স্যানিটেশন, শিক্ষা ও চিকিৎসার কম সুযোগ-সুবিধার কারণে এশিয়া ও আফ্রিকার দেশগুলোর প্রধান রোগ কলেরা ও টাইফয়েড। কলেরা টিকা নিয়ে গবেষণা ও সাশ্রয়ী মূল্যে টিকা সহজলভ্য করে লাখো মানুষের প্রাণ রক্ষায় ভূমিকা রাখায় তাকে এ পুরস্কার প্রদান করা হয়।

52. Bangavax's COVID 19 vaccine has recently been developed by which Bangladesh pharmaceutical company?
ⓐ Beximco Pharma ⓑ Square Pharma
ⓒ ACI Pharma ⓓ Globe Biotech

ব্যাখ্যা ২ জুলাই ২০২০ বাংলাদেশের গ্লোব ফার্মাসিউটিক্যালস লিমিটেডের সহযোগী প্রতিষ্ঠান 'গ্লোব বায়োটেক' 'বঙ্গভ্যাক্স' (প্রথম নাম ব্যানকোভিড) নামক কোভিড-১৯-এর টিকা তৈরির ঘোষণা দেয়। টিকাটি mRNA প্রযুক্তিতে তৈরি বিশ্বের প্রথম এক ডোজের টিকা বা SARS-CoV-2 ভাইরাসের বিরুদ্ধে সফলভাবে মানব কোষ এবং প্রাণীদেহে সুদৃঢ় সুরক্ষা দেখিয়েছে। এটি করোনাভাইরাসকে প্রতিরোধে সক্ষম বলে জানিয়েছিল মার্কিন মেডিকেল জার্নাল বায়ো আর্কাইভ।

53. How many spans are there in the Padma Bridge?
ⓐ 40 ⓑ 41
ⓒ 42 ⓓ 43

ব্যাখ্যা ৬.১৫ কিমি দীর্ঘ পদ্মা সেতুর মোট স্প্যান সংখ্যা ৪১টি। প্রতিটি স্প্যানের দৈর্ঘ্য ১৫০ মিটার। ৩৭ ও ৩৮ নং পিলারের ওপর পদ্মা সেতুর প্রথম স্প্যান বসানো হয় ৩০ সেপ্টেম্বর ২০১৭। ১২ ও ১৩ নং পিলারের ওপর পদ্মা সেতুর সর্বশেষ বা ৪১তম স্প্যান বসানো হয় ১০ ডিসেম্বর ২০২০। উল্লেখ্য, ৪ লেনবিশিষ্ট পদ্মা সেতুর পিলার সংখ্যা ৪২টি এবং পাইল সংখ্যা ২৯৪টি।

54. Which of the following COVID-19 Vaccine was invented in Russia?
ⓐ Sputnik V ⓑ Sinopharm
ⓒ Ban Covid ⓓ Russ Vas

ব্যাখ্যা কোভিড-১৯ এর ভ্যাকসিন 'স্পুটনিক ভি' রাশিয়ায় উদ্ভাবিত হয়েছিল। রাশিয়া এটি উদ্ভাবনের ঘোষণা দেয় ১১ আগস্ট ২০২০। টিকাটি উদ্ভাবন করে গামালিয়া ন্যাশনাল রিসার্চ সেন্টার। এটি দুই ডোজের ভ্যাকসিন। প্রথম ডোজ দেয়ার ২১ দিন পর দ্বিতীয় ডোজ দিতে হয়। বিশ্বের প্রথম কৃত্রিম উপগ্রহ স্পুটনিকের নামে এই ভ্যাকসিনের নামকরণ করে রাশিয়া। উল্লেখ্য, বাংলাদেশে এটি ব্যবহারের অনুমতি দেয়া হয় ২৭ এপ্রিল ২০২১।

55. The largest democratic country in the world is—
ⓐ USA ⓑ UK
ⓒ China ⓓ India

ব্যাখ্যা ১৫ আগস্ট ১৯৪৭ স্বাধীনতাপ্রাপ্ত ভারতকে পৃথিবীর সর্ববৃহৎ গণতান্ত্রিক রাষ্ট্র বলা হয়। উল্লেখ্য, ১৯৫০ সালের ২৬ জানুয়ারি ভারতীয় গণপরিষদের সংবিধান কার্যকর হলে ভারত একটি গণতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হয়। আয়তনের দিক থেকে দক্ষিণ এশিয়ার বৃহত্তম দেশ ভারত।

56. Which African country first recognized Bangladesh after the liberation war?
ⓐ Senegal ⓑ Egypt
ⓒ Uganda ⓓ South Africa

ব্যাখ্যা বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আফ্রিকান দেশ সেনেগাল (১ ফেব্রুয়ারি ১৯৭২)। প্রথম অনারব মুসলিম দেশ হিসেবেও বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে দেশটি। উল্লেখ্য, বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ ভুটান (৬ ডিসেম্বর ১৯৭১)। ভুটানের কিছু সময় পর ভারত ৬ ডিসেম্বর ১৯৭১ দ্বিতীয় দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয়।

57. Which division of Bangladesh has no border with India?
ⓐ Rajshahi ⓑ Khulna
ⓒ Barishal ⓓ Chattogram

ব্যাখ্যা বাংলাদেশের ঢাকা ও বরিশাল বিভাগের সাথে ভারতের কোনো সীমান্ত সংযোগ নেই। উল্লেখ্য, একমাত্র চট্টগ্রাম বিভাগের সাথে মিয়ানমারের সীমান্ত সংযোগ রয়েছে। বাংলাদেশের সীমান্ত রয়েছে ভারত ও মিয়ানমার এই ২টি দেশের সাথে। বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ৩২টি। ভারত ও মিয়ানমার উভয় দেশের সীমান্তবর্তী জেলা রাঙ্গামাটি।

58. Which is the largest Muslim country in the world by population?
ⓐ Indonesia ⓑ Pakistan
ⓒ Bangladesh ⓓ Turkey

ব্যাখ্যা জনসংখ্যায় পৃথিবীর বৃহত্তম মুসলিম দেশ ইন্দোনেশিয়া। উল্লেখ্য, বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন ২০২২ অনুযায়ী ইন্দোনেশিয়ার জনসংখ্যা ২৭.৯১ কোটি। পৃথিবীর জনসংখ্যা ৭৯৫.৪০ কোটি। জনসংখ্যায় পৃথিবীর বৃহত্তম দেশ চীন। জনসংখ্যায় বিশ্বে বাংলাদেশের অবস্থান অষ্টম এবং সার্কভুক্ত দেশে তৃতীয়।

উত্তর

44	b
45	a
46	b
47	a
48	a
49	b
50	a
51	a
52	d
53	b
54	a
55	d
56	a
57	c
58	a

CamScanner

58. Which day is observed as the Mujibnagar Day?
ⓐ 17 April ⓑ 10 April
ⓒ 21 January ⓓ 4 November

ব্যাখ্যা ১৭ এপ্রিল মুজিবনগর দিবস পালন করা হয়। কারণ ১৯৭১ সালের ১৭ এপ্রিল কুষ্টিয়ার মেহেরপুরের বৈদ্যনাথতলার আমবাগান এলাকা (বর্তমান মুজিবনগর) আম্রকাননে বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করে। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠন ও মন্ত্রিসভার শপথপত্র জারি করা হয় ১০ এপ্রিল ১৯৭১। ১০ জানুয়ারি বঙ্গবন্ধু দেশে প্রত্যাবর্তন দিবস।

59. Which of the following country does not belong to G-8?
ⓐ Switzerland ⓑ France
ⓒ Germany ⓓ Italy

ব্যাখ্যা ১৫ মার্চ ১৯৯৮ প্রতিষ্ঠিত বিশ্বের শিল্পোন্নত ৮টি দেশের সরকার বা রাষ্ট্রপ্রধানদের জোট জি-৮ এর অন্তর্ভুক্ত দেশ নয় সুইজারল্যান্ড। পূর্বে এর সদস্য সংখ্যা ৮টি ছিল। তবে ক্রিমিয়া ইস্যুতে রাশিয়ার সদস্যপদ স্থগিত হওয়ার বর্তমানে এটি জি-৭ নামে পরিচিত। উল্লেখ্য, সংশ্লিষ্ট একমাত্র ইউরোপীয় দেশ জার্মান।

61. The volatile memory of a computer is known as—
ⓐ ROM ⓑ BIOS
ⓒ RAM ⓓ SSD

ব্যাখ্যা RAM বা Random Access Memory হলো কম্পিউটারের অস্থায়ী বা volatile মেমোরি। ROM বা Read Only Memory হলো স্থায়ী বা Non-Volatile মেমোরি। BIOS-এর পূর্ণরূপ Basic Input Output System এবং SSD-এর পূর্ণরূপ Solid State Drive।

62. Which of the following is used to transfer files?
ⓐ HTTP ⓑ HTML
ⓒ IP ⓓ FTP

ব্যাখ্যা FTP-এর পূর্ণরূপ File Transfer Protocol যা ফাইল ট্রান্সফারে ব্যবহৃত হয়। HTTP-এর পূর্ণরূপ Hypertext Transfer Protocol, HTML-এর পূর্ণরূপ Hypertext Markup Language এবং IP-এর পূর্ণরূপ— Internetworking Protocol।

63. The machine readable form of a program is called—
ⓐ Source code ⓑ Course code
ⓒ Object code ⓓ Executable file

ব্যাখ্যা প্রোগ্রাম দুই ধরনের হয় source code বা উৎস প্রোগ্রাম এবং কল্প বা object code। Object code মূলত মেশিন ভাষায় থাকে যা সহজেই মেশিন read করতে পারে। Source code থেকে object code-এ পরিণত করতে অনুবাদক প্রোগ্রাম ব্যবহার করা হয়।

64. A proxy service is need for which of the following?
ⓐ To provide security against unauthorized users
ⓑ To process client requests for web pages
ⓒ To process client requests for database access
ⓓ To protect against virus

ব্যাখ্যা কম্পিউটার নেটওয়ার্কে প্রক্সি সার্ভার হলো এমন এক সার্ভার, যা ক্লায়েন্ট থেকে আসা অন্যান্য সার্ভারের তথ্য অনুরোধগুলোর মধ্যস্থতাকারী হিসেবে কাজ করে।

65. What is the basic of hexadecimal number system?
ⓐ 2 ⓑ 8
ⓒ 12 ⓓ 16

ব্যাখ্যা Hexadecimal number system-এ 16টি প্রতীক ব্যবহার করা হয়। প্রতীকগুলো হলো (0–9) এবং (A–F)।

66. How many member are in FBCCI?
ⓐ 368 ⓑ 363
ⓒ 364 ⓓ 360

[Note : FBCCI-এর অফিসিয়াল ওয়েবসাইট অনুযায়ী ৫০৮ জন।]

67. Who was the 1st Budget proposer of Bangladesh?
ⓐ Abu Hena Mohammad Mustafa Kamal
ⓑ Tajuddin Ahmed
ⓒ Abul Maal A Muhith
ⓓ Abu Sayeed Chowdhury

ব্যাখ্যা বাংলাদেশের প্রথম বাজেটের প্রস্তাবক ছিলেন অর্থমন্ত্রী তাজউদ্দীন আহমদ (৩০ জুন ১৯৭২)। উল্লেখ্য, বাংলাদেশের জাতীয় বাজেট সর্বাধিকবার পেশ করেন এম সাইফুর রহমান ও আবুল মাল আবদুল মুহিত (১২ বার)। আবু হেনা মোহাম্মদ মুস্তফা কামাল হলেন বাংলাদেশ সরকারের বর্তমান অর্থমন্ত্রী।

68. Which city is the host of 2020 Summer Paralympics—
ⓐ Oslo ⓑ Morocco
ⓒ Tokyo ⓓ Turkey

ব্যাখ্যা ২০২০ সালের গ্রীষ্মকালীন প্যারালিম্পিকের আয়োজক শহর জাপানের রাজধানী টোকিও। এই আসরটি অনুষ্ঠিত হয় ২৪ আগস্ট— ৫ সেপ্টেম্বর ২০২১। এটি ছিল প্যারালিম্পিকের ১৬তম আসর। আন্তর্জাতিক প্যারালিম্পিক কমিটি এটি পরিচালনা করে থাকে।

69. 'My Life' is the autobiography of —.
ⓐ Mahatma Gandhi ⓑ Bill Clinton.
ⓒ Gorge Washington ⓓ Donald Trump

ব্যাখ্যা সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটনের আত্মজীবনী 'মাই লাইফ'। গ্রন্থটি প্রকাশিত হয় ২২ জুন ২০০৪। নফ পাবলিশিং গ্রুপ গ্রন্থটি প্রকাশ করে।

70. Which country is the biggest exporter of natural Gas of the Middle-East?
ⓐ Qatar ⓑ Saudi Arabia
ⓒ Iran ⓓ Iraq

ব্যাখ্যা শুধু মধ্যপ্রাচ্য নয় বিশ্বের তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) বৃহত্তম রপ্তানিকারক দেশ কাতার। উল্লেখ্য, মধ্যপ্রাচ্যে দ্বিতীয় বৃহত্তম প্রাকৃতিক গ্যাসের মজুদ রয়েছে কাতারে। বিশ্বের মোট প্রাকৃতিক গ্যাস রিজার্ভের ১২.৫% কাতারে মজুদ রয়েছে।

উত্তর

59	a
60	a
61	c
62	d
63	c
64	b
65	d
66	Note
67	b
68	c
69	b
70	a

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (BSCIC)-এর প্রমোশন অফিসার/এক্সটেনশন অফিসার/অন্যান্য পদ ২০২১

পরীক্ষার তারিখ : ১৮.০৬.২০২১; সময় : ৯০; পূর্ণমান : ৮০

Section-A (MCQ); সময় : ৩০ মিনিট; পূর্ণমান : ৩০

[প্রতিটি সঠিক উত্তরের জন্য মান ০.৭৫ এবং ভুল উত্তরের জন্য মান (–০.২০)]

০১. ১৯৬৬ সালে বাঙালি জাতির মুক্তির সনদ 'ছয়-দফা' দাবি কোথায় উত্থাপন করা হয়?
ⓚ ঢাকায় ⓛ লাহোরে
ⓜ করাচিতে ⓝ চট্টগ্রামে

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অর্থনৈতিক বৈষম্য থেকে মুক্তির জন্য ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে ঐতিহাসিক 'ছয়দফা' কর্মসূচি উত্থাপন করেন। এ কর্মসূচিকে বাংলার জনগণ ম্যাগনাকার্টা হিসেবে গ্রহণ করে। স্বয়ং বঙ্গবন্ধু এ ছয় দফাকে পূর্ব পাকিস্তানের 'বাঁচার দাবি' বলে আখ্যায়িত করেন।

০২. 'মুক্ত গণমাধ্যম সূচক-২০২১'-এ বাংলাদেশের অবস্থান কততম?
ⓚ ১৪৬তম ⓛ ১৪৮তম
ⓜ ১৫২তম ⓝ ১৫৪তম

[Note : ৩ মে ২০২২ ফ্রান্সভিত্তিক অলাভজনক সংস্থা Reporters Without Borders (RSF) কর্তৃক প্রকাশিত হয় 'মুক্ত গণমাধ্যম সূচক-২০২২'। সূচকে ১৮০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১৬২তম। সূচকে শীর্ষ দেশ নরওয়ে এবং সর্বনিম্ন দেশ উত্তর কোরিয়া।]

০৩. 'মৃত্যুক্ষুধা' উপন্যাসটি কার লেখা?
ⓚ হুমায়ূন আহমেদ ⓛ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓜ কাজী নজরুল ইসলাম ⓝ ইমদাদুল হক মিলন

ব্যাখ্যা কৃষ্ণনগরের চাঁদ-সড়ক এলাকায় অবস্থানকালে কাজী নজরুল ইসলাম 'মৃত্যুক্ষুধা' উপন্যাস রচনা করেন। উপন্যাসের পটভূমি কৃষ্ণনগর। সেখানকার সাধারণ মানুষের বাস্তব জীবনের আলোকে রচিত এটি তার শ্রেষ্ঠ উপন্যাস। উল্লেখযোগ্য চরিত্র : রুবি, আনসার, মোয়াজ্জেম, গজালের মা, মেজো বউ।

০৪. করোনা ভাইরাসের বিরুদ্ধে বিশ্বের প্রথম কোন দেশ প্রাণীর জন্য ভ্যাকসিন প্রবর্তন করে?
ⓚ চীন ⓛ রাশিয়া
ⓜ মার্কিন যুক্তরাষ্ট্র ⓝ ইসরাইল

ব্যাখ্যা মানুষের জন্য করোনা টিকার প্রথম নিবন্ধন দেয়ার পর ২০২১ সালের মার্চ মাসে পশু-পাখির জন্য করোনা টিকা তৈরি নিয়ে অগ্রগতির সুখবর দেয় রাশিয়া। তাদের উদ্ভাবিত ভ্যাকসিন 'কারনিভ্যাক-কভ' অ্যান্টিবডি তৈরি করতে সক্ষম হয়েছে জানানো হয় এবং সেটির নিবন্ধন দেয়া হয়।

০৫. 'সাগরকন্যা' কোন এলাকার ভৌগোলিক নাম?
ⓚ টেকনাফ ⓛ কক্সবাজার
ⓜ পটুয়াখালী ⓝ খুলনা

ব্যাখ্যা পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় অবস্থিত কুয়াকাটা সমুদ্র সৈকত 'সাগরকন্যা' নামে পরিচিত। কক্সবাজার ও খুলনা জেলার পুরাতন নাম যথাক্রমে পালংকি ও জাহানাবাদ।

০৬. বাংলাদেশ থেকে মিয়ানমারে ফিরে যাওয়ার ব্যাপারে রোহিঙ্গাদের প্রধান দাবি কোনটি?
ⓚ নাগরিকত্ব ⓛ জানমালের নিরাপত্তা
ⓜ গণহত্যার বিচার ⓝ ঘরবাড়ি পুনর্নির্মাণ

ব্যাখ্যা বর্তমান বিশ্বের সবচেয়ে নিপীড়িত জনগোষ্ঠী রোহিঙ্গাদের বাংলাদেশ থেকে মিয়ানমারে প্রত্যাবর্তনে প্রধান দাবি নাগরিকত্ব। উল্লেখ্য, ১৫ অক্টোবর ১৯৮২ মিয়ানমার সরকার যে নাগরিকত্ব আইন প্রকাশ করে সেখানে ১৩৫টি গোত্র নাগরিকত্ব লাভ করলেও রোহিঙ্গাদের অস্বীকার করা হয়।

০৭. 'Man is born free and everywhere he is in chains'– উক্তিটি কার?
ⓚ আব্রাহাম লিংকন ⓛ বারাক ওবামা
ⓜ ষোড়শ লুই ⓝ জ্যঁ জ্যাক রুশো

ব্যাখ্যা 'Man is born free and everywhere he is in chains' উক্তিটি করেছেন সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা, ফরাসি বিপ্লবের অগ্রপথিক ও স্বেচ্ছাজাত সুইস দার্শনিক জ্যঁ জ্যাক রুশো। তার 'সোশ্যাল কন্ট্রাক্ট' বইয়ে উক্তিটি করেন। তার উল্লেখযোগ্য গ্রন্থসমূহ— ডিসকোর্স অন দি অরিজিন অ্যান্ড ফাউন্ডেশন অব ইনেকুয়ালিটি, সোশ্যাল কন্ট্রাক্ট, ইমাইল।

০৮. ক্রিমিয়া পূর্বে কোন দেশের অংশ ছিল?
ⓚ রাশিয়া ⓛ ইউক্রেন
ⓜ পোল্যান্ড ⓝ লাটভিয়া

ব্যাখ্যা ইউক্রেনের স্বায়ত্তশাসিত অঞ্চল ছিল ক্রিমিয়া। ইউক্রেন থেকে বিচ্ছিন্ন হয়ে রাশিয়ায় যোগ দেয়ার জন্য ১৬ মার্চ ২০১৪ ক্রিমিয়ায় গণভোট অনুষ্ঠিত হয়। গণভোটের ফলাফল অনুযায়ী ক্রিমিয়ার পার্লামেন্ট আনুষ্ঠানিকভাবে স্বাধীনতা ঘোষণা করে ও নিজেদের রাশিয়ার সাথে অন্তর্ভুক্ত হওয়ার আবেদন করে ১৭ মার্চ ২০১৪।

উত্তর

১	খ
২	Note
৩	গ
৪	খ
৫	গ
৬	ক
৭	ঘ
৮	খ

CamScanner

০৯. কোন সভ্যতাটি প্রাচীনতম?
ⓚ গ্রিক সভ্যতা ⓛ সিন্ধু সভ্যতা
ⓜ সুমেরীয় সভ্যতা ⓝ মিশরীয় সভ্যতা

ব্যাখ্যা পৃথিবীর সবচেয়ে প্রাচীনতম সভ্যতা মেসোপটেমীয় সভ্যতা। তবে মেসোপটেমিয়ার গড়ে ওঠা সবচেয়ে প্রাচীন সভ্যতা সুমেরীয় সভ্যতা। এ সভ্যতায় সুমেরীয়দের সবচেয়ে বড় অবদান লিখন পদ্ধতি (কিউনিফর্ম) ও চাকা আবিষ্কার। তাপাদন অনুযায়ী উত্তর হবে সুমেরীয় সভ্যতা।

১০. ওয়াটারলু যুদ্ধে কে পরাজিত হয়েছিলেন?
ⓚ এডলফ হিটলার ⓛ জুলিয়াস সিজার
ⓜ জোসেফ স্টালিন ⓝ নেপোলিয়ন বোনাপার্ট

ব্যাখ্যা ১৮১৫ সালে সংঘটিত ওয়াটারলু যুদ্ধে ব্রিটেনের নেতৃত্বাধীন মিত্রশক্তির প্রধান সেনাপতি ডিউক অব ওয়েলিংটনের নিকট ফ্রান্সের প্রধান সেনাপতি নেপোলিয়ন বোনাপার্ট পরাজিত হয়েছিলেন। বিখ্যাত যুদ্ধক্ষেত্র ওয়াটারলু বেলজিয়ামে অবস্থিত।

১১. 'স্যাডু অব পিস' কোথায় অবস্থিত?
ⓚ নাগাসাকি ⓛ নিউইয়র্ক
ⓜ হো চি মিন সিটি ⓝ হিরোশিমা

[Note : 'স্যাডু অব পিস' দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউলে অবস্থিত। ৯ আগস্ট ১৯৪৫ জাপানের নাগাসাকিতে ফ্যাটম্যান নামক আণবিক বোমা ফেলা হলে লাখো মানুষ প্রাণ হারান। এর বিপক্ষে জনমত গড়ে তুলতে ১৯৫৫ সালে 'নাগাসাকি পিস পার্ক' নির্মাণ করা হয়। এ পার্কে বিশ্বের ১৬টি দেশের ভাস্কর্য স্থান পেয়েছে।]

১২. IBRD-এর পূর্ণরূপ কী?
ⓚ International Banking for Reconstruction and Development.
ⓛ International Bank for Reforms and Development.
ⓜ Interregional Bank for Reconstruction and Development.
ⓝ International Bank for Reconstruction and Development.

ব্যাখ্যা IBRD-এর পূর্ণরূপ International Bank for Reconstruction and Development। ১৯৪৪ সালে ব্যাংকটি প্রতিষ্ঠিত হয়। ১৯৪৬ সালে ব্যাংকটি কার্যক্রম শুরু করে। এর সদর দপ্তর ওয়াশিংটন ডিসি (যুক্তরাষ্ট্র)।

১৩. ভারতের কোন প্রধানমন্ত্রীর নাম বোফোর্স অস্ত্র কেলেঙ্কারির সাথে জড়িয়ে আছে?
ⓚ রাজীব গান্ধী ⓛ পি ভি নরসিংহ রাও
ⓜ চন্দ্রশেখর ⓝ ইন্দিরা গান্ধী

ব্যাখ্যা ভারতের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী (৩০.১০.১৯৮৪-০২.১২.১৯৮৯) বোফোর্স অস্ত্র কেলেঙ্কারির সাথে জড়িত ছিলেন। বোফোর্স হলো সুইডেনের অস্ত্র উৎপাদন ও বিক্রয়কারী সংস্থা। ইন্দিরা গান্ধী ছিলেন ভারতের প্রথম নারী প্রধানমন্ত্রী। উল্লেখ্য, ভারতের প্রথম প্রধানমন্ত্রী ছিলেন পণ্ডিত জওহরলাল নেহরু।

১৪. 'এই জানোয়ারদের হত্যা করতে হবে'– শিরোনামের মুক্তিযুদ্ধভিত্তিক পোস্টারের শিল্পী কে?
ⓚ জয়নুল আবেদিন ⓛ কামরুল হাসান
ⓜ শাহাবুদ্দীন ⓝ এস এম সুলতান

ব্যাখ্যা মুক্তিযুদ্ধের সময়কার পোস্টার 'এই জানোয়ারদের হত্যা করতে হবে'-এর শিল্পী ছিলেন কামরুল হাসান। এটির মাধ্যমে ৭১-এর গণহত্যার নায়ক ইয়াহিয়া খানের রক্তচোষা দানবমূর্তি ফুটিয়ে তুলেছিলেন শিল্পী কামরুল হাসান। কামরুল হাসানের প্রকৃত নাম আবু শরাফ মোহাম্মদ কামরুল হাসান।

১৫. গাড়ি থেকে নির্গত কালো ধোঁয়ায় কোন বিষাক্ত গ্যাস বের হয়?
ⓚ কার্বন মনোঅক্সাইড ⓛ হাইড্রোজেন
ⓜ নাইট্রোজেন ⓝ অক্সিজেন

ব্যাখ্যা গাড়ির কালো ধোঁয়া বের হয় সাধারণ জ্বালানির অসম্পূর্ণ দহন থেকে। কালো ধোঁয়ায় কার্বন মনোক্সাইড ছাড়া ক্ষতিকর বস্তুকণা, সালফার ডাই-অক্সাইড, নাইট্রোজেন ডাই-অক্সাইড, সিসাসহ অনেক ক্ষতিকর উপাদান থাকে, যা ফুসফুস ক্যান্সারসহ বিভিন্ন মরণব্যাধি রোগের জন্য দায়ী।

১৬. ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে কোন সংস্থা?
ⓚ UNHCR ⓛ FAW
ⓜ WFP ⓝ Red Cross

ব্যাখ্যা ক্ষুধামুক্ত বিশ্ব গড়তে এবং সংঘাত কবলিত এলাকাগুলোতে শান্তি প্রতিষ্ঠার জন্য ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP)। উল্লেখ্য ২০২২ সালে শান্তিতে নোবেল পান যৌথভাবে বেলারুশের মানবাধিকার কর্মী অ্যালেস বিয়ালিয়াৎস্কি, রাশিয়ার মানবাধিকার সংগঠন মেমোরিয়াল ও ইউক্রেনের মানবাধিকার সংগঠন সেন্টার ফল সিভিল লিবার্টিস।

১৭. টেস্ট ক্রিকেটে বাংলাদেশের বর্তমান অবস্থান কত?
ⓚ অষ্টম ⓛ নবম
ⓜ সপ্তম ⓝ দশম

ব্যাখ্যা ২০২২ সালে প্রকাশিত আইসিসি টেস্ট র‍্যাংকিং-এ বাংলাদেশের অবস্থান নবম। এতে প্রথম ও দ্বিতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে অস্ট্রেলিয়া ও ভারত। তৃতীয় ও চতুর্থ অবস্থানে রয়েছে যথাক্রমে দক্ষিণ আফ্রিকা ও ইংল্যান্ড।

উত্তর
১ গ
১০ ঘ
১১ Note
১২ ঘ
১৩ ক
১৪ খ
১৫ ক
১৬ গ
১৭ খ

১৮. স্প্রেডশীট, MS-ওয়ার্ড ও পাওয়ার পয়েন্ট কোন সফটওয়্যার কোম্পানির পণ্য?
ⓚ Microsoft ⓛ IBM
ⓜ Apple ⓝ Dell

ব্যাখ্যা যুক্তরাষ্ট্রভিত্তিক একটি কম্পিউটার প্রযুক্তি কর্পোরেশন হলো মাইক্রোসফট কর্পোরেশন। কম্পিউটার ডিভাইসের জন্য সফটওয়্যার তৈরি, লাইসেন্স দেয়া এবং পৃষ্ঠপোষকতা করে মাইক্রোসফট। এই প্রতিষ্ঠানের সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন অঙ্গরাজ্যের রেডমন্ড শহরে। প্রতিষ্ঠাতা বিল গেটস ও পল অ্যালেন। উইন্ডোজ অপারেটিং সিস্টেম, মাইক্রোসফট অফিস প্রোগ্রাম, আর্টটসুক প্রভৃতি এই প্রতিষ্ঠানের পণ্য।

১৯. আন্ডারলাইন করার কী-বোর্ড (Key Board) কমান্ড–
ⓚ Ctrl + V ⓛ Ctrl + U
ⓜ Ctrl + C + U ⓝ Ctrl + X

ব্যাখ্যা Ctrl + V টেক্সটকে পেস্ট (paste) করার জন্য; Ctrl + U টেক্সটকে আন্ডারলাইন (underline) করার জন্য; Ctrl + X টেক্সটকে কাট (cut) করার জন্য ব্যবহৃত হয়।

২০. Font সাইজ ছোট করার কী-বোর্ড (Key Board) কমান্ড—
ⓚ Ctrl + P ⓛ Ctrl + B
ⓜ Ctrl +] ⓝ Ctrl + [

ব্যাখ্যা Ctrl + P দ্বারা ডকুমেন্ট প্রিন্ট; Ctrl + B দ্বারা টেক্সটকে বোল্ড (bold) করা হয়। Ctrl +] দ্বারা font সাইজ বড় করা এবং Ctrl + [দ্বারা font সাইজ ছোট করা হয়।

২১. বাংলাদেশের জাতীয় নিরাপত্তা ও সংহতির প্রতীক—
ⓚ প্রধান বিচারপতি ⓛ স্পিকার
ⓜ প্রধানমন্ত্রী ⓝ রাষ্ট্রপতি

ব্যাখ্যা বাংলাদেশের জাতীয় নিরাপত্তা ও সংহতির প্রতীক প্রধানমন্ত্রী। জাতীয় প্রতিরক্ষা তার অন্যতম দায়িত্ব। সংকটকালে সম্পূর্ণ প্রতিরক্ষার দায়িত্ব প্রধানমন্ত্রীর নিয়ন্ত্রণে আসে। জাতীয় নিরাপত্তা এবং রাষ্ট্রের সংহতির জন্য তিনি সম্ভাব্য সবকিছু করে থাকেন। (সূত্র : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বিবিএস প্রোগ্রাম, ইউনিট-৯, পৃষ্ঠা-১৪৬)।

২২. 'ততোধিক' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?
ⓚ তত + অধিক ⓛ ততঃ + অধিক
ⓜ ততো + অধিক ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা অ-ধ্বনির পরস্থিত (অঘোষ উষ্মবর্ণ) বিসর্গের পর অ ধ্বনি থাকলে অ + ঃ + অ-এ তিনে মিলে ও-কার হয়। যেমন— ততঃ + অধিক = ততোধিক, বয়ঃ + অধিক = বয়োধিক।

২৩. নিচের কোনটি সঠিক বানান?
ⓚ পুনঃরুজ্জীবন ⓛ পুনরুজ্জীবণ
ⓜ পুনরুজ্জীবন ⓝ পুনরুজ্জীবন

ব্যাখ্যা সঠিক বানান- পুনরুজ্জীবন। আরো কয়েকটি শুদ্ধ বানান— সিন্ধু, রাজাত্যাভিমান, ইতঃপূর্বে, ইতোমধ্যে, অতদ্গন্ধ, পার্বত্য, ঘূর্ণ্যমান, জন্মবার্ষিক, যুগ্মবন্ধ, সঙ্গীবনী, মনঃপূত, ব্যাহৃত, বিজীষিকা, প্রোজ্জ্বল, পূজ্যপাদ, পৌরোহিত্য।

২৪. 'কোনো ভাবেই যা নিবারণ করা যায় না'— এককথায় কী হবে?
ⓚ দুর্নিবার ⓛ দুর্দমনীয়
ⓜ অদম্য ⓝ অনিবার্য

ব্যাখ্যা 'কোনো ভাবেই যা নিবারণ করা যায় না' এককথায় প্রকাশ – অনিবার্য। 'দমন করা যায় না যাকে'– অদম্য, 'দমন করা কঠিন এমন' — দুর্দমনীয়, 'নিবারণ করা কষ্টসাধ্য'– দুর্নিবার।

২৫. 'ঘাটের মরা' —বাগধারাটির অর্থ কী?
ⓚ ঘৃণার বস্তু ⓛ অতি বৃদ্ধ
ⓜ সদ্য মৃত ⓝ দুর্বল

ব্যাখ্যা 'ঘাটের মরা' বাগধারার অর্থ অতি বৃদ্ধ। 'উনপাঁজুরে' অর্থ দুর্বল।

২৬. 'গরীয়ান' শব্দটির স্ত্রীবাচক শব্দ কোনটি?
ⓚ গরিয়সী ⓛ গরিয়সী
ⓜ গরিয়নি ⓝ গরিয়নি

ব্যাখ্যা পুরুষবাচক শব্দের শেষে অত্ বানু মানু ঈয়ান থাকলে যথাক্রমে অতী, বতী, মতি, ঈয়সী হয়। যথা— সৎ-সতী, গুণবান-গুণবতী, শ্রীমান-শ্রীমতী, গরীয়ান- গরিয়সী।

২৭. 'বিধি' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ⓚ বিরোধ ⓛ অবিধি
ⓜ নিষেধ ⓝ নিষিদ্ধ

ব্যাখ্যা 'বিধি' শব্দের বিপরীত নিষেধ। নিষিদ্ধ — আদিষ্ট, বিরোধ— মিল।

২৮. 'তরঙ্গ' শব্দের বহুবচন কী?
ⓚ তরঙ্গমালা ⓛ তরঙ্গসর
ⓜ তরঙ্গরাশি ⓝ রঙ্গমল

ব্যাখ্যা অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ— গুচ্ছ, আবলি, দাম, নিকর, পুঞ্জ, রাজি, রাশি, মালা। উদাহরণ— পুস্তকাবলি, কবিতাগুচ্ছ, কুসুমদাম, কমলনিকর, মেঘপুঞ্জ, পর্বতমালা, তরঙ্গমালা, তারকারাজি, বালিরাশি, কুসুমনিচয় ইত্যাদি।

২৯. 'রিকশা' কোন ভাষার শব্দ?
ⓚ পর্তুগিজ ⓛ জাপানি
ⓜ গুজরাটি ⓝ ফরাসি

ব্যাখ্যা বাংলা ভাষায় জাপানি ভাষা থেকে আগত শব্দ— রিকশা, হাসনাহেনা, ক্যারেট, জুডো, হারিকিরি ইত্যাদি। গুজরাটি শব্দ— হরতাল, খদ্দর। পর্তুগিজ শব্দ— আলপিন, মাস্তুল, বোমা, জানালা, চাবি, পেঁপে, বেহালা। ফরাসি শব্দ— ক্যাফে, রেস্তোরাঁ, রেনেসাঁস, বুর্জোয়া, কুপন, ককটেল, দিনেমার, ডিপো, আঁতাত ইত্যাদি।

উত্তর
১৮ ক
১৯ খ
২০ ঘ
২১ গ
২২ খ
২৩ গ
২৪ ঘ
২৫ খ
২৬ ক
২৭ গ
২৮ ক
২৯ খ

CamScanner

৩১. কোনটি 'রাজপথ' শব্দের ব্যাসবাক্য?
ⓚ পথের রাজা ⓛ রাজার পথ
ⓜ রাজাদের পথ ⓝ রাজার নির্মিত পথ

ব্যাখ্যা: পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর) লোপ হয়ে যে সমাস হয়, তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। যেমন— রাজার পুত্র = রাজপুত্র। ষষ্ঠী তৎপুরুষ সমাসে 'রাজা' মূল শব্দ, পিতা, মাতা, ভ্রাতা মূলে যথাক্রমে পিতৃ, মাতৃ, ভ্রাতৃ হয়। যেমন— পথের রাজা = রাজপথ, মাতার স্নেহ = মাতৃস্নেহ, ভ্রাতার স্নেহ = ভ্রাতৃস্নেহ।

৩২. 'হৃদয় জাদুকর' বলা হয় কোন কবিকে?
ⓚ সত্যেন্দ্রনাথ দত্ত
ⓛ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓜ বেগম রোকেয়া
ⓝ কৃষ্ণচন্দ্র মজুমদার

ব্যাখ্যা: সত্যেন্দ্রনাথ দত্তের উপাধি — ছন্দের জাদুকর। বেগম রোকেয়া উপাধি — বাংলার মিল্টন। রবীন্দ্রনাথ ঠাকুরের হৃদয় ভানুসিংহ ঠাকুর আর কৃষ্ণচন্দ্র মজুমদারের ব্যঙ্গকালে হৃদয় ছিল রামচন্দ্র দাস সংক্ষেপে রাম। তাই পরিণত বয়সে 'রামের ইতিবৃত্ত' (১৮৬৮) নামে আত্মজীবনী রচনা করেন।

৩৩. ইংরেজি প্রবাদ 'Black and White'-এর অর্থ কী?
ⓚ চিরতরে ⓛ মৌখিকভাবে
ⓜ লিখিতভাবে ⓝ ভালোভাবে

ব্যাখ্যা: 'Black and White' একটি phrase and idiom। এর সঠিক অর্থ লিখিতভাবে।

৩৪. 'মাতৃস্নেহ কখনো শেষ হয় না'-এর ইংরেজি অনুবাদ কী?
ⓚ Love of mother never ends.
ⓛ Maternal loves never end.
ⓜ Never ends of maternal love.
ⓝ Love of mother does not never end.

ব্যাখ্যা: অপশন (খ) হবে না, কারণ Love শব্দটি abstract noun, এর সাথে s/es হয় না। (গ) হবে না, কারণ structurally sentence-টি wrong। (ঘ) হবে না, কারণ double negative আছে। সুতরাং অপশন (ক) সঠিক উত্তর।

৩৫. What is the antonym for the word 'foe'?
ⓚ Opponent ⓛ Enemy
ⓜ Friend ⓝ Rival

ব্যাখ্যা: Foe (শত্রু)-এর বিপরীত শব্দ Friend (বন্ধু)। অপরদিকে Opponent অর্থ প্রতিদ্বন্দ্বী, Enemy অর্থ শত্রু এবং Rival অর্থ প্রতিদ্বন্দ্বী।

৩৬. Identify the error from the underlined part of the sentence. 'The invention of the electric telegraph gave birth of the communication industry.'
ⓚ Invention ⓛ Birth
ⓜ of ⓝ Communications

ব্যাখ্যা: উক্ত sentence টিতে gave birth-এর পরে সরাসরি object বসবে। Preposition 'of'-এর ব্যবহার এখানে wrong।

৩৭. Which of the following sentence is not correct?
ⓚ I want that he go. ⓛ I want that he goes.
ⓜ I want him to go. ⓝ I prefer that he go.

ব্যাখ্যা: এখানে 'want' verb-টি subjunctive হিসেবে ব্যবহৃত হয়েছে। Subjunctive-এর পরে that clause-এর পরে verb-এর base form হয় কিন্তু অপশন (খ)-এ verb-এর সাথে es হওয়ায় sentence টি সঠিক নয়।

৩৭. ০.২ × ০.০২ × ০.০০২ × ০.০০০২ = কত?
ⓚ ০.০০০০০১৬ ⓛ ০.০০০০০০০০১৬
ⓜ ০.০০১৬ ⓝ ০.০০০০০০০১৬

ব্যাখ্যা: $.২ \times ০.০২ \times ০.০০২ \times ০.০০০২$
$= \frac{২}{১০} \times \frac{২}{১০০} \times \frac{২}{১০০০} \times \frac{২}{১০০০০}$
$= \frac{১৬}{১০০০০০০০০০}$
$= ০.০০০০০০০০১৬$

৩৮. $\sqrt{০.০০০০০৯}$ = কত?
ⓚ ০.০০০৩ ⓛ ০.৩
ⓜ ০.০০৩ ⓝ ০.০৩

ব্যাখ্যা: $\sqrt{০.০০০০০৯} = \sqrt{\frac{৯}{১০০০০০০}} = \frac{৩}{১০০০}$
$= ০.০০৩$

৩৯. তিন অংকের বৃহত্তম সংখ্যা ও ক্ষুদ্রতম সংখ্যা দুটির পার্থক্য কত?
ⓚ ৯৯৮ ⓛ ৯৮৮
ⓜ ৮৯৯ ⓝ ৮৮৮

ব্যাখ্যা: তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯
এবং তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০
∴ সংখ্যা দুইটির পার্থক্য = ৯৯৯ − ১০০
= ৮৯৯

৪০. $\sqrt{১} + \sqrt{১}$ এর বর্গ কত?
ⓚ ২ ⓛ ৪
ⓜ ৩ ⓝ ১

ব্যাখ্যা: $\sqrt{১} + \sqrt{১} = ১ + ১ = ২$
∴ $\sqrt{১} + \sqrt{১}$ এর বর্গ $= (২)^২ = ৪$

উত্তর

৩০	ক
৩১	ক
৩২	গ
৩৩	ক
৩৪	গ
৩৫	গ
৩৬	খ
৩৭	খ
৩৮	গ
৩৯	গ
৪০	খ

Section–B ; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৫০

English; Marks : 30

1. Translate from Bangla to English. 5×1 = 5
i. যত বেশি পড়বেন, তত বেশি জানবেন।
Ans : The more you read, the more you learn.
ii. তিনি আমার প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন।
Ans : He has refused my proposal.
iii. পরিচ্ছন্নতা একটি গুণ।
Ans : Cleanliness is a virtue.
iv. এ পোশাকে তোমাকে সুন্দর লাগে।
Ans : You look beautiful in this dress.
v. সুশৃঙ্খল জীবন সাফল্যের মূল চাবিকাঠি।
Ans : Disciplined life is the key to success.

2. Write meaning of the following idioms and make sentences with them : 5×1 = 5
i. At a loss (হতভম্ব/ কিংকর্তব্যবিমূঢ়)— I was at a loss getting the mysterious thing.
ii. Fight tooth and nail (প্রাণপণে যুদ্ধ করা)— Our freedom fighters fought tooth and nail in 1971 for our liberty against the Pakistani Army.
iii. Hue and cry (হৈ চৈ/ শোরগোল)— This is a quiet place and there is no hue and cry here.
iv. In lieu of (পরিবর্তে)— Give me a book in lieu of a pen.
v. By fits and starts (অনিয়মিতভাবে)— If you take meal by fits and starts, you will be sick.

3. Write the correct meaning of the underlined part of the following sentences : 4×1 = 4
i. She handed out warm clothes.
Ans : hand out— distribute (বণ্টন করা)।
ii. Please hand in your paper before Friday.
Ans : hand in— submit (জমা দেয়া)।
iii. The Cricket match kicked off at 3 o'clock.
Ans : kicked off— began (শুরু হয়েছে)।
iv. I came across my old friend day before yesterday.
Ans : come across— meet up (হঠাৎ দেখা হয়ে যাওয়া)।

4. Write meaning of the following words and make sentences with them : 3×1 = 3
i. Adept (দক্ষ)— He is adept at cooking vegetables.
ii. Adopt (দত্তক নেয়া)— A lot of childless couple are available to adopt a child.
iii. Adapt (খাপ খাওয়ানো)— He cannot adapt himself with the newly situation.

5. Fill in the blank with the appropriate preposition : 6×0.5 = 3
i. My cousin is senior — me.
ii. We should adhere — our strategy.
iii. The kid is trembling — fear.
iv. He is polite — his manners.
v. I'm always independent — my family.
vi. I've no zest — listening to music.
Ans : (i) to; (ii) to; (iii) with; (iv) in; (v) of; (vi) for.

6. Read the following passage and then answer (in your own words) the questions given at end of the passage. 10
Teaching is the noblest of all professions. A teacher has a sacred duty to perform. It is he/she on whom rests the responsibility of moulding the character of young children. Apart from developing their intellect, he/she can inculcate in them the qualities of good citizenship — remaining neat and clean, talking decently, and sitting properly. These virtues are not easy to be imbibed. Only he/she who himself/ herself leads a life of simplicity, purity, and rigid discipline can successfully cultivate these habits in the minds of his / her pupils.
Beside a teacher always remains young. He/she may grow old in age, but not in sprint. Perpetual contact with budding youths keeps him /her happy and cheerful. There are moments when domestic worries weigh heavily on his/ her mind but the delightful company of innocent children makes him /her overcome his/her transient moods of despair.
i. Give a suitable title for the passage. 2.5
Ans : An Ideal Teacher.
ii. Write a précis of the Passage. [Max. 5 sentence] 7.5
Ans : Teaching is a noble profession. A teacher himself lead a neat and clean, simple and disciplined life. He can inculcate these qualities in students and make them good citizens. Besides, a teacher always remains young forgetting his own domestic worries in the constant company of the young.

গণিত (মান : ২০)

৭. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন। ৪ × ২ = ৮
i. ৬(−৩) (১/৩) (−০.২৫) = কত?
Solution
$৬(-৩)\left(\frac{১}{৩}\right)(-০.২৫)$
$= ৬ \times (-৩) \times \frac{১}{৩} \times (-০.২৫)$
$= ৬ \times (-১) \times (-০.২৫)$
$= ৬ \times ০.২৫$
$= ১.৫০$ (উত্তর)

iii. -১ পাওয়ার জন $-\frac{৫}{৪}$ এর সঙ্গে কত যোগ করা দরকার?

Solution

-১ পাওয়ার জন $-\frac{৫}{৪}$ এর সঙ্গে যত যোগ করা দরকার তত হলো–

$$-১-\left(-\frac{৫}{৪}\right)$$

$$=-১+\frac{৫}{৪}$$

$$=\frac{-৪+৫}{৪}=\frac{১}{৪}$$ (উত্তর)

iii. একটি সংখ্যা ৭৫৭ থেকে যত ছোট ৫৫৫ থেকে তত বড়। সংখ্যাটি কত?

Solution

সংখ্যাটি হলো $=\frac{৭৫৭+৫৫৫}{২}=\frac{১৩১২}{২}$

$=৬৫৬$ (উত্তর)

iv. $-২+(-২)-\{-(২)\}-২$ এর মান কত?

Solution

$-২+(-২)-\{-(২)\}-২$

$=-২-২-\{-২\}-২$

$=-২-২+২-২$

$=-৪$ (উত্তর)

৮. কোনো একটি স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে $\frac{২}{৩}$ অংশ মহিলা। পুরুষ শিক্ষকদের ১২ জন অবিবাহিত এবং ৩/৫ অংশ বিবাহিত। ঐ স্কুলের মোট শিক্ষক-শিক্ষিকার সংখ্যা কত? ৪

Solution

পুরুষ শিক্ষকদের মধ্যে ১২ জন অবিবাহিত এবং $\frac{৩}{৫}$ অংশ বিবাহিত।

∴ অবিবাহিত পুরুষদের অংশ $=\left(১-\frac{৩}{৫}\right)$ অংশ

$=\left(\frac{৫-৩}{৫}\right)$ " $=\frac{২}{৫}$ অংশ

প্রশ্নমতে,

পুরুষ শিক্ষকদের $\frac{২}{৫}$ অংশ = ১২ জন

∴ " " ১ " $=\frac{১২\times৫}{২}$ " = ৩০ জন

শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে মহিলা $=\frac{২}{৩}$ অংশ

∴ " " পুরুষ $=\left(১-\frac{২}{৩}\right)$

$=\frac{৩-২}{৩}$ " $=\frac{১}{৩}$ অংশ

শিক্ষক-শিক্ষিকার $\frac{১}{৩}$ অংশ = ৩০ জন

∴ " " ১ (সম্পূর্ণ) " $=৩০\times৩$

$=৯০$ জন

∴ মোট শিক্ষক-শিক্ষিকার সংখ্যা ৯০ জন। (উত্তর)

৯. একটি শহরে জনসংখ্যা ৮০০০ জন। প্রথম বছর জনসংখ্যা বৃদ্ধি পায় শতকরা ১০ জন এবং দ্বিতীয় বছরে শতকরা ২০ জন। ২ বছর পরে জনসংখ্যা কত হবে? ৪

Solution

আমরা জানি, জনসংখ্যার চক্রবৃদ্ধির ক্ষেত্রে, $C=p\left(১+\frac{r}{১০০}\right)^n$

১ম বছরের ক্ষেত্রে, $p=৮০০০$

$r=১০$

$n=১$

∴ ১ম বছর পর জনসংখ্যা

$=৮০০০\left(১+\frac{১০}{১০০}\right)^১$ জন

$=৮০০০\left(১+\frac{১০}{১০০}\right)$ "

$=৮০০০\times\frac{১১}{১০}$ "

$=৮৮০০$ জন

২য় বছর পর জনসংখ্যার ক্ষেত্রে, $p=৮৮০০$

$r=২০$

$n=১$

∴ ২ বছর পরে জনসংখ্যা হবে $=৮৮০০\left(১+\frac{২০}{১০০}\right)^১$ জন

$=৮৮০০\times\left(১+\frac{১}{৫}\right)$ "

$=৮৮০০\times\frac{৫+১}{৫}$ "

$=৮৮০০\times\frac{৬}{৫}$ "

$=১০৫৬০$ জন (উত্তর)

১০. x ও y এর মান নির্ণয় কর : ৪

$3x-5y=-9;\ 5x-3y=1$

Solution

দেয়া আছে, $3x-5y=-9$ ..... (i)

$5x-3y=1$ ..... (ii)

(i) $\times3-$ (ii) $\times5$ করে পাই,

$-9x-15y=-27$

$25x-15y=5$

বিয়োগ করে $-16x=-32$

$\Rightarrow16x=32$

$\Rightarrow x=\frac{32}{16}$

$\therefore x=2$

(i) নং এ $x=2$ বসিয়ে পাই,

$3\times2-5y=-9$

$\Rightarrow6-5y=-9$

$\Rightarrow-5y=-9-6$

$\Rightarrow-5y=-15$

$\Rightarrow y=\frac{-15}{-5}$

$\therefore y=3$

∴ নির্ণেয় মান $(x, y)=(2, 3)$ (উত্তর)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB) সহকারী জেনারেল ম্যানেজার ২০২২

পরীক্ষার তারিখ : ২৫.০৩.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ৫০

১. মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর কত নম্বর সেক্টরের অধীনে ছিল?
ক ২নং খ ১১নং গ ৮নং ঘ ১০নং

ব্যাখ্যা মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর ৮ নং সেক্টরের অধীনে ছিল। এই সেক্টরের সদর দপ্তর ছিল কল্যাণী, পশ্চিমবঙ্গ। ঢাকা শহর ২ নং সেক্টর এবং ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা ১১ নং সেক্টরের অধীনে ছিল। উল্লেখ্য, বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ ৮নং সেক্টরে যুদ্ধরত অবস্থায় শহীদ হন।

২. মুজিববর্ষের সময়কাল কত?
ক ১৭ মার্চ ২০২০-২৬ মার্চ ২০২১ খ ২৬ মার্চ ২০২০-১৬ ডিসেম্বর ২০২১
গ ১৭ মার্চ-২০২০-২৬ মার্চ ২০২২
ঘ ১৭ মার্চ ২০২০-৩১ মার্চ ২০২২

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উপলক্ষে সরকার মুজিববর্ষ পালনের উদ্যোগ গ্রহণ করে এবং এর সময়কাল ১৭ মার্চ ২০২০–৩১ মার্চ ২০২২। মুজিববর্ষের ক্ষণগণনা শুরু হয় ১০ জানুয়ারি ২০২০ এবং মুজিববর্ষের লোগোর ডিজাইনার সব্যসাচী হাজরা।

৩. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে নারী-পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে?
ক ২১(২) খ ২৮(২) গ ২৩(ক) ঘ ৬৫(১)

ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানের ২৮(২) অনুচ্ছেদে নারী-পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে। সংবিধানের ২১(২) অনুচ্ছেদে উল্লেখ আছে, 'সকল সময়ে জনগণের সেবা করার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য'। ২৩ক অনুচ্ছেদে উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি সম্পর্কে বলা হয়েছে।

৪. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি?
ক শূন্যতায় খ কঠিন ধাতব পদার্থে
গ তরল পদার্থে ঘ বায়বীয় পদার্থ

ব্যাখ্যা কঠিন মাধ্যমে শব্দের বেগ সর্বোচ্চ। লোহায় শব্দের বেগ ৫২২১ মিটার/সেকেন্ড। অন্যদিকে ০°C তাপমাত্রায় এবং স্বাভাবিক চাপে বাতাসে শব্দের বেগ ৩৩২ মিটার/সেকেন্ড। এছাড়াও তরল বা পানির মাধ্যমে শব্দের বেগ ১৪৫০ মিটার/সেকেন্ড এবং ভ্যাকুয়ামে শব্দের বেগ শূন্য।

৫. কোনটি বিদ্যুৎ পরিবাহী নয়?
ক সিলিকন খ তামা গ লোহা ঘ সীসা

ব্যাখ্যা যেসব পদার্থের মধ্য দিয়ে সহজে বিদ্যুৎ চলাচল করতে পারে তাকে বিদ্যুৎ পরিবাহী পদার্থ বলে। যেমন- রুপা, সোনা, তামা, সিসা, দস্তা ইত্যাদি। অন্যদিকে সিলিকন, জার্মেনিয়াম, গ্যালিয়াম ইত্যাদি অর্ধপরিবাহী পদার্থ।

৬. হাড় ও দাঁতকে মজবুত করে—
ক আয়োডিন খ আয়রন
গ ম্যাগনেসিয়াম ঘ ক্যালসিয়াম ও ফসফরাস

ব্যাখ্যা ক্যালসিয়াম ও ফসফরাস দেহের হাড় ও দাঁতকে মজবুত করতে সহায়তা করে। এছাড়াও দেহে কিছু গুরুত্বপূর্ণ প্রাণ রাসায়নিক ভূমিকা পালন করে।

৭. কোন দেশটি ASEAN জোটভুক্ত নয়?
ক জাপান খ ফিলিপাইন গ মিয়ানমার ঘ সিঙ্গাপুর

ব্যাখ্যা ৮ আগস্ট ১৯৬৭ Association of Southeast Asian Nations (ASEAN) প্রতিষ্ঠিত হয় এবং বর্তমানে এর সদস্য সংখ্যা ১০। সদর দপ্তর জাকার্তা, ইন্দোনেশিয়া। আসিয়ানভুক্ত দেশগুলো হলো–মালয়েশিয়া, থাইল্যান্ড, সিঙ্গাপুর, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, ব্রুনাই, ভিয়েতনাম, লাওস, মিয়ানমার ও কম্বোডিয়া।

৮. বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী নদী কোনটি?
ক যমুনা খ হাড়িয়াভাঙ্গা গ নাফ ঘ হালদা

ব্যাখ্যা বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী হাড়িয়াভাঙ্গা নদীর মূল স্রোতধারা দক্ষিণ তালপট্টি দ্বীপের পশ্চিম দিক দিয়ে প্রবাহিত হচ্ছে। নাফ নদী বাংলাদেশ ও মিয়ানমারকে বিভক্ত করেছে। উল্লেখ্য, এশিয়ার একমাত্র মৎস্য প্রজনন ক্ষেত্র হলো– হালদা।

৯. এশিয়াকে আফ্রিকা থেকে পৃথক করেছে কোন প্রণালি?
ক জিব্রালটার প্রণালি খ বসফরাস প্রণালি
গ বাবেল মান্দেব প্রণালি ঘ বেরিং প্রণালি

ব্যাখ্যা 'বাব-এল-মান্দেব' প্রণালি এশিয়াকে আফ্রিকা থেকে পৃথক করেছে এবং এডেন সাগর ও লোহিত সাগরকে সংযুক্ত করেছে। জিব্রাল্টার প্রণালি আফ্রিকা ও ইউরোপকে পৃথক করেছে। বসফরাস-প্রণালি এশিয়া ও ইউরোপকে পৃথক করেছে এবং মর্মর সাগর ও কৃষ্ণ সাগরকে সংযুক্ত করেছে। বেরিং প্রণালি এশিয়া ও উত্তর আমেরিকাকে পৃথক করেছে।

১০. স্ক্যান্ডিনেভিয়া অঞ্চলের দেশ নয় কোনটি?
ক নরওয়ে খ সুইডেন গ ডেনমার্ক ঘ ফ্রান্স

ব্যাখ্যা স্ক্যান্ডিনেভিয়া অঞ্চলের দেশ ৫টি। যথা : সুইডেন, ফিনল্যান্ড, আইসল্যান্ড, ডেনমার্ক ও নরওয়ে। ৫টি দেশ মনে রাখার কৌশল 'সুফি আডেন' (দেশগুলোর প্রথম অক্ষর)।

১১. 'Catch a tartar' means—
ক People of Turkey খ A cruel man
গ Friendly atmosphere ঘ Meet a very powerful opponent

ব্যাখ্যা 'Catch a tartar' অর্থ শক্ত লোকের পাল্লায় পড়া; অর্থাৎ meet a very powerful opponent।

১২. The tree has been blown — by the strong wind
ক away খ up গ off ঘ out

ব্যাখ্যা Blow away অর্থ বাতাসে উড়িয়ে নিয়ে যাওয়া। তাছাড়া blow up—বিস্ফোরণ দ্বারা উড়িয়ে দেওয়া, blow off-নির্গত করা এবং blow out-নিভানো। Blow away বসিয়ে বাক্যটির অর্থ হবে প্রবল বাতাসে গাছটি উড়ে গেল। তাই (ক) সঠিক উত্তর।

উত্তর

০১	গ
০২	ঘ
০৩	খ
০৪	খ
০৫	ক
০৬	ঘ
০৭	ক
০৮	খ
০৯	গ
১০	ঘ
১১	ঘ
১২	ক

CamScanner

১৩. Would you please find out Bangladesh — the map.
ⓚ in ⓛ over ⓜ on ⓝ at
ব্যাখ্যা সাধারণত মানচিত্রের উপর বুঝাতে on ব্যবহৃত হয়।

১৪. The expression 'take into account' means—
ⓚ count numbers ⓛ consider
ⓜ think seriously ⓝ asses
ব্যাখ্যা 'Take into account' অর্থ বিবেচনা করা। সুতরাং অপশন (খ) সঠিক উত্তর।

১৫. What is the meaning of the words 'Red letter day'?
ⓚ Bright day ⓛ Memorable day
ⓜ Miserable day ⓝ Burning day
ব্যাখ্যা 'Red letter Day' অর্থ স্মরণীয় দিন। অপশন (খ)-তে Memorable day সঠিক উত্তর।

১৬. What is the synonym of 'hospitality'?
ⓚ Pharmacy ⓛ Hospital ⓜ Welcome ⓝ Sick
ব্যাখ্যা Hospitality (আতিথেয়তা, অভ্যর্থনা)-এর synonym হলো welcome (স্বাগত, সাদর সম্ভাষণ)।

১৭. Antonym of the word 'Concord' is—
ⓚ harmony ⓛ thrifty ⓜ conflict ⓝ scanty
ব্যাখ্যা concord (মিল)-এর antonym হলো conflict (দ্বন্দ্ব)। অন্যদিকে harmony অর্থ মিল, thrifty–মিতব্যয়ী, scanty–অল্প।

১৮. The opposite word of 'Fascinated' is—
ⓚ distressed ⓛ disinterested
ⓜ disappointed ⓝ disgusted
ব্যাখ্যা Fascinated (বিমুগ্ধ)-এর বিপরীত শব্দ হলো disinterested (বিমুখ, বিরক্ত)। তাছাড়া distressed–পীড়িত, disappointed– হতাশ এবং disgusted–ভীষণভাবে ক্ষুব্ধ।

১৯. Choose the correct sentence :
ⓚ If he works hard, he succeeds
ⓛ If he works hard, he will succeed
ⓜ If he would work hard, he succeeded
ⓝ If he worked hard, he succeeded
ব্যাখ্যা If-যুক্ত বাক্যটি present indefinite হলে, পরের অংশে বাক্যটি future indefinite হবে। এজন্য অপশন (খ) সঠিক উত্তর।

২০. Choose the best translation of this sentence in Bengali
"They were at daggers drawn"
ⓚ তারা ছুরি বের করেছিল ⓛ তারা উন্মুক্ত ছুরির কাছে ছিল
ⓜ তারা ঘোর বিবাদমান ছিল ⓝ তারা শত্রু ছিল
ব্যাখ্যা At dagger's drawn অর্থ সাপে-নেউলে বা শত্রুতার সম্পর্ক। Be at dagger's drawn অর্থ শত্রু হওয়া/থাকা। সুতরাং They were at dagger's drawn-এর সঠিক অনুবাদ (ঘ) তারা শত্রু ছিল।

২১. $x-y=2$ এবং $xy=15$ হলে, $(x+y)$-এর মান কত?
ⓚ 4 ⓛ 8 ⓜ 10 ⓝ 12
ব্যাখ্যা দেওয়া আছে, $x-y=2$ এবং $xy=15$
আমরা জানি, $(x+y)^2=(x-y)^2+4xy$
$\Rightarrow (x+y)^2=2^2+4\times15$
$\Rightarrow (x+y)^2=4+60$
$\Rightarrow (x+y)^2=64$
$\therefore x+y=8$

২২. একটি পাত্রে দুধ ও পানির অনুপাত ৫ : ১। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয় তবে পানির পরিমাণ কত?
ⓚ ১ লিটার ⓛ ২ লিটার ⓜ ৩ লিটার ⓝ ৪ লিটার
ব্যাখ্যা মনে করি, দুধের পরিমাণ ৫ লিটার এবং পানির পরিমাণ ১ লিটার
∴ দুধের পরিমাণ বেশি $(5-1)$ লিটার $=4$ লিটার
দুধের পরিমাণ 4 লিটার বেশি হয় যখন পানির পরিমাণ ১ লিটার
" " ১ " " " " " $\frac{1}{4}$ "
" " ৮ " " " " " $\frac{1\times8}{4}$ "
$=2$ লিটার।

২৩. নিচের কোন পূর্ণ সংখ্যাটিকে ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১, ২, ৩ ও ৪ অবশিষ্ট থাকে?
ⓚ ৪৮ ⓛ ৫৪ ⓜ ৫৮ ⓝ ৬০
ব্যাখ্যা এখানে, $৩-১=2$; $4-2=2$; $5-৩=2$; $6-4=2$

2 | ৩, ৪, ৫, ৬
৩ | ৩, ২, ৫, ৩
১, ২, ৫, ১

∴ ৩, ৪, ৫, ৬ এর ল. সা. গু. $=2\times2\times৩\times5=৬০$
সুতরাং নির্ণেয় পূর্ণসংখ্যা $=৬০-2=৫৮$

২৪. ১ থেকে ৪৪০ পর্যন্ত সংখ্যাগুলোর একটি দৈবচয়ন পদ্ধতিতে নেওয়া হলে সংখ্যাটি বর্গ সংখ্যা হওয়ার সম্ভাবনা কত?
ⓚ ১/২২ ⓛ ১/৬০ ⓜ ১/৬৪ ⓝ ১/৬৫
ব্যাখ্যা এখানে, ১ থেকে ৪৪০ পর্যন্ত সংখ্যা মোট $=৪৪০$টি
১ থেকে ৪৪০ পর্যন্ত বর্গ সংখ্যা আছে $=২০$টি
∴ সংখ্যাটি বর্গ সংখ্যা হওয়ার সম্ভাবনা $=\frac{২০}{৪৪০}=\frac{১}{২২}$

২৫. ২০০২ সংখ্যাটি কোন সংখ্যাগুচ্ছের ল.সা.গু. নয়?
ⓚ ১৩, ৭৭, ৯১, ১৪৩ ⓛ ৭, ২২, ২৬, ৯১
ⓜ ২৬, ৭৭, ১৪৩, ১৫৪ ⓝ ২, ৭, ১১, ১৩
ব্যাখ্যা

2 | ২০০২
৭ | ১০০১
১১ | ১৪৩
১৩

∵ ২০০২-এর গুণনীয়ক হতে পারে, ২, ৭, ১১, ১৩, ২২, ২৬, ৭৭, ৯১, ১৪৩, ১৫৪।
সুতরাং ২০০২ সংখ্যাটি ১৩, ৭৭, ৯১, ১৪৩ সংখ্যাগুলোর ল.সা.গু. নয়।

উত্তর

১৩	গ
১৪	খ
১৫	খ
১৬	গ
১৭	গ
১৮	খ
১৯	খ
২০	ঘ
২১	খ
২২	খ
২৩	গ
২৪	ক
২৫	ক

২৬. একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে ৪ সেমি. ও ৬ সেমি. হলে রম্বসের ক্ষেত্রফল কত?
ⓚ ৬ ⓛ ৮ ⓜ ১২ ⓝ ২৪
ব্যাখ্যা দেওয়া আছে, রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে ৪ সেমি ও ৬ সেমি।
অতএব, রম্বসের ক্ষেত্রফল $=\frac{১}{২}\times$ কর্ণদ্বয়ের গুণফল
$=\left(\frac{১}{২}\times4\times৬\right)$ বর্গ সেমি।
$=১২$ বর্গ সেমি।

২৭. একটি সংখ্যা ৬৫০ থেকে যত বড় ৮২০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?
ⓚ ৭৩০ ⓛ ৭৩৫ ⓜ ৮০০ ⓝ ৭৮০
ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $x-৬৫০=৮২০-x$
$\Rightarrow x+x=৮২০+৬৫০$
$\Rightarrow 2x=১৪৭০$
$\Rightarrow x=\frac{১৪৭০}{2}$
$\therefore x=৭৩৫$
বিকল্প : সংখ্যাটি $=\frac{৮২০+৬৫০}{2}=\frac{১৪৭০}{2}=৭৩৫$।

২৮. কোন সংখ্যার ৬০% হতে ৬০ বিয়োগ করলে ফলাফল হবে ৬০?
ⓚ ১০০ ⓛ ২০০ ⓜ ২৫০ ⓝ ৩০০
ব্যাখ্যা মনে করি, সংখ্যাটি x
প্রশ্নমতে, x এর ৬০% $-৬০=৬০$
$\Rightarrow \frac{৬০x}{১০০}=৬০+৬০$
$\Rightarrow \frac{৬০x}{১০০}=১২০$
$\Rightarrow x=\frac{১২০\times১০০}{৬০}$
$\therefore x=২০০$

২৯. যদি তেলের মূল্য ২৫% বৃদ্ধি পায় তাহলে তেলের ব্যবহার শতকরা কত কমালে তেল বাবদ খরচ বৃদ্ধি পাবে না?
ⓚ ৯% ⓛ ১১% ⓜ ১৬% ⓝ ২০%
ব্যাখ্যা মনে করি, তেলের পূর্বমূল্য ১০০ টাকা।
২৫% বৃদ্ধিতে, তেলের বর্তমান মূল্য ১২৫ টাকা।
∴ মূল্য বৃদ্ধি $=(১২৫-১০০)$ টাকা $=২৫$ টাকা
তেলের মূল্য ১২৫ টাকা হতে কমাতে হবে ২৫ টাকা
" " ১ " " " " " $\frac{২৫}{১২৫}$ "
" " ১০০ " " " " " $\frac{২৫\times১০০}{১২৫}$
$=২০$ টাকা।

৩০. $A=\{1,2\}, B=\{\}$ হলে, $A\times B=$ কত?
ⓚ $\{1\}$ ⓛ $\{2\}$ ⓜ $\{1,2\}$ ⓝ $\{\}$
ব্যাখ্যা দেওয়া আছে,
$A=\{1,2\}, B=\{\}$
$\therefore A\times B=\{1,2\}\times\{\}$
$=\{(1,\{\}),(2,\{\})\}$
$=\{1,2\}$ [$\because \{\}$ বা φ সকল সেটের উপাদান]

৩১. 'ক্ষমার যোগ্য'-এর বাক্য সংকোচন কোনটি?
ⓚ ক্ষমাপ্রার্থী ⓛ ক্ষমার্হ ⓜ ক্ষমা ⓝ ক্ষমাপ্রদ
ব্যাখ্যা ক্ষমার যোগ্য– ক্ষমার্হ। আরও কিছু গুরুত্বপূর্ণ বাক্য সংকোচন– পরিমিত ব্যয় করে যে– মিতব্যয়ী, বীণার ধ্বনি– ঝঙ্কার, বাক্য/বাক্ দ্বারা দত্ত– বাগদত্ত।

৩২. 'বৃক্ষ' শব্দের বহুবচন কি?
ⓚ বৃক্ষরা ⓛ বৃক্ষগুলো ⓜ বৃক্ষবর্গ ⓝ বৃক্ষসমূহ
ব্যাখ্যা 'বৃক্ষ' শব্দের বহুবচন 'বৃক্ষসমূহ'। প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দে বহুবচন শব্দের ক্ষেত্রে কুল, সকল, সব, সমূহ বসে। যেমন– কবিকুল, পর্বতসকল, ভাইসব, মনুষ্যসমূহ।

৩৩. 'আকাশ' শব্দের প্রতিশব্দ কোনটি?
ⓚ অশনি ⓛ অম্বর ⓜ বিভাবরী ⓝ নীলাম্বু
ব্যাখ্যা 'আকাশ' শব্দের সমার্থক শব্দ 'অম্বর'। এরূপ আরও কিছু শব্দ গগণ, নভঃ, ব্যোম। অন্যদিকে– 'নীলাম্বু' শব্দের সমার্থক শব্দ 'সমুদ্র', 'বিভাবরী' শব্দের সমার্থক শব্দ 'রাত্রি' এবং 'অশনি' শব্দের অর্থ বাজ।

৩৪. ময়নাতদন্ত শব্দের 'ময়না' কোন ভাষার শব্দ?
ⓚ খাঁটি বাংলা ⓛ সংস্কৃত ⓜ আরবি ⓝ ফারসি
ব্যাখ্যা 'ময়নাতদন্ত' শব্দের 'ময়না' শব্দটি আরবি, যার অর্থ অনুসন্ধান এবং 'তদন্ত' সংস্কৃত শব্দ। 'ময়না' যখন পাখি তখন এটি দেশি শব্দ। অপরদিকে– 'ময়না' সংস্কৃত শব্দ হলে এর অর্থ ভাকিনি বা খল স্বভাবের নারী।

৩৫. 'দুয়ারে হাতি বাঁধা'-এ বাক্যে 'দুয়ারে' কোন কারকে কোন বিভক্তি?
ⓚ কর্তায় ৭মী ⓛ কর্মে ২য়া
ⓜ অপাদানে ২য়া ⓝ অধিকরণে ৭মী
ব্যাখ্যা 'রাজার দুয়ারে হাতি বাঁধা' বাক্যে দুয়ারে শব্দটি 'অধিকরণে ৭মী'। ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন— তিলে তৈল আছে, নদীতে পানি আছে।

৩৬. 'নীলদর্পণ' নাটকটি ইংরেজিতে অনুবাদ করেন—
ⓚ প্রমথ চৌধুরী ⓛ প্যারীচাঁদ মিত্র
ⓜ দ্বিজেন্দ্রলাল রায় ⓝ মাইকেল মধুসূদন দত্ত
ব্যাখ্যা দীনবন্ধু মিত্রের নীলদর্পণ নাটকটি ইংরেজিতে অনুবাদ করেন মাইকেল মধুসূদন দত্ত। তিনি A Native ছদ্মনামে নাটকটি NIL DARPAN or THE INDIGO PLANTING MIRROR (১৮৬১) নামে অনুবাদ করেন। দীনবন্ধু মিত্রের আরও কয়েকটি নাটক– 'নবীন তপস্বিনী', 'লীলাবতী', 'জামাই বারিক', 'কমলে কামিনী'।

৩৭. 'সত্য সুন্দর দাস' কার ছদ্মনাম?
ⓚ চারুচন্দ্র মুখোপাধ্যায় ⓛ মোহিতলাল মজুমদার
ⓜ কালীকানন্দ ⓝ বিমল ঘোষ
ব্যাখ্যা 'সত্যসুন্দর দাস' মোহিতলাল মজুমদারের ছদ্মনাম। অন্যদিকে কালিকানন্দ 'অবধূত' এবং বিমল ঘোষ 'মৌমাছি' ছদ্মনামে পরিচিত ছিলেন।

উত্তর

২৬	গ
২৭	খ
২৮	খ
২৯	ঘ
৩০	গ
৩১	খ
৩২	ঘ
৩৩	খ
৩৪	গ
৩৫	ঘ
৩৬	ঘ
৩৭	খ

Recent Job Solution-17 ss

CamScanner

৩৮. 'অহরহ'-এর সন্ধিবিচ্ছেদ—
ⓚ অহ্ + রহ ⓛ অহ্য + রহ্য
ⓜ অহ্ + অহ ⓝ অহঃ + অহ

ব্যাখ্যা 'অহরহ' শব্দের সন্ধিবিচ্ছেদ অহঃ + অহ। নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধি এটি। এরূপ অহরহ কিছু সন্ধিবিচ্ছেদ— প্রত্যকাল = প্রত্যূষ + কাল, ভাস্কর = ভাঃ + কর, মনস্তত্ত্ব = মনঃ + তত্ত্ব।

৩৯. ঈশ্বর তাহারই সাহায্য করেন, যে নিজে নিজের সাহায্য করে— এটি কোন ধরনের বাক্য?
ⓚ সরল বাক্য ⓛ যৌগিক বাক্য
ⓜ জটিল বাক্য ⓝ জটিল ও মিশ্র বাক্যের সমন্বয়

ব্যাখ্যা উল্লিখিত বাক্যটি জটিল বাক্য। যে বাক্যে একটি প্রধান বাক্যের এক বা একাধিক অধীনস্থ বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয় তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমন- যদি সে কাল আসে, আমি যাব'।

৪০. কোন শব্দটিতে বিদেশি প্রত্যয়ের প্রয়োগ ঘটেছে?
ⓚ কলকাতা ⓛ চলবজ ⓜ দিনাজ ⓝ বেআক্কেল

ব্যাখ্যা 'চলবজ' শব্দটিতে বিদেশি প্রত্যয়ের প্রয়োগ ঘটেছে। শব্দের শেষে যেসব প্রত্যয় যোগে নতুন শব্দ গঠিত হয়, তাদের তদ্ধিত প্রত্যয় বলে। যেমন- বাজ (দক্ষ অর্থে) প্রত্যয়যোগে গঠিত শব্দ- কলমবাজ, ধড়িবাজ, ধোঁকাবাজ।

৪১. USB-এর পূর্ণরূপ কি?
ⓚ Uniform Serial Bus ⓛ Universal Series Bus
ⓜ United Seral Bus ⓝ Universal Serial Bus

ব্যাখ্যা USB-এর পূর্ণরূপ হলো- Universal Serial Bus। USB হলো এক ধরনের ক্যাবল প্রটোকল যা সংযোগ তৈরি করে এবং একই সাথে বিদ্যুৎ প্রবাহ ও তথ্য আদান-প্রদান হয়ে থাকে।

৪২. বায়ুতে CO_2-এর পরিমাণ কত?
ⓚ ০.০৩১% ⓛ ০.০২৫%
ⓜ ০.৮১% ⓝ ০.০১৫%

ব্যাখ্যা বায়ুমণ্ডলের প্রধান উপাদান হলো নাইট্রোজেন- ৭৮.০২%, অক্সিজেন -২০.৭১%, আর্গন -০.৮০%, কার্বন ডাই-অক্সাইড -০.০৩%।

৪৩. বেতার তরঙ্গ প্রতিফলিত হয় বায়ুমণ্ডলের কোন স্তরে?
ⓚ আয়োনিস্ফিয়ার ⓛ ট্রপোস্ফিয়ার
ⓜ ট্রপোস্ফিয়ার ⓝ ওজোন স্তর

ব্যাখ্যা তাপমণ্ডলের নিম্ন অংশকে আয়নমণ্ডল বলে। ভূপৃষ্ঠ থেকে পাঠানো বিভিন্ন বেতার তরঙ্গ আয়নমণ্ডল বা আয়োনিস্ফিয়ারে প্রতিফলিত হয়।

৪৪. প্রতি ১° সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধির জন্য শব্দের বেগ কত বৃদ্ধি পায়?
ⓚ ৫০ সে.মি./সে. ⓛ ৬০ সে.মি./সে.
ⓜ ৪৫ সে.মি./সে. ⓝ ৫০ সে.মি/সে.

ব্যাখ্যা আমরা জানি, ১° সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধির জন্য শব্দের বেগ ০.৬ মিটার/সে. বৃদ্ধি পায়। অর্থাৎ ১° সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধিতে বেগ বৃদ্ধি = ৬০ সে. মি./সে.।

৪৫. ১ অণু ওয়াশিং সোডায় কত অণু পানি উপস্থিত থাকে?
ⓚ ৬ ⓛ ৫ ⓜ ৭ ⓝ ১০

ব্যাখ্যা কাপড় কাচার সোডা বা ওয়াশিং সোডার সংকেত অর্দ্র সোডিয়াম কার্বনেট ($Na_2CO_3.10H_2O$)। অর্থাৎ ১ অণু ওয়াশিং সোডায় ১০ অণু পানি রয়েছে।

৪৬. পর্যায় সারণির সবচেয়ে হালকা ধাতু কোনটি?
ⓚ সোডিয়াম ⓛ লিথিয়াম ⓜ বেরিলিয়াম ⓝ ক্যালসিয়াম

ব্যাখ্যা পর্যায় সারণির সবচেয়ে হালকা ধাতু লিথিয়াম (Li)। এর ইলেক্ট্রন বিন্যাস- $_3Li = 1s^2\ 2s^1$। এছাড়া পর্যায় সারণির সবচেয়ে হালকা গ্যাস হাইড্রোজেন।

৪৭. ভাইরাস ও ব্যাকটেরিয়া প্রতিরোধে কোনটি ব্যবহৃত হয়?
ⓚ ফিটকিরি ⓛ টেবিং সল্ট ⓜ লবণ ⓝ কোনটি নয়

ব্যাখ্যা ফিটকিরি হলো সোডিয়াম ও অ্যালুমিনিয়ামের একটি যৌগ লবণ যার সংকেত- $K_2SO_4.Al_2(SO_4)_3.24H_2O$। ফিটকিরি ব্যবহারে কিছু জীবাণু যেমন- ব্যাকটেরিয়া ও প্যারাসাইট ধ্বংস হলেও ভাইরাসের জীবাণু ধ্বংস করতে পারে না। ফলে ফিটকিরির সাহায্যে পরিশোধিত হওয়া পানি খেলে টাইফয়েড, ডায়রিয়া, আমাশয় থেকে রক্ষা পেলেও ভাইরাসজনিত রোগ জন্ডিস থেকে রেহাই পাওয়া যায় না।

৪৮. সাবান শিল্পে উপজাত হিসেবে পাওয়া যায়—
ⓚ ডিটারজেন্ট ⓛ ইথানল ⓜ চর্বি ⓝ গ্লিসারিন

ব্যাখ্যা সাবান হচ্ছে ফ্যাটি এসিডের লবণ যার রাসায়নিক নাম সোডিয়াম স্টিয়ারেট। সাবানায়ন প্রক্রিয়ায় তেল বা চর্বি ক্ষারের সাথে বিক্রিয়া করে সাবান উৎপন্ন করে। এতে গ্লিসারল বা গ্লিসারিন উপজাত হিসেবে পাওয়া যায়।

$$\underset{\text{চর্বি}}{\begin{matrix}CH_2-COOR\\|\\CH-COOR\\|\\CH_2-COOR\end{matrix}} + 3NaOH \rightarrow \underset{\text{সাবান}}{3R-\overset{O}{\overset{\|}{C}}-ONa} + \underset{\text{গ্লিসারল}}{\begin{matrix}CH_2-OH\\|\\CH-OH\\|\\CH_2-OH\end{matrix}}$$

৪৯. রংধনু সৃষ্টির বেলায় পানির কণাগুলো—
ⓚ দর্পণের কাজ করে ⓛ প্রতিফলনের কাজ করে
ⓜ প্রিজমের কাজ করে ⓝ লেন্সের কাজ করে

ব্যাখ্যা রংধনু সৃষ্টির সময় বৃষ্টির কণাসমূহ অনেকটা প্রিজমের মতো কাজ করে সূর্যের আলোকে বিভাজিত করে। এর ফলে সূর্যের সাতটি রং সকালে পশ্চিমাকাশে এবং বিকালে পূর্বাকাশে দৃশ্যমান হয়।

৫০. দুধের রং সাদা হয় কেন?
ⓚ শর্করার জন্য ⓛ প্রোটিনের জন্য
ⓜ চর্বির জন্য ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা দুধের মধ্যে ক্যাসিন নামক এক প্রকার প্রোটিন বিদ্যমান থাকায় দুধের রং সাদা হয়। এছাড়াও দুধকে সাদা দেখাতে আরো অবদান রাখে দুধের ক্রিম। ক্রিমে সাদা রং এর ফ্যাট থাকে। যা দুধকে সাদা দেখাতে সাহায্য করে।

উত্তর

৩৮	ঘ
৩৯	গ
৪০	খ
৪১	ঘ
৪২	ক
৪৩	ক
৪৪	খ
৪৫	ঘ
৪৬	খ
৪৭	ঘ
৪৮	ঘ
৪৯	গ
৫০	খ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক ২০২০

পরীক্ষার তারিখ : ০৯.১০.২০২০; সময় : ১ ঘন্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : সি

ইংরেজি (নম্বর : ২০)

Questions 1 to 5 : Identify the missing word in each of the following sentence.

ব্যাখ্যা "X cost more than Y" অর্থ x-এর দাম Y এর চেয়ে বেশি। অপশন গুলোর মধ্যে শুধুমাত্র 'গ' নং এই অভিন্ন অর্থ প্রকাশ করছে।

৪১. কোন শিল্পী The Concert for Bangladesh-এ সক্রিয় অংশগ্রহণ করেন?
ⓚ জিমি হেনড্রিক্স ⓛ ডেভিড গিলমোর
ⓜ ম্যারিলিন মনরো ⓝ এরিক ক্ল্যাপটন

ব্যাখ্যা বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ১ আগস্ট ১৯৭১ নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয় 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' নামের সঙ্গীতানুষ্ঠান। জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবিশঙ্করের উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন বব ডিলান, এরিক ক্ল্যাপটন, বিলি প্রিস্টন, লিয়ন রাসেল, ব্যাড ফিঙ্গার, রিঙ্গো স্টার প্রমুখ নামকরা সঙ্গীতশিল্পী।

৪২. বুদ্ধিজীবী সম্প্রদায়ের নিকট জনপ্রিয়তা অর্জনকারী কোন পত্রিকার কথা 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থে উল্লেখ করা হয়েছে?
ⓚ ইত্তেফাক ⓛ মিল্লাত
ⓜ মর্নিং সান ⓝ আজাদ

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থে 'মিল্লাত' পত্রিকার কথা বলা হয়েছে। এটি তার আত্মজীবনীমূলক গ্রন্থ। ২০১২ সালের জুন মাসে বইটি প্রকাশিত হয়। ইংরেজি, আরবী, উর্দু, জাপানি, চীনাসহ বিশ্বের আরো অনেক ভাষায় বইটি প্রকাশ হয়েছে।

৪৩. উত্তম অগ্নিনির্বাপক কোনটি?
ⓚ ফসজিন ⓛ ফ্রোথেন
ⓜ ওয়েস্ট্রন ⓝ বিসিএফ

ব্যাখ্যা বিসিএফ বা ব্রোমোক্লোরো ডাই ফ্লুরোমিথেন অগ্নি নির্বাপনে ব্যবহৃত হয়। এর রাসায়নিক সংকেত CF_2ClBr। বিসিএফ মূলত মূল্যবান যন্ত্রপাতিকে আগুন থেকে সুরক্ষায় ব্যবহৃত হয়।

৪৪. বাংলাদেশ সংবিধানের কোন আর্টিকেল Doctrine of Eclipse নির্দেশ করে?
ⓚ ২৬ ⓛ ২৭
ⓜ ৩১ ⓝ ১০২

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৬ থেকে ৪৭ক পর্যন্ত ২৩টি অনুচ্ছেদে ব্যাপ্ত তৃতীয় ভাগে মৌলিক অধিকার বিষয়ক বিধানাবলী বিদ্যমান। এই ভাগের ২৬নং অনুচ্ছেদে গ্রহনীয় মতবাদ (Doctrine of Eclipse) নির্দেশ করে। ২৬ নং অনুচ্ছেদে বলা হয়েছে, এই ভাগের বিধানাবলীর সাথে অসামঞ্জস্য সকল প্রচলিত আইন যতখানি অসামঞ্জস্যপূর্ণ ততখানি বাতিল হয়ে যাবে।

৪৫. একটি নল ১২ মিনিটে একটি শূন্য জলাধার পূর্ণ করে। অপর একটি নল প্রতি মিনিটে ১৪ লিটার পানি বের করে দেয়। জলাধারটি খালি থাকা অবস্থায় দুটি নল একসাথে খুলে দেওয়া হলে তা ৯৬ মিনিটে পূর্ণ হয়। জলাধারের পানি ধারণ ক্ষমতা কত?
ⓚ ৯৬ লিটার ⓛ ১৮০ লিটার
ⓜ ১৯২ লিটার ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা মনে করি, জলাধারটি x মিনিটে পানি বের করে দেয়।

প্রশ্নমতে, $\frac{১}{১২}-\frac{১}{x}=\frac{১}{৯৬}$

$\Rightarrow \frac{১}{x}=\frac{১}{১২}-\frac{১}{৯৬}$

$\Rightarrow \frac{১}{x}=\frac{৮-১}{৯৬}$

$\Rightarrow \frac{১}{x}=\frac{৭}{৯৬}$

$\therefore x=\frac{৯৬}{৭}$

∴ ১ মিনিটে জলাধারটি পানি বের করে দেয় $= ১৪$ লিটার

$\frac{৯৬}{৭}$ " " " " " " $=\left(১৪\times\frac{৯৬}{৭}\right)$

$= ১৯২$ লিটার

সুতরাং জলাধারটির পানি ধারণ ক্ষমতা ১৯২ লিটার।

উত্তর

৩১	ঘ
৩২	ক
৩৩	খ
৩৪	ঘ
৩৫	ঘ
৩৬	গ
৩৭	খ
৩৮	খ
৩৯	ক
৪০	গ
৪১	ঘ
৪২	খ
৪৩	ঘ
৪৪	ক
৪৫	গ

CamScanner

৪৬. বাংলাদেশে কত তারিখে P4G তে যোগদান করে?
ⓚ ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ
ⓛ ২৭ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ
ⓜ ২৪ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ
ⓝ ২৮ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ

ব্যাখ্যা: জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সবুজ উন্নয়নের লক্ষ্যে গঠিত বৈশ্বিক জোট P4G (Partnering for Green Growth and the Global Goals 2030) । ২৪ সেপ্টেম্বর ২০১৯ বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে এ জোটে যোগদান করে। এ জোটের অংশীদার দেশ ১২টি।

৪৭. Chaucer first used his rhyme-royal stanza in which literature?
ⓚ The Canterbury Tales
ⓛ The Book of Duchess
ⓜ The House of Fame
ⓝ Troilus and Criseyde

ব্যাখ্যা: Rhyme-royal stanza is seven-line iambic pentameter stanza। এরকম stanza প্রথম ব্যবহার করেছেন Geoffrey Chaucer তার বিখ্যাত epic poem Troilus and Criseyde-তে।

৪৮. After renouncing the significant advantages of his noble birth, he wandered from village to village as a lowly — ; this, he maintained along with other members of his order, was the life best suited to one who wished to see both the miserliness and the generosity of humanity. Which word of the following is suitable for the gap here?
ⓚ vagrant ⓛ mendicant
ⓜ myrmidon ⓝ malefactor

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যটির অর্থ করলে বোঝা যাচ্ছে যে, একজন ব্যক্তি তার রাজকীয় অরাম-আয়েশ ছেড়ে এমন একটা দলে যোগ দিয়েছে যারা ভিক্ষা-বৃত্তি করে গ্রামে গ্রামে ঘুরে জীবন অতিবাহিত করে। এরকম জীবন-যাপন করা ব্যক্তিদের একত্রে mendicant বলে। Mendicant-এর মধ্যে একটা religious আবহ থাকে এবং দলবদ্ধ লোক থাকে। কিন্তু vagrant হলো শুধু ভবঘুরে। তাই অপশন (খ) সঠিক উত্তর।

৪৯. জাতিসংঘের Resident Coordinator হিসেবে কতজন বাংলাদেশি কাজ করেছেন?
ⓚ ১ ⓛ ২
ⓜ ৩ ⓝ একজনও নয়

৫০. $\frac{1}{\sin10^\circ}+\frac{\sqrt{3}}{\cos10^\circ}$ -এর মান কত?
ⓚ 1 ⓛ 2
ⓜ 4 ⓝ 0.5

[Note : প্রদত্ত প্রশ্নে $\frac{1}{\sin10^\circ}+\frac{\sqrt{3}}{\cos10^\circ}$ -এর স্থলে $\frac{1}{\sin10^\circ}-\frac{\sqrt{3}}{\cos10^\circ}$ হলে উত্তর হবে 4]

প্রদত্ত রাশি $=\frac{1}{\sin10^\circ}-\frac{\sqrt{3}}{\cos10^\circ}$

$=\frac{1.\cos10^\circ-\sqrt{3}\sin10^\circ}{\sin10^\circ\cos10^\circ}$

$=\frac{\frac{1}{2}.\cos10^\circ-\frac{\sqrt{3}}{2}\sin10^\circ}{\frac{1}{4}(2\sin10^\circ\cos10^\circ)}$

$=\frac{4(\cos60^\circ\cos10^\circ-\sin60^\circ\sin10^\circ)}{\sin20^\circ}$

$[\because \sin2\theta=2\sin\theta\cos\theta]$

$=\frac{4\cos(60^\circ+10^\circ)}{\sin20^\circ}$

$[\because \cos(A+B)=\cos A\cos B-\sin A\sin B]$

$=\frac{4\cos70^\circ}{\sin20^\circ}$

$=\frac{4\cos(90^\circ-20^\circ)}{\sin20^\circ}$

$=\frac{4\sin20^\circ}{\sin20^\circ}$ $[\because \cos(90^\circ-\theta)=\sin\theta]$

$=4$

৫১. Unlike the performances of her youth, in which she seamlessly inhabited a role, the performances of her later years were — as though she were calling out to audiences, "look how convincingly I can portary my character." Which word will be appropriate to fill up the gap?
ⓚ decrepit ⓛ comical
ⓜ volatile ⓝ contrived

ব্যাখ্যা: বাক্যের শুরুতে unlike থাকায় কমার পরের অংশ ও আগের অংশের মধ্যে বিপরীত সম্পর্ক বিদ্যমান। অর্থাৎ যৌবনে তার performance ছিল যেকোনো role inhabit করতে পারা। কিন্তু পরবর্তী জীবনে সে এটা ধরে রাখতে পারে নি বরং কৌশলে কার্য উদ্ধার করাই তার প্রধান কাজ হয়ে যায় এবং দর্শকদের বলে দেখ আমি কত প্রাণবন্তভাবে কাজটি করেছি। সুতরাং contrived (কৌশলে কাজ করা) শব্দটি বসালে বাক্যটি পরিপূর্ণ হয়। সঠিক উত্তর অপশন (ঘ)।

৫২. A term that implies literature which has no or not much significance is—
ⓚ Androgyny ⓛ Blurb
ⓜ Grub Street ⓝ Canon

ব্যাখ্যা: Grub street হলো একটি creative writing centre। যেটা literary.'র কোনো term না।

৫৩. নিচের কোন শহর European Capital of Culture হিসেবে নির্বাচিত হয়নি?
ⓚ লিসবন ⓛ রিজেকা
ⓜ গ্যালওয়ে ⓝ মালাগা

ব্যাখ্যা: লিসবন ১৯৯৪ সালে, রিজেকা ও গ্যালওয়ে ২০২১ সালে ইউরোপিয়ান ক্যাপিটাল অব কালচার হিসেবে নির্বাচিত হয়েছিল। এই ক্যাটাগরিতে ২০২২ সালে নির্বাচিত শহরগুলো হলো এসচ-সুর-আলজেট (লুক্সেমবার্গ), কাউনাস (লিথুয়ানিয়া) এবং নোভি সাদ (সার্বিয়া)।

৫৪. 'জাতের নামে বজ্জাতি সব জাত-জালিয়াত খেলছে জুয়া' এই লাইনটি কাজী নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থে রয়েছে?
ⓚ সাম্যবাদী ⓛ বিষের বাঁশী
ⓜ অগ্নিবীণা ⓝ সঞ্চিতা

ব্যাখ্যা: উল্লেখিত লাইনটি কাজী নজরুল ইসলামের বাজেয়াপ্ত গ্রন্থগুলোর মধ্যে অন্যতম গ্রন্থ 'বিষের বাঁশি' থেকে নেওয়া হয়েছে। ১৯২৪ সালে এটি নিষিদ্ধ করা হয়। অন্যদিকে 'সাম্যবাদী' ও 'অগ্নিবীণা' তার বিদ্রোহী প্রধান কাব্যগ্রন্থ এবং 'সঞ্চিতা' কাব্যগ্রন্থটি তিনি রবীন্দ্রনাথ ঠাকুরকে উৎসর্গ করেছিলেন।

৫৫. নগর ও গ্রামের জীবনের পটভূমিতে রচিত উপন্যাস কোনটি?
ⓚ আগুনপাখি ⓛ জীবন পথের যাত্রী
ⓜ পোকামাকড়ের ঘরবসতি ⓝ নীড় সন্ধানী

ব্যাখ্যা: নগর ও গ্রামের জীবনের পটভূমিতে রচিত উপন্যাস 'নীড় সন্ধানী'। অন্যদিকে ভারত বিভাগের পটভূমিতে রচিত হাসান আজিজুল হকের 'আগুন পাখি', 'জীবন পথের যাত্রী'– আবুল ফজল এবং সেলিনা হোসেন রচিত উপন্যাস 'পোকামাকড়ের ঘরবসতি'।

৫৬. বায়োফুয়েল উৎপাদনে শীর্ষ কোন দেশ?
ⓚ ব্রাজিল ⓛ জার্মানি
ⓜ আমেরিকা ⓝ সৌদি আরব

ব্যাখ্যা: যে জৈব রাসায়নিক যৌগ জ্বালানি হিসেবে ব্যবহৃত হয় তাকে বায়োফুয়েল বলে। সবচেয়ে প্রচলিত দুটি জৈব জ্বালানী বায়োইথানল এবং বায়োডিজেল। মার্কিন যুক্তরাষ্ট্র বায়োফুয়েল তথা বায়োইথানলের বৃহত্তম উৎপাদক। আর ইইউ বায়োডিজেলের বৃহত্তম উৎপাদক।

৫৭. শরীরের ভেতর কোমল টিস্যুর অভ্যন্তরীণ গঠনগত পার্থক্য বোঝার জন্য সর্বোত্তম পদ্ধতি কোনটি?
ⓚ এক্স-রে ⓛ এনজিওগ্রাফি
ⓜ সিটি স্ক্যান ⓝ এমআরআই

ব্যাখ্যা: MRI বা Magnetic Resonance Imaging দ্বারা শরীরের ভেতরকার কোমল টিস্যুর পার্থক্যগুলো সুস্পষ্টভাবে বোঝা যায়।

৫৮. $A=\frac{\cot\theta+\text{cosec}\theta1}{\cot\theta-\text{cosec}\theta+1}$ এবং $B=\cot\theta+\text{cosec}\theta$ হলে A^2-B^2-এর মান কত?
ⓚ π ⓛ 2π
ⓜ $\frac{2\pi}{3}$ ⓝ 0

ব্যাখ্যা: দেওয়া আছে,

$A=\frac{\cot\theta+\text{cosec}\theta-1}{\cot\theta-\text{cosec}\theta+1}$ ..... (i)

এবং $B=\cot\theta+\text{cosec}\theta$ ..... (ii)

সমীকরণ (i) নং হতে পাই,

$A=\frac{\cot\theta+\text{cosec}\theta-(\text{cosec}^2\theta-\cot^2\theta)}{\cot\theta-\text{cosec}\theta+1}$

$[\because \text{cosec}^2\theta-\cot^2\theta=1]$

$=\frac{(\cot\theta+\text{cosec}\theta)-(\text{cosec}\theta+\cot\theta)(\text{cosec}\theta-\cot\theta)}{\cot\theta-\text{cosec}\theta+1}$

$=\frac{(\cot\theta+\text{cosec}\theta)(1-\text{cosec}\theta+\cot\theta)}{(1-\text{cosec}\theta+\cot\theta)}$

$=\cot\theta+\text{cosec}\theta$

$=B$

$\therefore A^2-B^2=B^2-B^2=0$

৫৯. ন্যাটালিট হিসেবে কোন কোন জৈব পদার্থ ব্যবহৃত হয়?
ⓚ অ্যালকোহল ও ফেনল ⓛ অ্যালকোহল ও ফ্যাটি এসিড
ⓜ অ্যালকোহল ও ইথার ⓝ কোনোটি নয়

ব্যাখ্যা: ন্যাটালিট হলো অ্যালকোহল (ইথানল) এবং ডাই ইথাইল ইথার-এর মিশ্রণ যা পেট্রোলের পরিবর্তে ব্যবহার করা যায়।

৬০. মুক্তিযুদ্ধের বীরাঙ্গনাদের জীবনবৃত্তান্ত জিয়া হায়দারের কোন নাটকে প্রস্ফুটিত হয়েছে?
ⓚ শুভ্রা সুন্দর কল্যাণী আনন্দ ⓛ পঙ্কজ বিভাস
ⓜ সাদা গোলাপে আগুন ⓝ মুক্তি মুক্তি

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধের বীরাঙ্গনাদের জীবনবৃত্তান্ত জিয়া হায়দারের 'সাদা গোলাপে আগুন' নাটকে প্রস্ফুটিত হয়েছে। অন্যদিকে– 'শুভ্রা সুন্দর কল্যাণী আনন্দ', 'পঙ্কজ বিভাস' তার উল্লেখযোগ্য নাটক এবং 'মুক্তি মুক্তি' রূপান্তরিত নাটক।

৬১. কোনো পরীক্ষায় ৩৫% ছাত্র এক বিষয়ে, ৪২% ছাত্র অন্য বিষয়ে ফেল করে এবং ১৫% ছাত্র উভয় বিষয়ে ফেল করে। যদি মোট পরীক্ষার্থী ২৫০০ জন হয় তত জন ছাত্র শুধুমাত্র একটি বিষয়ে পাশ করেছে?
ⓚ ৩২৫ ⓛ ১৩২৫
ⓜ ১১৭৫ ⓝ ২১২৫

ব্যাখ্যা: এখানে, এক বিষয়ে ফেল = ৩৫%
∴ এক বিষয়ে পাশ = (১০০ – ৩৫%) = ৬৫%
অন্য এক বিষয়ে ফেল = ৪২%
∴ অন্য এক বিষয়ে পাশ (১০০ – ৪২)% = ৫৮%
উভয় বিষয়ে ফেল = ১৫%
∴ উভয় বিষয়ে পাশ = (১০০ – ১৫)% = ৮৫%
শুধুমাত্র এক বিষয়ে পাশ = (৮৫ – ৬৫)% = ২০%
শুধুমাত্র অন্য এক বিষয়ে পাশ (৮৫ – ৫৮)% = ২৭%
∴ মোট শুধুমাত্র এক বিষয়ে পাশ (২০ + ২৭)% = ৪৭%

উত্তর
৪৬ গ
৪৭ ঘ
৪৮ খ
৪৯ -
৫০ গ
৫১ ঘ
৫২ গ
৫৩ ঘ
৫৪ খ
৫৫ ঘ
৫৬ গ
৫৭ ঘ
৫৮ ঘ
৫৯ গ
৬০ গ
৬১ গ

CamScanner

∴ শুধুমাত্র এক বিষয়ে পাশ = (৪৭% এর ২৫০০) জন
$= \left(\frac{৪৭}{১০০} \times ২৫০০\right)$ জন
= ১১৭৫ জন

৬২. Which of the following word represents antonym of the word 'Laconic'?
ক Blithe খ Flagrant
গ Intransigent ঘ Garrulous

ব্যাখ্যা Laconic (স্বল্পভাষী) এর বিপরীত শব্দ হলো garrulous (বাচাল)। তাছাড়া blithe অর্থ আমুদে, প্রফুল্ল; flagrant অর্থ অতি অসৎ, নিদারুণ, এবং intransigent অর্থ একরোখা।

৬৩. Nobody knows how the Indian cricket team is going to cope with the difficult and seamer-friendly wickets in Australia. Choose the option which is closest in meaning to the underlined phrase in the above sentence.
ক put up with খ put in with
গ put down to ঘ put up against

ব্যাখ্যা Cope with (পেরে উঠা, সহ্য করা) যার সমার্থক group verb হলো put up with (সহ্য করা)। তাই অপশন (ক) সঠিক উত্তর।

৬৪. বিশেষণ পদ হিসেবে দ্বিরুক্ত শব্দের প্রয়োগের উদাহরণ কোনটি?
ক চিকচিক করে বালি কোথা নাই কাদা
খ বৃষ্টির ঝমঝমানি আমাদের অস্থির করে তোলে
গ কলকলিয়ে উঠল সেথায় নারীর প্রতিবাদ
ঘ নামিল নভে বাদল ছলছল বেদনায়

ব্যাখ্যা বিশেষণ পদ হিসেবে দ্বিরুক্ত শব্দের প্রয়োগের উদাহরণ 'নামিল নভে বাদল ছলছল বেদনায়'। অন্যদিকে– 'বৃষ্টির ঝমঝমানি আমাদের অস্থির করে তোলে'– বিশেষ্যপদ রূপে দ্বিরুক্ত 'চিকচিক করে বালি কোথা নাহি কাদা'– ক্রিয়া বিশেষণ এবং কলকলিয়ে উঠল সেথায় নারীর প্রতিবাদ'– ক্রিয়াপদ রূপে দ্বিরুক্ত।

৬৫. উল বা সিল্কের কাপড়কে বিরঞ্জিত করা হয় কোন পদার্থের মাধ্যমে?
ক শুষ্ক ক্লোরিন খ শুষ্ক সালফার ডাই-অক্সাইড
গ জলীয় ক্লোরিন ঘ জলীয় সালফার ডাই-অক্সাইড

ব্যাখ্যা টেক্সটাইল বা বস্ত্র শিল্পে সিল্কের কাপড়কে বিরঞ্জিত করতে তরল সালফার ডাই-অক্সাইড (SO_2) ব্যবহৃত হয়। সিল্ক বা উলের কাপড় ব্লিচিং (Bleaching) করতে আরও কিছু কেমিকেলের মধ্যে সোডিয়াম হাইড্রোসালফাইড, সোডিয়াম বা জিংক সালফোক্সাইড ফরমালডিহাইড ব্যবহৃত হয়।

৬৬. নিপাতনে সিদ্ধ সন্ধির প্রয়োগ কোনটি?
ক স্বৈরণী খ পশ্বধম
গ হিংসে ঘ ক ও গ

ব্যাখ্যা নিপাতনে সিদ্ধ সন্ধির প্রয়োগ 'স্বৈরণী' (স্ব + ঈরিনী)। ব্যাকরণের সাধারণ বা বিশেষ কোনো নিয়মানুসারেই যখন কোন কর্ম ব্যাখ্যা করা যায় না অথচ তা সংগঠিত হয়, তখন সেই ব্যতিক্রমকে বৈধতা দেওয়ার নাম 'নিপাতনে সিদ্ধ সন্ধি'। যেমন– গবাক্ষ = গো + অক্ষ, একাদশ = এক্ + দশ, সংকৃত = সম + কৃত।

৬৭. বার্নল মলমে কোন রাসায়নিক পদার্থ বিদ্যমান?
ক স্যালিসাইলিক এসিড খ ট্রাই নাইট্রোটলুইন
গ অক্সালিক এসিড ঘ পিকরিক এসিড

ব্যাখ্যা পিকরিক এসিডের রাসায়নিক নাম ২, ৪, ৬-ট্রাই নাইট্রোফেনল যা বিস্ফোরক যৌগ প্রস্তুতে এবং পোড়া ক্ষতের জ্বালা ও পচন নিবারণের জন্য বার্নল মলম নামেও ব্যবহৃত হয়।

৬৮. 'খেলাঘর' উপন্যাসের রচয়িতা কে?
ক শামসুদ্দীন আবুল কালাম খ মাহমুদুল হক
গ আবুল কালাম ঘ সৈয়দ শামসুল হক

ব্যাখ্যা মাহমুদুল হকের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'খেলাঘর'। অন্যদিকে, শামসুদ্দীন আবুল কালামের উপন্যাস 'কাশবনের কন্যা' এবং সৈয়দ শামসুল হকের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'নিষিদ্ধ লোবান'।

৬৯. (0, – 1) ও (2, 3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে ব্যাস ধরে অংকিত বৃত্তটি x-অক্ষ থেকে কত দৈর্ঘ্যের অংশ ছেদ করে?
ক 2 খ 4
গ 8 ঘ 16

ব্যাখ্যা (0, – 1) ও (2, 3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে ব্যাস ধরে বৃত্তের সমীকরণ,
$(x-0)(x-2)+(y+1)(y-3)=0$
$\Rightarrow x^2-2x+y^2-3y+y-3=0$
$\therefore x^2+y^2-2x-2y-3=0$ ..... (i)
আমরা জানি,
$x^2+y^2+2gx+2fy+c=0$ ..... (ii)
সমীকরণ (i) ও (ii) নং হতে পাই,
$g=-1, f=-1$ এবং $c=-3$
$\therefore x$ অক্ষ থেকে কর্তিত দৈর্ঘ্য $= 2\sqrt{g^2-c}$
$= 2\sqrt{(-1)^2-(-3)}$
$= 2\sqrt{1+3}$
$= 2\times 2 = 4$

৭০. Choose the correct Narration of the Sentence – He said, "I shall go as soon as possible".
ক He said he would go as soon as it was possible.
খ He said that he would go as soon as it was possible
গ He said that he would go as soon as possible
ঘ None of the above

ব্যাখ্যা Reported speech-এ will/shall থাকলে indirect narration-এ would বসে। সঠিক উত্তর অপশন (গ)। (ক) ও (খ) সঠিক নয় এ কারণে যে এ দুটো sentence-এ অতিরিক্ত subj. it যুক্ত হয়েছে।

উত্তর

৬২	ঘ
৬৩	ক
৬৪	ঘ
৬৫	ঘ
৬৬	ক
৬৭	ঘ
৬৮	খ
৬৯	খ
৭০	গ

কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস (সিজিএ) অডিটর ২০২২

পরীক্ষার তারিখ : ০৭.০১.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০
[প্রতিটি প্রশ্নের মান ১.২৫, প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর বাদ যাবে]

০১. নিচের কোনটি মৌলিক সংখ্যা নয়?
ক ২৬৩ খ ২৩৩ গ ২৫৩ ঘ ২৪১

ব্যাখ্যা (ক) $২৬৩ = ২৬৩ \times ১$
(খ) $২৩৩ = ২৩৩ \times ১$
(গ) $২৫৩ = ১১ \times ২৩$
(ঘ) $২৪১ = ২৪১ \times ১$
সুতরাং ২৫৩ সংখ্যাটি মৌলিক নয়।

০২. একজন ব্যাটসম্যান ২১টি বাউন্ডারি ও ওভার বাউন্ডারির মাধ্যমে ৯৬ রান করে। তার বাউন্ডারির সংখ্যা কত?
ক ১৫ খ ১৬ গ ১৭ ঘ ১৮

ব্যাখ্যা মনে করি, বাউন্ডারির সংখ্যা = x
এবং ওভার বাউন্ডারির সংখ্যা = $(২১ - x)$
প্রশ্নমতে, $8x + ৬(২১ - x) = ৯৬$
$\Rightarrow 8x + ১২৬ - ৬x = ৯৬$
$\Rightarrow -2x = ৯৬ - ১২৬$
$\Rightarrow -2x = -৩০$
$\therefore x = ১৫$
সুতরাং বাউন্ডারির সংখ্যা ১৫।

০৩. কোনটি সবচেয়ে ছোট?
ক $\frac{২}{১১}$ খ $\frac{৩}{১১}$ গ $\frac{২}{১৩}$ ঘ $\frac{৪}{১৫}$

ব্যাখ্যা প্রদত্ত অপশন টেস্ট করে ছোট/বড় দেখানো হলো :
$\frac{২}{১১} \times \frac{৩}{১১}$; $২২ < ৩৩$; $\frac{২}{১১}$ ছোট
$\frac{২}{১১} \times \frac{২}{১৩}$; $২৬ > ২২$; $\frac{২}{১৩}$ ছোট
$\frac{২}{১৩} \times \frac{৪}{১৫}$; $৩০ < ৫২$; $\frac{২}{১৩}$ ছোট
সুতরাং অপশনগুলোর মধ্যে সবচেয়ে ছোট $\frac{২}{১৩}$ অর্থাৎ সঠিক উত্তর অপশন (গ)।

০৪. $\sqrt{১} + \sqrt{১}$ এর বর্গ কত?
ক $\sqrt{২}$ খ ৪ গ $\sqrt{৩}$ ঘ ২

ব্যাখ্যা এখানে $\sqrt{১} + \sqrt{১} = ১ + ১ = ২$
$\therefore \sqrt{১} + \sqrt{১}$ এর বর্গ $= (২)^২ = ৪$।

০৫. যদি তেলের দাম ২৫% বৃদ্ধি পায় তবে তেলের ব্যবহার শতকরা কত কমালে তেল বাবদ ব্যয় বৃদ্ধি পাবে না?
ক ১৬% খ ২০% গ ২৫% ঘ ২৪%

ব্যাখ্যা ২৫% তেলে দাম বৃদ্ধি পেলে নির্ণেয় কমানোর শতকরা হার যাতে তেল বাবদ ব্যয় বৃদ্ধি পাবে না $= \frac{২৫ \times ১০০}{১২৫} = ২০\%$

০৬. কোন সংখ্যার তিনগুণের সাথে খিগুণ যোগ করলে ৯০ হয়?
ক ১৬ খ ১৮ গ ২০ ঘ ২৪

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $৩x + ২x = ৯০$
$\Rightarrow ৫x = ৯০$
$\therefore x = ১৮$

০৭. কোন সংখ্যার $\frac{৪}{৭}$ অংশ ৮০ এর সমান?
ক ১৪০ খ ১৬০ গ $২০\frac{৪}{৭}$ ঘ ২৪০

ব্যাখ্যা মনে করি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $\frac{৪}{৭}x = ৮০$
$\therefore x = ১৪০$

০৮. $.০১ \times \frac{২}{৫} =$
ক .০০৫ খ .০০৪ গ .০০৬ ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা $.০১ \times \frac{২}{৫}$
$= \frac{১}{১০০} \times \frac{২}{৫}$
$= \frac{২ \times ২}{৫০০ \times ২}$ [লব ও হরকে ২ দ্বারা গুণ করে]
$= \frac{৪}{১০০০} = .০০৪$

০৯. x ও y এর মানের গড় ৯ এবং z – ১২ হলে, x, y এবং z এর মানের গড় কত হবে?
ক ৬ খ ৯ গ ১০ ঘ ১২

ব্যাখ্যা x ও y এর গড় = ৯
x ও y এর সমষ্টি $= ৯ \times ২ = ১৮$
সুতরাং x ও y এবং z এর গড় $= \frac{১৮ + ১২}{৩}$
$= \frac{৩০}{৩} = ১০$

১০. এক নটিক্যাল মাইলে কত মিটার?
ক ১৮৫৩.১৮ মি. খ ১৬৫০.২০ মি.
গ ১৯৫৩.১৮ মি. ঘ ১৭৫০.১৮ মি.

ব্যাখ্যা আমরা জানি,
এক নটিক্যাল মাইল = ১৮৫৩.১৮ মিটার।

উত্তর

০১	গ
০২	ক
০৩	গ
০৪	খ
০৫	খ
০৬	খ
০৭	ক
০৮	খ
০৯	গ
১০	ক

CamScanner

১১. ১ কিলোগ্রাম কত পাউন্ডের সমান?
ক ২ খ ২.২১ গ ২.৩২ ঘ ১.৯৮
ব্যাখ্যা আমরা জানি, ১ কিলোগ্রাম = ২.২১ পাউন্ড।

১২. $a+b=7, ab=10$ হলে a^2+b^2+3ab = কত?
ক 29 খ 49 গ 59 ঘ 69
ব্যাখ্যা দেওয়া আছে, $a+b=7, ab=10$
$\therefore a^2+b^2+3ab=(a+b)^2-2ab+3ab$
$=7^2+ab$
$=49+10=59$

১৩. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে ৬ সেমি ও ৮ সেমি হলে-এর ক্ষেত্রফল কত বর্গ সেমি?
ক ১৮ খ ২৪ গ ২৮ ঘ ৩২
ব্যাখ্যা দেওয়া আছে, সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে ৬ সেমি এবং ৮ সেমি।
$\therefore$ নির্ণেয় সমকোণী ত্রিভুজের
ক্ষেত্রফল $=\left(\frac{1}{2}\times 6\times 8\right)$ বর্গ সেমি
$=২৪$ বর্গ সেমি।

১৪. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ। দৈর্ঘ্য ৪৮ মিটার হলে ক্ষেত্রটির পরিসীমা কত?
ক ১২৮ মি. খ ১৪৪ মি. গ ৬৪ মি. ঘ ৯৬ মি.
ব্যাখ্যা দেওয়া আছে,
আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য $=3\times$ বিস্তার
$\Rightarrow 48=3\times$ বিস্তার [$\because$ দৈর্ঘ্য $=48$ মিটার]
$\therefore$ বিস্তার $=16$
$\therefore$ আয়তাকার ক্ষেত্রটির পরিসীমা $=[2(48+16)]$ মিটার
$=(2\times 64)$ মিটার
$=১২৮$ মিটার

১৫. ৬টি সংখ্যার গড় ৮.৫। একটি সংখ্যা বাদ দিলে গড় হ্রাস পেয়ে ৭.২ হয়। বাদ দেয়া সংখ্যাটি কত?
ক ৭ খ ১৫ গ ১০ ঘ ১২
ব্যাখ্যা ৬টি সংখ্যার গড় $=8.5$
$\therefore$ ৬টি সংখ্যার সমষ্টি $=8.5\times 6=51$
৫টি সংখ্যার গড় $=7.2$
$\therefore$ ৫টি সংখ্যার সমষ্টি $=7.2\times 5=36$
সুতরাং বাদ দেওয়া সংখ্যাটি $=51-36=15$

১৬. একটি ক্লাসে ৬৪০ জন ছাত্র-ছাত্রী আছে যার মধ্যে ৪০% ছাত্র। সেই ক্লাসে ছাত্রীর সংখ্যা কত?
ক ২৫৬ খ ৩৮৪ গ ২৫২ ঘ ২৬৫
ব্যাখ্যা ছাত্র সংখ্যা $=640\times\frac{40}{100}=256$
$\therefore$ ছাত্রী সংখ্যা $=640-256=384$

১৭. এক বর্গ ইঞ্চিতে কত বর্গ সেমি?
ক ০.০৯২৯ খ ৭.৩২ গ ৬.৪৫ ঘ ৬৪.৫০
ব্যাখ্যা আমরা জানি, ১ ইঞ্চি $=2.54$ সেমি
এক বর্গ ইঞ্চি $=6.45$ বর্গ সেমি।

১৮. ৯০ কোন সংখ্যার ৭৫%?
ক ১২০ খ ১২৫ গ ১৫০ ঘ ২৭৫
ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, x এবং ৭৫% $=90$
$\Rightarrow\frac{75x}{100}=90$
$\Rightarrow x=\frac{90\times 100}{75}$
$\therefore x=120$

১৯. নিচের কোনটি ০.৪৫ এর সমান?
ক ০.০৪৫% খ ০.৪৫% গ ৪.৫% ঘ ৪৫%
ব্যাখ্যা $0.45=\frac{45}{100}=45\%$

২০. ৫ এর কত শতাংশ ৭ হবে?
ক ৪০ খ ১২৫ গ ৯০ ঘ ১৪০
ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, ৫ এর $\frac{x}{100}=7$
$\Rightarrow x=\frac{7\times 100}{5}$
$\therefore x=140$

২১. শুদ্ধ বাক্য কোনটি?
ক অধ্যায়নই ছাত্রদের তপস্যা খ অধ্যয়নই ছাত্রদের তপস্যা
গ ছাত্রদের অধ্যয়ন তপস্যা ঘ ছাত্রগণের অধ্যয়ণই তপস্যা
ব্যাখ্যা 'অধ্যয়নই ছাত্রদের তপস্যা' বাক্যটি শুদ্ধ। আরও কিছু শুদ্ধ বাক্য– 'তাহার জীবন সংশয়াপূর্ণ', 'আমার কথাই প্রমাণিত হলো', 'বিবিধ জিনিস কিনলাম', 'বিদ্বান ব্যক্তিগণ দারিদ্রতার শিকার হন'।

২২. 'অশ্রু' শব্দটির সমার্থক শব্দ কোনটি?
ক জল খ কান্না গ জ্যোতি ঘ নেত্রবারি
ব্যাখ্যা 'অশ্রু' শব্দটির সমার্থক 'নেত্রবারি'। এরূপ আরও কিছু সমার্থক শব্দ– ধারাপাত, বর্ষণ, বিন্দুমোচন, চোখের জল, লোর।

২৩. 'আরোহণ' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক নীচে নামা খ ওঠা গ অবরোহণ ঘ উপরে ওঠা
ব্যাখ্যা 'আরোহণ' শব্দের বিপরীত শব্দ 'অবরোহণ'। আরও কিছু বিপরীত শব্দ– তাপ-শৈত্য, আশু-বিলম্ব, দ্রুত-মন্থর, যাযাবর- স্থায়ী।

২৪. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?
ক কাবিলের বোন খ প্রতিদিন একদিন
গ আর্তনাদে বিবর্ণ ঘ কোনোটি নয়
ব্যাখ্যা আল মাহমুদ রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'কাবিলের বোন'। মুক্তিযুদ্ধভিত্তিক আরও কিছু উপন্যাস– 'রাইফেল রোটি আওরাত', 'হাঙ্গর নদী গ্রেনেড', 'কালো ঘোড়া', 'জোছনা ও জননীর গল্প'।

২৫. নিচের কোনটি তৎসম শব্দ?
ক পাত্র খ চামার গ হাত ঘ দুধ
ব্যাখ্যা 'পাত্র' শব্দটি তৎসম শব্দ। অন্যদিকে 'চামার' এবং 'হাত' তদ্ভব শব্দ। 'দুধ' সংস্কৃত 'দুগ্ধ' শব্দ থেকে আগত।

২৬. "এ যে আমাদের চেনা লোক"—বাক্যে 'চেনা' শব্দটি কোন পদ?
ক বিশেষ্য খ বিশেষণ গ সর্বনাম ঘ অব্যয়
ব্যাখ্যা 'এ যে আমাদের চেনা লোক'– বাক্যের 'চেনা' শব্দটি বিশেষণ পদ। যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়া পদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে তাকে বিশেষণ পদ বলে। যেমন : দক্ষ কারিগর, সামান্য একটু মধু খাও।

২৭. 'যদিও তার বয়স বেড়েছে, তথাপি বুদ্ধি বাড়েনি'— বাক্যটি কোন ধরনের বাক্য?
ক জটিল বাক্য খ সরল বাক্য গ যৌগিক বাক্য ঘ মিশ্র বাক্য
ব্যাখ্যা প্রদত্ত বাক্যটি যৌগিক বাক্য। পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করল তাকে যৌগিক বাক্য বলে। এ বাক্যগুলোতে এবং ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি প্রভৃতি অব্যয় যোগে সংযুক্ত থাকে। যেমন– 'নেতা জনগণকে উৎসাহিত করলেন বটে কিন্তু কোনো পথ দেখাতে পারলেন না'। 'তিনি আমাকে পাঁচটি টাকা দিলেন এবং বাড়ি যেতে বললেন'।

২৮. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?
ক সংস্কৃত খ ইতস্তত গ কুলটা ঘ সতীশ
ব্যাখ্যা নিপাতনে সিদ্ধ সন্ধি 'কুলটা' = কুল + অটা। ব্যাকরণের সাধারণ বা বিশেষ কোনো নিয়মানুসারেই যখন কোনো কর্ম ব্যাখ্যা করা যায় না, অথচ সংগঠিত হয় তখন সেই ব্যতিক্রমকে বৈধতা দেয়ার নাম 'নিপাতনে সিদ্ধ সন্ধি'। যেমন– গবাক্ষ = গো + অক্ষ, তস্কর = তৎ + কর, ষোড়শ = ষট্ + দশ, সংস্কৃত = সম + কৃত।

২৯. কোনটি ষষ্ঠী তৎপুরুষ সমাস?
ক রাজপুত্র খ বিদ্যাপাগল গ ছাত্রাবাস ঘ মৃগশিশু
ব্যাখ্যা রাজার পুত্র = 'রাজপুত্র' ষষ্ঠী তৎপুরুষ সমাস। পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র,এর) লোপ হয়ে যে সমাস হয় তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। যেমন– চায়ের বাগান = চাবাগান, খেয়ার ঘাট = খেয়াঘাট, মৃগীর শিশু = মৃগশিশু। অন্যদিকে, 'বিদ্যাপাগল' এবং 'ছাত্রাবাস' চতুর্থী তৎপুরুষ সমাস।

৩০. নিচের কোনটি অব্যয়ীভাব সমাস?
ক একচোখা খ দোনলা গ সামীপ্য ঘ উনপাজুরে
[Note : সামীপ্য (উপ)অর্থে অব্যয়ীভাব সমাস হয়। অন্যদিকে– 'একচোখা', 'দোনলা' এবং 'উনপাজুরে' প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস।]

৩১. "তোমাকেই ঢাকা যেতে হবে"—কোন ধরনের বাচ্য?
ক কর্তৃবাচ্য খ কর্মবাচ্য
গ ভাববাচ্য ঘ সম্বন্ধ-কর্তা ভাববাচ্য
ব্যাখ্যা তোমাকেই ঢাকা যেতে হবে' বাক্যটি ভাববাচ্য। যে বাচ্যে কর্ম থাকে এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। যেমন– 'এবার ট্রেনে ওঠা যাক', 'আমার যাওয়া হবে না', 'তোমাদের কখন আসা হলো'?

৩২. 'উনপঞ্চাশ বায়ু' বাগধারাটির অর্থ কী?
ক উচ্ছৃঙ্খল খ রাগ বাড়ানো গ বেখাপ্পা ঘ পাগলামি
ব্যাখ্যা 'উনপঞ্চাশ বায়ু' বাগধারার অর্থ 'পাগলামি'। আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা– উড়নচণ্ডী (উচ্ছৃঙ্খল), আকাশ কুসুম (অসম্ভব কল্পনা), ইচঁড়ে পাকা (অকাল পক্ক)।

৩৩. এক কথায় প্রকাশ কর—"কেবল নিজেকে নিয়ে ব্যস্ত থাকে যে"
ক স্বার্থপর খ অকৃতজ্ঞ গ আত্মনিষ্ঠ ঘ মোনোটিই নয়
ব্যাখ্যা কেবল নিজেকে নিয়ে ব্যস্ত থাকে যে— আত্মনিষ্ঠ। আরো কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ : যার চক্ষু লজ্জা নেই— চশমখোর, যা বিলুপ্ত হচ্ছে— বিলীয়মান, দুইয়ের মধ্যে একটি— অন্যতর, দুঃখের যোগ— দুর্যোগ।

৩৪. 'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু, অনলে পুড়িয়া গেল'— এই বৈষ্ণবপদের রচিয়তা কে?
ক জ্ঞানদাস খ চণ্ডীদাস
গ গোবিন্দদাস ঘ দ্বিজ চণ্ডীদাস
ব্যাখ্যা বৈষ্ণব পদটির রচয়িতা জ্ঞানদাস। অন্যদিকে– গোবিন্দদাস রচিত সংস্কৃত নাটকের নাম– 'সংগীতমাধব', চণ্ডীদাসের বিখ্যাত মানবতাবাদী বাণী– 'শুনহ মানুষ ভাই/সবার উপরে মানুষ সত্য তাহার উপর নাই।'

৩৫. কোনটি মর্সিয়া সাহিত্য?
ক মধুমালতী খ চন্দ্রাবতী
গ লায়লী-মজনু ঘ জঙ্গনামা
ব্যাখ্যা 'জঙ্গনামা' মর্সিয়া সাহিত্য। এই কাব্য রচনা করেছিলেন দৌলত উজির বাহরাম খান। মর্সিয়া শব্দের অর্থ শোক প্রকাশ করা। শেখ ফয়জুল্লাহ মর্সিয়া সাহিত্যের আদি কবি।

৩৬. 'রামায়ণ' কে রচনা করেন?
ক মালিক মুহাম্মদ জায়সী খ বাল্মীকি
গ আলাওল ঘ কৃত্তিবাস
ব্যাখ্যা রামায়ণ রচনা করেন বাল্মীকি। অন্যদিকে 'রামায়ণ' এর বাংলা অনুবাদ করেন কৃত্তিবাস। মালিক মুহম্মদ জায়সীর 'পদুমাবৎ' কাব্য অবলম্বনে মহাকবি আলাওল 'পদ্মাবতী' কাব্য রচনা করেন।

৩৭. 'তিলোত্তমা' কোন উপন্যাসের প্রধান চরিত্র?
ক কুপালকুণ্ডলা খ বিষবৃক্ষ
গ আনন্দমঠ ঘ দুর্গেশনন্দিনী
ব্যাখ্যা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত— 'তিলোত্তমা' দুর্গেশ নন্দিনী' উপন্যাসের চরিত্র। অন্যদিকে, 'কপালকুণ্ডলা' উপন্যাসের চরিত্র 'কপাল কুণ্ডলা' এবং 'নবকুমার', 'আনন্দমঠ' উপন্যাসের চরিত্র 'কল্যাণী' এবং বিষবৃক্ষ উপন্যাসের প্রধান চরিত্র 'কুন্দনন্দিনী'।

৩৮. চর্যাপদে কতজন কবির পদ রয়েছে?
ক ৩৪ জন খ ৩০ জন গ ২৫ জন ঘ ২৪ জন
ব্যাখ্যা চর্যাপদে ২৪ জন কবির পদ পাওয়া যায় (মতান্তরে, ২৩ জন)। সবচেয়ে বেশি পদের রচয়িতা 'কাহ্নপা' এবং প্রথম পদটির রচয়িতা লুইপা। চর্যাপদের প্রাপ্ত পদের সংখ্যা সাড়ে ছেচল্লিশটি।

৩৯. বাংলা সাহিত্যের প্রথম নাগরিক কবি কে?
ক ভারতচন্দ্র রায় খ নরহরি চক্রবর্তী
গ বিজয়গুপ্ত ঘ মুকুন্দরাম
ব্যাখ্যা বাংলা সাহিত্যের প্রথম নাগরিক কবি ভারতচন্দ্র রায় গুণাকর। মধ্যযুগের শেষ এবং শ্রেষ্ঠ কবি ছিলেন তিনি। তার কবি প্রতিভার শ্রেষ্ঠ নির্দশন 'অন্নদামঙ্গল' কাব্য।

উত্তর
১১ খ
১২ গ
১৩ খ
১৪ ক
১৫ খ
১৬ খ
১৭ গ
১৮ ক
১৯ ঘ
২০ ঘ
২১ খ
২২ ঘ
২৩ গ
২৪ ক
২৫ ক
২৬ খ

উত্তর
২৭ গ
২৮ গ
২৯ ক
৩০ Note
৩১ গ
৩২ ঘ
৩৩ গ
৩৪ ক
৩৫ ঘ
৩৬ খ
৩৭ ঘ
৩৮ ঘ
৩৯ ক

CamScanner

৪০. 'জাপান যাত্রী' এর রচয়িতা কে?
ⓚ জসীমউদ্দীন ⓛ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓜ ইব্রাহীম খাঁ ⓝ আহমদ ছফা

ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ভ্রমণকাহিনি বিষয়ক গ্রন্থ 'জাপান যাত্রী'। ভ্রমণবিষয়ক তার আরও কয়েকটি গ্রন্থ– 'রাশিয়ার চিঠি', 'য়ুরোপপ্রবাসীর পত্র', 'পথের সঞ্চয়'।

৪১. হামিদুজ্জামান খান কোন ভাস্কর্যের স্থপতি?
ⓚ সাবাস বাংলাদেশ ⓛ মিতক
ⓜ স্টেপস ⓝ জাতীয় স্মৃতিসৌধ

ব্যাখ্যা হামিদুজ্জামান খানের অন্যতম ভাস্কর্য স্টেপস (সিঁড়ি), যা ১৯৮৮ সালে অনুষ্ঠিত দক্ষিণ কোরিয়ার সিউল অলিম্পিকের পার্কে স্থান পায়। তার উল্লেখযোগ্য কয়েকটি ভাস্কর্য হলো– শান্তির পায়রা, সংশপ্তক, স্বাধীনতা, ব্যাকটাস, স্মৃতির মিনার। উল্লেখ্য, জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন।

৪২. মুজিববর্ষের ক্ষণগণনা শুরু হয় কত তারিখে?
ⓚ ১০/১/২০১৯ ⓛ ১০/১/২০২০
ⓜ ১০/১/২০২১ ⓝ ১০/২/২০২০

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ঘোষিত মুজিববর্ষের ক্ষণগণনা শুরু হয় ১০ জানুয়ারি ২০২০ থেকে। মুজিববর্ষের সময়কাল ধরা হয়েছে ১৭ মার্চ ২০২০ থেকে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত সময়।

৪৩. 'নোয়া ১৮' কী?
ⓚ আন্তর্জাতিক টিভি চ্যানেল
ⓛ বাংলাদেশের তৈরি প্রথম ন্যানো স্যাটেলাইট
ⓜ বাংলাদেশের তৈরি প্রথম রকেট ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা 'নোয়া ১৮' যুক্তরাষ্ট্রের National Oceanic and Atmospheric Administration (NOAA)-এর একটি আবহাওয়া বিষয়ক স্যাটেলাইট। 'নোয়া ১৯' একটি আবহাওয়া স্যাটেলাইট। উল্লেখ্য, ২০১৭ সালে বাংলাদেশের প্রথম ন্যানো স্যাটেলাইট ব্র্যাক অন্বেষা উৎক্ষেপণ করা হয়।

৪৪. বিশ্বের কতটি দেশে বাংলাদেশের মিশন রয়েছে?
ⓚ ৭০টি দেশে ⓛ ৭৫টি দেশে
ⓜ ৬৮টি দেশে ⓝ ৫৮টি দেশে

ব্যাখ্যা বিশ্বের ৫৮টি দেশে বাংলাদেশের ৭৮টি কূটনৈতিক মিশন রয়েছে। বাংলাদেশের স্থায়ী মিশন রয়েছে ২টি, নিউইয়র্ক ও জেনেভা। উল্লেখ্য, তাইওয়ানের সাথে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক নেই কিন্তু বাণিজ্যিক সম্পর্ক আছে।

৪৫. 'জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক' চুক্তি কোনটি?
ⓚ শেনজেন ⓛ কার্টাগেনা
ⓜ কায়রো চুক্তি ⓝ তাসখন্দ চুক্তি

ব্যাখ্যা ১৯৯৯ সালে কলম্বিয়ার কার্টাগেনা শহরে জাতিসংঘের জৈব নিরাপত্তা চুক্তিটির ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে ২০০০ সালের ২৯ জানুয়ারি চুক্তিটি স্বাক্ষরিত হয়।

৪৬. 'প্রতিসরণ' এর উদাহরণ—
ⓚ আকাশ নীল দেখা ⓛ আকাশে রংধনু দেখা
ⓜ পানিতে নৌকার ছায়া দেখা ⓝ পানিতে নৌকার বৈঠা বাঁকা দেখা

ব্যাখ্যা আলোকরশ্মি তির্যকভাবে যখন এক স্বচ্ছ ও সমসত্ত্ব মাধ্যমে প্রবেশ করে তখন মাধ্যমদ্বয়ের বিভেদতলে আপতিত আলোকরশ্মির দিক পরিবর্তনের ঘটনাকে আলোর প্রতিসরণ বলে। পানিতে নৌকার বৈঠা দেখা, পানির নিচের মাছকে বড় মনে হওয়া ইত্যাদি আলোর প্রতিসরণের ফলে সংগঠিত হয়।

৪৭. নবায়নযোগ্য জ্বালানির উৎস নয়—
ⓚ বায়োগ্যাস ⓛ কয়লা ⓜ তেল ⓝ কোনোটিই নয়

[Note : যে শক্তির উৎসকে বারবার ব্যবহার করা যায় তাই হলো নবায়নযোগ্য শক্তি। সূর্যরশ্মি, পানি, পানির জোয়ার ভাটা, সমুদ্রস্রোত, বায়ুশক্তি, বায়োগ্যাস নবায়নযোগ্য শক্তি। অন্যদিকে অনবায়নযোগ্য শক্তির উৎস হলো– কয়লা, তেল, প্রাকৃতিক গ্যাস। এদত্ত অপশনে বায়োগ্যাস নবায়নযোগ্য এবং কয়লা ও তেল অনবায়নযোগ্য শক্তির উৎস।]

৪৮. নাইট্রিক এসিড ব্যবহৃত হয়—
ⓚ পাকস্থলীতে খাদ্য হজমে ⓛ সোনার গহনা তৈরিতে
ⓜ মাইক বাজানোর কাজে ⓝ আচার সংরক্ষণের কাজে

ব্যাখ্যা স্বর্ণের খাদ দূর করতে এবং তা থেকে গহনা তৈরিতে নাইট্রিক এসিড (HNO_3) ব্যবহৃত হয়। এছাড়া স্বর্ণের উজ্জ্বলতা বাড়াতে কিছু পরিমাণ H_2SO_4-এর ব্যবহারও লক্ষণীয়।

৪৯. 'সরিষার তেলে' কোন উপাদানটি পাওয়া যায়?
ⓚ এসকরবিক এসিড ⓛ ডেটুরিন
ⓜ ইরোসিক এসিড ⓝ লিনোলিক এসিড

ব্যাখ্যা সরিষার তেলে ইরোসিক এসিড (erucic acid) থাকে। এছাড়া ভোজ্যতেল বা সূর্যমুখী তেলে লিনোলিক এসিড, শাকসবজি বা সাইট্রাস জাতীয় ফলে এসকরবিক এসিড, ধুতুরা গাছের পাতা ও ফলে ডেটুরিন রয়েছে।

৫০. পিসিকালচার—
ⓚ চিংড়িচাষ বিষয়ক বিদ্যা ⓛ মৎস্যচাষ বিষয়ক বিদ্যা
ⓜ পাখি পালন বিষয়ক বিদ্যা ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা মৎস্য চাষ বিষয়ক বিদ্যাকে বলে পিসিকালচার। এছাড়া চিংড়ি চাষ—প্রণকালচার, পাখিপালন বিদ্যা—এভিকালচার, রেশম চাষ— সেরিকালচার, মুক্তা চাষ—পার্লকালচার, ব্যাঙ চাষ— ফ্রগকালচার নামে পরিচিত।

৫১. 'সোয়াইন ফ্লু' রোগের বাহক—
ⓚ শূকর ⓛ বাদুড় ⓜ এডিস মশা ⓝ মুরগি

ব্যাখ্যা সোয়াইন ফ্লু একটি শ্বাসযন্ত্রের রোগ যা H_1N_1 ভাইরাস দ্বারা ঘটে থাকে। এই ভাইরাস শূকরের শ্বাসনালীকে সংক্রমিত করে ও তা সেই আক্রান্ত শূকরের মাধ্যমে মানুষের শরীরে ছড়িয়ে পড়ে।

৫২. অবিভক্ত বাংলার সর্বপ্রথম রাজা কে?
ⓚ অশোক ⓛ শশাঙ্ক ⓜ মগদ ⓝ ধর্মপাল

ব্যাখ্যা বাংলার প্রথম রাজা শশাঙ্ক। শশাঙ্ক ৬০৬ সালে স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করেন। তার উপাধি ছিল মহাসামন্ত। রাজধানীর নাম ছিল কর্ণসুবর্ণ। ধর্মপাল পাল বংশের সর্বশ্রেষ্ঠ রাজা। অশোক মৌর্য বংশের সম্রাট।

উত্তর
৪০ খ
৪১ গ
৪২ খ
৪৩ ঘ
৪৪ ঘ
৪৫ খ
৪৬ ঘ
৪৭ Note
৪৮ খ
৪৯ গ
৫০ খ
৫১ ক
৫২ খ

৫৩. বাংলার কোন সুলতানের শাসনকালকে স্বর্ণযুগ বলা হয়?
ⓚ শামসুদ্দীন ইলিয়াস শাহ ⓛ নাসিরুদ্দীন মাহমুদ শাহ
ⓜ আলাউদ্দিন হোসেন শাহ ⓝ গিয়াস উদ্দিন আজম শাহ

ব্যাখ্যা বাংলার আকবর খ্যাত আলাউদ্দিন হোসেন শাহ ১৪৯৩ সালে মসনদে অধিষ্ঠিত হন। তার শাসনকাল ছিল ১৪৯৩-১৫১৯ সাল পর্যন্ত। মুসলিম শাসনের ইতিহাসে আলাউদ্দিন হুসেন শাহের শাসন কালকে 'স্বর্ণ যুগ' বলা হয়।

৫৪. ঐতিহাসিক ছয়দফা দাবিতে যে বিষয়টি অন্তর্ভুক্ত ছিল না—
ⓚ শাসনতান্ত্রিক কাঠামো ⓛ কেন্দ্রীয় সরকারের ক্ষমতা
ⓜ স্বতন্ত্র মুদ্রা ব্যবস্থা ⓝ বিচার ব্যবস্থা

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে ঐতিহাসিক 'ছয়দফা' কর্মসূচি পেশ করেন। এ কর্মসূচিতে শাসনতান্ত্রিক কাঠামো, কেন্দ্রীয় সরকারের ক্ষমতা, স্বতন্ত্র মুদ্রাব্যবস্থা, প্যারামিলিটারি বাহিনী গঠন ইত্যাদি বিষয় থাকলেও বিচার ব্যবস্থা অন্তর্ভুক্ত ছিল না।

৫৫. ক্লাউড কম্পিউটারের সার্ভিস মডেল কোনটি?
ⓚ অবকাঠামোগত ⓛ প্লাটফর্মভিত্তিক
ⓜ সফটওয়্যার ⓝ উপরের সবগুলো

ব্যাখ্যা ক্লাউড কম্পিউটারের মডেল সার্ভিস ৩টি। সেগুলো হলো—
i. Infrastructre as n Service (IaaS)
ii. Platform as n Service (PaaS)
iii. Software as a Service (SaaS)

৫৬. বাংলাদেশে ব-দ্বীপ পরিকল্পনা ২১০০-তে সমগ্র দেশকে মোট কয়টি হটস্পটে বিভক্ত করা হয়েছে?
ⓚ ৫টি ⓛ ৬টি ⓜ ৮টি ⓝ ৭টি

ব্যাখ্যা বাংলাদেশে 'ব-দ্বীপ পরিকল্পনা ২১০০' প্রণয়নে একই ধরনের দুর্যোগের ঝুঁকিতে থাকা জেলাগুলোকে অভিন্ন গ্রুপে বা হটস্পটে আনা হয়েছে। এভাবে দেশকে মোট ৬টি হটস্পটে বিভক্ত হয়েছে।

৫৭. ২০২১-২২ সালের জন্য জাতিসংঘের নিরাপত্তা পরিষদে এশিয়া অঞ্চল থেকে নির্বাচিত সদস্য দেশ কোনটি?
ⓚ ভারত ⓛ কুয়েত ⓜ ভিয়েতনাম ⓝ জাপান

ব্যাখ্যা নিরাপত্তা পরিষদের মোট অস্থায়ী সদস্য ১০টি। অস্থায়ী সদস্য নির্বাচিত হয় ২ বছরের জন্যে। ২০২১-২২ সালের জন্যে এ সংস্থার নির্বাচিত এশীয় দেশ ছিল ভারত। উল্লেখ্য, ২০২৩-২৪ সালের জন্য নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যর দায়িত্ব গ্রহণ করে মোট ৫টি দেশ। যথা- ইকুয়েডর, জাপান, মাল্টা, মোজাম্বিক ও সুইজারল্যান্ড।

৫৮. কোন ক্যাটাগরিতে বাংলাদেশ বৈশ্বিক ঝুঁকিতে অন্তর্ভুক্ত?
ⓚ কৃষিক্ষেত্রে অনিশ্চয়তা ⓛ ভূমিকম্প
ⓜ সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ⓝ মরুকরণ

ব্যাখ্যা পৃথিবীর উষ্ণতা বৃদ্ধি পেয়ে কৃষি ও পরিবেশের ওপর যে বিরূপ প্রভাব সৃষ্টি হয় তাকেই গ্রিন হাউস প্রভাব বলা হয়। গ্রিন হাউস ইফেক্টের ফলে বায়ুমণ্ডল উত্তপ্ত হচ্ছে। ফলে মেরু অঞ্চলের বরফ ক্রমেই গলে যাচ্ছে। যার ফলে সমুদ্রে পৃষ্ঠের পানির উচ্চতা বৃদ্ধি পাবে এবং সমুদ্র উপকূলবর্তী বিভিন্ন বন্দর, শহর ও নিম্নভূমি নিমজ্জিত হবে।

৫৯. ই-গভর্নেন্স এর উদ্দেশ্য—
ⓚ সুশাসন নিশ্চিত করা ⓛ জবাবদিহিতা নিশ্চিত করা
ⓜ প্রশাসনকে গতিশীল করা ⓝ সব কয়টি

ব্যাখ্যা ই-গভর্নেন্স (e-governance)-এর পূর্ণরূপ হলো ইলেক্ট্রনিক গভর্নেন্স (electronic governance), যার অর্থ হলো তথ্যপ্রযুক্তিনির্ভর শাসন। অর্থাৎ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সরকারি সেবা সমাজের সকল মানুষের কাছে পৌঁছে দেওয়ার আধুনিকতম পদ্ধতিকে ই-গভর্নেন্স বা তথ্যপ্রযুক্তি নির্ভর শাসন বলে। ই-গভর্নেন্সের উদ্দেশ্য— সুশাসন নিশ্চিত করা, জবাবদিহিতা নিশ্চিত করা, সরকার পরিচালনা ও প্রশাসনকে গতিশীল করা।

৬০. 'কসমিক ইয়ার'—
ⓚ মহাশূন্য থেকে আগত রশ্মির সময়কাল
ⓛ ছায়াপথের নিজ অক্ষে বিবর্তনকাল
ⓜ ছায়াপথের নিজ অক্ষে আবর্তনকাল
ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা সূর্য তার নিজ ছায়াপথকে কেন্দ্র করে একবার ঘুরে আসতে যে সময় নেয় সে তাকে কসমিক ইয়ার (Cosmic Year) বলা হয়। এটি গ্যালাকটিক ইয়ার নামেও পরিচিত। সূর্যের মাধ্যমে কসমিক ইয়ারে অতিক্রান্ত দূরত্ব হচ্ছে প্রায় ২০ কোটি আলোকবর্ষ।

61. Which is the feminine form of 'Captain'?
ⓐ Coward ⓑ Knight
ⓒ Czarina ⓓ None of them

ব্যাখ্যা Captain-এর feminine form হলো– captainess ও (খুবই বিরল) female captain। Coward অর্থ ভীরু। এটি কোনো gender নির্দেশক নয়। Knight– হলো মধ্যযুগের সম্মানিত সামরিক পদে আসীন ব্যক্তি। Czarina অর্থ (রুশ) সম্রাজ্ঞী। এটি czar-এর feminine form। অপশন সমূহে captain এর feminine না থাকায় সঠিক উত্তর (d)।

62. "All spoke in his favour"—here 'all' is
ⓐ pronoun ⓑ noun
ⓒ adverb ⓓ none of them

ব্যাখ্যা Subject-এর স্থলে all বসায়, এখানে all pronoun। আমরা জানি, noun বা noun phrase ও pronoun ই কেবল একটি বাক্যের subject বা object হতে পারে।

63. A doctor who treats eye diseases—
ⓐ curator ⓑ optician
ⓒ ophthalmologist ⓓ polyglot

ব্যাখ্যা যিনি চোখের রোগ নির্ণয় ও চিকিৎসা করেন, তিনিই ophthalmiologist।

64. Fill in the gap with the correct form of verb :
"The police — informed yesterday."
ⓐ is ⓑ are ⓒ was ⓓ were

ব্যাখ্যা Police শব্দটি singular ও plural উভয়ই হতে পারে। এখানে, The police দ্বারা একজন পুলিশ না বুঝিয়ে

উত্তর
৫৩ গ
৫৪ ঘ
৫৫ ঘ
৫৬ খ
৫৭ ক
৫৮ গ
৫৯ ঘ
৬০ গ
61 d
62 a
63 c
64 d

CamScanner

police-এর team-কে বুঝাচ্ছে, তাই এখানে এটি plural ও বাক্যটিতে yesterday থাকায় বাক্যটি past indefinite tense হবে। সুতরাং সঠিক উত্তর (d) were.

65. Who is the author of "A Farewell To Arms"
ⓐ T. S. Eliot ⓑ John Milton
ⓒ Plato ⓓ Ernest Hemingway

ব্যাখ্যা 'A Farewell to Arms' উপন্যাসটির রচয়িতা American writer Ernest Hemingway।

66. A speech full of too many words is—
ⓐ A big speech ⓑ Maiden speech
ⓒ An unimportant speech ⓓ A verbose speech

ব্যাখ্যা 'A speech full of too many words'-কে এক কথায় a verbose speech বলা হয়।

67. What is the meaning of 'soft soap'?
ⓐ Flattery for self motives
ⓑ To speak ill of others
ⓒ To speak high of others
ⓓ To recognize others good deeds

ব্যাখ্যা 'Soft soap' idiom-টির অর্থ তোষামোদ। তাই সঠিক উত্তর (a) Flattery for self motives।

68. Which one of the following words disimilar to other three?
ⓐ Leukemia ⓑ Cataract
ⓒ Diphtheria ⓓ Leukocyte

ব্যাখ্যা Leukemia হলো রক্তের ক্যান্সার রোগ। Cataract হলো চোখের এক ধরনের রোগ, যার ফলে দৃষ্টি শক্তি ঝাপসা হয়ে আসে। Diptheria হলো এক ধরনের ব্যাকটেরিয়া ঘটিত রোগ যার ফলে শ্বাস প্রশ্বাসে সমস্যা, হৃদযন্ত্র বিকল, প্যারালাইসিস, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে। Leukocyte হলো শরীরের শ্বেত রক্তকণিকা, যেটি মানবদেহের রোগ প্রতিরোধ ক্ষমতা নিশ্চিত করে। তাই (d) Leukocyte-ই সঠিক উত্তর কারণ এটি অন্য তিনটি থেকে ভিন্ন।

69. Which one of the four below is most unlike the other three?
ⓐ steady ⓑ ephemeral
ⓒ temporary ⓓ short-lived

ব্যাখ্যা Steady অর্থ অটল, অবিচল। Ephemaral অর্থ ক্ষণজীবী, ক্ষণস্থায়ী; temporary অর্থ ক্ষণস্থায়ী; short lived অর্থ অল্পপ্রাণ, ক্ষুদ্রপ্রাণ। দেখা যাচ্ছে, steady-ই অন্য তিনটি অপশন থেকে ভিন্ন। তাই এটিই সঠিক উত্তর।

70. Water is to Oxygen as salt to—
ⓐ Iron ⓑ sodium ⓒ calcium ⓓ protein

ব্যাখ্যা Water-এর একটি উপাদান oxygen। অন্যদিকে, salt-এর উপাদান sodium।

71. 'Hold water' means—
ⓐ keep water ⓑ drink water
ⓒ bear examination ⓓ store water

ব্যাখ্যা 'Hold water' idiom টির অর্থ হলো পানি পাওয়া বা লড়াইয়ে টিকে থাকা। Bear examination অর্থ পরীক্ষায় উত্তীর্ণ হওয়া। তাই (c) bear examination-ই সঠিক উত্তর।

72. Trace the odd pair in the following—
ⓐ Hospital and patient ⓑ teacher and student
ⓒ nest and bird ⓓ prison and culprit

ব্যাখ্যা Hospital-এ patient থাকে, nest এ bird থাকে। prison and culprit থাকে। অন্যদিকে, teacher ও student হলো দুজন ব্যক্তি। দেখা যাচ্ছে এটিই অর্থাৎ (b) teacher and student বাকি তিন জোড়া থেকে ভিন্ন। তাই এটিই সঠিক উত্তর।

73. What is the synonym of 'jovial'.
ⓐ A jolly ⓑ Gay ⓒ Jealous ⓓ happy

ব্যাখ্যা Jovial অর্থ উৎফুল্ল। Gay অর্থও উৎফুল্ল, jolly অর্থ উৎফুল্ল, কিন্তু অপশনে jolly-এর আগে a থাকায় এটি হবে না। Jealous অর্থ ঈর্ষাপরায়ণ। happy অর্থ খুশি। তাই (b) gay-ই সঠিক উত্তর।

74. What is the synonym of 'emancipate'
ⓐ set free ⓑ take back
ⓒ make worse ⓓ enable

ব্যাখ্যা Emancipate অর্থ মুক্ত করা। তাই সঠিক উত্তর (a) set free।

75. "What are you so angry—?" the word in the gap is—
ⓐ about ⓑ at ⓒ with ⓓ for

ব্যাখ্যা কোনো বস্তু বা বিষয় নিয়ে রাগান্বিত হলে angry এর পরে about বসে। What দ্বারা প্রশ্ন করার দ্বারা কোনো বস্তুকে বুঝাচ্ছে। তাই শূন্যস্থানে about বসবে।

76. "There are— dangerous drivers." the word in the gap is—
ⓐ a very lot of ⓑ very many of
ⓒ very much of ⓓ a lot of

ব্যাখ্যা সংখ্যায় অত্যাধিক বা প্রচুর পরিমাণে বুঝাতে a lot of ব্যবহৃত হয়।

77. The phrase 'Achilles Heel' means —
ⓐ strong point ⓑ a weak point
ⓒ a permanent solution ⓓ a serious idea

ব্যাখ্যা 'Achilles heel' idiom-টির অর্থ দুর্বল জায়গা। তাই সঠিক উত্তর (b) a week point।

78. "Credif Tk 50.00 — my account." the word in the gap is—
ⓐ in ⓑ with ⓒ against ⓓ to

ব্যাখ্যা Account-এ অর্থ ঢুকানো বুঝাতে credit-এর পরে to বসে।

79. An ordinance is —
ⓐ a book ⓑ an arms factory
ⓒ a rule ⓓ a law

ব্যাখ্যা Ordinance অর্থ অধ্যাদেশ, বিধান ইত্যাদি। তাই সঠিক উত্তর (d) a law।

80. Syntax means—
ⓐ manner of speech ⓑ sentence building
ⓒ supplementary tax ⓓ synchronizing act

ব্যাখ্যা Syntax অর্থ বাক্য-গঠন। তাই সঠিক উত্তর (b) sentence building।

উত্তর

65	d
66	d
67	a
68	d
69	a
70	b
71	c
72	b
73	b
74	a
75	a
76	d
77	b
78	d
79	d
80	b

অফিস অব দ্যা কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস (OCGA) জুনিয়র অডিটর ২০২২

পরীক্ষার তারিখ : ০১.০৪.২০২২; সময় : ১ ঘণ্টা ৫ মিনিট; পূর্ণমান : ১০০

[প্রত্যেক প্রশ্নের মান ১.২৫, প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ নম্বর কাটা যাবে। ৮১ নং প্রশ্নের উত্তর বাধ্যতামূলক, এর জন্য কোনো নম্বর বরাদ্দ নাই]

০১. 'বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর'-কার লেখা?
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓛ সৈয়দ শামসুল হক
ⓜ জীবনানন্দ দাশ ⓝ জসীম উদ্দিন

ব্যাখ্যা 'বাংলার মুখ আমি দেখিয়াছি,.....' চরণটি জীবনানন্দ দাসের 'বাংলার মুখ' কবিতা থেকে চয়ন করা হয়েছে। তার উল্লেখযোগ্য কিছু কাব্যগ্রন্থ : 'ঝরাপালক', 'ধূসর পাণ্ডুলিপি', 'বনলতা সেন', 'মহাপৃথিবী', 'রূপসী বাংলা'।

০২. 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়'– চরণটির রচয়িতা কে?
ⓚ কাজী নজরুল ইসলাম ⓛ শামসুর রাহমান
ⓜ সত্যেন্দ্রনাথ দত্ত ⓝ সুকান্ত ভট্টাচার্য

ব্যাখ্যা 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়'– চরণটির রচয়িতা কবি সুকান্ত ভট্টাচার্য। 'কিশোর কবি'র উল্লেখযোগ্য কয়েকটি কাব্যগ্রন্থ– 'ছাড়পত্র', 'ঘুম নেই', 'পূর্বাভাস', 'হরতাল'।

০৩. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?
ⓚ চিলেকোঠার সেপাই ⓛ আগুনের পরশমণি
ⓜ একাত্তরের দিনগুলি
ⓝ পায়ের আওয়াজ পাওয়া যায়

ব্যাখ্যা হুমায়ূন আহমেদের 'আগুনের পরশমণি' (১৯৮৬) একটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। অন্যদিকে জাহানারা ইমামের 'একাত্তরের দিনগুলি', মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিকথা; সৈয়দ শামসুল হকের 'পায়ের আওয়াজ পাওয়া যায়' মুক্তিযুদ্ধভিত্তিক নাটক এবং ১৯৬৯-এর গণ-আন্দোলনের প্রেক্ষাপটে রচিত উপন্যাস আখতারুজ্জামান ইলিয়াসের 'চিলেকোঠার সেপাই'।

০৪. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি'-গানটির গীতিকার কে?
ⓚ আলতাফ মাহমুদ ⓛ গাজী মাযহারুল আনোয়ার
ⓜ আবদুল গাফফার চৌধুরী ⓝ শওকত ওসমান

ব্যাখ্যা 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির গীতিকার আবদুল গাফফার চৌধুরী। অন্যদিকে– গানটির প্রথম সুরকার ছিলেন আবদুল লতিফ এবং বর্তমান সুরকার হলেন আলতাফ মাহমুদ।

০৫. 'সুলতানার স্বপ্ন' কোন ধরনের গ্রন্থ?
ⓚ কাব্য ⓛ উপন্যাস
ⓜ নাটক ⓝ প্রবন্ধ

ব্যাখ্যা বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত উপন্যাস 'সুলতানার স্বপ্ন'। তার রচিত আরেকটি উপন্যাস 'পদ্মরাগ'। তার গদ্যগ্রন্থ 'মতিচূর' ও 'অবরোধবাসিনী'।

০৬. 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র'– কে সম্পাদনা করেন?
ⓚ ড. আনিসুজ্জামান ⓛ হাসান হাফিজুর রহমান
ⓜ ড. মুনতাসির মামুন ⓝ আলাউদ্দিন আল আজাদ

ব্যাখ্যা 'বাংলাদেশের স্বাধীনতার যুদ্ধ : দলিলপত্র' সম্পাদনা করেন হাসান হাফিজুর রহমান। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটি প্রথম প্রকাশিত হয় তার 'একুশে ফেব্রুয়ারি' সাহিত্য সংকলনে।

০৭. নিচের কোন বানানটি সঠিক?
ⓚ পরিষ্কার ⓛ পরিষ্কার
ⓜ পরিশকার ⓝ পরিষ্কার

ব্যাখ্যা শব্দে 'র' ধ্বনির পরে যদি অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি থাকে তবে তার পরে 'ষ' হয়। যেমন– পরিষ্কার।

০৮. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?
ⓚ বর্ণ ⓛ পদ
ⓜ অক্ষর ⓝ ধ্বনি

ব্যাখ্যা ভাষার ক্ষুদ্রতম একক 'ধ্বনি'। অন্যদিকে– বিভক্তিযুক্ত শব্দকে 'পদ' বলে। 'বর্ণ' বলা হয় ধ্বনির লিখিত রূপকে এবং নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে 'অক্ষর' বলে।

০৯. বাংলা স্বরবর্ণ কয়টি?
ⓚ নয়টি ⓛ দশটি
ⓜ এগারটি ⓝ বারটি

ব্যাখ্যা বাংলা বর্ণমালায় মোট বর্ণ ৫০টি। এর মধ্যে স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জনবর্ণ ৩৯ টি।

১০. 'দ্ধ' যুক্তাক্ষরে কোন দুটি বর্ণ রয়েছে?
ⓚ দ + ব ⓛ দ + দ
ⓜ দ + ত ⓝ দ + ধ

ব্যাখ্যা 'দ্ধ' যুক্তাক্ষরে দ্ + ধ এই দুটি বর্ণ আছে। যেমন– বদ্ধ, যুদ্ধ, সমৃদ্ধি। আরও কিছু গুরুত্বপূর্ণ যুক্তবর্ণ 'ক্ত' = ক্ + ত, 'ক্ষ' = ক্ + ষ, 'ঞ্জ' = ঞ্ + জ, 'ঞ্চ' = ঞ্ + চ, 'হ্ণ' = হ্ + ণ।

১১. নিম্নের কোনটি শব্দের আগে বসে?
ⓚ অনুসর্গ ⓛ উপসর্গ
ⓜ বিভক্তি ⓝ প্রত্যয়

ব্যাখ্যা 'উপসর্গ' শব্দের আগে বসে। বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা– ক. বাংলা উপসর্গ, খ. তৎসম/সংস্কৃত উপসর্গ এবং গ. বিদেশি উপসর্গ।

১২. নিচের কোনটি গুণবাচক বিশেষ্য?
ⓚ বহর ⓛ মধুরতা
ⓜ সাহসী ⓝ দর্শন

উত্তর

০১	গ
০২	ঘ
০৩	খ
০৪	গ
০৫	খ
০৬	খ
০৭	ক
০৮	ঘ
০৯	গ
১০	ঘ
১১	খ
১২	খ

CamScanner

ব্যাখ্যা 'মধুরতা' গুণবাচক বিশেষ্য। এরূপ আরও কিছু গুণবাচক বিশেষ্য– সততা, ভদ্রতা, তারুণ্য, তারল্য, সৌরভ, যৌবন, সুখ-দুঃখ।

১৩. নিচের কোন শব্দটি তৎসম শব্দ?
ক জীবন খ গোয়ালা
গ চামার ঘ পেট

ব্যাখ্যা 'জীবন' তৎসম শব্দ। অন্যদিকে 'চামার' তদ্ভব শব্দ, 'গোয়ালা' সংস্কৃত এবং 'পেট' দেশি শব্দ।

১৪. 'হিসাব' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক পর্তুগিজ খ আরবি
গ জাপানিজ ঘ গুজরাটি

ব্যাখ্যা 'হিসাব' আরবি শব্দ। আরও কিছু গুরুত্বপূর্ণ আরবি শব্দ– এলাকা, দলিল, ইসলাম, আলবত, মুসাফির, লেবু, মহরম।

১৫. ক্রিয়াপদের মূল অংশকে কি বলে?
ক বিভক্তি খ কারক
গ ধাতু ঘ প্রত্যয়

ব্যাখ্যা ক্রিয়াপদের মূল অংশকে বলা হয় ধাতু। অন্যদিকে– ধাতু বা শব্দের পরে ভিন্ন ভিন্ন অর্থে যে বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে সেগুলোকেই প্রত্যয় বলা হয়। বাক্যস্থিত ক্রিয়া পদের সঙ্গে নামপদের যে সম্পর্ক তাকে বলা হয় 'কারক'। বাক্যে ব্যবহৃত শব্দ বা শব্দগুলোর শেষে যে বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয় তাকে বিভক্তি বলে।

১৬. ঘ্রাণ শব্দটির সন্ধি বিচ্ছেদ?
ক ঘ্রাণ + অ খ ঘ্রা + অন
গ ঘৃ + আ + ন ঘ ঘৃ + অন

ব্যাখ্যা 'ঘ্রাণ' শব্দটির সন্ধি বিচ্ছেদ 'ঘ্রা + অন'। আরও কিছু গুরুত্বপূর্ণ সন্ধি বিচ্ছেদ– টাকশাল = টাকা + শাল, অপেক্ষা = অপ + ঈক্ষা, আচ্ছাদন = আ + ছাদন, অভ্যুদয় = অভি + উদয়, ক্ষুধার্থ = ক্ষুধা + ঋত।

১৭. সমাস ভাষাকে—
ক সংকোচন করে খ সংক্ষেপ করে
গ অর্থবোধক করে ঘ বিস্তৃত করে

ব্যাখ্যা সমাস ভাষাকে সংক্ষেপণ করে। পরস্পর অর্থসঙ্গতি সম্পন্ন দুই বা ততোধিক পদের একপদে পরিণত হওয়াকে সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, তিন ফলের সমাহার = ত্রিফলা।

১৮. কোনটি উভয় লিঙ্গ?
ক স্ত্রী খ সন্তান
গ দেবর ঘ পুত্র

ব্যাখ্যা 'সন্তান' শব্দটি উভয় লিঙ্গ। যা দ্বারা স্ত্রী-পুরুষ উভয় জাতিকেই বোঝায় সেগুলো উভয়লিঙ্গ। যেমন– কবি, পাখি, শিশু। অন্যদিকে– 'দেবর' এবং 'পুত্র' পুরুষবাচক শব্দ এবং 'স্ত্রী' স্ত্রীলিঙ্গ।

১৯. 'কবিতা' শব্দের বহুবচন কোনটি?
ক কবিতাগুচ্ছ খ কবিতামালা
গ কবিতারাজি ঘ কবিতাসমূহ

ব্যাখ্যা কবিতা শব্দের বহুবচন 'কবিতাগুচ্ছ'। অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ– আবলি, গুচ্ছ, দাম, নিকর, পুঞ্জ, মালা, রাশি। যেমন– পুস্তকাবলি, কুসুমদাম, পর্বতমালা, বালিরাশি।

২০. ছাদ থেকে পানি পড়ে– কোন কারকে কোন বিভক্তি?
ক করণে ৭মী খ অধিকরণে ৭মী
গ অধিকরণে ৫মী ঘ অপাদানে ৫মী

ব্যাখ্যা যা থেকে কিছু বিচ্যুত, গৃহিত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয় তাকেই অপাদান কারক বলে। যেমন– গাছ থেকে পাতা পড়ে, দুধ থেকে দই হয়, বিপদ থেকে বাঁচাও।

২১. 'Out and Out' means
ক Not at all খ Thoroughly
গ Brave ঘ Between

ব্যাখ্যা Out and out অর্থ পুরোপুরি, সম্পূর্ণরূপে। Not at all আদৌ নয়, Thoroghly– পুরোপুরি, আদি থেকে অন্ত পর্যন্ত, Brave– সাহসী, Between– দুইয়ের মধ্যে। সুতরাং অপশন (খ) সঠিক।

২২. The antonym for 'Recalcitrant'
ক Careful খ Passive
গ Compliant ঘ None of above

ব্যাখ্যা Recalcitrant (অবাধ্য)-এর বিপরীত শব্দ হলো Compliant (বাধ্য)। তাছাড়া careful অর্থ সতর্ক, passive অর্থ নিষ্ক্রিয়।

২৩. 'আমার ক্ষুধা নেই'-এর ইংরেজি—
ক I have no appetite খ I have no hunger
গ I am not hungry ঘ I have hunger

ব্যাখ্যা 'আমার ক্ষুধা নেই'-এর ইংরেজি I have no appetite। I have no hunger ও I have hunger-এর ব্যবহার সঠিক নয়। আর I am not hungry অর্থ আমি ক্ষুধার্ত নই।

২৪. Which one is the correct spelling?
ক Quram খ Qouram
গ Quoram ঘ Quorum

ব্যাখ্যা Quorum হলো সঠিক বানান। Quorum হলো কোনো একটি মিটিং-এ ন্যূনতম উপস্থিতির সংখ্যা।

২৫. I need some books, ...?
ক Don't I খ Do I
গ Needn't I ঘ Need I

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটিতে need মূল verb হিসেবে ব্যবহৃত হওয়ায় 'do' দিয়ে tag টি করতে হবে। Sentence টি positive হওয়ায় tag টি negative হবে। তাই Don't I হলো সঠিক tag।

উত্তর

১৩	ক
১৪	খ
১৫	গ
১৬	খ
১৭	খ
১৮	খ
১৯	ক
২০	ঘ
২১	খ
২২	গ
২৩	ক
২৪	ঘ
২৫	ক

২৬. Change into passive, 'Whom do you want?'
ক By whom you are wanted?
খ By whom are you wanted?
গ Whom is wanted by you?
ঘ Who is wanted by you?

ব্যাখ্যা Active -এ whom থাকলে passive-এ who + aux. (tense ও number অনুযায়ী) + v3 + by + sub টির obj form। তাই who is wanted by you সঠিক উত্তর।

২৭. 'We shall be blamed'-এর Active Voice কোনটি?
ক Eveyone shall blame us.
খ Everyone blame us.
গ Everyone will blame us.
ঘ Everyone is blaming us.

ব্যাখ্যা প্রদত্ত sentence টিতে object না থাকায় passive voice-এ রূপান্তর করতে প্রথমেই একটি subject ধরে নিতে হবে। সেই হিসেবে everyone ধরলে এর সাথে will বসাতে হবে। কারণ everyone এর সাথে shall বসে না। বাকিটি যেহেতু future indifinite-এর passive তাই Active-এ future indefinite-ই রাখতে হবে। তাই Everyone will blame us. সঠিক উত্তর।

২৮. This is the man who went there, It is a/an — clause.
ক Noun খ Adjective
গ Adverbial ঘ Co-ordinate

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটিতে 'who went there' অংশটি the man সম্পর্কে ধারণা দিচ্ছে। তাই এটি adjective clause হবে।

২৯. He ran .... the field.
ক in খ with
গ up ঘ across

ব্যাখ্যা Across আড়াআড়িভাবে, এপার থেকে ওপারে অথবা একদিক থেকে অন্যদিকে অর্থে ব্যবহৃত হয়। যেমন– He ran across the field সঠিক উত্তর (ঘ)।

৩০. He has abhorrence .... war.
ক of খ to
গ for ঘ in

ব্যাখ্যা Abhorrence (ঘৃণা) এর সাথে appropriate preposition 'to' বসে।

৩১. Neither Mily nor Lily ..... qualified for the Job.
ক are খ is
গ were ঘ have

ব্যাখ্যা Either ..... or, Neihter ..... nor-এর পরে sub অনুযায়ী verb বসে। এখানে ২য় sub Lily যেহেতু singular তাই 'is' সঠিক উত্তর।

৩২. 'Parcel' means—
ক quarrel খ piece of land
গ postage ঘ bubble

ব্যাখ্যা Parcel means a piece of land। Quarrel– ঝগড়া, postage– ডাকমাশুল, bubble– বুদবুদ।

৩৩. 'Knowledge comes but wisdom lingers'— কার উক্তি?
ক Alfred Lord Tennyson
খ Robert Browing
গ Thomas Hardy.
ঘ Charles Dickens

ব্যাখ্যা 'Knowledge comes but wisdom linger'-এ বিখ্যাত উক্তিটি করেছেন ভিক্টোরিয়ান Poet Alfred Lord Tennyson।

৩৪. 'War and peace' উপন্যাসটি কার লেখা?
ক George Eliot খ Leo Tolstoy
গ Karl Marx ঘ Oscar Wilde

ব্যাখ্যা 'War and peace' দর্শন ও ইতিহাসের উপর নির্ভর করে লিখিত বিখ্যাত এই উপন্যাসের লেখক রুশ সাহিত্যিক Leo Tolstoy। 1869 সালে উপন্যাসটি প্রকাশিত হয়।

৩৫. অসমাপ্ত আত্মজীবনী-এর ইংরেজি অনুবাদ কোনটি?
ক Unfinished Biography
খ Incomplete Biography
গ The unfinished Memoirs
ঘ None of above

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ অসমাপ্ত আত্মজীবনী' এর ইংরেজি অনুবাদ The unfinished Memoirs'। এটি অনুবাদ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. ফররুখ আলম।

৩৬. If he runs fast, he — win the prize.
ক would খ will
গ can ঘ could

ব্যাখ্যা Conditional এর নিয়ম অনুযায়ী if যুক্ত অংশটি present indefinite হলে, কমার পরে অংশটি future indefinite tense হবে। এজন্য (খ) সঠিক উত্তর।

৩৭. 'Come here'-এর indirect speech কোনটি?
ক He told me come here.
খ He told that I should come here.
গ He ordered me that go there.
ঘ He told me to go there.

ব্যাখ্যা Imperative sentence কে indirect narration-এ পরিবর্তন করতে sub + told + reported verb এর obj + to + v1 + বাকি অংশ। সেজন্য He told me to go there সঠিক হবে।

৩৮. Truth-এর সঠিক adjective form হবে—
ক Truly খ True
গ Truism ঘ None of them

উত্তর

২৬	ঘ
২৭	গ
২৮	খ
২৯	ঘ
৩০	খ
৩১	খ
৩২	খ
৩৩	ক
৩৪	খ
৩৫	গ
৩৬	খ
৩৭	ঘ
৩৮	খ

CamScanner

ব্যাখ্যা Truth হলো noun form। এর adjective form হলো true।

৩৯. 'See' শব্দটির Noun কোনটি?
ক Seen খ Scene
গ Sought ঘ Sight

ব্যাখ্যা See (দেখা) verb এর noun form হলো sight (দৃশ্য)।

৪০. The verb of the word 'Economy' is —
ক Economic খ Economically
গ Economize ঘ Economical

ব্যাখ্যা Economy (অর্থনীতি) এর verb form হলো economize (মিতব্যয় করা)।

৪১. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?
ক ১৬ খ ১৮ গ ২০ ঘ ২৪

ব্যাখ্যা মনে করি, সংখ্যাটি ক
প্রশ্নমতে, ৩ক + ২ক = ৯০
⇒ ৫ক = ৯০
∴ ক = ১৮

৪২. ১ হতে ৩০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে?
ক ১১টি খ ৮টি
গ ১০টি ঘ ৯টি

ব্যাখ্যা ১ হতে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যা ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯ অর্থাৎ ১০টি।

৪৩. ০.০০০১-এর বর্গমূল কত?
ক ০.১ খ ০.০১
গ ০.০০১ ঘ ১

ব্যাখ্যা ০.০০০১ এর বর্গমূল $= \sqrt{0.0001}$
$= \sqrt{\frac{1}{10000}} = \frac{1}{100} = 0.01$

৪৪. কোন সংখ্যাটি বৃহত্তম?
ক ০.৩ খ $\frac{১}{৩}$
গ $\sqrt{0.৩}$ ঘ $\frac{২}{৫}$

ব্যাখ্যা $0.৩ < \frac{১}{৩}$ বা ০.৩৩.....
$\frac{১}{৩} < \sqrt{0.৩}$ বা ০.৫৪ ....
$\frac{২}{৫}$ বা $0.৪ < \sqrt{0.৩}$
∴ $\sqrt{0.৩}$ সংখ্যাটি বৃহত্তম।

৪৫. দৈনিক ৬ ঘণ্টা পরিশ্রম করে ৮ জন ব্যক্তি একটি কাজ করে ১৫ দিনে। দৈনিক ৫ ঘণ্টা পরিশ্রম করে ৯ জন ব্যক্তি কাজটি কত দিনে করবে?
ক ১২ খ ১৫ গ ১৬ ঘ ১৮

ব্যাখ্যা আমরা জানি,
$M_1H_1D_1 = M_2H_2D_2$
$\Rightarrow D_2 = \frac{M_1H_1D_1}{M_2H_2}$
$= \frac{৮ \times ৬ \times ১৫}{৯ \times ৫}$
$= ১৬$ দিন।

এখানে,
$M_1 = ৮$ জন
$H_1 = ৬$ ঘণ্টা
$D_1 = ১৫$ দিনে
$M_2 = ৯$ জন
$H_2 = ৫$ ঘণ্টা

৪৬. এক টাকায় ৩টি করে আম ক্রয় করে এক টাকায় ২টি করে আম বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক ২৫% খ ৫০%
গ ৭৫% ঘ ১০০%

ব্যাখ্যা শতকরা লাভ $= \frac{(৩-২)}{২} \times ১০০\% = \frac{১}{২} \times ১০০\% = ৫০\%$

৪৭. ০.৫ + ০.০৫ = ?
ক ১.৫ খ ০.১
গ ১০.০ ঘ ০.০৫

ব্যাখ্যা $0.৫ + 0.০৫ = 0.৫ \times \frac{১}{0.০৫} = \frac{৫}{১০} \times \frac{১০০}{৫} = ১০$

৪৮. $a + b + c = 15$ এবং $a^2 + b^2 + c^2 = 83$ হলে $ab + bc + ac$ এর মান কত?
ক ৭১ খ ৬৮
গ ৫১ ঘ ৪৫

ব্যাখ্যা দেওয়া আছে,
$a + b + c = 15$ এবং $a^2 + b^2 + c^2 = 83$
আমরা জানি,
$2(ab + bc + ac) = (a + b + c)^2 - (a^2 + b^2 + c^2)$
$\therefore ab + bc + ac = \frac{15^2 - 83}{2}$
$= \frac{225 - 83}{2} = \frac{142}{2} = 71$

৪৯. ২৫ ফুট লম্বা একটি বাঁশকে এমনভাবে কাটা হলো যেন এক অংশ অন্য অংশের $\frac{১}{৪}$ হয়। ছোট অংশটির দৈর্ঘ্য কত ফুট হলো?
ক ৪ খ ৫
গ ৬ ঘ ৮

ব্যাখ্যা মনে করি, বাঁশটির বড় অংশের দৈর্ঘ্য = ক ফুট
এবং বাঁশটির ছোট অংশের দৈর্ঘ্য $= \frac{ক}{৪}$ ফুট
প্রশ্নমতে, $ক + \frac{ক}{৪} = ২৫$
$\Rightarrow \frac{৫ক}{৪} = ২৫$
∴ ক = ২০
সুতরাং বাঁশটির ছোট অংশের দৈর্ঘ্য $= \frac{২০}{৪} = ৫$ ফুট।

উত্তর	
৩৯	ঘ
৪০	গ
৪১	খ
৪২	গ
৪৩	খ
৪৪	গ
৪৫	গ
৪৬	খ
৪৭	গ
৪৮	ক
৪৯	খ

৫০. $x + \frac{1}{x} = 1$ হলে $x^3 + \frac{1}{x^3}$ এর মান কত?
ক 1 খ 2
গ 3 ঘ 4
[Note: সঠিক উত্তর নাই]

দেওয়া আছে, $x + \frac{1}{x} = 1$
$\therefore x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$
$= (1)^3 - 3(1)$
$= 1 - 3$
$= -2$

৫১. সালেহ ও আনুর বয়সের অনুপাত 5 : 4। 3 বছর পর তাদের বয়সের অনুপাত 11 : 9 হবে। আনুর বর্তমান বয়স কত?
ক 24 খ 27
গ 40 ঘ 50

ব্যাখ্যা মনে করি, সালেহ ও আনুর বয়স যথাক্রমে $5x$ বছর এবং $4x$ বছর।
প্রশ্নমতে, $\frac{5x+3}{4x+3} = \frac{11}{9}$
$\Rightarrow 45x + 27 = 44x + 33$
$\Rightarrow 45x - 44x = 33 - 27$
$\therefore x = 6$
সুতরাং আনুর বর্তমান বয়স $= 4 \times 6 = 24$ বছর

৫২. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৫% বৃদ্ধি করলে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?
ক ৫% খ ১০%
গ ২০% ঘ ২৫%

ব্যাখ্যা মনে করি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x এবং প্রস্থ y
∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= xy$
৫% বৃদ্ধিতে দৈর্ঘ্য $= x + x$ এর ৫% $= ১.০৫x$ এবং প্রস্থ y
∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= ১.০৫xy = ১.০৫xy$
সুতরাং,
ক্ষেত্রফল শতকরা বৃদ্ধি $= \frac{(১.০৫xy - xy)}{xy} \times ১০০$
$= \frac{0.০৫xy}{xy} \times ১০০$
$= ৫\%$

৫৩. বর্গমূল নির্ণয় করুন : $\sqrt{.০০২৫}$
ক 0.5 খ 0.05
গ 0.005 ঘ 0.0005

ব্যাখ্যা $\sqrt{0.০০২৫} = \sqrt{\frac{২৫}{১০০০০}} = \frac{৫}{১০০} = 0.05$

৫৪. ১২৫০ কে সর্বনিম্ন কত দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ হবে?
ক ২ খ ৫
গ ৭ ঘ ১১

ব্যাখ্যা $১২৫০ \times ২ = ২৫০০ = (৫০)^2$

৫৫. তিনটি ঘণ্টা একত্রে বাজার পর তারা যথাক্রমে ২ ঘণ্টা, ৩ ঘণ্টা, ৪ ঘণ্টা পর পর একত্রে বাজতে থাকবে। ১ দিনে তারা কতবার একত্রে বাজবে?
ক ১২ বার খ ৬ বার
গ ৪ বার ঘ ৩ বার

ব্যাখ্যা আমরা জানি, ১ দিন = ২৪ ঘণ্টা

২	২, ৩, ৪
	১, ৩, ২

∴ ২, ৩, ৪ এর ল. সা. গু. $= ২ \times ৩ \times ২ = ১২$
সুতরাং ১ দিনে তিনটি ঘণ্টা একত্রে বাজবে
$= \frac{২৪}{১২} + ১ = ২ + ১ = ৩$ বার।

৫৬. $(a - 5)(a + x) = a^2 - 25$ হলে x-এর মান কত?
ক 5 খ 6
গ 7 ঘ 8

ব্যাখ্যা $(a - 5)(a + x) = a^2 - 25$
$\Rightarrow (a - 5)(a + x) = (a + 5)(a - 5)$
$\Rightarrow a + x = a + 5$
$\therefore x = 5$

৫৭. একটি মুদ্রা ২ বার নিক্ষেপ করলে অন্তত ১ বার Head পড়ার সম্ভাবনা কত?
ক $\frac{১}{৩}$ খ $\frac{১}{৪}$
গ $\frac{৩}{৪}$ ঘ $\frac{১}{২}$

ব্যাখ্যা একটি মুদ্রা ২ বার নিক্ষেপ করলে মোট ফলাফল $= [HT] \times [HT]$
$= [HH, HT, TH, TT]$
∵ অনুকূল ফলাফল $= [HH, HT, TH]$
সুতরাং অন্তত ১ বার হেড পড়ার সম্ভাবনা $= \frac{৩}{৪}$

৫৮. কোন সংখ্যাটি ব্যতিক্রম?
ক ১২৫ খ ৩৪৩
গ ৫১২ ঘ ৭৪৩

ব্যাখ্যা $১২৫ = ৫^৩$; $৩৪৩ = ৭^৩$; $৫১২ = ৮^৩$
কিন্তু ৭৪৩ ঘন আকারে প্রকাশ করা যায় না যা ব্যতিক্রম।

৫৯. দুটি সংখ্যার গুণফল ৩৩৮০ এবং গ.সা.গু. ১৩। সংখ্যা দুটির ল.সা.গু. কত?
ক ২৬০ খ ৭৮০
গ ১৩০ ঘ ৪৯০

উত্তর	
৫০	Note
৫১	ক
৫২	ক
৫৩	খ
৫৪	ক
৫৫	ঘ
৫৬	ক
৫৭	গ
৫৮	ঘ
৫৯	ক

CamScanner

ব্যাখ্যা আমরা জানি,
দুটি সংখ্যার গুণফল = ল. সা. গু. × গ.সা.গু.
⇒ ৩৩৮০ = ল.সা.গু. × ১৩
∴ ল. সা. গু. = ২৬০

৬০. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ এবং ২৪ দ্বারা বিভাজ্য হবে?
ক ৮৯ খ ৭০ গ ১৭০ ঘ ১৪২

ব্যাখ্যা ১, ২, ১৮ ও ২৪-এর ল. সা. গু. থেকে ২ বিয়োগ করে নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা পাওয়া যায়।

২ | ১২, ১৮, ২৪
২ | ৬, ৯, ১২
৩ | ৩, ৯, ৬
১, ৩, ২

∴ ১২, ১৮ ও ২৪-এর ল. সা. গু. = ২ × ২ × ৩ × ৩ × ২ = ৭২
সুতরাং নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা = ৭২ − ২ = ৭০

৬১. জাতিসংঘের অভিমত অনুসারে সুশাসনের লক্ষ্য ও উদ্দেশ্য হলো—
ক দারিদ্র্য বিমোচন খ মৌলিক অধিকার রক্ষা
গ মৌলিক স্বাধীনতার উন্নয়ন ঘ নারীদের উন্নয়ন ও সুরক্ষা

ব্যাখ্যা জাতিসংঘের অভিমত অনুসারে সুশাসনের লক্ষ্য ও উদ্দেশ্য হলো মৌলিক স্বাধীনতার উন্নয়ন। জাতিসংঘের মতে সুশাসনের মূল উপাদান ৮টি। বিশ্বব্যাংক ১৯৮৯ সালে সুশাসনের ধারণা উদ্ভাবন করে এবং ১৯৯২ সালে সুশাসনের সংজ্ঞা প্রদান করে।

৬২. ঐতিহাসিক-৬ দফাকে কিসের সাথে তুলনা করা হয়?
ক বিল অব রাইটস খ ম্যাগনাকার্টা
গ পিটিশন অব রাইটস ঘ মুখ্য আইন

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অর্থনৈতিক বৈষম্য থেকে মুক্তির জন্য ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে ঐতিহাসিক 'ছয় দফা' কর্মসূচি পেশ করেন। এ কর্মসূচিকে বাংলার জনগণ ম্যাগনাকার্টা হিসেবে গ্রহণ করে। স্বয়ং বঙ্গবন্ধু এ ছয় দফাকে পূর্ব পাকিস্তানের 'বাঁচার দাবি' বলে অভিহিত করেন।

৬৩. ১৯৭১ সালে 'The Concert for Bangladesh' কোথায় অনুষ্ঠিত হয়?
ক লন্ডন খ নিউইয়র্ক
গ ওয়াশিংটন ঘ বার্লিন

ব্যাখ্যা বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ১ আগস্ট ১৯৭১ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয় 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' নামের সঙ্গীতানুষ্ঠান। পণ্ডিত রবিশংকর মুক্তিযুদ্ধের প্রতি বিশ্ব জনমত গড়ে তোলা এবং শরণার্থীদের আর্থিক সহায়তা দেয়ার জন্য শিল্পী জর্জ হ্যারিসনকে নিয়ে এ অবিস্মরণীয় কনসার্টের আয়োজন করেছিলেন।

৬৪. বাংলাদেশের লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত?
ক ময়নামতি খ ঢাকা
গ পাহাড়পুর ঘ সোনারগাঁ

ব্যাখ্যা বাংলাদেশের লোকশিল্প জাদুঘর নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ে অবস্থিত। শিল্পাচার্য জয়নুল আবেদিন ১৯৭৫ সালে এই লোকশিল্প জাদুঘরটি প্রতিষ্ঠা করেন। উল্লেখ্য, সোনারগাঁয়ের প্রাচীন নাম সুবর্ণগ্রাম।

৬৫. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মনোগ্রামে কয়টি তারকা চিহ্ন রয়েছে?
ক ৪টি খ ৫টি
গ ৩টি ঘ ৬টি

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মনোগ্রামে মোট চারটি তারকা চিহ্ন রয়েছে। মনোগ্রামে লাল রঙের বৃত্তের মাঝে হলুদ রঙের বাংলাদেশের মানচিত্র রয়েছে। বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার এ.এন. সাহা।

৬৬. স্যোশাল নেটওয়ার্কিং প্ল্যাটফর্ম টুইটার কত সালে তৈরি হয়?
ক ২০০৬ খ ২০০৭
গ ২০০৮ ঘ ২০০৯

ব্যাখ্যা ইন্টারনেটের এসএমএস খ্যাত টুইটার যৌথভাবে জ্যাক ডরসি, বিজ স্টোন, নোয়া গ্লাস ও ইভান উইলিয়ামস প্রতিষ্ঠা করেন ২১ মার্চ ২০০৬। এটির সদর দপ্তর অবস্থিত সানফ্রান্সিসকো, ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র।

৬৭. বাংলাদেশের কোন জেলায় চা বাগান সবচেয়ে বেশি?
ক সিলেট খ হবিগঞ্জ
গ মৌলভীবাজার ঘ পঞ্চগড়

ব্যাখ্যা বাংলাদেশে চা বাগানের মধ্যে মোট নিবন্ধিত ১৬৭টি। মৌলভীবাজার জেলায় সবচেয়ে বেশি ৯১টি চা বাগান রয়েছে। বাংলাদেশে প্রথম চা উৎপাদন শুরু হয় ১৮৪০ সালে (চট্টগ্রামে ক্লাব এলাকায়) এবং প্রথম বাণিজ্যিক চা উৎপাদন শুরু হয় সিলেটের মালনিছড়ায়। দেশের প্রথম অর্গানিক চা বাগান স্থাপিত হয় ২০০০ সালে, পঞ্চগড়ে।

৬৮. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য কে ছিলেন?
ক অ্যাডেন হার্টজ খ পি. জে. হার্টজ
গ ল্যথান হার্টগ ঘ পি.জে. থমসন

ব্যাখ্যা ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম চ্যান্সেলর লর্ড রানডাস এবং প্রথম ভাইস চ্যান্সেলর (উপাচার্য) পি.জে. হার্টগ। স্যার এ.এফ রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বাঙালি মুসলিম ও তৃতীয় উপাচার্য ছিলেন। মুক্তিযুদ্ধ চলাকালীন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন বিচারপতি আবু সাইদ চৌধুরী এবং ভাষা আন্দোলনের সময় উপাচার্য ছিলেন ড. সৈয়দ মোয়াজ্জেম হোসেন।

৬৯. বাংলাদেশের কখন থেকে বয়স্ক ভাতা চালু হয়?
ক ১৯৯৬ খ ১৯৯৭
গ ১৯৯৮ ঘ ১৯৯৯

উত্তর	
৬০	খ
৬১	গ
৬২	খ
৬৩	খ
৬৪	ঘ
৬৫	ক
৬৬	ক
৬৭	গ
৬৮	খ
৬৯	গ

ব্যাখ্যা বাংলাদেশ সরকার ১৯৯৭-৯৮ অর্থবছরে 'বয়স্কভাতা' কর্মসূচি প্রবর্তন করে এবং এর কার্যক্রম শুরু বা চালু হয় এপ্রিল ১৯৯৮ থেকে। এ কর্মসূচির উদ্দেশ্য হলো দেশের দুর্দশাগ্রস্ত, অবহেলিত, আর্থিক দৈন্যে জর্জরিত বয়স্ক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থাকে বিবেচনা করে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় নিয়ে আসা।

৭০. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন ধারায় সকল নাগরিকের আইনের দৃষ্টিতে সমতার কথা বলা হয়েছে?
ক ধারা ২৪ খ ধারা ২৫
গ ধারা ২৬ ঘ ধারা ২৭

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের তৃতীয় ভাগের ২৭নং অনুচ্ছেদে সকল নাগরিকের আইনের দৃষ্টিতে সমতার কথা উল্লেখ আছে। ২৯নং অনুচ্ছেদে সরকারি নিয়োগ লাভে সুযোগের সমতা এবং ১৯(৩)নং অনুচ্ছেদে জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশ গ্রহণ ও সুযোগের সমতা রাষ্ট্র নিশ্চিত করার কথা উল্লেখ আছে।

৭১. জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে?
ক হামিদুর রহমান খ নিতুন কুন্ডু
গ মাইনুল হোসেন ঘ শামীম সিকদার

ব্যাখ্যা বাংলাদেশের জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। এর উচ্চতা ৪৫.৭২ মিটার বা ১৫০ ফুট। সাভারের নবীনগরে অবস্থিত সৌধটি সাতটি সমদ্বিবাহু ত্রিভুজাকৃতির স্তম্ভের সমন্বয়ে নির্মিত এবং সাতটি স্তম্ভ বাঙালির মুক্তিসংগ্রামের সাতটি পর্যায়ের প্রতীক। ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এটির ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

৭২. কোন ভাষায় সবচেয়ে বেশি মানুষ কথা বলে?
ক ইংরেজি খ ফরাসি
গ হিন্দি ঘ ম্যান্ডারিন

ব্যাখ্যা পৃথিবীতে বর্তমানে ইংরেজি ভাষায় সবচেয়ে বেশি কথা বলে যার পরিমাণ প্রায় ১.৩৫ বিলিয়ন। দ্বিতীয় মান্দারিন (চাইনিজ) ভাষায় কথা বলে ১.১২ বিলিয়ন। বাংলা ভাষায় কথা বলা মানুষের সংখ্যার দিক দিয়ে এর অবস্থান সপ্তম। বিশ্বে প্রায় ২৬৮ মিলিয়ন বা ২৬ কোটি ৮০ লক্ষ মানুষ বাংলা ভাষায় কথা বলে।

৭৩. সবচেয়ে কম বয়সে নোবেল পুরস্কার পেয়েছেন কে?
ক মালালা ইউসুফজাই খ কৈলাশ সত্যার্থী
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ প্রফেসর আব্দুস সালাম

ব্যাখ্যা মেয়েদের শিক্ষার অধিকার প্রতিষ্ঠায় সাহসী ভূমিকার জন্য সবচেয়ে কম বয়সে নোবেল পুরস্কার লাভ করেন পাকিস্তানের খাইবার পাকতুনখোয়া প্রদেশের সোওয়াত জেলার মিঙ্গোরার বাসিন্দা ১৭ বছর বয়সী মালালা ইউসুফজাই। তিনি ২০১৪ সালে ভারতের মানবাধিকার কর্মী কৈলাস সত্যার্থীর সাথে যৌথভাবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।

৭৪. শ্যামদেশ কোন দেশের পুরাতন নাম?
ক মিশর খ ইরাক
গ ইরান ঘ থাইল্যান্ড

ব্যাখ্যা শ্যাম দেশের নাম পরিবর্তন করে থাইল্যান্ড রাখা হয় ২৩ জুন ১৯৩৯। থাইল্যান্ড শব্দের অর্থ মুক্তভূমি, এই দেশটি পূর্বে কখনো কোনো বিদেশি শক্তির নিয়ন্ত্রণে ছিল না। থাইল্যান্ডকে শ্বেত হাতির দেশ বলা হয়। উল্লেখ্য, ইরানের পুরাতন নাম পারস্য এবং ইরাকের পুরাতন নাম মেসোপটেমিয়া।

৭৫. কোন দেশটি NATO এর সদস্য?
ক তুরস্ক খ রাশিয়া
গ ইউক্রেন ঘ বেলারুশ

ব্যাখ্যা ন্যাটোভুক্ত মুসলিম দেশ ২টি যথা- তুরস্ক ও আলবেনিয়া। ন্যাটোর বর্তমান সদস্য সংখ্যা ৩০টি। ন্যাটোর ৩০তম সদস্য উত্তর মেসিডোনিয়া (২৭ মার্চ ২০২০)। ন্যাটো প্রতিষ্ঠিত হয় ৪ এপ্রিল ১৯৪৯। এটির বর্তমান সদর দপ্তর ব্রাসেলস, বেলজিয়াম। প্রতিষ্ঠানটির বর্তমান মহাসচিব জেনস স্টলেনবার্গ (নরওয়ে)।

৭৬. ১৯৪৫ সালে প্রতিষ্ঠাকালীন সময়ে জাতিসংঘের মোট সদস্য রাষ্ট্র ছিল?
ক ৪৮ খ ৪৯
গ ৫০ ঘ ৫১

ব্যাখ্যা ১৯৪৫ সালের ২৪ অক্টোবর ৫১টি সদস্য রাষ্ট্র নিয়ে জাতিসংঘ প্রতিষ্ঠা লাভ করে। বর্তমানে এর সদস্য সংখ্যা ১৯৩। উল্লেখ্য, জাতিসংঘ গঠনের প্রস্তাব ও নামকরণ করেন তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট। সংস্থাটির সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থিত।

৭৭. পৃথিবীর দীর্ঘতম নদী কোনটি?
ক নীলনদ খ ইয়াংসিকিয়াং
গ হোয়াংহো ঘ টেমস্

ব্যাখ্যা পৃথিবীর দীর্ঘতম নদ নীলনদ (১১টি দেশের মধ্যে প্রবাহিত)। নদটি আফ্রিকা মহাদেশে অবস্থিত এবং এটি ভিক্টোরিয়া হ্রদ হতে উৎপত্তি হয়ে ৬,৮২৫ কিমি. অতিক্রম করে ভূমধ্যসাগরে পতিত হয়েছে। উল্লেখ্য, পৃথিবীর প্রশস্ততম নদী আমাজান দিয়ে বেশি পানি প্রবাহিত হয়। এছাড়া বিশ্বের ক্ষুদ্রতম নদী ডি রিজর (যুক্তরাষ্ট্র)।

৭৮. বন্দরনগরী আলেকজান্দ্রিয়া কোন দেশের নগরী?
ক জর্ডান খ মরোক্কো
গ তিউনিসিয়া ঘ মিশর

ব্যাখ্যা বন্দরনগরী আলেকজান্দ্রিয়া মিশরের গুরুত্বপূর্ণ একটি শহর এবং বৃহত্তম সমুদ্র বন্দর। আলেকজান্ডার দি গ্রেটের নামানুসারে আলেকজান্দ্রিয়া নগরীর নামকরণ করা হয়। উল্লেখ্য, সুয়েজ ও পোর্ট সৈয়দ বন্দর ২টিও মিশরে অবস্থিত।

উত্তর	
৭০	ঘ
৭১	গ
৭২	ক
৭৩	ক
৭৪	ঘ
৭৫	ক
৭৬	ঘ
৭৭	ক
৭৮	ঘ

CamScanner

৭৯. প্রাচীন চন্দ্রদ্বীপের বর্তমান নাম কী?
ক বরিশাল খ পটুয়াখালী
গ পিরোজপুর ঘ ভোলা

ব্যাখ্যা: প্রাচীন চন্দ্রদ্বীপের বর্তমান নাম বরিশাল। কীর্তনখোলা নদীর তীরে অবস্থিত বরিশালকে বলা হয় প্রাচ্যের ভেনিস। এছাড়া এ জেলাকে বাংলার শস্য ভাণ্ডার বলা হয়। উল্লেখ্য, ভোলার প্রাচীন নাম শাহবাজপুর।

৮০. বাতাসে নাইট্রোজেনের পরিমাণ কত?
ক ৭৫.০২% খ ৭৬.০২%
গ ৭৮.০২% ঘ ৭৯.০২%

ব্যাখ্যা: বাতাসে নাইট্রোজেনের পরিমাণ ৭৮.০২%, অক্সিজেনের পরিমাণ ২০.৭১%, জলীয় বাষ্প ০.৪১%, কার্বন ডাই-অক্সাইড ০.০৩% এবং আর্গন ০.৮০%। উল্লেখ্য, বায়ুমণ্ডলের ৪টি স্তর রয়েছে। ভূ-পৃষ্ঠের নিকটতম বায়ুস্তর ট্রপোমণ্ডল এবং ওজন স্তর রয়েছে স্ট্রাটোমণ্ডলে, বেতার তরঙ্গ প্রতিফলিত হয় আয়নোস্ফিয়ারে।

৮১. অনুচ্ছেদ লিখুন : বাংলাদেশের মুক্তিযুদ্ধ

উত্তর : স্বাধীনতা মানুষের অনন্ত পিপাসা। এ পিপাসা থেকেই মানুষের মনে জন্ম হয় সংগ্রামী চেতনার। আর এ সংগ্রামী চেতনাবোধই মানুষের রাজনৈতিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক মুক্তির পথকে সুগম করে স্বাধীনতা অর্জনে উদ্বুদ্ধ করে। আমরা বাঙালি। স্বাধীন বাংলাদেশের অধিবাসী। কিন্তু এ দেশ এক সময় পরাধীন ছিল। সুদীর্ঘ প্রায় নয় মাসব্যাপী এক রক্তাক্ত মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা অর্জন করেছি স্বাধীনতা ও সার্বভৌমত্ব, অর্জন করেছি কথা বলার অধিকার, অর্জন করেছি এই স্বাধীন বাংলাদেশ। বাংলাদেশের মুক্তিযুদ্ধ শুধু একখণ্ড ভূমি অধিকার করার যুদ্ধ নয়, এ যুদ্ধের চেতনা ছিল অনেক গভীরে; আত্মমুক্তি ও আত্মবিকাশের আকাঙ্ক্ষার লালিত স্বপ্ন।

বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন তথা মুক্তিযুদ্ধের রয়েছে একটি ঐতিহাসিক পটভূমি। ১৭৫৭ সালের ২৩ জুন ষড়যন্ত্রমূলক যুদ্ধে পলাশীর প্রান্তরে বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজ-উদ-দৌলা ইংরেজদের হাতে পরাজিত হন। সেদিন থেকে বাংলার আকাশে স্বাধীনতার সূর্য অস্তমিত হয়। শুরু হয় ইংরেজদের ঔপনিবেশিক শাসন। দু'শ বছর ধরে চলতে থাকে ইংরেজদের শোষণ আর নির্যাতন। শাসন-শোষণ, লাঞ্ছনা আর নিপীড়নের যাঁতাকলে পিষ্ট হয়ে বাঙালি জাতির মনের কোণে জন্ম নিয়েছিল বিক্ষোভ, আন্দোলন আর সংগ্রামের চেতনা। ফলশ্রুতিতে ১৯৪৭ সালে স্বাধীন পাকিস্তান রাষ্ট্রের একাংশরূপে জন্ম নেয় পূর্ব পাকিস্তান। পাকিস্তান সৃষ্টির পর হতে শাসকবর্গের বাঙালি নিধনের ইতিহাস নতুন কোনো ঘটনা নয়। ১৯৫২ সাল থেকে ১৯৭১ সালের ইতিহাস বাঙালিদের হত্যা ও বঞ্চনারই ইতিহাস। জাতীয় জীবন থেকে এ হতাশা মুছে ফেলার জন্য বাঙালিদের করতে হয়েছে প্রায় ৯ মাসের সশস্ত্র সংগ্রাম মুক্তিযুদ্ধ।

ইয়াহিয়া-ভুট্টো চক্রের ষড়যন্ত্রকে নস্যাৎ করার জন্য বঙ্গবন্ধুর আহূত অসহযোগ আন্দোলন যখন সারা বাংলার অগ্নিস্ফুলিঙ্গের মতো প্রজ্বলিত হয়ে ওঠে তখন ইয়াহিয়া-ভুট্টো চক্র শেখ মুজিবের সাথে আলোচনার জন্য ১৫ মার্চ ঢাকায় আসেন। শুরু হয় ষড়যন্ত্রের বেড়াজালে ঘেরা তাদের প্রহসনমূলক আলোচনা। অতঃপর ২৫ মার্চ রাতে আলোচনার সমাপ্তি ঘোষণা না করেই ইয়াহিয়া-ভুট্টো রাতের আঁধারে পশ্চিম পাকিস্তানে পলায়ন করেন। ২৫ মার্চ কালরাতেই শুরু হয় নিরস্ত্র বাঙালির ওপর জঘন্য বাহিনীর বর্বরোচিত নগ্ন হামলা। এ সময় বন্দি হওয়ার পূর্ব মুহূর্তে শেখ মুজিব বাংলার স্বাধীনতা ঘোষণা করে সকলকে পাকিস্তানি হানাদার বাহিনীর মোকাবিলা করার আহ্বান জানান।

বাঙালি জনসাধারণ অসীম সাহসিকতার সাথে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে দুর্বার প্রতিরোধ গড়ে তোলে। লক্ষ নিরস্ত্র বাঙালিগণ পাকিস্তানি হানাদার বাহিনীর হিংস্রতা থেকে দেশকে রক্ষা করার জন্য মৃত্যুর দুর্জয় শপথ নিয়ে সংগ্রাম চালিয়ে যেতে থাকে। তারা বিভিন্ন স্থানে ব্যারিকেড সৃষ্টি করে রেললাইন, ব্রিজ ধ্বংস করে প্রতি পদক্ষেপে পাকিস্তানি বাহিনীকে প্রতিবন্ধকতার সম্মুখীন করতে থাকে।

অতঃপর মুক্তিবাহিনী এবং ভারতীয় বাহিনীর সমন্বয়ে গঠিত হয় যৌথ কমান্ড। পাকিস্তানি হানাদার বাহিনীর ওপর আক্রমণ পরিচালিত হয় আকাশ পথ, স্থলপথ এবং জলপথে। সম্মিলিত বাহিনীর চতুর্মুখী আক্রমণে পাকিস্তানি বাহিনী শীঘ্রই নাজেহাল হয়ে পড়ে। হানাদার বাহিনী তাদের তাবেদার রাজাকার, আলবদর, আল সামস দ্বারা বাংলাদেশের কৃতি সন্তানদের হত্যা করে। পাক বাহিনীর এ নৃশংস হত্যাকাণ্ডে মুক্তিবাহিনী আরো ক্ষিপ্ত হয়ে ওঠে। তারা পাক হানাদার বাহিনীর দালাল নিধনে তৎপর হয়ে ওঠে এবং ঢাকার গেরিলা যোদ্ধারা আইয়ুব খানের কুখ্যাত দালাল প্রাক্তন গভর্নর মোনায়েম খানকে তার বাসভবনে হত্যা করে। ফলে পাক হানাদার বাহিনী গেরিলা বাহিনীর প্রচণ্ড আঘাতে জলে, স্থলে, অন্তরীক্ষে দুর্বল হয়ে পড়ে। অতঃপর ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর ইয়াহিয়ার জল্লাদ বাহিনীর সর্বাধিনায়ক এ কে নিয়াজী ৯৩ হাজার সৈন্যসহ যৌথ বাহিনীর সর্বাধিনায়ক জগজিৎ সিং অরোরার নিকট আত্মসমর্পণ করেন। অবশেষে এক সাগর রক্তের বিনিময়ে বাংলাদেশ বিশ্বের মানচিত্রে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্থায়ী আসন লাভ করে।

প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (৩য় পর্যায়)

পরীক্ষার তারিখ : ০৩.০৬.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৮০; সেট নম্বর : ৩৬৯৭

[প্রতিটি প্রশ্নের মান ১। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।]

১. Sin is to confess, as fault is to–
ক forgive খ admit
গ accept ঘ consider

ব্যাখ্যা: পাপ (sin) থেকে পাপ স্বীকার (confess) করা হলে, ভুল (fault) থেকে ভুল মেনে নেওয়া (admit) হবে। সুতরাং সঠিক analogy হবে অপশন (খ)।

২. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৬ : ৮ : ১০ হলে বৃহত্তম কোণের পরিমাণ কত ডিগ্রি?
ক ৫৫ খ ৬৫
গ ৭৫ ঘ ৪৫

ব্যাখ্যা: মনে করি, কোণ তিনটি $৬x$, $৮x$ ও $১০x$
প্রশ্নমতে, $৬x + ৮x + ১০x = ১৮০°$
$\Rightarrow ২৪x = ১৮০°$
$\therefore x = \frac{১৫°}{২}$
অর্থাৎ বৃহত্তম কোণ $= ১০ \times \frac{১৫°}{২} = ৭৫°$।

৩. একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটার ৯.৫০ টাকা দরে ঘরটির মেঝে কার্পেট দিয়ে ঢাকতে মোট ১৮২৪ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য কত মিটার?
ক ২১ খ ২০
গ ২৪ ঘ ২৫

ব্যাখ্যা: মনে করি, ঘরটির প্রস্থ $= x$ মিটার এবং দৈর্ঘ্য $= ৩x$ মিটার
$\therefore$ মেঝের ক্ষেত্রফল $= ৩x \times x = ৩x^২$ বর্গমিটার
$\therefore ৩x^২$ বর্গমিটারে ব্যয় হয় $= (৩x^২ \times ৯.৫০)$ টাকা
প্রশ্নমতে, $৩x^২ \times ৯.৫০ = ১৮২৪$
বা, $x^২ = \frac{১৮২৪}{৩ \times ৯.৫০}$
বা, $x^২ = ৬৪$
$\therefore x = ৮$
অর্থাৎ দৈর্ঘ্য $= ৩ \times ৮ = ২৪$ মিটার।

৪. বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ কয়টি?
ক ৮ খ ৯
গ ৬ ঘ ৭

ব্যাখ্যা: বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন তিন ধরনের বর্ণ আছে। এর মধ্যে অর্ধমাত্রা বর্ণ আছে ৮টি। যেমন— ঋ, ঋ, গ, ণ, থ, ধ, প, শ।

৫. The study of plants—
ক Biography খ Botany
গ Biology ঘ Plantation

ব্যাখ্যা: Plant বা উদ্ভিদ নিয়ে যে শাখায় আলোচনা করা হয় তাকে Botany বা The Study of Plants বা উদ্ভিদবিদ্যা বলে। অন্যদিকে Biology-জীববিদ্যা, Plantation-চাষ, আবাদ এবং Biography- জীবনীকে বোঝায়।

৬. পৃথিবীর প্রধান ধান উৎপাদনকারী দেশ কোনটি?
ক চীন খ শ্রীলঙ্কা
গ বাংলাদেশ ঘ ভারত

ব্যাখ্যা: পৃথিবীর প্রধান ধান উৎপাদনকারী দেশ চীন। হুনান প্রদেশকে চীনের ধানভাণ্ডার বলা হয়। বিশ্বের ৩৪% ধান উৎপন্ন হয় দেশটিতে। উল্লেখ্য, ধান উৎপাদনে বিশ্বে বাংলাদেশের স্থান তৃতীয়।

৭. পৃথিবীর 'প্রাকৃতিক সৌরপর্দা' হিসেবে অভিহিত করা হয় কোন স্তরকে?
ক ট্রপোস্ফিয়ার খ ওজোনস্ফিয়ার
গ স্ট্রাটোস্ফিয়ার ঘ আয়োনোস্ফিয়ার

ব্যাখ্যা: বায়ুমণ্ডলের স্ট্রাটোস্ফিয়ার স্তরে ভূপৃষ্ঠ থেকে ২০ থেকে ৩০ কিলোমিটার উচ্চতায় ওজোন গ্যাসের ($O_৩$) ঘনত্ব বেশি থাকায় এই স্তরকে ওজোন স্তর বলে। ওজোন স্তরের ওজোন গ্যাস সূর্য থেকে আগত ক্ষতিকারক অতিবেগুনি রশ্মিকে (UV) শোষণ করে পৃথিবীর জীবমণ্ডলকে রক্ষা করে। এ কারণে ওজোন স্তরকে 'প্রাকৃতিক সৌরপর্দা' বলে। উল্লেখ্য, এ স্তরেই জেট বিমানগুলো চলাচল করে।

৮. কোন শব্দটির বানান সঠিক?
ক দোষণীয় খ দূষণীয়
গ দুষনীয় ঘ দোষনীয়

ব্যাখ্যা: প্রদত্ত অপশনে সঠিক বানান দূষনীয়। এরূপ আরো কয়েকটি সঠিক বানান মুমূর্ষু, আকাঙ্ক্ষা, মুহুর্মুহু, দুরবস্থা।

৯. নিচের কোন ভগ্নাংশটি ছোট?
ক $\frac{১}{৩}$ খ $\frac{৩}{৭}$
গ $\frac{২}{৫}$ ঘ $\frac{৪}{৯}$

ব্যাখ্যা: $\frac{২}{৫} \times \frac{৪}{৯} = ১৮ < ২০$ $\therefore \frac{২}{৫} < \frac{৪}{৯}$
$\frac{২}{৫} \times \frac{১}{৩} = ৬ > ৫$ $\therefore \frac{২}{৫} > \frac{১}{৩}$
$\frac{১}{৩} \times \frac{৩}{৭} = ৭ < ৯$ $\therefore \frac{১}{৩} < \frac{৩}{৭}$
$\therefore \frac{১}{৩}$ হচ্ছে সবচেয়ে ছোট ভগ্নাংশ।

উত্তর
০১ খ
০২ গ
০৩ গ
০৪ ক
০৫ খ
০৬ ক
০৭ খ
০৮ খ
০৯ ক

CamScanner

১০. Penny wise pound—
ক callous খ foolish
গ rich ঘ poor

ব্যাখ্যা *Penny wise, pound foolish- idiom-টির অর্থ বজ্র আঁটুনি ফস্কা গেরো। এই বাগধারাটি দ্বারা সেসব ব্যক্তিদের বোঝানো হয়েছে যারা অধিক গুরুত্বপূর্ণ বিষয় অবজ্ঞা করে ছোটখাটো বিষয় নিয়ে বেশি অস্থির হয়ে যায়।*

১১. ভাজক ৭৮, ভাগফল ২৫ এবং ভাগশেষ ভাজকের এক-তৃতীয়াংশ। ভাজ্য কত?
ক ১৯৭৬ খ ১৯৭৮
গ ১৯৭০ ঘ ১৯৮০

ব্যাখ্যা *আমরা জানি,*
ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
$= ৭৮ \times ২৫ + ৭৮ \times \frac{১}{৩}$
$= ১৯৫০ + ২৬$
$= ১৯৭৬$

১২. 'শীতার্ত' শব্দটির সন্ধি বিচ্ছেদ নিচের কোনটি?
ক শীতা + অর্ত খ শীতা + র্ত
গ শীত + ঋত ঘ শীত + আর্ত

ব্যাখ্যা *'শীতার্ত' স্বরসন্ধির উদাহরণ। অ-কার কিংবা আ-কারের পর 'ঋত' শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয়ে মিলে 'আর' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে 'আ' ও পরবর্তী বর্ণে 'রেফ' হয়। যেমন— তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত, পিপাসা + ঋত = পিপাসার্ত।*

১৩. ক-এর ১৫% যদি খ-এর ২০%-এর সমান হয় তবে ক : খ = কত?
ক ৩ : ৪ খ ৫ : ২
গ ৫ : ৩ ঘ ৪ : ৩

ব্যাখ্যা *প্রশ্নমতে, ক-এর $\frac{১৫}{১০০}$ = খ-এর $\frac{২০}{১০০}$*
বা, $\frac{ক \times ১৫}{১০০} = \frac{খ \times ২০}{১০০}$
বা, $\frac{ক}{খ} = \frac{২০}{১৫}$
∴ ক : খ = ৪ : ৩

১৪. 'এ বিশ্বকে এ-শিশুর বাসযোগ্য করে যাব আমি— নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।' পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক কাজী নজরুল ইসলাম খ শামসুর রাহমান
গ জীবনানন্দ দাশ ঘ সুকান্ত ভট্টাচার্য

ব্যাখ্যা *'কিশোর কবি' নামে খ্যাত সুকান্ত ভট্টাচার্য রচিত বিখ্যাত 'ছাড়পত্র' কাব্যের 'ছাড়পত্র' কবিতা থেকে প্রশ্নোক্ত পঙ্‌ক্তি দুটি নেওয়া হয়েছে। এ কবিতায় কবি ভবিষ্যৎ প্রজন্মের কাছে সমৃদ্ধ পৃথিবী রেখে যাওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন।*

১৫. আবহাওয়া অফিসের রিপোর্ট অনুযায়ী ২০২২ সালের মে মাসের চতুর্থ সপ্তাহে বৃষ্টি হয়েছে মোট ৫ দিন। ঐ সপ্তাহে রবিবার বৃষ্টি না হওয়ার সম্ভাবনা কত?
ক ১ খ $\frac{৫}{৭}$
গ $\frac{২}{৭}$ ঘ $\frac{১}{৭}$

ব্যাখ্যা *মে মাসের চতুর্থ সপ্তাহে দিনসংখ্যা = ৭*
বৃষ্টি হয়েছে এমন " = ৫
∴ রবিবারে বৃষ্টি হওয়ার সম্ভাবনা = $\frac{৫}{৭}$
∴ " " না " " = $১ - \frac{৫}{৭} = \frac{২}{৭}$

১৬. ২×৩×০.৫/১.৫ = কত?
ক ২ খ ৪
গ ১ ঘ ৩

ব্যাখ্যা $\frac{২ \times ৩ \times ০.৫}{১.৫}$
$= \frac{২ \times ৩ \times ০৫ \times ১০}{১৫ \times ১০}$
$= ২$

১৭. 'সিএনজি' পাম্প থেকে গাড়িতে যে গ্যাস পূর্ণ করা হয় তা মূলত—
ক মিথেন খ প্রোপেন
গ নাইট্রোজেন ঘ আর্গন

ব্যাখ্যা *প্রাকৃতিক গ্যাসকে (85 – 95% মিথেন) উচ্চচাপে সংকুচিত করে সিলিন্ডার ভর্তি করে যানবাহনের জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়। একে Compressed Natural Gas বা CNG বলে। LPG → Liquefied Petroleum Gas (তরলীকৃত প্রোপেন ও বিউটেনের মিশ্রণ) । LNG → Liquefied Natural Gas (মিথেন)।*

১৮. 'শুক্রবার বিদ্যালয় বন্ধ থাকে' বাক্যে 'বিদ্যালয়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক কর্তায় শূন্য খ কর্মে শূন্য
গ অপাদানে শূন্য ঘ অধিকরণে শূন্য

ব্যাখ্যা *ক্রিয়াকে 'কী' দ্বারা প্রশ্ন করলে যে কারক পাওয়া যায় এবং যাকে আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন হয় তাকে কর্মকারক বলে। প্রদত্ত উদাহরণে 'শুক্রবার কী বন্ধ থাকে'? প্রশ্নে উত্তর আসে 'বিদ্যালয়'। তাই 'বিদ্যালয়' কর্মে শূন্য বিভক্তি হয়।*

১৯. দুই অংক বিশিষ্ট একটি সংখ্যার অংকদ্বয়ের সমষ্টি ৯। অংকদ্বয় স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায় তা প্রদত্ত সংখ্যা হতে ২৭ বেশি। সংখ্যাটি কত?
ক ৩৬ খ ৮১
গ ৪৫ ঘ ২৭

ব্যাখ্যা *মনে করি, একক স্থানীয় অঙ্ক x এবং দশক স্থানীয় অঙ্ক y*
∴ সংখ্যাটি = ১০y + x .... (i)

প্রশ্নমতে, x + y = ৯ ..... (ii)
এবং ১০y + x + ২৭ = ১০x + y
বা, ৯x − ৯y = ২৭
∴ x − y = ৩ ..... (iii)
(ii) + (iii) ⇒ ২x = ১২ ⇒ x = ৬
এবং (ii) থেকে ৬ + y = ৯ ⇒ y = ৩
∴ সংখ্যাটি = ১০ × ৩ + ৬ = ৩৬

২০. ল্যাটিন ভাষায় 'সেন্টি' অর্থ কী?
ক শতাংশ খ সহস্রাংশ
গ পঞ্চমাংশ ঘ দশমাংশ

ব্যাখ্যা *ল্যাটিন ভাষায় 'ডেসি' শব্দের অর্থ দশমাংশ, 'সেন্টি' শব্দের অর্থ শতাংশ এবং 'মিলি' শব্দের অর্থ সহস্রাংশ।*

২১. নিচের কোনটি তৎসম শব্দ?
ক মাটি খ নারিকেল
গ গেরাম ঘ চামার

ব্যাখ্যা *যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে কোনোরূপ পরিবর্তন ছাড়াই সরাসরি বাংলা ভাষায় গৃহীত হয়েছে, সেসব শব্দকে বলা হয় তৎসম শব্দ। প্রশ্নোক্ত 'নারিকেল' একটি তৎসম শব্দ। এরূপ আরো কয়েকটি তৎসম শব্দের উদাহরণ : নক্ষত্র, মস্তক, হস্ত, মনুষ্য, গৃহ, বৃক্ষ, বায়ু ইত্যাদি।*

২২. 'খণ্ড প্রলয়' প্রবাদটির প্রায়োগিক অর্থ—
ক কথা কাটাকাটি খ ভয়ংকর ঘটনা
গ মহা ঝড়-ঝাপটা ঘ তুমুল কাণ্ড

ব্যাখ্যা *'খণ্ড প্রলয়' প্রবাদটির প্রায়োগিক অর্থ 'তুমুল কাণ্ড'। বাক্যে প্রয়োগ করে বলা যায়— সামান্য বিষয় থেকে এমন খণ্ড প্রলয় হবে ভাবিনি!*

২৩. What is the adjective form of the word 'People'?
ক Popular খ Popularity
গ Popularize ঘ Populous

ব্যাখ্যা *Populous অর্থ জনবহুল (জায়গা) অর্থাৎ যেখানে বিপুলসংখ্যক লোক বাস করে, যা People বা জনতার সাথে সরাসরি সম্পর্কিত। Popular অর্থ জনপ্রিয় যেটা লোকজনের পছন্দের সাথে কিংবা লোকজনের মাঝে পরিচয়-পরিচিতি বা প্রভাব বিস্তারের সাথে সম্পর্কিত। Popularity অর্থ জনপ্রিয়তা, এটি একটি noun। Popularize শব্দটি verb, যার অর্থ মানুষের মাঝে কোনো বিষয়কে পরিচিতি ও উপভোগ করানো।*

২৪. 'তামার বিষ' কথাটির অর্থ—
ক অংহকার খ বিষের কষ্ট
গ অর্থের কুপ্রভাব ঘ বিষাক্ত তামা

ব্যাখ্যা *'তামার বিষ' বাগধারাটির অর্থ 'অর্থের কুপ্রভাব'। বাক্যে প্রয়োগ করে বলা যায়— হঠাৎ বড়লোক হয়ে রহিম মিয়াকে যেন তামার বিষে পেয়েছে, তাই সে কাউকে পরোয়া করতে চায় না।*

২৫. 'স্টপ জেনোসাইড' প্রামাণ্য চলচ্চিত্রের মূল বিষয়বস্তু—
ক মুক্তিযুদ্ধ খ গণ অভ্যুত্থান
গ আগরতলা মামলা ঘ ভাষা আন্দোলন

ব্যাখ্যা *জহির রায়হান পরিচালিত 'স্টপ জেনোসাইড' প্রামাণ্য চলচ্চিত্রের মূল বিষয়বস্তু মুক্তিযুদ্ধ। এটিতে ১৯৭১ সালের গণহত্যা ও শরণার্থী সম্পর্কে বিভিন্ন চিত্র তুলে ধরা হয়েছে। তার আরেকটি মুক্তিযুদ্ধভিত্তিক বিখ্যাত প্রামাণ্য চিত্র 'লেট দেয়ার বি লাইট'।*

২৬. এক নটিকেল মাইল সমান কত ফুট?
ক ৭০৮০ খ ৪০৮০
গ ৫০৮০ ঘ ৬০৮০

ব্যাখ্যা *১২ ইঞ্চি = ১ ফুট*
৩ ফুট = ১ গজ
১৭৬০ গজ = ১ মাইল
৬০৮০ ফুট = ১ নটিকেল মাইল

২৭. পদ্মা সেতুর উদ্বোধন হবে কত তারিখ?
ক ০১ জুলাই ২০২২ খ ১৬ ডিসেম্বর ২০২২
গ ২৫ জুন ২০২২ ঘ ৩০ জুন ২০২২

ব্যাখ্যা *পদ্মা সেতুর নির্মাণ কাজ শুরু হয়েছিল ৭ ডিসেম্বর ২০১৪ এবং সেতুটি উদ্বোধন করা হয় ২৫ জুন ২০২২। উল্লেখ্য, পদ্মা সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কিমি ও প্রস্থ ১৮.১০ মিটার। সেতুটির স্প্যান, পিলার ও পাইল সংখ্যা যথাক্রমে ৪১টি, ৪২টি ও ২৯৪টি।*

২৮. Which one is similar to Adult : Child?
ক Swine : Saw খ Human : Animal
গ Horse : Mare ঘ Cat : Kitten

ব্যাখ্যা *Child অর্থ শিশু, অন্যদিকে adult অর্থ পূর্ণবয়স্ক। মানুষ, শিশু থেকে পূর্ণবয়স্ক হয়। আবার, kitten অর্থ বিড়ালছানা, cat অর্থ বিড়াল। অর্থাৎ বিড়ালছানা থেকে বিড়াল হয়। সুতরাং সঠিক উত্তর অপশন (ঘ)।*

২৯. 'দ্বীপ'-এর ব্যাসবাক্য—
ক চার দিকে জল যার খ দুদিকে আবদ্ধ জল যার
গ দুদিকে অপ যার ঘ দ্বীপের মত

ব্যাখ্যা *'দ্বীপ' নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের উদাহরণ। যে বহুব্রীহি সমাস কোনো নিয়মের অধীনে নয় তাকে নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস বলে। এ সমাসের আরো কিছু উদাহরণ : অন্তর্গত অপ যার = অন্তরীপ, জীবিত থেকেও যে মৃত = জীবন্মৃত, পণ্ডিত হয়েও যে মূর্খ = পণ্ডিতমূর্খ ইত্যাদি।*

৩০. একটি কবিতা পড়া হবে, তার জন্যে কী ব্যাকুল প্রতীক্ষা মানুষের; 'কখন আসবে কবি?' 'কখন আসবে কবি?' –পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক রুদ্র মুহম্মদ শহীদুল্লাহ খ নির্মলেন্দু গুণ
গ শামসুর রাহমান ঘ ফরহাদ মজহার

উত্তর
১০ খ
১১ ক
১২ গ
১৩ ঘ
১৪ ঘ
১৫ গ
১৬ ক
১৭ ক
১৮ খ
১৯ ক
২০ ক
২১ খ
২২ ঘ
২৩ ঘ
২৪ গ
২৫ ক
২৬ ঘ
২৭ গ
২৮ ঘ
২৯ গ
৩০ খ

CamScanner

ব্যাখ্যা প্রশ্নোক্ত চরণটি কবি নির্মলেন্দু গুণের 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতা থেকে নেওয়া হয়েছে। এ কবিতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ নিয়ে বলা হয়েছে।

৩১. রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে—
ক শুধু সমকোণে দ্বিখণ্ডিত করে
খ সমকোণে সমদ্বিখণ্ডিত করে
গ সমকোণে অসমভাবে দ্বিখণ্ডিত করে
ঘ শুধু সমদ্বিখণ্ডিত করে

ব্যাখ্যা রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

৩২. ব্যাকরণের কাজ কী?
ক ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা রক্ষা করা
খ ভালো বক্তা তৈরি করা
গ নতুন ভাষা তৈরি করা
ঘ দ্রুত পড়া ও লেখা শেখানো

ব্যাখ্যা যে শাস্ত্রে ভাষার গতি-প্রকৃতি ও স্বরূপ বিচার-বিশ্লেষণ করা হয় তাকে ব্যাকরণ বলে। ভাষার গবেষণালব্ধ বিভিন্ন বিষয় থাকে যা ব্যাকরণে বিশ্লেষিত হয়। সেজন্য ব্যাকরণ ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা রক্ষা করার কাজ করে।

৩৩. 'পণ্ডিতমূর্খ' শব্দটির ব্যাসবাক্য নিচের কোনটি?
ক পাণ্ডিত্যের দ্বারা যিনি মূর্খ খ জ্ঞান থাকতেও যিনি মূর্খ
গ পাণ্ডিত্যে যিনি মূর্খ ঘ পণ্ডিত হয়েও যিনি মূর্খ

ব্যাখ্যা 'পণ্ডিতমূর্খ' শব্দটি নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের উদাহরণ। যে বহুব্রীহি সমাস কোনো নিয়মের অধীন নয় তাকে নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস বলে। নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের আরো উদাহরণ : নেই পরোয়া যার = বেপরোয়া, নরাকারের পশু যে = নরপশু।

৩৪. 'একাত্তরের দিনগুলি' কার রচিত?
ক হাসান আজিজুল হক খ সৈয়দ শামসুল হক
গ হুমায়ুন আজাদ ঘ জাহানারা ইমাম

ব্যাখ্যা 'একাত্তরের দিনগুলি' শহিদ জননীখ্যাত জাহানারা ইমাম রচিত মুক্তিযুদ্ধভিত্তিক (দিনলিপি) গ্রন্থ যা ১৯৮৬ সালের ফেব্রুয়ারি মাসে প্রকাশিত হয়। এ গ্রন্থে মুক্তিযুদ্ধের শুরু থেকে শেষ পর্যন্ত ঘটনার ধারাবাহিক বিবরণ বর্ণিত রয়েছে।

৩৫. ২০০ থেকে ৫০০-এর মধ্যে ৭ দ্বারা বিভাজ্য সংখ্যা কয়টি?
ক ৪১ খ ৪২
গ ৪৩ ঘ ৪০

ব্যাখ্যা ২০০ থেকে ৫০০-এর মধ্যে ৭ দ্বারা বিভাজ্য সংখ্যা নিয়ে ধারা গঠন করলে তা হবে ২০৩ + ২১০ + ... + ৪৯৭
এখানে, $a = ২০৩$
$d = ৭$
পদসংখ্যা n হলে,
n তম পদ $= a + (n-১)d$
$\therefore ২০৩ + (n-১) \times ৭ = ৪৯৭$
বা, $৭n - ৭ = ৪৯৭ - ২০৩$
বা, $৭n = ২৯৪ + ৭ = ৩০১$
$\therefore n = ৪৩$

৩৬. ৭৫তম কান চলচ্চিত্র উৎসবে নিচের কোন চলচ্চিত্রটির ট্রেলার উদ্বোধন করা হয়?
ক চিরঞ্জীব মুজিব খ মুজিব : একটি জাতির রূপকার
গ ছিটমহল ঘ টুঙ্গিপাড়ার মিয়া ভাই

ব্যাখ্যা ২০২২ সালে ফ্রান্সের কান শহরে ৭৫তম কান চলচ্চিত্র উৎসবে শ্যাম বেনেগাল নির্মিত 'মুজিব : একটি জাতির রূপকার' চলচ্চিত্রটির ট্রেলার উদ্বোধন করা হয়। বাংলাদেশ-ভারত যৌথ উদ্যোগে নির্মিত এই বায়োপিকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন, জাতীয় সংগ্রাম থেকে বিজয় ও পরম আত্মত্যাগের চিত্র ফুটে উঠেছে।

৩৭. নিচের কোনটি জিংক সমৃদ্ধ ধানের জাত?
ক সোনার বাংলা-১ খ বাংলামতি
গ ব্রি বঙ্গবন্ধু-১০০ ঘ ব্রি-৪৪

ব্যাখ্যা বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) উদ্ভাবিত উচ্চ জিংক সমৃদ্ধ ধান 'ব্রি-বঙ্গবন্ধু-১০০' যা মুজিববর্ষ উপলক্ষ্যে অবমুক্ত করা হয়। বাংলাদেশে ২০১৩ সালে ব্রি-৬২ নামে প্রথম জিংক সমৃদ্ধ ধান উদ্ভাবনের পর এটি সহ বর্তমানে মোট ৬টি (ব্রি-৬২, ব্রি-৬৪, ব্রি-৭২, ব্রি-৭৪, ব্রি-৮৪ ও ব্রি বঙ্গবন্ধু-১০০) জাতের ধানের চাষ হচ্ছে।

৩৮. Which is the meaning of 'White Elephant'?
ক An elephant of white colour
খ A hoarder
গ A black marketer
ঘ A very costly or troublesome possession

ব্যাখ্যা 'White Elephant' অর্থ অতি মূল্যবান বা অধিক ঝামেলাযুক্ত জিনিস। সুতরাং সঠিক উত্তর হবে A very costly or troublesome possession।

৩৯. মুক্তিযুদ্ধকালে জর্জ হ্যারিসন আয়োজিত কনসার্টের নাম কী ছিল?
ক কনসার্ট ১৯৭১ খ কনসার্ট ফর বাংলাদেশ
গ কান্ট্রি কনসার্ট ঘ লিবারেশন কনসার্ট

ব্যাখ্যা পণ্ডিত রবিশঙ্কর ও জর্জ হ্যারিসনের উদ্যোগে আয়োজিত কনসার্টের নাম ছিল 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ'। বাংলাদেশের মহান স্বাধীনতা সংগ্রামের প্রতি বিশ্ববাসীর সমর্থন অর্জনের জন্য নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে কনসার্টটি অনুষ্ঠিত হয় ১ আগস্ট ১৯৭১।

৪০. What is the synonym of 'Competent'?
ক Discreet খ Capable
গ Prudent ঘ Cricumspect

উত্তর
৩১ খ
৩২ ক
৩৩ ঘ
৩৪ ঘ
৩৫ গ
৩৬ খ
৩৭ গ
৩৮ ঘ
৩৯ খ
৪০ খ

ব্যাখ্যা Competent শব্দের অর্থ যোগ্যতাসম্পন্ন। প্রদত্ত অপশনগুলোর মধ্যে capable-সক্ষম, যোগ্য; discreet-বিচক্ষণ; prudent- বিচক্ষণ, দূরদর্শী; circumspect- সতর্ক। সুতরাং সঠিক synonym হবে অপশন (খ) capable।

৪১. নিচের কোন সূচকটি প্রাথমিক শিক্ষার গুণগত মানের পরিমাপক?
ক পঠন ও গণিতের দক্ষতা খ ছেলে ও মেয়ে শিশুর অনুপাত
গ বিদ্যালয়ে উপস্থিতির হার
ঘ অসমর্থ শিক্ষার্থীদের অভিযোজন উপকরণ

ব্যাখ্যা জাতীয় শিক্ষানীতি ২০১০-এর বিধিমালা অনুসারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর Annual Primary School Census (APSC) রিপোর্ট প্রদান করে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের 'পরীবীক্ষণ ও মূল্যায়ন' বিভাগ এই রিপোর্টের মাধ্যমে প্রাথমিক শিক্ষার গুণগত উন্নয়ন সম্পর্কে মূল্যায়ন করে। এই মূল্যায়ন সূচকগুলোর মধ্যে Gender Parity Index (GPI) অন্যতম গুরুত্ববহ। এটি ছাত্র ও ছাত্রী সংখ্যার অনুপাত প্রকাশ করে।

৪২. 'সকল ক্ষেত্রে সঠিক কাজ সম্পাদনের জন্য প্রয়োজন সৃজনশীল ও মেধাবী নেতৃত্ব। প্রয়োজন সৃষ্টিশীল মেধাবী মানুষ।' কথাটি বলেছেন—
ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ শেখ হাসিনা
গ তাজউদ্দিন আহমেদ
ঘ শেরে বাংলা এ. কে. ফজলুল হক

ব্যাখ্যা ২০১৪ সালে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন- 'শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, বিজ্ঞান ও প্রযুক্তিসহ সব ক্ষেত্রেই সঠিক কাজ সম্পাদনের জন্য প্রয়োজন সৃজনশীল ও মেধাবী নেতৃত্ব এবং সৃষ্টিশীল মেধাবী মানুষ'।

৪৩. কোন সালে প্রভাতফেরীতে সর্বপ্রথম 'একুশের গান' আমার ভাইয়ের রক্তে .... গানটি গাওয়া হয়?
ক ১৯৬২ খ ১৯৫২ গ ১৯৫৪ ঘ ১৯৫৯

ব্যাখ্যা 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' বিখ্যাত এ গানটি মূলত সাংবাদিক আব্দুল গাফফার চৌধুরী রচিত একটি কবিতা। পরে এটিকে গানে রূপ দেওয়া হয়। এটি ১৯৫৪ সালে সর্বপ্রথম প্রভাতফেরীতে গাওয়া হয়। গানটির প্রথম সুরকার ছিলেন আব্দুল লতিফ এবং বর্তমান সুরকার হলেন আলতাফ মাহমুদ।

৪৪. A Myth is —
ক detective story খ a legend
গ an adventurous story ঘ an mysterious story

ব্যাখ্যা Myth বলতে পৌরাণিক ঘটনাকে বোঝায়। Legend হলো প্রথাগত গল্প যার ভিত্তি হচ্ছে অতীতের কোনো সত্য ঘটনা। অন্যদিকে detective story-গোয়েন্দা কাহিনী, adventurous story-দুঃসাহসিক গল্প, mysterious story-রহস্যময় ঘটনাকে বুঝায়। সুতরাং সঠিক উত্তর হবে A Myth is a legend।

৪৫. 'Out and out' means—
ক to get out খ thoroughly
গ not at all ঘ someone from outside

ব্যাখ্যা 'Out and out' অর্থ পুরোপুরিভাবে। প্রদত্ত অপশনগুলোর মধ্যে to get out-বেরিয়ে যাওয়া, thoroughly-সম্পূর্ণভাবে, not at all-একেবারেই না, someone from outside-বহিরাগত। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪৬. 'Felicitation' means—
ক Felling bad খ Expression of good wish
গ To conduct something ঘ Readings books

ব্যাখ্যা Felicitation অর্থ অভিনন্দন বা সংবর্ধনা জানানো (expression of good with)। অন্যদিকে feeling bad-খারাপ অনুভব করা, to conduct something- কোনো কিছু পরিচালনা করা, reading books- বই পড়া। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (খ)।

৪৭. এক খণ্ড 'প্লাটিনাম ও ইরিডিয়ামের তৈরি রড'-এর দৈর্ঘ্য এক মিটার হিসেবে স্বীকৃত। এটি কোন মিউজিয়ামে রক্ষিত আছে?
ক শিকাগো আর্ট মিউজিয়াম
খ প্যারিস মিউজিয়াম
গ ব্রিটিশ মিউজিয়াম ঘ কায়রো মিউজিয়াম

ব্যাখ্যা শূন্যস্থানে এক সেকেন্ডের ১/২৯,৯৭,৯২,৪৫৮ ভাগ সময়ে আলো যে দূরত্ব অতিক্রম করে তাকে '১ মিটার' হিসেবে সংজ্ঞায়িত করা হয়। ১৯৭৩ সালে মিটারকে সংজ্ঞায়িত করা হয় যা পরবর্তীতে প্যারিস মিউজিয়ামে রক্ষিত এক খণ্ড প্লাটিনাম ও ইরিডিয়ামের তৈরি রড-এর দৈর্ঘ্যকে মিটার হিসেবে স্বীকৃতি দেয়।

৪৮. দুটি সংখ্যার অর্ধেকের যোগফল ৪০। তাদের পার্থক্যের এক-চতুর্থাংশের সমান ১৮। ছোট সংখ্যাটি কত?
ক ৮০ খ ৭৮ গ ১২ ঘ ৪

ব্যাখ্যা মনে করি, সংখ্যা দুটি x, y যেখানে $x > y$.
$\therefore \frac{x}{২} + \frac{y}{২} = ৪০$
বা, $x + y = ৮০$ ..... (i)
এবং $\frac{x-y}{৪} = ১৮$
$\Rightarrow x - y = ৭২$ .....(ii)
(i) − (ii) $\Rightarrow x + y - x + y = ৮০ - ৭২$
$\Rightarrow ২y = ৮$
$\therefore y = ৪$

উত্তর
৪১ খ
৪২ খ
৪৩ গ
৪৪ খ
৪৫ খ
৪৬ খ
৪৭ খ
৪৮ ঘ

CamScanner

৪৯. Which spelling is correct?
ⓚ Secreteriate ⓛ Secretariate
ⓜ Secretariet ⓝ Secretariat

ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে শুদ্ধ বানান হলো secretariat যার অর্থ সচিবালয়।

৫০. 'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই' চরণটির রচয়িতা–
ⓚ মুকুন্দ দাস ⓛ বৃন্দাবন দাস
ⓜ চন্ডীদাস ⓝ গোবিন্দ দাস

ব্যাখ্যা চন্ডীদাস রচিত বিখ্যাত একটি চরণ 'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই'। তিনি মধ্যযুগের চতুর্দশ শতকের বাঙালি কবি। তিনি চৈতন্য-পূর্ব বাংলা সাহিত্যে বৈষ্ণব পদাবলির রচয়িতা হিসেবে বিশিষ্ট স্থান অধিকার করেছেন।

৫১. ভাস্কর্য জননী ও গর্বিত বর্ণমালা-এর স্থপতি কে?
ⓚ মর্তুজা বশীর ⓛ মৃণাল হক
ⓜ হামিদুজ্জামান খান ⓝ অখিল পাল

ব্যাখ্যা বাংলাদেশের বিশিষ্ট ভাস্কর মৃণাল হকের অন্যতম ভাস্কর্য 'জননী' ও 'গর্বিত বর্ণমালা' রাজধানীর পরিবাগে অবস্থিত। তার অন্যান্য উল্লেখযোগ্য ভাস্কর্য হলো : দুর্জয়— রাজারবাগ পুলিশ লাইন, গোল্ডেন জুবিলি টাওয়ার— রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজসিক বিহার— ইন্টারকন্টিনেন্টাল হোটেলের সামনে অবস্থিত।

৫২. শেখ মুজিবুর রহমানকে কত সালে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়
ⓚ ১৯৬৯ ⓛ ১৯৭১ ⓜ ১৯৫২ ⓝ ১৯৬৬

ব্যাখ্যা ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ শেখ মুজিবুর রহমানকে সোহরাওয়ার্দী উদ্যানের (তৎকালীন রেসকোর্স ময়দান) বিশাল জনসভায় তৎকালীন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ জনগণের পক্ষে 'বঙ্গবন্ধু' উপাধি প্রদান করেন। উল্লেখ্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির জনক ঘোষণা করা হয় ৩ মার্চ ১৯৭১।

৫৩. ২০ ফুট একটি বাঁশ এমনভাবে কেটে দু'ভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুই-তৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট?
ⓚ ১০ ⓛ ৬ ⓜ ৭ ⓝ ৮

ব্যাখ্যা মনে করি, বড় অংশের দৈর্ঘ্য x

$\therefore$ ছোট অংশের দৈর্ঘ্য $\frac{2x}{3}$

প্রশ্নমতে, $x+\frac{2x}{3}=20$

$\Rightarrow \frac{3x+2x}{3}=20$

$\Rightarrow 5x=60$

$\therefore x=12$

$\therefore$ ছোট অংশের দৈর্ঘ্য $=\frac{2\times12}{3}=8$

৫৪. এক ঝুড়ি আম ৪০০ টাকায় ক্রয় করে ৫% লাভে বিক্রয় করা হল। এর ক্রয়মূল্য ৫% কম হলে কত টাকা লাভ হতো?
ⓚ ৩৫ ⓛ ৫০ ⓜ ৪৫ ⓝ ৪০

ব্যাখ্যা ৫% লাভে বিক্রয়মূল্য $=\frac{105\times400}{100}=420$

৫% কমে ক্রয় করলে ক্রয়মূল্য হতো $=\frac{95\times400}{100}$
$=380$ টাকা

$\therefore$ লাভ হতো $=(420-380)=40$ টাকা


৫৫. If a substance is cohesive, it tends to—
ⓚ stick together ⓛ break easily
ⓜ retain heat ⓝ bend without difficulty

ব্যাখ্যা Cohesive অর্থ একত্রে লেগে থাকা। প্রদত্ত অপশনগুলোর মধ্যে stick together - একসাথে লেগে থাকা, break easily - অতি সহজে ভাঙ্গা, retain heat - তাপমাত্রা ধরে রাখা, bend without difficulty - বিনা অসুবিধায় বাঁকানো।

৫৬. গ্রীষ্মের বিকেলে আপনি হাঁটতে বের হয়েছেন। বের হওয়ার সময় সূর্য আপনার সামনে ছিল। কিছুক্ষণ পরে আপনি বামদিকে ঘুরলেন, কয়েক মিনিট পরে আপনি ডানদিকে ঘুরলেন। এখন আপনার মুখ কোনদিকে?
ⓚ দক্ষিণ ⓛ পূর্ব ⓜ পশ্চিম ⓝ উত্তর

ব্যাখ্যা

উত্তর



বাম দিকে ঘুরে আবার ডানদিকে ঘুরলে অবস্থানের পরিবর্তন হয় না। অর্থাৎ মুখ পশ্চিম দিকেই অবস্থান করছে।

৫৭. He insisted — my going there.
ⓚ for ⓛ over ⓜ to ⓝ on

ব্যাখ্যা 'Insist on'— অর্থ কোনো বিষয়ের ওপর জোর দেওয়া। প্রদত্ত বাক্যে বলা হয়েছে তিনি আমাকে সেখানে যাওয়ার জন্য জোর করেছিলেন। সুতরাং insisted-এর সাথে preposition হিসেবে on যুক্ত হলে বাক্যের অর্থ বজায় থাকবে।

৫৮. He is jealous my prosperity.
ⓚ over ⓛ for ⓜ of ⓝ with

ব্যাখ্যা Jealous-এর সাথে সঠিক preposition হিসেবে of যুক্ত হয়, যার অর্থ হলো ঈর্ষান্বিত হওয়া, হিংসাপরায়ণ হওয়া। প্রদত্ত বাক্যে বলা হয়েছে, সে আমার উন্নতিতে ঈর্ষান্বিত।

৫৯. যদি $(6x-y, 13)=(1, 3x+2y)$ হয় তাহলে (x, y) = কত?
ⓚ (2, 3) ⓛ (3, 2)
ⓜ (1, 5) ⓝ (5, 1)

ব্যাখ্যা প্রদত্ত শর্ত অনুযায়ী,

$6x-y=1$ ..... (i)

$3x+2y=13$ ..... (ii)

উত্তর	
৪৯	ঘ
৫০	গ
৫১	খ
৫২	ক
৫৩	ঘ
৫৪	ঘ
৫৫	ক
৫৬	গ
৫৭	ঘ
৫৮	গ
৫৯	গ

(i)–(ii) $\times2 \Rightarrow 6x-y-6x-4y=1-26$

$\Rightarrow -5y=-25$

$\therefore y=5$

(i) $\Rightarrow 6x=1+5 \Rightarrow 6x=6$

$\therefore x=1$

$\therefore$ নির্ণেয় সমাধান $(x, y)=(1, 5)$

৬০. The antonym of the word 'awesome'—
ⓚ grand ⓛ daunting
ⓜ majestic ⓝ disgusting

ব্যাখ্যা Awesome শব্দের অর্থ অসাধারণ। প্রদত্ত অপশনগুলোর মধ্যে grand-বৃহৎ, daunting-ভয়ঙ্কর, majestic-মহিমান্বিত এবং disgusting-জঘন্য। সুতরাং awesome-এর antonym হবে অপশন (খ) disgusting।

৬১. Which one is the correct passive form of 'Who will do the work?'
ⓚ Who will be done the work?
ⓛ By whom will the work be done?
ⓜ By whom the work will be done?
ⓝ Who will done the work?

ব্যাখ্যা Who যুক্ত interrogative sentence-কে active থেকে passive করার নিয়ম who-এর পরিবর্তে By whom বসে + tense ও person অনুযায়ী auxiliary verb + object এর subjective form + প্রয়োজনে tense অনুযায়ী be/being/been + মূল verb-এর past participle + ?। সুতরাং structure অনুযায়ী সঠিক উত্তর হবে অপশন (খ)।

৬২. কম্পিউটারের সঙ্গে লাগানো প্রিন্টার কী হিসেবে কাজ করে?
ⓚ অ্যাডাপ্টার ⓛ হাব
ⓜ রিসোর্স ⓝ সার্ভার

ব্যাখ্যা কম্পিউটারের সঙ্গে লাগানো প্রিন্টার রিসোর্স হিসেবে কাজ করে। অপরদিকে, একটি কম্পিউটারের সাথে অন্য কম্পিউটার বা পেরিফেরালস ডিভাইসের নেটওয়ার্কিং করার জন্য হাব ব্যবহৃত হয়।

৬৩. What is the adjective of the word 'Heart'?
ⓚ Heartful ⓛ Heart
ⓜ Hearten ⓝ Heartening

ব্যাখ্যা Heart শব্দটির adjective form হলো heartening। অন্যান্য অপশনগুলোর মধ্যে heart- noun এবং hearten-verb।

৬৪. 'বাউল গানকে' হেরিটেজ অব হিউম্যানিটি বলে স্বীকৃতি দিয়েছে—
ⓚ ইউনেস্কো ⓛ ইউনিসেফ
ⓜ ইউএনডিপি ⓝ ইউএনএফপিএ

ব্যাখ্যা ইউনেস্কো বাংলাদেশের বাউল গান, শীতলপাটি ও মঙ্গল শোভাযাত্রাকে হেরিটেজ অব হিউম্যানিটি বলে স্বীকৃতি দিয়েছে। অধরা সাংস্কৃতিক ঐতিহ্য হলো এমন একটি সংস্কৃতির চর্চা, অভিব্যক্তি, জ্ঞান বা দক্ষতা যা ইউনেস্কো সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে বিবেচনা করে।

৬৫. ভালো কোলেস্টেরল নিচের কোনটিকে বলা হয়?
ⓚ এলডিএল ⓛ এইচডিএল
ⓜ এমডিএল ⓝ টিডিএল

ব্যাখ্যা কম ঘনত্বের লিপোপ্রোটিনকে LDL এবং বেশি ঘনত্বের লিপোপ্রোটিনকে HDL বলা হয়। কোষের সুস্থ গঠনের জন্য শরীরে ভালো কোলেস্টেরল প্রয়োজন হয়। HDL-কে ভালো কোলেস্টেরল বলা হয়। HDL খারাপ কোলেস্টেরলকে শোষণ করে এবং শরীরকে সুস্থ রাখতে সাহায্য করে।

৬৬. 'তাজা মাছ' কোন বিশেষণ?
ⓚ রূপবাচক ⓛ অংশবাচক ⓜ অবস্থাবাচক ⓝ গুণবাচক

ব্যাখ্যা বিশেষণ পদ প্রধানত দুই প্রকার। যথা : নাম বিশেষণ ও ভাব বিশেষণ। নাম বিশেষণের বিভিন্ন প্রকারভেদের মধ্যে অবস্থাবাচক বিশেষণ একটি। প্রদত্ত উদাহরণে 'তাজা মাছ' মাছের অবস্থা অর্থে অবস্থাবাচক বিশেষণ হয়েছে।

৬৭. বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণে 'RTC'-এর পূর্ণরূপ কী?
ⓚ Round Table Conference
ⓛ Royal Technical Committee
ⓜ Rawalpindi Technical Committee
ⓝ Road and Transport Corporation

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) ১৯৭১ সালের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণে 'RTC' সম্পর্কে বলেন যার পূর্ণরূপ Round Table Conference। উল্লেখ্য, ৭ মার্চের ভাষণের মূল বিষয় ছিল ৪টি।

৬৮. একইসাথে ইনপুট এবং আউটপুট ডিভাইস হিসেবে কাজ করে?
ⓚ মনিটর ⓛ টাচ্ স্ক্রিন
ⓜ কী-বোর্ড ⓝ মাদার বোর্ড

ব্যাখ্যা ইনপুট-আউটপুট ডিভাইসগুলো হলো : মডেম, টাচস্ক্রিন, ডিজিটাল ক্যামেরা, নেটওয়ার্ক কার্ড, স্মার্ট হ্যান্ডসেট, ফ্যাক্স, অডিও বা সাউন্ড কার্ড, ডিজিডি/সিডি, মাল্টিফাংশন ডিভাইস।

৬৯. 'পাছে লোকে কিছু বলে' কবিতা পাঠকের মনে কোন আচরণের উদ্রেক ঘটায়?
ⓚ পরোপকারিতা ⓛ সাহসিকতা
ⓜ ভয়হীনতা ⓝ সংকোচ

ব্যাখ্যা কবি কামিনী রায় রচিত বিখ্যাত কবিতা 'পাছে লোকে কিছু বলে'। এ কবিতায় মানুষের মানসিক দ্বন্দ্ব নিয়ে কথা বলা হয়েছে। মানুষ যা করে তার পেছনে লোকলজ্জা জাতীয় ভয় যখন কাজ করে তখনই সংকোচ বোধ হয়। এভাবেই এ কবিতাটি পাঠকের মনে সংকোচ জাতীয় আচরণের উদ্রেক ঘটায়।

উত্তর	
৬০	ঘ
৬১	খ
৬২	গ
৬৩	ঘ
৬৪	ক
৬৫	খ
৬৬	গ
৬৭	ক
৬৮	খ
৬৯	ঘ

CamScanner

৭০. কোন সংখ্যার বর্গমূলের সাথে ২০ যোগ করলে যোগফল ৫-এর বর্গ হবে?
ⓚ ৩০ ⓛ ১৮ ⓜ ২০ ⓝ ২৫

ব্যাখ্যা মনে করি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $\sqrt{x}+২০=৫^২$
বা, $\sqrt{x}=২৫-২০$
বা, $\sqrt{x}=৫$
$\therefore x=৫^২=২৫$

৭১. The reading of history is interesting-এখানে 'reading' কী হিসেবে ব্যবহৃত হয়েছে?
ⓚ Adverb ⓛ Uncountable noun
ⓜ Verbal Noun ⓝ Gerund

ব্যাখ্যা প্রদত্ত বাক্যে reading-এর আগে determiner ও পরে preposition of বসায় এখানে reading একটি verbal noun।

৭২. ২০২২ সালে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কততম জন্মদিন পালন করা হলো?
ⓚ ১২৬ ⓛ ১২৩
ⓜ ১২৪ ⓝ ১২৫

ব্যাখ্যা ২০২২ সালে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মদিন পালন করা হয়। তিনি বাংলা ১৩০৬ বঙ্গাব্দের ১১ জ্যৈষ্ঠ (ইংরেজি ২৪ মে ১৮৯৯) পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোলের চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন এবং ১৯৭৬ সালের ২৯ আগস্ট তৎকালীন পিজি হাসপাতালে মৃত্যুবরণ করেন।

৭৩. GPS এর পূর্ণাঙ্গ রূপ কী?
ⓚ General Pointing System
ⓛ Global Processing System
ⓜ Global Positioning System
ⓝ General Positioning System

ব্যাখ্যা GPS-এর পূর্ণরূপ– Global Positioning System।
GSM-এর পূর্ণরূপ Global System for Mobile Communication।
MMS-এর পূর্ণরূপ Multimedia Message Service।
GPRS-এর পূর্ণরূপ General Packet Radio Service।

৭৪. শেখ রাসেলকে নিয়ে শেখ হাসিনার লেখা বই কোনটি?
ⓚ আমাদের ছোট রাসেল সোনা ⓛ মমতাময় একটি নাম রাসেল
ⓜ রাসেলের দিনগুলি ⓝ আমাদের ছোট রাজকুমার

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট ছেলে শেখ রাসেলের জীবনকাহিনী নিয়ে লেখা বই 'আমাদের ছোট রাসেল সোনা'। ২০১৯ সালে বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বইটি প্রকাশিত হয় এবং এটি লিখেছেন শেখ রাসেলের বড় বোন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

৭৫. শিশুর ভাষা শিক্ষায় প্রথম মাধ্যম কে?
ⓚ মা ⓛ বাবা ⓜ আত্মীয়-স্বজন ⓝ শিক্ষক

ব্যাখ্যা শিশুর ভাষা শিক্ষার প্রথম মাধ্যম মা। মা- শিশুর বর্ণ শিক্ষা, শব্দ শিক্ষা, ছড়া শিক্ষা কিংবা খাদ্যাভ্যাস সৃষ্টি করাতে প্রধান ভূমিকা পালন করেন। 'মা'-ই প্রথম শিশুকে পারিবারিক ও সামাজিক নিয়ম-শৃঙ্খলা ও নীতিবোধের শিক্ষা দেয়।

৭৬. স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠান কোনটি?
ⓚ চরমপাঠ ⓛ চরমপত্র
ⓜ সংবাদ পরিক্রমা ⓝ বজ্রসাহস

ব্যাখ্যা চরমপত্র হলো এম. আর. আকতার মুকুল রচিত ও উপস্থাপিত স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অন্যতম একটি জনপ্রিয় অনুষ্ঠান। এটি বিদ্রূপ ও শ্লেষাত্মক অনুষ্ঠান, যা পরবর্তীতে 'চরমপত্র' নামেই গ্রন্থাকারে প্রকাশিত হয়। উল্লেখ্য, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের আরো কয়েকটি জনপ্রিয় অনুষ্ঠান বজ্রকণ্ঠ, রণাঙ্গন কথিকা, অগ্নিশিক্ষা ও রক্ত স্বাক্ষর।

৭৭. A person who was before another person refers to—
ⓚ predecessor ⓛ contemporary
ⓜ superior ⓝ successor

ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে contemporary - সমসাময়িক, superior-উচ্চতর, successor-উত্তরাধিকারী এবং predecessor- পূর্ববর্তী বা পূর্বগামী ব্যক্তি। সুতরাং কোনো ব্যক্তির স্থলে তার পূর্ববর্তী যে ব্যক্তি ছিলেন (A person who was before another person) তাকে predecessor বলে।

৭৮. উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত উড়ালপথে মেট্রোরেলের দূরত্ব কত কি. মি.?
ⓚ ২৫ ⓛ ২৫.১০ ⓜ ২০.১০ ⓝ ২০.৫০

ব্যাখ্যা রাজধানী উত্তরার দিয়াবাড়ি হতে মতিঝিল পর্যন্ত উড়ালপথে মেট্রোরেলের দূরত্ব ২০.১০ কিলোমিটার। মেট্রোরেলের নির্মাণ কাজ উদ্বোধন করা হয় ২৬ জুন ২০১৬ এবং আনুষ্ঠানিক পরীক্ষামূলক চলাচল শুরু হয় ২৯ আগস্ট ২০২১। এর স্টেশন সংখ্যা ১৬টি।

৭৯. What is the verb of the word 'Ability'?
ⓚ Ably ⓛ Enable ⓜ Ableness ⓝ Able

ব্যাখ্যা Ability (n)-এর অর্থ হলো সক্ষমতা। এর verb form হলো Enable; যার অর্থ সক্ষম করা।

৮০. একটি সমান্তর ধারার সাধারণ অন্তর ৯ এবং ৭ম পদ ৬০ হলে ১২তম পদটি কত?
ⓚ ৯০ ⓛ ১০০ ⓜ ১০৫ ⓝ ১০৮

ব্যাখ্যা দেওয়া আছে, $d=৯$
এবং সপ্তম পদ, $a+(৭-১)d=৬০$
$\Rightarrow a+৬\times৯=৬০$
$\therefore a=৬$
এখন, ১২ তম পদ $=a+(১২-১)d$
$=৬+১১\times৯$
$=১০৫$

উত্তর	
৭০	ঘ
৭১	গ
৭২	গ
৭৩	গ
৭৪	ক
৭৫	ক
৭৬	খ
৭৭	ক
৭৮	গ
৭৯	খ
৮০	গ

প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ ২০২০ (২য় পর্যায়)

পরীক্ষার তারিখ : ২০.০৫.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট নম্বর : ২৮১৫

০১. 'বৈসাবি' কোন অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী উৎসব?
ⓚ পার্বত্য চট্টগ্রাম ⓛ সিলেট
ⓜ ময়মনসিংহ ⓝ রংপুর

ব্যাখ্যা 'বৈসাবি' পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বর্ষবরণ উৎসব। বৈসুক, সাংক্রাই, বিজু এই তিন নামের আদ্যাক্ষর নিয়ে 'বৈসাবি' নামের উৎপত্তি। বর্ষবরণ উৎসবকে ত্রিপুরারা বৈসুক, মারমারা সাংক্রাই ও চাকমারা বিজু বলে অভিহিত করে।

০২. The word 'Decade' means —
ⓚ rotten objects ⓛ decaying old age
ⓜ a group of ten people ⓝ a period of ten years

ব্যাখ্যা 'Decade' শব্দের অর্থ দশক, অর্থাৎ দশ বছর যাবত সময়কালকে 'Decade' বলে। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (খ) a period of ten years।

০৩. পিতা ও পুত্রের বয়সের গড় ৩০ বছর। ৬ বছর পরে তাদের বয়সের অনুপাত ৫ : ১ হলে, পুত্রের বর্তমান বয়স কত বছর?
ⓚ ৮ ⓛ ৯
ⓜ ৫ ⓝ ৬

ব্যাখ্যা ৬ বছর পরে, পিতা ও পুত্রের বয়স $৫x$ ও x হলে, বর্তমানে, পিতা ও পুত্রের বয়স $(৫x-৬)$ ও $(x-৬)$ বছর।
প্রশ্নমতে, $\frac{৫x-৬+x-৬}{২}=৩০$
$\Rightarrow ৬x=৬০+১২$
$\Rightarrow x=১২$
$\therefore$ পুত্রের বর্তমান বয়স $(১২-৬)=৬$ বছর।

০৪. যদি $a+b+c=0$ হয়, তবে $a^৩+b^৩+c^৩$-এর মান কত?
ⓚ 1 ⓛ 3abc
ⓜ abc ⓝ 0

ব্যাখ্যা দেওয়া আছে, $a+b+c=0$
আমরা জানি,
$a^৩+b^৩+c^৩-3abc=(a+b+c)(a^২+b^২+c^২-ab-bc-ca)$
$\Rightarrow a^৩+b^৩+c^৩-3abc=0.(a^২+b^২+c^২-ab-bc-ca)$
$\Rightarrow a^৩+b^৩+c^৩-3abc=0$
$\therefore a^৩+b^৩+c^৩=3abc.$

০৫. ৯ কোটি সমান কত?
ⓚ ৯ বিলিয়ন ⓛ ৯ মিলিয়ন
ⓜ ৯০ মিলিয়ন ⓝ ৯০ বিলিয়ন

ব্যাখ্যা ১ কোটি ১০ মিলিয়ন
$\therefore ৯$ " $(১০\times৯)=৯০$ মিলিয়ন

০৬. কোনো স্কুলের ছাত্র সংখ্যাকে ৫, ৮, ২০ দ্বারা ভাগ করলে প্রতিবারই ৪ জন ছাত্র অবশিষ্ট থাকে। ঐ স্কুলের ছাত্র সংখ্যা কত?
ⓚ ৫৪ ⓛ ৬০
ⓜ ৪৪ ⓝ ৪০


ব্যাখ্যা এখানে, ৫, ৮, ১০ এর ল.সা.গু. $=৪০$
$\therefore$ নির্ণেয় সংখ্যাটি $=৪০+৪=৪৪$।

০৭. ধ্বনি হলো—
ⓚ অর্থবোধক শব্দসমষ্টি ⓛ ভাষার লিখিত শব্দ
ⓜ দুটি শব্দের মিলন ⓝ ভাষার ক্ষুদ্রতম অংশ

ব্যাখ্যা মানুষ বাগযন্ত্রের সাহায্যে যেসব আওয়াজ উচ্চারণ করে সেসব আওয়াজকে ধ্বনি বলে। ধ্বনির মাধ্যমেই ভাষা তৈরি হয়। ধ্বনি হলো ভাষার ক্ষুদ্রতম অংশ।

০৮. একটি ৫০ মিটার লম্বা মই একটি খাড়া দেয়ালের সাথে হেলান দিয়ে রাখা হয়েছে। মইয়ের এক প্রান্ত মাটি হতে ৪০ মিটার উচ্চতায় দেয়ালকে স্পর্শ করে। মইয়ের অপর প্রান্ত হতে দেয়ালের দূরত্ব কত মিটার?
ⓚ ২০ ⓛ ২৫
ⓜ ৩০ ⓝ ১০

ব্যাখ্যা পিথাগোরাসের সূত্র অনুযায়ী,
$AC^২=AB^২+BC^২$
$\Rightarrow BC^২=AC^২-AB^২$
$\Rightarrow x^২=৫০^২-৪০^২$
$\therefore x=\sqrt{২৫০০-১৬০০}$
$=\sqrt{৯০০}$
$=৩০$



০৯. ফলের দোকান থেকে ১৮০ টি ফজলি আম কিনে আনা হলো। দুই দিন পর ৯টি আম পচে গেল। শতকরা কতটি আম ভালো আছে?
ⓚ ৯০ ⓛ ৮০
ⓜ ৮৫ ⓝ ৯৫

ব্যাখ্যা ১৮০টি আমের মধ্যে পচে গেল ৯টি
$\therefore ১$ " " " " " $\frac{৯}{১৮০}$ "
$\therefore ১০০$ " " " " " $\frac{৯\times১০০}{১৮০}$ "
$=৫$টি
$\therefore$ আম ভালো আছে $(১০০-৫)=৯৫\%$

১০. SMS-এর পূর্ণরূপ কী?
ⓚ Short Multimedia Service
ⓛ Short Message Server
ⓜ Short Message System
ⓝ Short Message Service

ব্যাখ্যা SMS-এর পূর্ণরূপ— Short Message Service.
SIM-এর পূর্ণরূপ— Subscriber Identification Module.

উত্তর	
০১	ক
০২	গ
০৩	ঘ
০৪	খ
০৫	গ
০৬	গ
০৭	ঘ
০৮	গ
০৯	ঘ
১০	ঘ

CamScanner

GPS-এর পূর্ণরূপ— Global Positioning System.
GSM-এর পূর্ণরূপ— Global System for Mobile Communication.

১১. ১৯৭ এর সাথে কত যোগ করলে সংখ্যাটি ৯, ১৫ এবং ২৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?
ⓚ ২৭ ⓛ ২৮
ⓜ ২৯ ⓝ ২৫

ব্যাখ্যা ৯, ১৫ ও ২৫ এর ল.সা.গু. = ২২৫
∴ সংখ্যা যোগ করতে হবে (২২৫ − ১৯৭) = ২৮

১২. শিক্ষা সফরে যাওয়ার জন্য ২৪০০ টাকায় বাস ভাড়া করা হলো এবং প্রত্যেক ছাত্র সমান ভাড়া বহন করবে ঠিক হলো। অতিরিক্ত ১০ জন ছাত্র যাওয়ায় প্রতি জনের ভাড়া ৮ টাকা কমে গেল। বাসে কতজন ছাত্র গিয়েছিল?
ⓚ ৫০ ⓛ ৬০
ⓜ ৪০ ⓝ ৪৮

ব্যাখ্যা মনে করি, বাসে গিয়েছিল x জন ছাত্র

প্রশ্নমতে, $\frac{২৪০০}{x-১০} = \frac{২৪০০}{x} + ৮$

$\Rightarrow \frac{২৪০০}{x-১০} - \frac{২৪০০}{x} = ৮$

$\Rightarrow \frac{২৪০০(x-x+১০)}{x(x-১০)} = ৮$

$\Rightarrow \frac{১০}{x^2-১০x} = \frac{৮}{২৪০০}$

$\Rightarrow \frac{১০}{x^2-১০x} = \frac{১}{৩০০}$

$\Rightarrow x^2 - ১০x - ৩০০০ = ০$
$\Rightarrow x^2 - ৬০x + ৫০x - ৩০০০ = ০$
$\Rightarrow (x-৬০)(x+৫০) = ০$
$\therefore x = ৬০$ [$\because x \neq -৫০$]

১৩. সকালে পাখিরা কিচিরমিচির করে। ইংরেজিতে—
ⓚ Birds shout at dawn ⓛ Birds cry at dawn
ⓜ Birds sing at dawn ⓝ Birds twitter at dawn

ব্যাখ্যা কিচিরমিচির করা বোঝাতে twitter শব্দটি ব্যবহৃত হয়। সুতরাং 'সকালে পাখিরা কিচিরমিচির করে'-এর সঠিক translation হবে Birds twitter at dawn.

১৪. 'রাশি রাশি ভারা ভারা ধান কাটা হলো সারা'— এখানে 'রাশি রাশি'—
ⓚ সমষ্টিবাচক বিশেষ্য ⓛ নির্ধারক বিশেষণ
ⓜ সাপেক্ষ সর্বনাম ⓝ অনুকার অব্যয়

ব্যাখ্যা দ্বিরুক্ত শব্দ ব্যবহার করে যখন একের বেশি কোনো কিছুকে বোঝানো হয় তাকে নির্ধারক বিশেষণ বলে। যেমন- রাশি রাশি ভারা ভারা ধান কাটা হলো সারা, এখানে 'রাশি রাশি' হলো নির্ধারক বিশেষণ। এমন আরো উদাহরণ- 'লাল লাল কৃষ্ণচূড়ায় গাছ ভরেছে'- এখানে 'লাল লাল' হলো নির্ধারক বিশেষণ।

১৫. 'Syntax' means —
ⓚ Supplementary text ⓛ Synchronizing act
ⓜ Manner of speech ⓝ Sentence building

ব্যাখ্যা Syntax শব্দের অর্থ হলো বাক্য-গঠন। ইংরেজি ভাষায় যে শাখায় বাক্য গঠন নিয়ে আলোচনা করা হয় তাকে syntax বলে। সুতরাং syntax-এর সঠিক meaning হবে sentence building.

১৬. রবীন্দ্রনাথ ঠাকুর জাতীয় সংগীতের সুর নিয়েছেন কোন গানের সুর থাকে?
ⓚ ভাওয়াইয়া ⓛ বাউল
ⓜ মুর্শিদি ⓝ ভাটিয়ালি

ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর জাতীয় সঙ্গীতের সুর নিয়েছেন বাউল গান থেকে। বিশিষ্ট বাউল, লোকসঙ্গীত শিল্পী ও গীতিকার গগণ হরকরা রচিত 'আমি কোথায় পাব তারে আমার মনের মানুষ যে রে' নামক বাউল গান থেকে সুর নিয়েছেন রবীন্দ্রনাথ ঠাকুর।

১৭. বঙ্গবন্ধুকে 'রাজনীতির নান্দনিক শিল্পী' বলেছেন—
ⓚ শেখ হাসিনা ⓛ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ⓜ মাওলানা ভাসানী ⓝ তাজউদ্দীন আহমদ

ব্যাখ্যা বাংলাদেশের রাজনীতির ইতিহাসে অবিসংবাদী নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার 'শেখ হাসিনা, নির্বাচিত উক্তি' গ্রন্থে 'রাজনীতির নান্দনিক শিল্পী' হিসেবে আখ্যায়িত করেছেন। উল্লেখ্য, নিউজউইকের সাংবাদিক লোরেন জেঙ্কিন্স বঙ্গবন্ধুকে 'রাজনীতির কবি' উপাধি দেন।


১৮. The minister told his officials to — a press conference.
ⓚ announce ⓛ arrange
ⓜ prepare ⓝ speak

ব্যাখ্যা 'to arrange' অর্থ ব্যবস্থা করা/আলোচনা করা। প্রদত্ত বাক্যে বলা হয়েছে মন্ত্রী মহোদয় তার কর্মকর্তাদের একটি সংবাদ সম্মেলন আয়োজন করতে বলেছিলেন। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (খ) arrange.

১৯. কোন পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাশ করল। উভয় বিষয়ে পাশ করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?
ⓚ ১০ ⓛ ১৫
ⓜ ১২ ⓝ ১১

ব্যাখ্যা দেওয়া আছে,
$n(M) = ৮০$
$n(B) = ৭০$
$n(B \cap M) = ৬০$
$\therefore n(B \cup M) = n(M) + n(B) - n(B \cap M)$
$= ৮০ + ৭০ - ৬০$
$= ৯০$

∴ উভয় বিষয়ে ফেল = ১০০ − ৯০ = ১০ জন



২০. 'Oncology' relates to —
ⓚ law ⓛ medicine
ⓜ ecology ⓝ environment

ব্যাখ্যা 'Oncology' বলতে চিকিৎসা বিজ্ঞানের যে শাখায় ক্যান্সার রোগবিষয়ক আলোচনা করা হয় তাকে বোঝায়। সুতরাং Oncology চিকিৎসাবিজ্ঞান বা medicine বিষয়ক হওয়ায় সঠিক উত্তর হবে অপশন (খ)।

২১. একটি স্কুলে ছাত্রদের ড্রিল করবার সময় ৮, ১০ এবং ১২ সারিতে সাজানো যায়। আবার বর্গাকারেও সাজানো যায়। ঐ স্কুলে কমপক্ষে কতজন ছাত্র আছে?
ⓚ ৩০০০ ⓛ ৩৬০০
ⓜ ২৪০০ ⓝ ১২০০

ব্যাখ্যা
২ | ৮, ১০, ১২
২ | ৪, ৫, ৬
২, ৫, ৩

∴ ল. সা. গু. = ২ × ২ × ২ × ৩ × ৫ = ১২০
কিন্তু এতে ছাত্রদের ৮, ১০, ১২ সারিতে সাজানো গেলেও বর্গাকারে সাজানো যাবে না। এখন ১২০ কে পূর্ণবর্গ সংখ্যা করতে হলে ল.সা.গু. কে (২ × ৩ × ৫) দ্বারা গুণ করতে হবে।
∴ ছাত্রদের বর্গাকারে সাজানো যাবে যদি ছাত্র সংখ্যা হয় (২ × ২) × (২ × ২) × (৩ × ৩) × (৫ × ৫) = ৩৬০০

২২. 'মাথা খাও, পত্র দিতে ভুলো না'-এখানে 'মাথা খাওয়ার' অর্থ কী?
ⓚ দিব্যি দেওয়া ⓛ আক্কারা পাওয়া
ⓜ জ্ঞান দেয়া ⓝ অঙ্গ বিশেষ

ব্যাখ্যা একই শব্দের ভিন্নার্থক প্রয়োগ ঘটলে অর্থ পার্থক্য দেখা যায়। এখানে মাথা খাওয়ার অর্থ দিব্যি দেয়া। অন্যদিকে, আক্কারা পাওয়া অর্থ বলা যায় 'ছেলেটিকে আদর দিয়ে মাথায় তুলিও না' এবং বিশেষ অর্থে বলা যায় 'আমার এচও মাথা ধরেছে'।

২৩. 'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?
ⓚ বিশেষভাবে বিশ্লেষণ ⓛ সাধারণ সংশ্লেষণ
ⓜ বিশেষভাবে সংযোজন ⓝ সাধারণ বিশ্লেষণ

ব্যাখ্যা 'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ হলো 'বিশেষভাবে বিশ্লেষণ'। যে শাস্ত্রে কোনো ভাষার বিভিন্ন উপাদানের প্রকৃতি ও স্বরূপের বিচার-বিশ্লেষণ করা হয় এবং বিভিন্ন উপাদানের সম্পর্ক নির্ণয় ও প্রয়োগবিধি বিশদভাবে আলোচিত হয় তাকে ব্যাকরণ বলে।

২৪. 'উইকিপিডিয়া' কী?
ⓚ ডেটাবেইজ ⓛ মুক্ত বিশ্বকোষ
ⓜ স্টার্ট ফোন ⓝ উন্মুক্ত সফটওয়্যার

ব্যাখ্যা উইকিপিডিয়া একটি ইন্টারনেটভিত্তিক মুক্ত বিশ্বকোষ। উইকিপিডিয়া ২০০১ সালে প্রথম যাত্রা শুরু করে। এর প্রতিষ্ঠাতা 'জিমি ওয়ালস' এবং 'ল্যারি স্যাংগার'।

২৫. 'আমরা হিন্দু বা মুসলিম যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালী' কে বলেছিলেন?
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓛ কাজী নজরুল ইসলাম
ⓜ ধীরেন্দ্রনাথ দত্ত ⓝ ড. মুহম্মদ শহীদুল্লাহ

ব্যাখ্যা ১৯৪৮ সালে পূর্ব-পাকিস্তানের সাহিত্য সম্মেলনে ড. মুহম্মদ শহীদুল্লাহ সভাপতির অভিভাষণে বলেন- 'আমরা হিন্দু বা মুসলিম যেমন সত্য, তার চেয়ে সত্য আমরা বাঙালি।' তিনি এ কথাকে কোনো আদর্শগত দিক থেকে বলেননি, তিনি বাস্তব সত্য হিসেবে কথাটিকে উল্লেখ করেন।

২৬. কোন বানানটি শুদ্ধ?
ⓚ আদ্যাক্ষর ⓛ আদ্যক্ষর
ⓜ আধ্যক্ষর ⓝ আদ্যাক্ষর

ব্যাখ্যা আরো কয়েকটি শুদ্ধ বানান- সমীচীন, মুমূর্ষু, নির্নিমেষ।

২৭. একটি কলমের মূল্য একটি বইয়ের মূল্য অপেক্ষা ৭ টাকা কম এবং উক্ত বই ও কলমের মোট ক্রয়মূল্য ৪৩ টাকা হলে বইটির মূল্য কত?
ⓚ ২৯ ⓛ ২৫
ⓜ ২৭ ⓝ ২৮

ব্যাখ্যা মনে করি, বইটির মূল্য = x টাকা এবং কলমের মূল্য $(x-৭)$ টাকা
প্রশ্নমতে, $x + (x-৭) = ৪৩$
$\Rightarrow ২x = ৪৩ + ৭$
$\Rightarrow ২x = ৫০$
$\therefore x = ২৫$

২৮. একটি তেলপূর্ণ পাত্রের ওজন ৩২ কেজি এবং অর্ধেক তেলপূর্ণ পাত্রের ওজন ২০ কেজি। পাত্রটির ওজন কত কেজি?
ⓚ ৮ ⓛ ১০
ⓜ ১২ ⓝ ৬

ব্যাখ্যা
পাত্রের ওজন + সম্পূর্ণ বা ১ অংশ তেলের ওজন = ৩২ কেজি
" " + $\frac{১}{২}$ তেলের ওজন = ২০ "
(-) (-) (-)
$\therefore \frac{১}{২}$ অংশ তলের ওজন = ১২ কেজি
$\therefore$ সম্পূর্ণ তেলের ওজন = ১২ × ২ = ২৪ কেজি
$\therefore$ পাত্রের ওজন = (৩২ − ২৪) = ৮ কেজি

২৯. বাংলাদেশের সর্বশেষ আদমশুমারি হয় কত সালে?
ⓚ ২০০৪ ⓛ ২০১৫
ⓜ ২০০৮ ⓝ ২০১১

উত্তর

১১	খ
১২	খ
১৩	ঘ
১৪	খ
১৫	ঘ
১৬	খ
১৭	ক
১৮	খ
১৯	ক
২০	খ
২১	খ
২২	ক
২৩	ক
২৪	খ
২৫	ঘ
২৬	ঘ
২৭	খ
২৮	ক
২৯	ঘ

CamScanner

ব্যাখ্যা: বাংলাদেশের প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে এবং পঞ্চম আদমশুমারি অনুষ্ঠিত হয় ২০১১ সালে। উল্লেখ্য, ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা (আদমশুমারির বর্তমান নাম) অনুষ্ঠিত হয় ১৫-২১ জুন ২০২২।

৩০. হরপ্রসাদ শাস্ত্রী প্রথম কোথা থেকে 'চর্যাপদ' আবিষ্কার করেন?
ক নেপালের রাজদরবার খ ভারতের গ্রন্থাকার
গ শ্রীলংকার গ্রন্থাগার ঘ চীনের রাজদরবার

ব্যাখ্যা: মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজদরবার থেকে চর্যাপদ আবিষ্কার করেন। ২৩ জন মতান্তরে ২৪ জন বৌদ্ধ সিদ্ধাচার্যগণ চর্যাপদ রচনা করেন এবং এটি বাংলা সাহিত্যের প্রাচীন নির্দশন।

৩১. A remedy for all diseases —.
ক all cure খ panorama
গ polyglot ঘ panacea

ব্যাখ্যা: Panacea শব্দের অর্থ হলো সর্বরোগনিবারক ওষুধ (A remedy for all diseases)। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (ঘ)।

৩২. সভয়ে লোকটি বলল, বাঘ আসছে। এখানে 'সভয়ে' পদটি কোন বিশেষণের উদাহরণ?
ক ক্রিয়া-বিশেষণ খ বিশেষণের বিশেষণ
গ নাম বিশেষণ ঘ বিশেষ্যের বিশেষণ

ব্যাখ্যা: যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে তাকে ক্রিয়া-বিশেষণ বলে। প্রশ্নোক্ত উদাহরণে 'সভয়ে' পদটি ক্রিয়া সংঘটনের রূপকে বোঝায়। এমন আরো উদাহরণ : 'ধীরে ধীরে বাতাস বইছে'।

৩৩. 'পাঠক' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় নিচের কোনটি?
ক পাঠ্য + ণক খ পাঠ + আক
গ পঠ + অনক ঘ পঠ্ + ণক

ব্যাখ্যা: 'পাঠক' শব্দের প্রকৃতি প্রত্যয় '√পঠ্ + ণক'। এটি সংস্কৃত কৃৎপ্রত্যয়ের উদাহরণ। এমন আরো কৃৎপ্রত্যয়ের উদাহরণ- √গৈ + ণক = গায়ক, √লিখ্ + ণক = লেখক ইত্যাদি।

৩৪. কত বছরের গড় আবহাওয়াকে কোনো অঞ্চলের জলবায়ু বলে?
ক ১০-১২ খ ২০-৩০
গ ৩০-৪০ ঘ ২৫-৩৫

ব্যাখ্যা: একটি অঞ্চলের দীর্ঘদিন তথা ৩০-৪০ বছরের গড় আবহাওয়ার অবস্থাকে জলবায়ু বলে।

৩৫. 'Brain child' means—
ক special child খ intelligent person
গ a person's idea ঘ autistic child

ব্যাখ্যা: 'Brain child' অর্থ কোনো ব্যক্তির উদ্ভাবন। সুতরাং Brain child-এর সঠিক meaning হবে a person's idea.

৩৬. প্রকৃত গতি প্রতি ৬০ মিনিটে ৭ কিমি এরূপ নৌকার নদীর স্রোতের অনুকূলে ৩৩ কিমি পথ যেতে ১৮০ মিনিট সময় লেগেছে। ফিরে আসার সময় তার কত ঘণ্টা (hour) সময় লাগবে?
ক ১৩ খ ১৪ গ ১১ ঘ ১২

ব্যাখ্যা: নৌকার বেগ = ৭ কিমি/ঘণ্টা

স্রোতের অনুকূলে বেগ = $\frac{৩৩}{\frac{১৮০}{৬০}} = \frac{৩৩}{৩} = ১১$ কিমি/ঘণ্টা

স্রোতের বেগ = (১১ − ৭) = ৪ কিমি/ঘণ্টা

∴ স্রোতের প্রতিকূলে বেগ = (৭ − ৪) = ৩ কিমি/ঘণ্টা

∴ ৩৩ কিমি যেতে সময় লাগবে = $\frac{৩৩}{৩} = ১১$ ঘণ্টা

৩৭. ন্যাটোতে যোগ দেওয়া ইস্যুতে রাশিয়া সম্প্রতি কোন দেশে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দিয়েছে?
ক Finland খ Denmark
গ Poland ঘ Sweden

ব্যাখ্যা: ইউক্রেন যুদ্ধকে কেন্দ্র করে আতঙ্কিত হয়ে সম্প্রতি ন্যাটোতে যোগ দেওয়ার জন্য ফিনল্যান্ড ও সুইডেন উদ্যোগ গ্রহণ করে। আর ফিনল্যান্ডের ন্যাটোতে যোগ দেওয়ার সম্ভাবনার মুখে দেশটিতে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দিয়েছে রাশিয়া।

৩৮. A stage of short sightedness —.
ক Myopia খ Autopsy
গ Maternity ঘ Abortion

ব্যাখ্যা: A stage of short sightedness বা দূরবর্তী কোনো বস্তু স্পষ্ট দেখতে না পাওয়ার যে অবস্থা, তাকে Myopia (ক্ষীণদৃষ্টি বা অদূরদর্শী) বলে।

৩৯. 'কিন্ডারগার্টেন' কোন ভাষা হতে আগত শব্দ?
ক ইংরেজি খ পর্তুগিজ
গ ওলন্দাজ ঘ জার্মানি

ব্যাখ্যা: 'কিন্ডারগার্টেন' জার্মান ভাষা হতে আগত শব্দ যার অর্থ 'খেলার মাধ্যমে শিশু মনের বিকাশ সাধনের বিদ্যালয়'। অন্যদিকে ইংরেজি শব্দের উদাহরণ- ব্যাগ, স্কুল, কলেজ। পর্তুগিজ শব্দ- আনারস, আলমারি, পেয়ারা। ওলন্দাজ শব্দ- হরতন, টেক্কা।

৪০. A state where all religions are respected —.
ক Good state খ Secular
গ Holy country ঘ Reactor

ব্যাখ্যা: যে state বা রাষ্ট্রে এ সকল ধর্মের প্রতি সমানভাবে সম্মান প্রদর্শন করা হয় তাকে ধর্মনিরপেক্ষ রাষ্ট্র বা secular state বলে। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (খ) secular.

৪১. 'পৃথিবীতে কে কাহার' — এই বাক্যে 'পৃথিবীতে' পদটি কোন কারকে কোন বিভক্তি?
ক অধিকরণ কারকে ৭মী বিভক্তি
খ অপাদান কারকে ৭মী বিভক্তি
গ কর্মকারকে ৭মী বিভক্তি
ঘ কর্মকারকে ৫মী বিভক্তি

ব্যাখ্যা: ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারকে বলে। অধিকরণে ৭মী বিভক্তির আরো কিছু উদাহরণ- নদীতে পানি আছে, ঢাকায় বৃষ্টি হচ্ছে।

উত্তর

৩০	ক
৩১	ঘ
৩২	ক
৩৩	ঘ
৩৪	গ
৩৫	গ
৩৬	গ
৩৭	ক
৩৮	ক
৩৯	ঘ
৪০	খ
৪১	ক

৪২. সম্প্রতি 'গোল্ডেন জুবিলি বাংলাদেশ কনসার্ট' কোথায় অনুষ্ঠিত হয়েছে?
ক দুবাই খ প্যারিস
গ নিউইয়র্ক ঘ ফ্লোরিডা

ব্যাখ্যা: ২০২২ সালের ৬ মে নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয় 'গোল্ডেন জুবিলি বাংলাদেশ কনসার্ট'। ১ আগস্ট ১৯৭১ আয়োজন করা হয়েছিল কনসার্ট ফর বাংলাদেশ। সেই একই আদলে স্বাধীনতার ৫০তম বর্ষপূর্তি উদ্‌যাপনে 'লেট দ্য মিউজিক স্পিক' প্রতিপাদ্য নিয়ে অনুষ্ঠানটি আয়োজন করা হয়। উল্লেখ্য, এতে সঙ্গীত পরিবেশন করে জার্মান ব্যান্ড দল ক্রাফ্টওয়ার্ক এবং বাংলাদেশের চিরকুট।

৪৩. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৭ এবং তাদের গ.সা.গু. ৮ হলে, তাদের ল.সা.গু. হবে —
ক ২৬০ খ ২৮০
গ ২৯২ ঘ ৩১২

ব্যাখ্যা: গ.সা.গু. ৮ হলে, সংখ্যা দুটি ৫ × ৮ = ৪০ এবং ৭ × ৮ = ৫৬

২ | ৪০, ৫৬
২ | ২০, ২৮
২ | ১০, ১৪
৫, ৭


∴ ল.সা.গু. = ২ × ২ × ২ × ৫ × ৭
= ২৮০

৪৪. কোন বানানটি শুদ্ধ?
ক বিকেন্দ্রিকরণ খ বীকেন্দ্রিকরণ
গ বীকেন্দ্রীকরণ ঘ বিকেন্দ্রীকরণ

ব্যাখ্যা: শুদ্ধ বানানটি হলো- বিকেন্দ্রীকরণ। আরও কিছু বানান- বিভীষিকা, মুমূর্ষু, নিশীথিনী, মুহুর্মুহু।

৪৫. ১৫ সেমি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের একটি জ্যা ২৪ সেমি. হলে কেন্দ্র থেকে উক্ত জ্যা এর সর্বনিম্ন দূরত্ব কত সেমি?
ক ১২ খ ৮ গ ৯ ঘ ১০

ব্যাখ্যা: কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন কোনো জ্যা এর উপর অঙ্কিত লম্ব জ্যা কে সমদ্বিখণ্ডিত করে।



ΔODB সমকোণী ত্রিভুজে,
$OD^2 = OB^2 - BD^2$
$\therefore OD = \sqrt{১৫^২ - ১২^২}$
$= \sqrt{৮১}$
$= ৯$

৪৬. Which of the following is in plural form?
ক analysis খ media
গ datum ঘ radius

ব্যাখ্যা: প্রদত্ত অপশনগুলোর মধ্যে media ব্যতীত অন্য সবগুলো singular form এ রয়েছে। এখানে medium-এর plural form হিসেবে media হয়েছে।

৪৭. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক তিন স্বস্ত্রীক শহরে থাকেন
খ তিনি সস্ত্রীক শহরে থাকেন
গ তিনি ও স্ত্রী শহরে থাকেন
ঘ তিনি স্ব-স্ত্রীসহ শহরে থাকেন

ব্যাখ্যা: বাক্যশুদ্ধির এমন আরো উদাহরণ- আলম সাহেব সপরিবারে শহরে গেলেন, আগামীকাল সশরীরে তাকে হাজির হতে হবে।

৪৮. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করলে সংখ্যাটি পূর্বাপেক্ষা ৬৩ বৃদ্ধি পায়। সংখ্যাটির অঙ্কদ্বয়ের পার্থক্য কত?
ক ৫ খ ৬
গ ৭ ঘ ৪

ব্যাখ্যা: মনে করি,
সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক x
এবং দশক " " y
∴ সংখ্যাটি = ১০y + x
প্রশ্নমতে, ১০y + x + ৬৩ = ১০x + y
⇒ ৯x − ৯y = ৬৩
⇒ $x - y$ = ৭

৪৯. I need to install an — fan in the kichen.
ক exhaust খ exsost
গ egzost ঘ adjust

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যে exhaust শব্দটির বসিয়ে অনুবাদ করলে দাঁড়ায় রান্নাঘরের বাতাস নিষ্কাশনের জন্য আমার একটি ফ্যান দরকার। সুতরাং সঠিক উত্তর হবে exhaust।

৫০. 'শোন একটি মুজিবরের থেকে' গানটির গীতিকার কে?
ক অংশুমান রায় খ আপেল মাহমুদ
গ আলতাফ মাহমুদ ঘ গৌরীপ্রসন্ন মজুমদার

ব্যাখ্যা: ১৯৭১ সালে 'আকাশবাণী' কলকাতা কেন্দ্র হতে প্রথম বাজানো হয় মুক্তিযুদ্ধভিত্তিক উদ্দীপনামূলক গান 'শোন একটি মুজিবরের থেকে' গানটির গীতিকার ছিলেন গৌরীপ্রসন্ন মজুমদার এবং সুরকার ও শিল্পী ছিলেন অংশুমান রায়।

৫১. সাধু ভাষায় কোন শব্দের প্রাধান্য বেশি?
ক তৎসম খ বিদেশি
গ দেশি ঘ তদ্ভব

ব্যাখ্যা: সাধু ভাষা তৎসম শব্দবহুল। অন্যদিকে, চলিত ভাষায় তদ্ভব শব্দের প্রাধান্য বেশি যা দেশি আদিম অধিবাসীদের ভাষা ও সংস্কৃত থেকে বাংলায় এসেছে। বিদেশি শব্দ বিভিন্ন ভাষার শব্দ থেকে বাংলা ভাষায় প্রবেশ করেছে।

৫২. 'জানুয়ারি' বানানে হ্রস্ব ই-কার হবার কারণে কোন শব্দের কারণে?
ক তদ্ভব খ তৎসম
গ অতৎসম ঘ সংস্কৃত

ব্যাখ্যা: তৎসম শব্দ বাদে তদ্ভব, দেশি, বিদেশি অন্যান্য সব শব্দই অতৎসম শব্দ। অন্যদিকে, তৎসম ও সংস্কৃত একই

উত্তর

৪২	গ
৪৩	খ
৪৪	ঘ
৪৫	গ
৪৬	খ
৪৭	খ
৪৮	গ
৪৯	ক
৫০	ঘ
৫১	ক
৫২	গ

CamScanner

শব্দ। যেগুলো কোনো ধরনের পরিবর্তন ছাড়াই সংস্কৃত থেকে বাংলায় গৃহীত হয়েছে তাকে তৎসম শব্দ বলে। যেসব শব্দ সংস্কৃত থেকে সম্পূর্ণ পরিবর্তনের মাধ্যমে বাংলায় এসেছে তাকে তদ্ভব শব্দ বলে।

৫৩. সাধুরীতি ও চলিতরীতির পার্থক্য কোন পদে বেশি?
ক ক্রিয়া ও অব্যয় খ অব্যয় ও ক্রিয়া
গ সর্বনাম ও বিশেষ্য ঘ ক্রিয়া ও সর্বনাম

ব্যাখ্যা সাধু ও চলিতরীতির পার্থক্য ক্রিয়া ও সর্বনাম পদে বেশি। সাধুতে ক্রিয়া ও সর্বনামে পূর্ণরূপ ব্যবহৃত হয় এবং চলিতে সংক্ষিপ্ত রূপ। যেমন– সাধুতে 'শ্রবণ করিয়া' ক্রিয়ারূপ চলিতে হবে 'শুনে'। সাধুতে 'তাহার', 'আমাদিগের' এ সর্বনামগুলো চলিত রীতিতে হবে 'তার', 'আমাদের'।

৫৪. নিচের কোনটি ঋণাত্মক কাজের উদাহরণ?
ক সমতল পথে হাঁটা
খ গাছ থেকে নিচে নামা
গ একটি দেয়ালকে ধাক্কা দেওয়া
ঘ সিঁড়ি দিয়ে উপরে ওঠা

ব্যাখ্যা বল প্রয়োগ করার ফলে যদি বলের প্রয়োগ বিন্দু বলের ক্রিয়ার বিপরীত দিকে সরে যায় তাহলে বলের বিরুদ্ধে কাজ বোঝায়। এই কাজকে ঋণাত্মক কাজ বলা হয়। যেমন– সিঁড়ি দিয়ে উপরে ওঠা, মেঝে থেকে বই টেবিলের উপর উঠানো ইত্যাদি।

৫৫. Man did not know that the earth moves round the sun until it was —.
ক demonstrated খ discovered
গ experimented ঘ invented

ব্যাখ্যা অস্তিত্ব নাই এমন কোনো কিছুকে নিজস্ব idea প্রয়োগ করে আবিষ্কার করা বোঝালে Invent হয়। অন্যদিকে, অস্তিত্ব আছে কিন্তু আগে থেকে কেউ জানতো না এমন কোনো কিছু আবিষ্কার করা বোঝালে discover হয়। সেক্ষেত্রে প্রদত্ত বাক্যের ভাব অনুযায়ী discovered বসালে বাক্যের যথার্থতা বজায় থাকে।

৫৬. What does CV stand for?
ক Curriculamm Vitae খ Curriculum Vitea
গ Curriculum Vitae ঘ Current Value

ব্যাখ্যা CV-এর পূর্ণরূপ হলো Curriculum Vitae। অন্যান্য অপশনগুলোর মধ্যে বানানগত ভুল থাকায় সঠিক উত্তর হবে অপশন (গ)।

৫৭. Can you tell me where —?
ক live Rahim খ does Rahim live
গ Rahim lives ঘ Rahim does live

ব্যাখ্যা Embedded question হলো অন্য বাক্য বা প্রশ্নবোধক বাক্যের জুড়ে দেওয়া প্রশ্ন। Embedded Question-এর Structure হলো ; Wh question word + sub + verb। সুতরাং বাক্যটিকে পূর্ণাঙ্গ করতে সঠিক expression হলো– where Rahim lives. সঠিক উত্তর অপশন (গ)।

৫৮. To everyone's surprise he got — the examination.
ক through খ failed
গ over ঘ punishment

ব্যাখ্যা 'get through' phrasal verb-টির অর্থ উত্তীর্ণ হওয়া। প্রদত্ত বাক্যে through যোগ করলে এর অর্থ দাঁড়ায় 'সকলকে অবাক করে সে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিল।

৫৯. নিচের কোনটি 'সুনীল অর্থনীতি'র সাথে সম্পর্কিত?
ক খনিজ সম্পদ খ মৎস্য সম্পদ
গ সমুদ্র সম্পদ ঘ বনজ সম্পদ

ব্যাখ্যা 'ব্লু ইকোনমি' (Blue Economy)-এর প্রচলিত বাংলা প্রতিশব্দ সমুদ্র অর্থনীতি। অন্যকথায় সমুদ্রের জলরাশি, সমুদ্র সম্পদ ও সমুদ্রকে ঘিরে গড়ে ওঠা অর্থনীতিকে বলা হয় 'ব্লু ইকোনমি' বা 'সমুদ্র অর্থনীতি'।

৬০. He was brought to the police station for —.
ক judgement খ questioning
গ confinement ঘ punishement

ব্যাখ্যা প্রদত্ত বাক্যে বলা হয়েছে– 'তাকে থানায় জিজ্ঞাসাবাদ করার জন্য আনা হয়েছিল'। সুতরাং বাক্যটিতে questioning ব্যবহার করলে এর অর্থসঙ্গতি বজায় থাকে।

৬১. 'অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে'–এখানে 'ছায়া' বলতে কী বোঝানো হয়েছে?
ক গাছের ছায়া খ জন্মভূমির আশ্রয়
গ মায়ের কোল ঘ জন্মভূমির প্রকৃতি

ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'জন্মভূমি' কবিতায় বলেছেন– 'মাগো আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে'। এখানে 'ছায়া' বলতে কবি জন্মভূমির আশ্রয় বুঝিয়েছেন।

৬২. What is the meaning of the word 'Vice Versa'?
ক For example
খ Face to Face
গ Namely
ঘ The terms being exchanged

ব্যাখ্যা Vice Versa শব্দের অর্থ পাল্টাভাবে বা বিপরীতক্রমে। সুতরাং Vice Versa-এর সঠিক meaning 'The terms being exchanged.

৬৩. শিক্ষার্থীর সার্বিক বিকাশে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের জন্য নিচের কোন গুচ্ছটি সর্বাধিক গুরুত্বপূর্ণ?
ক পেশাগত জ্ঞান, দক্ষতা ও অনুশীলন
খ উদ্ভাবন ও বিজ্ঞান
গ ব্যবস্থাপনা ও উন্নয়ন
ঘ তথ্য যোগাযোগ ও প্রযুক্তি

ব্যাখ্যা শিক্ষক জ্ঞান বিতরণের কাণ্ডারি ও শ্রেণিকক্ষের প্রাণ। তাকে ঘিরেই শিক্ষা কার্যক্রম আবর্তিত হয়। তাই তার

উত্তর
৫৩ ঘ
৫৪ ঘ
৫৫ খ
৫৬ গ
৫৭ গ
৫৮ ক
৫৯ গ
৬০ খ
৬১ খ
৬২ ঘ
৬৩ ক

দায়িত্ব ও কর্তব্য অপরিসীম। শিক্ষার্থীর সার্বিক বিকাশে প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষকের পেশাগত জ্ঞান, দক্ষতা ও অনুশীলন সর্বাধিক গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত।

৬৪. শিশুর সহায়তার হট লাইন নম্বরটি কত?
ক ৯৯৯ খ ৩৩৩১
গ ১০৯০ ঘ ১০৯৮


ব্যাখ্যা 'শিশু আইন-২০১৩ অনুসারে' সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তর, শিশু অধিকার ও শিশুর সামাজিক সুযোগ-সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে UNICEF-এর আর্থিক ও কারিগরি সহায়তায় ২০১৫ সালে পরীক্ষামূলকভাবে দেশব্যাপী Child help line 1098 চালু করে।

৬৫. ৪০ থেকে ১০০ পর্যন্ত বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর কত?
ক ৫৩ খ ৫৫
গ ৫৬ ঘ ৫৮

ব্যাখ্যা ৪০ থেকে ১০০ পর্যন্ত বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা যথাক্রমে ৯৭ ও ৪১।
∴ পার্থক্য = (৯৭ – ৪১) = ৫৬

৬৬. ৮০ ফুট দীর্ঘ এবং ৭০ ফুট প্রস্থ বাগানের চারদিকে ৫ ফুট একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত বর্গফুট?
ক ১৪০০ খ ১২০০
গ ১৬০০ ঘ ১৫০০

ব্যাখ্যা রাস্তাবাদে আয়তাকার ক্ষেত্রের
ক্ষেত্রফল = ৮০ × ৭০ বর্গফুট
= ৫৬০০ বর্গফুট
রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (৮০ + ১০) × (৭০ + ১০) বর্গফুট
= ৯০ × ৮০ বর্গফুট
= ৭২০০ বর্গফুট
∴ রাস্তার ক্ষেত্রফল = (৭২০০ – ৫৬০০) বর্গফুট
= ১৬০০ বর্গফুট



৬৭. A lot of news in those papers — unreliable.
ক is খ were
গ being ঘ are

ব্যাখ্যা প্রদত্ত বাক্যের subject হলো 'A lot of news' যা singular form এ রয়েছে, কারণ 'news' শব্দের কোনো plural form হয় না এবং বাক্যটির verbও singular হবে। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (ক) is।

৬৮. শ্রীলংকার বর্তমান প্রধানমন্ত্রী নাম কী?
ক রনিল বিক্রমাসিংহে
খ গোতাবায়া রাজাপক্ষে
গ মাহিন্দা রাজাপক্ষে
ঘ সাজিথ প্রেমাদাসা
[Note : শ্রীলংকার বর্তমান প্রধানমন্ত্রী দীনেশ গুণাবর্ধনে। দায়িত্ব গ্রহণ করেন ২২ জুলাই ২০২২। তার রাজনৈতিক দল মহজন একসাথ পেরামুনা। উল্লেখ্য, শ্রীলংকার বর্তমান রাষ্ট্রপতি রনিল বিক্রমাসিংহে।]

৬৯. ২০৩১ সালে বাংলাদেশ ও ভারতে কততম ওয়ানডে বিশ্বকাপ অনুষ্ঠিত হবে?
ক ১৫ খ ১৬
গ ১৩ ঘ ১৪

ব্যাখ্যা ২০৩১ সালে বাংলাদেশ ও ভারতের যৌথ আয়োজনে আইসিসি ওয়ানডে বিশ্বকাপের ১৫তম আসর অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, ২০২৩ সালে ভারতে ১৩তম ওয়ানডে বিশ্বকাপ অনুষ্ঠিত হবে।

৭০. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কত সালে প্রত্যেক শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক তুলে দেওয়ার নির্দেশনা প্রদান করেন?
ক ২০১০ খ ২০১১
গ ২০০৯ ঘ ২০১২

ব্যাখ্যা ২০০৯ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে নিরক্ষরতামুক্ত করার প্রত্যয় ঘোষণা করে প্রত্যেক শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক তুলে দেওয়ার নির্দেশনা প্রদান করেন।

৭১. কোন পরীক্ষায় রহিমের প্রাপ্ত নম্বর যথাক্রমে ৮২, ৮৫ ও ৯২। চতুর্থ পরীক্ষায় তাকে কত নম্বর পেতে হবে, যেন তার প্রাপ্ত নম্বরের গড় ৮৭ হয়?
ক ৮৬ খ ৯২
গ ৮৯ ঘ ৮৮

ব্যাখ্যা মনে করি, চতুর্থ পরীক্ষায় x নম্বর পেতে হবে।
$\therefore \frac{৮২+৮৫+৯২+x}{৪} = ৮৭$
$\Rightarrow ২৫৯ + x = ৩৪৮$
$\Rightarrow x = ৮৯$

৭২. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ৪ মিটার বেশি। ঘরটির পরিসীমা ৩২ মিটার হলে ঘরটির দৈর্ঘ্য কত মিটার?
ক ৬ খ ১০
গ ১২ ঘ ১৮

ব্যাখ্যা মনে করি, আয়তাকার ঘরের দৈর্ঘ্য = x মিটার
" " " = (x – ৪) মিটার

উত্তর
৬৪ ঘ
৬৫ গ
৬৬ গ
৬৭ ক
৬৮ Note
৬৯ ক
৭০ গ
৭১ গ
৭২ খ

CamScanner

প্রশ্নমতে, $2 \times (x + x - 8) = 32$
$\Rightarrow 4x - 8 = 32$
$\Rightarrow 4x = 40$
$\therefore x = 10$

৭৩. 'To read between the lines' means —.
ক To read quickly to save time
খ To read carefully to find out any hidden meaning
গ To read carefully
ঘ To read only some lines

ব্যাখ্যা 'To read between the lines' অর্থ ভালোভাবে পড়ে অন্তর্নিহিত অর্থ খুঁজে বের করা। সেক্ষেত্রে সঠিক উত্তর হবে অপশন (খ) To read carefully to find out any hidden meaning.

৭৪. 'BMI'-এর পূর্ণরূপ—
ক Ballistic Missle Initiative
খ Body Mass Index
গ Bill Measurement Index
ঘ Best Medicine Integration

ব্যাখ্যা দেহের উচ্চতার সাথে ওজনের সামঞ্জস্য রক্ষা করার সূচককে BMI (Body Mass Index) বলা হয়। সুস্বাস্থ্যের জন্য BMI-এর আদর্শ মান–১৮.৫–২৪.৯।

৭৫. নাটোরের দিঘাপতিয়ার জমিদার বাড়িটি এখন কী নামে পরিচিত?
ক উত্তররঙ্গ সংসদ ভবন খ গণভবন
গ বঙ্গভবন ঘ উত্তরা গণভবন

ব্যাখ্যা দিঘাপতিয়া রাজবাড়ি বা উত্তরা গণভবন আঠারো শতকে নাটোর জেলায় নির্মিত দিঘাপতিয়া মহারাজাদের বাসস্থান। রাজা দয়ারাম রায় ১৭৪৩ সালে এটি নির্মাণ করেন। বাংলাদেশ স্বাধীন হলে ১৯৭২ সালের ৯ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নামকরণ করেন উত্তরা গণভবন। বর্তমানে এটি বাংলাদেশ সরকারের উত্তরাঞ্চলের সচিবালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে।

৭৬. বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনার মেয়াদ—
ক ২০২১-২০২৫ খ ২০২৫-২০৩০
গ ২০২১-২০৪১ ঘ ২০২০-২০২৫

ব্যাখ্যা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠন, ক্ষুধা-দারিদ্র্যমুক্ত সমৃদ্ধ জাতি গঠন, অর্থনৈতিক মুক্তি এবং বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থানকে দৃঢ় করে গড়ে তোলার জাতীয় কৌশলগত পরিকল্পনার নামই প্রেক্ষিত পরিকল্পনা তথা রূপকল্প ২০৪১। এটি প্রণয়ন করে জাতীয় অর্থনৈতিক কাউন্সিল (এনইসি)। এ প্রকল্পটি বাস্তবায়নের সময়কাল ২০২১-২০৪১। এর অন্যতম লক্ষ্য হলো ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উচ্চ আয়ের সমৃদ্ধ ও উন্নত দেশে রূপান্তর করা।

৭৭. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের লেখক—
ক সৈয়দ শামসুল হক খ রফিক আজাদ
গ শেখ হাসিনা ঘ শেখ মুজিবুর রহমান

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক রচিত হয় 'অসমাপ্ত আত্মজীবনী'। ২০১২ সালের জুনে বইটি প্রকাশিত হয়। এ পর্যন্ত বইটি ইংরেজি, উর্দু, জাপানি, চীনা, আরবি, ফরাসি, হিন্দি, তুর্কি, নেপালি, স্পেনিয়, অসমীয়া, মালয়, ইতালিয়, কোরিয়, রুশ, মারাঠি, গ্রিক, থাই এবং সর্বশেষ ত্রিপুরা ভাষায় অনূদিত হয়েছে।

৭৮. কোন দেশ কত উন্নত, তা বোঝা যায় কোনটি বিবেচনা করে?
ক দেশের আয়তন খ মাথাপিছু বিদ্যুৎশক্তির ব্যবহার
গ দেশের প্রাকৃতিক সম্পদ ঘ দেশের ভৌগোলিক অবস্থান

ব্যাখ্যা কোনো দেশ কত উন্নত তা নিরূপণের জন্য চিরন্তন কোনো মানদণ্ড নেই, তবে কিছু সূচকের মাধ্যমে একটি উন্নত দেশকে চিহ্নিত করা যায় তা হলো– উন্নত যোগাযোগ ব্যবস্থা, উচ্চ মাথাপিছু আয়, জীবনযাত্রার মান, শিল্পায়ন, মোট দেশজ উৎপাদন, বিদ্যুৎ শক্তির উৎপাদন ও এর মাথাপিছু ব্যবহার। তবে যে সব দেশ আধুনিক যন্ত্রপাতি ও উন্নত প্রযুক্তির ব্যবহার এবং প্রাকৃতিক ও মানব সম্পদের যথাযথ ব্যবহার করে উন্নয়ন ঘটাতে সক্ষম হয়েছে, সে দেশগুলোকে উন্নত দেশ বলা হয়।

৭৯. A sentence is a group of words that expresses a complete —.
ক Paragraph খ Predicate
গ Fragment ঘ Thought

ব্যাখ্যা বাক্য বলতে শব্দগুচ্ছের সমষ্টিকে বোঝায় যা একটি পূর্ণ চিন্তা বা ভাব প্রকাশ করে। সেক্ষেত্রে সঠিক উত্তর হবে অপশন (খ) thought।

৮০. কাগজবিহীন প্রতিষ্ঠান কোনটি?
ক কাস্টমার কেয়ার খ ব্যাংক
গ ই-অফিস ঘ কল সেন্টার

ব্যাখ্যা ই-অফিস হলো ইলেকট্রনিক অফিস, যা প্রচলিত অফিস ব্যবস্থাপনার পরিবর্তে ইলেকট্রনিক পদ্ধতিতে অনলাইনে কাগজবিহীন কার্যক্রম পরিচালনা করে। ই-অফিস কার্যক্রমের মাধ্যমে সরকারি-বেসরকারি অফিসে কাজের গতি, দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পায় এবং জনগণের নিকট দ্রুত কাঙ্ক্ষিত সেবা পৌঁছে দেওয়া যায়।

উত্তর
৭৩ খ
৭৪ খ
৭৫ ঘ
৭৬ গ
৭৭ ঘ
৭৮ খ
৭৯ ঘ
৮০ গ

প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ ২০২০ (১ম পর্যায়)

পরীক্ষার তারিখ : ২২.০৪.২০২২; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ৮০

০১. If the price is low demand—
ক will be increased খ will increase
গ is increased ঘ would be increased

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটি first conditional-এ থাকায়, first conditional-এর rule অনুযায়ী প্রথম অংশ present indefinite-এ হলে পরেরটি future indefinite-এ হবে। সুতরাং সঠিক উত্তর হবে will increase।

০২. $2x = 3y + 5$ হলে, $4x - 6y =$ কত?
ক 10 খ 15 গ 20 ঘ 12

ব্যাখ্যা দেওয়া আছে, $2x = 3y + 5$ .....(i)
$(i) \times 2 \Rightarrow 4x = 6y + 10$
$\therefore 4x - 6y = 10$

০৩. ৬ ফুট অন্তর বৃক্ষের চারা রোপণ করা হলে ১০০ গজ দীর্ঘ রাস্তায় সর্বোচ্চ কতগুলো চারা রোপণ করা যাবে?
ক ৭ খ ৫০ গ ৫১ ঘ ৬০

ব্যাখ্যা আমরা জানি, ১ গজ = ৩ ফুট
$\therefore$ ১০০ গজ $= 3 \times 100 = 300$ ফুট
৬ ফুট অন্তর বৃক্ষরোপণ করলে চারা লাগানো যাবে
$\frac{300}{6} + 1 = 51$ টি।

০৪. 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভাল হয়ে চলি'— পঙ্‌ক্তিটি কার?
ক মদনমোহন তর্কালংকার খ কালিপ্রসন্ন সিংহ
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ অক্ষয়কুমার দত্ত

ব্যাখ্যা মদনমোহন তর্কালঙ্কার রচিত শিক্ষামূলক কবিতা 'আমার পণ' থেকে প্রশ্নোক্ত চরণ দুটি নেওয়া হয়েছে। তার রচিত আরো দুটি শিক্ষামূলক কবিতা 'লেখাপড়া করে যেই', এবং 'পাখি সব করে রব'।

০৫. There is — milk in the bottle.
ক very little খ small
গ very few ঘ a little

ব্যাখ্যা 'Milk' হলো uncountable noun। তাই এর পূর্বে determiner হিসেবে a little বসবে। উল্লেখ্য, countable plural noun-এর আগে few, many, any বসে। সুতরাং সঠিক উত্তর (ঘ) a little।

০৬. ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য হিসেবে কবে বাংলাদেশের ইলিশ সনদপ্রাপ্ত হয়?
ক ১৭ আগস্ট ২০১৭ খ ২৭ জানুয়ারি ২০১৯
গ ১৭ জুন ২০২১ ঘ ১৭ নভেম্বর ২০১৬

ব্যাখ্যা দ্বিতীয় ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য হিসেবে বাংলাদেশের ইলিশ সনদপ্রাপ্ত হয় ১৭ আগস্ট ২০১৭। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম ভৌগোলিক নির্দেশক পণ্য জামদানি শাড়ী সনদ লাভ করে ১৭ নভেম্বর ২০১৬। সর্বশেষ বাংলাদেশের ১০ম জিআই পণ্য হিসেবে বাগদা চিংড়ি সনদ লাভ করে ২৪ এপ্রিল ২০২২।

০৭. এসডিজি (SDG) এর কোন অভীষ্টটি প্রাথমিক শিক্ষার সাথে সম্পর্কিত?
ক 8 খ ৫ গ ৬ ঘ ৭

ব্যাখ্যা জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষমাত্রা (SDG)-এর ৪ নম্বর অভীষ্ট লক্ষ্যটি প্রাথমিক শিক্ষা ও গুণগত শিক্ষা নিশ্চিতকরণের সাথে সম্পৃক্ত। এসডিজি-এর ১, ৫ ও ৬ নম্বর অভীষ্ট লক্ষ্যগুলো যথাক্রমে দারিদ্র্যের অবসান, জেন্ডার সমতা অর্জন ও সকলের জন্য নিরাপদ পানি নিশ্চিত করা। উল্লেখ্য, এসডিজি এর অভীষ্ট ১৭টি, সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা ১৬৯টি এবং মেয়াদকাল ২০১৬-২০৩০ সাল।

০৮. 'যার বংশ পরিচয় এবং স্বভাব কেউই জানে না'— বাক্যটির বাক্য সংকোচন নিচের কোনটি?
ক অজ্ঞাতকুলশীল খ বংশপরিচয়হীন
গ কুলবংশহীন ঘ অজ্ঞাতকুলীন

ব্যাখ্যা 'যার বংশ পরিচয় এবং স্বভাব কেউই জানে না'— বাক্যটির বাক্য সংকোচন অজ্ঞাতকুলশীল। এরূপ আরও কয়েকটি বাক্য সংকোচন : যার দুই হাত সমান চলে— সব্যসাচী, যার নাম কেউ জানে না— অজ্ঞাতনামা।

০৯. 32 এর 2 ভিত্তিক লগারিদম কত?
ক 6 খ 3 গ 4 ঘ 5

ব্যাখ্যা 32-এর 2 ভিত্তিক লগারিদম $= \log_2 32$
$= \log_2 2^5$
$= 5 \times \log_2 2$
$= 5 \times 1 = 5$

১০. What is an epic?
ক a novel খ a long poem
গ a log prose composition ঘ a romance

ব্যাখ্যা Epic বা মহাকাব্য বলতে বিশেষ রীতিতে রচিত একটি বৃহৎ কাব্যকে (a long narrative poem) বোঝায়। সুতরাং সঠিক উত্তর হবে (খ)।

১১. ৪৮ সংখ্যাটি কোন সংখ্যার ৮০%?
ক ৫০ গ ৬০ গ ৭০ ঘ ৮০

ব্যাখ্যা মনে করি, x এর ৮০% = ৪৮
$\Rightarrow x \times \frac{80}{100} = 48$
$\Rightarrow x = \frac{48 \times 100}{80}$
$\therefore x = 60$

১২. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক সূর্য পূর্বদিকে উদয়মান হয় খ সূর্য পূর্বদিকে উদিয়মান হয়
গ সূর্য পূর্বদিকে উদয় হয় ঘ সূর্য পূর্বদিকে উদিত হয়

উত্তর
০১ খ
০২ ক
০৩ গ
০৪ ক
০৫ ঘ
০৬ ক
০৭ ক
০৮ ক
০৯ ঘ
১০ খ
১১ খ
১২ ঘ

CamScanner

ব্যাখ্যা সূর্য পূর্বদিকে উদিত হয় বাক্যটি শুদ্ধ। এমন আরো কয়েকটি বাক্য শুদ্ধি হলো— রহিমের বড় দুরবস্থা চলছে, সে খুব মনঃকষ্টে আছে।

১৩. ০.০০০১ এর বর্গমূল কোনটি?
ক ০.০১ খ ১ গ ২ ঘ −১

ব্যাখ্যা $\sqrt{0.0001} = \sqrt{\frac{1}{10000}} = \frac{1}{100} = 0.01$

১৪. 'কার্যে বিরতি' অর্থে কোন বাগধারাটি প্রযোজ্য?
ক হাত করা খ হাত গুটান গ হাত থাকা ঘ হাত আসা

ব্যাখ্যা একই শব্দের ভিন্নার্থক প্রয়োগে 'হাত গুটান' বলতে কার্য বিরতি বোঝায়। অন্যদিকে 'হাত করা' অর্থ বশীভূত করা, 'হাত থাকা' অর্থ প্রভাব থাকা, 'হাত আসা' অর্থ দক্ষতা অর্জন করা।

১৫. চার অঙ্কের বৃহত্তম সংখ্যা হতে তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল কত হবে?
ক ৮৮৯৮ খ ৯৮৯৯ গ ৯৯৯৯ ঘ ৯১৯৯

ব্যাখ্যা চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯
এবং তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০
(−)
৯৮৯৯

১৬. ৭ সেমি ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের অন্তর্নিহিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গসেমি?
ক ১৯৬ খ ৯৮ গ ৯৬ ঘ ১৯২

ব্যাখ্যা বৃত্তের ব্যাসার্ধ, $r = 7cm$
আমরা জানি, বৃত্তের ব্যাস অন্তর্লিখিত বর্গক্ষেত্রের কর্ণের সমান।
∴ বর্গের বাহুর দৈর্ঘ্য a হলে কর্ণ $= a\sqrt{2}$
অর্থাৎ, $a\sqrt{2} = 14$
$a = \frac{14}{\sqrt{2}}$
∴ ক্ষেত্রফল, $a^2 = \left(\frac{14}{\sqrt{2}}\right)^2 = ৯৮$ বর্গ সে.মি.

১৭. পানিতে কোন রাসায়নিক উপাদানের আধিক্যে শ্যাওলা জন্মে?
ক সালফেট ও নাইট্রেট খ ফসফেট ও নাইট্রোজেন
গ পটাশিয়াম ও ক্যালসিয়াম ঘ ম্যাগনেশিয়াম ও ফসফরাস

ব্যাখ্যা পানিতে ফসফেট ও নাইট্রোজেনের পরিমাণ খুব বেড়ে গেলে তা প্রচুর শ্যাওলা জন্মাতে সাহায্য করে। সাধারণত ডিটারজেন্ট তৈরির কারখানা থেকে বর্জ্য হিসেবে প্রচুর ফসফেট উৎপন্ন হয়।

১৮. 'আমার ঘরের চাবি পরের হাতে'— গানটির রচয়িতা কে?
ক লালন শাহ খ হাসন রাজা
গ পাগলা কানাই ঘ রাধারমণ দত্ত

ব্যাখ্যা 'আমার ঘরের চাবি পরের হাতে' গানটি সাধক লালন শাহ'র রচিত। লালন শাহ রচিত অন্যান্য গান— 'খাঁচার ভিতর অচিন পাখি কেমনে আসে যায়', 'আমার বাড়ির পাশে আরশি নগর সেথা এক পড়শী বসত করে'। অন্যদিকে, হাসন রাজা রচিত বিখ্যাত গান 'লোকে বলে বলে ও ঘরবাড়ি জ্বলা না আমার'।

১৯. একটি ট্রেন ৭২ কিলোমিটার গতিতে একটি সেতু ১ মিনিটে পার হলো। ট্রেনের দৈর্ঘ্য ৭০০ মিটার হলে সেতুটির দৈর্ঘ্য কত মিটার?
ক ৭২০ খ ১২০০ গ ৫০০ ঘ ৬০০

ব্যাখ্যা আমরা জানি, বেগ $= \frac{\text{সরণ}}{\text{সময়}}$
মনে করি, সেতুটির দৈর্ঘ্য x মিটার
∴ প্রশ্নমতে, $\frac{৭০০+x}{৬০} = \frac{৭২\times১০০০}{৩৬০০}$
$\Rightarrow \frac{৭০০+x}{৬০} = \frac{৭২\times৫}{১৮}$
$\Rightarrow ৭০০+x = \frac{৭২\times৫\times৬০}{১৮} = ১২০০$
$\Rightarrow x = ১২০০ - ৭০০ \therefore x = ৫০০$

২০. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৩, ৫ ও ৬ দ্বারা ভাগ করলে ভাগশেষ হবে ১?
ক ৩১ খ ৩৯ গ ৭১ ঘ ৪১

ব্যাখ্যা ৩, ৫, ৬ এর ল.সা.গু = ৩০
∴ ক্ষুদ্রতম সংখ্যাটি হবে ৩০ + ১ = ৩১।

২১. 'অনির্বচনীয়' শব্দটির অর্থ—
ক সুনিশ্চিত খ নির্বাচনযোগ্য গ বর্ণনাতীত ঘ অনিশ্চিত

ব্যাখ্যা 'যা বচনের অতীত' তাকে এককথায় প্রকাশে 'অনির্বচনীয়' বলে। এমন আরো কয়েকটি এককথায় প্রকাশ: যা বলা হয়নি— অনুক্ত, যা ব্যক্ত করা হয়নি— অব্যক্ত।

২২. 'অনুগমন' শব্দের ব্যাসবাক্য নিচের কোনটি?
ক গমনের পশ্চাৎ খ গমনের অগ্র
গ অনুরূপ গমন ঘ পরস্পর গমন

ব্যাখ্যা 'অনুগমন' শব্দের ব্যাসবাক্য 'গমনের পশ্চাৎ' এবং এটি অব্যয়ীভাব সমাস। এ নিয়মে গঠিত আরো উদাহরণ: পশ্চাৎ ধাবন = অনুধাবন, পশ্চাৎ তাপ = অনুতাপ, পশ্চাৎ সরণ = অনুসরণ ইত্যাদি।

২৩. 'To break the ice' means.
ক to end the hostility খ to end up partnership
গ to start quarreling ঘ to start a conversation

ব্যাখ্যা 'To break the ice' অর্থ জড়তা কাটিয়ে কথোপকথনের সূচনা করা। সুতরাং প্রদত্ত phrase-টির সঠিক expression হবে 'to start a conversation'।

২৪. 'মেধাবী' শব্দের প্রকৃতি-প্রত্যয় নিচের কোনটি?
ক মেধা + বিন খ মেধা + বি
গ মেধা + বী ঘ মেধা + আবী

ব্যাখ্যা 'মেধাবী' সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ। এমন আরো কয়েকটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ— মায়া + বিন্ = মায়াবী, তেজঃ + বিন্ = তেজস্বী।

২৫. খনার বচনে প্রাধান্য পেয়েছে—
ক শিল্প খ কৃষি গ সাহিত্য ঘ বিজ্ঞান

ব্যাখ্যা খনার বচন মূলত কৃষিভিত্তিক ছড়া। খনা নামী জ্যোতির্বিদ্যায় পারদর্শী এক বিদুষী বাঙালি নারীর রচিত ছড়াই খনার বচন। তার রচিত বচনের উদাহরণ— 'কলা রুয়ে না কেটো পাত, তাতেই কাপড় তাতেই ভাত', 'যদি বর্ষে মাঘের শেষ, ধন্য রাজার পুণ্য দেশ'।

উত্তর

১৩	ক
১৪	খ
১৫	খ
১৬	খ
১৭	খ
১৮	ক
১৯	গ
২০	ক
২১	গ
২২	ক
২৩	ঘ
২৪	ক
২৫	খ

২৬. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুটি কী কী?
ক ১০ ও ২৪ খ ১০ ও ১৬
গ ৭ ও ১১ ঘ ১২ ও ১৮

ব্যাখ্যা ধরি সংখ্যা দুটি $৫x$ ও $৮x$
প্রশ্নমতে, $(৫x+২) : (৮x+২) = ২ : ৩$
$\Rightarrow \frac{৫x+২}{৮x+২} = \frac{২}{৩}$
$\Rightarrow ১৬x + ৪ = ১০x + ৬$
$\Rightarrow x = ২$
∴ সংখ্যা দুটি যথাক্রমে $৫x = ৫ \times ২ = ১০$
এবং $৮x = ৮ \times ২ = ১৬$।

২৭. ব্যবহারকারীর সংখ্যা বিবেচনায় বাংলা ভাষা বিশ্বের কততম প্রধান ভাষা?
ক ষষ্ঠ খ সপ্তম গ চতুর্থ ঘ পঞ্চম

ব্যাখ্যা এথনোলগের ২০২২ সালের সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী ব্যবহারকারীর সংখ্যা বিবেচনায় বিশ্বে বাংলা ভাষার অবস্থান সপ্তম। আর মাতৃভাষার সংখ্যানুসারে পঞ্চম।

২৮. The correct spelling is—
ক Assignment খ Assignement
গ Asignment ঘ Asignmment

ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক বানান হলো Assignment; যার অর্থ কাজ, বণ্টন, বরাত ইত্যাদি।

২৯. কল কল রবে নদী বইছে। এখানে 'কল কল' কোন অব্যয়?
ক সমুচ্চয়ী খ অনুসর্গ গ অনন্বয়ী ঘ অনুকার

ব্যাখ্যা যে সকল অব্যয় রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয় সেগুলোকে অনুকার অব্যয় বলে। প্রশ্নোক্ত উদাহরণে 'কল কল রবে নদী বইছে'— এখানে 'কল কল' অনুকার অব্যয়। এমন আরো উদাহরণ— শন শন করে বাতাস বইছে, কাক কা কা করছে।

৩০. 'রূপসার ঘোলা জলে হয়তো কিশোর এক সাদা ছেঁড়া পালে ডিঙা বায়'— কবিতার চরণে কবি কোন রূপসার কথা বলেছেন?
ক রূপসী ডিঙা খ রূপসী বাংলা
গ রূপসা নদী ঘ গ্রামবাংলার নদী

ব্যাখ্যা রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশ রচিত 'আবার আসিব ফিরে' কবিতায় রূপসা নদীর কথা উল্লেখ করা হয়েছে। কবি মৃত্যুর পরও তার প্রিয় জন্মভূমিতে ফিরে আসতে চেয়েছেন অন্য কোনো রূপে। রূপসা নদীতে তিনি দেখবেন এক কিশোর সাদা ছেঁড়া পালে ডিঙা বাইছে।

৩১. $x + y = 12$ এবং $x - y = 2$ হলে, xy এর মান কত?
ক ৪৫ খ ৩০ গ ৪০ ঘ ৩৫

ব্যাখ্যা $xy = \left(\frac{x+y}{2}\right)^2 - \left(\frac{x-y}{2}\right)^2$
$= \left(\frac{12}{2}\right)^2 - \left(\frac{2}{2}\right)^2 = (6)^2 - (1)^2$
$= 36 - 1 = 35$

৩২. কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে?
ক ভূবন খ শূণ্য গ ত্রিভূজ ঘ পূণ্য

ব্যাখ্যা 'ত্রিভুজ' শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে। অন্য শব্দগুলোর শুদ্ধ বানান যথাক্রমে— ভুবন, শূন্য, পুণ্য।

৩৩. 'আবাহন' শব্দের বিপরীত কোনটি?
ক আরোহন খ মিলন গ বিসর্জন ঘ স্নান

ব্যাখ্যা 'আবাহন'-এর বিপরীত শব্দ হলো 'বিসর্জন'। অন্যদিকে 'আরোহন'-এর বিপরীত শব্দ 'অবরোহন', 'মিলন'-এর বিপরীত শব্দ 'বিচ্ছেদ' এবং 'স্নান'-এর বিপরীত শব্দ 'উজ্জ্বল'।

৩৪. নিচের কোনটি বিদেশি শব্দ?
ক কান খ কাজ গ কাঁচি ঘ কলম

[Note: (গ) ও (ঘ) দুটোই সঠিক উত্তর। (গ)-তে বর্ণিত কাঁচি তুর্কি শব্দ এবং (ঘ)-তে বর্ণিত 'কলম' আরবি শব্দ। আরো কয়েকটি তুর্কি শব্দ— চাকু, কফি এবং আরবি শব্দ— দলিল, জান্নাত।]

৩৫. প্রথম ১০টি বিজোড় সংখ্যার যোগফল কত?
ক ৮১ খ ১০০০ গ ১০৯ ঘ ১০০

ব্যাখ্যা প্রথম n সংখ্যক বিজোড় স্বাভাবিক সংখ্যার যোগফল $= n^2$
∴ ১০টি বিজোড় স্বাভাবিক সংখ্যার যোগফল $= (১০)^2 = ১০০$

৩৬. কোন অঞ্চলের ঘূর্ণিঝড়কে হ্যারিকেন নামে অভিহিত করা হয়?
ক মধ্যপ্রাচ্য খ দূরপ্রাচ্য
গ আমেরিকা ঘ দক্ষিণ এশিয়া

ব্যাখ্যা বিভিন্ন অঞ্চলে সংঘটিত ঘূর্ণিঝড়ের নাম:
ভারত মহাসাগরীয় অঞ্চলে — সাইক্লোন
এশিয়া ও জাপানের উপকূলে — টাইফুন
অস্ট্রেলিয়ার উপকূলে — উইলি উইলি
উত্তর আটলান্টিক মহাসাগর ও উত্তর-পূর্ব প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল — হ্যারিকেন

৩৭. জাতিসংঘ ঘোষিত 'বিশ্ব অটিস্টিক সচেতনতা দিবস' পালিত হয়—
ক ৪ মে খ ২ এপ্রিল
গ ৪ এপ্রিল ঘ ২ মে

ব্যাখ্যা জাতিসংঘ ঘোষিত 'বিশ্ব অটিস্টিক বা অটিজম সচেতনতা দিবস' পালিত হয় ২ এপ্রিল। অটিজম আক্রান্ত শিশু ও বয়স্কদের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা করতে ২০০৭ সালে ২ এপ্রিলকে 'বিশ্ব অটিজম সচেতনতা দিবস' পালনের ঘোষণা দেয় জাতিসংঘ সাধারণ পরিষদ।

৩৮. Agomoni School is one of the best — in the city.
ক school খ schools গ of it ঘ high school

ব্যাখ্যা কোনো sentence-এ 'one of the' এবং 'very few' থাকলে এর পরের noun-টি অবশ্যই plural হবে। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (খ)।

৩৯. কত তারিখে শেখ মুজিবুর রহমানকে বঙ্গবন্ধু উপাধি দেয়া হয়?
ক ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ খ ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯
গ ১৭ জানুয়ারি ১৯৬৮ ঘ ৫ জানুয়ারি ১৯৬৯

ব্যাখ্যা ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি শেখ মুজিবুর রহমানকে সোহরাওয়ার্দী উদ্যানের (তৎকালীন রেসকোর্স ময়দান) বিশাল

উত্তর

২৬	খ
২৭	খ
২৮	ক
২৯	ঘ
৩০	গ
৩১	ঘ
৩২	গ
৩৩	গ
৩৪	Note
৩৫	ঘ
৩৬	গ
৩৭	খ
৩৮	খ
৩৯	খ

CamScanner

জনসভায় তৎকালীন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ জনগণের পক্ষে 'বঙ্গবন্ধু' উপাধি প্রদান করেন। উল্লেখ্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জাতির জনক' ঘোষণা করা হয় ৩ মার্চ ১৯৭১।

৪০. The Principal will — the answer scripts.
ⓚ look into ⓛ look over
ⓜ look for ⓝ look at

ব্যাখ্যা 'Look over' appropriate preposition-টির অর্থ হলো to inspect or examine in a cursory way বা দ্রুত পরীক্ষা করে নেওয়া। প্রদত্ত বাক্যে বলা হয়েছে প্রধান শিক্ষক উত্তরপত্রগুলো দ্রুত দেখে নিবেন (চোখ বুলিয়ে নিবেন)।

৪১. বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ এর সমাধিস্থল কোন জেলায়?
ⓚ রাঙ্গামাটি ⓛ খাগড়াছড়ি ⓜ চট্টগ্রাম ⓝ ফরিদপুর

ব্যাখ্যা ইপিআর সদস্য বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সী আবদুর রউফ ১নং সেক্টরে যুদ্ধ করে ৮ এপ্রিল ১৯৭১ রাঙামাটি জেলার নানিয়ার চর উপজেলার বুড়িঘাট এলাকার চিংড়ি খালের পাড়ে শহিদ হন। আর তাকে সমাধিস্থ করা হয়েছে এ রাঙামাটিতেই।

৪২. বুদ্ধাঙ্ক (IQ) এর পরিমাণ অনুযায়ী প্রতিভাবানদের বুদ্ধাঙ্ক মাত্রা—
ⓚ IQ > 90 ⓛ IQ > 100 ⓜ IQ > 130 ⓝ IQ > 150

ব্যাখ্যা বুদ্ধাঙ্ক হচ্ছে ব্যক্তির মানসিক বয়সের সাথে সময়ানুক্রমিক বয়স বা প্রকৃত বয়সের অনুপাত। পরিসংখ্যান অনুসারে বিশ্বে প্রায় অর্ধেক মানুষের আইকিউ ৯০-১১০ এর মধ্যে। কারও আইকিউ সংখ্যা ১৩০-এর চেয়ে বেশি হলে তাকে বুদ্ধিমান বলা হয়। বিশ্বে ২.৫ শতাংশ মানুষের আইকিউ সংখ্যা ১৩০-এর উপরে। আইকিউ সংখ্যা ১৪০ ছাড়িয়ে গেলে তাকে প্রতিভাবান বলা হয়। বিশ্বে এ ধরনের মেধাবীর সংখ্যা মাত্র ০.৫ শতাংশ।

৪৩. 'অহরহ' শব্দের সন্ধিবিচ্ছেদ—
ⓚ অহ + রহঃ ⓛ অহ + অহঃ
ⓜ অহঃ + অহ ⓝ অহঃ + রহ

ব্যাখ্যা 'অহরহ' নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধি। এমন আরো কয়েকটি উদাহরণ— 'অহঃ + নিশ = অহর্নিশ, মনঃ + কষ্ট = মনস্কষ্ট।

৪৪. I look forward to—
ⓚ have heard from you ⓛ see you soon
ⓜ hear for you soon ⓝ hearing from you soon

ব্যাখ্যা Look forward to, with a view to, in addition to, accustomed to ইত্যাদির পরে verb-এর সাথে ing যুক্ত হয়। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (ঘ)।

৪৫. I water the plants. The word 'water' is used as—
ⓚ Verb ⓛ Adverb
ⓜ Noun ⓝ Pronoun

ব্যাখ্যা প্রদত্ত বাক্যে 'I water the plants' বলতে 'আমি গাছে পানি দেই' বোঝানো হয়েছে। কার্য সম্পাদনা অর্থে এখানে 'water' ব্যবহৃত হওয়ায় ইহা একটি verb।

৪৬. Are you doing anything special — the weekend?
ⓚ by ⓛ in ⓜ at ⓝ on

ব্যাখ্যা week, month, year-এর পূর্বে preposition 'at' ব্যবহৃত হয়। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (গ)।

৪৭. ৮, ১১, ১৭, ২৯, ৫৩, — পরবর্তী সংখ্যাটি কত?
ⓚ ৫৯ ⓛ ১০১ ⓜ ৭৫ ⓝ ১০২

ব্যাখ্যা ৮ + ৩ = ১১
১১ + ৬ = ১৭
১৭ + ১২ = ২৯
২৯ + ২৪ = ৫৩
৫৩ + ৪৮ = ১০১

৪৮. একটি বর্গাকার বাগানের ক্ষেত্রফল ১ হেক্টর হলে বাগানটির পরিসীমা কত?
ⓚ ২০০ মিটার ⓛ ৫০০ মিটার
ⓜ ৪০০ মিটার ⓝ ৩০০ মিটার

ব্যাখ্যা ১ হেক্টর = ১০০০০ বর্গমিটার
বর্গাকার বাগানের বাহুর দৈর্ঘ্য = $\sqrt{১০০০০}$ = ১০০ মিটার
∴ " " " পরিসীমা = ৪ × ১০০ = ৪০০ মিটার

৪৯. 'Once in a blue moon' means—
ⓚ hourly ⓛ always ⓜ very rarely ⓝ nearly

ব্যাখ্যা 'Once in a blue moon' idiom-টির অর্থ কদাচিৎ বা very rarely.

৫০. 'মাতৃভাষায় যাহার ভক্তি নাই সে মানুষ নহে'— উক্তিটি কার?
ⓚ মুনীর চৌধুরী ⓛ হুমায়ুন আজাদ
ⓜ মীর মশাররফ হোসেন ⓝ স্বর্ণকুমারী দেবী

ব্যাখ্যা 'মাতৃভাষায় যাহার ভক্তি নাই সে মানুষ নহে' উক্তিটি ঔপন্যাসিক ও নাট্যকার মীর মশাররফ হোসেনের। তিনি বাঙালি মুসলমান সাহিত্যিকদের পথিকৃৎ। তার রচিত বিখ্যাত উপন্যাস 'বিষাদ সিন্ধু'। 'জমিদার দর্পণ' ও 'বসন্তকুমারী' তার রচিত বিখ্যাত নাটক।

৫১. BIMSTEC-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ⓚ ব্যাংকক ⓛ থিম্পু ⓜ ঢাকা ⓝ দিল্লী

ব্যাখ্যা দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার ৭টি দেশকে নিয়ে ১৯৯৭ সালে গঠিত একটি আঞ্চলিক অর্থনৈতিক সংস্থা হলো BIMSTEC। সংস্থাটির সদর দপ্তর বাংলাদেশের রাজধানী ঢাকায় অবস্থিত।

৫২. 'টর্নেডো' শব্দটি এসেছে—
ⓚ Toonida ⓛ Tunioda
ⓜ Tonada ⓝ Tornade
[Note : 'Tornado' শব্দটি স্প্যানিশ শব্দ Tronada এবং ল্যাটিন শব্দ Tonare থেকে এসেছে।]

৫৩. একজন চাকরিজীবীর বেতন ১৫% বৃদ্ধি পেয়ে ৫৭৫০ টাকা হলে পূর্বে বেতন কত টাকা ছিল?
ⓚ ৫৫৫০ ⓛ ৪৭৫০ ⓜ ৫০০০ ⓝ ৫২৫০

ব্যাখ্যা ১৫% বৃদ্ধিতে বেতন বর্তমানে,
(১০০ + ১৫) = ১১৫ টাকা হলে পূর্বে ছিল ১০০ টাকা
∴ ১ " " " " $\frac{১০০}{১১৫}$ টাকা
∴ ৫৭৫০ " " " " $\frac{১০০ \times ৫৭৫০}{১১৫}$
= ৫০০০ টাকা।

উত্তর
৪০ খ
৪১ ক
৪২ গ
৪৩ গ
৪৪ ঘ
৪৫ ক
৪৬ গ
৪৭ খ
৪৮ গ
৪৯ গ
৫০ গ
৫১ গ
৫২ Note
৫৩ গ

৫৪. রুবির একটি পরীক্ষায় ইংরেজি ও গণিতে মোট ১৮০ নম্বর পেয়েছে। ইংরেজি অপেক্ষা গণিতে ১৪ নম্বর বেশি পেলে গণিতে কত পেয়েছে?
ⓚ ৯৭ ⓛ ৮৩ ⓜ ৮৭ ⓝ ৯৭

ব্যাখ্যা মনে করি, গণিতে পেয়েছে x নম্বর,
প্রশ্নমতে, x + (x − ১৪) = ১৮০
⇒ 2x = ১৯৪
∴ x = ৯৭

৫৫. He came to Dhaka with a view to — a new place.
ⓚ watch ⓛ Look
ⓜ visit ⓝ visiting

ব্যাখ্যা with a view to, look forward to, in addition to, accustomed to ইত্যাদির পরে verb এর সাথে ing যুক্ত হয়। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (ঘ) visiting।

৫৬. ০৪ থেকে ৮৪ পর্যন্ত ৪ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোকে বড় হতে ছোট হিসেবে সাজালে ৮ম সংখ্যাটি কত হবে?
ⓚ কোনোটিই নয় ⓛ ৫৬ ⓜ ৬০ ⓝ ৩২

ব্যাখ্যা ৪ থেকে ৮৪ পর্যন্ত ৪ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোকে বড় থেকে ছোট হিসেবে সাজালে পাই– ৮৪, ৮০, ৭৬, ৭২, ৬৮, ৬৪, ৬০, ৫৬, ৫২, ...
∴ ৮ম অবস্থানের সংখ্যাটি ৫৬।

৫৭. Which of the following is the correct sentence?
ⓚ He has said which is right
ⓛ What has he said is right?
ⓜ What he has said is right?
ⓝ He has said that what is right

ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে অপশন (গ) একটি noun clause। কোনো noun clause, verb-এর subject হিসেবে কাজ করলে এটি what, that, how, when, whether ইত্যাদি দ্বারা শুরু হয়, যা অপশন (গ)-তে রয়েছে এবং অন্যান্য অপশনগুলোর মধ্যে ভুল থাকায় সঠিক উত্তর হবে অপশন (গ)।

৫৮. 'Leave no stone unturned' means :
ⓚ try every possible means ⓛ heavy stone
ⓜ rare stone ⓝ impossible

ব্যাখ্যা 'Leave no stone unturned'– অর্থ চেষ্টার কোনো ত্রুটি না করা। অর্থাৎ 'try every possible means' হবে এর সঠিক উত্তর।

৫৯. x > y এবং z < 0 হলে, নিচের কোনটি সঠিক?
ⓚ $\frac{z}{x} < \frac{z}{y}$ ⓛ xz < yz ⓜ xz > yz ⓝ $\frac{x}{z} < \frac{y}{z}$

ব্যাখ্যা দেওয়া আছে, x > y
⇒ x.z < y.z
∴ xz < yz

৬০. Choose the correct spelling—
ⓚ Achievemant ⓛ Acheivment
ⓜ Achievement ⓝ Achevement

ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক বানান হলো 'Achievement' যার অর্থ অর্জন।

৬১. 'Remove' শব্দটির Noun—
ⓚ Remove ⓛ Removal
ⓜ Re-movement ⓝ Removing

ব্যাখ্যা 'Remove' শব্দটির সাথে suffix 'al' যোগে. এর noun form 'Removal' গঠিত হয়; যার অর্থ অপসারণ।

৬২. নিচের কোন গুচ্ছটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দশটি উদ্যোগের অন্তর্ভুক্ত?
ⓚ আশ্রয়ন ও শিক্ষা সহায়তা ⓛ ত্রাণ ও পুনর্বাসন
ⓜ নিরাপদ খাদ্য ও স্বাস্থ্য সুরক্ষা ⓝ মেট্রোরেল ও রূপপুর প্রকল্প

ব্যাখ্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগের মধ্যে অন্যতম আশ্রয়ন ও শিক্ষা সহায়তা কার্যক্রম। এছাড়া তার গুরুত্বপূর্ণ আরো কয়েকটি উদ্যোগ হলো আমার বাড়ি আমার খামার, ডিজিটাল বাংলাদেশ, সবার জন্য বিদ্যুৎ, নারীর ক্ষমতায়ন কার্যক্রম ও পরিবেশ সুরক্ষা।

৬৩. If I — you, I would not have done this.
ⓚ are ⓛ was ⓜ am ⓝ were

ব্যাখ্যা If-যুক্ত কোনো বাক্য দ্বারা প্রবল ইচ্ছা বা আকাঙ্ক্ষা বোঝালে subject-এর পরে verb হিসেবে 'were' ব্যবহৃত হয়।

৬৪. 'আমার দেখা নয়াচীন' কে লিখেছেন?
ⓚ শঙ্খ ঘোষ ⓛ শেখ মুজিবুর রহমান
ⓜ শওকত আলী ⓝ মমতাজউদ্দিন আহমেদ

ব্যাখ্যা 'আমার দেখা নয়াচীন' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত একটি ভ্রমণকাহিনী। এটি বঙ্গবন্ধুর ১৯৫২ সালে গণচীন ভ্রমণের অভিজ্ঞতার আলোকে রচিত। বাংলা একাডেমি ২০২০ সালে বইটি প্রকাশ করে।

৬৫. কালবৈশাখীর ইংরেজি—
ⓚ Dark Westerlies ⓛ West Westerlies
ⓜ North Westerlies ⓝ Black Westerlies

ব্যাখ্যা কালবৈশাখী (North Westerlies) মূলত এক ধরনের স্থানীয় বৃষ্টিপাত ও বজ্রঝড়। বাংলাদেশ ও ভারতের কিছু অঞ্চলে সাধারণত এপ্রিল থেকে মে মাসে অর্থাৎ বৈশাখ মাসে এই বজ্রঝড় বেশি হতে দেখা যায়। এই ঝড়ের স্থায়িত্বকাল খুব বেশি হয় না। তবে কখনো কখনো এ ঝড় এক ঘণ্টারও বেশি স্থায়ী হতে দেখা গেছে।

৬৬. 'প্রাণের বান্ধবরে বুড়ি হইলাম তোর কারণে'- গানটির গীতিকার—
ⓚ শেখ ওয়াহিদ ⓛ কিরণ রায়
ⓜ শাহ আবদুল করিম ⓝ কাঙ্গালিনী সুফিয়া

ব্যাখ্যা 'প্রাণের বান্ধবরে বুড়ি হইলাম তোর কারণে' গানটি শেখ ওয়াহিদ রচিত বিখ্যাত গান। কাঙ্গালিনী সুফিয়া 'বুড়ি হইলাম তোর কারণে' গানের শিল্পী। অন্যদিকে শাহ আবদুল করিম বিখ্যাত বাউল ও গীতিকার যার বিখ্যাত গান 'আগে কী সুন্দর দিন কাটাইতাম'।

৬৭. কাজী নজরুল ইসলামের রচিত গল্প কোনটি?
ⓚ পদ্মগোখরা ⓛ পদ্মপুরাণ ⓜ পদ্মাবতী ⓝ পদ্মরাগ

ব্যাখ্যা 'পদ্মগোখরা' কাজী নজরুল ইসলাম রচিত গল্প। 'পদ্মপুরাণ' মধ্যযুগের কবি বিজয়গুপ্ত রচিত কাব্য, 'পদ্মাবতী' মহাকবি আলাওল রচিত মহাকাব্য এবং 'পদ্মরাগ' বেগম রোকেয়া রচিত উপন্যাস।

উত্তর
৫৪ ক
৫৫ ঘ
৫৬ খ
৫৭ গ
৫৮ ক
৫৯ খ
৬০ গ
৬১ খ
৬২ ক
৬৩ ঘ
৬৪ খ
৬৫ গ
৬৬ ক
৬৭ ক

CamScanner

৬৮. UNESCO কত সালে একুশে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করে?
ক ১৯৯৭ খ ১৯৯৯ গ ২০০০ ঘ ২০০১
ব্যাখ্যা ১৭ নভেম্বর ১৯৯৯ ফ্রান্সের রাজধানী প্যারিসে ইউনেস্কোর ৩০তম অধিবেশনে ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি দেয়। পরের বছর ২০০০ সালে পৃথিবীর ১৮৮টি দেশে এ দিনটি প্রথমবারের মতো 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে পালিত হয়।

৬৯. 'গৌরব'-শব্দের প্রকৃতি-প্রত্যয় নিচের কোনটি?
ক গৌর + অব খ গুরু + অব
গ গুরু + ঞ ঘ গুরু + ষ্ণ
ব্যাখ্যা 'গৌরব' সংস্কৃত তদ্ধিত প্রত্যয় যার প্রকৃতি-প্রত্যয় হলো– 'গুরু + ষ্ণ'। এমন আরো কয়েকটি উদাহরণ— শিশু + ষ্ণ = শৈশব, মনু + ষ্ণ = মানব।

৭০. একটি আয়তক্ষেত্র ও একটি বর্গক্ষেত্রের পরিসীমা সমান। আবার আয়তক্ষেত্রের বড় বাহু ছোট বাহুর ৩ গুণ। বড় বাহু ২১ মিটার হলে বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য কত?
ক ২১ মিটার খ ৫৬ মিটার গ ৭ মিটার ঘ ১৪ মিটার
ব্যাখ্যা আয়তক্ষেত্রের বড় বাহু = ২১ এবং ছোট বাহু $= \frac{২১}{৩}$
$= ৭$ মিটার
$\therefore$ পরিসীমা $= ২ \times (২১ + ৭) = ২ \times ২৮ = ৫৬$
$\therefore$ বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য $= \frac{৫৬}{৪} = ১৪$।

৭১. Choose the correctly spelt word—
ক Buro খ Beauro গ Bureau ঘ Burough
ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক বানান হলো 'Bureau'; যার অর্থ অফিস, দপ্তর ইত্যাদি।

৭২. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)-তে অভীষ্ট কয়টি?
ক ৩০ খ ১৭ গ ১৯ ঘ ২৩
ব্যাখ্যা জাতিসংঘ কর্তৃক ২৫ সেপ্টেম্বর ২০১৫ গৃহীত হয় 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)'। ১৭টি অভীষ্ট এবং ১৬৯টি সুনির্দিষ্ট উদ্দেশ্য সংবলিত এ পরিকল্পনা বাস্তবায়নের সময়কাল ধরা হয়েছে ১ জানুয়ারি ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০৩০ পর্যন্ত, মোট ১৫ বছর।

৭৩. বাঙালি জাতির মুক্তির সনদ ৬ দফার ২য় দফাটি নিচের কোনটির সাথে সম্পর্কিত?
ক বৈদেশিক বাণিজ্য খ মুদ্রা বা অর্থ
গ রাজস্ব কর ঘ কেন্দ্রীয় সরকার
ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে প্রথম ছয়দফা কর্মসূচি পেশ করেন। যার ২য় দফায় উল্লেখ ছিল কেন্দ্রীয় বা ফেডারেল সরকারের এখতিয়ারে কেবল দেশরক্ষা ও পররাষ্ট্র দুটি বিষয় থাকবে। উল্লেখ্য, ছয়দফা আনুষ্ঠানিকভাবে ঘোষিত হয় ২৩ মার্চ ১৯৬৬।

৭৪. বাংলাদেশে বর্তমানে কততম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নাধীন?
ক ষষ্ঠ খ সপ্তম গ অষ্টম ঘ নবম
ব্যাখ্যা বাংলাদেশে বর্তমানে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নাধীন, যার মেয়াদ ২০২১-২০২৫। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৮.৫১%, এবং মুদ্রাস্ফীতি ৪.৬% ধরা হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ ছিল ১৯৭৩-১৯৭৮।

৭৫. নিচের কোন জেলাসমূহ সুন্দরবন সংলগ্ন?
ক পিরোজপুর, মাদারীপুর ও বাগেরহাট
খ সাতক্ষীরা, বাগেরহাট ও খুলনা
গ বাগেরহাট, নড়াইল ও ঝিনাইদহ ঘ বরিশাল, খুলনা ও সাতক্ষীরা
ব্যাখ্যা সুন্দরবন বাংলাদেশের খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট এবং পশ্চিমবঙ্গের দক্ষিণ চব্বিশ পরগণা জেলাজুড়ে বিস্তৃত। এ বনভূমির মোট আয়তন ১০,০০০ বর্গকিলোমিটার, যার মধ্যে বাংলাদেশ অংশে পড়েছে ৬,০১৭ বর্গকিলোমিটার। অর্থাৎ শতকরা হিসাবে তা ৬০%-এর একটু বেশি।

৭৬. জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ কত সালে প্রবর্তন করা হয়?
ক ২০১৩ খ ২০১০ গ ২০১১ ঘ ২০১২
ব্যাখ্যা মানব সম্পদ উন্নয়ন এবং মনুষ্যত্ব বিকাশে শিক্ষার কোনো বিকল্প নেই। আর প্রাথমিক শিক্ষাই হচ্ছে সকল শিক্ষার মূল ভিত্তি। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ প্রথমবারের মতো পালিত হয় ২০১১ সালে এবং প্রতিপাদ্য ছিল 'স্কুলে যাওয়াই শিশুর কাজ, কেউ রবে না বাইরে আজ'।

৭৭. Change the voice : 'Where did you see him?'
ক Where he was seen by you? খ Where was he seen by you?
গ Where did he seen by you? ঘ Where was he see by you?
ব্যাখ্যা Wh যুক্ত Interrogative sentence-কে active থেকে passive করার rule অনুযায়ী প্রদত্ত বাক্যের গঠনটি হবে— Wh word + tense অনুযায়ী auxiliary verb + object-এর subjective form + মূল verb-এর past participle + by + subject-এর objective + ?

৭৮. প্রধান বিচারপতি নিয়োগ দেন কে?
ক স্পিকার খ জাতীয় সংসদ গ রাষ্ট্রপতি ঘ প্রধানমন্ত্রী
ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি নিয়োগ দেন– প্রধানমন্ত্রী, মন্ত্রী, উপমন্ত্রী, প্রতিমন্ত্রী, প্রধান বিচারপতি, এটর্নী জেনারেল, সেনা, বিমান ও নৌবাহিনীর প্রধানগণকে।

৭৯. Learn the poem — heart.
ক by খ within গ in ঘ with
ব্যাখ্যা 'Learn by heart' অর্থ কণ্ঠস্থ করা বা মুখস্থ করা। প্রদত্ত বাক্যে বলা হয়েছে : কবিতাটি মুখস্থ কর। সুতরাং সঠিক উত্তর হবে অপশন (ক)।

৮০. নিচের কোনটি মৌলিক সংখ্যা?
ক ৯ খ ৮ গ ৪ ঘ ২
ব্যাখ্যা ১ থেকে বড় যেসব সংখ্যা ১ এবং সেই সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা নিঃশেষে বিভাজ্য নয় সেসব সংখ্যাকে মৌলিক সংখ্যা বলে। মৌলিক সংখ্যার কোনো প্রকৃত উৎপাদক নেই। যেমন— ২, ৩, ৫, ৭, ১১, ১৩ ইত্যাদি।

উত্তর
৬৮ খ
৬৯ ঘ
৭০ খ
৭১ গ
৭২ খ
৭৩ ঘ
৭৪ গ
৭৫ খ
৭৬ গ
৭৭ খ
৭৮ গ
৭৯ ক
৮০ ঘ

বাংলাদেশ রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার ২০২২

পরীক্ষার তারিখ : ০৬.০৮.২০২২; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ৭০; সেট নম্বর : ঘ

[মোট প্রশ্ন ৭০ (সত্তর)টি। প্রার্থী প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ নম্বর কাটা যাবে।। পরীক্ষার্থীকে যে সেট দেওয়া হবে তাকে উত্তরপত্রে সেই সেট নম্বর লিখতে হবে।]

০১. Which one is a correct sentence?
ক Rahim is as tall as me.
খ Rahim is as tall as mine.
গ Rahim is as tall as I.
ঘ Rahim is as tall as his.
ব্যাখ্যা Rahim is as tall as I (রহিম আমার মতো লম্বা)। এটি positive degree-র একটি sentence। Positive degree দ্বারা দু'জন ব্যক্তির মাঝে সাদৃশ্য-বৈসাদৃশ্য খোঁজা হয়। মনে রাখতে হবে as...as/so...as-এর পর pronoun-এর subjective form হবে।

০২. 'Ballad' is—
ক a kind of short narrative poem.
খ a kind of short condoling poem.
গ a kind of short love poem.
ঘ a rhyme verse.
ব্যাখ্যা Ballad অর্থ লোকগাঁথা/গাঁথা। সংক্ষিপ্ত আখ্যানমূলক কবিতাকে Ballad বলে। ইংরেজি সাহিত্যের কিছু Ballad-এর উদাহরণ : John Keats-এর 'La Belle Dame Sans Merci'. Thomas Hardy'র 'During Wind and Rain', Edgar Allan Poe'র 'Annabel Lee' ইত্যাদি।

০৩. 'May Allah help you.' It is an—.
ক Optative sentence
খ Exclamatory sentence
গ Assertive sentence
ঘ None of the above
ব্যাখ্যা ইচ্ছা, আকাঙ্ক্ষা, প্রার্থনা, আশীর্বাদ ইত্যাদি বোঝাতে optative sentence ব্যবহৃত হয়। May Allah bless you. May Bangladesh live long. ইত্যাদি optative sentence-এর উদাহরণ।

০৪. কোনটি শুদ্ধ বানান?
ক নিরহংকারী খ নিরহংকার
গ নিরহংকারি ঘ নিঃহংকারী
ব্যাখ্যা 'নিরহংকার' বাননাটি শুদ্ধ। আরও কিছু শুদ্ধ বানান– শার্দূল, উদীচী, জীমূত, ময়ূখ, বৈদগ্ধ্য, ঐন্দ্রজালিক, কল্যাণীয়েষু, নিশীথিনী, বাল্মীকি।

০৫. 'বিশ্ব মানবাধিকার দিবস' পালিত হয়—
ক ৯ ডিসেম্বর খ ১০ ডিসেম্বর
গ ১১ ডিসেম্বর ঘ ৮ ডিসেম্বর
ব্যাখ্যা জাতিসংঘের নির্দেশনায় বিশ্বের সকল দেশে প্রতি বছর ১০ ডিসেম্বর 'বিশ্ব মানবাধিকার দিবস' পালিত হয়। জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক ১০ ডিসেম্বর, ১৯৪৮ সাল থেকে দিবসটি উদ্‌যাপন করা হয়। এছাড়াও সার্বজনীন মানবাধিকার সংক্রান্ত ঘোষণাকে বাস্তবায়নের লক্ষ্যে এ তারিখকে নির্ধারণ করা হয়।

০৬. একটি ভগ্নাংশের লব ও হর প্রত্যেকটির সাথে ১ যোগ করলে ভগ্নাংশটি $\frac{৪}{৫}$ হবে। আবার লব ও হরের প্রত্যেকটি থেকে ৫ বিয়োগ করলে ভগ্নাংশটি $\frac{১}{২}$ হবে। ভগ্নাংশটি নির্ণয় করুন।
ক $\frac{৭}{৯}$ খ $\frac{৩}{৪}$
গ $\frac{৭}{১০}$ ঘ $\frac{৫}{৮}$
ব্যাখ্যা ধরি, ভগ্নাংশটি $\frac{x}{y}$
প্রশ্নমতে,
$\frac{x+১}{y+১} = \frac{৪}{৫}$
বা, $৫x + ৫ = ৪y + ৪$
বা, $৫x - ৪y = -১$ .....(i)
আবার,
$\frac{x-৫}{y-৫} = \frac{১}{২}$
বা, $২x - ১০ = y - ৫$
বা, $২x - y = ৫$.....(ii)
$৫ \times (ii) - ২ \times (i)$
$\Rightarrow ১০x - ৫y - ১০x + ৮y = ২৫ + ২$
বা, $৩y = ২৭$
বা, $y = \frac{২৭}{৩}$
$\therefore y = ৯$

উত্তর
০১ গ
০২ ক
০৩ ক
০৪ খ
০৫ খ
০৬ ক

CamScanner

(i) $\Rightarrow 5x = -১ + ৪ \times ৯ = ৩৫$

বা, $x = \frac{৩৫}{৫}$

$\therefore x = ৭$

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{৭}{৯}$

বিকল্প পদ্ধতি : Option test-এর মাধ্যমে :

ক. $\frac{৭}{৯}$

$\frac{৭+১}{৯+১} = \frac{৮}{১০} = \frac{৪}{৫}$

এবং $\frac{৭-৫}{৯-৫} = \frac{২}{৪} = \frac{১}{২}$

০৭. 'দুর্নাম' ও 'দুর্নিবার' শব্দ দুটিতে মূর্ধন্য-ণ ব্যবহার হয়নি কেন?

ⓚ সমাসবদ্ধ পদ বলে ⓛ দেশি শব্দ বলে
ⓜ তৎসম শব্দ বলে ⓝ বিদেশি শব্দ বলে

ব্যাখ্যা *'দুর্নাম' ও 'দুর্নিবার' শব্দটি দুটি সমাসবদ্ধ পদ বলে এখানে মূর্ধন্য-ণ ব্যবহার হয়নি। সমাসবদ্ধ পদের উভয় পদের অর্থের প্রাধান্য থাকলে সেখানে ণ-ত্ব বিধান কার্যকর হয় না। আরও যেসব ক্ষেত্রে ণ প্রযোজ্য নয়– খাঁটি বাংলা বা দেশি, বিদেশি ও তদ্ভব শব্দে, ত-বর্গীয় বর্ণের সাথেও মূর্ধন্য 'ণ' হয় না। যেমন– অন্ত, কান্ত।*

০৮. Choose the correct translation of the proverb :
চোরে চোরে মাসতুতো ভাই।

ⓚ Two thieves are cousins.
ⓛ Birds of the same feather flock together.
ⓜ Morning shows the day.
ⓝ Better late than never.

ব্যাখ্যা *এটি একটি প্রবাদ বাক্য। আরো কিছু গুরুত্বপূর্ণ প্রবাদ বাক্য হলো– আয় বুঝে ব্যয় কর– Cut your coat according to your cloth. তেলা মাথায় তেল দেওয়া– To carry coal to now castle.*

০৯. নিচের কোনগুলো তালব্য বর্ণ?

ⓚ এ ঐ ⓛ ই ঈ
ⓜ উ ঊ ⓝ ও ঔ

ব্যাখ্যা *ই, ঈ স্বরবর্ণ দুটি তালব্য বর্ণ। তালু থেকে উচ্চারিত ধ্বনিগুলোকে তালব্য বর্ণ বলা হয়। যেমন– চ, ছ, জ, ঝ।*

১০. 'প্রত্যাবর্তন' শব্দের সন্ধিবিচ্ছেদ–

ⓚ প্রতি + বর্তন ⓛ প্রতি + আবর্তন
ⓜ প্রত্যা + বর্তন ⓝ প্রতিঃ + আবর্তন

ব্যাখ্যা *প্রতি + আবর্তন = প্রত্যাবর্তন। ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে 'য' বা য (J) ফলা হয়। য ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। যেমন– ইতি + আদি = ইত্যাদি, অতি + আচার = অত্যাচার।*

১১. He runs fast. Here the underlined word is—

ⓚ an adverb ⓛ a noun
ⓜ a pronoun ⓝ an adjective

ব্যাখ্যা *প্রদত্ত বাক্যে fast (দ্রুত, তাড়াতাড়ি) শব্দটি adverb (ক্রিয়া-বিশেষণ)। সাধারণত verb কখন, কোথায়, কীভাবে সংঘটিত হওয়া বোঝালে adverb হয়। বাক্যে কর্তা কীভাবে দৌড়ায় বোঝাচ্ছে। সুতরাং সঠিক উত্তর (ক)।*

১২. দুর্যোগ ব্যবস্থাপনায় সাফল্যের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কোন সংস্থা পুরস্কৃত করে?

ⓚ EU ⓛ IDB
ⓜ ADB ⓝ IFRC

ব্যাখ্যা *২০১৬ সালে দুর্যোগ ব্যবস্থাপনায় অসাধারণ সাফল্যের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশেষ সম্মাননা সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদান করেছে IFRC।*

১৩. একটি ট্রেন ৫০ মাইল/ঘণ্টা বেগে ১০ মাইল ভ্রমণ করে। কত বেগে ফেরত আসলে তার আসা-যাওয়ার মোট সময় ২০ মিনিট হবে?

ⓚ ৫৫ মাইল/ঘণ্টা ⓛ ৭৫ মাইল/ঘণ্টা
ⓜ ৬৫ মাইল/ঘণ্টা ⓝ ৬০ মাইল/ঘণ্টা

ব্যাখ্যা *৫০ মাইল/ঘণ্টা বেগে*

৫০ মাইল অতিক্রম করে ১ ঘণ্টায়

$\therefore ১$ " " " $\frac{১}{৫০}$ "

$\therefore ১০$ " " " $\frac{১\times১০}{৫০}$ "

$= \left(\frac{১}{৫} \times ৬০\right)$ " [$\because ১$ ঘণ্টা $= ৬০$ মিনিট]

$= ১২$ মিনিট

অবশিষ্ট সময় $= (২০ - ১২)$ মিনিট

$= ৮$ মিনিট

৮ মিনিটে আসতে হবে ১০ মাইল

$\therefore ১$ " " " $\frac{১০}{৮}$ মাইল

$\therefore ৬০$ " " " $\frac{১০\times৬০}{৮}$ মাইল

$= ৭৫$ মাইল

উত্তর

০৭	ক
০৮	খ
০৯	খ
১০	খ
১১	ক
১২	ঘ
১৩	খ

১৪. ২০২৬ সালে ফিফা বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হবে?

ⓚ যুক্তরাষ্ট্র-কানাডা-মেক্সিকো
ⓛ ঘানা-কেনিয়া-মিসর
ⓜ বলিভিয়া-পেরু-আর্জেন্টিনা
ⓝ জাপান-দ. কোরিয়া-চীন

ব্যাখ্যা *২০২৬ সালে ২৩তম ফিফা বিশ্বকাপ ফুটবল কানাডা, মেক্সিকো ও যুক্তরাষ্ট্র এই তিন দেশে অনুষ্ঠিত হবে। এতে ৪৮টি দেশ অংশগ্রহণ করবে।*

১৫. He divided the money — the two children.

ⓚ among ⓛ between
ⓜ in between ⓝ over

ব্যাখ্যা *'দুইয়ের মধ্যে কোনো কিছু ভাগ করে দেওয়া' বোঝাতে between বসে। দুইয়ের অধিক বোঝালে among হয়।*

১৬. 'উনকোটি চৌষট্টি' এ বাগধারার অর্থ হলো—

ⓚ অপদার্থ ⓛ পাগলামি
ⓜ অপব্যয়ী ⓝ প্রায় সম্পূর্ণ

ব্যাখ্যা *'উনকোটি চৌষট্টি' অর্থ প্রায় সম্পূর্ণ। আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা : ইঁদুর কপালে– নিতান্ত মন্দভাগ্য, উটকো লোক– অচেনা লোক, এসপার-ওসপার– মীমাংসা, জগাখিচুড়ি পাকানো– গোলমাল বাঁধানো।*

১৭. বাংলা সাহিত্যের 'অন্ধকার যুগ' কোন সময়?

ⓚ ১২০১-১২৫০ ⓛ ১২০১-১২৭৫
ⓜ ১২৫০-১৩০০ ⓝ ১২০১-১৩৫০

ব্যাখ্যা *মধ্যযুগের অন্তর্গত ১২০১-১৩৫০ খ্রি. সময়কে বাংলা সাহিত্যের 'অন্ধকার যুগ' বলা হয়। এ সময়ে উল্লেখযোগ্য সাহিত্য নিদর্শন পাওয়া যায়। অন্ধকার যুগের উল্লেখযোগ্য সাহিত্যকর্ম– রামাই পণ্ডিতের শূন্যপুরাণ, হলায়ুধ মিশ্রের 'সেক শুভোদয়া'।*

১৮. মুক্তিযুদ্ধে প্রথম শত্রুমুক্ত জেলা কোনটি?

ⓚ মাগুরা ⓛ ঝিনাইদহ
ⓜ যশোর ⓝ খুলনা

ব্যাখ্যা *মুক্তিযুদ্ধে প্রথম শত্রুমুক্ত জেলা যশোর। একই দিনে অর্থাৎ ৬ ডিসেম্বর ঝিনাইদহ জেলাও শত্রুমুক্ত হয়। অন্যদিকে, মাগুরা ৭ ডিসেম্বর এবং খুলনা ১৭ ডিসেম্বর শত্রুমুক্ত হয়।*

১৯. একটি বৃত্তের কেন্দ্রস্থ কোণ ১২০° হলে, ঐ বৃত্তের পরিধিস্থ কোণ কত হবে?

ⓚ ১২০° ⓛ ২৪০°
ⓜ ৬০° ⓝ ৯০°

ব্যাখ্যা *আমরা জানি,*

কোনো বৃত্তের বৃত্তস্থ বা পরিধিস্থ কোণ $= \frac{১}{২} \times$ কেন্দ্রস্থ কোণ

$= \frac{১}{২} \times ১২০°$

$= ৬০°$

২০. করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি সঠিক?

ⓚ ছাত্ররা বল খেলে ⓛ ডাক্তার ডাক
ⓜ হামিদ বই পড়ে ⓝ বৃষ্টি পড়ে

ব্যাখ্যা *'ছাত্ররা বল খেলে' করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়কেই করণ কারক বলা হয়। যেমন– মতি কলম দিয়ে লেখে। এখানে কলম উপকরণ।*

২১. Fill in the gap. Birds fly — in the sky.

ⓚ random ⓛ at large
ⓜ at a stitch ⓝ are long

ব্যাখ্যা *At large-স্বাধীনভাবে একটি idiom। At random অর্থ এলোমেলোভাবে। in stitches অর্থ নিয়ন্ত্রণহীনভাবে হাসা।*

২২. উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত মেট্রোরেলের দৈর্ঘ্য কত?

ⓚ ২০.৩০ কিমি ⓛ ২০.২০ কিমি
ⓜ ২০.১০ কিমি ⓝ ২০.৪০ কিমি

ব্যাখ্যা *বাংলাদেশের রাজধানী ঢাকায় নির্মাণাধীন শহরভিত্তিক রেল ব্যবস্থা হচ্ছে ঢাকা মেট্রো যা আনুষ্ঠানিকভাবে ম্যাস র‍্যাপিড ট্রানজিট বা সংক্ষেপে এমআরটি (MRT-6) নামে পরিচিত। উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ এটির নির্মাণ কাজ শুরু হয় ২০১৬ সালের ২৬ জুন। পরবর্তীতে মেট্রোরেলের দৈর্ঘ্য মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিমি বাড়ানো হয়েছে।*

২৩. 'The door opened automatically.' The verb in this sentence is —

ⓚ Transitive verb ⓛ Linking verb
ⓜ Intransitive verb ⓝ None of these

ব্যাখ্যা *যেসব verb-এর object (কর্ম) থাকে না সেগুলোকে intransitive (অকর্মক) verb বলে। প্রদত্ত sentence-এ open ক্রিয়াটির কোনো object নেই।*

২৪. 'কোথাও পথ পেলাম না বলে তোমার কাছে এসেছি'। —বাক্যটি কোন প্রকারের?

ⓚ সরল ⓛ জটিল
ⓜ যৌগিক ⓝ মিশ্র

ব্যাখ্যা *উক্ত বাক্যটি সরল বাক্য। যে বাক্যে একটি মাত্র (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে তাকে সরল বাক্য বলে। যেমন– পুকুরে পদ্মফুল জন্মে। এখানে পদ্মফুল উদ্দেশ্য এবং জন্মে বিধেয়।*

উত্তর

১৪	ক
১৫	খ
১৬	ঘ
১৭	ঘ
১৮	গ
১৯	গ
২০	ক
২১	খ
২২	গ
২৩	গ
২৪	ক

CamScanner

২৫. I wish I — go travelling aro)nd the world.
ক can খ shall
গ will ঘ could

ব্যাখ্যা *It is high time, wish, fancy ইত্যাদির পরে verb-এর past form হয়।*

২৬. $a+b=\sqrt{7}$ এবং $a-b=\sqrt{5}$ হলে, $8ab(a^2+b^2)=$ কত?
ক 48 খ 36
গ 24 ঘ 12

ব্যাখ্যা $8ab(a^2+b^2)=4ab\times2(a^2+b^2)$
$=\{(a+b)^2-(a-b)^2\}\times\{(a+b)^2+(a-b)^2\}$
$=\left\{\left(\sqrt{7}\right)^2-\left(\sqrt{5}\right)^2\right\}\times\left\{\left(\sqrt{7}\right)^2+\left(\sqrt{5}\right)^2\right\}$
$=(7-5)\times(7+5)$
$=2\times12$
$=24$

২৭. The mob — dispered.
ক is খ have
গ has ঘ was

ব্যাখ্যা *The mob একটি collective noun. এর অর্থ জনসাধারণ, উচ্ছৃঙ্খল জনতা। collective noun সাধারণত singular হয় এবং অবশ্যই singular verb গ্রহণ করে। সুতরাং প্রদত্ত (গ) অপশনটি সঠিক। আরো কিছু উদাহরণ The crowd was wild with excitement. Our team is supposed to win the game.*

২৮. কোন কোম্পানি 'বঙ্গভ্যাক্স টিকা' উদ্ভাবন করেছে?
ক বেক্সিমকো খ স্কয়ার
গ অপসোনিন ঘ গ্লোব বায়োটেক

ব্যাখ্যা *বাংলাদেশের 'গ্লোব বায়োটেক' উদ্ভাবিত করোনাভাইরাসের ভ্যাকসিনের নাম 'Bangavax'। এটি 'ব্যানকোভিড' নামেও পরিচিত। একটি এমআরএনএ টিকা। ২৩ অক্টোবর ২০২১ এটি বাংলাদেশে মেডিকেল রিসার্চ কাউন্সিল কর্তৃক মানবদেহে ট্রায়াল শুরু করার নীতিগত অনুমোদন লাভ করে। এ টিকা আবিষ্কারের নেতৃত্ব দেন ড. কাকন নাগ ও ড. নাজনীন সুলতানা।*

২৯. 'বরখেলাপ' শব্দে 'বর' কোন ধরনের উপসর্গ?
ক তৎসম খ খাঁটি বাংলা
গ আরবি ঘ ফারসি

ব্যাখ্যা *'বরখেলাপ'-এর 'বর' ফারসি উপসর্গ। এরূপ আরও কিছু ফারসি উপসর্গ- কার, দর, নিম, বে, বদ, কম।*

৩০. Robert Frost is a famous—.
ক British poet খ Irish novelist
গ American poet ঘ American novelist

ব্যাখ্যা *Robert Frost-কে বিংশ শতাব্দীর আমেরিকার শ্রেষ্ঠ কবি বলা হয়। জীবিত অবস্থায় তিনি কবিতায় ৪ বার পুলিৎজার পুরস্কার পেয়েছিলেন। তার কিছু বিখ্যাত কবিতা Mending Wall, The Road Not Taken, Stopping By Woods on Snowy Evening, A Boy's Will etc.*

৩১. 'কল্লোল' পত্রিকার প্রথম সম্পাদকের নাম কী?
ক মুজতবা আলী খ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ দীনেশরঞ্জন দাস ঘ কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা *'কল্লোল' পত্রিকার প্রথম সম্পাদকের নাম- দীনেশরঞ্জন দাস। অন্যদিকে, কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকার নাম লাঙ্গল, ধূমকেতু ও দৈনিক নবযুগ।*

৩২. BARD-এর পূর্ণরূপ কী?
ক Bangladesh Academy for Regional Development.
খ Bangladesh Administrative Regional Development.
গ Bangladesh Administration Regional Development.
ঘ Bangladesh Academy for Rural Development.

ব্যাখ্যা *BARD বা বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) ১৯৫৯ সালের ২৭ মে পল্লী উন্নয়নের ক্ষেত্রে একটি প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা পরিচালনাকারী প্রতিষ্ঠান হিসেবে যাত্রা শুরু করে। এর প্রতিষ্ঠাতা পরিচালক ড. আখতার হামিদ খান।*

৩৩. ৯০ সংখ্যাটি কোন সংখ্যার $৬৬\frac{২}{৩}\%$?
ক ১৮০ খ ২২৫
গ ২৭০ ঘ ১৩৫

ব্যাখ্যা ৯০ সংখ্যাটি x-এর $৬৬\frac{২}{৩}\%$
প্রশ্নমতে, $৯০=x\times৬৬\frac{২}{৩}\%$
বা, $৯০=x\times\frac{২}{৩}\times১০০$
বা, $৯০=x\times\frac{২}{৩}$
বা, $x=৯০\times\frac{৩}{২}$
$\therefore x=১৩৫$

৩৪. ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, বাংলা ভাষার উৎপত্তি কোন প্রাকৃত স্তর থেকে?
ক মাগধী প্রাকৃত খ গৌড়ীয় প্রাকৃত
গ মহারাষ্ট্রী প্রাকৃত ঘ অর্ধ মাগধী প্রাকৃত

ব্যাখ্যা *ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, বাংলা ভাষার উৎপত্তি গৌড়ীয় প্রাকৃত থেকে। অন্যদিকে, ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, মাগধী প্রাকৃত থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে। তবে বাংলাদেশে ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতকে প্রাধান্য দেওয়া হয়।*

উত্তর
২৫ ঘ
২৬ গ
২৭ গ
২৮ ঘ
২৯ ঘ
৩০ গ
৩১ গ
৩২ ঘ
৩৩ ঘ
৩৪ খ

৩৫. Change the voice : Who is calling me?
ক By whom am I called?
খ By whom I am called?
গ By whom am I being called?
ঘ Whom am I called by?

ব্যাখ্যা *Passive voice করতে subject-কে object করে তার আগে by বসে এবং object-এর subjective form বসে। Continuous tense-কে passive করতে subject-এর পর being বসে। সুতরাং (গ) সঠিক উত্তর।*

৩৬. Which of the following is always feminine?
ক Fowl খ Foal
গ Spouse ঘ Shrew

ব্যাখ্যা *Shrew অর্থ মুখরা রমণী, বদমেজাজি রমণী। Fowl-যেকোনো পাখি, foal-অশ্বশাবক, spouse-স্বামী বা স্ত্রী।*

৩৭. Choose the indirect speech of the sentence : He said to me, "Thank you".
ক He thanks you. খ He thanked you.
গ The thanked you. ঘ He thanked me.

ব্যাখ্যা *'Thank you'-কে indirect speech করার সময় thanked হয় এবং 'you' reporting verb-এর object অনুযায়ী পরিবর্তন হয়।*

৩৮. রংধনুতে নিচের কোন রংটি অনুপস্থিত?
ক বেগুনি খ কালো
গ হলুদ ঘ লাল

ব্যাখ্যা *রংধনুতে সাতটি রং রয়েছে। যথা : বেগুনি, নীল, আসমানি, সবুজ, হলুদ, কমলা ও লাল (বেনীআসহকলা)। অপশনে উল্লিখিত কালো রংটি রংধনুতে অনুপস্থিত।*

৩৯. স্বপ্নের পদ্মা সেতু কত তারিখে উদ্বোধন করা হয়?
ক ২৩ জুন, ২০২২
খ ২৪ জুন, ২০২২
গ ২৫ জুন, ২০২২
ঘ ২৬ জুন, ২০২২

ব্যাখ্যা *পদ্মা সেতু বা পদ্মা বহুমুখী সেতু হচ্ছে পদ্মা নদীর ওপর নির্মিত সড়ক ও রেলসেতু। ৬.১৫ কিমি দৈর্ঘ্যের এই সেতুটি মুন্সীগঞ্জের লৌহজংয়ের সাথে শরীয়তপুর ও মাদারীপুর জেলাকে যুক্ত করেছে। ঢাকার সাথে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ১৯ জেলার সংযোগ স্থাপনকারী সেতুটি ২০২২ সালের ২৫ জুন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন।*

৪০. 'খিত্তিখেউর' কোন ভাষার শব্দ?
ক সংস্কৃত খ বাংলা
গ আরবি ঘ ফারসি

ব্যাখ্যা *'খিত্তিখেউর' বাংলা ভাষার শব্দ। এরূপ আরও কিছু বাংলা ভাষার শব্দ- কুড়ি, ঝাল, ঝোল, ঝিনুক, চাটাই, চুলা, ঢেঁকি, পাতিল প্রভৃতি।*

৪১. 'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাস্য 'চণ্ডী' কার স্ত্রী?
ক জগন্নাথ খ বিষ্ণু
গ প্রজাপতি ঘ শিব

ব্যাখ্যা *মুকুন্দরাম চক্রবর্তী রচিত 'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাস্য চণ্ডী শিবের স্ত্রী। চণ্ডীদেবীর কাহিনী অবলম্বনে এ কাব্য রচিত হয়। চণ্ডীমঙ্গল কাব্যের প্রধান প্রধান চরিত্রগুলো হলো : কালকেতু, ফুল্লরা, ভাঁড়ুদত্ত, মুরারী দত্ত।*

৪২. Choose the correct antonym for : 'oblige'
ক bind খ require
গ bother ঘ censure

ব্যাখ্যা *Oblige অর্থ বাধিত করা, অনুগ্রহ করা। bother অর্থ বিরক্ত করা, জ্বালাতন করা, censure-সমালোচনা করা, require-দরকার হওয়া/পড়া।*

৪৩. Who is the writer of the 'Harry Potter' series?
ক J. K Rowling খ Roald Dahl
গ Pally Watson ঘ Ronald Jacques

ব্যাখ্যা *Joanne Kathleen Rowling একজন ব্রিটিশ ঔপন্যাসিক। তিনি 'Harry Potter' শিশুতোষ গ্রন্থের লেখক।*

৪৪. মিতা একটি কাজ ১০ দিনে করতে পারে। রিতা সে কাজ ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে?
ক ৬ খ ১২
গ ১৮ ঘ ৮

ব্যাখ্যা মিতা ও রিতার ১ দিনের কাজ $=\left(\frac{১}{১০}+\frac{১}{১৫}\right)$ অংশ
$=\frac{৩+২}{৩০}$ অংশ
$=\frac{৫}{৩০}$ অংশ
$=\frac{১}{৬}$ অংশ
$\therefore$ তারা কাজটি করতে পারবে $=\frac{১}{\frac{১}{৬}}=১\times৬=৬$ দিনে

৪৫. বাংলাদেশের সংবিধান অনুযায়ী টেকনোক্র্যাট মন্ত্রী নিয়োগ দেওয়া যায় সর্বোচ্চ–
ক ৭% খ ৮%
গ ৯% ঘ ১০%

উত্তর
৩৫ গ
৩৬ ঘ
৩৭ ঘ
৩৮ খ
৩৯ গ
৪০ খ
৪১ ঘ
৪২ গ
৪৩ ক
৪৪ ক
৪৫ ঘ

CamScanner

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৬(২) অনুচ্ছেদ অনুযায়ী প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদেরকে রাষ্ট্রপতি নিয়োগ প্রদান করবেন। তবে শর্ত হলো, মন্ত্রীদের মোট সংখ্যার কমপক্ষে নয়-দশমাংশ সাংসদদের মধ্য থেকে নিযুক্ত করতে হবে। আর অনধিক এক-দশমাংশ সাংসদ নির্বাচিত হওয়ার যোগ্য ব্যক্তিদের মধ্য থেকে মনোনীত করা যাবে। জনগণ দ্বারা অনির্বাচিত কিন্তু প্রধানমন্ত্রী দ্বারা নিয়োগপ্রাপ্ত এই মন্ত্রীদের বলা হয় টেকনোক্রেট মন্ত্রী।

৪৬. 'উপসর্গ' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?

ক ধ্বনিতত্ত্ব খ রূপতত্ত্ব
গ বাক্যতত্ত্ব ঘ পদক্রম

ব্যাখ্যা উপসর্গ ব্যাকরণের রূপতত্ত্বের আলোচ্য বিষয়। উপসর্গ ছাড়াও শব্দ গঠন, ধাতু বা ক্রিয়ামূল, সমাস, বচন ইত্যাদি বিষয় রূপতত্ত্বের অন্তর্ভুক্ত।

৪৭. 'ইংলিশ চ্যানেল' সংযুক্ত করেছে—

ক আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে
খ ভারত মহাসাগর ও ভূমধ্যসাগরকে
গ ভূমধ্যসাগর ও লোহিত সাগরকে
ঘ উত্তর সাগর ও আটলান্টিক মহাসাগরকে

ব্যাখ্যা ইংলিশ চ্যানেল পশ্চিম ইউরোপের একটি সংকীর্ণ সাগর যা উত্তর ফ্রান্স এবং দক্ষিণ ইংল্যান্ডকে পৃথক করেছে। এটি উত্তর সাগরকে আটলান্টিক মহাসাগরের সাথে যুক্ত করেছে।

৪৮. A Sonnet is a poem having — lines.

ক 12 খ 14
গ 15 ঘ 16

ব্যাখ্যা বিশেষ ছন্দে চৌদ্দ লাইনবিশিষ্ট কবিতাকে Sonnet বলে। সনেটের দুটি অংশ থাকে। ১ম আট লাইনকে Octave (অষ্টক) এবং শেষের ছয় লাইনকে Sestet (ষট্‌ক) বলে। সনেটের জনক ইতালিয় কবি পেত্রার্ক।

৪৯. বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকে বলে—

ক মৌলিক ধাতু খ সংযোগমূলক ধাতু
গ নাম ধাতু ঘ প্রযোজক ধাতু

ব্যাখ্যা বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পর 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকে নাম ধাতু বলে। যেমন- কর্ + আ = করা, দেখ্ + আ = দেখা। অন্যদিকে, যেসব ধাতু বিশ্লেষণ করা যায় না সেগুলোকে মৌলিক ধাতু বলে। যেমন- চল্, পড়্। অন্যকে দিয়ে কিছু করানো অর্থে মৌলিক ধাতুর পরে 'আ' প্রত্যয় যোগে গঠিত ধাতুকে প্রযোজক ধাতু বলে। যেমন- √কর্ + আ = করা। বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের পরে কর্, হ্, দে, পা প্রভৃতি মৌলিক ধাতুর সংযোগে যে নতুন ধাতু গঠিত হয় তাকে সংযোগমূলক ধাতু বলে। যেমন- হ্ ধাতু যোগে = রাজি হ্, উদয় হ্, মানুষ হ।

৫০. 'Jaws of Death' is an example of—

ক personification খ metaphor
গ irony ঘ satire

ব্যাখ্যা Jaws of Death দ্বারা মারাত্মক ঝুঁকিপূর্ণ অবস্থা নির্দেশ করে। এরূপ- valley of death-মৃত্যু উপত্যকা।

৫১. একটি বর্গের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ হলে তার ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

ক ২ খ ৪
গ ৮ ঘ ৬

ব্যাখ্যা বাহুর দৈর্ঘ্য 1 একক হলে, ক্ষেত্রফল = 1^2 একক
বাহুর দৈর্ঘ্য 2l একক হলে, ক্ষেত্রফল = $(2l)^2$ একক
= $4l^2$ একক
= 4 × পূর্বের ক্ষেত্রফল

৫২. 'আয়া সোফিয়া' মসজিদ কোথায় অবস্থিত?

ক সৌদি আরব খ জর্ডান
গ মিশর ঘ তুরস্ক

ব্যাখ্যা আয়া সোফিয়া মসজিদ তুরস্কে অবস্থিত। মধ্যযুগের রোম সাম্রাজ্য এবং উসমানীয় সাম্রাজ্যের সাবেক রাজধানী কনস্টান্টিনোপলের (বর্তমান ইস্তানবুল) প্রাণকেন্দ্রে অবস্থিত একটি ধর্মীয় স্থাপনা যা বর্তমানে মসজিদ হিসেবে পরিচিত। সুলতান দ্বিতীয় মুহম্মদ কনস্টান্টিনোপল বিজয়ের পর স্থাপনাটি মসজিদে রূপান্তর করেন।

৫৩. কতজন বালিকাকে ১২৫টি কমলালেবু এবং ১৪৫টি আপেল সমানভাবে ভাগ করে দেওয়া যায়?

ক ১৫ খ ২৫
গ ৫ ঘ ৩৫

ব্যাখ্যা বালিকার সংখ্যা হবে ১২৫ ও ১৪৫-এর গ.সা.গু.

125 | 145 | 1
125
20 | 125 | 6
120
5 | 20 | 8
20
0

∴ নির্ণেয় গ.সা.গু. = ৫

উত্তর
৪৬ খ
৪৭ ঘ
৪৮ খ
৪৯ গ
৫০ খ
৫১ খ
৫২ ঘ
৫৩ গ

৫৪. $\sqrt{1+\sqrt{1}}$ -এর বর্গ কত?

ক $\sqrt{2}$ খ 2
গ 4 ঘ $\sqrt{4}$

ব্যাখ্যা $\left(\sqrt{1+\sqrt{1}}\right)$-এর বর্গ $= \left(\sqrt{1+\sqrt{1}}\right)^2$
$= \left(2\sqrt{1}\right)^2$
$= 2^1 \times \left(\sqrt{1}\right)^1$
$= 4 \times 1$
$= 4$

৫৫. The plural number of 'Bureau' is—.

ক Bureas খ Bureaux
গ Burase ঘ Burcas

ব্যাখ্যা গুরুত্বপূর্ণ কিছু শব্দের plural number, যেমন- criterion, radius, focus, curriculum ইত্যাদির বহুবচন যথাক্রমে criteria, radii/radiuses, foci/focuses, curricula.

৫৬. ২ + ৪ + ৮ + ১৬ + ... ধারাটির ১০ম পদ কত?

ক ৫১২ খ ৬৮৮
গ ১০২৪ ঘ ১০২৮

ব্যাখ্যা ২ + ৪ + ৮ + ১৬ ....
ধারাটির ১ম পদ, $a = ২$
সাধারণ অনুপাত, $r = \frac{৪}{২} = \frac{৮}{৪} = ২$
∴ ধারাটি একটি গুণোত্তর ধারা।
আমরা জানি,
গুণোত্তর ধারার n-তম পদ $= ar^{n-১}$
∴ ধারাটির ১০-তম পদ $= ২ \times ২^{(১০-১)}$
$= ২ \times ২^৯$
$= ১০২৪$

৫৭. যদি a + b + c = 12, a + b = 4 এবং a + c = 7 হয়, তাহলে a^2 -এর মান কত?

ক 2 খ 1
গ 4 ঘ 0

ব্যাখ্যা $a+b+c = 12$ .....(i)
$a+b = 4$ .....(ii)
$a+c = 7$ .....(iii)
(ii) + (iii) − (i)
$\Rightarrow 2a+b+c-a-b-c = 4+7-12$
$\Rightarrow a = -1$
$\therefore a^2 = (-1)^2 = 1$

৫৮. মুজিব শতবর্ষের লোগোর ডিজাইনার কে?

ক সব্যসাচী হাজরা খ মুস্তফা মনোয়ার
গ হাশেম খান ঘ শিল্পী শাহাবুদ্দিন

ব্যাখ্যা মুজিব শতবর্ষের লোগোটির ডিজাইনার সব্যসাচী হাজরা। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ জানুয়ারি ২০২০ মুজিববর্ষের লোগো উন্মোচন করেন।

৫৯. একটি ত্রিভুজের দুটি কোণের পরিমাণ ৩৫° ও ৫৫°। ত্রিভুজটি কোন ধরনের?

ক সমবাহু খ সমকোণী
গ স্থূলকোণী ঘ সমদ্বিবাহু

ব্যাখ্যা ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০°
∴ তৃতীয় কোণটি = ১৮০° − (৩৫° + ৫৫°)
= ৯০°
কোনো ত্রিভুজের একটি কোণ ৯০° হলে, ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।

৬০. কোনো আসল ৩ বছরে সরল মুনাফাসহ ৪৬০ টাকা এবং ৫ বছরে সরল মুনাফাসহ ৬০০ টাকা হলে, শতকরা মুনাফার হার কত?

ক ২৮% খ ২৪%
গ ১৮% ঘ ২২%

ব্যাখ্যা আসল P ও মুনাফা I হলে,
$P + ৩I = ৪৬০$ .....(i)
$P + ৫I = ৬০০$ .....(ii)
(ii) − (i) $\Rightarrow ২I = ১৪০$
বা, $I = \frac{১৪০}{২}$
$\therefore I = ৭০$ টাকা
(i) $\Rightarrow P = ৪৬০ - ৩ \times ৭০$
$= ২৫০$ টাকা
মুনাফার হার $r\%$ এবং সময় n হলে,
$I = \frac{npr}{১০০}$
$\Rightarrow ৭০ = \frac{১ \times ২৫০ \times r}{১০০}$
$\Rightarrow r = \frac{৭০০}{২৫}$
$\therefore r = ২৮$

৬১. এশিয়ান হাইওয়ে কতগুলো দেশকে সংযুক্ত করবে?

ক ৩০টি খ ৩১টি
গ ৩২টি ঘ ৩৩টি

উত্তর
৫৪ গ
৫৫ খ
৫৬ গ
৫৭ খ
৫৮ ক
৫৯ খ
৬০ ক
৬১ গ

CamScanner

ব্যাখ্যা 'এশিয়ান হাইওয়ে নেটওয়ার্ক' এশিয়া ও ইউরোপের দেশসমূহ এবং ESCAP-এর একটি সহযোগিতামূলক প্রকল্প। এটি ১৯৯২ ESCAP কমিশনের ৪৮তম অধিবেশনে অনুমোদিত হয়। এশিয়া থেকে ইউরোপ পর্যন্ত বিস্তৃত এ মহাসড়কটি বাস্তবায়ন করতে ৩২টি দেশ চুক্তি স্বাক্ষর করে।

৬২. $4^x + 4^x + 4^x + 4^x$-এর মান কত?
ⓚ 2^{x+1} ⓛ 2^{2x+2}
ⓜ 2^{8x} ⓝ 4^{4x}

ব্যাখ্যা $4^x + 4^x + 4^x + 4^x$
$= 4 \times 4^x$
$= 4^{1+x}$
$= (2^2)^{x+1}$
$= 2^{2x+1}$

৬৩. মুক্তিযুদ্ধভিত্তিক নাটক কোনটি?
ⓚ ছেঁড়া তার ⓛ চাকা
ⓜ বাকী ইতিহাস ⓝ কি চাহ শঙ্খচিল

ব্যাখ্যা মমতাজউদ্দীন আহমদ রচিত মুক্তিযুদ্ধভিত্তিক নাটক 'কি চাহ শঙ্খচিল'। আরও কয়েকটি মুক্তিযুদ্ধের নাটক– পায়ের আওয়াজ পাওয়া যায়, জয়জয়ন্তী, নরকে লাল গোলাপ, প্রতিদিন একদিন।

৬৪. ২ এবং ৩২-এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?
ⓚ ১১টি ⓛ ৯টি
ⓜ ৮টি ⓝ ১০টি

ব্যাখ্যা ২ এবং ৩২-এর মধ্যে মৌলিক সংখ্যা ১০টি ⇒ ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১।

৬৫. নিচের কোনটি গণনাবাচক শব্দ?
ⓚ কুড়ি ⓛ তেরই
ⓜ দ্বাদশ ⓝ তেসরা

ব্যাখ্যা 'কুড়ি' গণনাবাচক শব্দ। একাধিক বার একই একক গণনা করলে যে সমষ্টি পাওয়া যায় তাই গণনাবাচক সংখ্যা। যেমন– উনিশ, কুড়ি। অন্যদিকে– 'দ্বাদশ' পূরণবাচক শব্দ, তারিখবাচক শব্দ– তেরই।

৬৬. বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জন্মদিন কবে?
ⓚ ৭ আগস্ট ⓛ ৮ আগস্ট
ⓜ ৯ আগস্ট ⓝ ১০ আগস্ট

ব্যাখ্যা শেখ ফজিলাতুন্নেছা মুজিব (৮ আগস্ট ১৯৩০-১৫ আগস্ট ১৯৭৫) ছিলেন বাংলাদেশের প্রথম ফার্স্ট লেডি এবং প্রথম রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানের স্ত্রী।

৬৭. Don't make a noise while your father —.
ⓚ is being sleep ⓛ asleep
ⓜ is sleeping ⓝ has slept

ব্যাখ্যা While-এর পর সরাসরি verb থাকলে verb-টির present participle (verb + ing) হয় কিন্তু while-এর পর subject থাকলে continuous tense হয়।

৬৮. 'লালসালু' উপন্যাসে কোন অঞ্চলের জীবনের চিত্র প্রতিফলিত হয়েছে?
ⓚ চট্টগ্রাম ⓛ সিলেট
ⓜ নোয়াখালী ⓝ ময়মনসিংহ

ব্যাখ্যা 'সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত সামাজিক উপন্যাস 'লালসালু'তে নোয়াখালী অঞ্চলের জীবনচিত্র প্রতিফলিত হয়েছে। তার রচিত অন্যান্য উপন্যাস– চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো।

৬৯. কোন বাক্যে সমধাতুজ কর্ম ব্যবহৃত হয়েছে?
ⓚ এমন সুখের মরণ কে মরতে পারে?
ⓛ এমন কষ্টের মরণ কেউ কি চায়?
ⓜ এমন সুখের মরণ কে না চায়?
ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা 'এমন সুখের মরণ কে মরতে পারে' বাক্যে সমধাতুজ কর্ম ব্যবহৃত হয়েছে। বাক্যের ক্রিয়া ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদকে সমধাতুজ কর্ম বলে। যেমন– আর কত খেলা খেলবে। মূল খেল্ ধাতু থেকে ক্রিয়াপদ 'খেলবে' এবং কর্মপদ 'খেলা' হয়েছে। তাই খেলা পদটি সমধাতুজ কর্ম।

৭০. কোনটি উপমিত কর্মধারয় সমাস?
ⓚ নরসিংহ ⓛ কাজল-কালো
ⓜ নদীমাতৃক ⓝ যাচ্ছেতাই

ব্যাখ্যা 'নর সিংহের ন্যায় = নরসিংহ' উপমিত কর্মধারয় সমাস। সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। যেমন– মুখ চন্দ্রের ন্যায় = চন্দ্রমুখ।

উত্তর	
৬২	খ
৬৩	ঘ
৬৪	ঘ
৬৫	ক
৬৬	খ
৬৭	গ
৬৮	গ
৬৯	ক
৭০	ক

বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমোটিভ মাস্টার ২০২২

পরীক্ষার তারিখ : ১৭.০৬.২০২২; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ৭০

১. 'রজনী' উপন্যাসটি কার লেখা?
ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓛ স্বর্ণকুমারী দেবী
ⓜ কালীপ্রসন্ন সিংহ ⓝ ঈশ্বরচন্দ্র গুপ্ত

ব্যাখ্যা 'রজনী' বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বাংলা ভাষার প্রথম রোমান্সধর্মী মনস্তাত্ত্বিক বিশ্লেষণমূলক উপন্যাস। এটি ১৮৭৫ সালে 'বঙ্গদর্শন' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। বই আকারে প্রকাশিত হয় ১৮৭৭ সালে। এ উপন্যাসের প্রধান চরিত্র 'রজনী' ও 'শচীন্দ্র'।

২. ২০০ টাকায় ৮টি কমলা ক্রয় করে প্রতিটি কমলা কত টাকায় বিক্রয় করলে ৪০% লাভ হবে?
ⓚ ৬০ টাকা ⓛ ৪৫ টাকা ⓜ ৩৫ টাকা ⓝ ৪০ টাকা

ব্যাখ্যা ১টি কমলার ক্রয়মূল্য $\frac{২০০}{৮} = ২৫$ টাকা
৪০% লাভে ক্রয়মূল্য ১০০ টাকা হলে
বিক্রয়মূল্য $(১০০ + ৪০) = ১৪০$ টাকা
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১৪০ টাকা
∴ ১ " " " $\frac{১৪০}{১০০}$ "
∴ ২৫ " " " $\frac{১৪০ \times ২৫}{১০০}$ "
$= ৩৫$ টাকা

৩. কোমল পানীয়তে কোনটি ব্যবহৃত হয়?
ⓚ CO_2 ⓛ O_2 ⓜ SO_2 ⓝ N_2

ব্যাখ্যা কার্বন-ডাই-অক্সাইড (CO_2) একটি বর্ণহীন, গন্ধহীন, অদাহ্য গ্যাস। কোমল পানীয়তে ঝাঁঝালো ভাব ধরে রাখার জন্য এটি ব্যবহৃত হয়। অপরদিকে, চিপসের প্যাকেটে নাইট্রোজেন (N_2) গ্যাস থাকে।

৪. 'উপরোধে ঢেঁকি গেলা' বাগধারাটির অর্থ কী?
ⓚ অনুরোধে পড়ে অসাধ্য সাধন করা
ⓛ অনুরোধে অনিচ্ছা সত্ত্বেও কিছু করা
ⓜ চাপে পড়ে অন্যায় কাজ করে ফেলা
ⓝ অনুরোধে ঢেঁকি গেলা

ব্যাখ্যা 'উপরোধে ঢেঁকি গেলা' বাগধারার অর্থ অনুরোধে অনিচ্ছা থাকা সত্ত্বেও কিছু করা। বাক্যে প্রয়োগ– তাদের সভায় যাবার কোনো ইচ্ছাই আমার ছিল না কী আর করা উপরোধে ঢেঁকি গিললাম। অন্যদিকে, 'অনুরোধে ঢেঁকি গেলা'র অর্থ দুরূহ কাজ করতে সম্মতি জ্ঞাপন।

৫. কোন স্থানে মানুষ ওজনহীন হয়?
ⓚ পৃথিবীর কেন্দ্রে ⓛ চন্দ্রপৃষ্ঠে
ⓜ মহাশূন্যে ⓝ মহাকাশযানে

ব্যাখ্যা আমরা জানি, ওজন = বস্তুর ভর × অভিকর্ষজ ত্বরণ। যেহেতু পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান শূন্য, সেহেতু পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য।

৬. What is the correct meaning of the following idioms 'Head and ear'?
ⓚ complete ⓛ partial ⓜ confused ⓝ agree

ব্যাখ্যা 'Head and ear' phrase-টির অর্থ সম্পূর্ণরূপে। অতএব সঠিক উত্তর অপশন (ক) complete।

৭. অগ্র-পশ্চাৎ বিবেচনা করে কাজ করে না যে—
ⓚ অদক্ষ ⓛ মূর্খ ⓜ অনভিজ্ঞ ⓝ অবিমৃশ্যকারী

ব্যাখ্যা অগ্র-পশ্চাৎ বিবেচনা করে কাজ করে না যে তাকে 'অবিমৃশ্যকারী' বলে। অন্যদিকে, 'দক্ষ নয় যে' তাকে বলে 'অদক্ষ' এবং 'অভিজ্ঞ নয় যে' তাকে বলে 'অনভিজ্ঞ'।

৮. মরুভূমিতে কেন মরীচিকা হয়?
ⓚ আলোর প্রতিসরণ ⓛ আলোর প্রতিফলন
ⓜ আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন
ⓝ কোনোটিই নয়

ব্যাখ্যা আলোকরশ্মি যখন ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে প্রবেশ করে তখন প্রতিসরণের নরুশ অভিলম্ব থেকে দূরে সরে যায়। আলো যখন ক্রান্তি কোণের চেয়ে বড় মানের কোণে বিভেদতলে আপতিত হয় তখন প্রতিসরিত না হয়ে প্রথম মাধ্যমেই ফিরে আসে। এভাবেই ঘটে পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন। আর এর ফলেই সৃষ্টি হয় মরীচিকার।

৯. The day of my sister's marriage is drawing near. Identify the underlined parts of speech.
ⓚ adjective ⓛ verb ⓜ preposition ⓝ adverb

ব্যাখ্যা প্রদত্ত বাক্যে 'near' শব্দটি ক্রিয়া সংঘটনের সময়কে নির্দেশ করছে। সুতরাং এটি adverb of time।

১০. বাংলাদেশ রেলওয়ের যাত্রা শুরু—
ⓚ ১৫ নভেম্বর, ১৮৬২ ⓛ ৭ জুলাই, ১৮৬৫
ⓜ ১৫ মার্চ, ১৯০৫ ⓝ ১৬ ডিসেম্বর, ১৯৭১

ব্যাখ্যা 'বাংলাদেশ রেলওয়ে' হলো বাংলাদেশের একটি রাষ্ট্রীয় মালিকানাধীন ও রাষ্ট্র পরিচালিত রেল পরিবহন সংস্থা। এর সদর দপ্তর ঢাকায় অবস্থিত। ১৮৬২ সালের ১৫ নভেম্বর চুয়াডাঙ্গার দর্শনা থেকে কুষ্টিয়ার জগতি পর্যন্ত রেলপথ স্থাপনের মাধ্যমে বাংলাদেশ রেলযুগে প্রবেশ করে।

১১. মুজিবনগর সরকারের প্রেসিডেন্ট কে ছিলেন?
ⓚ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ⓛ সৈয়দ নজরুল ইসলাম
ⓜ তাজউদ্দীন আহমদ ⓝ ক্যাপ্টেন মনসুর আলী

ব্যাখ্যা মুজিবনগর সরকারের উপরাষ্ট্রপতি ও ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম। তাজউদ্দীন আহমদ ছিলেন প্রধানমন্ত্রী। অর্থ, শিল্প ও বাণিজ্যমন্ত্রী ছিলেন ক্যাপ্টেন এম মনসুর আলী।

১২. $\text{Log}_2(1/8) = ?$
ⓚ 2 ⓛ 3 ⓜ −3 ⓝ −2

উত্তর	
০১	ক
০২	গ
০৩	ক
০৪	খ
০৫	ক
০৬	ক
০৭	ঘ
০৮	গ
০৯	ঘ
১০	ক
১১	ক
১২	গ

CamScanner

ব্যাখ্যা $\log_{2^{(1/8)}} = \log_{2^{\left(\frac{1}{2^3}\right)}}$

$= \log_{2^{2^{-3}}}$

$= -3\log_2 2 = -3\times 1 = -3$

১৩. বিষমবাহু ত্রিভুজের জন্য কোনটি সঠিক?

ক তিনটি বাহু সমান খ তিনটি কোণ সমান

গ তিনটি কোণের সমষ্টি দুই সমকোণ

ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা *বিষমবাহু ত্রিভুজের তিনটি কোণ অসমান এবং তিনটি বাহু অসমান। ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০° বা দুই সমকোণ।*

১৪. বাংলাদেশ রেলওয়েতে বিদ্যমান রেলওয়ে গেজ কয়টি?

ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

ব্যাখ্যা *বাংলাদেশ রেলওয়েতে বিদ্যমান রেলওয়ে গেজ ৩টি হলো– ব্রডগেজ (৫ ফুট ৬ ইঞ্চি বা ১৬৭৬ মি.মি.), মিটারগেজ (৩ ফুট ৬ ইঞ্চি বা ১০৬৭ মি.মি.) ও ন্যারো গেজ (২ ফুট ৬ ইঞ্চি বা ৭৬২ মি.মি.) উল্লেখ্য, ন্যারো গেজ রেলপথ চালু থাকলেও এখন আর তা ব্যবহৃত হয় না।*

১৫. দুটি সংখ্যার গ.সা.গু. ৮ ও ল.সা.গু ২৪। একটি সংখ্যা ১২ হলে, অপর সংখ্যাটি কত?

ক ১৬ খ ১৪ গ ৮ ঘ ১০

ব্যাখ্যা *দুইটি সংখ্যার গুণফল = গ.সা.গু. × ল.সা.গু.*

বা, অপর সংখ্যা $= \frac{\text{গ.সা.গু.} \times \text{ল.সা.গু.}}{\text{একটি সংখ্যা}}$

$= \frac{৮\times ২৪}{১২} = ১৬$

১৬. অবলম্বনের 'অব' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক নিম্নে খ সম্যকভাবে গ প্রতিকূল ঘ প্রস্তুতি

ব্যাখ্যা *'অবলম্বন'-এর 'অব' উপসর্গ 'সম্যক' অর্থে ব্যবহৃত হয়েছে। এরূপ আরো কয়েকটি শব্দ 'অবরোধ', 'অবগত', 'অবগাহন'।*

১৭. Choose the correct passive voice of 'Who taught you driving'?

ক By whom you taught driving?

খ By whom do you taught driving?

গ By whom were you taught driving?

ঘ By whom was you taught driving?

ব্যাখ্যা *Who দ্বারা যুক্ত Interrogative sentence-কে passive করার structure-টি হচ্ছে : By whom + auxiliary verb + subject + VPP + ? । প্রদত্ত অপশনগুলোর মধ্যে শুধু অপশন (গ)-তে সঠিক structure-টি রয়েছে।*

১৮. হাইড্রোকার্বন মূলত কত প্রকার?

ক ২ খ ৩ গ ৪ ঘ ১

ব্যাখ্যা *কার্বন ও হাইড্রোজেনের সমন্বয়ে গঠিত যৌগসমূহকে হাইড্রোকার্বন বলে। যেমন– মিথেন (CH_4), ইথেন (C_2H_6) ইত্যাদি। হাইড্রোকার্বনকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়। যথা– অ্যালিফেটিক হাইড্রোকার্বন ও অ্যারোমেটিক হাইড্রোকার্বন।*

১৯. Which sentence is correct?

ক They selected me captain.

খ He went to Ramna Park.

গ He has not came back from the work.

ঘ None of the above.

[Note : *অপশন (গ)-তে has-এর পরে verb-এর past form দেওয়া আছে যেটি সঠিক নয়। শুদ্ধ বাক্যটি হবে– He has not come back from the work। অন্যান্য অপশনগুলোর সবগুলোই সঠিক। প্রশ্নে যদি কোনটি incorrect sentence জিজ্ঞেস করতো তবে উত্তর হতো (গ)।*]

২০. আদমশুমারি কেন করা হয়?

ক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন খ সম্পদের হিসাব করা

গ জনসংখ্যা গণনা ঘ বাড়ি গণনা

ব্যাখ্যা *একটি দেশের জনসংখ্যা আনুষ্ঠানিকভাবে গণনা করাকে আদমশুমারি (বর্তমান নাম জনশুমারি) বলে। স্বাধীন বাংলাদেশে প্রথম আদমশুমারি হয় ১৯৭৪ সালে ও সর্বশেষ (৬ষ্ঠ) আদমশুমারি হয় ২০২২ সালে। উল্লেখ্য, জনশুমারি অনুষ্ঠিত হয় ১০ বছর পর পর।*

২১. দুটি বৃত্তের পরিসীমার অনুপাত ১ : ২ হলে তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?

ক ২ : ৩ খ ৩ : ৪ গ ৪ : ১ ঘ ১ : ৪

ব্যাখ্যা *মনে করি, বৃত্ত দুটির ব্যাসার্ধ $r_১$ ও $r_২$।*

এখন $২\pi r_১ : ২\pi r_২ = ১ : ২$

বা, $\frac{r_১}{r_২} = \frac{১}{২}$

বা, $\frac{(r_১)^২}{(r_২)^২} = \frac{১^২}{২^২}$

বা, $\frac{r_{১^২}}{r_{২^২}} = \frac{১}{৪}$

$\therefore \pi r_১^২ : \pi r_২^২ = ১ : ৪$

অর্থাৎ ক্ষেত্রফলের অনুপাত = ১ : ৪

২২. কোনো আসল ৩ বছরের সরল মুনাফাসহ ৪৬০ টাকা এবং ৫ বছরের সরল মুনাফাসহ ৬০০ টাকা হলে, শতকরা মুনাফার হার কত?

ক ৮% খ ৪% গ ৫% ঘ ১০%

[Note : *মনে করি, মুনাফার হার r%*

প্রশ্নমতে, $P\left(১+৩\times\frac{r}{১০০}\right) = ৪৬০$ .....(i)

এবং $P\left(১+৫\times\frac{r}{১০০}\right) = ৬০০$ .....(ii)

$(i)+(ii) \Rightarrow \frac{P\left(১+\frac{৩r}{১০০}\right)}{P\left(১+\frac{৫r}{১০০}\right)} = \frac{৪৬০}{৬০০}$

বা, $\frac{\frac{১০০+৩r}{১০০}}{\frac{১০০+৫r}{১০০}} = \frac{২৩}{৩০}$

বা, $\frac{১০০+৩r}{১০০+৫r} = \frac{২৩}{৩০}$

বা, $৩০০০ + ৯০r = ২৩০০ + ১১৫r$

বা, $১১৫r - ৯০r = ৩০০০ - ২৩০০$

বা, $২৫r = ৭০০$

বা, $r = \frac{৭০০}{২৫} = ২৮$

সঠিক উত্তর হবে ২৮%

[বি:দ্র : যদি প্রশ্নে ৬০০-এর স্থলে ৫০০ হতো তবে মুনাফার হার ৫% হতো।]

২৩. উৎপাদকে বিশ্লেষণ করুন : $3x^2 + x - 10$

ক $(x+5)(3x-2)$ খ $(x+2)(3x-5)$

গ $(x-5)(3x+2)$ ঘ $(x+2)(3x+5)$

ব্যাখ্যা $3x^2 + x - 10$

$= 3x^2 + 6x - 5x - 10$

$= 3x(x+2) - 5(x+2)$

$= (x+2)(3x-5)$

২৪. একটি পরিবাহীর দৈর্ঘ্য L, প্রস্থচ্ছেদ A এবং আপেক্ষিক রোধ P হলে—

ক $P = RA/L$ খ $A = RL/p$

গ $L = Rp/A$ ঘ $R = A/pL$

ব্যাখ্যা *নির্দিষ্ট তাপমাত্রায় নির্দিষ্ট উপাদানের পরিবাহীর রোধ এর দৈর্ঘ্যের সমানুপাতে এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলের ব্যস্তানুপাতে পরিবর্তিত হয়।*

$\therefore R \propto \frac{L}{A}$

বা, $R = P\frac{L}{A}$ *[P একটি সমানুপাতিক ধ্রুবক]*

$\therefore P = \frac{RA}{L}$

২৫. প ফ ব ভ ম-এগুলো কী ধরনের বর্ণ?

ক দন্ত্য বর্ণ খ ওষ্ঠ্য বর্ণ গ তালব্য বর্ণ ঘ কণ্ঠ্য বর্ণ

ব্যাখ্যা *যেসব ব্যঞ্জনবর্ণের উচ্চারণে উভয় ঠোঁট স্পর্শ করা হয় সেগুলোকে ওষ্ঠ্য বর্ণ বলে। প, ফ, ব, ভ, ম এগুলো ওষ্ঠ্য বর্ণ।*

২৬. 'He cut a pencil.' Identify the tense of this sentence.

ক Present Indefinite খ Past Indefinite

গ Present Perfect ঘ Past Perfect

ব্যাখ্যা *Present indefinite tense-এ third person singular number-এর পরবর্তী verb সর্বদা plural হয়। যেহেতু প্রদত্ত বাক্যে সেটি নেই সেহেতু এটি অবশ্যই past indefinite tense।*

২৭. H_2SO_4-এ S-এর জারণ সংখ্যা কত?

ক 6 খ +6 গ −6 ঘ +4

ব্যাখ্যা *ধরি, H_2SO_4-এ S-এর জারণ সংখ্যা x। এখানে H-এর জারণ সংখ্যা +1 ও O-এর জারণ সংখ্যা −2। আমরা জানি, নিরপেক্ষ যৌগে পরমাণুসমূহের মোট জারণ সংখ্যা শূন্য হয়।*

$\therefore (-1)\times 2 + x + (-2)\times 4 = 0$

$\therefore x = +6$

২৮. 'ক' থেকে 'ম' পর্যন্ত পঁচিশটি ধ্বনিকে কী বলে?

ক কণ্ঠ্য ধ্বনি খ স্পর্শ ধ্বনি

গ তালব্য ধ্বনি ঘ মূর্ধন্য ধ্বনি

ব্যাখ্যা *যেসব ধ্বনি উচ্চারণের সময় জিভের কোনো না কোনো অংশের সাথে কণ্ঠ, তালু, মূর্ধা, দন্ত, ওষ্ঠ এগুলোর স্পর্শ ঘটে তাই এদের স্পর্শ ধ্বনি বলে। ক থেকে ম পর্যন্ত ২৫টি ধ্বনি হচ্ছে স্পর্শ ধ্বনি।*

২৯. কোন বানানটি শুদ্ধ?

ক নিশীথ খ নিশিথ গ নীশিথ ঘ নীশীথ

ব্যাখ্যা *আরো কতিপয় শুদ্ধ বানান : মুমূর্ষু, শিরশ্ছেদ, মনঃকষ্ট, ইতোমধ্যে, সমীচীন।*

৩০. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ২০ মিটার ও প্রস্থ ১৬ মিটার। উহার চারপাশে ২ মিটার প্রশস্ত রাস্তা থাকলে রাস্তার ক্ষেত্রফল কত?


ক ১২০ খ ১৮০ গ ১৬০ ঘ ১৩৫

ব্যাখ্যা *রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য = ২০ মি.*

" " প্রস্থ = ১৬ মি.

" "ক্ষেত্রফল = (২০ × ১৬) বর্গ মি.

= ৩২০ বর্গ মি.



রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = ২০ + ২ × ২ = ২৪মি.

রাস্তাসহ বাগানের প্রস্থ = ১৬ + ২ × ২ = ২০ মি.

রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = ২৪ × ২০ = ৪৮০ বর্গ মি.

∴ রাস্তার ক্ষেত্রফল = (৪৮০ − ৩২০) বর্গ মি.

= ১৬০ বর্গ মি.

৩১. Choose the correct translation of 'সে কঠোর পরিশ্রম করে, তাই না?'

ক He works hard, isn't it?

খ He works hard, isn't he?

গ He works hard, doesn't he?

ঘ He works hard, doesn't it?

ব্যাখ্যা *Tag question-এর ক্ষেত্রে বাক্যে একটিমাত্র principal verb থাকলে do/does/did দিয়ে tag question করতে হয়। সুতরাং rules অনুযায়ী অপশন (গ) সঠিক।*

৩২. Fill in the blank : No sooner had we reached the station — the train left.

ক when খ then গ than ঘ but

ব্যাখ্যা *No sooner had-যুক্ত sentence-এর প্রথম অংশ হয় past indefinite এবং দ্বিতীয় অংশ হয় past perfect এবং no sooner-এর সাথে conjunction বা linker হিসেবে than ব্যবহৃত হয়।*

উত্তর

১৩	গ
১৪	খ
১৫	ক
১৬	খ
১৭	গ
১৮	ক
১৯	Note
২০	গ
২১	ঘ
২২	Note
২৩	খ
২৪	ক
২৫	খ
২৬	খ
২৭	খ
২৮	খ
২৯	ক
৩০	গ
৩১	গ
৩২	গ

CamScanner

৩৩. Choose the correct translation : 'আমি তার প্রস্তাবে না হেসে পারলাম না'—
ⓚ I could not laugh his proposal.
ⓛ I only laughed with his proposal.
ⓜ I could not but laugh at his proposal.
ⓝ I did laugh with his proposal.
ব্যাখ্যা 'পারলাম না' বোঝাতে could not but বসে। বাক্যটি সঙ্গতিপূর্ণ করতে preposition হিসেবে at বসবে।

৩৪. ৫ + ৮ + ১১ + ১৪ + ... ধারাটির কোন পদ ৩৮৩?
ⓚ ১২৪ ⓛ ১২৫ ⓜ ১২৬ ⓝ ১২৭
ব্যাখ্যা প্রথম পদ, $a = ৫$
সাধারণ অন্তর, $d = ৩$
ধরি, ধারাটির n-তম পদ ৩৮৩
প্রশ্নমতে, $৫ + (n-১) \times ৩ = ৩৮৩$
বা, $(n-১) \times ৩ = ৩৮৩ - ৫$
বা, $n - ১ = \frac{৩৭৮}{৩}$
বা, $n = ১২৬ + ১$
$\therefore n = ১২৭$

৩৫. উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?
ⓚ মুখচন্দ্র ⓛ ক্রোধানল ⓜ মনমাঝি ⓝ তুষারশুভ্র
ব্যাখ্যা সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমান পদের যে সমাস হয় তাকে উপমান কর্মধারয় সমাস বলে। 'তুষারশুভ্র' একটি উপমান কর্মধারয় সমাস যার ব্যাসবাক্য 'তুষারের ন্যায় শুভ্র'। এখানে 'তুষার' হচ্ছে উপমান এবং 'শুভ্র' হচ্ছে সাধারণ ধর্ম।

৩৬. আপেলের দাম ২৫% বৃদ্ধি পাওয়ায় এর ব্যবহার কত হ্রাস করলে খরচ অপরিবর্তিত থাকবে?
ⓚ ১৫% ⓛ ২০% ⓜ ৩০% ⓝ ৪০%
ব্যাখ্যা মনে করি, আপেলের পূর্বমূল্য ১০০ টাকা
২৫% বৃদ্ধিতে বর্তমান মূল্য (১০০ + ২৫) = ১২৫ টাকা
বর্তমান মূল্য ১২৫ টাকা হলে পূর্বমূল্য = ১০০ টাকা
$\therefore$ " " ১ " " " $= \frac{১০০}{১২৫}$ "
$\therefore$ " " ১০০ " " " $= \frac{১০০ \times ১০০}{১২৫}$ "
$= ৮০$ টাকা
$\therefore$ আপেলের ব্যবহার কমাতে হবে $(১০০ - ৮০)\% = ২০\%$।

৩৭. In which sentence gerund has been used correctly?
ⓚ I saw the girl dancing.
ⓛ I am dancing on the floor.
ⓜ Dancing is a good exercise.
ⓝ The girl came here dancing.
ব্যাখ্যা Gerund (verb + ing) সাধারণত একই সাথে verb ও noun-এর কাজ করে। Admit, complete, deny, discuss, recall, start ইত্যাদি শব্দগুলোর পর verb + ing হয়।

৩৮. পদ্মাসেতুতে কোন ধরনের রেললাইনের সংস্থান আছে?
ⓚ মিটারগেজ ডাবল লাইন ⓛ ব্রডগেজ সিঙ্গেল লাইন
ⓜ ডুয়েলগেজ লাইন ⓝ ডুয়েলগেজ ডাবল লাইন
ব্যাখ্যা ব্রডগেজ লাইনের প্রস্থ ৫ ফুট ৬ ইঞ্চি বা ১৬৭৬ মি.মি.। বাংলাদেশ রেলওয়ে নেটওয়ার্কে ব্রড গেজ রেল লাইনের পরিমাণ ৬৮২ কি.মি.।

৩৯. ভাষার মূল উপকরণ কী?
ⓚ শব্দ ⓛ বাক্য ⓜ ধ্বনি ⓝ বর্ণ
ব্যাখ্যা ভাষার মূল উপকরণ হচ্ছে বাক্য। বাক্যের মাধ্যমে মনের ভাব পূর্ণাঙ্গভাবে প্রকাশ পায়। ধ্বনি, বর্ণ ও শব্দ একটি বাক্যের মধ্যেই নিহিত থাকে। তাই ভাষার মূল উপকরণ বাক্য।

৪০. UNESCO-এর সদরদপ্তর কোথায়?
ⓚ লন্ডন ⓛ প্যারিস ⓜ নিউইয়র্ক ⓝ জেনেভা
ব্যাখ্যা জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা (UNESCO – United Nations Educational Scientific and Cultural Organization) প্রতিষ্ঠার লক্ষ্যে সনদ স্বাক্ষরিত হয় ১৯৪৫ সালের ১৬ নভেম্বর (কার্যকর হয় ১৯৪৬ সালের ৪ নভেম্বর)। এর সদর দপ্তর ফ্রান্সের প্যারিস শহরে। বাংলাদেশ এই সংস্থার সদস্যপদ লাভ করে ১৯৭২ সালের ২৭ অক্টোবর।

৪১. মুক্তিযুদ্ধের কোন সেক্টরে কোনো নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না?
ⓚ ৭ নং সেক্টর ⓛ ১০ নং সেক্টর
ⓜ ৩ নং সেক্টর ⓝ ১ নং সেক্টর
ব্যাখ্যা অভ্যন্তরীণ নৌপথ ও সমুদ্র উপকূলীয় অঞ্চল-চট্টগ্রাম ও চালনা ১০নং সেক্টরের অধীনে ছিল। এই সেক্টরের সদর দপ্তর ছিল নৌবাহিনীর কমান্ডারের অধীনে। এই সেক্টরে কোনো নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না, নৌবাহিনীর আটজন বাঙালি কর্মকর্তা এই সেক্টরের দায়িত্বে নিয়োজিত ছিলেন।

৪২. কোনটি দৈর্ঘ্যের একক নয়?
ⓚ আলোকবর্ষ ⓛ মাইক্রন ⓜ মিটার ⓝ হার্জ
ব্যাখ্যা আলোকবর্ষ, মাইক্রন ও মিটার হলো দৈর্ঘ্যের একক। কিন্তু হার্জ (Hz) হলো কম্পাঙ্কের এস.আই. (SI) একক।

৪৩. Choose the correct spelling from the following alternative—
ⓚ infrastructure ⓛ infrustructure
ⓜ infrastrukture ⓝ infrustructur
ব্যাখ্যা শুদ্ধ বানান Infrastructure; যার অর্থ অবকাঠামো বা পরিকাঠামো।

৪৪. Which of the following is not plural form?
ⓚ bacteria ⓛ formula ⓜ genera ⓝ media
ব্যাখ্যা অপশনগুলোর মধ্যে 'formula' শব্দটি singular; যার plural form formulae/formulas। অন্য শব্দগুলো plural যাদের singular form যথাক্রমে bacterium, genus এবং medium।

৪৫. প্রতিটি অংক কেবল একবার নিয়ে ৮, ৯, ৭, ৬, ৩, ২ অঙ্কগুলো দ্বারা ৩ অংকবিশিষ্ট কতগুলো ভিন্ন ভিন্ন সংখ্যা গঠন করা যায়?
ⓚ ১০০ ⓛ ১২০ ⓜ ১৪০ ⓝ ১৬০

উত্তর

৩৩	গ
৩৪	ঘ
৩৫	ঘ
৩৬	খ
৩৭	গ
৩৮	খ
৩৯	খ
৪০	খ
৪১	খ
৪২	ঘ
৪৩	ক
৪৪	ব
৪৫	ব

ব্যাখ্যা ৮, ৯, ৭, ৬, ৩, ২ সংখ্যাগুলো থেকে ৩টি করে অঙ্ক নিলে গঠিত বিন্যাস $= {}^{৬}C_{৩} \times ৩! = \frac{৬!}{৩!৩!} \times ৩!$
$= \frac{৬ \times ৫ \times ৪ \times ৩!}{৩! \times ৩!} \times ৩!$
$= ৬ \times ৫ \times ৪ = ১২০$

৪৬. Choose the synonym of 'obscure'—
ⓚ pure ⓛ accurate ⓜ useful ⓝ unclear
ব্যাখ্যা 'Obscure' শব্দটির অর্থ অস্পষ্ট, ঝাপসা। 'Unclear' শব্দের অর্থও অস্পষ্ট। বাকি অপশনগুলোর মধ্যে pure- বিশুদ্ধ, useful- দরকারি, accurate- যথাযথ। সুতরাং সঠিক উত্তর অপশন (ঘ)।

৪৭. 'অলস'-এর বিশেষ্য পদ কোনটি?
ⓚ আলস্য ⓛ আলসে ⓜ অলসতা ⓝ আলসেমী
ব্যাখ্যা আরো কতিপয় বিশেষ্য – তারুণ্য, বার্ধক্য, অকর্মণ্য।

৪৮. কোন তাপমাত্রায় ফারেনহাইট ও সেন্টিগ্রেড স্কেল একই পাঠ দিবে?
ⓚ 30° ⓛ −40° ⓜ 60° ⓝ −20°
ব্যাখ্যা ধরি, ফারেনহাইট ও সেন্টিগ্রেড স্কেলের তাপমাত্রা x।
আমরা জানি, $\frac{C}{5} = \frac{F-32}{9}$
বা, $\frac{x}{5} = \frac{x-32}{9}$
বা, $9x = 5x - 160$
বা, $4x = -160$
$\therefore x = -40$

৪৯. বাংলাদেশ রেলওয়ের দুটি জংশন স্টেশন—
ⓚ খুলনা ও আব্দুল্লাহপুর ⓛ লাকসাম ও আখাউড়া
ⓜ পার্বতীপুর ও রাজশাহী ⓝ ঈশ্বরদী ও টাঙ্গাইল
ব্যাখ্যা লাকসাম ও আখাউড়া রেলওয়ে জংশন স্টেশন দুটি যথাক্রমে কুমিল্লা জেলার লাকসাম উপজেলা ও ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া উপজেলায় অবস্থিত।

৫০. Choose the pair of article and preposition for the following sentence. Water is — important element — the environment.
ⓚ an - of ⓛ a - of
ⓜ an - on ⓝ the - on
ব্যাখ্যা Important-এর পূর্বে article হিসেবে an বসবে এবং environment-এর গুরুত্বপূর্ণ উপাদান বোঝাতে of বসবে। সুতরাং সঠিক উত্তর (ক)।


৫১. My father arrived while I — the book.
ⓚ would read ⓛ had read
ⓜ read ⓝ was reading
ব্যাখ্যা While-যুক্ত sentence-এর পূর্বে simple past tense হলে পরবর্তী clause-টি হবে past continuous tense।

৫২. Choose the antonym of 'despicable'—
ⓚ significant ⓛ satire
ⓜ familiar ⓝ allure
ব্যাখ্যা 'Despicable' অর্থ নিন্দিত বা হেয়। বাকি অপশনগুলোর মধ্যে significant-গুরুত্বপূর্ণ, satire-বিদ্রূপ, familiar-সুপরিচিত, allure-প্রলুব্ধ করা। অতএব, despicable-এর antonym হবে significant।

৫৩. শব্দ ও ধাতুর মূলকে কী বলে?
ⓚ বিভক্তি ⓛ ধাতু ⓜ প্রকৃতি ⓝ কারক
ব্যাখ্যা শব্দ বা ধাতুর মূলকে প্রকৃতি বলে। কোনো মৌলিক শব্দের যে অংশকে আর কোনোভাবেই বিভক্ত বা বিশ্লেষণ করা যায় না, তাকে প্রকৃতি বলে।

৫৪. 10kg ভরের একটি স্থির বস্তুর ওপর 10S ব্যাপী 10N বল প্রয়োগ করা হলে উহার গতিশক্তি কত?
ⓚ 300 J ⓛ 500 J ⓜ 360 J ⓝ 200 J
ব্যাখ্যা আমরা জানি, $F = ma$
বা, $a = \frac{F}{m} = \frac{10N}{10kg} = 1ms^{-2}$
$m = 10kg$, $V_0 = 0$, $F = 10N$, $t = 10S$
আবার, $V = V_0 + at$
$= 0 + 1.10 = 10ms^{-1}$
$\therefore$ গতিশক্তি, $K = \frac{1}{2}mv^2$
$= \frac{1}{2} \cdot 10 \cdot (10)^2 = 500j$

৫৫. একটি সমকোণী ত্রিভুজের ভূমি ৩০ সে.মি., উচ্চতা ৪০ সে.মি. হলে, অতিভুজ কত সে. মি.?
ⓚ ২০ ⓛ ৪০ ⓜ ৫০ ⓝ ৭০
ব্যাখ্যা মনে করি, অতিভুজ x সে.মি.
$\therefore$ পীথাগোরাসের সূত্র অনুযায়ী,
$x^2 = ৪০^2 + ৩০^2$
বা, $x = \sqrt{১৬০০ + ৯০০}$
বা, $x = \sqrt{২৫০০}$
$\therefore x = ৫০$



৫৬. NATO কী?
ⓚ আঞ্চলিক জোট ⓛ সামরিক জোট
ⓜ বাণিজ্যিক জোট ⓝ বিশ্ব জোট
ব্যাখ্যা উত্তর আটলান্টিক নিরাপত্তা জোট বা ন্যাটো (NATO-North Atlantic Treaty Organization) গঠিত হয় ১৯৪৯ সালের ৪ এপ্রিল। এটি বর্তমানে বিশ্বের বৃহত্তম সামরিক জোট। এর সদস্য সংখ্যা ৩০। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত। উল্লেখ্য, সর্বশেষ ন্যাটোতে যোগ দেয় উত্তর মেসিডোনিয়া।

৫৭. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ⓚ বাক্ + আড়ম্বর ⓛ বাক্ + অম্বর
ⓜ বাগ + আড়ম্বর ⓝ বাগ + অম্বর
ব্যাখ্যা 'বাগাড়ম্বর'-এর সন্ধিবিচ্ছেদ 'বাক্ + আড়ম্বর'। এটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ। এরূপ আরো কতিপয় সন্ধি : বাক্ + দান = বাগ্দান, দিক্ + বিজয় = দিগ্বিজয়।

উত্তর

৪৬	ঘ
৪৭	ক
৪৮	খ
৪৯	খ
৫০	ক
৫১	ঘ
৫২	ক
৫৩	গ
৫৪	খ
৫৫	গ
৫৬	খ
৫৭	ক

CamScanner

৫৮. কোনটি অনবায়নযোগ্য জ্বালানি?
ⓚ বায়ু ⓛ সৌরশক্তি ⓜ কয়লা ⓝ জলবিদ্যুৎ
ব্যাখ্যা যেসব শক্তির উৎস মাত্র একবার ব্যবহার করা যায় তাকে অনবায়নযোগ্য শক্তি বলে। অনবায়নযোগ্য শক্তির অন্যতম উৎস হলো– কয়লা, তেল, প্রাকৃতিক গ্যাস, বায়োমাস ইত্যাদি।

৫৯. A-এর মান নির্ণয় কর : $(\cos A - \sin A)/(\cos A + \sin A) = (1-\sqrt{3})/(1+\sqrt{3})$
ⓚ 90° ⓛ 30° ⓜ 45° ⓝ 60°
ব্যাখ্যা $\frac{\cos A-\sin A}{\cos A+\sin A}=\frac{1-\sqrt{3}}{1+\sqrt{3}}$
বা, $\frac{\cos A-\sin A+\cos A+\sin A}{\cos A-\sin A-\cos A-\sin A}=\frac{1-\sqrt{3}+1+\sqrt{3}}{1-\sqrt{3}-1-\sqrt{3}}$ [যোজন-বিয়োজন করে]
বা, $\frac{2\cos A}{-2\sin A}=\frac{2}{-2\sqrt{3}}$
বা, $\frac{\cos A}{\sin A}=\frac{1}{\sqrt{3}}$
বা, $\frac{\sin A}{\cos A}=\sqrt{3}$ [ব্যস্তকরণ করে]
বা, $\tan A=\sqrt{3}$
$\therefore A=\tan^{-1}\sqrt{3}=60°$

৬০. 'দহগ্রাম ছিটমহল' কোন জেলার অন্তর্গত?
ⓚ লালমনিরহাট ⓛ রংপুর ⓜ কুড়িগ্রাম ⓝ গাইবান্ধা
ব্যাখ্যা দহগ্রাম ছিটমহল লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার অন্তর্গত। এই ছিটমহলের আয়তন ৩৫ বর্গমাইল। লালমনিরহাট জেলাকে ছিটমহলবেষ্টিত জেলা বলা হয়। উল্লেখ্য, বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় চুক্তি কার্যকর হয় ২০১৫ সালের ১ আগস্ট।

৬১. $x-\frac{1}{x}=3$ হলে, $x^2+\frac{1}{x^2}=?$
ⓚ 13 ⓛ 11 ⓜ 9 ⓝ 15
ব্যাখ্যা দেওয়া আছে, $x-\frac{1}{x}=3$
এখন, $x^2+\frac{1}{x^2}=\left(x-\frac{1}{x}\right)^2+2x.\frac{1}{x}$
$=(3)^2+2=9+2=11$

৬২. কোনটি গ্রিনহাউজ গ্যাস নয়?
ⓚ CO_2 ⓛ CH_4 ⓜ NO_2 ⓝ N_2
ব্যাখ্যা উষ্ণতা বৃদ্ধিকারী গ্যাসগুলোকে গ্রিনহাউজ গ্যাস বলে। এই গ্যাসের প্রভাব হলো– তাপ আটকে পড়ে সার্বিক তাপমাত্রা বৃদ্ধি করে। গ্রিনহাউজ গ্যাসগুলো হলো– কার্বনডাই-অক্সাইড (৪৯%), জলীয় বাষ্প (১৩%), মিথেন (১৮%), ক্লোরোফ্লোরো কার্বন (১৪%), নাইট্রাস অক্সাইড (৬%) প্রভৃতি।

৬৩. 'সমিতি' কোন লিঙ্গ?
ⓚ ক্লীবলিঙ্গ ⓛ পুংলিঙ্গ ⓜ স্ত্রীলিঙ্গ ⓝ উভয়লিঙ্গ
ব্যাখ্যা যা পুং ও স্ত্রী কোনো লিঙ্গেরই অন্তর্ভুক্ত নয় তাকে ক্লীবলিঙ্গ বলে। 'সমিতি' ক্লীবলিঙ্গের উদাহরণ। আরো কতিপয় উদাহরণ– চেয়ার, কলম।

৬৪. পাঁচটি সংখ্যার সমষ্টি ১০০। ১ম ও ২য় সংখ্যার গড় ২০। ৩য় ও ৪র্থ সংখ্যার সমষ্টি ৫০। শেষ সংখ্যাটি কত?
ⓚ ১০ ⓛ ২০ ⓜ ২৫ ⓝ ৩০
ব্যাখ্যা মনে করি, পঞ্চম সংখ্যাটি x
প্রশ্নমতে, $20\times2+50+x=100$
বা, $90+x=100$
$\therefore x=10$

৬৫. ইথানয়িক এসিডের সংকেত কী?
ⓚ C_2H_5OH ⓛ $HCOOH$ ⓜ HCO_3 ⓝ CH_3COOH
ব্যাখ্যা ইথানয়িক এসিড বা এসিটিক এসিড একটি দুর্বল প্রকৃতির এসিড। আম, জলপাই ইত্যাদি নানা রকম আচার সংরক্ষণে এই এসিড ব্যবহৃত হয়। এই এসিডকে ভিনেগারও বলা হয়।

৬৬. তড়িৎ বিশ্লেষণের মাধ্যমে কোনো ধাতুর ওপর অন্য ধাতুর প্রলেপ দেওয়াকে কী বলে?
ⓚ ভলকানাইজিং ⓛ ধাতুর বিশোধন
ⓜ গ্যালভানাইজিং ⓝ ইলেকট্রোপ্লেটিং
ব্যাখ্যা তড়িৎ বিশ্লেষণ বা ইলেকট্রোলাইসিস প্রক্রিয়ায় একটি ধাতুর ওপর অন্য একটি ধাতুর আবরণ দেওয়াকে ইলেকট্রোপ্লেটিং বলে। এই প্রক্রিয়ায় সাধারণত একটি সক্রিয় ধাতুর ওপর অন্য একটি কম সক্রিয় ধাতুর আবরণ দেওয়া হয়। যেমন– লোহার ওপর নিকেল ও ক্রোমিয়ামের আবরণ দেওয়া হয়।

৬৭. সূর্য হতে কোন প্রক্রিয়ায় আলো পৃথিবীতে আসে?
ⓚ বিকিরণ ⓛ পরিবহন
ⓜ পরিচলন ⓝ বিকিরণ ও পরিবহন
ব্যাখ্যা যে প্রক্রিয়ায় তাপ জড় মাধ্যমের সাহায্য ছাড়াই তড়িৎচৌম্বক তরঙ্গের আকারে উষ্ণ বস্তু থেকে শীতল বস্তুতে সঞ্চালিত হয় তাকে বিকিরণ প্রক্রিয়া বলে। তাপ সঞ্চালনের অপর দুটি প্রক্রিয়া হলো– পরিবহণ ও পরিচলন।

৬৮. শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ অভিন্ন হলে—
ⓚ মৌলিক শব্দ হয় ⓛ যৌগিক শব্দ হয়
ⓜ রূঢ়ি শব্দ হয় ⓝ যোগরূঢ় শব্দ হয়
ব্যাখ্যা যেসব শব্দের উৎপত্তিগত অর্থ এবং ব্যবহারিক অর্থ একই বা অভিন্ন হয় তাদের যৌগিক শব্দ বলে। যেমন– গায়ক, কর্তব্য, দৌহিত্র।

৬৯. Cl_2-এর আণবিক ভর কত?
ⓚ 35.5 ⓛ 72 ⓜ 71 ⓝ 36
ব্যাখ্যা কোনো অণুতে বিদ্যমান সকল পরমাণুর পারমাণবিক ভর যোগ করলে ঐ অণুর আণবিক ভর পাওয়া যায়। Cl_2-এর অণুতে Cl পরমাণু আছে ২টি।
অতএব, Cl_2-এর আণবিক ভর $=2\times Cl$-এর পারমাণবিক ভর
$=2\times35.5=71$

৭০. 'সৌম্য'-এর বিপরীত শব্দ কোনটি?
ⓚ শান্ত ⓛ উদ্ধত ⓜ উগ্র ⓝ কঠিন
ব্যাখ্যা 'উগ্র' হচ্ছে 'সৌম্য' শব্দের বিপরীত শব্দ। অন্যদিকে, 'শান্ত', 'উদ্ধত' ও 'কঠিন' শব্দের বিপরীত শব্দ যথাক্রমে 'অশান্ত', 'বিনীত', 'কোমল'।

উত্তর
৫৮ গ
৫৯ ঘ
৬০ ক
৬১ খ
৬২ ঘ
৬৩ ক
৬৪ ক
৬৫ ঘ
৬৬ ঘ
৬৭ ক
৬৮ খ
৬৯ গ
৭০ গ

খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক ২০২১

পরীক্ষার তারিখ : ১৯.১১.২০২১; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ১০০

১. 'নীল অপরাজিতা' উপন্যাসটির রচয়িতা কে?
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓛ কাজী নজরুল ইসলাম
ⓜ শামসুর রাহমান ⓝ হুমায়ূন আহমেদ
ব্যাখ্যা 'নীল অপরাজিতা' উপন্যাসের রচয়িতা হুমায়ূন আহমেদ। তার রচিত আরও কয়েকটি উপন্যাস– নন্দিত নরকে, শঙ্খনীল কারাগার, প্রিয়তমেষু, জয়জয়ন্তী, এলেবেলে, আনন্দ বেদনার কাব্য, লীলাবতী।

২. 'সব কটা জানালা খুলে দাও না' গানটির সুরকার কে?
ⓚ কাজী নজরুল ইসলাম ⓛ নজরুল ইসলাম বাবু
ⓜ গোবিন্দ হালদার ⓝ আপেল মাহমুদ
[Note : 'সব কটা জানালা খুলে দাও না'– গানটির সুরকার আহমেদ ইমতিয়াজ বুলবুল; গানটির গীতিকার নজরুল ইসলাম বাবু এবং কণ্ঠশিল্পী সাবিনা ইয়াসমিন।]

৩. 'ব্রজবুলি' বলতে কী বোঝানো হয়?
ⓚ ব্রজ সম্প্রদায়ের কথা ⓛ বাংলা ও হিন্দির যোগফল
ⓜ একরকম কৃত্রিম কবিভাষা ⓝ অপভ্রংশ
ব্যাখ্যা 'ব্রজবুলি' বাংলা ও মৈথিলী ভাষার মিশ্রণে গঠিত এক প্রকার কৃত্রিম কবিভাষা। এ ভাষার স্রষ্টা বিদ্যাপতি।

৪. বাংলা ভাষার খাঁটি বাংলা উপসর্গ কয়টি?
ⓚ ২১ ⓛ ২২ ⓜ ২০ ⓝ ১৯
ব্যাখ্যা বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা : খাঁটি বাংলা (২১টি), তৎসম বা সংস্কৃত (২০টি) ও বিদেশি।

৫. 'নীহারিকা দেবী' ছদ্মনামে কে লিখতেন?
ⓚ অরুন্ধতী রায় ⓛ কামিনী রায়
ⓜ প্রমথ চৌধুরী ⓝ অচিন্ত্যকুমার সেনগুপ্ত
ব্যাখ্যা অচিন্ত্যকুমার সেনগুপ্তের ছদ্মনাম 'নীহারিকা দেবী'। কামিনী রায়ের ছদ্মনাম 'জনৈক বঙ্গ মহিলা'। প্রমথ চৌধুরীর ছদ্মনাম 'বীরবল'।

৬. 'জল' শব্দের সমার্থক নয় কোনটি?
ⓚ নীর ⓛ সলিল ⓜ উদক ⓝ জলধি
ব্যাখ্যা 'জল' শব্দের সমার্থক শব্দ– নীর, সলিল, উদক, বারি, অম্বু, অপ, অম্ভ, তোয়, পানি। 'জলধি' শব্দের সমার্থক শব্দ– সাগর, সমুদ্র, বারিধি, অর্ণব, রত্নাকর, পারাবার, পাথার, সিন্ধু।

৭. নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান?
ⓚ কষ্ট ⓛ উপনিষৎ ⓜ কল্যাণীয়েষু ⓝ আষাঢ়
ব্যাখ্যা তৎসম শব্দের বানানে ষ-এর ব্যবহারের নিয়মকে ষত্ব বিধান বলে। তবে কতগুলো শব্দে নিত্য বা স্বভাবতই 'ষ' হয়। যেমন– আষাঢ়, ষড়ঋতু, রোষ, কোষ, পাষাণ, মানুষ, ঔষধ, দ্বেষ ইত্যাদি।

৮. 'খণ্ড প্রলয়' বাগধারাটির অর্থ কী?
ⓚ সামান্য বস্তু ⓛ কোলাহল
ⓜ ভীষণ ব্যাপার ⓝ ভীষণ গণ্ডগোল
ব্যাখ্যা 'খণ্ড প্রলয়' বাগধারার অর্থ ভীষণ গণ্ডগোল/তুমুল কাণ্ড। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা : ব্যাঙের আধুলি– সামান্য সম্পদ, মগের মুল্লুক– অরাজক দেশ, রাবণের চিতা– চির অশান্তি।

৯. কবি জীবনানন্দ দাশ জন্মগ্রহণ করেন কোথায়?
ⓚ বরিশালে ⓛ সাতক্ষীরায় ⓜ মেদিনীপুরে ⓝ কলকাতায়
ব্যাখ্যা কবি জীবনানন্দ দাশ ১৮৯৯ সালের ১৭ ফেব্রুয়ারি বরিশালে জন্মগ্রহণ করেন। তার আদি নিবাস বিক্রমপুর। রূপসী বাংলার কবি, ধূসরতার কবি, নির্জনতার কবি, তিমির হননের কবি এরূপ বিভিন্ন অভিধায় তাকে অভিহিত করা হয়। তার উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ– ঝরাপালক, ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী, রূপসী বাংলা। তিনি ১৯৫৪ সালের ২২ অক্টোবর ট্রেন দুর্ঘটনায় মারা যান।

১০. 'ঢেউ'-এর প্রতিশব্দ কোনটি?
ⓚ বারিধি ⓛ ঊর্মি ⓜ তটিনী ⓝ বীচি
[Note : ঢেউ-এর প্রতিশব্দ– ঊর্মি, বীচি। সাগর-এর প্রতিশব্দ বারিধি এবং নদী-এর প্রতিশব্দ তটিনী।]

১১. বিশেষ অর্থে ব্যবহৃত হয়েছে কোন উপসর্গটি?
ⓚ উপকণ্ঠ ⓛ উপবন ⓜ উপভোগ ⓝ উপগ্রহ
ব্যাখ্যা সংস্কৃত 'উপ' উপসর্গযোগে গঠিত উপভোগ শব্দে 'উপ' উপসর্গটি বিশেষ অর্থে ব্যবহৃত হয়েছে। অন্যদিকে উপকণ্ঠ, উপবন ও উপগ্রহ শব্দে 'উপ' উপসর্গটি যথাক্রমে সামীপ্য, সদৃশ ও ক্ষুদ্র অর্থে ব্যবহৃত হয়েছে।

১২. নিচের কোনটি অশুদ্ধ?
ⓚ প্রসন্ন-বিষণ্ন ⓛ নিষ্পাপ-পাপিনী
ⓜ অহিংসা-সহিংস ⓝ দোষী-নির্দোষী
ব্যাখ্যা 'দোষী-নির্দোষী'– এটি অশুদ্ধ। শুদ্ধরূপ দোষী– নির্দোষ।

১৩. অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্য হলো–
ⓚ চরণের প্রথমে মিল ⓛ বিশ মাত্রার পর্ব থাকে
ⓜ অন্ত্যমিল আছে ⓝ অন্ত্যমিল নেই
ব্যাখ্যা বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত। তিনি তার 'পদ্মাবতী' নাটকে অমিত্রাক্ষর ছন্দের সর্বপ্রথম প্রয়োগ ঘটান। এ ছন্দ তিনি অক্ষরবৃত্তের পয়ার অবলম্বন করেই তৈরি করেন। এ ছন্দের বৈশিষ্ট্য অন্ত্যমিল বা অন্ত্যানুপ্রাস নেই।

১৪. বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ কয়টি?
ⓚ ১০ ⓛ ৭ ⓜ ৮ ⓝ ৯
ব্যাখ্যা বাংলা বর্ণমালায় মোট ৫০টি বর্ণ রয়েছে। স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জনবর্ণ ৩৯টি। তার মধ্যে অর্ধমাত্রা ৮টি, মাত্রাহীন ১০টি এবং পূর্ণমাত্রা ৩২টি।

১৫. 'Charity begins at home' উক্তিটির অর্থ কী?
ⓚ আগে ঘর পরে তাস ⓛ আপন ঘর প্রিয় ঘর
ⓜ ইচ্ছা থাকলে উপায় হয় ⓝ ঘর থেকে যাত্রা কর

উত্তর
১ ঘ
২ Note
৩ গ
৪ ক
৫ ঘ
৬ ঘ
৭ ঘ
৮ ঘ
৯ ক
১০ Note
১১ গ
১২ ঘ
১৩ ঘ
১৪ গ
১৫ ঘ

CamScanner

ব্যাখ্যা 'Charity begins at home' প্রবাদটির বাংলা অর্থ– আগে ঘর, তবে তো পর। মূলত, যেকোনো উদ্যোগ বা নীতি-নৈতিকতার চর্চার শুরুটা পরিবার থেকেই হয়। এটা বুঝানো হয়েছে। ইংরেজি প্রবাদটির বাংলায় কাছাকাছি অর্থ রয়েছে অপশন (ঘ)তেই।

১৬. 'প্রাণভয়' কোন সমাস?
ক ৬ষ্ঠী তৎপুরুষ খ অলুক দ্বন্দ্ব
গ উপমান কর্মধারয় ঘ মধ্যপদলোপী কর্মধারয়

ব্যাখ্যা যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন– প্রাণ হারানোর ভয় = প্রাণভয়, সিংহ চিহ্নিত আসন = সিংহাসন। এরূপ– স্মৃতিসৌধ, সাহিত্যসভা, জীবনবিমা, মৌমাছি, পদ্মাসন।

১৭. নিম্নের কোন শব্দে ণত্ব বিধান অনুসারে 'ণ'-এর ব্যবহার হয়েছে?
ক নিক্বণ খ লবণ গ কল্যাণ ঘ ব্যাকরণ

ব্যাখ্যা তৎসম শব্দের বানানে ণ-এর সার্বিক ব্যবহারের নিয়মই ণত্ব বিধান। ণত্ব বিধান অনুসারে ক, র, ষ-এর পরে ণ-হয়। যেমন– ব্যাকরণ, ক্বণ, ভাষণ। অন্যদিকে নিক্বণ, লবণ ও কল্যাণ শব্দে নিত্য বা স্বভাবতই 'ণ' রয়েছে।

১৮. 'যিনি উপকার করেন, তাকে সবাই শ্রদ্ধা করেন।' –কোন ধরনের বাক্য?
ক মিশ্র বাক্য খ যৌগিক বাক্য
গ প্রশ্নবোধক বাক্য ঘ সরল বাক্য

ব্যাখ্যা যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমন– যিনি উপকার করেন, তাকে সবাই শ্রদ্ধা করেন।

১৯. 'নিষ্কার'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি? [প্রশ্নে 'নিষ্কার'-এর স্থলে 'নিষ্কর' হবে।]
ক নিঃ + কর খ নীঃ + কার
গ নিষ + কর ঘ নিস্ + কর

ব্যাখ্যা অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে স বা অ ধ্বনির পরিস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ ধ্বনি (স) হয় এবং স বা অ ব্যতীত অন্য স্বরধ্বনির পরিস্থিত বিসর্গ স্থলে মূর্ধন্য শিশ ধ্বনি (ষ) হয়। যেমন– নিঃ + কর = নিষ্কর, দুঃ + কর = দুষ্কর, নমঃ + কার = নমস্কার ইত্যাদি।

২০. 'কবির কাজ হচ্ছে কাব্য সৃষ্টি করা' – এখানে 'কাব্য' এর কারক বিভক্তি কোনটি?
ক কর্মে শূন্য খ করণে শূন্য
গ অধিকরণে শূন্য ঘ কর্তায় শূন্য

ব্যাখ্যা যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন– কবির কাজ হচ্ছে কাব্য সৃষ্টি করা। মীরা বাগানে ফুল তুলছে। এ দুই বাক্যে 'কাব্য' ও 'ফুল' শূন্য বিভক্তি।

২১. কোনটি সঠিক বানান?
ক নিশীথিনি খ নিশিথিনী গ নীশিথিনী ঘ নিশীথিনী

ব্যাখ্যা শুদ্ধ বানান নিশীথিনী। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান– লিপীলিকা, বিভীষিকা, মুহুর্মুহু, মুহূর্মুহু, মনীষী, নির্নিমেষ, অনুকূল, বিকিরণ।

২২. কোন বাক্যটি শুদ্ধ?
ক আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
খ তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম।
গ তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ নই।
ঘ সেদিন থেকে তিনি সেখানে আর যায় না।

ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে একমাত্র (খ)-তে প্রদত্ত বাক্যটিই নির্ভুল। (ক) অপশনে 'স্বপরিবারে'-এর স্থলে 'সপরিবারে', (গ) অপশনে 'পরশ্রীকাতরতা' শব্দের অর্থ অপরের উন্নতিতে ঈর্ষা প্রকাশ। তাই এখানে 'মুগ্ধ' শব্দটি অপপ্রয়োগ এবং (ঘ) অপশনে 'যায়'-এর স্থলে 'যান' হবে।

২৩. 'যে নারী পূর্বে অপরের বাগদত্তা ছিল'– তাকে এককথায় কী বলে?
ক অভিসারিণী খ অনন্যপূর্বা
গ অন্যপূর্বা ঘ প্রোষিতভর্তৃকা

ব্যাখ্যা এককথায় প্রকাশ : যে নারী পূর্বে অপরের বাগদত্তা ছিল– অন্যপূর্বা। যে নারীর স্বামী বিদেশে থাকে– প্রোষিতভর্তৃকা। যে নারীর বিয়ে হয়নি– অনন্যপূর্বা বা কুমারী। অভিসারী অর্থ অভিসারে গমনকারী। আর অভিসারী-এর স্ত্রীবাচক অভিসারিণী।

২৪. সমাসের রীতি কোন ভাষা থেকে আগত?
ক উর্দু খ ফার্সি গ সংস্কৃত ঘ বাংলা

ব্যাখ্যা সমাস মানে সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ। অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। যেমন– মহা যে নদী = মহানদি। সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে এসেছে।

২৫. বাংলা সাহিত্যে চলিত ভাষার প্রবর্তক কে?
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ প্রমথ চৌধুরী ঘ রামসুন্দর ত্রিবেদী

ব্যাখ্যা বাংলা সাহিত্যে বা বাংলা গদ্যে চলিত রীতির প্রবর্তক প্রমথ চৌধুরী। তিনি 'সবুজপত্র' (১৯১৪) সাহিত্য পত্রিকা সম্পাদনার মাধ্যমে চলিত রীতির প্রচলন করেন। চলিত রীতিতে রচিত প্রথম গ্রন্থ 'বীরবলের হালখাতা' (প্রবন্ধ গ্রন্থ)।

২৬. 'চাচা কাহিনী'-এর লেখক কে?
ক দিলারা হাশেম খ আবু জাফর শামসুদ্দিন
গ সরদার জয়েন উদ্দিন ঘ সৈয়দ মুজতবা আলী

ব্যাখ্যা সৈয়দ মুজতবা আলী রচিত গল্পগ্রন্থ 'চাচা-কাহিনী'। তার রচিত আরও কয়েকটি গ্রন্থ– দেশে বিদেশে (ভ্রমণকাহিনি), অবিশ্বাস্য (উপন্যাস), পঞ্চতন্ত্র (রম্যরচনা)।

২৭. বাংলা ভাষার প্রথম সাময়িক পত্র কোনটি?
ক বঙ্গদর্শন খ দিগদর্শন গ সংবাদ প্রভাকর ঘ তত্ত্ববোধিনী

ব্যাখ্যা জন ক্লার্ক মার্শম্যান সম্পাদিত বাংলা ভাষার প্রথম সাময়িক পত্র 'দিগদর্শন' (১৮১৮)। অন্যদিকে বঙ্গদর্শন, সংবাদ প্রভাকর ও তত্ত্ববোধিনী পত্রিকার সম্পাদক যথাক্রমে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, ঈশ্বরচন্দ্র গুপ্ত ও অক্ষয়কুমার দত্ত।

২৮. 'নিষ্কার'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি? [প্রশ্নে 'নিষ্কার'-এর স্থলে 'নিষ্কর' হবে।]
ক নিস্ + কর খ নিস্ + কর গ নিঃ + কর ঘ নীঃ + কার

ব্যাখ্যা ১৯নং ব্যাখ্যা দেখুন।

উত্তর

১৬	ঘ
১৭	ঘ
১৮	ক
১৯	ক
২০	ক
২১	ঘ
২২	খ
২৩	গ
২৪	গ
২৫	গ
২৬	ঘ
২৭	খ
২৮	গ

২৯. 'ধৃষ্ট'-এর বিপরীত শব্দ কোনটি?
ক মুক্ত খ নিরীহ গ দুষ্ট ঘ বিনয়ী

ব্যাখ্যা বিপরীত শব্দ : ধৃষ্ট– বিনয়ী, মুক্ত– বন্দি, নিরীহ– দুর্দান্ত, দুষ্ট– শিষ্ট।

৩০. 'Ab initio'-এর বাংলা পরিভাষা কী?
ক অনুপস্থিত খ অধিহার গ প্রারম্ভেই ঘ মধ্যবর্তী

ব্যাখ্যা 'Ab initio' একটি Latin phrase, যার অর্থ from the beginning বা গোড়া থেকে/শুরু থেকে, যার সমার্থক প্রারম্ভেই।

৩১. 'Corrigendum' শব্দের বাংলা পরিভাষা কী?
ক পুনর্বিন্যাস খ শুদ্ধিপত্র
গ অনুরোধপত্র ঘ পরিশিষ্ট পত্র

ব্যাখ্যা 'Corrigendum'-এর বাংলা পরিভাষা শুদ্ধিপত্র। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ : Book post– খোলা ডাক, Subconscious – অবচেতন, Ordnance– সমরাস্ত্র, Epicurism– ভোগবাদ।

৩২. 'তোমার মার বাড়ি, তুমি যাও, আমি আমার বাড়িতে থাকি। আবার আমাকে দেখতে এসো।' উক্তিটি কোন গ্রন্থ থেকে নেয়া হয়েছে?
ক রক্তাক্ত প্রান্তর খ অসমাপ্ত আত্মজীবনী
গ কারাগারের রোজনামচা ঘ দৌলত কাজী

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত দ্বিতীয় গ্রন্থ 'কারাগারের রোজনামচা'। গ্রন্থটি বাংলা একাডেমি থেকে ২০১৭ সালের ১৭ মার্চ প্রকাশিত হয়। এ গ্রন্থ থেকে নেয়া আলোচ্য উক্তিটি বঙ্গবন্ধু তার ছোট ছেলে রাসেলকে উদ্দেশ্য করে বলেন।

৩৩. 'অসমাপ্ত আত্মজীবনী'-তে উল্লিখিত আন্দামান বলতে কী বুঝায়?
ক পাকিস্তান আমলের সরকারি অফিস খ ইংরেজ আমলের জেলখানা
গ একটি সাগরের নাম ঘ একটি জেলার নাম

ব্যাখ্যা 'অসমাপ্ত আত্মজীবনী' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রথম আত্মজীবনীমূলক গ্রন্থ। ১৯৬৬-৬৯ সালে ঢাকা কেন্দ্রীয় কারাগারে অন্তরীণ অবস্থায় তিনি এ গ্রন্থটি লিখেন। গ্রন্থটি ইউনিভার্সিটি প্রেস লি. (UPL) থেকে ২০১২ সালের ১৮ জুন প্রথম প্রকাশিত হয়। এ গ্রন্থে 'আন্দামান' বলতে ইংরেজ আমলের জেলখানাকে বোঝানো হয়েছে।

৩৪. একটি চৌবাচ্চায় ৮০০০ লিটার পানি ধরে। চৌবাচ্চাটির দৈর্ঘ্য ২.৫৬ মিটার এবং প্রস্থ ১.২৫ মিটার হলে এর গভীরতা কত?
ক ৩.৫ মিটার খ ৩ মিটার
গ ২.৫ মিটার ঘ ৪ মিটার

ব্যাখ্যা আমরা জানি, ঘনবস্তুর আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা
দেয়া আছে, চৌবাচ্চার দৈর্ঘ্য = ২.৫৬ মিটার
এবং চৌবাচ্চার প্রস্থ = ১.২৫
এখানে চৌবাচ্চার গভীরতাই হলো উচ্চতা।
∴ ১০০০ লিটার পানি সমান = ১ ঘনমিটার

১ লিটার পানি সমান $= \frac{১}{১০০০}$ ঘনমিটার

৮০০০ লিটার পানি সমান $= \frac{৮০০০}{১০০০}$ ঘনমিটার
$= ৮$ ঘনমিটার।


প্রশ্নমতে, $৮ = ২.৫৬ \times ১.২৫ \times$ গভীরতা
$\Rightarrow$ গভীরতা $= \frac{৮}{২.৫৬ \times ১.২৫}$
$\therefore$ গভীরতা $= ২.৫$ মিটার।

৩৫. কোনো সমান্তর ধারার pতম পদ q এবং q তম পদ p হলে $(p+q)$ তম পদ কত?
ক pq খ $p+q$ গ $pq(p+q)$ ঘ 0

ব্যাখ্যা আমরা জানি, সমান্তর ধারার ক্ষেত্রে,
প্রথম পদ a এবং সাধারণ অন্তর d হলে
pতম পদ $= a + (p-1)d$
$\Rightarrow q = a + (p-1)d$ ..... (i)
আবার, qতম পদ $= a + (q-1)d$
$\Rightarrow p = a + (q-1)d$ ..... (ii)
$\therefore (p+q)$তম পদ $= a + (p+q-1)d$ ..... (iii)
সমীকরণ (i) থেকে (ii) বিয়োগ করে পাই,
$q - p = a + (p-1)d - a - (q-1)d$
$\Rightarrow d(p-1-q+1) = q-p$
$\Rightarrow d(p-q) = -(p-q)$
$\therefore d = -1$
সমীকরণ (ii) হতে পাই, $p = a + (q-1)(-1)$
$\Rightarrow p = a - q + 1$
$\Rightarrow p + q = a + 1$
(iii) সমীকরণ হতে পাই,
$(p+q)$তম পদ $= a + (a+1-1)(-1)$
$= a - a - 1 + 1$
$= 0$

৩৬. ১৮ ফিট উঁচু একটি খুঁটি এমনভাবে ভেঙে গেল যে, আগা অংশটি বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৩০ ডিগ্রি কোণ উৎপন্ন করলো। খুঁটিটি মাটি থেকে কত ফুট উঁচুতে ভেঙে গিয়েছিল?
ক ১৫ ফুট খ ১২ ফুট গ ৯ ফুট ঘ ৬ ফুট

ব্যাখ্যা চিত্র খুঁটির অবস্থান দেখানো হলো :



মনে করি, খুঁটি x ফুট উচ্চতায় ভেঙে ছিল।
প্রশ্নমতে, $\sin ৩০° = \frac{x}{১৮ - x}$
$\Rightarrow \frac{১}{২} = \frac{x}{১৮ - x}$
$\Rightarrow ২x = ১৮ - x$
$\Rightarrow ৩x = ১৮$
$\therefore x = ৬$ ফুট।


উত্তর

২৯	ঘ
৩০	গ
৩১	খ
৩২	গ
৩৩	ঘ
৩৪	গ
৩৫	ঘ
৩৬	ঘ

CamScanner

৩৭. 'ক' প্রথমে তিন মাইল উত্তরে, পরে ৯ মাইল পূর্বে তারপর আবার ১ মাইল উত্তরে যায়। শুরুর স্থান হতে তার দূরত্ব কত মাইল?
ⓚ ২০ মাইল ⓛ ২৫ মাইল
ⓜ ১৫ মাইল ⓝ ৩০ মাইল

ব্যাখ্যা চিত্রে ক-এর যাত্রা পথের দূরত্ব দেখানো হলো :



∴ ক শুরু স্থান থেকে সর্বশেষ স্থানের দূরত্ব
$= \sqrt{৯^২ + (৯+৩)^২}$
$= \sqrt{৮১ + ১৪৪}$
$= \sqrt{২২৫}$
$= ১৫$ মাইল।

৩৮. ২, ৩, ৫, ৯, ১৭ এর পরবর্তী সংখ্যা কত?
ⓚ ৩৩ ⓛ ৩২ ⓜ ৪৮ ⓝ ৩০

ব্যাখ্যা প্রদত্ত ধারা : ২, ৩, ৫, ৯, ১৭, ৩৩
অন্তর : ১ ২ ৪ ৮ ১৬
ধারাটিতে দেখা যায় যে,
nতম পদ = $(n-১)$ তম পদের অন্তর × ২ + $(n-১)$ তম পদ
∴ নির্ণেয় ৬ষ্ঠ পদ = ৪র্থ ও ৫ম পদের অন্তর × ২ + ৫ম পদ
$= ৮ \times ২ + ১৭$
$= ১৬ + ১৭$
$= ৩৩$।

৩৯. কোনো সংখ্যার ৭০% থেকে ৭০ বিয়োগ করলে ফলাফল হয় ৭০। তবে সংখ্যাটি কত?
ⓚ ৩০০ ⓛ ২০০
ⓜ ১০০ ⓝ ১৮০

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, x এর ৭০% − ৭০ = ৭০
$\Rightarrow \frac{৭০x}{১০০} = ১৪০$
$\Rightarrow x = \frac{১৪০ \times ১০০}{৭০}$
$\therefore x = ২০০$

৪০. কোনো শহরের বর্তমান জনসংখ্যা ৬৪ লক্ষ। শহরটির জনসংখ্যা বৃদ্ধির হার প্রতি হাজারে ২৫ জন হলে, ২ বছর পর ঐ শহরের জনসংখ্যা কত হবে?
ⓚ ৬৭,২৪,০০০ জন ⓛ ৬৮,০০,০০০ জন
ⓜ ৬৭,০০,০০০ জন ⓝ ৬৭,০০,২৪০ জন

ব্যাখ্যা দেওয়া আছে, শহরের বর্তমান জনসংখ্যা = ৬৪,০০,০০০
১০০০-এ বৃদ্ধি পায় ২৫ জন
১ -এ বৃদ্ধি পায় $\frac{২৫}{১০০০}$ জন
১০০-এ বৃদ্ধি পায় $\frac{২৫ \times ১০০}{১০০০}$ জন = ২.৫ জন।
∴ ২ বছর পর শহরের জনসংখ্যা $= ৬৪,০০,০০০\left(১ + \frac{২.৫}{১০০}\right)^২$
$= ৬৪,০০,০০০ \times \left(\frac{১০২.৫}{১০০}\right)^২$
$= ৬৭,২৪,০০০$ জন।

৪১. নিচের কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে ছোট?
ⓚ $\frac{৩}{৫}$ ⓛ $\frac{৭}{৮}$ ⓜ $\frac{৫}{৬}$ ⓝ $\frac{৩}{৪}$

ব্যাখ্যা অপশনগুলোর মধ্যে $\frac{২}{৩}$ থেকে ছোট ভগ্নাংশ হলো :
$\frac{৩}{৫} \times \frac{২}{৩}; ৯ < ১০; \frac{৩}{৫}$ ছোট
$\frac{৭}{৮} \times \frac{২}{৩}; ২১ > ১৬; \frac{৭}{৮}$ বড়
$\frac{৫}{৬} \times \frac{২}{৩}; ১৫ > ১২; \frac{৫}{৬}$ বড়
$\frac{৩}{৪} \times \frac{২}{৩}; ৯ > ৮; \frac{৩}{৪}$ বড়
সুতরাং $\frac{২}{৩}$ থেকে ছোট ভগ্নাংশ হলো $\frac{৩}{৫}$ অর্থাৎ উত্তর (ক)।

৪২. ত্রিভুজের তিনটি বাহুকে চক্রাকারে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির যোগফল কত?
ⓚ 270° ⓛ 360°
ⓜ 180° ⓝ 150°

ব্যাখ্যা ত্রিভুজের তিনটি বাহুকে চক্রাকারে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির যোগফল হবে 360°।

৪৩. শতকরা বার্ষিক কত মুনাফায় ৩০০০ টাকার ৫ বছরের মুনাফা ১৫০০ টাকা হবে?
ⓚ ৫% ⓛ ১৫% ⓜ ২০% ⓝ ১০%

ব্যাখ্যা আমরা জানি,
সুদমাফা, $I = Pnr$
$\therefore r = \frac{I \times ১০০}{Pn}$
$= \frac{১৫০০ \times ১০০}{৩০০০ \times ৫}$
$= ১০\%$

এখানে, আসল, $P = ৩০০০$ টাকা
সময়, $n = ৫$ বছর
মুনাফা, $I = ১৫০০$ টাকা
মুনাফার হার, $r = ?$

উত্তর
৩৭ গ
৩৮ ক
৩৯ খ
৪০ ক
৪১ ক
৪২ খ
৪৩ ঘ

৪৪. $\cos(120°)$ এর মান কত?
ⓚ $\frac{\sqrt{৩}}{২}$ ⓛ $\frac{১}{\sqrt{২}}$ ⓜ $\frac{১}{২}$ ⓝ $-\frac{১}{২}$

ব্যাখ্যা $\cos(120°)$
$= \cos(90° + 30°)$
$= -\sin 30°$ $[\because \cos(90° + \theta) = -\sin\theta]$
$= -\frac{১}{২}$

৪৫. $x + \frac{১}{x} = ২$ হলে, $\left(x - \frac{১}{x}\right)^২$ -এর মান কত?
ⓚ 0 ⓛ 1 ⓜ 2 ⓝ 4

ব্যাখ্যা দেওয়া আছে $x + \frac{১}{x} = ২$
$\therefore \left(x - \frac{১}{x}\right)^২ = \left(x + \frac{১}{x}\right)^২ - ৪.x.\frac{১}{x}$
$= ২^২ - ৪$
$= ৪ - ৪$
$= ০$

৪৬. ৫টি ঘণ্টা একত্রে বেজে যথাক্রমে ৫, ১০, ১৫, ২০ ও ২৫ সেকেন্ড অন্তর আবার বাজতে লাগলো। কতক্ষণ পর ঘণ্টাগুলো আবার একত্রে বাজবে?
ⓚ ১০ মিনিট ⓛ ৫ ঘণ্টা ⓜ ৫ মিনিট ⓝ ৬ মিনিট

ব্যাখ্যা ৫টি ঘণ্টা অর্থাৎ ৫, ১০, ১৫, ২০ ও ২৫ সেকেন্ডের ল.সা.গু. থেকে কতক্ষণ পর ঘণ্টাগুলো একত্রে বাজবে তা পাওয়া যাবে।
২ | ৫, ১০, ১৫, ২০, ২৫
৫ | ৫, ৫, ১৫, ১০, ২৫
১, ১, ৩, ২, ৫
৫, ১০, ১৫, ২০, ২৫ এর ল.সা.গু.
$= (২ \times ২ \times ৩ \times ৫ \times ৫)$ সেকেন্ড
= ৩০০ সেকেন্ড
= ৫ মিনিট।

৪৭. $a^m \cdot a^n = a^{(m+n)}$ কখন হবে?
ⓚ m ধনাত্মক ও n ঋণাত্মক হলে ⓛ m ধনাত্মক হলে
ⓜ n ধনাত্মক হলে ⓝ m ও n ধনাত্মক হলে

ব্যাখ্যা $a^m \cdot a^n = a^{m+n}$ হবে
যখন m ও n ধনাত্মক হয়।

৪৮. সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটি হবে–
ⓚ ট্রাপিজিয়াম ⓛ আয়তক্ষেত্র ⓜ বর্গক্ষেত্র ⓝ রম্বস

ব্যাখ্যা সামান্তরিকের কর্ণদ্বয় সমান হলে সামান্তরিকটি আয়তক্ষেত্র হবে।

৪৯. $X+Y, X-Y, X^২-Y^২$ এর গ. সা. গু. কত?
ⓚ 1 ⓛ $X^২-Y^২$ ⓜ $X-Y$ ⓝ 0

ব্যাখ্যা ১ম রাশি $= X+Y$
২য় রাশি $= X-Y$
৩য় রাশি $= X^২-Y^২ = (X+Y)(X-Y)$

৪২. একতরফা ডিক্রি সরাসরি রদ (Direct set aside) এর দরখাস্ত প্রত্যাখ্যান করা হলে এর বিরুদ্ধে প্রতিকার কী?
ক আপিল খ রেফারেন্স
গ রিভিশন ঘ কোনোটিই নয়

৪৩. The Code of Civil Procedure, 1908 অনুসারে স্বীকৃতির প্রেক্ষিতে রায় (Judgment on admissions) এর বিধান কোনটি?
ক Order-XII, rule-6 খ Order-XXI, rule-3
গ Order-XXII, rule-2 ঘ Order-XXIII, rule-3

৪৪. ইস্যু গঠনের কত দিনের মধ্যে দেওয়ানি মোকদ্দমার চূড়ান্ত শুনানীর তারিখ ধার্য করতে হবে?
ক ২ মাস খ ৪ মাস
গ ১২০ দিন ঘ ৬০ দিন

ব্যাখ্যা অর্ডার ১৪, রুল ৮; দেওয়ানি কার্যবিধি ১৯০৮।

৪৫. The Code of Civil Procedure, 1908-এর কোন ধারায় Second Revision-এর বিধান উল্লেখ করা হয়েছে?
ক ১১৫(১) খ ১১৫(২)
গ ১১৫(৪) ঘ ১১৫(৫)

৪৬. জারি মামলা দায়ের করার জন্য The Code of Civil Procedure, 1908-এর ৪৮ ধারানুযায়ী সর্বোচ্চ কত বছর সময় পাওয়া যেতে পারে?
ক ৩ খ ৫
গ ৬ ঘ ১২

৪৭. The Specific Relief Act, 1877 অনুযায়ী একই দলিল দ্বারা বিভিন্ন অধিকার সৃষ্টি হলে দলিলের একটি অংশ বাতিলযোগ্য হলে—
ক পুরো দলিল বাতিল হবে
খ দলিলটি বাতিলযোগ্য হবে
গ দলিলটির কেবল বাতিলযোগ্য অংশ নাকচ হবে
ঘ দলিলটির দ্বারা দায় সৃষ্টি হলেও অধিকার সৃষ্টি হবে না

ব্যাখ্যা ধারা ৪০, সুনির্দিষ্ট প্রতিকার আইন ১৮৭৭।

৪৮. 'ক' একটি সম্পত্তির দখলদার। 'খ' ঐ সম্পত্তির মালিকানা দাবি করে তার বরাবর দখল হস্তান্তর করতে বললে 'ক' ঐ জমির দখলে থাকার জন্য The Specific Relief Act, 1877 এর — ধারায় মামলা করতে পারেন
ক ৮ খ ৯
গ ১০ ঘ ৪২

ব্যাখ্যা 'খ' ঐ সম্পত্তির মালিক নয় এই মর্মে একটি ঘোষণামূলক ডিক্রি চেয়ে ৪২ ধারার অধীনে মামলা করবে 'ক'।

৪৯. The Limitation Act, 1908 অনুযায়ী দায়রা আদালত কোনো ব্যক্তিকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করলে এর বিরুদ্ধে আপিল করার সময়সীমা কত?
ক ৩ মাস খ ২ মাস
গ ১৪ দিন ঘ ৭ দিন

ব্যাখ্যা অনুচ্ছেদ ১৫০, প্রথম শিডিউল; তামাদি আইন ১৯০৮।

৫০. অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এ জারির পর্যায়ে মধ্যস্থতার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির বিধান কোন ধারায় উল্লেখ করা হয়েছে?
ক ৩৬ খ ৩৭
গ ৩৮ ঘ ৩৯

৫১. The Code of Criminal Procedure, 1898-এর কোন ধারায় 'Double Jeopardy' মতবাদ আলোচিত হয়েছে?
ক ২০৩ খ ৩০৩
গ ৪০৩ ঘ ৫০৩

ব্যাখ্যা 'Double Jeopardy' মতবাদ আরো আলোচিত হয়েছে সংবিধানের ৩৫(২) অনুচ্ছেদ, General Clauses Act 1897 এর ধারা ২৬ ইত্যাদি ক্ষেত্রে।

৫২. Without any qualifying word, to a Magistrate, shall be construed as a reference to a(n)—
ক Executive Magistrate খ Judicial Magistrate
গ Cognizance Magistrate ঘ District Magistrate

ব্যাখ্যা ধারা ৪ক, ফৌজদারি কার্যবিধি ১৮৯৮।

৫৩. The Code of Criminal Procedure, 1898 এর ৫৪ ধারার বিধান মতে কয়টি কারণে পুলিশ একজন ব্যক্তিকে ওয়ারেন্ট ছাড়াই গ্রেফতার করতে পারে?
ক ৭ খ ৮
গ ৯ ঘ ১০

ব্যাখ্যা ৫৪ ধারার বিধান মতে, ৯টি কারণে পুলিশ একজন ব্যক্তিকে ওয়ারেন্ট ছাড়াই গ্রেফতার করতে পারে।

৫৪. The Code of Criminal Procedure, 1898 এর কোন দুইটি ধারার অধীনে ফৌজদারি মামলা দায়ের করা যায়?
ক ১৫৪ ও ২০০ খ ১৫৬ ও ২০০
গ ১৫৫ ও ২০৪ ঘ ১৫৪ ও ২০৪

ব্যাখ্যা ১৫৪ ধারার অধীনে FIR দায়েরের মাধ্যমে GR case এবং ২০০ ধারার অধীনে Complaint দায়েরের মাধ্যমে CR case দায়ের করা যায়।

উত্তর

৪১	গ
৪২	গ
৪৩	ক
৪৪	গ
৪৫	গ
৪৬	ঘ
৪৭	গ
৪৮	ঘ
৪৯	ঘ
৫০	গ
৫১	গ
৫২	খ
৫৩	গ
৫৪	ক

CamScanner

৫৫. The Penal Code, 1860 এর কোন ধারায় 'Good Faith' : 'Nothing is said to be done or believed in good faith which is done or believed without due care and attention.' উল্লেখিত হয়েছে?
ⓚ ১১ ⓛ ২২
ⓜ ৪২ ⓝ ৫২

৫৬. Y এর কর্মচারী X জনসাধারণের চলাচলের রাস্তায় একটি আংটি কুড়িয়ে পেয়ে নিয়ে যায়। X এর অপরাধ—
ⓚ চুরি ⓛ অসাধুভাবে সম্পত্তি অপসারণ
ⓜ চাকর বা বেয়ানী কর্তৃক চুরি ⓝ অপরাধমূলক তসরূপ

ব্যাখ্যা The Penal Code 1860; Section 378-illustration (g)

৫৭. X, Y এর চলার পথে গর্ত করে মৃত্যুর ফাঁদ পেতে রাখায় Y ঐ ফাঁদে পড়ে আহত হয়ে মারা যায়। X-এর অপরাধ—
ⓚ খুন ⓛ দন্ডনীয় নরহত্যা
ⓜ খুনের উদ্যোগ
ⓝ দন্ডনীয় নরহত্যা সংঘটনের উদ্যোগ

ব্যাখ্যা According to section 300 of The Penal Code 1860– Culpable homicide is murder if is done with the intention of causing such bodily injury as the offender knows to be likely to cause the death of the person to whom the harm is caused.

৫৮. আদালতের অনুমতি ব্যতীত কখন ইস্তিগাছা গ্রহণ করা যাবে না?
ⓚ জেরায় ⓛ পুনঃজেরাকালে
ⓜ পুনঃজেরাকালে
ⓝ পূর্বে প্রমাণিত বিষয়ে জবানবন্দিতে

ব্যাখ্যা সাক্ষ্য আইন ১৮৭২।

৫৯. কোন ব্যক্তি সাক্ষী হতে পারবেন?
ⓚ ফৌজদারি মামলায় আসামির স্ত্রী
ⓛ বিচার বুদ্ধিসম্পন্ন, কিন্তু বোবা ব্যক্তি
ⓜ অপরিণত বয়স্ক বুদ্ধিমান বালক
ⓝ সকলেই

ব্যাখ্যা সাক্ষ্য আইন ১৮৭২, ধারা ১২০, ১১৯, ১১৮।

৬০. 'Dying Declaration' (মৃত্যুকালীন বিবৃতি) করা যায়— এর নিকট—
ⓚ শুধু ম্যাজিস্ট্রেট ⓛ শুধু পুলিশ
ⓜ শুধু ডাক্তার ⓝ যে কারও

ব্যাখ্যা সাক্ষ্য আইন ১৮৭২, ধারা ৩২।

৬১. মরজ-উল-মউত এর সময় উত্তরাধিকারী নয় এমন ব্যক্তির বরাবর প্রদত্ত দান উত্তরাধিকারীগণের সম্মতি ব্যতীত—
ⓚ সম্পূর্ণ বাতিল ⓛ এক-তৃতীয়াংশ কার্যকর
ⓜ সম্পূর্ণ কার্যকর ⓝ এক-চতুর্থাংশ কার্যকর

ব্যাখ্যা মরজ-উল-মউত এর সময় করা দান উইল রূপে গণ্য হয়, এবং উত্তরাধিকারীগণের সম্মতি ব্যতীত মোট সম্পত্তির ১/৩ অংশের বেশি কার্যকর না।

৬২. কোনটি 'Doctrine of Juristic Preference'?
ⓚ ইসতিসলাহ ⓛ ইজতিহাদ
ⓜ ইসতিহসান ⓝ ইসতিদলাল

৬৩. দাতার ইচ্ছাধীন সময়কালে পুনঃপ্রবর্তনযোগ্য কোনো কিছু গ্রহণ ও তার আয় ভোগ করার অস্থায়ী অনুমতিকে — বলে।
ⓚ আরিয়ত ⓛ সাদাকা
ⓜ শর্তযুক্ত হেবা ⓝ শর্তযুক্ত ওয়াকফ

৬৪. 'আল-হেদায়া' (Al-Hedayah) গ্রন্থের লেখক কে?
ⓚ ইমাম মালিক ⓛ ইমাম আবু হানিফা
ⓜ ইবনে রুশদ ⓝ বুরহান আল-দীন

৬৫. ভাড়ার মাধ্যমে ভোগদখলীয় বাড়ি স্বামী কর্তৃক স্ত্রীকে দান করার পরও স্বামী ভাড়া উত্তোলন করতে থাকলে মুসলিম আইনে দানটি — গণ্য হবে।
ⓚ বাতিল ⓛ অসম্পূর্ণ
ⓜ অকার্যকর ⓝ বৈধ

৬৬. একজন হানাফি মুসলিম মা, স্বামী ও দুই সহোদর ভাইকে রেখে মৃত্যুবরণ করেন। সহোদর ভাইদের প্রাপ্য অংশ কত?
ⓚ ১/১২ ⓛ ২/৮
ⓜ ২/৬ ⓝ ১/৬

ব্যাখ্যা একাধিক ভাই থাকলে মায়ের অংশ ১/৬; স্বামী পাবে ১/২। সহোদর ভাইরা আসাবা হিসেবে ২/৬ অংশ পাবে।

৬৭. নিচের কোন উত্তরাধিকারীর ক্ষেত্রে হিন্দু দায়ভাগ মতবাদ অনুযায়ী 'প্রতিনিধিত্ব মতবাদ' স্বীকৃত?
ⓚ ভ্রাতুষ্পুত্র ⓛ প্রপৌত্র
ⓜ বৈমাত্র ভ্রাতা ⓝ পিতার ভ্রাতা

ব্যাখ্যা পৌত্র বা প্রপৌত্রের ক্ষেত্রে 'প্রতিনিধিত্ব মতবাদ' স্বীকৃত।

৬৮. হিন্দু আইন অনুযায়ী দত্তক এর ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
ⓚ যে-কেউ দত্তক নিতে পারে
ⓛ অবিবাহিত পুরুষ দত্তক নিতে পারে না
ⓜ অবিবাহিত মহিলা দত্তক নিতে পারে
ⓝ একজন বোবাকে দত্তক নেয়া যায় না

৬৯. The Family Courts Ordinance, 1985 অনুযায়ী লিখিত বর্ণনা দাখিলের কত দিনের মধ্যে Pre-Trial এর জন্য ধার্য করতে হবে?
ⓚ ৭ ⓛ ১৫
ⓜ ৩০ ⓝ ৬০

ব্যাখ্যা ধারা ১০, পারিবারিক আদালত অধ্যাদেশ ১৯৮৫।

৭০. The Dissolution of Muslim Marriages Act, 1939 অনুযায়ী স্বামী কত বৎসর উন্মাদ থাকলে স্ত্রী বিবাহ বিচ্ছেদ ঘটাতে পারে?
ⓚ ২ ⓛ ৩
ⓜ ৪ ⓝ ৭

ব্যাখ্যা ধারা ২, The Dissolution of Muslim Marriages Act 1939.

উত্তর
৫৫ খ
৫৬ ঘ
৫৭ ক
৫৮ খ
৫৯ ঘ
৬০ ঘ
৬১ খ
৬২ গ
৬৩ ক
৬৪ ঘ
৬৫ ঘ
৬৬ গ
৬৭ খ
৬৮ ঘ
৬৯ গ
৭০ ক

৭১. নিচের কোন কারণে রাষ্ট্রপতিকে অভিশংসন করা যাবে?
ⓚ মানসিক অসামর্থ্যের কারণে
ⓛ গুরুতর অসদাচারণের অভিযোগে
ⓜ শারীরিকভাবে অক্ষম হলে
ⓝ সবগুলো

ব্যাখ্যা সংবিধানের ৫২ অনুচ্ছেদ অনুযায়ী অভিশংসন করা যায়- সংবিধান লঙ্ঘন বা গুরুতর অসদাচারণের কারণে।

৭২. নিচের কোনটি অর্থবিলের বিষয় নয়?
ⓚ কোনো কর আরোপ ⓛ সরকারের হিসাব নিরীক্ষা
ⓜ স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক কর আরোপ
ⓝ সরকারের আর্থিক দায়-দায়িত্ব সম্পর্কিত আইন সংশোধন

ব্যাখ্যা সংবিধান অনুচ্ছেদ ৮১(২)।

৭৩. কোনো আইনের প্রস্তাবনা (Preamble) অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এটি—
ⓚ পুরো আইনের সংক্ষিপ্তসার
ⓛ বিচারকদের কার্যাবলির ব্যাখ্যা প্রদান করে
ⓜ আইনের পরিধি ও উদ্দেশ্য সম্পর্কে আলোকপাত করে
ⓝ আইনের প্রয়োগ পদ্ধতি সম্পর্কে দিক-নির্দেশনা দেয়

৭৪. যুদ্ধ ঘোষণার জন্য সংসদ প্রয়োজন — এর
ⓚ জাতীয় সংসদ ⓛ রাষ্ট্রপতি
ⓜ প্রধানমন্ত্রী ⓝ মন্ত্রিপরিষদ

ব্যাখ্যা অনুচ্ছেদ ৬৩, সংবিধান।

৭৫. সংবিধানের প্রথম সংশোধনীর উদ্দেশ্য কী ছিল?
ⓚ ছিটমহল বিনিময়
ⓛ জরুরি অবস্থা সংক্রান্ত বিধান সংযুক্তকরণ
ⓜ যুদ্ধাপরাধীদের বিচার সংক্রান্ত আইনসমূহ স্থগিতকরণ
ⓝ উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা প্রথম সংশোধনীর মাধ্যমে অনুচ্ছেদ ৪৭(৩) এবং ৪৭ক সংবিধানে যুক্ত হয়।

৭৬. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১ অনুচ্ছেদ অনুযায়ী কোনটি প্রত্যেক নাগরিকের কর্তব্য?
ⓚ শৃঙ্খলা রক্ষা করা ⓛ ভোটাধিকার প্রয়োগ করা
ⓜ দেশের সার্বভৌমত্ব রক্ষা করা
ⓝ দেশের উন্নয়নে ভূমিকা রাখা

৭৭. 'Freedom of press' কোন সংবিধানিক অধিকারের অন্তর্ভুক্ত?
ⓚ Freedom of thought & conscience
ⓛ Freedom of profession
ⓜ Right to democratic culture
ⓝ Right to information

ব্যাখ্যা অনুচ্ছেদ ৩৯, সংবিধান।

৭৮. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদের অধীনে বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন গঠনের সাংবিধানিক নিশ্চয়তা প্রতিষ্ঠিত হয়েছে?
ⓚ ১১৪ ⓛ ১১৫
ⓜ ১১৬ ⓝ ১১৬ক

ব্যাখ্যা এই অনুচ্ছেদের অধীনেই রাষ্ট্রপতি ২০০৭ সালে বিধি প্রণয়নের মাধ্যমে 'বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন' গঠন করেন।

৭৯. একটি আইনের দুইটি ধারা পরস্পর সাংঘর্ষিক হলে আইনটি কিভাবে ব্যাখ্যা করতে হবে?
ⓚ অবস্থাভেদে একটি ধারা কার্যকর হবে
ⓛ পূর্বের ধারাটি কার্যকর হবে পরের ধারাটি বাতিল হবে
ⓜ পূর্বের ধারাটি বাতিল হবে পরের ধারাটি কার্যকর হবে
ⓝ এমনভাবে ব্যাখ্যা করতে হবে যেন উভয় ধারা কার্যকর হয়

৮০. Doctrine of 'ejusdem generis' নীতির আলোকে আইনের ব্যাখ্যার ক্ষেত্রে—
ⓚ আইনের সাধারণ শব্দ নির্দিষ্ট শব্দকে অনুসরণ করে
ⓛ আইনের নির্দিষ্ট শব্দ সাধারণ শব্দকে অনুসরণ করে
ⓜ আইনের সাদৃশ্য শব্দসমূহ সাধারণ শব্দকে অনুসরণ করে
ⓝ আইনের সাদৃশ্য শব্দসমূহ নির্দিষ্ট শব্দকে অনুসরণ করে

৮১. The Contract Act, 1872-এর কোন ধারা অনুযায়ী নারকেল চুক্তি সম্পাদনের অযোগ্য?
ⓚ ৯ ⓛ ১০
ⓜ ১১ ⓝ ১২

৮২. কোনো বেসরকারি ব্যবসা সংক্রান্ত চুক্তির ক্ষেত্রে চুক্তি ভঙ্গের জন্য ক্ষতিপূরণ নির্ধারিত থাকলে ক্ষতিগ্রস্ত পক্ষ The Contract Act, 1872-এর ধারা ৭৪ অনুযায়ী কিরূপ ক্ষতিপূরণ পাবে?
ⓚ চুক্তিতে উল্লিখিত ক্ষতিপূরণ
ⓛ চুক্তিতে উল্লিখিত ক্ষতিপূরণের $\frac{2}{5}$ ভাগ
ⓜ চুক্তিতে উল্লিখিত ক্ষতিপূরণসহ ৬.৫% সুদ
ⓝ চুক্তিতে উল্লিখিত ক্ষতিপূরণের সীমার মধ্যে যৌক্তিক ক্ষতিপূরণ

ব্যাখ্যা চুক্তিতে উল্লিখিত ক্ষতিপূরণের সীমার মধ্যে যৌক্তিক ক্ষতিপূরণ।

৮৩. The Registration Act, 1908 বিধান অনুযায়ী নিচের কোনটি 'স্থাবর সম্পত্তি' নয়?
ⓚ পতিত জমি ⓛ ঘরবাড়ি
ⓜ জলাশয়ের মৎস্য ধরার অধিকার
ⓝ দন্ডায়মান কোনো বৃক্ষ

ব্যাখ্যা ধারা ২, রেজিস্ট্রেশন অ্যাক্ট ১৯০৮।

৮৪. The Registration Act, 1908 এর ২৬ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশের বাইরে সম্পাদিত দলিল কত সময়ের মধ্যে রেজিস্ট্রির জন্য দাখিল করতে হবে?
ⓚ দলিল সম্পাদনের ৩ মাসের মধ্যে
ⓛ দলিল সম্পাদনের ৬ মাসের মধ্যে
ⓜ দলিলটি বাংলাদেশে পৌছাবার পরবর্তী ৪ মাসের মধ্যে
ⓝ দলিলটি বাংলাদেশে পৌছাবার পরবর্তী ৬ মাসের মধ্যে

উত্তর
৭১ খ
৭২ গ
৭৩ গ
৭৪ ক
৭৫ গ
৭৬ ক
৭৭ ক
৭৮ খ
৭৯ ঘ
৮০ ক
৮১ গ
৮২ ঘ
৮৩ ঘ
৮৪ গ

CamScanner

৮৫. The Transfer of Property Act, 1882-এর বিধান অনুযায়ী স্থাবর সম্পত্তির বাৎসরিক ইজারা হলে ইজারা দাতা বা ইজারা গ্রহীতা কত দিনের নোটিশে ইজারার পরিসমাপ্তি ঘটাতে পারে?
ক ১ মাস খ ৩ মাস
গ ৪ মাস. ঘ ৬ মাস
ব্যাখ্যা *ধারা ১০৬, সম্পত্তি হস্তান্তর আইন ১৮৮২।*

৮৬. হোল্ডিং ওভার (Holding over) কোন ক্ষেত্রে প্রযোজ্য?
ক বন্ধক খ ইজারা
গ ট্রাস্ট ঘ দান
ব্যাখ্যা *ধারা ১১৬, সম্পত্তি হস্তান্তর আইন ১৮৮২।*

৮৭. The State Acquisition and Tenancy Act, 1950-এর ১৪৪ ধারার অধীনে খতিয়ান প্রস্তুত বা সংশোধনের আদেশ দিলে কোন ধারানুযায়ী ঐ আদেশের বিরুদ্ধে দেওয়ানি আদালতে কোনো প্রতিকার চাওয়া যাবে না?
ক 144 খ 144A
গ 144B ঘ 145

৮৮. The State Acquisition and Tenancy Act, 1950-এর ৯৬ ধারার বিধানমতে বিক্রয় দলিল রেজিস্ট্রেশনের কত সময় পর অগ্রক্রয়ের দরখাস্ত আর গ্রহণযোগ্য হবে না?
ক ২ মাস খ ১ বৎসর
গ ২ বৎসর ঘ ৩ বৎসর

৮৯. কোন আইন অনুসারে সিলেটে সিএস (CS) খতিয়ান প্রস্তুত করা হয়?
ক The State Acquisition and Tenancy Act, 1950
খ The Non-Agricultural Tenancy Act, 1949
গ The Sylhet Tenancy Act, 1936
ঘ The.Bengal Tenancy Act, 1885

৯০. The Non-Agricultural Tenancy Act, 1949-এর ৩ ধারায় অকৃষি প্রজাগণকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৬

৯১. প্রবেশন কর্মকর্তা নিয়োগ বিষয়ে শিশু আইন, ২০১৩ এর কোন ধারায় বর্ণিত আছে?
ক ৪ খ ৫
গ ৬ ঘ ৭

৯২. নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এ 'নবজাতক শিশু' অর্থ অনূর্ধ্ব — দিন বয়সের কোনো শিশু।
ক ২১ খ ৩০
গ ৪০ ঘ ৬০
ব্যাখ্যা *ধারা ২(চ), নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০।*

৯৩. নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ অনুযায়ী সাধারণ জখমের সর্বোচ্চ শাস্তি কত বৎসর?
ক ১২ খ ৫
গ ৩ ঘ ১
ব্যাখ্যা *ধারা ১১(গ), নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০।*

৯৪. The Special Powers Act, 1974 অনুযায়ী নাশকতা (sabotage)-এর সর্বোচ্চ শাস্তি কত?
ক ১৫ বৎসর কারাদণ্ড খ যাবজ্জীবন কারাদণ্ড
গ ১৪ বৎসর কারাদণ্ড ঘ মৃত্যুদণ্ড
ব্যাখ্যা *ধারা ১৫, বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪।*

৯৫. মাদকদ্রব্য অপরাধ দমন ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে আপিল করতে হবে—
ক আপিল ট্রাইব্যুনালে খ দায়রা জজ আদালতে
গ হাইকোর্ট বিভাগে ঘ স্পেশাল জজ আদালতে
ব্যাখ্যা *'মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন' ২০২০ এর মাধ্যমে 'মাদকদ্রব্য অপরাধ দমন ট্রাইব্যুনাল'-এর বিধান উঠিয়ে নেওয়া হয়েছে।*

৯৬. মানিলন্ডারিং অপরাধ করলে অর্থদণ্ড হবে অপরাধের সাথে সংশ্লিষ্ট সম্পত্তির — মূল্যের।
ক সমান খ দ্বিগুণ
গ তিন গুণ ঘ চার গুণ

৯৭. দুর্নীতি সম্পর্কিত কোনো অভিযোগের অনুসন্ধান বা তদন্তের ক্ষেত্রে দুর্নীতি দমন কমিশনের ক্ষমতা প্রয়োগে বাধা প্রদানের শাস্তি সর্বোচ্চ কত বৎসর?
ক ৭ খ ৫
গ ৩ ঘ ১
ব্যাখ্যা *ধারা ১৯, দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪।*

৯৮. মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ অনুসারে অপরাধের তদন্ত করতে পারেন সর্বনিম্ন কোন পর্যায়ের পুলিশ কর্মকর্তা?
ক সহকারী উপ-পরিদর্শক খ উপ-পরিদর্শক
গ পরিদর্শক (তদন্ত) ঘ সহকারী পুলিশ সুপার
ব্যাখ্যা *ধারা ১৯, মানব পাচার প্রতিরোধ ও দমন আইন ২০১২।*

৯৯. ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ অনুযায়ী সাইবার ট্রাইব্যুনাল সময় বৃদ্ধি না করলে বিচারকার্য সমাপ্তির কত দিনের মধ্যে রায় প্রদান করবেন?
ক ৭ খ ১০
গ ১৫ ঘ ২১
ব্যাখ্যা *ধারা ৭২, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬।*

১০০. The Negotiable Instruments Act, 1881 অনুযায়ী আসামির প্রতি নোটিশ প্রদানের কোনটি অনুমোদিত পদ্ধতি নয়?
ক সরাসরি খ ডাকযোগে
গ জাতীয় বাংলা পত্রিকায় ঘ ই-মেইল ও ফ্যাক্সযোগে
ব্যাখ্যা *ধারা ১৩৮, Negotiable Instruments Act 1881।*

উত্তর

৮৫	ঘ
৮৬	খ
৮৭	গ
৮৮	ঘ
৮৯	গ
৯০	ক
৯১	খ
৯২	গ
৯৩	গ
৯৪	ঘ
৯৫	গ
৯৬	খ
৯৭	গ
৯৮	খ
৯৯	খ
১০০	খ

বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের ওয়্যারহাউজ/ ইয়ার্ড সুপারিনটেনডেন্ট/ক্যাশিয়ার ২০২২

পরীক্ষার তারিখ : ০৩.১২.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৮০

০১. কোন বিদেশি রাষ্ট্রপ্রধান প্রথম বাংলাদেশের জাতীয় সংসদে ভাষণ দেন?
ক মার্শাল জোসেফ টিটো খ ইন্দিরা গান্ধী
গ রিচার্ড নিক্সন ঘ লিওনিড ব্রেজনেভ
ব্যাখ্যা *৩১ জানুয়ারি ১৯৭৪ যুগোশ্লাভিয়ার তৎকালীন প্রেসিডেন্ট মার্শাল জোসেফ টিটো, প্রথম বিদেশি রাষ্ট্রপ্রধান হিসেবে বাংলাদেশের জাতীয় সংসদে ভাষণ দেন। ১৮ জুন ১৯৭৪ দ্বিতীয় রাষ্ট্রপ্রধান হিসেবে বাংলাদেশের জাতীয় সংসদে ভাষণ দেন ভারতের তৎকালীন রাষ্ট্রপতি বরাহগিরি ভেঙ্কট গিরি।*

০২. 'September on Jessore Road' কবিতার রচয়িতা কে?
ক Julian Spilsberg খ Julian Ginsberg
গ Allen Spilsberg ঘ Allen Ginsberg
ব্যাখ্যা *মুক্তিযুদ্ধের ওপর রচিত কবিতা 'সেপ্টেম্বর অন যশোর রোড' রচনা করেন মার্কিন কবি ও লেখক অ্যালেন গিনসবার্গ। তিনি ৫২ লাইনবিশিষ্ট কবিতাটি ১৪-১৬ নভেম্বর ১৯৭১ রচনা করেন।*

০৩. বঙ্গভঙ্গের সময় ভারতের গভর্নর কে ছিলেন?
ক লর্ড ওয়েলেসলি খ লর্ড কার্জন
গ লর্ড ডালহৌসী ঘ লর্ড মাউন্টব্যাটেন
ব্যাখ্যা *১৬ অক্টোবর ১৯০৫ ভারতের ভাইসরয় লর্ড কার্জন বাংলা ভাগ করেন। এ বিভক্তির মাধ্যমে বাংলাকে 'পূর্ব বাংলা ও আসাম' এবং 'পশ্চিম বাংলা' নামে দুটি প্রদেশে পরিণত করা হয়।*

০৪. জাতিসংঘের কততম সাধারণ অধিবেশনে বঙ্গবন্ধু বাংলায় ভাষণ দিয়েছিলেন?
ক ২৪তম খ ২৯তম
গ ৩২তম ঘ ৩৬তম
ব্যাখ্যা *২৫ সেপ্টেম্বর ১৯৭৪ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিসংঘের সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে বাংলায় ভাষণ প্রদান করেন। এর আগে ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্যপদ লাভ করে।*

০৫. রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ করেন কে?
ক টি. এস. ইলিয়ট খ ডব্লিউ. বি. ইয়েটস
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ বুদ্ধদেব বসু
ব্যাখ্যা *রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ করেন স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুর। এ কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ 'Song Offerings' নামে পরিচিত, যার ভূমিকা লেখেন ডব্লিউ. বি. ইয়েটস। ১৯১২ সালে গ্রন্থটি প্রকাশিত হয় এবং ১৯১৩ সালে এর জন্য রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পান।*

০৬. নিচের কোনটি সমার্থক নয়?
ক আট কপালে-ইঁদুর কপালে
খ অকাল কুষ্মাণ্ড-আমড়া কাঠের ঢেঁকি
গ ঢাকের কাঠি-খয়ের খাঁ
ঘ গোঁফ খেজুরে-কাছা ঢিলা
ব্যাখ্যা *প্রদত্ত উদাহরণ 'আট কপালে-ইঁদুর কপালে' অর্থ 'মন্দভাগ্য'। 'অকাল কুষ্মাণ্ড-আমড়া কাঠের ঢেঁকি' অর্থ 'অপদার্থ'। 'ঢাকের কাঠি-খয়ের খাঁ' অর্থ 'তোষামুদে'। তিনটি বাগধারাই সমার্থক কিন্তু 'গোঁফ খেজুরে', 'কাছা ঢিলা'র অর্থ যথাক্রমে 'অলস' এবং 'অসাবধান'। তাই এ বাগধারা জোড়া সমার্থক নয়।*

০৭. 'সম্বোধন' শব্দের অর্থ–
ক আহ্বান খ নাম
গ পরিচয় ঘ অভিবাদন
ব্যাখ্যা *'সম্বোধন' শব্দের অর্থ 'আহ্বান'-এর আরও কয়েকটি অর্থ : 'সম্ভাষণ, ডাক'।*

০৮. 'Allocation' শব্দের বাংলা পরিভাষা–
ক বরাদ্দ খ বরাদ্দকারী
গ মঞ্জুর ঘ অনুদান
ব্যাখ্যা *'Allocation' শব্দের বাংলা পরিভাষা 'বরাদ্দ'। অন্যদিকে, 'Grant' ও 'Granted'-এর বাংলা পরিভাষা 'অনুদান' ও 'মঞ্জুর'।*

০৯. 'পাথার'-এর সমার্থক শব্দ–
ক তটিনী খ অর্ণব
গ শৈল ঘ বন্দর
ব্যাখ্যা *'পাথার'-এর সমার্থক শব্দ 'অর্ণব'। অন্যদিকে, 'তটিনী' হলো 'নদী'-র সমার্থক এবং 'শৈল' হলো 'পর্বত'-এর সমার্থক শব্দ।*

১০. 'আকুঞ্চন' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি?
ক কুঞ্চন খ প্রসারণ
গ বিকুঞ্চন ঘ প্রসার
ব্যাখ্যা *'আকুঞ্চন' শব্দটির বিপরীতার্থক শব্দ 'প্রসারণ'। আরও কয়েকটি বিপরীতার্থক শব্দ : তিক্ত-মধুর, ক্ষীণ-পুষ্ট, ঐচ্ছিক-আবশ্যিক, সূক্ষ্ম-স্থূল ইত্যাদি।*

১১. 'অবিমৃষ্যকারী' কাকে বলে?
ক যে সর্বদা কুৎসা রটনা করে
খ যে আগে-পিছে না ভেবে কাজ করে
গ যে সর্বদা বিষাদগ্রস্ত থাকে
ঘ যে অন্যের সৌভাগ্যে ঈর্ষাবোধ করে

উত্তর

০১	ক
০২	ঘ
০৩	খ
০৪	খ
০৫	গ
০৬	ঘ
০৭	ক
০৮	ক
০৯	খ
১০	খ
১১	খ

CamScanner

ব্যাখ্যা যে আগে-পিছে না ভেবে কাজ করে তাকে এক কথায় 'অবিমৃষ্যকারী' বলে। এরূপ আরো কিছু এক কথায় প্রকাশ : যা সহজে অতিক্রম করা যায় না– দুরতিক্রম্য', যা সহজে লাভ করা যায় না– দুর্লভ'।

১২. What is an antonym for the word 'revere'?
ⓚ dream ⓛ despise
ⓜ respect ⓝ regret

ব্যাখ্যা Revere– শ্রদ্ধা করা, সম্মান করা, despise– ঘৃণা করা, respect– সম্মান করা, dream– স্বপ্ন দেখা, regret– আফসোস করা। সুতরাং অপশন (খ)-ই সঠিক উত্তর।

১৩. What is a synonym for the word 'rummage'?
ⓚ fumble ⓛ damage
ⓜ nudge ⓝ look after

ব্যাখ্যা Rummage– তন্নতন্ন করে খোঁজা, fumble– কিছু খোঁজার জন্য হাতড়ানো, damage– ক্ষতি, nudge– কনুই দিয়ে মৃদু ঠেলা দেওয়া এবং look after– দেখাশোনা করা।

১৪. What is the noun form of the word 'defer'?
ⓚ deference ⓛ deferment
ⓜ difference ⓝ deferrant

ব্যাখ্যা Defer– মুলতবি/স্থগিত করা; এর noun হলো deferment– স্থগিতকরণ। অন্যদিকে, deference– সম্মান এবং difference– পার্থক্য।

১৫. 'বাবা আমাদের দেখাশোনা করছিলেন'–কোন কালের উদাহরণ?
ⓚ নিত্যবৃত্ত অতীত ⓛ ঘটমান অতীত
ⓜ পুরাঘটিত অতীত ⓝ সাধারণ অতীত

ব্যাখ্যা যে ক্রিয়া অতীতকালে চলছিল এখনও শেষ হয়নি বোঝায় তাকে ঘটমান অতীত বলে। যেমন– বাবা আমাদের দেখাশোনা করছিলেন, হাবিব ঘুমাচ্ছিল তখন।

১৬. কোনটি শুদ্ধ বাক্য নয়?
ⓚ ইহার আবশ্যকতা নাই
ⓛ সমৃদ্ধশালী বাংলাদেশ আমাদের একান্ত কাম্য
ⓜ আপনি সপরিবারে আমন্ত্রিত
ⓝ সমুদয় পক্ষীই নীড় বাঁধে

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটির শুদ্ধ রূপ– সমৃদ্ধ বাংলাদেশ আমাদের একান্ত কাম্য।

১৭. কোনটি নজরুলের প্রবন্ধগ্রন্থ?
ⓚ কুহেলিকা ⓛ বিষের-বাঁশী
ⓜ রুদ্রমঙ্গল ⓝ রিক্তের বেদন

ব্যাখ্যা 'রুদ্রমঙ্গল' কাজী নজরুল ইসলামের প্রবন্ধগ্রন্থ। এটি ১৯২৭ সালে প্রকাশিত হয়েছিল। 'কুহেলিকা' তার উপন্যাস, 'বিষের বাঁশী' কাব্যগ্রন্থ এবং 'রিক্তের বেদন' তার গল্পগ্রন্থ।

১৮. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার দশক স্থানীয় অংক এক স্থানীয় অঙ্কের দ্বিগুণ। একক স্থানীয় অঙ্ক ২ হলে, মূল সংখ্যার সাথে স্থান বিনিময়কৃত সংখ্যার পার্থক্য কত?
ⓚ ২৮ ⓛ ৩৬
ⓜ ১০ ⓝ ১৮

ব্যাখ্যা এক স্থানীয় অঙ্ক ২ তাই দশক স্থানীয় অঙ্ক ৪।
∴ সংখ্যাটি $৪ \times ১০ + ২ = ৪২$
স্থান বিনিময়ে সংখ্যাটি = ২৪
∴ পার্থক্য = ১৮

১৯. একজন ছাত্র ১২০ টাকায় কতকগুলো কলম কিনল। সে যদি ঐ টাকায় একটি কলম বেশি পেতো তবে প্রতিটি কলমের দাম পড়ে ৫ টাকা কম পরতো। সে কতকগুলো কলম কিনল?
ⓚ ৬টি ⓛ ৫টি
ⓜ ৭টি ⓝ ১৫টি
[Note : অপশনটি ভুল। ১২০ টাকার পরিবর্তে ১৫০ টাকা হলে সমাধান নিম্নরূপ। তখন উত্তর হতো ৫টি।]
ধরি, সে x টি কলম কিনেছিল।

$$\frac{১৫০}{x} - \frac{১৫০}{(x+১)} = ৫$$

$$\Rightarrow \frac{x+১-x}{x(x+১)} = \frac{৫}{১৫০}$$

$$\Rightarrow x^২ + x = ৩০$$

$$\Rightarrow x^২ + x - ৩০ = ০$$

$$\Rightarrow x^২ + ৬x - ৫x - ৩০ = ০$$

$$\Rightarrow x(x+৬) - ৫(x+৬) = ০$$

$$\Rightarrow (x+৬)(x-৫) = ০$$

$$\therefore x = ৫; x \neq -৬$$

২০. One swallow does not make a summer. অর্থ–
ⓚ এক হাতে তালি বাজে না
ⓛ এক মাঘে শীত যায় না
ⓜ ভাগের মা গঙ্গা পায় না
ⓝ বিপদ কখনও এক আসে না

ব্যাখ্যা 'One swallow does not make a summer'–এ প্রবাদটির বাংলা অর্থ 'এক মাঘে শীত যায় না'। অন্যদিকে, 'এক হাতে তালি বাজে না' প্রবাদটির ইংরেজি 'It takes two to make a quarrel' এবং 'বিপদ কখনও একা আসে না' -এ প্রবাদের ইংরেজি 'Misfortune never comes alone'।

২১. বিশেষ্য থেকে বিশেষণ পদে পরিবর্তিত কোন শব্দজোড় শুদ্ধ নয়?
ⓚ সৌন্দর্য-সুন্দর ⓛ সংবাদ-সাংবাদিক
ⓜ আকুলতা-আকুতি ⓝ পরমাণু-পারমাণবিক

উত্তর
১২ খ
১৩ ক
১৪ খ
১৫ খ
১৬ খ
১৭ গ
১৮ ঘ
১৯ Note
২০ খ
২১ খ

ব্যাখ্যা প্রদত্ত উত্তরের (খ)-তে উল্লিখিত 'সংবাদ-সাংবাদিক' শব্দজোড়ের দুটিই বিশেষ্য পদ। তাই এটি শুদ্ধ নয়। অন্যদিকে, বাকি তিনটি উত্তরই বিশেষ্য থেকে বিশেষণে শব্দজোড়ের উদাহরণ।

২২. নিচের কোন বিপরীত শব্দজোড় অশুদ্ধ?
ⓚ অন্তরঙ্গ-বহিরঙ্গ ⓛ উত্তম-মধ্যম
ⓜ আবশ্যিক-ঐচ্ছিক ⓝ শুষ্ক-সিক্ত

ব্যাখ্যা প্রদত্ত উত্তরের 'অন্তরঙ্গ-বহিরঙ্গ, আবশ্যিক-ঐচ্ছিক, শুষ্ক-সিক্ত' তিনটিই বিপরীত শব্দজোড়। উত্তম-মধ্যম শব্দজোড় বাগধারার অন্তর্গত। তাই এটি অশুদ্ধ।

২৩. 'যেতে নাহি দিব! হায়, তবু যেতে দিতে হয়, তবু চলে যায়।' – এই চরণ দুটি কোন কবির রচনা?
ⓚ মাইকেল মধুসূদন দত্ত ⓛ বিহারীলাল চক্রবর্তী
ⓜ রবীন্দ্রনাথ ঠাকুর ⓝ সত্যেন্দ্রনাথ দত্ত

ব্যাখ্যা 'যেতে নাহি দিব! হায়, তবু যেতে দিতে হয়, তবু চলে যায়' এ চরণ দুটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যগ্রন্থের 'যেতে নাহি দিব' কবিতার চরণ। এটি রবীন্দ্রনাথের বিখ্যাত কবিতা।

২৪. কাজী নজরুল ইসলাম রচিত নিচের কোন গ্রন্থ একজন রাজনৈতিক নেতাকে উপলক্ষ্য করে রচিত?
ⓚ অগ্নিবীণা ⓛ বুলবুল
ⓜ জিঞ্জীর ⓝ চিত্তনামা

ব্যাখ্যা কাজী নজরুল ইসলামের 'চিত্তনামা' গ্রন্থটি দেশবন্ধু চিত্তরঞ্জন দাশকে উপলক্ষ্য করে রচিত। আগস্ট ১৯২৫ সালে গ্রন্থটি একাশিত হয় দেশবন্ধুর প্রয়াণে তার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনে।

২৫. I bumped — an old friend yesterday.
ⓚ into ⓛ in
ⓜ on ⓝ with

ব্যাখ্যা Bump into– ধাক্কা খাওয়া, ঠুকে যাওয়া। বাক্যটির অর্থ 'আমি গতকাল এক পুরানো বন্ধুর সাথে ধাক্কা খেয়েছিলাম'।

২৬. He asked me where I — last week.
ⓚ was ⓛ had been
ⓜ have been ⓝ would be

ব্যাখ্যা বাক্যটির প্রথম অংশ past tense হওয়ায় subordinate অংশটি past perfect tense হয়েছে।

২৭. There-fourths of the earth's surface — by water.
ⓚ covered ⓛ are covered
ⓜ has covered ⓝ is covered

ব্যাখ্যা One-fourth, two-fourths, three-fourths ইত্যাদি ভগ্নাংশের পরের noun-টি singular হলে verb singular হয়। Noun-টি plural হলে verb-টি plural হয়। Earth noun-টি singular। তাই (ঘ)-ই সঠিক উত্তর।

২৮. You had better — the evil company.
ⓚ leave ⓛ left
ⓜ leaving with ⓝ live

ব্যাখ্যা Had better, would better, would rather ইত্যাদি modal auxiliary'র পর verb-এর base form বসে।

২৯. He likes to read books, watch movies and —
ⓚ playing cricket ⓛ cricket
ⓜ play cricket ⓝ cricket playing

ব্যাখ্যা এ ধরনের function-কে parallelism (সাদৃশ্য) বলে। এখানে যেহেতু to + read books দিয়ে শুরু হয়েছে বাকি phrase গুলোও (verb + noun) দিয়ে শুরু হবে এবং conjunction-এর ওপর উভয় পাশে একই রকম হবে। যদি to read না হয়ে reading books, watching movies হতো তাহলে পেছেও playing cricket হতো।

৩০. It is high time we — proper steps against climate change.
ⓚ should take ⓛ took
ⓜ must take ⓝ take

ব্যাখ্যা It is high time, it is time, wish, fancy ইত্যাদির পর verb-এর past form হয়।

৩১. মানব উন্নয়ন সূচকে বাংলাদেশের অবস্থান কত?
ⓚ ১২৯তম ⓛ ১৩১তম
ⓜ ১৩৩তম ⓝ ১৪২তম

ব্যাখ্যা জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP) কর্তৃক প্রকাশিত মানব উন্নয়ন প্রতিবেদন ২০২১-২২ অনুযায়ী, মানব উন্নয়ন সূচকে বাংলাদেশের অবস্থান ১২৯তম। আর সূচকে শীর্ষ দেশ সুইজারল্যান্ড এবং সর্বনিম্ন দেশ দক্ষিণ সুদান।

৩২. 'Cozy Bear' কী?
ⓚ যুক্তি ⓛ হ্যাকার
ⓜ বিনোদন কেন্দ্র ⓝ তথ্য বিনিময় কেন্দ্র

ব্যাখ্যা ২০০৮ সালে প্রতিষ্ঠিত Cozy Bear একটি রাশিয়ান হ্যাকার গ্রুপ।

৩৩. ইনকা সভ্যতা কোন অঞ্চলে বিদ্যমান ছিল?
ⓚ দক্ষিণ আমেরিকা ⓛ আফ্রিকা
ⓜ মধ্যপ্রাচ্য ⓝ পূর্ব আফ্রিকা

ব্যাখ্যা ইনকা সভ্যতা গড়ে ওঠেছিল দক্ষিণ আমেরিকা অঞ্চলে। ইনকা সভ্যতার স্থপতি মানকো কাপেন। পেরুর মাচুপিচুতে আজও এই সভ্যতার ধ্বংসাবশেষ দেখা যায়।

৩৪. মুক্তিযুদ্ধে 'মুজিবনগর' কোন সেক্টরের অধীন ছিল?
ⓚ ০২ নং ⓛ ০৮ নং
ⓜ ১০ নং ⓝ ১১ নং

উত্তর
২২ খ
২৩ গ
২৪ ঘ
২৫ ক
২৬ খ
২৭ ঘ
২৮ ক
২৯ গ
৩০ খ
৩১ ক
৩২ খ
৩৩ ক
৩৪ খ

CamScanner

ব্যাখ্যা মহান মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর ৮নং সেক্টরের অধীনে ছিল। এই সেক্টরের সদর দপ্তর ছিল কল্যাণী, ভারত। ৮নং সেক্টরের কমান্ডার ছিলেন মেজর ওসমান চৌধুরী ও মেজর এম. এ. মঞ্জুর।

৩৫. We have to learn to adapt ourselves — our circumstances.
ক to খ in
গ with ঘ by
ব্যাখ্যা খাপ খাওয়ানো অর্থে adapt to বসে।

৩৬. The United States is — that there are five time zones.
ক too big খ very big
গ much big ঘ so big
ব্যাখ্যা 'এতই ..... যে', এরকম অর্থে so .... that structure-টি ব্যবহৃত হয়। যুক্তরাষ্ট্র এতই বড় যে, সেখানে পাঁচটি টাইম জোন আছে।

৩৭. What is the antonym of 'ANTIQUE'?
ক ancient খ beautiful
গ colourful ঘ modern
ব্যাখ্যা Antique– প্রাচীন, ancient– অর্থও প্রাচীন। অন্যদিকে, modern– আধুনিক।

৩৮. What is the antonym on 'furious'?
ক blissful খ barrier
গ enraged ঘ wild
ব্যাখ্যা Furious, enraged, wild-এগুলো একে অপরের সমার্থক। এদের অর্থ যথাক্রমে রাগান্বিত, উন্মাদ ও রম্য। Blissful অর্থ- সুখময়, barrier-বাঁধা। সুতরাং furious-এর নিকটতম antonym হলো blissful।

৩৯. Sanjana — is this apartment since January last year.
ক was living খ has been lived
গ has been living ঘ lived
ব্যাখ্যা অনেক আগে থেকে শুরু হয়ে এখন পর্যন্ত চলমান বোঝাতে present perfect continuous tense হয়। Since দ্বারা point of time (নির্দিষ্ট সময়) বোঝায় এবং for দ্বারা duration of time (সময়কাল/ব্যাপ্তি) বোঝায়।

৪০. There were — people in the hall, so we were not completely alone.
ক very little খ little
গ fewer ঘ a few
ব্যাখ্যা A few হলো countable quantifier, এটি countable noun-এর সাথে বসে। অন্যদিকে, little বসে uncountable noun-এর সাথে। তাই a few সঠিক উত্তর।

৪১. একটি আয়তক্ষেত্র ও একটি বর্গক্ষেত্রের পরিসীমা পরস্পর সমান। যদি আয়তক্ষেত্রের প্রস্থ তার দৈর্ঘ্যের অর্ধেক হয়, তবে বর্গক্ষেত্র ও আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত কত?
ক ১ : ৪ খ ৯ : ৮
গ ২ : ৩ ঘ ৩ : ৭
ব্যাখ্যা দৈর্ঘ্য = x

প্রস্থ $= \frac{x}{2}$

পরিসীমা $= 2\left(x+\frac{x}{2}\right)$

$= 2\times\frac{3x}{2}$

$= 3x$

∴ বর্গক্ষেত্রের পরিসীমা $= 3x$

∴ এক বাহু $= \frac{3x}{4}$

∴ বর্গের ক্ষেত্রফল $\left(\frac{3x}{4}\right)^2$

$= \frac{9x^2}{16}$

আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{x^2}{2}$

∴ বর্গক্ষেত্র ও আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত

$= \frac{9x^2}{16}\times\frac{2}{x^2}$

$= 9 : 8$

৪২. ০, ১, ২ এবং ৩ দিয়ে গঠিত চার অংকের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত?
ক ৩১৪৭ খ ২২৮৭
গ ২১৮৭ ঘ ২৯৮৭
ব্যাখ্যা ০, ১, ২, ৩, দিয়ে গঠিত,
চার অঙ্কের বৃহত্তম সংখ্যা ৩২১০
" " ক্ষুদ্রতম " ১০২৩
∴ পার্থক্য = ২১৮৭

৪৩. একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল ৫০ বর্গ সে. মি.। ত্রিভুজের প্রতি বাহুর দৈর্ঘ্য কত?
ক ১০.৭৫ সে. মি. খ ১২ সে. মি.
গ ১৩.৪৫ সে. মি. ঘ ১১.৬৫ সে. মি.
ব্যাখ্যা সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$
[∵ a=এক বাহুর দৈর্ঘ্য]

∴ $\frac{\sqrt{3}}{4}a^2 = 50$

$a^2 = \frac{50\times4}{\sqrt{3}} = \frac{200\sqrt{3}}{3} = 115.47$

∴ $a = 10.745 \approx 10.75$

উত্তর
৩৫ ক
৩৬ ঘ
৩৭ ঘ
৩৮ ক
৩৯ গ
৪০ ঘ
৪১ খ
৪২ গ
৪৩ ক

৪৪. জ্বালানি তেলের মূল্য ১৫% বৃদ্ধি পাওয়ায় বাসের টিকিটের মূল্য ২০% বৃদ্ধি পেল। তাহলে নতুন ও পুরানো বাস ভাড়ার আনুপাত কত?
ক ৮ : ৫ খ ৮ : ৩
গ ৬ : ৫ ঘ ৪ : ৩
ব্যাখ্যা ধরি, পূর্বের ভাড়া x

বর্তমান ভাড়া $x + x$-এর ২০% $= \frac{120x}{100}$

$= \frac{6x}{5}$

∴ অনুপাত $= \frac{6x}{5}\times\frac{1}{x}$

$= 6 : 5$

৪৫. m-এর মান কত হলে, $9x^2 - 3mx + 16$ রাশিটি একটি পূর্ণবর্গ হবে?
ক 8 খ 12
গ 24 ঘ 16
ব্যাখ্যা পূর্ণবর্গ হবে যদি $b^2 - 4ac = 0$ হয়
∴ $(-3m)^2 - 4\times9\times16 = 0$
$\Rightarrow 9m^2 = 576$
$\Rightarrow m^2 = \frac{576}{9} = 64$
∴ $m = 8$

৪৬. ২৪০ জন লোক একটি বনভোজনে যায়। সেখানে যতজন মহিলা ছিল তার থেকে ২০ জন পুরুষ বেশি ছিল। আবার যতজন শিশু ছিল তার থেকে ২০ জন প্রাপ্তবয়স্ক বেশি ছিল। বনভোজনে কতজন পুরুষ ছিল?
ক ১০০ খ ৭৫
গ ৯৫ ঘ ৫৫
ব্যাখ্যা ২৪০ জনের মধ্যে ছিলো প্রাপ্তবয়স্ক ও শিশু। যেহেতু ২০ জন প্রাপ্তবয়স্ক বেশি তাই শিশু = ১১০ জন
প্রাপ্তবয়স্ক = ১৩০ জন
১৩০ জনের মধ্যে পুরুষ ও মহিলা রয়েছে যেখানে ২০ জন পুরুষ বেশি।
∴ মহিলা $= \frac{130-2}{2} = 55$ জন এবং
পুরুষ = (৫৫ + ২০) জন বা ৭৫ জন।


৪৭. $x - y = 4$ এবং $xy = -9$ হলে, $(x+y)^2$-এর মান কত?
ক −20 খ 52
গ 25 ঘ 32
ব্যাখ্যা দেওয়া আছে,
$x - y = 4$
$xy = -9$
∴ $(x+y) = (x-y)^2 + 4xy$
$= (4)^2 + 4(-9)$
$= 16 - 36$
$= -20$

৪৮. $A = \{x : x, 24$ এর সকল গুণনীয়কসমূহ$\}$ এবং $B = \{x : x, 3$-এর গুণিতক এবং $x \le 24\}$ হলে, $A \setminus B = ?$
ক {3, 6, 12, 24} খ {1, 2, 4, 8}
গ {9, 15, 18, 21} ঘ {4, 5, 6}
ব্যাখ্যা A {1, 2, 3, 4, 6, 8, 12, 24}
B {3, 6, 9, 12, 15, 18, 21, 24}
∴ $A \setminus B$ = {1, 2, 4, 8}

৪৯. কোন সংখ্যা (x)-র বর্গের সাথে 1 যোগ করলে যদি তা সংখ্যাটির 3 গুণ হয়, তাহলে $x^3 + \frac{1}{x^3} = ?$
ক 36 খ 0
গ 1 ঘ 18
ব্যাখ্যা প্রশ্নমতে, $x^2 + 1 = 3x$
∴ $x + \frac{1}{x} = 3$
এখন, $x^3 + \frac{1}{x^3} = \left(x+\frac{1}{x}\right)^3 - 3x\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$
$= (3)^3 - 3.3$
$= 27 - 9$
$= 18$

৫০. x, y, z, t চারটি ক্রমিক স্বাভাবিক সংখ্যা হলে নিচের কোনটি পূর্ণবর্গ সংখ্যা?
ক xyzt খ yxzt − 1
গ xyzt + 1 ঘ xy + zt
ব্যাখ্যা যেকোনো চারটি সংখ্যার ক্রমিক স্বাভাবিক সংখ্যা পূর্ণবর্গ হবে = তাদের গুণফল + ১
ধরি,
$x = 2, y = 3, z = 8, t = 5$
∴ $xyzt + 1$
$= 2\times3\times8\times5 + 1$
$= 120 + 1$
$= 121$ যা পূর্ণবর্গ সংখ্যা

৫১. ৪৫ মি. লম্বা একটি খুঁটি ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৩০° কোণ উৎপন্ন করলে খুঁটিটির ভাঙা অংশের দৈর্ঘ্য কত?
ক ৩০ মি. খ ৭.৭ মি.
গ ১৫ মি. ঘ ২৪.১২ মি.
ব্যাখ্যা



উত্তর
৪৪ গ
৪৫ ক
৪৬ খ
৪৭ ক
৪৮ খ
৪৯ ঘ
৫০ গ
৫১ ক

Recent Job Solution-23 A

CamScanner

ধরি,
খুঁটির উচ্চতা $AD = 8\text{৫}$ মি.

$\therefore \sin 30° = \frac{x}{8\text{৫}-x}$

$\Rightarrow \frac{১}{২} = \frac{x}{8\text{৫}-x}$

$\Rightarrow 2x = 8\text{৫} - x$

$\Rightarrow x = \frac{8\text{৫}}{৩} = ১\text{৫}$

$\therefore$ ভাঙা অংশের দৈর্ঘ্য $= (8\text{৫} - ১\text{৫})$ মি.
$= ৩০$ মি.

৫২. কোনো ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৪ সে. মি. ও ৫ সে. মি. এবং এদের অন্তর্ভুক্ত কোণ ৩০° হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে. মি.?

ক ১০ খ ২০
গ ৫ ঘ $১০\sqrt{৩}$

ব্যাখ্যা দুইটি বাহু a, b হলে এবং এদের অন্তর্ভুক্ত কোণ θ হলে ত্রিভুজের ক্ষেত্রফল
$= \frac{১}{২}ab\sin\theta$ বর্গএকক

$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times 8 \times ৫ \times \sin 30°$ বর্গ সে. মি.
$= ৫$

৫৩. তিনটি ধাতব ঘনকের ধার যথাক্রমে ২ সেমি, ৩ সেমি এবং ৪ সেমি। ঘনক তিনটিকে গলিয়ে একটি নতুন ঘনক তৈরি করা হলো। নতুন ঘনকের কর্ণের দৈর্ঘ্য–

ক ২৪.০৩ সেমি খ ৮.০১ সেমি
গ ৪.৬৩ সেমি ঘ ২৯ সেমি

ব্যাখ্যা নতুন ঘনকের আয়তন $= (২^৩ + ৩^৩ + ৪^৩)$ ঘন সেমি
$= ৮ + ২৭ + ৬৪$ ঘন সেমি
$= ৯৯$ ঘন সেমি

$\therefore$ ঘনকের এক বাহুর দৈর্ঘ্য $= \sqrt[৩]{৯৯} = ৪.৬২$ সেমি.

$\therefore$ ঘনকের কর্ণের দৈর্ঘ্য $= ৪.৬২ \times \sqrt{৩}$
$= ৮.০১$ সেমি.

৫৪. 'Keeper' শব্দের বাংলা পরিভাষা–

ক গ্রাহক খ চালক
গ রক্ষক ঘ বাহক

ব্যাখ্যা 'Keeper' শব্দের বাংলা পরিভাষা 'রক্ষক'। অন্যদিকে, 'গ্রাহক' শব্দটি ইংরেজি 'subscriber'-এর বাংলা পরিভাষা।

৫৫. Do you know any solution — the problem?

ক of খ for
গ to ঘ with

ব্যাখ্যা সমস্যা সমাধানের উপায় বোঝাতে solution to ব্যবহৃত হয়।

৫৬. $3^x + 3^{x-1} = 12$ হলে, $x = ?$

ক 1 খ –2
গ –1 ঘ 2

ব্যাখ্যা $3^x + 3^{x-1} = 12$

$\Rightarrow 3^x + \frac{3^x}{3} = 12$

$\Rightarrow \frac{3.3^x + 3^x}{3} = 12$

$\Rightarrow 3^x(3+1) = 3 \times 12$

$\Rightarrow 3^x = \frac{3 \times 12}{4}$

$\Rightarrow 3^x = 3^2$

$\therefore x = 2$

৫৭. যে সকল স্বাভাবিক সংখ্যা দ্বারা ৩২৫ এবং ৫৫০-কে ভাগ করলে প্রতিক্ষেত্রে ২৫ অবশিষ্ট থাকে, তার সেট–

ক {৫, ১৫, ২৫}
খ {২৫, ৭৫}
গ {১, ৩, ৫, ১৫, ২৫, ৭৫}
ঘ {৩০০, ৫২৫}

[Note : স্বাভাবিক সংখ্যার প্রতিক্ষেত্রে ২৫ অবশিষ্ট রয়েছে।

$\therefore ৩৩৫ - ২৫ = ৩০০$ এর গ.সা.গু.

$৫৫০ - ২৫ = ৫২৫$

৩০০	৫২৫	১
	৩০০	
২২৫	৩০০	১
	২২৫	
৭৫	৩০০	৪
	৩০০	
	০	

$\therefore$ নির্ণেয় সেট $= \{৭৫\}$]

৫৮. $1 + 3 + 6 + ... + 21 + 24 =$ কত?

ক 218 খ 23
গ 108 ঘ 109


ব্যাখ্যা ধারাটির যোগফল
$= 1 + 3 + 6 + 9 + 12 + 15 + 18 + 21 + 24$
$= 109$

৫৯. ABC সমকোণী ত্রিভুজের $\angle B$ কোণটি সমকোণ। $\tan A = \sqrt{2}$ হলে, $\sqrt{2}\sin A \cos A = ?$

ক 3/2 খ 3/4
গ 2/3 ঘ 1/2

উত্তর	
৫২	গ
৫৩	খ
৫৪	গ
৫৫	গ
৫৬	ঘ
৫৭	Note
৫৮	ঘ
৫৯	গ


ব্যাখ্যা
$\therefore \sqrt{2}\sin A.\cos A$
$= \sqrt{2} \times \frac{\sqrt{2}}{\sqrt{3}} \times \frac{1}{\sqrt{3}}$
$= \frac{2}{3}$



৬০. অবনতি কোণের মান কত ডিগ্রি হলে একটি খুঁটির দৈর্ঘ্য তার ছায়ার দৈর্ঘ্যের $\sqrt{3}$ গুণ হবে?

ক 30° খ 60° গ 90° ঘ 45°

ব্যাখ্যা



ধরি, খুঁটির ছায়ার দৈর্ঘ্য $= x$
" " দৈর্ঘ্য $= \sqrt{3}x$
অবনতি কোণ, θ.

$\therefore \tan(90-\theta) = \frac{x}{\sqrt{3}x}$

$\Rightarrow \tan(90-\theta) = \frac{1}{\sqrt{3}}$

$\Rightarrow (90-\theta) = \tan^{-1}\left(\frac{1}{\sqrt{3}}\right)$

$\Rightarrow 90 - \theta = 30°$
$\therefore \theta = 90° - 30° = 60°$

৬১. If you had performed well you — the job.

ক will get খ would have got
গ would get ঘ must get

ব্যাখ্যা Third conditional-এর নিয়মানুযায়ী if + perfect tense হলে পরবর্তী অংশ perfect conditional বা would have/could have + verb (p.p.) হয়।

৬২. Scarcely had he completed his study — his mother called him.

ক then খ when
গ before ঘ as soon as

ব্যাখ্যা Scarcely had ...+ when + past tense, No sooner had ... +than + past tense, Hardly had ... + before + past tense হয়। সুতরাং উপরোক্ত structure অনুযায়ী (খ) সঠিক। এ বাক্যটির অর্থ হলো– পড়া শেষ করতে না করতেই তার মা তাকে ডাকলো।

৬৩. — his physical handicap, Stephen Hawkins became a successful scientist.

ক Although খ But
গ Despite of ঘ In spite of

ব্যাখ্যা Simple sentence-এর নিয়মানুসারে দুটি বিপরীত ধারণাকে সংযুক্ত করতে in spite of (সত্ত্বেও) বসে। Spite of-এর বদলে complex sentence-এ though/ although এবং compound-এ but বসে।

৬৪. My sister is very keen — going abroad for higher studies.

ক at খ on
গ for ঘ over

ব্যাখ্যা Keen on–আগ্রহী, উৎসুক। কিন্তু I have a keen interest in music হয়।

৬৫. কোন মোঘল সম্রাট বাংলার নাম দেন 'জান্নাতাবাদ'?

ক বাবর খ হুমায়ুন
গ জাহাঙ্গীর ঘ আকবর

ব্যাখ্যা মুঘল সম্রাট হুমায়ুন বাংলার নাম দেন 'জান্নাতাবাদ'। বাবরের মৃত্যুর পর জ্যেষ্ঠপুত্র হুমায়ুন সিংহাসনে আরোহন করেন। তিনি ১৫৫৫ সালে দ্বিতীয়বারের মতো দিল্লি দখল করেন।

৬৬. সুন্দরবনে বাঘ গণনায় ব্যবহৃত হয় না–

ক পাগমার্ক খ ফুটমার্ক
গ কোয়ার্ড বেট ঘ ক্যামেরা ম্যাপিং

ব্যাখ্যা সুন্দরবনে কয়েকটি পদ্ধতিতে এ পর্যন্ত বাঘ গণনা করা হয়েছে। যথা : পাগমার্ক, ফুটমার্ক, ক্যামেরা ট্র্যাকিং/ম্যাপিং। আর কোয়ার্ড বেট হলো ঘোড়দৌড় প্রতিযোগিতায় বাজি ধরার পদ্ধতি।

৬৭. বিশ্বের কোন শহরটি 'নিষিদ্ধ শহর' নামে পরিচিত?

ক লাসা খ উলানবাটোর
গ পিয়াং ইয়াং ঘ কাবুল

ব্যাখ্যা চীনের স্বায়ত্বশাসিত অঞ্চল তিব্বতের রাজধানী লাসা বিশ্বের নিষিদ্ধ শহর ও দালাইলামার বাসস্থান হিসেবেও পরিচিত। লাসা শব্দের অর্থ হচ্ছে 'দ্য ল্যান্ড অফ দ্য গডস'।

৬৮. 'Green Peace'-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

ক আমস্টারডাম খ প্যারিস
গ জেনেভা ঘ রোম

ব্যাখ্যা ১৯৭১ সালে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক পরিবেশবাদী সংগঠন 'গ্রিনপিস'-এর সদর দপ্তর নেদারল্যান্ডসের

উত্তর	
৬০	খ
৬১	খ
৬২	খ
৬৩	ঘ
৬৪	খ
৬৫	খ
৬৬	গ
৬৭	ক
৬৮	ক

CamScanner

আমস্টারডাম শহরে অবস্থিত। ১৯৭৬ সালে প্রিনপিস ফাউন্ডেশন প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের হাওয়াই-এর কাইলুয়াতে অবস্থিত।

৬৯. একজন ওয়্যারহাউজ ম্যানেজারের দায়িত্ব কোনটি নয়?
ক পণ্যের গুণ ও মান নিশ্চিত রাখা
খ পণ্যের ক্রয়/বিক্রয়ে অংশগ্রহণ করা
গ ইনভেন্টোরি নিয়ন্ত্রণ করা ঘ জায়গা ব্যবস্থাপনা করা

ব্যাখ্যা একজন ওয়্যারহাউজ ম্যানেজারের কাজ পণ্যের মান নিশ্চিত করা, ইনভেন্টরি নিয়ন্ত্রণ করা। অন্যদিকে, পণ্যের ক্রয়/বিক্রয়ে অংশ নেওয়া বিক্রয়কর্মীদের দায়িত্ব।

৭০. ওয়্যারহাউজে কর্মরত ব্যক্তির কী দক্ষতা থাকা বাঞ্ছনীয়?
ক গাড়ি চালানোর লাইসেন্স থাকা
খ শেয়ার বাজারের তথ্য জানা
গ ওয়্যারহাউজ পরিচালনার নিয়ম-নীতি সঠিকভাবে জানা
ঘ ফারসি ভাষায় লেখার দক্ষতা

ব্যাখ্যা ওয়্যারহাউজে কর্মরত ব্যক্তির ওয়্যারহাউজ সম্পর্কে সম্যক ধারণা থাকা বাঞ্ছনীয়।

৭১. গত ২৬ সেপ্টেম্বর, ২০২২ নাসা'র একটি স্পেসক্রাফট একটি গ্রহাণুকে ধাক্কা দেয়ার পরীক্ষা সফলভাবে সম্পন্ন করেছে। স্পেসক্রাফটির নাম কী?
ক DART খ PART গ CRASH ঘ GOAL

ব্যাখ্যা ২৬ সেপ্টেম্বর ২০২২ মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার 'ডার্ট মহাকাশযান' ডাইমরফোস নামক গ্রহাণুকে ধাক্কা দেয়। পৃথিবীর জন্য বিপজ্জনক গ্রহাণুর গতিপথ বদলে দেওয়ার জন্য প্রণীত এ কৌশলের নাম দেওয়া হয়েছে কাইনেটিক ইমপ্যাক্টর টেকনিক।

৭২. রবীন্দ্রনাথ ঠাকুরের গ্রন্থ কোনটি?
ক ছায়ানট খ কালান্তর গ গৃহদাহ ঘ পল্লী-সমাজ

ব্যাখ্যা 'কালান্তর' রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত প্রবন্ধগ্রন্থ। গ্রন্থটি ১৯৩৭ সালে প্রকাশিত হয়। এ গ্রন্থটি ১৫টি প্রবন্ধের একটি সংকলন। রবীন্দ্রনাথের রাষ্ট্রচিন্তা এ গ্রন্থের মূল প্রতিপাদ্য। অন্যদিকে, 'ছায়ানট' কাব্যগ্রন্থের লেখক কাজী নজরুল ইসলাম এবং 'গৃহদাহ' ও 'পল্লী-সমাজ' উপন্যাসের রচয়িতা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

৭৩. তেভাগা আন্দোলনের নেত্রী কে ছিলেন?
ক সুমিত্রা দেবী খ তারামন বিবি
গ ইলা মিত্র ঘ প্রীতিলতা ওয়াদ্দেদার

ব্যাখ্যা তেভাগা আন্দোলনের নেত্রী ইলা মিত্র (১৯২৫-২০০২) একজন প্রখ্যাত রাজনীতিক ও কমিউনিস্ট নেত্রী। ১৯৪৬-৪৭ সালে ফসলের দুই-তৃতীয়াংশের ওপর কৃষকের অধিকার প্রতিষ্ঠার দাবিতে বাংলার ১৯টি জেলায় ইলা মিত্রের নেতৃত্বে গড়ে ওঠে তেভাগা আন্দোলন।

৭৪. Ground Zero কোন ঘটনার সাথে যুক্ত?
ক ১/১১ খ ব্ল্যাক সেপ্টেম্বর
গ সুনামী ঘ ৯/১১

ব্যাখ্যা ১১ সেপ্টেম্বর ২০০১ যুক্তরাষ্ট্রের টুইন টাওয়ারে যে বিমান হামলা চালানো হয়, তা ইংরেজিতে ৯/১১ নামে পরিচিত। ঐ বিমান হামলায় ধ্বংস হয়ে যাওয়া সেই টুইন টাওয়ারের স্থানটির নাম এখন গ্রাউন্ড জিরো'।

৭৫. বঙ্গবন্ধুসহ আগরতলা ষড়যন্ত্র মামলায় মোট কতজন আসামী ছিলেন?
ক ৩৩ জন খ ৩৫ জন
গ ৩৬ জন ঘ ৩৮ জন

ব্যাখ্যা ৩ জানুয়ারি ১৯৬৮ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামি করে মোট ৩৫ জনের বিরুদ্ধে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়। আর এ মামলা প্রত্যাহার করা হয় ২২ ফেব্রুয়ারি ১৯৬৯।

৭৬. 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়' –চরণটি কার রচনা?
ক মধুসূদন দত্ত খ কাজী নজরুল ইসলাম
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়

ব্যাখ্যা রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত বিখ্যাত 'স্বাধীনতা' কবিতার চরণ 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়'।

৭৭. 'হায় এ আমার কী হল' বাক্যটিতে পর্যায়ক্রমে বিরামচিহ্ন বসবে–
ক বিস্ময়সূচক, প্রশ্নবোধক খ কমা, বিস্ময়সূচক
গ বিস্ময়সূচক, দাঁড়ি ঘ বিস্ময়সূচক, বিস্ময়সূচক

ব্যাখ্যা 'হায় এ আমার কী হলো' বাক্যটি পর্যায়ক্রমিক বিরামচিহ্ন অনুযায়ী লিখলে এমন হবে– 'হায়! এ আমার কী হল।'

৭৮. 'দারোগা' শব্দটি যে ভাষা থেকে আগত–
ক আরবি খ ফারসি
গ তুর্কি ঘ পর্তুগিজ

ব্যাখ্যা 'দারোগা' তুর্কি শব্দ। আরও কিছু তুর্কি শব্দ– বাবা, কুলি, চাকু। আরবি– কলম, সালাত, জান্নাত, জাহান্নাম। ফারসি– নামাজ, রোযা, বেহেশত, দোযখ। পর্তুগিজ– আনারস, জানালা, পেয়ারা, পেঁপে।

৭৯. 'আরেক ফাল্গুন' কার লেখা উপন্যাস?
ক শওকত ওসমান খ জহির রায়হান
গ আলাউদ্দিন আল আজাদ ঘ শওকত আলী

ব্যাখ্যা 'আরেক ফাল্গুন' জহির রায়হানের ভাষা আন্দোলনভিত্তিক উপন্যাস। ১৯৬৯ সালে এটি প্রকাশিত হয়। 'আসছে ফাল্গুনে আমরা দ্বিগুণ হবো' এ উপন্যাসের বিখ্যাত সংলাপ।

৮০. কোন রচনার জন্য কাজী নজরুল ইসলাম কারাবরণ করেন?
ক বিদ্রোহী খ বিষের-বাঁশী
গ আনন্দময়ীর আগমনে ঘ চক্রবাক

ব্যাখ্যা ১৯২২ সালের দুর্গাপূজার আগে 'ধূমকেতু' পত্রিকায় কাজী নজরুল ইসলামের 'আনন্দময়ীর আগমনে' কবিতাটি প্রকাশিত হয়। এ কবিতায় রাজদ্রোহের অভিযোগে নজরুলকে কারাবরণ করতে হয় এবং এক বছর সশ্রম কারাদণ্ড ভোগ করেন।

উত্তর

৬৯	খ
৭০	গ
৭১	ক
৭২	খ
৭৩	গ
৭৪	ঘ
৭৫	খ
৭৬	ঘ
৭৭	গ
৭৮	গ
৭৯	খ
৮০	গ

সমাজসেবা অধিদপ্তর (DSS)-এর ইউনিয়ন সমাজকর্মী ২০২২

পরীক্ষার তারিখ : ২১.১০.২০২২; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ৭০; সেট কোড : পদ্ম

[প্রতিটি প্রশ্নের মান-১ (এক) নম্বর।]

০১. $x-y=2$ এবং $xy=24$ হলে, $(x+y)^2$-এর মান কত?
ক 90 খ 22
গ 100 ঘ 20

ব্যাখ্যা $(x+y)^2=(x-y)^2+4xy$
$=2^2+4\times24$
$=4+96$
$=100$

০২. কোনটি অপ্রকৃত ভগ্নাংশ?
ক $\frac{৬}{৫}$ খ $\frac{১}{২}$
গ $\frac{২}{৩}$ ঘ $\frac{১১}{১২}$

ব্যাখ্যা অপ্রকৃত ভগ্নাংশের হর অপেক্ষা লব বড় থাকে।
এখানে, $\frac{৬}{৫}$ ভগ্নাংশের ৬ > ৫.

০৩. কোনটি বড়?
ক ০.০৫ খ ০.৫
গ ০.২৫ ঘ ০.৫৫

ব্যাখ্যা ০.৫৫ সংখ্যাটি সবচেয়ে বড়।

০৪. ল.সা.গু.-এর পূর্ণরূপ কী?
ক লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক
খ লঘিষ্ঠ সাধারণ গুণফল
গ লঘিষ্ঠ সাধারণ গুণিতক
ঘ লঘিষ্ঠ সাধারণ গুণক

ব্যাখ্যা ল.সা.গু. = লঘিষ্ঠ সাধারণ গুণিতক
গ.সা.গু. = গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক

০৫. বৃত্তের দৈর্ঘ্যকে কী বলে?
ক জ্যা খ ব্যাস গ পরিধি ঘ বৃত্তচাপ

ব্যাখ্যা জ্যা = বৃত্তের পরিধির যেকোনো দুই বিন্দুর সংযোজক রেখাংশ। ব্যাস = বৃত্তের বৃহত্তম জ্যা হলো ব্যাস। পরিধি = বৃত্তের দৈর্ঘ্য। বৃত্তচাপ = বক্ররেখার আবদ্ধ রেখাংশ।

০৬. কোনটি বর্গসংখ্যা নয়?
ক ১ খ ৪ গ ৫ ঘ ৯

ব্যাখ্যা ৫-কে কোনো পূর্ণসংখ্যার বর্গরূপে প্রকাশ করা যায় না।
$১=(১)^২$ $৫=\left(\sqrt{৫}\right)^২$
$৪=(২)^২$ $৯=(৩)^২$
এখানে, $\sqrt{৫}$ অমূলদ সংখ্যা।

০৭. দুইটি সংখ্যার বর্গের অন্তর ৩ হলে, সংখ্যা দুইটি কত?
ক ৪ ও ৯ খ ১ ও ২
গ ১৬ ও ২৫ ঘ ৩৬ ও ৪৯

ব্যাখ্যা $৯^২-৪^২=৮১-১৬=৬৫$
$২^২-১^২=৪-১=৩$
$(২৫)^২-(১৬)^২=৬২৫-২৫৬=৩৬৯$
$(৪৯)^২-(৩৬)^২=২৪০১-১২৯৬=১১০৫$

০৮. কবির সাহেবের তিন পুত্রের বয়স যথাক্রমে ৫ বছর, ৭ বছর ও ৯ বছর। তিনি ৪২০০ টাকা বয়স অনুপাতে পুত্রদের মাঝে ভাগ করে দিলেন। ৫ বছর বয়সি ছেলে কত টাকা পেল?
ক ১০০০ খ ১৪০০ গ ১৮০০ ঘ ২২০০

ব্যাখ্যা টাকাগুলো ভাগ করে দিলেন ৫ : ৭ : ৯ অনুপাতে
$\therefore$ ৫ বছর বয়সি ছেলে পাবে $=\left(\frac{৫}{৫+৭+৯}\times৪২০০\right)$ টাকা
$=১০০০$ টাকা

০৯. ৩টি ৫ টাকায় কিনে ৫টি ৯ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক ৭% খ ৯% গ ৮% ঘ ৬%

ব্যাখ্যা ১টির ক্রয়মূল্য $=\frac{৫}{৩}$ টাকা
১টির বিক্রয়মূল্য $=\frac{৯}{৫}$
$\therefore$ লাভ $=\left(\frac{৯}{৫}-\frac{৫}{৩}\right)$টাকা
$=\frac{২৭-২৫}{১৫}$ টাকা
$=\frac{২}{১৫}$ টাকা
$\therefore$ শতকরা লাভ $=\frac{\frac{২}{১৫}}{\frac{৫}{৩}}\times১০০\%$
$=\frac{২}{১৫}\times\frac{৩}{৫}\times১০০\%$
$=৮\%$

১০. কোনো বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৪ বর্গমিটার হলে এর পরিসীমা কত?
ক ৮ মিটার খ ১০ মিটার গ ১২ মিটার ঘ ২ মিটার

ব্যাখ্যা বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = ৪ বর্গমিটার
বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য $=\sqrt{৪}$ মিটার
$=২$ মিটার
$\therefore$ বর্গক্ষেত্রের পরিসীমা $=(৪\times২)$ মিটার
$=৮$ মিটার

উত্তর

০১	গ
০২	ক
০৩	ঘ
০৪	গ
০৫	গ
০৬	গ
০৭	খ
০৮	ক
০৯	গ
১০	ক

CamScanner

১১. $x=2, y=4$ হলে, $7x-3y=?$
ক 2 খ 4
গ 7 ঘ 1
ব্যাখ্যা $7x-3y=7\times2-3\times4=2$

১২. কোনো আসল সরল সুদে পাঁচ বছরে দ্বিগুণ হলে বার্ষিক সুদের হার কত?
ক ২০% খ ১০%
গ ৫% ঘ ৩০%
ব্যাখ্যা ধরি, মূলধন $=p$
সময়, $n=৫$ বছর
সুদের হার $=r\%$
মুনাফা $=I$
প্রশ্নমতে, $I+p=2p$
বা, $\frac{npr}{100}+p=2p$
বা, $\frac{npr}{100}=p$
বা, $\frac{nr}{100}=1$
বা, $\frac{5\times r}{100}=1$
$\therefore r=20\%$

১৩. কোনো ত্রিভুজের একটি কোণ অপর দুইটি কোণের সমষ্টির সমান হলে এটি কোন ধরনের ত্রিভুজ?
ক সমবাহু খ সূক্ষ্মকোণী
গ সমকোণী ঘ স্থূলকোণী
ব্যাখ্যা সমকোণী ত্রিভুজের একটি কোণ এক সমকোণ ও অপর দুইটি কোণের সমষ্টি এক সমকোণ। সমবাহু ত্রিভুজের তিনটি বাহু ও তিনটি কোণ সমান। সূক্ষ্মকোণী ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ। স্থূলকোণী ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ।

১৪. সমবাহু ত্রিভুজের প্রতিটি কোণের পরিমাণ—
ক ৬০° খ ৩০°
গ ৭০° ঘ ৮০°
ব্যাখ্যা সমবাহু ত্রিভুজের তিনটি কোণই সমান এবং তা ৬০°।

১৫. দুইটি কোণের সমষ্টি ৯০ ডিগ্রি হলে এর প্রত্যেকটি কোণের নাম কী?
ক সম্পূরক কোণ খ পূরক কোণ
গ সরল কোণ ঘ স্থূলকোণ
ব্যাখ্যা দুইটি কোণের সমষ্টি ৯০ ডিগ্রি হলে এর প্রত্যেকটি কোণ পূরক কোণ। দুইটি কোণের সমষ্টি ১৮০ ডিগ্রি হলে এর প্রত্যেকটি কোণ সম্পূরক কোণ।

১৬. চীন দেশের কোন ভ্রমণকারী গুপ্তযুগে বাংলাদেশে আগমন করেন?
ক আই সিং খ ফা-হিয়েন
গ হিউয়েন সাং ঘ ইবনে বতুতা
ব্যাখ্যা চীনা পরিব্রাজক ফা-হিয়েন ভারতবর্ষে আগমন করেন দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমলে। তিনি মধ্য এশিয়া, ভারত ও শ্রীলংকা ভ্রমণ করেন ও তার ভ্রমণবৃত্তান্ত লিপিবদ্ধ করেন। ফা-হিয়েনের সঠিক উচ্চারণ সম্ভবত 'ফাজিয়ান' বা 'ফা-সিয়েন'।

১৭. ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বিন বখতিয়ার খলজি বাংলা জয় করেন—
ক ১২০০ সালে খ ১২০৪ সালে
গ ১২১২ সালে ঘ ১২১১ সালে
ব্যাখ্যা ১২০৪ সালে বখতিয়ার খিলজি অশ্ব বিক্রেতার বেশে অতর্কিতে লক্ষ্মণ সেনের রাজধানী নদীয়া প্রবেশ করে অতর্কিতে আক্রমণ করলে লক্ষ্মণ সেন পলায়ন করেন এবং বখতিয়ার খিলজি বাংলায় মুসলিম শাসনের সূত্রপাত ঘটান।

১৮. কোন মুঘল সম্রাট বাংলার নাম দেন 'জান্নাতাবাদ'?
ক হুমায়ুন খ বাবর
গ আকবর ঘ জাহাঙ্গীর
ব্যাখ্যা মুঘল সম্রাট হুমায়ুন বাংলার নাম দেন 'জান্নাতাবাদ'। বাবরের মৃত্যুর পর জ্যেষ্ঠপুত্র হুমায়ুন সিংহাসনে আরোহণ করেন। ১৫৫৫ সালে দ্বিতীয়বারের মতো তিনি দিল্লি দখল করেন। তিনি সিঁড়ি থেকে পড়ে আহত হন এবং তিনদিন পর ১৫৫৬ সালের ২৭ ফেব্রুয়ারি মারা যান।

১৯. ঢাকায় বাংলার রাজধানী স্থাপনের সময় মুঘল সুবেদার কে ছিলেন?
ক ইব্রাহিম খান খ ইসলাম খান
গ শায়েস্তা খান ঘ মীর জুমলা
ব্যাখ্যা সুবাদার ইসলাম খানের শাসনামলে ১৬১০ সালে ঢাকা বাংলাদেশের রাজধানী হয়। তিনি ঢাকার নাম সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে 'জাহাঙ্গীরনগর' রাখেন। তিনি ১৬০৮ সালে বাংলার সুবাদার নিযুক্ত হন। ঢাকার 'ধোলাই খাল' নির্মাণ তার অন্যতম কীর্তি।

২০. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়—
ক ১ জুলাই, ২০১৯ খ ১ জুলাই, ১৯২১
গ ১ জুলাই, ১৯১৯ ঘ ১ জুলাই, ১৯২৩
ব্যাখ্যা ১৯২০ সালে ভারতীয় বিধান পরিষদে গৃহীত ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুসারে ১৯২১ সালের ১ জুলাই ৩টি অনুষদ, ১২টি বিভাগ, ৬০ জন শিক্ষক, ৮৭৭ জন ছাত্রছাত্রী, ৩টি আবাসিক হল (সলিমুল্লাহ, জগন্নাথ, শহীদুল্লাহ হল) নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। উল্লেখ্য, ঢাকার নবাব সলিমুল্লাহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য জমি দান করেন।

২১. বঙ্গবঙ্গ রদ হয় কোন সনে?
ক ১৯১৬ খ ১৯০৫
গ ১৯২০ ঘ ১৯১১
ব্যাখ্যা হিন্দু জাতীয়তাবাদীদের তীব্র আন্দোলনের প্রেক্ষিতে ১২ ডিসেম্বর ১৯১১ রাজা পঞ্চম জর্জ দিল্লি দরবারে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন। এ ঘোষণা কার্যকর হয় ১৯১২ সালের ২০ জানুয়ারি।

উত্তর

১১	ক
১২	ক
১৩	গ
১৪	ক
১৫	খ
১৬	খ
১৭	খ
১৮	ক
১৯	খ
২০	খ
২১	ঘ

২২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কতবার পরিবর্তন করা হয়েছে?
ক ১৫ বার খ ১৬ বার
গ ১৭ বার ঘ ১৮ বার
ব্যাখ্যা ২০২২ পর্যন্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ১৭টি সংশোধনী আনা হয়েছে। সংবিধানের সর্বশেষ সপ্তদশ সংশোধনী জাতীয় সংসদে পাস হয় ৮ জুলাই ২০১৮। এ সংশোধনীর বিষয়বস্তু হলো সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নির্বাচনের বিধি আরো ২৫ বছর বহাল রাখা হয়।

২৩. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের মোট অনুচ্ছেদ সংখ্যা কত?
ক ১৫২ খ ১৫১
গ ১৪৮ ঘ ১৫৩
ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ১৫৩টি অনুচ্ছেদ আছে। যার মধ্যে বাংলাদেশ সংবিধানের গুরুত্বপূর্ণ ৪টি মূলনীতির কথা উল্লেখ আছে। এছাড়া বাংলাদেশ সংবিধানের ১১টি ভাগ রয়েছে।

২৪. মুজিবনগর সরকার গঠিত হয় কোন তারিখে?
ক ১০ এপ্রিল, ১৯৭১ খ ১৪ এপ্রিল, ১৯৭১
গ ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ ১২ এপ্রিল, ১৯৭১
ব্যাখ্যা ১৯৭১ সালে ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ শুরু হলে পাকিস্তান হানাদার বাহিনীর বিরুদ্ধে বিজয় নিশ্চিত করতে এবং যুদ্ধ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১৯৭১ সালের ১০ এপ্রিল মুজিবনগর বা অস্থায়ী বা প্রবাসী বা বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয়। এ সরকারের রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ। এ সরকার গঠিত হয় মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার ভবেরপাড়া (বর্তমান মুজিবনগর) গ্রামে। মুজিবনগর সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠান হয় ১৭ এপ্রিল ১৯৭১।

২৫. 'গ্রিনপিস' কোন দেশের পরিবেশবাদী গ্রুপ?
ক সুইজারল্যান্ড খ নিউজিল্যান্ড
গ নেদারল্যান্ডস ঘ যুক্তরাজ্য
ব্যাখ্যা গ্রিনপিস নেদারল্যান্ডসভিত্তিক একটি বেসরকারি পরিবেশবাদী সংস্থা। ১৯৭১ সালে এটি প্রতিষ্ঠিত হয়। ১৯৭১ সালে সংস্থাটি আলাস্কায় পারমাণবিক পরীক্ষার বিরুদ্ধে প্রথম আন্দোলন শুরু করে।

২৬. জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা কত?
ক ১৯৩ খ ১৯১
গ ১৯৭ ঘ ১৯২
ব্যাখ্যা জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা ১৯৩। ১৯৩তম সদস্য দেশ দক্ষিণ সুদান (সদস্যপদ লাভ করে ১৪ জুলাই ২০১১)।

২৭. ACU-এর পূর্ণরূপ কী?
ক American Cluster Union
খ Asian Clearing Union
গ Asian Cluster Union
ঘ American Clearing Union
ব্যাখ্যা Asian Clearing Union বা আকু হচ্ছে একটি আন্তঃআঞ্চলিক লেনদেন নিষ্পত্তিকারী সংস্থা। জাতিসংঘের এশীয় অঞ্চলের অর্থনীতি ও সামাজিক কমিশন (ESCAP)-এর উদ্যোগে ৯ ডিসেম্বর ১৯৪৭ এটি প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর ইরানের রাজধানী তেহরানে অবস্থিত। (বর্তমানে এর সদস্য দেশ ৯টি।)

২৮. বঙ্গবন্ধুকে 'রাজনীতির কবি' উপাধি দিয়েছিল—
ক দ্য ইকোনমিস্ট খ দ্য টাইম
গ দ্য গার্ডিয়ানস ঘ দ্য নিউজউইক
ব্যাখ্যা ৫ এপ্রিল ১৯৭১ যুক্তরাষ্ট্রের সাপ্তাহিক ম্যাগাজিন 'Newsweek'-এর সাংবাদিক লোরেন জেঙ্কিন্স তার প্রতিবেদনে বঙ্গবন্ধুকে 'রাজনীতির কবি' (Poet of Politics) উপাধি দিয়েছিল।

২৯. 'ইউরোপের রুটির ঝুড়ি' বলা হয় কোন দেশকে?
ক ইউক্রেন খ পোল্যান্ড গ জার্মান ঘ ইতালি
ব্যাখ্যা ইউক্রেন বিশ্বের শীর্ষস্থানীয় গম উৎপাদনকারী দেশ। তাই ইউক্রেনকে 'ইউরোপের রুটির ঝুড়ি' বলা হয়।

৩০. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন—
ক ১৭ এপ্রিল, ১৯১৮ খ ১৭ মার্চ, ১৯১৮
গ ১৭ মার্চ, ১৯২০ ঘ ১৭ মে, ১৯২০
ব্যাখ্যা বঙ্গবন্ধু ১৭ মার্চ ১৯২০ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। শেখ লুৎফর রহমান ও মোসাম্মৎ সাহারা খাতুনের ৪ কন্যা ও ২ পুত্রের মধ্যে তৃতীয় সন্তান শেখ মুজিব। বাবা-মা তাকে 'খোকা' বলে ডাকতেন।

৩১. 'দুই বিঘা জমি' কবিতাটি কার লেখা?
ক কাজী নজরুল ইসলাম খ মাইকেল মধুসূদন দত্ত
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ কায়কোবাদ
ব্যাখ্যা 'দুই বিঘা জমি' রবীন্দ্রনাথ ঠাকুরের 'চিত্রা' (১৮৯৬) কাব্যগ্রন্থ থেকে সংকলিত। যারা অর্থ, শক্তি ও দাপটের জোরে অন্যায়কে ন্যায়, ন্যায়কে অন্যায় বলে প্রতিষ্ঠা করে কবি এ কবিতায় তাদের স্বরূপ তুলে ধরেছেন। 'সবুজের অভিযান', 'নির্ঝরের স্বপ্নভঙ্গ', 'পরিচয়', 'শাজাহান', 'খেয়া', '১৪০০ সাল' ইত্যাদি রবীন্দ্রনাথের উল্লেখযোগ্য কবিতা।

৩২. ছেলেটি দ্রুত দৌড়ায়। – 'দ্রুত' কোন পদের উদাহরণ?
ক বিশেষণ খ ক্রিয়া
গ ক্রিয়া-বিশেষণ ঘ বিশেষ্য
ব্যাখ্যা যে পদ ক্রিয়া সংগঠনের ভাব, কাল ও রূপ নির্দেশ করে, তাকে ক্রিয়া-বিশেষণ বলে। যেমন– ধীরে ধীরে বায়ু বয়। পরে একবার এসো। রকেট অতি দ্রুত চলে।

৩৩. 'মন রূপ মাঝি = মনমাঝি' কোন সমাসের উদাহরণ?
ক বহুব্রীহি খ তৎপুরুষ
গ রূপক কর্মধারয় ঘ দ্বন্দ্ব
ব্যাখ্যা উপমান ও উপমেয়ের মধ্যে অভেদ বা অভিন্নতা কল্পনা করা হলে রূপক কর্মধারয় সমাস হয়। এ সমাসে

উত্তর

২২	গ
২৩	ঘ
২৪	ক
২৫	গ
২৬	ক
২৭	খ
২৮	ঘ
২৯	ক
৩০	গ
৩১	গ
৩২	গ
৩৩	গ

CamScanner

উপমেয় পদ পূর্বে বসে এবং উপমান পদ পরে বসে এবং সমস্যমান পদে 'রূপ' যোগ করে ব্যাসবাক্য গঠন করা হয়। যেমন– মন রূপ মাঝি = মনমাঝি, ক্রোধ রূপ অনল = ক্রোধানল, বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু।

৩৪. শুদ্ধ বানান কোনটি?
ক মুমূর্ষু খ মুমূর্ষু
গ মুমূর্ষু ঘ মুমূর্ষূ

ব্যাখ্যা কতিপয় গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান– উদীচী, পরিকার, পুরস্কার, মুহুর্মুহু, অনসূয়া, তৎক্ষণাৎ, কনীনিকা ইত্যাদি।

৩৫. 'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক অর্ণব খ অর্ক
গ প্রসূন ঘ পল্লব

ব্যাখ্যা সূর্য শব্দের প্রতিশব্দ : অর্ক, ভানু, তপন, দিবাকর, ভাস্কর, প্রভাকর, মার্তণ্ড, সবিতা, দিনেশ, রবি, অংশুমালী, আফতাব। অর্ণব শব্দের অর্থ : সমুদ্র, অম্বুধি, পয়োধি, পাথার, সাগর, জলধি, রত্নাকর, সিন্ধু। প্রসূন অর্থ পুষ্প, ফুল, কুসুম। পল্লব অর্থ গাছের পাতা, কিশলয়, কচি পাতা।

৩৬. বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি?
ক ১০টি খ ৭টি গ ৮টি ঘ ৬টি

ব্যাখ্যা বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণ ১০টি। এর মধ্যে স্বরবর্ণ ৪টি। যথা– এ, ঐ, ও, ঔ এবং ব্যঞ্জনবর্ণ ৬টি। যথা– ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ। এছাড়া বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ ৮টি এবং পূর্ণমাত্রার বর্ণ ৩২টি।

৩৭. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?
ক কার খ ফলা
গ স্বরলিপি ঘ সম্প্রসারণ

ব্যাখ্যা স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলে কার। বাংলা বর্ণমালায় ১০টি কার আছে। যেমন–া, ি, ী, ু, ূ, ৃ, ে, ৈ, ো, ৌ।

৩৮. যা ক্রিয়া সম্পাদন করে তাকে কী বলে?
ক বিজ্ঞপ্তি খ উপসর্গ
গ অনুজ্ঞা ঘ কারক

ব্যাখ্যা 'কারক' শব্দের অর্থ 'যা ক্রিয়া সম্পাদন করে'। বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে নামপদের যে সম্পর্ক তাকে কারক বলে। যেসব অর্থহীন শব্দাংশ অন্য শব্দের শুরুতে বসে নতুন শব্দ গঠন করে, সেগুলোকে উপসর্গ বলে। আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা, অনুনয় প্রভৃতি অর্থে বর্তমান এবং ভবিষ্যৎকালে মধ্যম পুরুষে ক্রিয়াপদের যে রূপ হয়ে তাকে অনুজ্ঞা পদ বলে।

৩৯. বাংলা উপসর্গ কয়টি?
ক ২০টি খ ২১টি গ ১৯টি ঘ ১২টি

ব্যাখ্যা বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ রয়েছে ২১টি। এগুলো হচ্ছে– অ, অঘা, অজ, অনা, আ, আড়, আব, আন, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। সংস্কৃত উপসর্গের সংখ্যা ২০টি।

৪০. সংখ্যা গণনার মূল একক–
ক শূন্য খ এক
গ ক্রম ঘ তারিখ

ব্যাখ্যা 'সংখ্যা মানে 'গণনা' বা 'গণনা দ্বারা লব্ধ ধারণা'। সংখ্যা গণনার মূল একক 'এক'। সংখ্যাবাচক শব্দ ৪ প্রকার। যথা : ১. অংক বা সংখ্যাবাচক, ২. পরিমাণ বা গণনাবাচক, ৩. ক্রম বা পূরণবাচক ও ৪. তারিখবাচক।

৪১. 'চোখের বালি' বাগধারাটির অর্থ কী?
ক প্রিয় বস্তু খ বিরক্তিকর বস্তু
গ আকর্ষণ ঘ চোখের রোগ

ব্যাখ্যা 'চোখের বালি' বাগধারাটির অর্থ 'বিরক্তিকর বস্তু' বা 'চক্ষুশূল'। আরো কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারা: তাসের ঘর– ক্ষণস্থায়ী, শিবরাত্রির সলতে– একমাত্র বংশধর, ধর্মের ষাড়– অকর্মণ্য, হাত ভারি– কৃপণ।

৪২. 'উভয় সংকট' বাগধারাটির অর্থ কী?
ক দুইদিকে পথ খ দুইদিকে বিপদ
গ আসন্ন সংকট ঘ ভুলপথে গমন

ব্যাখ্যা 'উভয় সংকট' বাগধারাটির অর্থ 'দুইদিকে বিপদ'। অন্যদিকে, শিরে সংক্রান্তি– আসন্ন বিপদ।

৪৩. বাংলালিপির উৎস কী?
ক সংস্কৃত লিপি খ চীনা লিপি
গ আরবি লিপি ঘ ব্রাহ্মী লিপি

ব্যাখ্যা ব্রাহ্মী লিপির কুটিল রূপ থেকে বাংলা লিপির উৎপত্তি। সেন বংশের শাসনামলে শুরু হওয়া বাংলা লিপির প্রসার ঘটে পাল শাসনামলে। বাংলা লিপির অক্ষর স্থায়ীরূপ লাভ করে পনেরো শতকে এবং আধুনিক রূপ দেন পঞ্চানন কর্মকার।

৪৪. বাংলাদেশের জাতীয় কবি কে?
ক কাজী নজরুল ইসলাম খ জীবনানন্দ দাশ
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ জসীমউদ্দীন

ব্যাখ্যা বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম বাংলাদেশের জাতীয় কবি। ১৯৭২ সালের ২৪ মে ভারত সরকারের অনুমতিক্রমে কবিকে ভারত থেকে স্থায়ীভাবে দেশে আনা হয় এবং জাতীয় কবির মর্যাদা দেওয়া হয়। অন্যদিকে, 'রূপসী বাংলার', 'নির্জনতার', 'তিমির হননের' ও 'ধূসরতার কবি' জীবনানন্দ দাশ। 'বিশ্বকবি' রবীন্দ্রনাথ ঠাকুর এবং 'পল্লী কবি' জসীমউদ্দীন।

৪৫. বাক্যে যতিচিহ্ন দাঁড়ি (।) থাকলে কতক্ষণ থামতে হয়?
ক এক সেকেন্ড খ এক বলতে যে সময় প্রয়োজন
গ এক বলার দ্বিগুণ ঘ থামার প্রয়োজন নেই

ব্যাখ্যা বাক্যে যতিচিহ্ন দাঁড়ি (।) থাকলে এক সেকেন্ড থামতে হয়। এরূপ– বিস্ময়সূচক চিহ্ন, প্রশ্নবোধক বা জিজ্ঞাসা চিহ্ন, ড্যাস, কোলন ড্যাস ও কোলন চিহ্নেও এক সেকেন্ড থামতে হয়।

উত্তর

৩৪	গ
৩৫	খ
৩৬	ক
৩৭	ক
৩৮	ঘ
৩৯	খ
৪০	খ
৪১	খ
৪২	খ
৪৩	ঘ
৪৪	ক
৪৫	ক

৪৬. কোন পুরুষবাচক শব্দের দুইটি স্ত্রীবাচক শব্দ আছে?
ক রাষ্ট্রপতি খ যোদ্ধা
গ দেবর ঘ কেরানী

ব্যাখ্যা প্রদত্ত অপশনে 'দেবর' পুরুষবাচক শব্দের তিনটি স্ত্রীবাচক শব্দ রয়েছে। যথা– ননদ, ননদিনী ও জা। তেমনি– পুত্র, শিক্ষক, অভাগা, সুকেশ, বন্ধু, দাদা, রজক, স্বামী প্রভৃতি শব্দের দুটো বা তিনটি করে স্ত্রীবাচক শব্দ রয়েছে।

৪৭. 'তারিখ' কোন ভাষার শব্দ?
ক আরবি খ ফারসি গ পর্তুগিজ ঘ তুর্কি

ব্যাখ্যা তারিখ, আল্লাহ, ঈমান, গোসল, ঈদ, উকিল, আসবাব, গরিব, নকল, মসজিদ, লেবু, মসলা ইত্যাদি আরবি শব্দ। বাবা, বেগম, লাশ, কুলি, চাকু, উজবুক, পলাশ ইত্যাদি তুর্কি শব্দ।

৪৮. 'কবর' কবিতাটি কে লিখেছেন?
ক কায়কোবাদ খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ জসীমউদ্দীন ঘ মাইকেল মধুসূদন দত্ত

ব্যাখ্যা 'কবর' জসীমউদ্দীনের বিখ্যাত ও বহুল আলোচিত কবিতা। কলকাতা বিশ্ববিদ্যালয় কবিতাটিকে প্রবেশিকা পাঠ্য তালিকায় অন্তর্ভুক্ত করে। পরবর্তীকালে কবিতাটি কবির 'রাখালী' কাব্যগ্রন্থে সংকলিত হয়। করুণ রসাত্মক এ কবিতায় প্রধান হয়ে উঠেছে এক গ্রামীণ বৃদ্ধের জীবনের গভীর বেদনাগাথা।

৪৯. 'রবীন্দ্র'-এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক রবী + ইন্দ্র খ রবী + ঈন্দ্র
গ রবি + ইন্দ্র ঘ রবি + ঈন্দ্র

ব্যাখ্যা ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ ঈ-কার হয়। দীর্ঘ ঈ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন– অতি + ইত = অতীত, পরি + ঈক্ষা = পরীক্ষা, সতী + ইন্দ্র = সতীন্দ্র।

৫০. ক্রিয়ার কাল প্রধানত কত প্রকার?
ক ৩ খ ৪ গ ৫ ঘ ৬

ব্যাখ্যা ক্রিয়া সংঘটনের সময়কে কাল বলা হয়। কাল প্রধানত তিন প্রকার। যথা : ১. বর্তমানকাল, ২. অতীতকাল এবং ৩. ভবিষ্যৎকাল।

৫১. He has no appetite — food.
ক to খ for
গ with ঘ about

ব্যাখ্যা Appetite for-ক্ষুধা, চাহিদা, আকাঙ্ক্ষা।

৫২. His words conform—his work.
ক about খ into
গ with ঘ for

[Note : অপশনে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর হবে conform to-অনুরূপ হওয়া, মেনে চলা। খেয়াল রাখতে হবে এটা confirm নয়, conform। প্রশ্নে প্রদত্ত বাক্যটি দ্বারা কথা-কাজে মিল থাকা বোঝাচ্ছে।]

৫৩. One of the students—failed.
ক has খ have
গ would ঘ will

ব্যাখ্যা 'One of the'-এর পর সবসময় plural noun হয়। এবং verb সবসময় singular হয়। এখানে One of the students দ্বারা ছাত্রদের মধ্যে একজনকে বোঝাচ্ছে।

৫৪. The thief ran away after he—the police.
ক saw খ seen
গ sean ঘ had seen

ব্যাখ্যা The thief ran away after he had seen the police (পুলিশকে দেখার পর চোরটি দৌড়ে পালালো)। এ ধরনের বাক্যে after-এর পর past perfect tense এবং before-এর আগে past perfect tense-এর অংশটি বসে। যেমন– ডাক্তার আসার আগে রোগীটি মারা গেল– The patient had died before the doctor came. দুটি কাজের মধ্যে যেটি আগে ঘটে সেটি past perfect tense হয় এবং পরের কাজটি past tense-এ হয়।

৫৫. Which of the following is plural?
ক furniture খ linguistics
গ geese ঘ news

ব্যাখ্যা Goose অর্থ রাজহংসী। এর plural হলো geese। অন্যদিকে, furniture, linguistics, news, economics, physics-এ noun-গুলো সর্বদা singular হয়।

৫৬. He got his house—last month.
ক to paint খ painting
গ paint ঘ painted

ব্যাখ্যা এখানে got একটি causative verb (প্রযোজক ক্রিয়া)। Get/got-এর দুটি structure রয়েছে–
(i) Sub + get/got + object (ব্যক্তিবাচক) + to verb...
(ii) Sub + get/got + object (বস্তুবাচক) + v (p.p)...
প্রশ্নে 'his house' object-টি বস্তুবাচক হওয়ায় (ii) নং নিয়ম অনুযায়ী verb-টি past participle হয়েছে। বাক্যটির অর্থ হলো– সে গত মাসে তার ঘর রং করিয়ে নিয়েছিল।

৫৭. She made her daughter—homework.
ক do খ did
গ to do ঘ done

ব্যাখ্যা Make/let/help ইত্যাদি causative verb-এর object ব্যক্তি/বস্তু যাই হোক না কেন-এর পর verb-এর base form বসে। She made her daughter do homework. (তিনি তার মেয়েকে দিয়ে বাড়ির কাজ করিয়ে নিয়েছিলেন)।

৫৮. The man got used to — a walk every morning.
ক take খ taken
গ taking ঘ took

উত্তর

৪৬	গ
৪৭	ক
৪৮	গ
৪৯	গ
৫০	ক
৫১	খ
৫২	Note
৫৩	ক
৫৪	ঘ
৫৫	গ
৫৬	ঘ
৫৭	ক
৫৮	গ

CamScanner

ব্যাখ্যা বাক্যে mind, worth, with a view to, look forword to, would you mind, get used to থাকলে এদের পরের verb-টির সাথে ing হয়।

৫৯. He doesn't like company. So he has — friends.
ক a few খ few
গ many ঘ fewer

ব্যাখ্যা Few (না-বোধক অর্থ প্রদান করে) অর্থ অল্প, খুব কম, নেই বললেই চলে-এত কম। A few অর্থ স্বল্পসংখ্যক। এটি হ্যাঁ-বোধক বোঝায়। যেহেতু সে মানুষের সঙ্গ পছন্দ করে না সেহেতু তার বন্ধুও খুব কম। সুতরাং অপশন (খ) সঠিক উত্তর।

৬০. There was — water in the jug. She could quench her thirst.
ক a little খ little
গ less ঘ the little

ব্যাখ্যা A little দ্বারা অল্প পরিমাণ বোঝায়। এটি uncountable noun-এর ক্ষেত্রে ব্যবহৃত হয়। Countable noun-এর বেলায় a few বসে।

৬১. Which of the following is singular?
ক trousers খ jeans
গ glasses ঘ athletics

ব্যাখ্যা Athletics noun-টি সর্বদা singular হয়। যেসব জিনিসের দুটি অংশ থাকে সেগুলো সর্বদা plural হয়। যেমন– trousers-পাজামা, glasses-চশমা।

৬২. Truth triumphs — falsehood.
ক on খ over
গ to ঘ for

ব্যাখ্যা Triumph over (কারো ওপর বিজয় অর্জন করা) কাউকে পরাভূত করা। বাক্যটির অর্থ হলো– সত্য মিথ্যাকে পরাভূত করেছে।

৬৩. The jury — unanimous in giving verdict.
ক was খ were
গ have ঘ has

ব্যাখ্যা Jury শব্দটি collective noun এবং collective noun দ্বারা যখন একক সমষ্টি বোঝায় তখন verb singular হয় কিন্তু বিভাজন/বিভক্তি বোঝালে verb plural হয়। বাক্যটি unanimous শব্দটি দ্বারা একমত, সর্বসম্মত হওয়া বোঝাচ্ছে। তাই was সঠিক উত্তর।

৬৪. They were sitting by a swimming pool. Here the underlined word is a—
ক participle খ infinitive
গ gerund ঘ finite verb

ব্যাখ্যা Participle-এ adjective-এর ফোর্স থাকে। Participle, adjective-এর মতো কাজ করে। Swimming শব্দটি 'pool noun'-টিকে modify করছে। Article + verb (ing) + noun-এভাবে থাকলে ing-যুক্ত verb-টি participle হিসেবে গণ্য হয়।

৬৫. A stitch in time saves—.
ক money খ nine
গ time ঘ energy

ব্যাখ্যা A stitch in time saves nine- সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়। এটি একটি idiom বা প্রবাদ বাক্য।

৬৬. The child saw a flying bird. Here the underlined word is a—.
ক participle খ gerund
গ infinitive ঘ finite verb

ব্যাখ্যা Participle, adjective-এর মতো noun-কে modify করে। এখানে flying দ্বারা bird-এর অবস্থা বোঝাচ্ছে। Flying bird- উড়ন্ত পাখি। তাছাড়া article + verb (ing) + noun থাকলে ing-যুক্ত শব্দটি participle হয়।

৬৭. It was necessary that she — the meeting.
ক joined খ join
গ joins ঘ to join

ব্যাখ্যা Necessary, important, suggested, advise, ask, demand, propose, request ইত্যাদি subjunctive-এ শব্দগুলো principal clause-এ থাকলে এদের পরে that -যুক্ত clause-এর subject-এর পরে সর্বদা verb-এর base form বসে।

৬৮. If he helped me, I — the work.
ক did খ do
গ would do ঘ would have done

ব্যাখ্যা Conditional-এর নিয়মানুযায়ী If-যুক্ত অংশ past tense হলে পরের অংশে past conditional (would, could, might) হয়।

৬৯. I introduced my friend — my parents.
ক to খ with
গ between ঘ among

ব্যাখ্যা কাউকে কারো সাথে পরিচয় করিয়ে দেওয়া অর্থে introduce to হয়।

৭০. Vice results — misery.
ক to খ for গ with ঘ in

ব্যাখ্যা Result in-ডেকে আনা, ফল হিসেবে আসা, পর্যবসিত হওয়া। Vice results in misery অর্থ হলো– পাপ দুঃখ ডেকে আনে।

উত্তর
৫৯ খ
৬০ ক
৬১ ঘ
৬২ খ
৬৩ ক
৬৪ ক
৬৫ খ
৬৬ ক
৬৭ খ
৬৮ গ
৬৯ ক
৭০ ঘ

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (DESCO)-এর সাবস্টেশন এটেন্ডেন্ট ২০২২

পরীক্ষার তারিখ : ১৭.০৯.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ১০০

[মোট ৮০টি প্রশ্নের জন্য OMR Sheet এ সঠিক উত্তরটি কালো কালির কলম দিয়ে সঠিক নিয়মে বৃত্ত ভরাট করতে হবে। কোনো প্রকার লাল কালি কিংবা একাধিক বৃত্ত ভরাট করলে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর বাতিল বলে গণ্য হবে।]

০১. 'পিন্নি' কোন শ্রেণির শব্দ?
ক বিদেশি খ তদ্ভব গ অর্ধ-তৎসম ঘ দেশি

ব্যাখ্যা 'পিন্নি' শব্দটি অর্ধ-তৎসম শব্দ। এরূপ কতিপয় অর্ধ-তৎসম শব্দ- ছেরাদ্দ, জ্যোছনা, বোষ্টম, কুচ্ছিত প্রভৃতি।

০২. 'আনন্দাশ্রু' কোন সমাস?
ক রূপক সমাস খ ষষ্ঠী তৎপুরুষ সমাস
গ উপমিত সমাস ঘ উপমান সমাস

[Note : 'আনন্দাশ্রু' কর্মধারয় সমাস। যেমন– আনন্দজনিত যে অশ্রু = আনন্দাশ্রু।]

০৩. নিচের কোন শব্দটি অন্য শব্দগুলো থেকে আলাদা?
ক ঢেঁকি খ কাগজ গ আনারস ঘ উকিল

ব্যাখ্যা 'ঢেঁকি' দেশি শব্দ। অন্যদিকে, 'কাগজ', 'আনারস' এবং 'উকিল' যথাক্রমে ফারসি, পর্তুগিজ এবং আরবি তথা বিদেশি শব্দ।

০৪. নিচের কোনটি সমাসনিষ্পন্ন শব্দের উদাহরণ?
ক নিবাস খ বড়াই গ মনমাঝি ঘ ছাত্রকে

ব্যাখ্যা 'মন রূপ মাঝি = মনমাঝি' সমাসনিষ্পন্ন শব্দের উদাহরণ। সমাসের প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম সমস্তপদ। সমাসবদ্ধ পদটির অন্তর্গত পদগুলোকে সমস্যমান পদ বলে।

০৫. কীসের ভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না?
ক প্রয়োগভেদে খ লিঙ্গভেদে
গ অর্থভেদে ঘ বচনভেদে

ব্যাখ্যা বচনভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না। 'বচন' শব্দের অর্থ 'সংখ্যার ধারণা'। বাংলায় বচন দু প্রকার। যথা– ১. একবচন ও ২. বহুবচন।

০৬. প্রত্যয়সাধিত শব্দ কোনটি?
ক সফল খ সুশ্রী গ মহাত্মা ঘ জেলে

ব্যাখ্যা 'জাল + ইয়া = জালিয়া > জেলে' তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ। শব্দের সঙ্গে (শেষে) যেসব প্রত্যয়যোগে নতুন শব্দ গঠিত হয় তাদেরকে তদ্ধিত প্রত্যয় বলে। যেমন– বর্ষ + ইক = বার্ষিক।

০৭. নিচের কোনটি কাজী নজরুল ইসলামের উপন্যাস?
ক রিক্তের বেদন খ শিউলিমালা
গ কুহেলিকা ঘ ছায়ানট

ব্যাখ্যা 'কুহেলিকা' (১৯৩১) কাজী নজরুল ইসলাম রচিত তৃতীয় ও সর্বশেষ উপন্যাস। এ উপন্যাসে রাজনৈতিক প্রসঙ্গ হিসেবে স্বদেশি দলের সম্পৃক্ততা প্রকাশ পেয়েছে। তার রচিত অন্য দুটি উপন্যাস বাঁধনহারা (১৯২৭) এবং মৃত্যুক্ষুধা (১৯৩০)।

০৮. 'চর্যাপদ' রচনার উদ্দেশ্য কী ছিল?
ক নীতিচর্চা খ ধর্মচর্চা
গ সাহিত্যচর্চা ঘ অনুবাদচর্চা

ব্যাখ্যা বাংলা সাহিত্যের আদি নিদর্শন 'চর্যাপদ' মূলত ধর্মচর্চার উদ্দেশ্যে লিখিত। চর্যাপদের মূল বিষয়বস্তু বৌদ্ধধর্মের গূঢ় রহস্য ও তত্ত্বকথা। চর্যা শব্দের অর্থ 'আচরণ'।

০৯. 'Ordnance' শব্দটির বাংলা প্রতিশব্দ কী?
ক অধ্যাদেশ খ ক্রম গ সমরাস্ত্র ঘ আদেশ

ব্যাখ্যা 'Ordnance' শব্দটির বাংলা প্রতিশব্দ সমরাস্ত্র। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ : Quotation- দরপত্র, Tribal- আদিবাসী, Revenue- রাজস্ব, Testimonial- প্রশংসাপত্র, Embassy- দূতাবাস।

১০. 'নবীন মাধব' কোন উপন্যাসের চরিত্র?
ক ডাকঘর খ নীলদর্পণ
গ জমিদার দর্পণ ঘ শাজাহান

ব্যাখ্যা দীনবন্ধু মিত্র রচিত 'নীলদর্পণ' (১৮৬০) নাটকের অন্যতম চরিত্র নবীন মাধব। নাটকটি বাংলাদেশের মেহেরপুর অঞ্চলের নীলকরদের অত্যাচার এবং নীল চাষীদের দুঃখ-কষ্ট নিয়ে রচিত। মাইকেল মধুসূদন দত্ত 'A NATIVE' ছদ্মনামে। নীলদর্পণ নাটকটি 'NIL DARPAN OR, THE INDIGO PLANTING MIRROR (১৯৬১)' নামে অনুবাদ করেন।

১১. ক্রিয়ার প্রথম অংশকে কী বলে?
ক শব্দ খ ধাতু
গ শব্দমূল ঘ ক্রিয়া-বিভক্তি

ব্যাখ্যা ক্রিয়ার প্রথম অংশ বা মূলকে ধাতু বলে। ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে দুটি অংশ পাওয়া যায়। যথা : ক্রিয়া-বিভক্তি ও ধাতু।

১২. 'সবিতা' শব্দের সঠিক প্রতিশব্দ কোনটি?
ক সূর্য খ নদী গ চাঁদ ঘ পদ্ম

ব্যাখ্যা 'সবিতা' শব্দের সঠিক প্রতিশব্দ 'সূর্য'। 'সূর্য' শব্দের আরও কিছু সমার্থক শব্দ– দিবাকর, প্রভাকর, অর্ক, আফতাব, বিভাকর, দিবাবসু, দিনকর।

১৩. 'মহিমা' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক ম + হিমা খ মহৎ + ইমন
গ মহা + ইমন ঘ মহি + মা

ব্যাখ্যা মহৎ + ইমন = মহিমা। আরও কিছু গুরুত্বপূর্ণ প্রকৃতি-প্রত্যয় : √নী + অন = নয়ন, √কৃষ্ + তি = কৃষ্টি, সর্বাঙ্গ + ঈন = সর্বাঙ্গীণ, প্রচুর + য = প্রাচুর্য।

উত্তর
০১ গ
০২ Note
০৩ ক
০৪ গ
০৫ ঘ
০৬ ঘ
০৭ গ
০৮ খ
০৯ গ
১০ খ
১১ খ
১২ ক
১৩ খ

CamScanner

১৪. বাংলা বর্ণমালায় মৌলিক স্বরধ্বনি কয়টি?
ক ৬টি খ ৭টি গ ৯টি ঘ ১১টি
ব্যাখ্যা যেসব স্বরধ্বনি অন্য স্বরধ্বনির সাহায্য ছাড়াই উচ্চারিত হয়, সেগুলোকে মৌলিক স্বরধ্বনি বলে। বাংলা বর্ণমালায় মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা– অ, আ, ই, উ, এ, ও, অ্যা।

১৫. 'White elephant'-এর সঠিক অনুবাদ কোনটি?
ক সাদা হাতি খ সুলভ
গ কষ্টকর ঘ ব্যয়বহুল
ব্যাখ্যা White Elephant-এর সঠিক বঙ্গানুবাদ 'ব্যয়বহুল'। আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা : হাতির পাঁচ পা দেখা- দুঃসাহসী হওয়া, সুখের পায়রা- বিলাসী বস্তু, যক্ষের ধন- অতিশয় কৃপণের ধন, ভিজা বিড়াল- কপটচারী।

১৬. 'বীজন' শব্দের অর্থ কী?
ক পাখা খ জনহীন গ বীজবপন ঘ মন্দজন
ব্যাখ্যা 'বীজন' শব্দের অর্থ পাখা।

১৭. 'মধুর' এ পদের বিশেষণ রূপটি হলো–
ক মাধুরী খ মধুতা গ মধুময় ঘ মধুরতা
ব্যাখ্যা 'মধুর' পদের বিশেষণ রূপ 'মধুময়'। যে পদ বিশেষ্য কিংবা সর্বনাম পদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাপ ইত্যাদি বোঝায় তাকে বিশেষণ পদ বলে। বিশেষণ প্রধানত দু প্রকার। যথা : নাম-বিশেষণ ও ভাব-বিশেষণ।

১৮. 'অলীক' শব্দের বিপরীত শব্দ কী?
ক লৌকিক খ বাস্তব গ পারলৌকিক ঘ অবাস্তব
ব্যাখ্যা 'অলীক' শব্দের বিপরীত শব্দ 'বাস্তব'। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ : খাতক-মহাজন, অনুগ্রহ-নিগ্রহ, মত্ত-নির্লিপ্ত, যাযাবর-স্থায়ী।

১৯. কোন শব্দটিতে ক্রিয়াপদের দ্বিরুক্ত ঘটেছে?
ক কাকে কাকে খ যার যার
গ হেসে হেসে ঘ কেমন কেমন
ব্যাখ্যা 'হেসে হেসে' শব্দটিতে ক্রিয়াপদের দ্বিরুক্তি ঘটেছে। বাংলা ভাষায় কোনো কোনো শব্দ, পদ বা অনুকার শব্দ একবার ব্যবহার করলে যে অর্থ প্রকাশ পায় সেগুলোকে দুবার ব্যবহার করলে অন্য অর্থ প্রকাশ পায়। এ ধরনের শব্দের পরপর দুবার প্রয়োগেই দ্বিরুক্ত শব্দ গঠিত হয়। যেমন– আমার জ্বর জ্বর লাগছে।

২০. 'শিরে সংক্রান্তি' বাগধারার অর্থ কী?
ক মাথায় রাখা খ মাথায় গণ্ডগোল
গ অকল্যাণ ঘ আসন্ন বিপদ
ব্যাখ্যা 'শিরে সংক্রান্তি' বাগধারার অর্থ 'আসন্ন বিপদ'। আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা : লঙ্কাকাণ্ড– হুলুস্থুল অবস্থার সৃষ্টি, ব্যাঙের সর্দি- অসম্ভব বস্তু, এলাহি কাণ্ড- বিরাট আয়োজন।

২১. The act of doing deliberate damage to something is called—.
ক sabbath খ sabotage গ saboteur ঘ subpar
ব্যাখ্যা এখানে sabotage মানে অন্তর্ঘাত, নাশকতা, ধর্মঘট। sabbath অর্থ বিশ্রাম দিবস (খ্রিষ্টানদের জন্য রবিবার), saboteur- অন্তর্ঘাতক, subpar-গড়পড়তা মানের নিচে বা নিম্নমানের।

২২. In English Linguistics, the study of words is called—.
ক Grammar খ Phonetics
গ Phonology ঘ Lexicology
ব্যাখ্যা Lexicology is study of words. Phonetics and phonology is study of speech sounds and syntax is the formation of sentence.

২৩. 'Plebiscite' is a term related to :
ক Politics খ Law
গ Technology ঘ Medicine
ব্যাখ্যা 'Plebiscite' is related to politics.

২৪. Antonym of the word 'Progeny' is :
ক Kids খ Parent গ Offspring ঘ Lineage
ব্যাখ্যা Progeny অর্থ বংশধর, সন্তান। এখানে offspring ও lineage অর্থ বংশধর, kid অর্থ শিশু, parent অর্থ পিতা বা মাতা।

২৫. Many a little pickle makes a—.
ক tickle খ sickle গ mickle ঘ bickle
ব্যাখ্যা Many a little pickle makes a mickle একটি প্রবাদ বাক্য; যার অর্থ 'দশের লাঠি একের বোঝা' বা 'রাই কুড়িয়ে বেল'।

২৬. Don't trust him, he's a bit of a snake in the—.
ক plants খ flowers গ ponds ঘ grass
ব্যাখ্যা 'Snake in the grass' means one who feigns friendship with the intent to deceive or hidden enemy.

২৭. He fell—the horse—a canal.
ক off, into খ off, to গ of, into ঘ into, off
ব্যাখ্যা Fall off অর্থ পড়ে যাওয়া আর fall down অর্থ মাটিতে পড়া। Fall on অর্থ আক্রমণ করা, fall into line অর্থ একমত হওয়া। সুতরাং বাক্যটি হবে 'He fell off the horse into a canal.

২৮. It came—his head to appear for the examination.
ক for খ on গ into ঘ with
ব্যাখ্যা Come into head-বুঝতে পারা, come on- অনুসরণ করা, শুরু করা এবং come of-বংশোদ্ভূত হওয়া।

২৯. When she will free, she—to you.
ক talked খ would talk
গ could talk ঘ can talk
ব্যাখ্যা When-যুক্ত sentence-এর একটি অংশ past হলে অপরটিও past হয়। একটি future বা present হলে অপরটিও future বা present হবে।

৩০. They have all been friends — their first match as a team.
ক since খ for গ from ঘ during
ব্যাখ্যা নির্দিষ্ট সময় বুঝাতে since বসে। আবার 'হতে বা থেকে' অর্থেও since বসে।

উত্তর
১৪ খ
১৫ ঘ
১৬ ক
১৭ গ
১৮ খ
১৯ গ
২০ ঘ
২১ খ
২২ ঘ
২৩ ক
২৪ খ
২৫ গ
২৬ ঘ
২৭ ক
২৮ গ
২৯ ঘ
৩০ ক

৩১. 'Pay careful attention to something' is meant by the word :
ক look খ eye গ feel ঘ heed
ব্যাখ্যা Pay careful attention to something বলতে মনোযোগ দেওয়া বুঝায়। তাই heed সঠিক উত্তর।

৩২. 'In black and white' means :
ক verbally খ in writing
গ falsely ঘ in color
ব্যাখ্যা In black and white অর্থ লিখিতভাবে।

৩৩. It is time for—his bad habits.
ক changes খ changed গ changing ঘ change
ব্যাখ্যা Preposition-এর পরে সাধারণত কোনো verb থাকলে verb + ing হয়।

৩৪. He told me that he—watching the movie.
ক is finished খ was finished
গ had finished ঘ not finished
ব্যাখ্যা বাক্যটি indirect-এ আছে। সেহেতু প্রথম অংশ past tense-এ আছে তাই had finished হবে।

৩৫. What is the verb form of 'danger'?
ক dangerous খ dangerously
গ danger ঘ endanger
ব্যাখ্যা Danger শব্দটি noun; যার verb হচ্ছে endanger.

৩৬. He has fallen victim—plane crash.
ক from খ to গ by ঘ of
ব্যাখ্যা Victim-এর সাথে preposition 'of' এবং 'to' হয়, victim of মানে শিকার আর victim to হচ্ছে বলি।

৩৭. 'Animal Farm' was written by :
ক George Orwell খ Stevenson
গ Jonathan Swift ঘ Mark Twain
ব্যাখ্যা George Orwell-এর অন্যান্য novel হচ্ছে 'Nineteen Eighty-Four', 'Homage to Catalonia'.

৩৮. He is very good—making stories.
ক in খ about গ at ঘ for
ব্যাখ্যা Good at অর্থ দক্ষ আর bad at অর্থ অদক্ষ।

৩৯. What is a synonym of the word 'bona-fide'?
ক cheat খ authentic
গ contaminate ঘ adulterate
ব্যাখ্যা Bona-fide অর্থ সত্যবাদী, প্রকৃত, বিশ্বস্ত।

৪০. It was raining heavy yesterday, so they—out.
ক did not go খ did not went
গ would not go ঘ would not gone
ব্যাখ্যা সাধারণত একটি clause past tense হলে অপরটিও past tense হয়। এখানে did not go অর্থের দিক থেকে সঠিক উত্তর।

৪১. সর্বশেষ উদ্বোধনকৃত বেগম ফজিলাতুন্নেছা মুজিব সেতুটি কততম চীন-বাংলা মৈত্রী সেতু?
ক ৬ষ্ঠ খ ৭ম গ ৮ম ঘ ৯ম
ব্যাখ্যা পিরোজপুরের কচা নদীর ওপর নির্মিত বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব সেতুটি ৪ সেপ্টেম্বর ২০২২ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে উদ্বোধন করেন। এটি সর্বশেষ উদ্বোধনকৃত ৮ম চীন-বাংলা মৈত্রী সেতু।

৪২. নারীর প্রতি সহিংসতা ও বৈষম্য নিরোধে জাতিসংঘ কর্তৃক গৃহিত সনদের নাম কী?
ক CEDAW খ CIDO
গ Bill of Rights ঘ UNHCR
ব্যাখ্যা The Convention on the Elimination of all Forms of Discrimination Against Women (CEDAW) হলো নারীর প্রতি সহিংসতা ও বৈষম্য নিরোধে জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত একটি আন্তর্জাতিক চুক্তি। এটি ১৯৭৯ সালে গৃহীত হয়।

৪৩. সর্বশেষ তথ্যানুসারে, বাংলাদেশের মাথাপিছু জাতীয় আয় কত?
ক $২০৬৪ খ $২৪৫৬ গ $২৮২৪ ঘ $২৯৫৩
ব্যাখ্যা দেশের অভ্যন্তরের পাশাপাশি রেমিট্যান্সসহ যত আয় হয়, তা দেশের মোট জাতীয় আয়। একে মোট জনসংখ্যা দিয়ে ভাগ করলে মাথাপিছু জাতীয় আয় বের হয়। ২০২১-২২ অর্থবছরে সাময়িক হিসেবে বাংলাদেশের মাথাপিছু আয় ২,৮২৪ মার্কিন ডলার। গত অর্থবছর (২০২০-২১) শেষে এই আয় ছিল ২,৫৯১ মার্কিন ডলার।

৪৪. বাংলাদেশের জাতীয় গাছ কোনটি?
ক বটগাছ খ আম গাছ
গ কাঁঠাল গাছ ঘ তাল গাছ
ব্যাখ্যা বাংলাদেশের জাতীয় বৃক্ষ আম গাছ। ২০১০ সালের মন্ত্রিসভার বৈঠকে আম গাছকে জাতীয় বৃক্ষের মর্যাদা দেওয়া হয়। মূলত ফল হিসেবে আমের জনপ্রিয়তা, দেশের সর্বত্র আম গাছের সুপ্রাপ্যতা, গাছটির কাঠের উপযোগিতা, আম বাগানের ঐতিহাসিক প্রসঙ্গ (পলাশীর আমবাগান, মুজিবনগর আম্রকানন, জাতীয় সঙ্গীতে আমবাগানের উল্লেখ) ইত্যাদি বিবেচনায় এনে আম গাছকে জাতীয় বৃক্ষ ঘোষণা করা হয়।

৪৫. কোন মুসলিম রাষ্ট্র সর্বপ্রথম ইসরাইল রাষ্ট্রকে স্বীকৃতি দেয়?
ক সৌদি আরব খ মিসর
গ তুরস্ক ঘ লিবিয়া
ব্যাখ্যা তুরস্ক প্রথম মুসলিম দেশ হিসেবে ২৮ মার্চ ১৯৪৯ ইসরাইলকে স্বীকৃতি দেয়। প্রথম আরব দেশ হিসেবে মিসর (১৯৭৮ সালে) এবং প্রথম দেশ হিসেবে তৎকালীন সোভিয়েত ইউনিয়ন (১৯৪৮ সালের ১৭ মে) ইসরাইলকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়।

উত্তর
৩১ ঘ
৩২ খ
৩৩ গ
৩৪ গ
৩৫ ঘ
৩৬ খ
৩৭ ক
৩৮ গ
৩৯ খ
৪০ ক
৪১ গ
৪২ ক
৪৩ গ
৪৪ খ
৪৫ গ

CamScanner

৪৬. 12-এর বাইনারি কোড কোনটি?

ক 1010 খ 1001 গ 1100 ঘ 1110

ব্যাখ্যা $(12)_{10}$ এর বাইনারি কোড হলো $(1100)_2$

2	12	
2	6	→ 0
2	3	→ 0
2	1	→ 1
	0	→ 1

$\therefore (12)_{10} = (1100)_2$

৪৭. ৫, ৯, ১৩, ১৭.... ধারাটির ১৯তম পদের মান কত?

ক ৭৩ খ ৭৭ গ ৮১ ঘ ৮৫

ব্যাখ্যা প্রথম পদ, $a = ৫$

সাধারণ অন্তর, $d = ৯ - ৫ = ৪$

ধারাটির n তম পদ $= a + (n-১)d$

$\therefore$ ধারাটির ১৯তম পদ $= ৫ + (১৯-১) \times ৪$

$= ৫ + ৭২$

$= ৭৭$

৪৮. আসল-মুনাফা একত্রে ১২৫০ টাকা। মুনাফা আসলের ১/৪ হলে, আসল কত টাকা?

ক ১০৫০ খ ৯০০ গ ৯৬০ ঘ ১০০০

ব্যাখ্যা ধরি,

আসল $= P$ টাকা

$\therefore$ মুনাফা $= \frac{P}{৪}$ টাকা

$\therefore$ আসল মুনাফা, $\Rightarrow P + \frac{P}{৪} = ১২৫০$

$\Rightarrow \frac{৪P+P}{৪} = ১২৫০$

$\Rightarrow ৫P = ৫০০০$

$\therefore P = ১০০০$

৪৯. $\log_5 625$ = কত?

ক 1 খ 2 গ 3 ঘ 4

ব্যাখ্যা $\log_5 625$

$= \log_5 5^৪ \; [\because 5^৪ = 625]$

$= ৪ \times \log_5 5$

$= ৪ \times ১ = ৪ \; [\because \log_a a = ১]$

৫০. ৩৮ কোন সংখ্যার ১২.৫%?

ক ১২৫ খ ২৫৬ গ ৩০৪ ঘ ১৯০

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি $= x$

$\therefore x$ এর ১২.৫% $= ৩৮$

$\Rightarrow x \times \frac{১২.৫}{১০০} = ৩৮$

$\therefore x = \frac{৩৮ \times ১০০ \times ১০}{১২৫}$

$= ৩০৪$

৫১. $x + y = 8$, $xy = 15$ হলে, $(x-y)^৪ = ?$

ক 4 খ 8 গ 9 ঘ 16

ব্যাখ্যা দেওয়া আছে, $x + y = 8$

$xy = 15$

এখন, $(x-y)^২ = (x+y)^২ - ৪xy$

$= (৪)^২ - ৪ \times ১৫$

$= ৬৪ - ৬০$

$= ৪$

$\therefore (x-y)^৪ = \{(x-y)^২\}^২ = ৪^২ = ১৬$

৫২. Which one is greater than $\frac{2}{3}$?

ক 33/50 খ 3/5

গ 15/27 ঘ 23/13

ব্যাখ্যা $\frac{33}{50} \times \frac{2}{3}$, $\frac{2}{3} \times \frac{3}{5}$, $\frac{2}{3} \times \frac{15}{27}$, $\frac{2}{3} \times \frac{23}{13}$

$\therefore \frac{23}{13}$ is greater than $\frac{2}{3}$

৫৩. If a + b = 8 and ab = 12, then find the value of $a^২ - b^২$.

ক 16 খ 32 গ 36 ঘ 49

ব্যাখ্যা দেওয়া আছে, $a + b = ৪$, $ab = ১২$

এখন, $(a-b)^২ = (a+b)^২ - ৪ab$

$= (৪)^২ - ৪ \times ১২$

$= ৬৪ - ৪৮ = ১৬$

$(a-b)^২ = ১৬$

$\therefore (a-b) = ৪$

$a^২ - b^২ = (a+b)(a-b)$

$= ৪ \times ৪$

$= ৩২$

৫৪. If $\sqrt{x+3} = \sqrt{x} + \sqrt{3}$, then what is the value of x?

ক 3 খ -3

গ 0 ঘ $\sqrt{3}$

ব্যাখ্যা দেওয়া আছে, $\sqrt{x+3} = \sqrt{x} + \sqrt{3}$

$\Rightarrow \left(\sqrt{x+3}\right)^২ = \left(\sqrt{x} + \sqrt{3}\right)^২$ [উভয়পক্ষকে বর্গ করে]

$\Rightarrow x + 3 = x + ২\sqrt{3x} + 3$

$\Rightarrow ২\sqrt{3x} = 0$

$\Rightarrow \sqrt{3x} = 0$

$\Rightarrow 3x = 0$ [বর্গ করে]

$\therefore x = 0$

৫৫. বিগত সালের তুলনায় বিক্রয় ২% বাড়ায় ও পণ্য বিক্রয় খরচ ৫% কমায়, মোট মুনাফা কত শতাংশ বাড়বে?

ক ৭% খ ১০% গ ৩% ঘ ৩০%

ব্যাখ্যা মনে করি, পণ্যের ক্রয়মূল্য x টাকা

উত্তর	
৪৬	গ
৪৭	খ
৪৮	ঘ
৪৯	ঘ
৫০	গ
৫১	ঘ
৫২	ঘ
৫৩	খ
৫৪	গ
৫৫	ক

বিক্রয় ২% বাড়ায়,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য (১০০ + ২) বা ১০২ টাকা

" ১ " " " $\frac{১০২}{১০০}$ টাকা

" x " " " $\frac{১০২x}{১০০}$ টাকা

আবার, পণ্য বিক্রয় খরচ ৫% কমায়,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য (১০০ − ৫) বা ৯৫ টাকা

" ১ " " " $\frac{৯৫}{১০০}$ টাকা

" x " " " $\frac{৯৫x}{১০০}$ টাকা

উভয় বিক্রয়মূল্যের পার্থক্য $= \frac{১০২x}{১০০} - \frac{৯৫x}{১০০}$

$= \frac{১০২x - ৯৫x}{১০০}$

$= \frac{৭x}{১০০}$ টাকা

x টাকায় মুনাফা বাড়ে $\frac{৭x}{১০০}$ টাকা

$\therefore ১$ " " " $\frac{৭x}{১০০x}$ টাকা

$\therefore ১০০$ " " " $\frac{৭x \times ১০০}{১০০x}$ টাকা

$= ৭$ টাকা বা ৭%

৫৬. Find the value of x if $\log_x 324 = 4$.

ক $২\sqrt{3}$ খ $৩\sqrt{2}$ গ $\sqrt{6}$ ঘ 6

ব্যাখ্যা $\log_x 324 = 4$

$\Rightarrow x^৪ = 324$

$\Rightarrow x^৪ = ২^২ \times ৩^৪$

$\therefore x = ৩\sqrt{2}$

৫৭. If x + y = 3 and $x = \frac{2}{y}$, what is the value of $x^৩ + y^৩$?

ক 18 খ 19 গ 27 ঘ 9

ব্যাখ্যা দেওয়া আছে, $x + y = ৩$

$x = \frac{৩}{y}$

$\therefore xy = ৩$

এখন, $x^৩ + y^৩ = (x+y)^৩ - ৩xy(x+y)$

$= ৩^৩ - ৩.২.৩$

$= ২৭ - ১৮$

$= ৯$

৫৮. If 2x − y = 4, then how much is 6x − 3y?

ক 22 খ 40 গ 42 ঘ 12

ব্যাখ্যা দেওয়া আছে,

$2x - y = ৪$

$\Rightarrow ৩(2x-y) = ৩ \times ৪$ [উভয় পক্ষে ৩ গুণ করে]

$\Rightarrow 6x - 3y = ১২$

৫৯. Pick up the stranger of the series 2, 4, 8, 10, 16, 32.

ক 10 খ 32 গ 16 ঘ 8

ব্যাখ্যা Series 2, 4, 8, 10, 16, 32

Now, $২ \times ২ = ৪$

$৪ \times ২ = ৮$

$৮ \times ২ = ১৬$

$১৬ \times ২ = ৩২$

So 10 is the stranger of the series.

৬০. Find the average of m, m + 1 and m + 2.

ক 1 খ m + 1 গ m + 2 ঘ m

ব্যাখ্যা Average $= \frac{m+m+১+m+২}{৩}$

$= \frac{৩m+৩}{৩} = \frac{৩(m+১)}{৩}$

$= m + ১$

৬১. সামাজিক নেটওয়ার্কিং সাইট টুইটার চালু হয় কোন সন হতে?

ক ২০০৪ খ ২০০৬ গ ২০০৮ ঘ ২০১০

ব্যাখ্যা Twitter প্রতিষ্ঠিত হয় ২০০৬ সালের ২১ মার্চ। Twitter-এর বর্তমান মালিক ইলন মাস্ক।

৬২. জাপোরিঝঝিয়া পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রটি কোন দেশে অবস্থিত?

ক রাশিয়া খ ইরান গ চেচনিয়া ঘ ইউক্রেন

ব্যাখ্যা ইউক্রেনের দক্ষিণ-পূর্বাঞ্চলের এনারহোদার শহরে জাপোরিঝঝিয়া পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র অবস্থিত যা ইউরোপের সর্ববৃহৎ পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র।

৬৩. কোনটি সর্বাধিক ব্যবহৃত অপারেটিং সিস্টেম?

ক Ubuntu খ Linux

গ MAC OS ঘ MS Windows

ব্যাখ্যা সর্বাধিক ব্যবহৃত অপারেটিং সিস্টেম হলো মাইক্রোসফটের প্রস্তুতকৃত MS Windows। MS Windows-এর সর্বশেষ ভার্সন Windows-11। উল্লেখ্য, মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটস।

৬৪. কম্পিউটারে নতুন ডিভাইস ইনস্টল করার পর কী করতে হয়?

ক শাট ডাউন খ রিস্টার্ট

গ স্লিপ ঘ হাইবারনেট

ব্যাখ্যা কম্পিউটারে নতুন ডিভাইস ইনস্টল করার পর রিস্টার্ট করতে হয়।

৬৫. সর্বাধিক ব্যবহৃত নিরাপত্তা ব্যবস্থা কোনটি?

ক ফায়ারওয়াল খ এনক্রিপশন

গ পাসওয়ার্ড ঘ এন্টিভাইরাস

ব্যাখ্যা ফায়ারওয়াল (Firewall) হলো এক বিশেষ নিরাপত্তা ব্যবস্থা বা এক নেটওয়ার্ক থেকে আরেক নেটওয়ার্কে ডেটা প্রবাহ নিয়ন্ত্রণ করে। ডেটা প্রবাহের সময় এটি ডেটা পরীক্ষা করে দেখে যে এর ওই গন্তব্যে যাওয়ার অনুমতি (Authorized access) আছে কি-না, থাকলে সেটিকে যেতে দেওয়া। সাধারণত লোকাল এরিয়া নেটওয়ার্ক এর ক্ষেত্রে এটি বেশি ব্যবহৃত হয়।

৬৬. নিচের কোনটি চেক ক্লিয়ারিংয়ের জন্য ব্যবহৃত হয়?

ক OMR খ OCR গ MICR ঘ Scanner

উত্তর	
৫৬	খ
৫৭	ঘ
৫৮	ঘ
৫৯	ক
৬০	খ
৬১	খ
৬২	ঘ
৬৩	ঘ
৬৪	খ
৬৫	ক
৬৬	গ

CamScanner

ব্যাখ্যা MICR-এর পূর্ণরূপ Magnetic Ink Character Reader/Recognition ব্যাংকের চেক বইয়ে নাম ও একাউন্ট নম্বর লিখতে এই ধরনের কালি ব্যবহার হয়। মূলত নিরাপত্তার স্বার্থে MICR ব্যবহার হয়।

৬৭. কম্পিউটারে কোনো ফাইলে ডাটা সেভ করার শর্টকাট কমান্ড কোনটি?

ক Ctrl + A খ Ctrl + C গ Ctrl + S ঘ Ctrl + X

ব্যাখ্যা Ctrl + A → পুরো ডকুমেন্ট কপি করতে। Ctrl + C → কপি করতে; Ctrl + S → সেভ করতে এবং Ctrl + X → কাট করতে এ শর্টকাট কমান্ডগুলো ব্যবহার করা হয়।

৬৮. গাণিতিক যোগ-বিয়োগ-গুণ-ভাগ করার জন্য কোনটি ব্যবহৃত হয়?

ক MS Word খ MS Excel
গ MS Access ঘ PowerPoint

ব্যাখ্যা MS Word → লেখালেখির কাজে ব্যবহৃত হয়; MS Excel → হিসাব-নিকাশের কাজে ব্যবহৃত হয়; MS Access → ডেটাবেস এবং PowerPoint → প্রেজেন্টেশন তৈরির কাজে ব্যবহৃত হয়।

৬৯. যুক্তরাজ্যের নব নির্বাচিত প্রধানমন্ত্রী কে?

ক ঋষি সুনাক খ লিজ ট্রাস
গ থেরেসা মে ঘ বরিস জনসন

ব্যাখ্যা ২৪ অক্টোবর ২০২২ বিনা প্রতিদ্বন্দ্বিতায় যুক্তরাজ্যের কনজারভেটিভ পার্টির প্রধান নির্বাচিত হন ভারতীয় বংশোদ্ভূত নেতা ঋষি সুনাক। ২৫ অক্টোবর ২০২২ তিনি দেশটির ৫৭তম প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

৭০. কাপ্তাই জলবিদ্যুৎ কেন্দ্রে কোন সন হতে বিদ্যুৎ উৎপাদন চালু হয়?

ক ১৯৫৯ খ ১৯৫৮ গ ১৯৬২ ঘ ১৯৬৩

ব্যাখ্যা কাপ্তাই জলবিদ্যুৎ কেন্দ্র বাংলাদেশের রাঙামাটি জেলার কাপ্তাই উপজেলার কর্ণফুলী নদীর ওপর নির্মিত একটি বাঁধ। ১৯৬২ সালে এর নির্মাণ কাজ সমাপ্ত হয়। এটি বাংলাদেশের বৃহত্তম বাঁধ ও একমাত্র জলবিদ্যুৎ কেন্দ্র।

৭১. বাংলাদেশের কোন জেলায় ৩টি স্থলবন্দর রয়েছে?

ক রাজশাহী খ দিনাজপুর গ চুয়াডাঙ্গা ঘ সিলেট

ব্যাখ্যা বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সেপ্টেম্বর ২০২২-এর সর্বশেষ হালনাগাদ তথ্য অনুযায়ী বাংলাদেশে মোট ২৪টি স্থলবন্দর আছে। সর্ববৃহৎ স্থলবন্দর বেনাপোল এবং সর্বশেষ স্থলবন্দর ভোলাগঞ্জ, সিলেট (২৫ জুলাই ২০১৯)। সিলেট জেলায় ৩টি স্থলবন্দর আছে। এগুলো হলো– তামাবিল, শেওলা ও ভোলাগঞ্জ।

৭২. বাংলাদেশে কোন তারিখটি 'মুক্তিযোদ্ধা দিবস' হিসেবে পালিত হয়?

ক ৭ মার্চ খ ১ ডিসেম্বর গ ১৪ ডিসেম্বর ঘ ১৬ ডিসেম্বর

ব্যাখ্যা ১ ডিসেম্বরকে 'মুক্তিযোদ্ধা দিবস', ১৪ ডিসেম্বর 'বুদ্ধিজীবী দিবস' এবং ১৬ ডিসেম্বর 'বিজয় দিবস' হিসেবে পালন করা হয়।

৭৩. বাংলাদেশের কোন জেলায় সৌর বিদ্যুৎ প্রকল্প প্রথম চালু হয়?

ক বগুড়া খ রাজশাহী গ মানিকগঞ্জ ঘ নরসিংদী

ব্যাখ্যা বাংলাদেশের নরসিংদী জেলার করিমপুর ও নজরপুরে প্রথম সৌরবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করা হয়েছে। এ প্রকল্পে ফ্রান্স সরকার সহায়তা করেছে।

৭৪. নিচের কোন দেশটি জি-৭ ভুক্ত দেশ নয়?

ক কানাডা খ ভারত গ জাপান ঘ ইতালি

ব্যাখ্যা G-7 হলো বিশ্বের শিল্পোন্নত ৭টি দেশের সরকার বা রাষ্ট্রপ্রধানের জোট। এটি ১৫ নভেম্বর ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমান সদস্য দেশ কানাডা, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, যুক্তরাজ্য, ইতালি ও জাপান।

৭৫. নোবেল পুরস্কার কোন সন হতে প্রবর্তিত হয়?

ক ১৮৮০ সন খ ১৮৯৫ সন
গ ১৮৭২ সন ঘ ১৯০১ সন

ব্যাখ্যা ১০ ডিসেম্বর ১৯০১ প্রথম নোবেল পুরস্কারের সূচনা হয়। যারা সূচনাপর্বের নোবেল পুরস্কার পান তারা হলেন– জার্মানির উইলহেম কনরাড রন্টজেন (পদার্থ), নেদারল্যান্ডসের জ্যাকোবাস ভ্যান্ট হফ (রসায়ন), জার্মানির এমিল এডল বিহরিং (চিকিৎসা), সুইজারল্যান্ডের হেনরি ডুনান্ট ও ফ্রান্সের ফ্রেডারিক পাসি (শান্তি) এবং ফ্রান্সের সুলি প্রুধোম (সাহিত্য)।

৭৬. বিশ্বের সর্বোচ্চ জলপ্রপাত কোনটি?

ক এ্যাঞ্জেল খ টুজেলা গ ভিক্টোরিয়া ঘ নায়াগ্রা

ব্যাখ্যা পৃথিবীর উচ্চতম জলপ্রপাত হলো ভেনিজুয়েলার এ্যাঞ্জেল জলপ্রপাত। এটির উচ্চতা ১,০০০ মিটার। অন্যদিকে, উত্তর আমেরিকার নায়াগ্রা নদী থেকে সৃষ্ট নায়াগ্রা জলপ্রপাত পৃথিবীর সর্ববৃহৎ জলপ্রপাত।

৭৭. তুরস্কের রাজধানী কোনটি?

ক ইস্তানবুল খ আঙ্কারা গ আসরা ঘ ইরজুরাম

ব্যাখ্যা তুরস্কের বর্তমান রাজধানী হলো আঙ্কারা। অন্যদিকে, তুরস্কের বৃহত্তম শহর ইস্তানবুল (১৪৫৩-১৯২৩ সাল) পর্যন্ত রাজধানী ছিল।

৭৮. নিচের কোনটি জাতিসংঘের দাপ্তরিক ভাষা নয়?

ক রুশ ভাষা খ ফরাসি ভাষা
গ পর্তুগিজ ভাষা ঘ স্প্যানিশ ভাষা

ব্যাখ্যা জাতিসংঘের অফিসিয়াল ভাষা ৬টি। যথা : ইংরেজি, ফরাসি, চীনা, রুশ, স্প্যানিশ ও আরবি।

৭৯. নিচের কোন দেশটি স্ক্যান্ডিনেভিয়ান দেশের উদাহরণ?

ক ইতালি খ সুইডেন গ তুরস্ক ঘ ইংল্যান্ড

ব্যাখ্যা ইউরোপের আইসল্যান্ড, সুইডেন, নরওয়ে, ডেনমার্ক ও ফিনল্যান্ড এই পাঁচটি দেশ নিয়ে স্ক্যান্ডিনেভিয়ান অঞ্চল গঠিত।

৮০. এশিয়া কাপ ক্রিকেট ২০২২-এর চ্যাম্পিয়ন কোন দেশ?

ক পাকিস্তান খ ভারত গ শ্রীলঙ্কা ঘ বাংলাদেশ

ব্যাখ্যা ১৫তম এশিয়া কাপ ২০২২ সংযুক্ত আরব আমিরাতে ২৭ আগস্ট থেকে ১১ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়। এ আসরে চ্যাম্পিয়ন ও রানার্স-আপ হয় যথাক্রমে শ্রীলঙ্কা (৬ষ্ঠ বার) ও পাকিস্তান।

উত্তর

৬৭	গ
৬৮	খ
৬৯	ক
৭০	গ
৭১	ঘ
৭২	খ
৭৩	ঘ
৭৪	খ
৭৫	ঘ
৭৬	ক
৭৭	খ
৭৮	গ
৭৯	খ
৮০	গ

অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)-এর কম্পাউন্ডার ২০২২

পরীক্ষার তারিখ : ১৯.০৮.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৮০

[প্রতিটি প্রশ্নের মান ২]

বাংলা-২০

১. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?

ক বর্ণ খ শব্দ গ অক্ষর ঘ ধ্বনি

ব্যাখ্যা ভাষার ক্ষুদ্রতম একক ধ্বনি। অন্যদিকে, ধ্বনি নির্দেশক চিহ্নকে বর্ণ বলে। এক বা একাধিক বর্ণ (ধ্বনি) মিলিত হয়ে যে অর্থ প্রকাশ করে তাকে শব্দ বলে এবং অক্ষর হচ্ছে বাগ্‌যন্ত্রের লিখিত রূপ বা ধ্বনি নির্দেশক চিহ্ন বা প্রতীক।

২. কোনটি 'ক্ষুধার্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ?

ক ক্ষুধা + আর্ত খ ক্ষুৎ + ঋর্ত
গ ক্ষুধ + আর্ত ঘ ক্ষুধা + ঋত

ব্যাখ্যা ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত। অ-কার কিংবা আ-কারের পর 'ঋত' শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়। যেমন– শীত + ঋত = শীতার্ত, তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত, ভয় + ঋত = ভয়ার্ত প্রভৃতি।

৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক গ্রন্থের নাম–

ক সংগ্রাম খ অসমাপ্ত আত্মজীবনী
গ বাংলাদেশ ও আমি ঘ আমার জীবনী

ব্যাখ্যা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা প্রথম গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী'। এ পর্যন্ত ১৭টি ভাষায় অনূদিত গ্রন্থটি ২০১২ সালের জুন মাসে প্রকাশিত হয়। তার রচিত দ্বিতীয় গ্রন্থ 'কারাগারের রোজনামচা' (২০১৭) এবং তৃতীয় গ্রন্থ 'আমার দেখা নয়াচীন' (২০২০)।

৪. নিচের কোন শব্দটি ভুল?

ক স্বায়ত্তশাসন খ শ্রদ্ধাঞ্জলি গ অভ্যন্তরীণ ঘ মুহুর্মুহু

ব্যাখ্যা 'শ্রদ্ধাঞ্জলি' শব্দটির শুদ্ধরূপ 'শ্রদ্ধাঞ্জলি'। আরও কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান– পিপীলিকা, কৃষিজীবী, উত্তাক্ত, দারিদ্র্য, ব্যতিক্রম, দুরবস্থা, অপরাহ্ণ, সমীচীন, শিরশ্ছেদ, মরূদ্যান। অন্যদিকে– স্বায়ত্তশাসন, অভ্যন্তরীণ এবং মুহুর্মুহু শব্দ তিনটি শুদ্ধ।

৫. 'নির্মল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

ক অনির্মল খ পঙ্কিল গ অপরিষ্কার ঘ নোংরা

ব্যাখ্যা নির্মল–পঙ্কিল। আরও কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ– তাপ–শৈত্য, তন্ময়–মন্ময়, ধীর–অধীর, ক্ষয়িষ্ণু–বর্ধিষ্ণু, ঋজু–বক্র প্রভৃতি।

৬. 'জায়া ও পতি' সমাস করলে কী হয়?

ক স্বামী-স্ত্রী খ পতি-পত্নী গ দম্পতি ঘ জায়া-পতি

ব্যাখ্যা জায়া ও পতি = দম্পতি দ্বন্দ্ব সমাস। 'দ্বন্দ্ব' মানে জোড়া। যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন– তুমি, আমি ও সে = আমরা, ভাই ও বোন = ভাই-বোন, কাপড় ও চোপড় = কাপড়-চোপড়।

৭. কোন বানানটি শুদ্ধ?

ক শুশ্রূষা খ সুশ্রুশা গ সুশ্রুষা ঘ শুশ্রুষা

ব্যাখ্যা 'শুশ্রূষা' বানানটি শুদ্ধ। আরও কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান– অত্যাধিক, ব্যতিক্রম, পক্ব, পণ, শূন্য।

৮. মৃতের মতো অবস্থা যার–

ক মৃতবৎ খ আনমনা গ জীবন্মৃত ঘ মুমূর্ষু

ব্যাখ্যা মৃতের মতো অবস্থা যার– মুমূর্ষু। অন্যদিকে– মরার মতো– মৃতবৎ, জীবিত থেকেও মৃতের মতো– জীবন্মৃত এবং অন্য দিকে মন যার– আনমনা।

৯. 'গবেষণা'-এর সন্ধিবিচ্ছেদ কী হবে?

ক গবে + ষণা খ গো + এষণা
গ গ + এষণা ঘ গব + এষণা

ব্যাখ্যা গো + এষণা = গবেষণা। এ, ঐ, ও, ঔ-কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমন– গো + আদি = গবাদি, গৈ + অক = গায়ক, নৈ + অক = নায়ক।

১০. 'আট কপালে'-এর অর্থ কোনটি?

ক জ্ঞানী খ কারারুদ্ধ গ হতভাগ্য ঘ সৌভাগ্যবান

ব্যাখ্যা 'আট কপালে' বাগধারার অর্থ 'হতভাগ্য'। এরূপ আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা- অদৃষ্টের পরিহাস– ভাগ্যের বিড়ম্বনা, ইঁদুর কপালে– নিতান্ত মন্দ ভাগ্য, হাড় হাভাতে– হতভাগ্য।

অংক-২০

১১. টাকায় ৫টি মার্বেল বিক্রয় করায় ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে টাকায় কয়টি মার্বেল বিক্রয় করতে হবে?

ক ৪টি খ ৩টি গ ২টি ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা ক্রয়মূল্য ১০০ টাকা হলে,

১২% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ – ১২) টাকা
= ৮৮ টাকা

বিক্রয়মূল্য ৮৮ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ১ " " " $\frac{১০০}{৮৮}$ "

আবার,

১০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ১০) টাকা
= ১১০ টাকা

উত্তর

০১	ঘ
০২	ঘ
০৩	খ
০৪	খ
০৫	খ
০৬	গ
০৭	ক
০৮	ঘ
০৯	খ
১০	গ
১১	ক

CamScanner

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১০ টাকা

∴ " ১ " " " $\frac{১১০}{১০০}$ "

∴ " $\frac{১০০}{৮৮}$ " " " $\frac{১১০ \times ১০০}{৮৮}$ "

$= \frac{১১০}{৮৮}$ টাকা

$= \frac{৫}{৪}$ টাকা

অর্থাৎ $\frac{৫}{৪}$ টাকা বিক্রয় করতে হবে ৫টি মার্বেল

∴ ১ " " " " $\left(৫ \times \frac{৪}{৫}\right)$ মার্বেল

$= ৪$টি মার্বেল

১২. ০.০০১/০.১ × ০.১ = কত?

ক ১.১ খ .০০১ গ .০১ ঘ .১

ব্যাখ্যা $\frac{০.০০১}{০.১ \times ০.১}$

$= \frac{১ \times ১০ \times ১০}{১ \times ১০০০}$

$= \frac{১০০}{১০০০}$

$= ০.১$

১৩. $x + y = 12$ এবং $x - y = 8$ হলে, xy-এর মান কত?

ক 40 খ 60 গ 80 ঘ 20

ব্যাখ্যা $x + y = 12$.....(i)

$x - y = 8$.....(ii)

$(i) + (ii) \Rightarrow x + y + x - y = 12 + 8$

$\Rightarrow 2x = 20$

$\therefore x = 10$

$(i) \Rightarrow 10 + y = 12$

$\therefore y = 12 - 10 = 2.$

$\therefore xy = 10 \times 2 = 20$

১৪. একটি বাঁশের ১/৪ অংশ কাদায়, ৩/৫ অংশ পানিতে এবং অবশিষ্ট ৩ মিটার পানির ওপরে আছে। বাঁশটির দৈর্ঘ্য কত?

ক ১৬ মিটার খ ১২ মিটার গ ২০ মিটার ঘ ১৫ মিটার

ব্যাখ্যা ধরি,

বাঁশটির দৈর্ঘ্য = ১ অংশ

∴ পানির ওপরে আছে $= \left[১ - \left(\frac{১}{৪} + \frac{৩}{৫}\right)\right]$ অংশ

$= \left(১ - \frac{৫ + ১২}{২০}\right)$ "

$= \left(১ - \frac{১৭}{২০}\right)$ "

$= \left(\frac{২০ - ১৭}{২০}\right)$ "

$= \frac{৩}{২০}$ অংশ

প্রশ্নমতে,

$\frac{৩}{২০}$ অংশ = ৩ মিটার

∴ ১ " $= \left(৩ \times \frac{২০}{৩}\right)$ মিটার

$= ২০$ মিটার

১৫. সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭, ১৪, ২১, ৩৫ ও ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম-বেশি হবে না?

ক ২২০ খ ২৩০ গ ২৬০ ঘ ২১০

ব্যাখ্যা গাছের সংখ্যা হবে ৭, ১৪, ২১, ৩৫, ৪২ এর ল.সা.গু.।

৭ | ৭, ১৪, ২১, ৩৫, ৪২

৩ | ১, ২, ৩, ৫, ৬

২ | ১, ২, ১, ৫, ২

১, ১, ১, ৫, ১

∴ ল.সা.গু. $= ৭ \times ৩ \times ২ \times ৫$

$= ২১০$

১৬. নিচের কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতর?

ক ৬/১১ খ ৩/৫ গ ৫/৮ ঘ ৪/৭

ব্যাখ্যা এখানে,

$\frac{৬}{১১} = ০.৫৪৫$

$\frac{৩}{৫} = ০.৬$

$\frac{৫}{৮} = ০.৬২৫$

$\frac{৪}{৭} = ০.৫৭১$

∴ ০.৫৪৫ সংখ্যাটি ক্ষুদ্রতর

∴ $\frac{৬}{১১}$ ভগ্নাংশটি ক্ষুদ্রতর।

১৭. একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মাপ কত?

ক ৩০ ডিগ্রি খ ৪০ ডিগ্রি গ ৪৫ ডিগ্রি ঘ ৬০ ডিগ্রি

ব্যাখ্যা ধরি, কোণটি x ডিগ্রি

∴ তার পূরক কোণ $= (৯০ - x)$ ডিগ্রি

প্রশ্নমতে, $x = \frac{১}{২}(৯০ - x)$

বা, $২x = ৯০ - x$

বা, $২x + x = ৯০$

বা, $৩x = ৯০$

বা, $x = \frac{৯০}{৩}$

$x = ৩০$

∴ কোণটি ৩০ ডিগ্রি

১৮. নিচের কোনটি মৌলিক সংখ্যা?

ক ২৪১ খ ২৩ গ ২৫২ ঘ ২৬৩

ব্যাখ্যা মৌলিক সংখ্যার গুণনীয়ক ১ এবং সেই সংখ্যাটিই।

এখানে, $২৪১ = ১ \times ২৪১$

$২৩ = ১ \times ২৩$

$২৬৩ = ১ \times ২৬৩$

∴ ২৪১, ২৩ ও ২৬৩ → এই তিনটি সংখ্যাই মৌলিক সংখ্যা।

১৯. $x - y = 2$ এবং $xy = 24$ হলে, x-এর মান কত?

ক 3 খ 4 গ 5 ঘ 6

ব্যাখ্যা $x - y = 2, xy = 24$

আমরা জানি,

$(x + y)^2 = (x - y)^2 + 4xy$

$= 2^2 + 4 \times 24$

$= 4 + 96$

$= 100$

$\Rightarrow (x + y)^2 = (10)^2$

$\therefore x + y = 10$; [উভয়পক্ষকে বর্গমূল করে]

$\therefore x - y = 2$ .....(i)

$x + y = 10$.....(ii)

$(i) + (ii) \Rightarrow x - y + x + y = 2 + 10$

$\Rightarrow 2x = 12$

$\Rightarrow x = \frac{12}{2}$

$\therefore x = 6$

২০. ১৭ সে.মি., ১৫ সে.মি. এবং ৮ সে.মি. দৈর্ঘ্যবিশিষ্ট ত্রিভুজটি হবে–

ক সমবাহু খ সমকোণী গ সমদ্বিবাহু ঘ সম্পূরক

ব্যাখ্যা বাহুগুলোর দৈর্ঘ্য ১৭ সে.মি. ১৫ সে.মি. ও ৮ সে.মি.

এখানে,

$(১৫)^2 + (৮)^2 = ২২৫ + ৬৪$

$= ২৮৯$

$\Rightarrow (১৫)^2 + (৮)^2 = (১৭)^2$

∴ (লম্ব)^2 + (ভূমি)^2 = (অতিভুজ)^2

∴ পীথাগোরাসের উপপাদ্য অনুযায়ী, ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।

ইংরেজি-২০

২১. Which word is correct?

ক Achivement খ Achivemant

গ Achievement ঘ Acheivment

ব্যাখ্যা Achievement অর্থ অর্জন এবং achievement শব্দটি noun।

২২. The Chairman and Secretary — present at the last meeting.

ক have খ was গ we ঘ is

ব্যাখ্যা The Chairman and Secretary বলতে একজনকেই বুঝানো হয়েছে। তাই verb-টি singular হবে। Last থাকায় past indefinite হবে। তাই সঠিক উত্তর was।

২৩. The antonym of the word 'delete' is —.

ক insert খ contract গ discrete ঘ dull

ব্যাখ্যা Delete অর্থ মুছে ফেলা বা বাদ দেওয়া। Insert অর্থ প্রবেশ করানো, contract অর্থ চুক্তি, discrete অর্থ পৃথক, dull অর্থ নির্বোধ। অপশন অনুযায়ী সঠিক উত্তর insert।

২৪. He is confident — success.

ক for খ with গ to ঘ of

ব্যাখ্যা Confident শব্দটির সাথে preposition of বসে তাই সঠিক উত্তর confident of।

২৫. The word 'American' is —.

ক pronoun খ both noun and adjective

গ noun ঘ adjective

ব্যাখ্যা American শব্দটি একই সাথে noun and adjective। তাই সঠিক উত্তর both noun এবং adjective।

২৬. We could not buy anything because — of the shops was open.

ক no one খ none

গ nothing ঘ all

ব্যাখ্যা বাক্যের অর্থের সাথে একমাত্র none যথাযথ হয়। তাই সঠিক উত্তর none।

২৭. Which one of the following is an adverb?

ক Somebody খ Someday

গ Something ঘ Someone

ব্যাখ্যা Something শব্দটি adverb। অন্যদিকে someone এবং somebody হচ্ছে pronoun।

২৮. কোনটি সঠিক?

ক Paper is made with wood

খ Paper is made by wood

গ Paper is made of wood

ঘ Paper is made from wood

ব্যাখ্যা Make-এর সাথে preposition of এবং from দুটিই বসে। দৃশ্যমান কোনো কিছু থেকে কিছু তৈরি হলে make of বসে। আর অদৃশ্যমান কিছু থেকে কোনো কিছু তৈরি বুঝালে from বসে।

২৯. Synonym for 'Mouth-watering' is —.

ক Delicious খ Hot

গ Wet ঘ Sour

ব্যাখ্যা Mouth-watering অর্থ সুস্বাদু, সুমধুর, রুচিকর-এর synonym delicious, appealing, appertive, tasty etc।

৩০. কোনটি Collective noun?

ক Library খ Mouth

গ Boy ঘ Books

ব্যাখ্যা Common noun-এর সমষ্টিকে collective noun বলে। আমরা যদি collective noun-কে পৃথক করি তাহলে তার ভেতরে common noun পাব। যেমন library'র ভেতরে অসংখ্য books রয়েছে যেগুলো common noun। Library, army, navy, cattle, family, class এগুলো collective noun।

উত্তর

১২	ঘ
১৩	ঘ
১৪	গ
১৫	ঘ
১৬	ক
১৭	ক
১৮	ক,খ,গ
১৯	ঘ
২০	খ
২১	গ
২২	খ
২৩	ক
২৪	ঘ
২৫	খ
২৬	খ
২৭	গ
২৮	ঘ
২৯	ক
৩০	ক

CamScanner

সাধারণ জ্ঞান-২০

৩১. 'উত্তরা গণভবন' কোন জেলায় অবস্থিত?
ক নাটোর খ বগুড়া
গ রংপুর ঘ রাজশাহী

ব্যাখ্যা উত্তরবঙ্গের নাটোর জেলা শহর থেকে তিন কিমি উত্তর-পূর্ব দিকে দিঘাপাতিয়া নামক স্থানে অবস্থিত 'উত্তরা গণভবন'। ১৯৪৭ সালে দেশবিভাগের পর রাজপরিবার ভারতে চলে গেলে ভবনটি অরক্ষিত হয়ে পড়ে। অতঃপর তৎকালীন সরকার ১৯৫১ সালে প্রজাস্বত্ব আইন অনুযায়ী এটি অধিগ্রহণ করেন এবং ১৯৬৭ সালের ২৪ জুলাই 'গভর্নর হাউস' হিসেবে ঘোষণা করেন। বাংলাদেশের স্বাধীনতার পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নাম পরিবর্তন করে 'উত্তরা গণভবন' নামকরণ করেন।

৩২. তিস্তা নদীর উৎপত্তিস্থল–
ক লুসাই পাহাড় খ হিমালয়ের গঙ্গোত্রী হিমবাহ
গ তিব্বতের মানস সরোবর ঘ সিকিমের পার্বত্য অঞ্চল

ব্যাখ্যা ১১৩ কিমি দৈর্ঘ্যবিশিষ্ট তিস্তা নদী সিকিমের পার্বত্য অঞ্চল থেকে উৎপত্তি লাভ করে নীলফামারী দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। অন্যদিকে, কর্ণফুলী মিজোরামের লুসাই পাহাড়ের লংলেহ; গঙ্গা/পদ্মা হিমালয়ের গঙ্গোত্রী হিমবাহ এবং ব্রহ্মপুত্র, যমুনা তিব্বতের কৈলাসশৃঙ্গের মানস সরোবর থেকে উৎপন্ন হয়েছে।

৩৩. মুক্তিযুদ্ধে অবদানের জন্য সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব–
ক বীরপ্রতীক খ বীরশ্রেষ্ঠ
গ বীরবিক্রম ঘ বীরউত্তম

ব্যাখ্যা ১৫ ডিসেম্বর ১৯৭৩ সরকারি গেজেট নোটিফিকেশনের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযোদ্ধাদের খেতাব প্রদান করেন। মুক্তিযোদ্ধাদের খেতাব ৪ পর্বে বিভক্ত। ৬৭৬ জন খেতাবধারীদের মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীরউত্তম ৬৮ জন, বীরবিক্রম ১৭৫ জন এবং বীরপ্রতীক ৪২৬ জন। মুক্তিযুদ্ধে অবদানের জন্য 'বীরশ্রেষ্ঠ' হলো সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব।

৩৪. ভারত ও শ্রীলংকাকে পৃথক করেছে কোন প্রণালি?
ক হরমুজ প্রণালি খ পক প্রণালি
গ জিব্রাল্টার প্রণালি ঘ মালাক্কা প্রণালি

ব্যাখ্যা পক প্রণালি ভারতীয় রাজ্য তামিলনাড়ু ও দ্বীপরাষ্ট্র শ্রীলঙ্কার মধ্যবর্তী একটি সামুদ্রিক প্রণালি।। এটি উত্তর-পূর্বে অবস্থিত বঙ্গোপসাগর ও দক্ষিণে অবস্থিত মান্নার উপসাগরকে একসাথে যুক্ত করেছে। প্রণালিটি প্রায় ৬৪-১৩৭ কিমি (৪০-৮৫ মাইল) প্রশস্ত।

৩৫. কোনটি ব্রিটিশ আমলের স্থাপত্য?
ক লালবাগ কেল্লা খ জাতীয় সংসদ ভবন
গ আদিনা মসজিদ ঘ কার্জন হল

ব্যাখ্যা ১৯ ফেব্রুয়ারি ১৯০৪ ভারতের তৎকালীন ভাইসরয় ও গভর্নর জেনারেল লর্ড কার্জন 'কার্জন হল'-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অন্যদিকে, সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আযম শাহ ১৬৭৮ সালে লালবাগ কেল্লার নির্মাণ কাজ শুরু করেন এবং শেষ করেন শায়েস্তা খান। অন্যদিকে, বাংলাদেশের জাতীয় সংসদ ভবন পৃথিবীর দৃষ্টিনন্দন আইনসভা ভবনের একটি, যা ১৯৮২ সালে উদ্বোধন করা হয়।

৩৬. কোন দেশটি আফ্রিকা মহাদেশের নয়?
ক তিউনিশিয়া খ আলজেরিয়া গ আলবেনিয়া ঘ নাইজেরিয়া

ব্যাখ্যা আফ্রিকা মহাদেশের মোট স্বাধীন রাষ্ট্রের সংখ্যা ৫৪টি। আলজেরিয়া, নাইজেরিয়া ও তিউনিশিয়া আফ্রিকা মহাদেশের অন্তর্ভুক্ত দেশ। আর আলবেনিয়া ইউরোপ মহাদেশের একটি দেশ।

৩৭. কাজী নজরুল ইসলামের বাল্যস্মৃতি বিজড়িত ময়মনসিংহের স্থানটির নাম কী?
ক গোপালপুর খ দরিরামপুর গ জগদীশপুর ঘ কামারপুর

ব্যাখ্যা বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম আসানসোল রুটির দোকানে কাজ করার সময় আসানসোল থানার দারোগা কাজী রফিজউল্লাহ তার গানে মুগ্ধ হয়ে নিজ বাড়ি ময়মনসিংহের ত্রিশালে কাজীর শিমলা গ্রামে নিয়ে যান এবং দরিরামপুর স্কুলে সপ্তম শ্রেণিতে ভর্তি করিয়ে দেন।

৩৮. স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছে?
ক ১১টি খ ৮টি গ ৯টি ঘ ১০টি

ব্যাখ্যা জেনারেল এম. এ. জি ওসমানী আনুষ্ঠানিকভাবে সশস্ত্র বাহিনী এবং মুক্তিবাহিনীর প্রধান সেনাপতির দায়িত্ব গ্রহণ করে মুক্তিযুদ্ধ পরিচালনার সামরিক কৌশল হিসেবে তৎকালীন পূর্ব পাকিস্তানের সমগ্র ভৌগোলিক এলাকাকে ১১টি সেক্টরে ও ৬৪টি সাব সেক্টরে ভাগ করেন।

৩৯. মুক্তিযুদ্ধকালীন কোন তারিখে বুদ্ধিজীবীদের ওপর হত্যাকাণ্ড সংঘটিত হয়?
ক ১৪ই ডিসেম্বর, ১৯৭১ খ ১৭ই এপ্রিল, ১৯৭১
গ ১৪ই ফেব্রুয়ারি, ১৯৭১ ঘ ২৫শে মার্চ, ১৯৭১

ব্যাখ্যা মুক্তিযুদ্ধের শেষ পর্যায়ে এসে পাকিস্তান হানাদার বাহিনী এ দেশীয় রাজাকার বাহিনীর সহযোগিতায় ১৪ ডিসেম্বর ১৯৭১ বাঙালি বুদ্ধিজীবীদের ওপর ব্যাপক হত্যাকাণ্ড চালায়। আর ১৯৭১ সালের ২৫ মার্চ, ২৬ মার্চ ও ১৬ ডিসেম্বর যথাক্রমে মুক্তিযুদ্ধ শুরু হয়, বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন এবং বাংলাদেশের চূড়ান্ত বিজয় সংঘটিত হয়।

৪০. 'দিবারাত্রির' কাব্য কার লেখা?
ক সুফিয়া কামাল খ মানিক বন্দ্যোপাধ্যায়
গ বন্দে আলী মিয়া ঘ গোলাম মোস্তফা

ব্যাখ্যা 'দিবারাত্রির কাব্য' মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি উপন্যাস। তাঁর রচিত অন্যান্য উপন্যাস হলো– জননী, পদ্মানদীর মাঝি, পুতুলনাচের ইতিকথা, শহরতলী, অহিংসা, শহরবাসের ইতিকথা, সোনার চেয়ে দামী, স্বাধীনতার স্বাদ, আরোগ্য ইত্যাদি।

উত্তর

৩১	ক
৩২	ঘ
৩৩	খ
৩৪	খ
৩৫	ঘ
৩৬	গ
৩৭	খ
৩৮	ক
৩৯	ক
৪০	খ